Barcode - 4990010123264
Title - Bengal Legislative Assembly Proceedings (1979) vol.70, pt.2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 810
Publication Year - 1979
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123264

Vol. 70 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventieth Session

February to April, 1979)

(The 27th, 28th February & 1st, 2nd, 5th, 6th, 7th & 8th March, 1979)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

**Price Rs. 147/-**

Vol. 70 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventieth Session

(February to April, 1979)

(The 27th, 28th February & 1st, 2nd, 5th, 6th, 7th & 8th March, 1979)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor

### SHRI TRIBHUBAN NARAYAN SINGH

### Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Deparment of Development and Planning.

2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Deparment of Laobour.

3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department of Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.

4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundardan Areas Branch of Department of Development and Planning.

5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-chage of Department of Information and Cultural Affairs.

7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.

Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

10. Shri Chittabrata Mazumder, Minister-in-charge of Deparment of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Deparment.

12. Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education, and Libray Service Branchs of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism.

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture.

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Depament (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

20. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Deparment of Health and family Welfare.

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchyats and Community Development and Jails Branch of Home Department.

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department.

25. Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department.

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kanti Chandra Biswas, Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
PRINCIPAL OFFICERS & OFFICIALS

Speaker : Shri Syed Abul Mansur Habibullah

Deputy Speaker : Shri Kalimuddin Shams

SECRETARIAT

Secretary : Shri P.K. Ghosh

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. A.K.M. Hassan Uzaman, Shri (92 - Degang - 24 Pargans)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Sbdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - 24 - Pargans)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Pargans)
5. Abdus Satter, Shri (55 - Lalgola - Murshidabad)
6. Abedin Dr. Zainal (34 - Itahar - West Dinajpur)
7. Abul Hassan, Shri (145 - Bowbazar - Calcutta)
8. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
10. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
11. Anisur Rahaman, Shri (93 - Swarupnagar - 24-Pargans)
12. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
13. Bag, Dr. Saswati Prasad (204 - Mahishadal - Mindapore)
14. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
15. Bandyopadhyay, Shri Gopal (183 - Singur - Hooghly)
16. Bandyopadhyay, Shri Balai (184 - Haripal - Hoogly)
17. Bandyopadhyay, Shri Debatrata (63 - Berhampore - Murshidabad)
18. Banerjee, Shri Amiya (96 - Hasnabad - 24-Parganas)
19. Banerjee, Shri Binoy (156 - Sealdah - Calcutta)
20. Banerjee, Shri Madhu (257 - Kulti - Burdwan)
21. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - 24-Parganas)
22. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
23. Barma, Shri Manindra Nath [9 - Fufanganj (S.C.) - Cooch Behar]
24. Barma, Shri Kalipada [101 - Basanti (S.C.) - 24-Parganas]
25. Basu, Shri Bimal Kanti (5 - Cooch Behar West - Cooch Behar)
26. Basu, Shri Debi Prosad (77 - Nabadwip - Nadia)
27. Basu, Shri Gopal (129 - Naihati - 24-Parganas)
28. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
29. Basu, Shr Nihar Kumar (131 - Jagatdal - 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Basu Ray, Shri Sunil (258 - Barabani - Burdwan)
31. Bauri, Shri Bijoy [204 - Raghunathpur (S.C.) - Purulia]
32. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
33. Baxla, Shri John Afther [10 - Kumargram (S.T.) - Jalpaiguri]
34. Bera, Shri Pulak (203 - Moyna - Midnapore)
35. Bera, Shri Sasabindu (172 - Shyampur - Howrah)
36. Bhaduri, Shri Timir Baran (64 - Beldanga - Murshidabad)
37. Bharati, Shri Haripdad (142 - Jorabagan - Calcutta)
38. Bhattacharjee, Shri Buddhadev (140 - Cossipur - Calcutta)
39. Bhattacharya, Shri Kamal Krishna (180 - Serampore-Hooghly)
40. Bhattacharya, Dr. Kanailal (165 - Shibpur - Howrah)
41. Bhattacharya, Shri Nani (12 - Alipurduar - Jalpaiguri)
42. Bhattacharyya, Shri Gopal Krishna (135 - Panihati - 24 Parganas)
43. Bhattacharyya, Shri Satya Pada ( 68 - Bharatpur - Murshidabad)
44. Bisui, Shri Santosh [221 - Garhbeta West (S.C.) - Midnapore]
45. Biswas, Shri Binoy Kumar (82 - Chakdah - Nadia)
46. Biswas, Shri Hazari [53 - Sagardighi (S.C.) - Murshidabad]
47. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
48. Biswas, Shri Jnanendranath [74 - Krishnaganj (S.C.) - Nadia]
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
50. Biswas, Shri Kanti Chandra (86 - Gaighata - 24 Parganas)
51. Biswas, Shri Kumud Ranjan [98 - Sandeshkhali (S.C.) - 24 Parganas]
52. Biswas, Shri Satish Chandra [80 - Ranaghat East (S.C.) - Nadia]
53. Bora, Shri Badan [ 255 - Indas (S.C.) - Bankura]
54. Bose, Shri Ashoke Kumar ( 148 - Alipore - Calcutta)
55. Bose, Shri Biran (25 - Siliguri - Darjeeling)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Bouri, Shri Nabani [249 - Gangajalghati (S.C.) - Bankura]
58. Chakraborty, Shri Jatin (151 - Dhakuria - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

59. Chakraborty, Shri Subhas (139 - Belgachia - Calcutta)
60. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
62. Chattapadhya, Shri Sailendra Nath (181 - Champdani - Hooghly)
63. Chattraj, Shri Suniti (288 - Suri - Birbhum)
64. Chatterjee, Shri Bhabani Prosad (293 - Nalhati - Birbhum)
65. Chaterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
66. Chatterjee, Shri Ram (185 - Tarakeswar - Hooghly)
67. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
68. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
69. Chawdhuri, Shri Subodh (47 - Manikchak - Malda)
70. Chhobhan Gazi, Shri (120 - Magrahat West- 24 Parganas)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
72. Chowdhuri, Shri Gunadhar (254 - Kotulpur - Bankura)
73. Chowdhury, Shri Abdul Karim (28 - Islampur - West Dinajpur)
74. Chowdhury, Shri Benoy Krishna (271 - Burdwan Sourth - Burdwan)
75. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
76. Chowdhjury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
77. Chowdhury, Shri Subhendu Kumar [145 - Malda (S.C.) - Malda]
78. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
79. Das, Shri Banamali [283 - Nanur (S.C.) - Birbhum]
80. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - 24 Parganas)
81. Das, Shri Nikhil (158 - Burtola - Calcutta)
82 Das, Shri Nimai Chandra (118 - Falta - 24 Parganas)
83 Das, Shri Sandip (146 - Chowringhee - Calcutta)
84. Das, Shri Santosh Kumar (168 - Panchla - Howrah)
85. Das, Shri Shib Nath [205 - Sutahata (S.C.) - Midnapore]
86. Das Mahapatra,. Shri Balai Lal (212 - Ramnagar - Midnapore)
87. Das Sharma, Shri Sudhir Chandra (224 - Kharagpur Town - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

88. Daud Khan. Shri (107 - Bhangore - 24 Parganas)
89. De, Shri Parth (251 - Bankura - Bankura)
90. Deb, Shri Saral (90 - Barasat - 24 Parganas)
91. Dey,. Shri Ajoy Kumar (194 - Arambagh - Hooghly)
92. Digpati, Shri Panchanan [193 - Khanakul (S.C.) - Hooghly]
93. Doloi, Shri Rajani Kanta [219 - Keshpur (S.C.) - Midnapore]
94. Ghosal, Shri Aurobindo (171 - Uluberia Sourth - Howrah)
95. Chosh, Shrimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)
96. Ghosh, Shri, Debsaran (72 - Kaliganj - Nadia)
97. Ghosh, Shri Krishna Pada (155 - Beliaghata - Calcutta)
98. Ghosh, Shri Malin (178 - Chandital - Hooghly)
99. Ghosh, Shri Sambhu Charan (186 - Chinsurah - Hooghly)
100. Goppit, Shrimati Aprajita (4 - Cooch Behar North - Cooch Behar)
101 Goswami, Shri Ramnarayan (273 - Raina - Burdwan)
102 Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)
103. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)
104. Guha, Shri Nalini Kanta (141 - Shympukur - Calcutta)
105. Gupta, Shri Jyotsna Kumar (284 - Bolpur - Birbhum)
106 Gupta, Shri Sitaram (130 - Bhatpara - 24 Parganas)
107 Habib Mustafa, Shri (44 - Araidanga - Malda)
108. Habibur Rahaman, Shri (54 - Jangipur - Murshidabad)
109. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (S.C.) - 24 Parganas]
110. Haldar, Shri Renupada [122 - Mandirbazar (S.C.) - 24 Parganas]
111. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - 24 Parganas)
112. Hazra, Shri Haran [169 - Sankrail (S.C.) - Howrah]
113. Hazra, Shri Monoranjan (192 - Purshurah - Hooghly)
114. Hazra, Shri Sundar (222 - Salbani - Midnapore)
115. Hira, Shri Sumanta Kuamr [154 - Taltola (S.C.) - Calcutta]
116. Jana, Shri Haripada (Bhagabanpur) (208 - Bhagabanpur - Midnapore)
117. Jana, Shri Hari Pada (Pingla) (217 - Pingla - Midnapore)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

118. Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)
119. Jana, Shri Prabir (206 - Nandigram - Mindapore)
120. Kalimudding Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)
121. Kar, Shri Nani (88 - Ashokenagar - 24 Parganas)
122. Kazi Hafizsur Rahaman, Shri (56 - Bhagabangola - Murshidabad)
123. Khan, Shri Sukhendu [256 - Sonamukhi (S.C.) - Bankura]
124. Kisku, Shri Upendra [245 - Raipur (S.T.) - Bankura]
125. Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)
126. Konar, Shri Benoy (275 - Memari - Burdwan)
127. Kuiry, Shri Daman, (236 - Arsha - Purulia)
128 Kujur, Shri Sushil [14 - Madarihat (S.T.) - Jalpaiguri]
129 Kumar, Shri Sudhin )163 - Howrah Central - Howrah)
130. Kundu, Shri Gour Chandra (81 - Ranaghat West - Nadia)
131. Let (Bara), Shri Panchanan [290 - Mayureswar (S..C.) Birbhum]
132. Lutful Haque, Shri (51 - Aurangadab - Murshidabad)
133 M. Ansar- Uddin, Shri (167 - Jagatballavpur - Howrah)
134. Mahanti, Shri Pradyot Kumar (228 - Dantan - Midnapore)
135. Mahata, Shri Satya Ranjan (2327 - Jhalda - Purulia)
136. Mahato, Shri Nukul Chandra (234 - Manbazar - Purulia)
137. Mahato, Shri Shanti Ram (238 - Jaipur - Purulia)
138 Maitra, Shri Birendra Kumar (42 - Harischandrapur - Malda)
139. Maitra, Shri Kashi Kanta (75 - Krishnanagar East - Nadia)
140. Maity, Shri Bankim Behari (207 - Narghat - Midnapore)
141. Maity, Shri Gunadhar (125 - Patharpratima - 24 Parganas)
142. Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - 24 Parganas)
143. Maity, Shri Satya Brata (211 - Contai Sourth - Midnapore)
144. Majee, Shri Surendra Nath [232 - Kashipur (S.T.) - Purulia]
145. Majhi, Shri Dinabandhu [66 - Khargram (S.C.) - Murshidadab]
146. Majhi, Shri Raicharan [282 - Ketugram (S.C.) - Burdwan]
147. Majhi, Shri Sudhangshu Sekhar [233 - Bunduan (S.T.) - Purulia]

## Alphabetical List of Names of Members of the *West Bengal Legislative Assembly*

148. Majhi, Dr. Binode Behari [247 - Indpur (S.C.) - Bankura]
149. Maji, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howhar) •
150. Maji, Shri Swadesranja (201 - Panskura East - Midnapore)
151. Majumdar, Shri Chittabrata (162 - Howrah North - Howrah)
152. Majumdar, Shri Sunil Kumar (285 - Labhpur - Birbhum)
153. Mal, Shri Trilochan [292 - Hansan (S.C.) - Birbhum]
154. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)
155 Malik, Shri Purna Chandra [272 - Khandoghosh (S.C.) - Burdwan]
156. Mlaik, Shri Sreedhar [267 - Ausgram (S.C) - Burdwan]
157 Mandal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)
158 Mandal, Shri Gopal [197 - Ghatal (S.C.) - Midnapore] ·
159 Mandal, Shri Prbhanjan (127 - Sagore - 24 Parganas)
160. Mandal, Shri Rabindranath [91 - Rajarhat (S.C ) - 24 Parganas]
161 mandal, Shri Siddheswar [287 - Rajnagar (S.C ) - Birbhum]
162 Mandal, Shri Sudhangshu [99 - Hingalganj (S C ) - 24 Parganas]
163. Mandal, Shri Sukumar [79 - Hanskhali (S.C.) - Nadia]
164 Mandal, Shri Suvendu (220 - Garhbeta East - Midnapore)
165. Mandi, Shri Sambhunath [232 - Binpur (S.T.) - Midnapore]
166. Mazumdar, Shri Dilip Kumar )264 - Durgapur-I - Burdwan]
167. Mazumdar, Shri Dinesh (108 - Jadavpur - 24 Parganas)
168. Md Sohorab, Shri (52 - Suti - Murshidabad)
169 Ming, Shri Patras [26 - Phansidewa (S.T.) - Darjeeling]
170. Mir Abdus Sayed, Shri (115 - Maheshtala - 24 Parganas)
171. Mir Fakir Mohammad, Shri (71 - Nakshipara - Nadia)
172. Mitra, Dr. Ashok (149 - Rashbehari Avenue - Calcutta)
173. Mitra, Shri Parimal (19 - Kranti - Jalpaiguri)
174. Mitra, Shri Ranjit (85 - Bongaon - 24 Parganas)
175. Mohammad Ali, shri (43 - Ratua - Malda)
176. Mohammed Amin, Shri (133 - Titagarh - 24 Parganas)
177. Mohanta, Shri Madhabendu (70 - Palashipara - Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

178. Mojumder, Shri Hemen (104 - Baruipur - 24 Parganas)
179. Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (S.C.) - 24 Parganas]
180. Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (S.C.) - 24 Parganas]
181. Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (S C ) - Howrah]
182. Mondal, Shri Sahabuddin (73 - Chapra - Nadia)
183. Mondal, Shri Sasanka Sekher (191 - Rampurhat - Birbhum)
184. Morazzam Hossain, Shri Syed (218 - Debra - Midnapore)
185. Mostafa Bin Quasem, Shri (94 - Daduraia - 24 Parganas)
186. Motahar Hossain, Dr. (294 -Murarai - Birbhum)
187. Mridha, Shri Chitta Ranjan [105 - Canning West (S C ) - 24 Parganas]
188. Mukherjee, Shri Amritendu (76 - Krishnanagar West - Naida)
189 Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)
190. Mukherjee, Shri Bama Pada (259 - Hirapur - Burdwan)
191. Mukherjee, Shri Bhabani (182 - Chandernagore - Hooghly)
192. Mukherjee, Shri Bimalananda (78 - Santipur - Nadia)
193. Mukherjee, Shri Biswanath (202 - Tamluk - Midnapore)
194. Mukherjee, Shri Joykesh (166 - Domjur - Howrah)
195. Mukherjee, Shri Mahadeb (239 - Purulia - Purilia)
196 Mukherjee, Shri Narayan (95 - Basirhat - 24 Parganas)
197 Mukherjee, Shri Niranjan (112 - Behala East - 24 Parganas)
198. Mukherjee, Shri Rabin (113 - Behala West - 24 Parganas)
199 Mukhopadhyay, Dr. Ambarish (243 - Hura - Purulia)
200. Mullick Chowdhury, Shri Suhrid (159 - Maniktola - Calcutta)
201 Munsi, Shri Maha Bacha (27 - Chopra - West Dinajpur)
202 Murmu, Shri Nathaniel [36 - Tapan (S T.) - West Dinajpur]
203. Murmu, Shri Sarkar [39 - Habibpur (S.T.) - Malda]
204. Murmu, Shri Sufal [40 - Gajol (S.T.) - Malda]
205. Nanda, Shri Kiranmoy (214 - Mugberia - Midnapore)
206. Nurbu La, Shri Dawa (24 - Kurseong - Darjeeling)
207. Naskar, Shri Gangadhar [109 - Sonarpur (S.C.) - 24 Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

208. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (S.C.) - 24 Parganas]
209. Nath, Shri Monoranjan (279 - Purbasthali - Burdwan)
210. Neogy, Shri Brajo Gopal (190 - Polba - Hooghly)
211. Nezamuddin, Shri Md. (153 - Entally - Calcutta)
212. O'Brien, Shri Neil Aloysus (Nominated)
213. Ojha, Shri Janmejay (215 - Pataspur - Midnapore)
214. Omar Ali, Dr. (200 - Panskura West - Mindapore)
215. Oraon, Shjri Modah Lal [18 - Mal (S.T.) - Jalpaiguri]
216. Paik, Shri Sunirmal [209 - Khajuri (S.C.) - Midnapore]
217. Pal, Shri Bijoy (260 - Asansol - Burdwan)
218. Pal, Shri Rashbehari (210 - Contai North - Midnapore)
219. Panda, Shri Mohini Mohan (244 - Taldanga - Bankura)
220. Pandey, Shri Rabi Shankar (114 - Barabazar - Calcutta)
221. Pathak, Shri Patit Paban (161 - Bally - Howrah)
222. Hodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
223. Pramanik, Shri Abinash [188 - Balagarh (S.C.) - Hooghly]
224. Pramanik, Shri Radhika Ranjan [121 - Magrahat (S.C.) - 24 Parganas]
225. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (S.C.) - Cooch Behar]
226. Purkait, Shri Probodh [102 - Kultali (S.C.) - 24 Parganas]
227. Rai, Shri Deo Prakash (23 - Darjeeling - Darjeeling)
228. Raj, Shri Aswini Kumar (250 - Barjora - Bankura)
229. Ramzan Ali (29 - Goalpokhar - West Dinajpur)
230. Rana, Shri Santosh (230 - Gopiballavpur - Midnapore)
231. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)
232. Ray, Shri Birendra Naryan (57 - Nabagram - Murshidabad)
233. Ray, Shri Matish (137 - Baranagar - 24 Parganas)
234. Ray, Shri Naba Kumar [32 - Kaliaganj (S.C.) - West Dinajpur]
235. Roy, Shri Amalendra (67 - Barwan - Murshidabad)
236. Roy, Shri Banamil [15 - Dhupguri (S.C.) - Jalpaiguri]
237. Roy, Shri Dhirendra Nath [21 - Rajganj (S.C.) - Jalpaiguri]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

238. Roy, Shri Haradhan (261 - Raniganj - Burdwan)
239. Roy, Shri Hemanta Kumar (278 - Manteswar - Burdwan)
240. Roy, Shri Krishnadas (227 - Nrayangarh - Midnapore)
241. Roy, Shri Monoranjan (199 - Nandanpore - Midnapore)
242. Roy, Shri Nanu Ram [195 - Goghta (S.C.) - Hooghly]
243. Roy, Shri Pravas Chandra (111- Bishnupur West - 24 Parganas)
244. Roy, Shri Sada Kanta [1 - Mekliganj (S.C.) - Cooch Behar]
245 Roy, Shri Tarak Bandhu [17 - Mainaguri (S.C.) - Jalpaiguri]
246. Roy Barman, Shri Khitibhusan (116 - Budge Budge - 24 Parganas)
247. Roy, Chowdhury, Shri Nirode (87 - Habra - 24 Parganas)
248. Rudra, Shri Samar Kumar (157 - Vidyasagar - Calcutta)
249. Saha, Shri Jamini Bhusan (132 - Noapara - 24 Parganas)
250 Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (S.C) - Hooghly]
251. Saha, Shri Lakshi Nrayan [266 - Kanksa (S.C.) - Burdwan]
252 Sajjad Hussain, Shri Haji (30 - Karandighi - West Dinajpur)
253. Samanta, Shri Gouranga (216 - Sabong - Midnapore)
254 Santra, Shri Sunil [274 - Jamalpur (S.C.) - Burdwan]
255 Sanyal, Shri Samarendra Nath (69 - Karimpur - Nadia)
256. Sar, Shri Nikhilananda (281 - Mongalkot - Burdwan)
257 Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - 24 Parganas)
258. Sarkar, Shri Kamal (134 - Khardah - 24 Parganas)
259 Sarkar, Shri Sailen (46 - Enlglishbazar - Malda)
260. Sarkar, Shri Ahindra (35 - Gangarampur - West Dinajpur)
261 Sarker, Shri Dhirendranath [33- Kushmandi (S.C.),- West Dinajpur]
262 Satpathy, Shri Ramchandra (231 - Jhargram - Midnapore)
263 Sen, Shri Bholanath (286 - Bhatar - Burdwan)
264 Sen, Shri Deb Ranjan (269 - Galsi - Burdwan)
265. Sen, Shri Dhirendranath (289 - Mahammad Bazar - Birbhum)
266. Sen, Shri Lakshmi Charan (160 - Belgachia West - Calcutta)
267. Sen, Shri Sachin (152 - Ballygunge - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

268. Sen Gupta, Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
269. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
270. Shaikh Imajudding, Shri (62 - Hariharpara - Murshidabda)
271. Shamsuddin Ahamed, Shri (49 - Kaliachak - Malda)
272. Shastri, Shri Vishnu Kant (143 - Jorasanko - Calcutta)
273. Sing, Shri Buddhabed [229 - Nayagram (S.T.) - Midnapore]
274. Singh, Shri Chhedila (114 - Garden Reach - 24 Parganas)
275. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S.T.) - Midnapore]
276. Singha Roy, Shri Jogendra Nath [13 - Falakata (S.T.) - Jalpaigui]
277. Sinha, Shri Atish Chandra (65 - Kandi - Murshidabad)
278. Sinha, Dr. Haramohan (280 - Katwa - Burdwan)
279. Sinha, Khagendra Nath [31 - Raiganj (S.C.) - West Dinajpur]
280. Sinha, Shri Probodh Chandra (213 - Egra - Midnapore)
281 Sinha Ray, Shri Guru Prasad (276 - Kalna - Burdwan)
282. Sk. Siraj Ali, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
283. Soren, Shri Suchand [246 - Ranibandh (S.T.) - Bankura]
284. Subba, Shrimati Renu Leena (22 - Kalimpong - Darjeeling)
285. Sur, Shri Prasant Kumar (150 - Tollygunge - Calvutta)
286. Tah, Shri Dwarka Nath (270 - Burdwan North - Burdwan)
287 Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
288. Tirkey, Shri Monohar [11 - Kalchini (S.C.) - Jalpaiguri]
289 Tudu, Shri Bikram [253 -Balarampur (S.T.) - Purulia]
290. Uraon, Shri Punai [16 - Nagrakata (S.T.) - Jalpaiguri]
291. Vacant (37 - Kumarganj - West Dinajpur)
292. Vacant (41 - Kharba - Malda)
293. Vacant (48 - Sujapur - Malda)
294. Vacant (138 - Dum Dum - 24 Parganas)
295. Vacant (223 - Midnapore - Midnapore)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 27th February 1979 at 1-00 P.M.

### PRESENT

Mr. Chairman (Shri Aurobinda Ghosal) in the Chair, 9 Ministers, 1 Ministers of State and 126 Members.

[1-00 — 1-10 P.M.]

### Held over Starred Questions (to which oral answers were given)

**কলিকাতা ট্রামওয়েজ কোম্পানির অধীনে কর্মচারীর সংখ্যা**

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ট্রামওয়েজ কোম্পানি লিমিটেডের অধীনে বর্তমানে কতজন অফিসার ও অন্যান্য কর্মী আছেন এবং তাহাদের মধ্যে কতজন মুসলমান ; এবং

(খ) ১৯৭৭ সালের ১লা জুলাই হইতে ১৯৭৯ সালের ৩১-এ জানুয়ারি পর্যন্ত মোট কতজন ব্যক্তিকে উক্ত সংস্থায় নিযুক্ত করা হইয়াছে ও তাহাদের মধ্যে কতজন মুসলমান ?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) ৩১-১-৭৯ তারিখে অফিসারের সংখ্যা ৪৯ জন ( কেহই মুসলমান নহেন), অন্যান্য কর্মীর সংখ্যা ৯২৫২ জন (তন্মধ্যে ১৫৩৮ জন মুসলমান)

(খ) ১-৭-৭৭ হইতে ৩১-১-৭৯ পর্যন্ত ২৭৯ জন (তন্মধ্যে ৪৮ জন মুসলমান)

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানির কর্মচারিদের নিয়োগ নীতিটা কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে নেওয়া হয়?

**শ্রী মহম্মদ আমিন ঃ** আগে তো বিভিন্নভাবে ভর্তি হয়েছে। আমাদের সরকার হবার পর থেকে আমরা নিয়ম করেছি রিক্রুটমেন্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু হয়েই হবে। তাছাড়া ৩০ ভাগ একজেমটেড ক্যাটিগোরি যার মধ্যে এক্স সার্ভিসম্যানদের বা কর্মরত অবস্থায় যারা মারা যায় তাদের রিলেটিভ ইত্যাদির জন্য থাকে।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** এখানে ১-৭-৭৭ থেকে ৩১-১-৭৯ পর্যন্ত তাদের নেওয়া হয়েছে তাদের কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে নিয়োগ করা হয়েছে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** না, এখন পর্যন্ত যাদের নিয়োগ করা হয়েছে যারা কাজ করতে করতে মারা গিয়েছে অথবা আমাদের সরকার হবার পর রিটায়ার করেছে তাদের রিলেটিভদের নেওয়া হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি এইমাত্র বললেন যে অফিসার এবং অন্যান্যদের মধ্যে মুসলমান কেউ নেই, এর মধ্যে সিডিউল্ড কাস্ট বা সিডিউল্ড ট্রাইব কত তা কি আপনার জানা আছে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এর জন্য আলাদা নোটিশ লাগবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আপনি এই যে ৩০ পারসেন্ট একজেমটেড বললেন এদের জন্য কি আলাদা সিলেকশন কমিটি আছে না এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হয়, এদের নিয়োগের পদ্ধতিটা কি?

**শ্রী মহম্মদ আমিন ঃ** কিছু একজেমটেড ক্যাটাগোরি আছে, যেমন এক্স সার্ভিসম্যান, এমপ্লয়িজ রিলেটিভস বাকি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এর থ্রু দিয়ে আসে, কর্মীরা যারা মারা যায় তাদের ছেলেদের যাদের নেওয়া হয়, তাদের জন্য একটা ফর্ম আছে, তাতে তারা অ্যাপ্লাই করে, তারপরে ইনকুইয়ারি করে তাদের নেওয়া হয়।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় থার্টি পারসেন্ট কথা বলেছেন, তারপরে বলেছেন হাড্রেড পারসেন্ট হয়ে গেছে। এই সম্বন্ধে সরকারি নীতিটা কি? এই রকম ক্যাটাগোরি থেকে থার্টি পারসেন্ট নিচ্ছেন বাকিগুলি কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত নিচ্ছেন? না কি এগুলি আপনাদের মর্জির উপর নির্ভর করে যে, কোনও ক্ষেত্রে থার্টি পারসেন্ট কোনও ক্ষেত্রে হাড্রেড পারসেন্ট?

**শ্রী মহম্মদ আমিন ঃ** ট্রাম কোম্পানির নিয়ম ছিল শতকরা ৮০ জন লোককে এমপ্লয়ি এবং তাদের রিলেটিভ থেকে নেওয়া হত, আমাদের সরকার হওয়ার পরে যখন নতুন করে ট্রাম কোম্পানির ইউনিয়নের সঙ্গে আলোচনা হয়, আমরা তখন মোটামুটি একটা জায়গায় আসতে পারি যে এখন থেকে শতকরা ৫০ জন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেওয়া হবে, আর বাকি শতকরা ৫০ জন এমপ্লয়িদের মধ্য থেকে নেওয়া হবে।

### রামপুরহাট হইতে বিভিন্ন স্থানের উদ্দেশ্যে সরকারি বাস প্রবর্তন

***৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৯।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট হইতে (১) দীঘা, (২) জামসেদপুর, (৩) ফরাক্কা ও (৪) ধানবাদ পর্যন্ত রাজ্য পরিবহন নিগমের বাস প্রবর্তনের কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ্‌ তাহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) এরূপ কোনও প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## Starred Questions
## (to which oral answers were given)

### কলকাতাকে খাটাল-মুক্ত করণ

*** ১৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩১।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতাকে খাটালমুক্ত করতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(খ) বর্তমান সরকার এ পর্যন্ত কতগুলি খাটাল অপসারণ করেছেন ?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) খাটাল অপসারণের জন্য সরকার ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছেন। সমগ্র কলকাতা শহরকে মোট ছয়টি বিভাগে ভাগ করে অপসারণ অভিযান চালানো হচ্ছে। এ ছাড়াও যে সব এলাকায় খাটালগুলি অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করেছে সেইসব এলাকার লোকেদের অভিযোগ পাওয়া মাত্র খাটাল অপসারণের উপযুক্ত ব্যবস্থা লওয়া হইতেছে।

(খ) তেত্রিশিটি (৩৩)।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** কলকাতায় মোট খাটালের সংখ্যা কত?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** ২৭ হাজার।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** তার মধ্যে মাত্র ৩৩টি অপসারণ করতে পেরেছেন, বাকিগুলি কত দিনের মধ্যে অপসারণ করতে পারবেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** অপসারণ করার অসুবিধা হল আজকাল আমাদের বড় বড় নামকরা কিছু উকিল জুটেছে, যখনই খাটাল অপসারণ করার জন্য নোটিশ দিই, তখনই তারা হাই কোর্ট থেকে ইনজাংশন নেন, যেমন শঙ্করদাস ব্যানার্জি, অশোক সেন, এখন পর্যন্ত ৫০০টিতে নোটিশ দিয়েছিলাম, সেগুলিতে ইনজাংশন হওয়ায় বন্ধ হয়ে আছে।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি বললেন খাটাল অপসারণের সমস্ত কর্মসূচিকে ৬ ভাগে ভাগ করা হয়েছে। সেই বিভাগগুলি কি রকম ধরনের?

**শ্রী প্রশান্ত কুমার শূর ঃ** এক নং অঞ্চল, উত্তর কালিচরণ ঘোষ রোড, দক্ষিণ, বিবেকানন্দ রোড, মালিকতলা মেন রোড, পূর্ব—সার্কুলার ক্যানাল এবং রেললাইন, পশ্চিম—বিধান সরনী এবং বি টি রোড।

২নং অঞ্চর—উত্তর—বিবেকানন্দ রোড, দক্ষিণ—পার্ক স্ট্রিট, পূর্ব আচার্য প্রফুল্ল চন্দ্র রোড জগদীশ চন্দ্রবসু রোড, পশ্চিম—হুগলি নদী।

৩ নং অঞ্চল উত্তর—পার্ক স্ট্রিট, সুরাবর্দি অ্যাভেনিউ, তিলজলা রোড, দক্ষিণ—প্রিন্স আনোয়ার শাহ রোড, পূর্ব—চৌরঙ্গি রোড, আসুতোষ মুখার্জি রোড, শ্যামা প্রসাদ মুখার্জি রোড, পশ্চিম—তপসিয়া এবং রেল লাইন।

৪ নং অঞ্চল—উত্তর—মালিকতলা মেন রোড, দক্ষিণ—পার্ক স্ট্রিট, সুরাবর্দি অ্যাভেনিউ, তিলজলা রোড, পূর্ব—তপসিয়া, পাগলাডঙ্গা। পশ্চিম—জগদীশ চন্দ্র বসু রোড, আচার্য প্রফুল্ল চন্দ্র রোড।

৫ নং অঞ্চল—উত্তর—অকল্যান্ড রোড, দক্ষিশ—সাহাপুর রোড, বেহালা ওয়াল, তারাতলা রোড। পূর্ব চৌরঙ্গি রোড, আশুতোষ মুখার্জি রোড, শ্যামাপ্রসাদ মুখার্জি রোড পশ্চিম—তারাতলা রোড, পাহাড়পুর রোড, মেটিয়াব্রুজ, গার্ডেনরীচ, সমগ্র বন্দর এলাকা সহ।

৬ নং অঞ্চল—উত্তর—কাশীনাথ দত্ত রোড, দক্ষিণ—বিবেকানন্দ রোড, পূর্ব—বিধান সরনী, বি টি রোড, পশ্চিম—হুগলি নদী।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় খাটালের সংখ্যা দিলেন। উনি কি বললেন এই খাটালগুলোতে কতগুলো গরু এবং মহিষ আছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমার মনে হয় আগে রজনীবাবুর প্রশ্নটা বোধ হয় বুঝতে পারি নি। আমাদের এখানে গরু মহিষের সংখ্যা ২৭ হাজার, আর খাটালের সংখ্যা হচ্ছে ২ হাজার ৫ শো।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন এই খাটালগুলো অন্য জায়গায় সরিয়ে নেবার জন্য কোনও ইয়ারমারক ঠিক করেছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের বর্তমানে হরিণঘাটাতে যে জায়গা আছে সেখানে ১০ হাজার গরু-মহিষ নিতে পারি। তাছাড়া, আমাদের চারটে জায়গা আমরা খুঁজছি। আমাদের টাকার অভাব নেই। এই চারটে জায়গায় যদি করতে পারি তাহলে এই ২৭ হাজারের ফিফটি পারসেন্ট সরাতে পারব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এই যে সরিয়ে নেবার কথা ভাবছেন, এই কাজ কমপ্লিট করতে কতদিন লাগবে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এই গঙ্গানগরের কাজ এক বছরের মধ্যে হয়ে যাবে, আর হরিণঘাটাতে আমাদের এখনই ১০ হাজারের মতো গরু-মহিষ রাখবার ব্যবস্থা আছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি বলেছেন বাকি দুটো জায়গায় হয় নি। সেই দুটো জায়গায় কতদিনের মধ্যে জমি অ্যাকুয়ার করতে পারবেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমরা চেষ্টা করছি। আপনার যদি সন্ধানে থাকে বারুইপুর ইত্যাদি স্থানে আমাদের জানাবেন আমরা চেষ্টা করতে পারি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** খাটাল অপসারণের বিষয়ে বিগত সরকারের পরিকল্পনা কোনও ফাইলে পাওয়া গিয়েছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমি আগের জঞ্জাল ঘাঁটি নি। কারণ জঞ্জাল ঘাঁটতে গেলে অনেক সময় লাগবে। সেইজন্য সেই জঞ্জাল আমি সেখানে রেখে দিয়েছি।

**রবীন্দ্রসেতুর ফুটপাথগুলিকে হকারমুক্তকরণ**

*** ১৪১**। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৮।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতায় রবীন্দ্রসেতু ফুটপাথগুলিতে প্রচুর পরিমাণে হকার বসার ফলে প্রতিদিন লক্ষ লক্ষ পথচারী অবর্ণনীয় কষ্ট ভোগ করে ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত ফুটপাথগুলিকে হকারমুক্ত করার জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করিতেছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সেতুর ফুটপাত হকার মুক্ত করার জন্য স্থানীয় থানা হইতে পুলিশ নিযুক্ত করা হয়েছে এবং প্রতিদিনই তাহাদের বিরুদ্ধে মামলা রজু করা হয়।

**মহেশতলা অঞ্চলের পৌর এলাকাভুক্তিকরণ**

*** ১৪৩**। (অনুমোদিত প্রশ্ন নং *৮১০।) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেহালা এবং বজবজের মধ্যস্থলে অবস্থিত মহেশতলাকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ঐ মহেশতলাকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করার ব্যাপারে অসুবিধা কোথায়?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এ ব্যাপারে আজ পর্যন্ত কোনও প্রস্তাব আসে নি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমি এই বিধানসভায় এই প্রস্তাব রাখছি তাহলে মন্ত্রী মহাশয় কি ভেবে দেখবেন যে একে ইনক্লুড করা যায় কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এর মধ্যে দুটি বিষয় আছে যেটা বিবেচনা করতে হবে। প্রথম হচ্ছে ঐ এলাকার মিউনিসিপ্যালিটির লাগোয়া কিনা, এবং আর একটি হচ্ছে যে ঐ এলাকায়

যে সব অধিবাসী বসবাস করছেন এবং সেখানে যে কৃষিজীবী আছেন তাদের মধ্যে ৩/৪ অংশ পুরুষ কিনা। আমার মনে হয় আপনার প্রস্তাব দেওয়ার চেয়ে ঐ এলাকার লোকদের নিয়ে দরখাস্ত করা ভাল হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রী মহাশয় বোধ হয় জানেন কিনা জানি না ১৯৭৬ সালে মহেশতলার অধিবাসীরা একটা ডেপুটেশন এনেছিল যাতে ঐ অঞ্চলকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করা যায় তার জন্য এবং আমি ও তার সঙ্গে ছিলাম। সে সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমি একথা বলতে পারি যে ১৯৭৬ সালে এইভাবে রাজপথে আসার অসুবিধা ছিল এবং আমাদেরকেও আন্ডারগ্রাউন্ডে থাকতে হয়েছিল। সেইজন্য বলছি এটা আমার জানা নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** তৎকালীন সরকারকে স্থানীয় জনসাধারণ একটা ডেপুটেশন দিয়েছিল এবং তাতে আমিও ছিলাম কারণ আমি ডিস্ট্রিক্টের জেনারেল সেক্রেটারি ছিলাম। আপনি যে বলছেন কোনও দরখাস্ত নাই। কিন্তু সেখানকার জনসাধারণ ঐ মহেশতলাকে ইনক্লুড করার জন্য একটা ডেপুটেশন দিয়েছিলেন সে সম্বন্ধে আপনি কিছু জানেন কিনা।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এটা আমার জানা নেই। তবে একজন দায়িত্বশীল মাননীয় সদস্য যখন বলছেন তখন এটা আমি দেখব এবং যদি কিছু করার থাকে নিশ্চয় বিবেচনা করব।

**তিলজলা কবরস্থান যাতায়াতের পথ ও গরু চরানোর জায়গা হিসাবে ব্যবহার**

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা কর্পোরেশনের আওতাভুক্ত মোহামেডান বেরিয়েল বোর্ড পৌর কর্তৃপক্ষের নিকট এই মর্মে অভিযোগ করিয়াছেন যে, তিলজলা মুসলিম কবরস্থানে স্থানীয় বাসিন্দারা গরু চরান এবং ঐ জায়গাটিকে যাতায়াতের পথ হিসাবে ব্যবহার করেন ; এবং

(খ) সত্য হইলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন ?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) ইহা সত্য।

(খ) সি এম ডি এ-র সহায়তায় এই কবরস্থানটি প্রাচীর দ্বারা পরিবেষ্টিত করিবার ব্যবস্থা করা হইতেছে।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কত দিনের মধ্যে এটা সমাধান হবে বলে আশা করা যায়?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমি আশা করি অন্তত ৬ মাস এক বছরের মধ্যে শেষ হয়ে যেতে পারে। কারণ টাকার অভাব নেই ৬ লক্ষ টাকা এর জন্য রয়েছে। কর্পোরেশনের তরফ

থেকে ৪২ লক্ষ টাকার একটা পরিকল্পনা দিয়েছে। সুতরাং আমরা চেষ্টা করব যত তাড়াতাড়ি হয়।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** তার কাজ কি আরম্ভ হয়ে গেছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** না, কাজ আরম্ভ হয় নি।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** কবে নাগাদ এই কাজ আরম্ভ হবে বলে মনে করেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আশা করি যত শীঘ্র সম্ভব আমরা শুরু করব।

**মুর্শিদাবাদ জেলার পাঁচথুপি গ্রামে বাস স্ট্যান্ড নির্মাণ**

*** ১৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার পাঁচথুপি গ্রামে বাস স্ট্যান্ড নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) না,

(খ) প্রশ্ন ওঠে না।

**বীরভূম জেলার অন্তর্গত মিউনিসিপ্যালিটিগুলিতে স্থানীয় কর আদায়ের পরিমাণ**

*** ১৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৯।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার অন্তর্গত সিউড়ি, রামপুরহাট ও বোলপুর মিউনিসিপ্যালিটি ১৯৭৭-৭৮ সালে কত স্থানীয় কর আদায় করেছেন ;

(খ) উপরোক্ত মিউনিসিপ্যালিটিগুলিতে কতজন স্থায়ী এবং কতজন অস্থায়ী কর্মচারী আছেন ; এবং

(গ) অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) সিউড়ি— টাকা ৬,২৪,৮৬৯.০০ (ছয় লক্ষ চব্বিশ হাজার আটশত উনসত্তর)

রামপুরহাট—টাকা ১,৫৯,৭৫১.৯৯ (এক লক্ষ উনষাট হাজার সাতশত একান্ন টাকা এবং নিরানব্বুই পয়সা)

বোলপুর— টাকা ২,৬৩,৪৮৬.০০ (দুই লক্ষ তেষট্টি হাজার চারশত ছিয়াশী)

(খ) সিউড়ি— ১৮২ জন স্থায়ী কর্মচারী এবং ১০ জন অস্থায়ী কর্মচারী।

রামপুরহাট—৯৫ জন্য স্থায়ী কর্মচারী এবং ৩ জন অস্থায়ী কর্মচারী।

বোলপুর— ১৪৭ জন স্থায়ী কর্মচারী এবং ১ জন অস্থায়ী কর্মচারী।

(গ) পৌরসবায় অস্থায়ী কর্মচারিদের স্থায়ী করার দায়িত্ব পৌরসভার, সরকারের নয়।

**গোবরা ২নং কবরস্থানের জন্য পরিশ্রুত জল**

*** ১৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৫।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা কর্পোরেশনের আওতাভুক্ত মহামেডান বেরিয়েল বোর্ডের পরিচালনাধীন গোবরা ২নং কবরস্থানে ওজু করিবার জন্য কোনও ফিল্টারড ওয়াটার এর ব্যবস্থা নেই ;

(খ) সত্য হইলে, সরকার এই সম্পর্কে কোনও ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি ; এবং

(গ) উক্ত কবরস্থানে চতুষ্পার্শ্বে কোনও বেষ্টনী আছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) ইহা সত্য নহে। বাঁশতলা কবরস্থানে পরিশ্রুত জলের ব্যবস্থা আছে, তবে সরবরাহ কম।

(খ) কলিকাতা কর্পোরেশন এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করিতেছে।

(গ) আংশিক বেষ্টনী আছে।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** আপনি বললেন আংশিক বেষ্টনী আছে। আগের মতো এই ক্ষেত্রেই কি পুরো বেষ্টনীর পরিকল্পনা আপনার আছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এই আংশিক বেষ্টনীর মধ্যে ৩৩২ ফুট অলরেডি করা হয়েছে, বাকিটা করা হবে।

## Unstarred Questions

## (to which written answers were laid on the Table)

**রামপুরহাটে বাস স্ট্যান্ড নির্মাণ**

**২১।** (অনুমোদিত প্রশ্ন নং ৫০।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাটে বাস স্ট্যান্ড নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) বীরভূম জেলার রামপুরহাটে বাস স্ট্যান্ড নির্মাণের জন্য একটি পরিকল্পনার

উদ্যোগ জেলান্তরে লওয়া হইয়াছে। যে জমির উপর বাস স্ট্যান্ড নির্মাণের পরিকল্পনা হইতেছে সে সম্বন্ধে প্রয়োজনীয় লাইসেন্সের জন্য রেল কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হইতেছে।

**লাঙ্গলের ফলার জন্য লৌহ সরবরাহ**

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিকার্যের জন্য প্রয়োজনীয় লাঙ্গলের ফাল, কাস্তে ইত্যাদি নির্মাণের জন্য নিয়ন্ত্রিত বা ভরতুকি মূল্যে লৌহ সরবরাহের কোনও সরকারি ব্যবস্থা আছে কিনা ;

(খ) থাকিলে, ১৯৬৮ সাল হইতে ১৯৭৮ সাল পর্যন্ত এ রাজ্যে ঐ ব্যবস্থার মাধ্যমে যে পরিমাণ লৌহ বণ্টিত হইয়াছে তাহার বৎসরওয়ারি পরিমাণ কত ; এবং

(গ) বীরভূম জেলার রামপুরহাট মহকুমায় উপরোক্ত দশ বৎসর কি পরিমাণ লৌহ সরবরাহ করা হইয়াছে (বৎসরওয়ারি হিসাব)?

**কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে পঞ্জীভুক্ত সংস্থাগুলিকে ডবলিউ বি এস আই সি মারফৎ নিয়ন্ত্রিত মূল্যে লৌহ সরবরাহ করা হয়। তবে তাহাদের মধ্যে লাঙ্গলের ফাল, কাস্তে ইত্যাদি নির্মাণের জন্য কতগুলি সংস্থা লৌহ ব্যবহার করেন তাহার কোনও বিস্তারিত সংবাদ সরকারের নিকট নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**বন্যায় ক্ষতিগ্রস্ত মাধ্যমিক বিদ্যালয়সমূহ পুনর্নির্মাণের জন্য অনুদান**

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬১।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** শিক্ষা (মাধ্যমিক, প্রাথমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানার কোন কোন মাধ্যমিক বিদ্যালয় গত সেপ্টেম্বরের বন্যায় ক্ষতিগ্রস্ত হইয়াছে ; এবং

(খ) ঐসব বিদ্যালয়গুলির কোনটিকে গৃহ পুনর্নির্মাণ বা সংস্কারে কত সাহায্য দেওয়া হইয়াছে?

**শিক্ষা (মাধ্যমিক, প্রাথমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জয়কৃষ্ণপুর হাইস্কুল।

(খ) গত সেপ্টেম্বরের বন্যায় ক্ষতিগ্রস্ত মাধ্যমিক বিদ্যালয়সমূহকে গৃহ পুনর্নির্মাণ বা সংস্কারের জন্য অনুদান দেওয়ার বিষয়টি সরকারের বিবেচনাধীন।

**রামপুরহাট মহকুমায় নৈশ বিদ্যালয়**

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬২।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** শিক্ষা (মাধ্যমিক, প্রাথমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট মহকুমায় কটি নৈশ উচ্চ বিদ্যালয় আছে ;

(খ) সেগুলি কোন কোন মাধ্যমিক বিদ্যালয়ের সাথে সংশ্লিষ্ট ;

(গ) ঐ নৈশ বিদ্যালয়গুলির কোনটির কত ছাত্র সংখ্যা ; এবং

(ঘ) ঐগুলির সবকটিতে নিয়মিত পঠন পাঠন হয় কি?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দুইটি।

(খ) (১) রামপুরহাট উচ্চ বিদ্যালয় এবং (২) নলহাটি হরিপ্রসাদ উচ্চ বিদ্যালয়।

(গ) রামপুরহাট উচ্চ বিদ্যালয়ে ৭৬ এবং নলহাটি হরিপ্রসাদ উচ্চ বিদ্যালয়ে ৮৫,

(ঘ) নিয়মিত পঠন পাঠন হয়।

**১৯৭৭-৭৮ সনের মধ্যে নতুন প্রাইমারি বিদ্যালয় স্থাপন**

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** শিক্ষা (মাধ্যমিক, প্রাথমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ১৯৭৭-৭৮ সনের মধ্যে পশ্চিমবঙ্গে কোন জেলায় কতগুলি নতুন প্রাইমারি বিদ্যালয় স্থাপিত হয়েছে?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও প্রাথমিক শিক্ষক নিয়োগ সম্পর্কিত সংশোধিত নীতি নির্ধারণ সাপেক্ষে উল্লিখিত সময়ে (জুলাই ১৯৭৭ হইতে মার্চ ১৯৭৮) নতুন প্রাথমিক বিদ্যালয় অনুমোদন স্থগিত রাখা হইয়াছিল। পরবর্তী পর্যায়ে বিদ্যালয় স্থাপন আরম্ভ হয়েছে। এখনও পর্যন্ত প্রায় পাঁচশত বিদ্যালয় স্থাপন হয়েছে বলে জানা গেছে।

**Science stream at Kurseong College**

**26.** (Amitted question No. 159.) **Shri Dawa Narbu La :** Will he Minister-in-charge of the Education (Higher) Department be pleased o state—

(a) if it is a fact that the Government has a proposal to start with the Science Stream at the Kurseong College ; and

(b) if so, when will this new stream be introduced ?

**Minister-in-charge of Education (Higher) Department :**

(a) Kurseong College is a private college affiliated to the North Bengal University. If the College authority submits any proposal in the prescribed form for opeing Science Stream at the college to the North Bnegal University and to Government the same will be considered by Government on the merits of the case and the views of Government will be communicated to the North Bengal University.

(b) Does not arise.

### কারা বিভাগের অধীনে বিভিন্ন পদে মুসলমান কর্মচারীর সংখ্যা

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ কারা বিভাগের অধীনে বর্তমানে কতজন (১) জেল সুপারিনটেনডেন্ট, (২) ডেপুটি জেল সুপারিনটেনডেন্ট, (৩) জেলার এবং (৪) ডেপুটি জেলার রহিয়াছেন ;

(খ) তাহাদের মধ্যে বিভিন্ন পদে মুসলমানের সংখ্যা কত ; এবং

(গ) ১৯৪৭ সালের পর হইতে অদ্যাবধি কোনও মুসলমান পশ্চিমবঙ্গে ইন্সপেক্টর জেনারেল অব প্রিজনস হিসাবে নিয়োজিত হইয়াছেন কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ কারা বিভাগে বর্তমান (১) জন জেল সুপারিনটেনডেন্ট, (২) ২জন ডেপুটি জেল সুপারিনটেনডেন্ট, (৩) ৩০ জন জেলার এবং (৪) ৮৬ জন ডেপুটি জেলার রহিয়াছেন

(খ) তাহাদের মধ্যে বিভিন্ন পদে মুসলমান সংখ্যা নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| (১) জেল সুপারিনটেনডেন্ট | — | ... |
| (২) ডেপুটি সুপারিনটেনডেন্ট | — | ... |
| (৩) জেলার | — | ২ |
| (৪) ডেপুটি জেলার | — | ১ |

(গ) ১৯৪৭ সালের পর হইতে অদ্যাবধি কোনও মুসলমান পশ্চিমবঙ্গে ইন্সপেক্টর জেনারেল অব প্রিজনস হিসাবে নিয়োজিত হন নাই।

### পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীন ফ্ল্যাট

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারে পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীন সর্ব মোট কতগুলি ফ্ল্যাট রহিয়াছে ;

(খ) তন্মধ্যে ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত কতগুলি ফ্ল্যাট বিলি করা হইয়াছে ; এবং

(গ) উক্ত প্রাপকদের মধ্যে কতজন (১) মুসলমান এবং (২) খ্রিস্টান সম্প্রদায়ভুক্ত ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীন যে সমস্ত ফ্ল্যাট পশ্চিমবঙ্গে আছে তাহার অধিকাংশই কলিকাতায় অবস্থিত। কলিকাতায় পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীনে বর্তমানে ২৮৬টি ফ্ল্যাট আছে। পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীনে যে সমস্ত সরকারি কোয়ার্টার আছে সেগুলি সংশ্লিষ্ট পদাধিকারি কর্মচারিদের জন্য নির্দিষ্ট।

(খ) কলিকাতায় ঐ সময়ে ২২৯টি ফ্ল্যাট বণ্টন করা হইয়াছে।

(গ) পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীন ফ্ল্যাটগুলি ধর্ম/সম্প্রদায় ভিত্তিতে বণ্টন করা হয় না। প্রত্যেক আবেদনকারী কর্মচারির প্রয়োজনীয়তা বিচার করিয়াই ফ্ল্যাট বণ্টন করা হইয়া থাকে। সুতরাং ফ্ল্যাট প্রাপকদের ধর্ম/সম্প্রদায় সংক্রান্ত কোনও তথ্য সংগ্রহ করা বা রাখা হয় না। এমতাবস্থায় উক্ত ২২৯ জন কর্মচারির মধ্যে কতজন মুসলমান এবং কত জন খ্রিস্টান সম্প্রদায়ভুক্ত তাহা বলা সম্ভব নয়।

## মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার ২নং ব্লকে বন্যায় বিধ্বস্ত বাড়ি তৈয়ারির জন্য সরকারি সাহায্য

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বন্যায় মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার ২নং ব্লকে কতগুলি বাড়িঘর ধ্বংস হইয়াছে ;

(খ) তন্মধ্যে নাজিরপুর গ্রামে বিধ্বস্ত বাড়ির সংখ্যা কত ; এবং

(গ) উক্ত গ্রামে কতগুলি পরিবারকে বাড়ি তৈরি করার জন্য সরকারি সাহায্য দেওয়া হইয়াছে এবং তাহাদের নাম কি?

**ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ১২,৩৮১টি।

(খ) ১১০টি।

(গ) এ পর্যন্ত ১১০টি পরিবারকে বাড়িঘর তৈরি করার জন্য সরকারি সাহায্য মঞ্জুর করা হইয়াছে। বিস্তারিত তথ্যসহ সাহায্যপ্রাপ্ত পরিবারগুলির নামে একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause "Ga" of unstarred Question No 29 (Amitted Question No. 240)*

**সম্পূর্ণ বিধ্বস্ত—নাজিরপুর**

**আন্দুলবেড়িয়া ২ নং গ্রাম পঞ্চায়েত**

| ক্রমিক সংখ্যা ও নাম | | পিতা/স্বামীর নাম | বাসস্থান | ব্লক অফিস ইহতে প্রাপ্ত টাকা | গ্রাম পঞ্চায়েত অফিস দেয় টাকা ১ম দফা ৩/২/৭৯ | গ্রাম পঞ্চায়েত অফিস দয় টাকা ২য় দফা ৭/২/৭৯ | মোট দেয় টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ময়নাদ্দিনা | আলীহোসেন | নাজিরপুর পূর্ব | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২ | ইসমাইল | জরদ | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩ | নুরুলহুদা | আলীহোসেন | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪ | ঘেদের আলী | কলমদার | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৫ | আসতুল্বা | দাউদ | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৬ | আলমিনসেখ | মকরম | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৭ | গোলাম বিকরিয়া | আঃ সাত্তার | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৮ | চাঁদ আলী | ছামল | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৯ | গঞ্জরা বেওয়া | আজর | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১০ | ইরাতুল্বা | এবাদত | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১১ | শুকরানা বিবি | হাকিম | ঐ | ১০০.০০ | ১০০ ০০ | ৬০.০০ | ২৬০.০০ |

সম্পূর্ণ বিধ্বস্ত—নাজিরপুর

আন্দুলবেড়িয়া ২ নং গ্রাম পঞ্চায়েত

| ক্রমিক সংখ্যা ও নাম | পিতা/স্বামী নাম | বাসস্থান | ব্লক অফিস ইহতে প্রাপ্ত টাকা | গ্রাম পঞ্চায়েত অফিস দেয় টাকা ১ম দফা ৩/২/৭৯ | গ্রাম পঞ্চায়েত অফিস দয় টাকা ২য় দফা ৭/২/৭৯ | মোট দেয় টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১২ ইনছানসেখ | আমির | নাজিরপুর পূর্ব | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১৩ আইরেশ | ইস্তাহার | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১৪ মেহের সা | ছোবেল সা | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১৫ দোওয়াবক্স | একরাম | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১৬ দিরাদতুল্বা | মোক্তার | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১৭ ঘেদু সেখ | ছব্দুল | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১৮ বদর সা | তাহার সা | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ১৯ আলীবুদ্দিন | কলিমদ্দিন | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২০ গোলজার | বাহারী | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২১ সামাল | আমির | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২২ ওহাদ খাঁ | আছদু | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২৩ আকিতন | হেদাত | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৪ | গোলাম এহিয়া | রিয়াত | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২৫ | হাজেরা বিবি | গোলাম | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২৬ | আঃ কাদের | ময়জদ্দিন | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২৭ | ইমানআলী | মহরম | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২৮ | আঃ আমিল | উহাদালী | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ২৯ | আজিজুল হক | আইজুদ্দিন | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩০ | আনারুল হক | রহমান | নাজিরপুর পশ্চিম | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩১ | সফেদুল হক | মজিদ | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩২ | মিয়ারাজ | সুলতান | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩৩ | নুরমহম্মদ | ইয়াকুব | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩৪ | আরজ সেখ | হাকিম | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩৫ | আকেরা বেওয়া | গহর | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩৬ | আলমিন খাঁ | জুলাম | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩৭ | নুর মহম্মদ | ভাদু | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩৮ | মুমেনা | নাসের | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৩৯ | তাহের খাঁ | নাসের | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪০ | আইউর | হাজী | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪১ | উত্তম মালাকার | কার্তিক | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪২ | ধুলি প্রামানিক | ধর্মদাস | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |

## সম্পূর্ণ বিধ্বস্ত—নাজিরপুর

### আন্দুলবেড়িয়া ২ নং গ্রাম পঞ্চায়েত

| ক্রমিক সংখ্যা ও নাম | পিতা/স্বামী নাম | বাসস্থান | ব্লক অফিস ইহতে প্রাপ্ত টাকা | গ্রাম পঞ্চায়েত অফিস দেয় টাকা ১ম দফা ৩/২/৭৯ | গ্রাম পঞ্চায়েত অফিস দয় টাকা ২য় দফা ৭/২/৭৯ | মোট দেয় টাকা |
|---|---|---|---|---|---|---|
| ৪৩ সোলেমান | আরমান | নাজিরপুর পশ্চিম | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪৪ সামাদ সেখ | আমেদালী | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪৫ ইউসুফ | মহাম্মদ | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪৬ হাসা | আইজদ্দিন | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪৭ অছোরা খাতুন | মকবুল | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪৮ জয়নাল হক | আঃ মুজিদ | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৪৯ সাদোল সেখ | আঃ বারী | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৫০ জাহেদুল হক | আঃ রহমান | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৫১ আকালী | কিনাত | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| ৫২ তবারক | কালাচাঁদ | ঐ | ১০০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২৬০.০০ |
| | | | ৫,২০০.০০ | ৫,২০০.০০ | ৩,১২০.০০ | ১৩,৫২০.০০ |

### গৌড় ও পাণ্ডুয়ার পুরাকীর্তি সংরক্ষণ

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২১১।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গৌড়ের ও পাণ্ডুয়ার পুরাকীর্তিকে রক্ষা করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

মালদহ জেলার গৌড় ও পাণ্ডুয়ার অবস্থিত দর্শনীয় এবং উল্লেখযোগ্য পুরাকীর্তিসমূহ ভারতীয় পুরাতত্ত্ব সংরক্ষণের সংরক্ষাধীনে আছে এবং ঐ সংস্থা প্রতি বৎসর ঐগুলির সরংক্ষণের জন্য ব্যবস্থা করে থাকেন রাজ্য সরকার আপাতত গাজোল থানার অন্তর্গত পাণ্ডুয়ার সংরক্ষিত নগরীর ধ্বংসাবশেষ এবং ঐ থানারই আজিনায় অবস্থিত পাঠান প্রাসাদের ধ্বংসাবশেষ সংরক্ষিত বলে ঘোষণা করেছেন। পাঠান প্রাসাদ ও তৎসংলগ্ন স্নানাগারের অনেকাংশ সংস্কার করা হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ্য পুরাতন মালদহে অবস্থিত জামী মসজিদও রাজ্য পুরাতত্ত্ব অধিকার কর্তৃক সংরক্ষিত হয়েছে।

### কলিকাতায় পৌর এলাকার সাধারণ শৌচাগার

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২২২।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কলিকাতা পৌর এলাকায় পৌর কর্তৃপক্ষের অধীনে কতগুলি সাধারণের ব্যবহার্য শৌচাগার রহিয়াছে ;

(খ) ইহা কি সত্য যে, জনসংখ্যার তুলনায় সাধারণের ব্যবহার্য এই শৌচাগারগুলির সংখ্যা অত্যন্ত অপ্রতুল ; এবং

(গ) সত্য হইলে, সাধারণের ব্যবহার্য শৌচাগার বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩০৬টি।

(খ) হ্যাঁ, ইহা সত্য।

(গ) বর্তমানে এই ধরনের কোনও পরিকল্পনা সরকারের নেই।

### বর্ধমান জেলার নওপাড়া মৌজার মসজিদ

৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** ত্রাণ ও কল্যাণ ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার পুর্বস্থলী থানার অধীন উত্তর নওপাড়া মৌজার মসজিদটি বিগত বন্যায় সম্পূর্ণ বিধ্বস্ত হইয়া গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এই মসজিদটি পুনর্নির্মাণের জন্য সরকার কোনও অর্থ দান করিয়াছেন কি?

**ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) না।

### মেদিনীপুর জেলার সাব-জেল

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সাব-জেলের সংখ্যা কত ;

(খ) ঐ সমস্ত জেলে পুরুষ ও মহিলা ওয়ার্ডে কতজনের স্থান আছে এবং গত তিন বছরে প্রতিদিন গড়ে কতজনকে রাখা হইয়াছিল (প্রত্যেক জেলের পৃথকভাবে হিসাব) ; এবং

(গ) এইসব জেলের জল সরবরাহ, পায়খানা ও প্রস্রাবাগারের ব্যব্যস্থা ঠিকমতো আছে কিনা?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মেদিনীপুর জেলায় সাব-জেলের সংখ্যা চার।

(খ) উত্তর পৃথক সংযোজিত পৃষ্ঠায় দেওয়া হইল।

**গত তিন বছরের কয়েদি রাখার দৈনিক গড় হিসাব**

| সাবজেলের নাম | অনুমোদিত স্থান | | ১৯৭৬ | | ১৯৭৭ | | ১৯৮৭ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা |
| (১) কন্টাই | ৩৬ | ৩ | ১১১ | ৬ | ৮৫ | ৩ | ২৪ | ১ |
| (২) ঘাটাল | ২০ | ২ | ৪৬ | ১ | ৪৪ | ১ | ৩১ | ১ |
| (৩) তমলুক | ৪৩ | ৭ | ১৩১ | ১০ | ৫১ | ৮ | ২৫ | ২ |
| (৪) ঝাড়গ্রাম | ৩৬ | ৬ | ১৩৭ | ৯ | ৯৮ | ৪ | ৬৫ | ৮ |

(গ) বর্তমানে এইসব জেলে জল সরবরাহ, পায়খানা ও প্রস্রাবাগারের ব্যবস্থা ঠিক মতোই আছে।

### রেজিস্টার্ড বেকারের সংখ্যা

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭।) **শ্রী সুনীল বসু রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে রেজিস্টার্ড বেকারের সংখ্যা কত ;

(খ) যোগ্যতার বিভিন্ন বিভাগ অনুযায়ী ৩১শে ডিসেম্বর ১৯৭৭ হইতে ৩১শে ডিসেম্বর ১৯৭৮ পর্যন্ত বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নথিভুক্ত বেকারের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত বেকারদের কর্মসংস্থানের বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১শে ডিসেম্বর ১৯৭৮ তারিখ পর্যন্ত ১৭ লক্ষ ৪৯ হাজার ৫২৯।

(খ) ৩১শে ডিসেম্বর ১৯৭৮ তারিখ পর্যন্ত যোগ্যতার বিভিন্ন বিভাগ অনুযায়ী নথিভুক্ত বেকারের তালিকা প্রণয়ন সময় সাপেক্ষ ব্যাপার। ৩০শে জুন, ১৯৭৮ তারিখ পর্যন্ত হিসাবের পৃথক তালিকা লাইব্রেরির টেবিলে রাখা হল।

(গ) রাজ্য সরকারের অফিসে, রাজ্য সরকার পরিচালিত সংস্থায় এবং স্থানীয় সংস্থাগুলিতে পি এস সি-এর আওতা বহির্ভুক্ত শূন্যপদগুলি পুরণের ক্ষেত্রে কেবলমাত্র কর্ম বিনিয়োগ কেন্দ্রসমূহে নিবন্ধ-ভুক্ত ব্যক্তিদের বিবেচনা করার সিদ্ধান্ত হয়েছে। কর্ম বিনিয়োগ কেন্দ্রসমূহে নিবন্ধ ব্যক্তিদের দ্বারা শূন্যপদগুলি পুরণের জন্য বেসরকারি সংস্থার মালিকদেরও অনুরোধ করা হয়েছে।

পশ্চিমবঙ্গে বাড়তি কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্যে কৃষি-শিল্প-বাণিজ্য তথা সামগ্রিক অর্থনীতিতে প্রাণচাঞ্চল্য আনা, বাছাই করা বন্ধ সংস্থা পুনরায় খোলা, সরকারি শিল্পোদ্যোগের সংস্কার সাধন এবং সরকারি ও বেসরকারি তদারকীতে নতুন শিল্পোদ্যোগের প্রতিও সরকার নজর দিচ্ছেন।

*Statement referred to in reply to clause 'Kha' of question No. 34 (Admitted question No. 267)*

PART B(*i*)

| Exchanges | District | No. on the Live Register as on 31st December 1978 |
|---|---|---|
| 1. Calcutta | .. | 176,223 |
| 2. Kidderpore | .. | 86,607 |
| 3. North Calcutta | .. | 56,086 |
| 4. South Calcutta | .. | 19,995 |
| 5. East Calcutta | .. | 7,601 |
| 6. P & E Section | .. | 12,450 |
| 7. P.H. Section | .. | 3,141 |
| | Calcutta | 362,103 |

| Exchanges | District | No. on the Live Register as on 31st December 1978 |
|---|---|---|
| 8. Barrackpore | .. | 105,419 |
| 9. Dum Dum | .. | 95,421 |
| 10. Budge Budge | .. | 37,219 |
| 11. Diamond Harbour | .. | 31,876 |
| 12. Basirhat | .. | 31,266 |
| | 24-Parganas | 301,201 |
| 13. Kalyani | .. | 66,316 |
| 14. Krishnanagore | .. | 39,286 |
| | Nadia | 105,602 |
| 15. Howrah | .. | 66,054 |
| 16. Uluberia | .. | 24,303 |
| | Howrah | 90,357 |
| 17. Serampore | .. | 32,222 |
| 18. Chinsurah | .. | 67,166 |
| 19. Arambagh | .. | 10,978 |
| | Hooghly | 110,366 |
| 20. Kharagpore | .. | 75,814 |
| 21. Haldia | .. | 59,651 |
| | Midnapore | 135,465 |
| 22. Burdwan | .. | 63,071 |
| 23. Asansol | .. | 36,126 |
| 24. Durgapore | .. | 133,324 |
| 25. Sitarampore | .. | 41,108 |
| 26. Raniganj | .. | 21,647 |
| | Burdwan | 295,276 |
| 27. Suri | .. | 18,455 |
| 28. Rampurhat | .. | 15,455 |
| | Birbhum | 33,910 |

| Exchanges | District | No. on the Live Register as on 31st December 1978 |
|---|---|---|
| 29. Darjeeling | .. | 8,840 |
| 30. Siliguri | .. | 19,124 |
| 31. Kurseong | .. | 3,226 |
| 32. Kalimpong | .. | 4,245 |
| | Darjeeling | 35,435 |
| 33. Jalpaiguri | .. | 20,290 |
| 34. Alipurduar | .. | 12,454 |
| | Jalpaiguri | 32,744 |
| 35. Berhampore | .. | 45,930 |
| 36. Farakka | .. | 29,429 |
| | Murshidabad | 75,359 |
| 37. Purulia | Purulia | 34,205 |
| 38. Bankura | Bankura | 42,969 |
| 39. Malda | Malda | 31,101 |
| 40. Raiganj | West Dinajpur | 32,664 |
| 41. Cooch Behar | Cooch Behar | 30,772 |
| | Grand Total | 1,749,529 |

PART B(*ii*)

**Occupation-wise break-up of unemployment persons as on**

| | 31st December, 1977 | 30th June, 1978 |
|---|---|---|
| (1) Industrial Supervisory | 14,359 | 15,263 |
| (2) Skilled and Semi-Skilled | 98,259 | 109,419 |
| (3) Clerical | 530,915 | 597,899 |
| (4) Educational | 18,529 | 23,354 |
| (5) Domestic | 8,123 | 12,939 |
| (6) Un-Skilled | 549,047 | 546,974 |
| (7) Others | 184,667 | 214,130 |
| Total | 1,403,899 | 1,519,978 |

## বেকার ভাতা

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৭।) **শ্রী অমলেন্দ্র রায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ৩১শে ডিসেম্বর ১৯৭৮ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন জেলায় কতজন স্ত্রী ও পুরুষকে বেকারভাতা দেওয়া হইয়াছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

প্রয়োজনীয় তথ্য সম্বলিত পৃথক বিবরণী নিম্নে রাখা হইল।

**District-wise distribution of U.A. registrants of West Bengal (Sex-wise), as on 31st December, 1978**

| | | Male | Female | Total |
|---|---|---|---|---|
| 1. | Calcutta | 29,583 | 4,901 | 34,484 |
| 2. | 24-Parganas | 23,368 | 3,153 | 26,521 |
| 3. | Nadia | 5,321 | 1,251 | 6,572 |
| 4. | Howrah | 5,596 | 1,087 | 6,683 |
| 5. | Hooghly | 9,974 | 1,253 | 11,227 |
| 6. | Midnapore | 7,373 | 690 | 8,063 |
| 7. | Burdwan | 24,879 | 644 | 25,523 |
| 8. | Birbhum | 2,210 | 97 | 2,307 |
| 9. | Darjeeling | 851 | 265 | 1,107 |
| 10. | Jalpaiguri | 1,428 | 231 | 1,659 |
| 11. | Murshidabad | 4,636 | 541 | 5,177 |
| 12. | Purulia | 5,002 | 98 | 5,100 |
| 13. | Bankura | 3,745 | 65 | 3,810 |
| 14. | Malda | 2,414 | 210 | 2,624 |
| 15. | Raiganj | 1,431 | 308 | 1,739 |
| 16. | Cooch Behar | 1,408 | 264 | 1,672 |
| | | 129,219 | 15,049 | 144,268 |
| 17. | University Employment Information and Guidance Bureau, Calcutta. | 2 | 1 | 3 |
| 18. | University Employment Information and Guidance Bureau, Burdwan, | 2 | 1 | 3 |
| | | 129,223 | 15,051 | 144,274 |

**কর্ম বিনিয়োগ কেন্দ্র মারফৎ সরকারি চাকুরিতে নিযুক্ত**

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৮।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের ১লা জুলাই হইতে ১৯৭৮ সারে ৩১এ ডিসেম্বর পর্যন্ত কর্ম বিনিয়োগ কেন্দ্রসমূহের মারফৎ মোট কতজন ব্যক্তি সরকারি চাকুরিতে নিযুক্ত হইয়াছেন ;

(খ) ইহাদের মধ্যে শহীদ পরিবারভুক্ত প্রাক্তন ইন্ডাস্ট্রিয়াল সেনসাস্ এবং শিবির কর্মচারী কতজন ;

(গ) কর্ম বিনিয়োগ কেন্দ্রের মারফৎ নিয়োগ সম্পর্কে সরকারি নীতি লঙ্ঘিত হওয়ার কোনও অভিযোগ সরকারের নিকট আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, সরকার সে সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) ও (খ) প্রয়োজনীয় তথ্যাদি সহ বিস্তারিত বিবরণী নিম্নে রাখা হইল।

(গ) আছে

(ঘ) নির্দিষ্ট অভিযোগের প্রতিকার বিধানে যথাযথ তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

**Satement referred to in reply to Clause 'Ka' question No. 36 (admitted question No. 398)**

A. Statement indicating the number of persons placed in Employment during 1st July 1977 to 31st December, 1978.

| | | |
|---|---|---|
| (i) | State Government— | 4,706 |
| (ii) | Central Government— | 4,412 |
| (iii) | Quasi Government— (Central and State) | 5,902 |
| | | 15,020 |

B. Statement of Employment in different exempted categories during the period under review.

| | | |
|---|---|---|
| (i) | Dependents of Martyr's Family— | 5 |
| (ii) | Ex-Sibir Karmachari— | 17 |
| (iii) | Ex-Census/Ex-Industrial Census ; | 5 |
| | | 27 |

## উত্তরপাড়া জেনারেল হাসপাতালের অ্যাম্বুলেন্স

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৯।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরপাড়া জেনারেল হাসপাতালে মোট কয়টি অ্যাম্বুলেন্স আছে ;

(খ) উক্ত অ্যাম্বুলেন্সগুলির মধ্যে কতগুলি অচল ও অচল হওয়ার কারণ কি ; এবং

(গ) উক্ত অচল অ্যাম্বুলেন্সগুলি সচল করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) একটি।

(খ) বড় ধরনের মেরামতের জন্য অ্যাম্বুলেন্সটি এখন অচল।

(গ) যথাশীঘ্র সম্ভব মেরামতের ব্যবস্থা করা হচ্ছে।

## বিভিন্ন শিল্পে ধর্মঘট, লক-আউট ও ক্লোজার

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৩।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের ১লা জুলাই হইতে ১৯৭৮ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত এই রাজ্যে বিভিন্ন শিল্পে ধর্মঘট, লক-আউট ও ক্লোজারের সংখ্যা কত ছিল ; এবং

(খ) ইহাতে পৃথক পৃথক ভাবে (১) কত সংখ্যক শ্রমিক জড়িত ছিলেন ; এবং (২) কত শ্রমদিবস নষ্ট হইয়াছিল?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) ও (খ) প্রশ্নে উল্লেখিত সময়ে সংঘটিত লক-আউট ও ধর্মঘট সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্তরূপঃ—

| | জড়িত শ্রমিকের সংখ্যা | নষ্ট শ্রমদিবসের সংখ্যা |
|---|---|---|
| ধর্মঘটের সংখ্যা—২৭৩ | ২,০৬,৫৭৭ | ৫৮,০৬,০২৮ |
| লক-আউটের সংখ্যা—২৫৩ | ১,৪৮,২০৩ | ১,৩৭,৩৯,১৭০ |
| বন্ধ কারখানার (ক্লোজারের) সংখ্যা—১২০ | ৭,৬৬৫ | — |

যে কারখানা বন্ধ হয়ে গিয়েছে তাহাদের ক্ষেত্রে নষ্ট শ্রমদিবসের সংখ্যা দেবার প্রশ্ন উঠে না। পাকাপাকিভাবে বন্ধ কারখানাগুলির হিসাব এর মধ্যে ধরা হয় নি।

**মগরাহাট ১নং ব্লকের ফিসারি অফিসার ও মৎস্য সরবরাহ ব্যবস্থা**

**৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৪২৯।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনা জেলার মগরাহাট ১নং ব্লকে কোনও ফিশারি অফিসার নাই ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে ইহার কারণ কি ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত জেলার বহু ব্লকে সরকার কম মূল্যে বিদেশি মাছ যথা সিলভার কার্প, গ্রাস কার্প ইত্যাদি সরবরাহ করেন ; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত মাছগুলি মগরাহাট ১নং ব্লকে সরবরাহ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) যেহেতু মগরাহাট ১ নং ব্লক সমষ্টি উন্নয়ন ব্লকে পুকুরে নিবিড় মৎস্য চাষ প্রকল্পটির আওতাভুক্ত নয়, সেহেতু ঐ ব্লকে কোনও ফিশারি এক্সটেনশন অফিসার নাই।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ, আছে।

**পাঁচলা ব্লকে যুবকল্যাণ শাখা স্থাপন**

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৫২১।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পাঁচলা ব্লকের জন্য একটি যুব কল্যাণ শাখা স্থাপনের প্রস্তাব গৃহীত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত ইহার কার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ব্লক যুব অফিসের প্রারম্ভিক কাজ শুরু হয়েছে এবং আশা করা যাচ্ছে আগামী আর্থিক বৎসরের শুরুতেই সকল কর্মীনিয়োগের পর পুর্ণোদ্যমে কাজ চালানো সম্ভব হবে।

## Adjournment Motion

**মিঃ চেয়ারম্যান ঃ** আমি আজ সর্বশ্রী এ কে এম হাসানুজ্জামান এবং শেখ ইমাজুদ্দিন মহাশয়ের কাছ থেকে দুটো মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবটিতে শ্রী হাসানুজ্জামান মহাশয় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক মুসলমানদের জন্য চাকুরি ক্ষেত্রে আসন সংরক্ষণের দাবি প্রত্যাখানের ফলে পশ্চিমবঙ্গের মুসলমান সমাজে হতাশা ও বিক্ষোভের বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। পশ্চিমবঙ্গে ইহা এমন কোনও সাম্প্রতিক ও জরুরি ঘটনা নহে যাহার জন্য সভার কাজ বন্ধ রাখা যেতে পারে। দ্বিতীয় প্রস্তাবটিতে শ্রী সেখ ইমাজুদ্দিন মহাশয় জলপাইগুড়ি জেলায় দীর্ঘদিন ধরে বিদ্যুৎ সঙ্কটের কথা আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি সাম্প্রতিক কোনও ঘটনা নয়। এর প্রতিকার সাধারণ প্রশাসন ব্যবস্থার মধ্যে দিয়েই সম্ভব। তাছাড়া সদস্য মহাশয় বাজেট বিতর্কে এ বিষয়ে আলোচনার জন্য যথেষ্ট সুযোগ পাবেন। উক্ত কারণ আমি উভয় প্রস্তাবেই অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলো পড়তে পারেন।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক চাকুরিক্ষেত্রে মুসলমানদের জন্য সংখ্যানুপাতিক সংরক্ষণের দাবি প্রত্যাখ্যানদের ফলে পশ্চিমবঙ্গের মুসলমান সমাজে হতাশা ও বিক্ষোভের সৃষ্টি হয়েছে। গত ডিসেম্বর মাসে লখনৌতে নিখিল ভারত মুসলিম সম্মেলন অনুষ্ঠিত হয়। তহাতে প্রস্তাব গ্রহণ করে দাবি জানান হয়, মুসলমানদের জন্য সংখ্যানুপাতে চাকুরি সংরক্ষণ করতে হবে। কেন্দ্রীয় সরকার এ দাবি প্রত্যাখ্যান করায় পশ্চিমবাংলার প্রতি মুসলমান-এর দারুন হতাশা, ক্ষোভ ও রোষের সৃষ্টি হয়েছে।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ি জেলায় রাত দশটার আগে আলো জ্বলে না। আলিপুরদুয়ারের অবস্থা আরও সঙ্কটজনক। গত এক বছর ধরে সেখানে কোনও বিজলি বাতি নেই। বর্তমানে কেরোসিনও ঠিকমতো পাওয়া যাচ্ছে না। সামান্য যা মিলছে তার দাম দ্বিগুণ। মোমবাতি নেই। ছাত্রছাত্রীরা রাত্রে পড়াশুনা করতে পারছে না। মহকুমার ৮ লাখ মানুষ বর্তমানে ভীষণ অসুবিধার মধ্যে রাত্রি যাপন করছেন। রাত্রিতে আলো না থাকার দরুন স্বাভাবিক কারণেই আইন শৃঙ্খলার অবনতি ঘটছে।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**মিঃ চেয়ারম্যান ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

১. তহশীলদারদের অনির্দিষ্ট কালের জন্য ধর্মঘট শুরু : শ্রী প্রবোধ পুরকাইত

২. কলকাতা বন্দরে কাজের পরিমাণ হ্রাস , : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার

৩. Shut down of Second Unit of Santaldih Power Plant : Shri Santasri Chattopadhyay.

৪. সিউড়ির সদর হাসপাতাল থেকে শিশু চুরি : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার

৫. বীরভূম টকিজের কর্মী খুন : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার

৬. ভারত নেপাল ও ভারত ভুটান সীমান্তে স্মাগলিংয়ের রাজত্ব : শ্রী জয়ন্তকুমার বিশ্বাস

৭. গ্যাস টারবাইনের সাহায্যে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প : শ্রী জন্মেজয় ওঝা

৮. ১৬ ও ২০ নং রাস রুটে ধর্মঘট হেতু এম এল এ শ্রী অজয় দে'র অনশন : শ্রী নানু রাম রায়

"গ্যাস টারবাইনের সাহায্যে বিদ্যুৎ উৎপাদন" এই বিষয়ে শ্রী জন্মেজয় ওঝা যে নোটিশটি দিয়েছেন সেটা আমি মনোনীতি করছি। সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যদি সম্ভব হয় আজকেই এ বিষয়ে বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য দিন নিতে পারেন।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** সেকেন্ড মার্চ।

**মিঃ চেয়ারম্যান ঃ** শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে ১৯শে এবং ২০শে ফেব্রুয়ারি, ১৯৭৯ তারিখে মাধ্যমিক বিদ্যালয় সমূহের অশিক্ষক কর্মচারিদের ধর্মঘট সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** স্যার, এটা ৫ই মার্চ দেওয়া হবে।

**মিঃ চেয়ারম্যান ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে রাজ্য ভিত্তিক যন্ত্রচালিত তাঁতশিল্পের কর্মীদের প্রস্তাবিত সাধারণ ধর্মঘট সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি। শ্রী গৌরচন্দ্র কুন্ডু ও শ্রী ননী কর ২০-এ ফেব্রুয়ারি ১৯৭৯, তারিখে উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকষর্ণ করেন।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** ১লা মার্চ দেওয়া হবে।

## MENTION CASES

[1-30 — 1-40 P.M.]

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়, আপনার মাধ্যমে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ডেবরা কনস্টিটিউয়েন্সির প্রাক্তন এম এল এ রবীন বেরা মহাশয় গত আমন চাষের সময় সি পি এম কর্মীদের দ্বারা বাধা প্রাপ্ত হওয়ার চাষ করতে পারেন নি তার জমিতে, মজুর বয়কট করা হয়েছিল। এই রবি মরশুমের সময়ও তিনি চাষ করতে পারছেন না। তার যে সমস্ত জমি ডিপ টিউবওয়েল এলাকায় আছে সেই সমস্ত জমি গরিব চাষীদের চাষ করতে দিয়েছিলেন, কিন্তু এই বয়কটের ফলে সেই এলাকায় তারাও যেতে পারছে না। তিনি বারে বারে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন নিবেদন করেছেন, কোনও ফল হয়নি। আজকে আমি আপনার মাধ্যমে আবার

মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, একটি গুরুত্ব পূর্ণ বিষয়ের প্রতি। বাসন্তি থানার আর এস পি-র কুখ্যাত সমাজ বিরোধীরা নোনা ফিশারি অবৈধভাবে দখল করেছে এবং তাদের সমর্থকদের মধ্যে বিলি করেছে। নন্দ দুলাল স্বর্ণকার, যিনি এই ফিশারির মালিক তিনি যতীন বাবুর কাছে একটি দরখাস্ত করেছিলেন, তার এই নোনা ফিশারি আর এস পি-র কর্মীরা দখল করে নিয়ে কিছু অর্থের বিনিময়ে বহু লোককে সেখানে বসিয়ে দিয়েছে, ঠিক যুক্তফ্রন্টের আমলে সি পি এম যেমন করেছিল। এবারে সি পি এমকে হটিয়ে দিয়ে সেখানে আর এস পি-র কর্মীরা সমস্ত ভেড়ির মাছ লুঠপাট করে নিচ্ছে। পাশের আর একটা ফিশারি আর এস পি-র কর্মীরা দখল করেছিল। বাসন্তি থানার পঞ্চায়েত এর সভাপতি তিনি চিঠি লিখে জানাচ্ছেন, এখানে যে জোর করে দখল করা হয়েছে, ওটা ছেড়ে দাও, বাসন্তি থানার সভাপতি তিনি চিঠি দিয়েছেন, তার ফটোস্ট্যাট কপি আছে, আপনার মাধ্যমে আমি সেটা মুখ্যমন্ত্রীকে দিতে চাই। ওখানে ঐ ভদ্রলোক হাইকোর্টে কেস করেছে, ইনজাংশন পেয়েছে। যতীন বাবুকে তিনি এই চিঠি দিয়েছেন, কিন্তু কোনও ফল হয়নি। ওদের পার্টিতে এখন দুটো দল, সেই জন্য কোনও ফল হয়নি। এর ফলে সেখানে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। অবিলম্বে এই বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয় ব্যবস্থা গ্রহণ করুন, জুডিসিয়াল মিনিস্টার এখানে আছেন, আপনার মাধ্যমে এই ফটোস্ট্যাট কপিগুলো তার কাছে দিচ্ছি।

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি একটি জরুরি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মেটিয়াবুরুজ-এর ১২,২২-এ এবং ১২-বি বাস গুলি দীর্ঘ দিন বন্ধ হয়ে থাকার ফলে ঐ এলাকার জনসাধারণের খুবই অসুবিধা হচ্ছে। অবশ্য মাননীয় পরিবহন মন্ত্রী কয়েকটি গভর্নমেন্ট বাস দেওয়ার ব্যবস্থা করেছেন, কিন্তু তা খুবই অপ্রতুল। অতএব ঐ বাস গুলি চালু করার ব্যাপারে যে সমস্যা আছে তার যাতে তাড়াতাড়ি মীমাংসা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

২য় কথা হচ্ছে ঐ এলাকার দর্জিরা প্রতি মঙ্গলবার হাওড়া হাটে যায়, কিন্তু তাদের যেতে খুবই অসুবিধা হয়, তাদের জন্য তাই আমি বটতলা থেকে একটা স্পেশ্যাল বাস দেবার ব্যবস্থা করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষর্ণ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মিঃ চেয়ারম্যান, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে সরকার যে শিক্ষা নীতি ঘোষণা করেছেন তাতে জুনিয়র হাই স্কুলগুলিকে ডেফিজিট গ্রান্ট দেওয়া হচ্ছে, সে জন্য শিক্ষামন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এর বাইরে প্রায় ৩০০ মাধ্যমিক বিদ্যালয় থেকে গিয়েছে, যেগুলি ১৯৭৩ সালের পর গঠিত হয়েছে এবং সেগুলি এত দিনে রেকগনাইজড হয়ে গিয়েছে। তারা এত দিন ধরে লাম্প গ্রান্ট পাচ্ছিল এবং ইনক্রিসড সেলারিও পাচ্ছিল। কিন্তু এবারে তাদের তা বন্ধ হয়ে গিয়েছে এবং ডেফিজিড গ্রান্ট-এর মধ্যে তো তাদের আনাই হয়নি। অথচ ঐ ৩০০ মাধ্যমিক বিদ্যালয় প্রতিবছর

পরীক্ষা দিতে ছেলে পাঠাচ্ছে। কিন্তু তারা এই সমস্ত সাহায্য থেকে বঞ্চিত হওয়ার ফলে ৩০০ স্কুলের প্রায় ৪,০০০ শিক্ষক আজকে অনাহারের সম্মুখীন হয়েছেন। সেই জন্য আমি বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Ramzan Ali :** Mr. Chairman, Sir, I want to draw the attention of the Chief Minister to the lawlessness prevailing in the border area due to the unmannerly activities of the miscreants, and in the name of class struggle the so-called leaders of the left front have started ousting the genuine patta holders from their legitimate possession of the land. It is a matter of great concern and so the Minister concerned is requested to give proper attention to this and see that the interest of the genuine patta-holders who are in actual possession of the allotted land is protected. Thank you, Sir.

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, বামফ্রন্ট সরকারের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের নীতিকে বানচাল করে কল্যাণী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ ব্যাপক দুর্নীতি এবং কারচুপি চলছে। ১৯৭০/৭১ সাল থেকে সেখানে যাদের নাম লিপিবদ্ধ করা ছিল তাদের বাদ দিয়ে বা তাদের সুপারসিড করে সম্প্রতি যাদের নাম সেখানে লিপিবদ্ধ করা হয়েছে তাদের ইন্টারভিউতে কল করা হয়েছে। শুধু তাই নয় কল্যাণীর ১০০০-এর বেশি যুবক এর বিরুদ্ধে প্রতিবাদে মিছিল করে গিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ঘেরাও করেছিল, কিন্তু সেখানে তাদের উপর পুলিশ লাঠি চার্জ করেছে, মারধোর করেছে। এখনও পর্যন্ত ঐ ঘটনার আর এস পি নেতা রমেশ সেন সমেত ৯ জন কারা রুদ্ধ হয়ে আছেন, বেল পর্যন্ত পাননি।

আমার প্রথম অভিযোগ হচ্ছে বামফ্রন্ট সরকারের কর্মনিয়োগের নীতিকে বানচাল করা হচ্ছে, সুতারং এই ঘটনার সঙ্গে যে সমস্ত সংশ্লিষ্ট অফিসাররা আছেন এবং অন্যান্য যারা যুক্ত আছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২য় অভিযোগ হচ্ছে, বামফ্রন্ট সরকারের আমলে গণতান্ত্রিক আন্দোলনেরর উপর গণতান্ত্রিক আন্দোলন এই জন্য বলছি যে, যেখানে বামফ্রন্টের ঘোষিত নীতিকে বানচাল করা হচ্ছে সেখানে যারা তার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গিয়েছিলেন তাদের উপর পুলিশ নির্মমভাবে লাঠি চার্জ করেছে, তাদের গ্রেপ্তার করেছে। সুতরাং এর মধ্যে দিয়ে বামফ্রন্ট বিরোধী ষড়যন্ত্রের একটা পরিষ্কার ইঙ্গিত পাওয়া যাচ্ছে, তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি যেন অবিলম্বে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেন। সেই সঙ্গে ওখানে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি রয়েছে এবং কারচুপি চলছে, সেগুলির সংশোধন করার জন্য এবং ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকাল গ্রামাঞ্চলের দিকে দিকে বর্গীয় হাঙ্গামা চলছে এবং এই বিষয় নিয়ে বিরোধী পক্ষরা অনেকদিন ধরে বলে আসছে কিন্তু সরকার পক্ষ এ বিষয়ে কোনও রকম কর্ণপাত করছেন না। কাগজে দেখা গেল,

ফরওয়ার্ড ব্লকের সম্মেলন হয়ে গেল এবং সেখানে তারা বলেছেন যে, বর্গীয় হাঙ্গামা চলেছে বর্গা অপারেশনের নামে। আমরা আশা করব, আইনগতভাবে যে সব জমি আছে সেইসব জমিগুলিকে সেটেলমেন্ট অফিসার দিয়ে ঠিকমতো রেকর্ড করবেন। কিন্তু তা না করে সি পি এমের ক্যাডাররা এস ডি ওকে নিয়ে গিয়ে এর ওর নামে লিখিয়ে নিচ্ছে। এইভাবে বর্গা অপারেশনের নামে বর্গীয় হাঙ্গামা চলছে। প্রকৃত বর্গা চাষী যারা তারা পাচ্ছে না। সি পি এম রা এইভাবে হাঙ্গামা চালাচ্ছে। তাই আমি বলছি হিস্ট্রি রিপিটস ইটসেলফ। আমি এই বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকারের আবেদন জানাচ্ছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, গত ১১ ফেব্রুয়ারি তারিখে কসবার রাণা দত্তচৌধুরি নামে একটি ছেলেকে যিনি জনতা দলের সমর্থক বলে পরিচিত তাকে বাস থেকে টেনে নামিয়ে এনে নৃংসভাবে হত্যা করা হয়েছে। মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ মহাশয় এই হত্যার ঘটনা সর্ম্পকে হাউসে মেনশন করেছিলেন। ২৩ ফেব্রুয়ারি তারিখে এই ঘটনা যুগান্তর পত্রিকায় বেরিয়েছে ২৪ বছরের যুবক রাণার বুকের উপর কে বা কারা ভারি ভারি পাথর ভেঙেছে। কিম্বা কয়েকজন মোটাসোটা চেহারার লোক ওর বুকের উপর দাঁড়িয়ে নাচানাচি করেছে। হাতের মাংস খাবলে তুলে নেওয়া হয়। কি বীভৎস এই হত্যা কান্ড, পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা আজকে কোথায়? সংবাদে প্রকাশিত হয়েছে যে, পুলিশ এই ঘটনা জানে এবং হত্যাকারী কারা সেটাও জানে কিন্তু আজও তাদের প্রতি কোনও রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে না। শুধু কি তাই, হত্যা করার পর ঐ রাণার বাড়িতে গিয়ে ফিস্ট করবার জন্য টাকা চেয়েছে এবং টাকা নেবার পর বলেছে আমরা রাণাকে খুন করেছি সেই জন্য আজকে খানাপিনা করব। এইভাবে কোল্ড ব্লাডেড মার্ডার করেছে।

**মিঃ চেয়ারম্যান ঃ** এটা যুগান্তর কাগজ থেকে সকলেই পড়েছে সুতরাং এ সম্বন্ধে বলার কিছুই নেই। আপনার এ সম্বন্ধে যদি কিছু জ্ঞান থাকে তাহলে বলুন।

**শ্রী সন্দীপ দাস ঃ** এইভাবে হত্যা করার পর আজও পর্যন্ত পুলিশ হত্যাকারীদের গ্রেপ্তার করেনি। সংবাদপত্রে বেরিয়েছে হত্যাকারী কারা তা পুলিশ জানে এবং পুলিশ অবহিত আছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই বিষয়ে বিবৃতি দিয়ে আমাদের নিশ্চেষ্ট করেন এবং হত্যাকারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেবেন সেটা জানতে চাই।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, বামফ্রন্ট সরকারের ১৮ মাসে যে বছর হয় এবং কোনও কোনও জায়গায় যে তাও হয় না তার উদাহরণ আমি দিচ্ছি। হোপমেট্যাল ইন্ডাস্ট্রি পি-২৩, ট্রান্সপোর্ট ডিপো রোড, ক্যালকাটা ২৭। ১৮ মাস ধরে বেআইনি লক-আউট হয়ে পড়ে আছে, শ্রমদপ্তর কুম্ভকর্ণের মতো ঘুমোচ্ছেন। ১৫২ জন শ্রমিক হা-অন্ন বলে ঘুরে বেড়াচ্ছে, এদের ঘুম ভাঙবে কি না জানি না কিন্তু আমি জানাতে চাই যে জনসাধারণ এদের ঘুম ভাঙাতে বাধ্য করবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী একটি মর্মান্তিক বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘ ৭/৮ বৎসর যাবত একজন প্রাথমিক

শিক্ষক শিক্ষকতা করে কোনও বেতন পাচ্ছেন না। গত ১-৩-৪৯ তারিখ থেকে যোগেন্দ্র ইনস্টিটিউশনে শ্রী ক্ষিতিশ চ্যাটার্জি বলে একজন মাস্টার মহাশয় কাজ করে আসছেন, ৫২ সাল থেকে আর ডি এ বন্ধ হয়ে যা, ২/৩ বছর আগে ডি পি আই দপ্তরে এ বিষয়ে নাড়া দেবার পর ডি পি আই তিনি ১-৩-৪৯ তারিখ থেকে ঐ ভদ্রলোক কাজ করছেন কিনা তার অ্যাপয়েনমেন্ট ঠিক আছে কিনা এবং সেখানে ছাত্র আছে কিনা এ বিষয়ে অনুসন্ধান করতে ডি আই কে বলেন। ডি আই বিষয়টা ড্রপ করতে চেয়েছিলেন সেই কারণে ক্ষিতিশবাবু ডি আই-এর অফিসের আমরণ অনশন আরম্ভ করেছেন। সেই মৃত্যুপথযাত্রী অবিলম্বে যাতে তার বেতন পেতে পারেন সে বিষয়ে ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ করছি।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের এক কলঙ্কময় দুঃখজনক ঘটনার কথা বলছি এবং আশা করছি আপনি দয়া করে এই খবরটা মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেবেন। এডুকেশন কর্নার গার্লস হাই স্কুল, ১৪বি, ১৫ এবং ১৬ নং রাধানাথ মল্লিক লেন, কলিকাতা-১২ থেকে তারা একটা চিঠি লিখেছেন এবং এর আগে তারা মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখাও করেছিলেন, আমি তার সেই চিঠিটা পড়ে দিচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী সমীপেষু ঃ আমরা এডুকেশন কর্নার গার্লস হাইস্কুলের সর্বস্তরের সহশিক্ষক ও শিক্ষিকাবৃন্দ আপনার কাছে আবার আমরা আবেদন রাখছি, এই স্কুলটি ১৯৭৪ সালে অনুমোদন পেয়েছে। এই ইনডেক্স নম্বর জি ২৬-৯-১১০ আমাদের নিয়োগপত্র ছিলনা ও বেতন অত্যন্ত কম ছিল, এই দুটি জিনিস আমরা সমবেতভাবে হেড মিস্ট্রেস বাণী মুখার্জির কাছে দাবি জানাতে, উনি (বাণী মুখার্জি, বি এ এবং গত দুবছর উনি হেড এগজামিনার) আমাদের মধ্যে যে দুজন নেতৃত্ব করেছিল, তাদের সাসপেন্ড করেন।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মেনশনটা পুরো পড়া নিয়ম নয়,

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি যখন এই হাউসের কাস্টোডিয়ান তখন বুঝতে পারছি না আমাদের জুডিসিয়াল মিনিস্টার এইভাবে ইন্টারাপট করে হাউসকে বিভ্রান্ত করছেন কেন?

**মিঃ চেয়ারম্যান ঃ** তিনি ইন্টারাপট করেন নি, পয়েন্ট আউট করছেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি যেখানে আছেন তিনি সেখানে কি পয়েন্ট আউট করবেন?

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** আপনি ওটাকে হ্যান্ড ওভার করে দেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আমরা সকলে ও অভিভাবকরা এর বিরোধিতা করায় বাণী মুখার্জি গত ৩১শে আগস্ট ১৯৭৮ স্কুলটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেন। আমাদের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৭৫০ জন ও আমরা শিক্ষক ও শিক্ষিকা ২৭ জন। এক রাত্রের মধ্যে আমরা অসহায় হয়ে পড়ি। পরের দিন আমরা এই বিষয়ে মধ্যশিক্ষা পর্ষদের শ্রী ভবেশ মৈত্র, মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ দে ও স্থানীয় সি পি আই এম অফিসএর প্রতিকারের জন্য আবেদন

করি। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই সরকার গ্রামে গ্রামে নতুন স্কুল খুলবেন ও শিক্ষা ব্যবস্থায় সর্বস্তরের সংস্কার করবেন এই আশ্বাস দেওয়া সত্ত্বেও ২০ বছরের একটি চালু স্কুল খোদ কলকাতা শহরে বন্ধ হয়ে রইল। কেউ কোনও রকম সাহায্য করল না—এটা আমাদের অবাক লাগছে। গত ২৯শে নভেম্বর ১৯৭৮ সালে আপনার কাছেও আবেদন জানিয়েছি, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয়ের কাছেও, আবেদন জানিয়েছি কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এ পর্যন্ত এই গরিব ও শিক্ষক শিক্ষয়িত্রী এবং অসহায় ছাত্র-ছাত্রীদের কথা ভাবার সময়ও কারও নেই। আজ আমরা গত ৬/৭ মাস ধরে বেকার ও অনেক ছাত্র-ছাত্রী স্কুলে ভর্তি না হতে পারাতে লেখাপড়া বন্ধ হয়ে বসে আছে। বর্তমান শিশুবর্ষে এই শিশুদের ভবিষ্যত কি? এই চিঠিটা আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীকে দিচ্ছি।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ চেয়ারম্যান ঃ** যতগুলি দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল, সেগুলি স্থগিত রাখা হয়েছিল কিন্তু প্রশ্নোত্তর হয়ে গেল বলে এগুলি সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমার মনে হয় এটা নীতি বহির্ভূত হচ্ছে। কারণ আপনি একটা ডেট ফিক্সআপ করে দিয়েছেন। যেহেতু কোয়েশ্চেন আগে হয়ে গেছে তার পরে এটা হয় না। It is not the convention of the House rather it is irregular.

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনারা যখন চেয়েছিলেন তখন এটা স্থগিত থাকবে কেন, এই কারণে যদি তিনি বলেন তাহলে কোনও আপত্তি নেই।

**Shri Krishna Pada Ghsoh :** There are some points and there are some points of disorder. So, kindly listen to me. In reply to calling attention motion given by Shri Gour Chandra Kundu and Shri Nani Kar, I beg to make the following statement. Minimum wages were fixed in respect of employment in powerlooms.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে ইংরাজিতে কেন স্টেটমেন্ট দেওয়া হচ্ছে। ইংরাজি আপনারা তুলে দিচ্ছেন, হাউসে কথা হয়েছে যে বাংলায় সব হবে, বাংলায় সব হবে বলে সার্কুলার হয়েছে, তাহলে স্টেটমেন্টগুলি আবার ইংরাজিতে কেন? আমার ফিলিং হাউসে যখন কনভেনসন করেছেন যে বাংলাতে আলোচনা হবে তখন ইংরাজিতে যদি স্টেটমেন্ট দেন তাহলে সেটা অন্য রকম হয়ে যায়। স্টেটমেন্ট বাংলায় হলে আমরা বুঝতে পারি। দ্বিতীয় কথা হচ্ছে স্টেটমেন্ট ইংরাজিতে লিখলে সেটা সেক্রেটারি লিখেছেন কি মন্ত্রী লিখেছেন সেটা আমাদের বুঝতে একটু অসুবিধা হচ্ছে।

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনি যা বললেন তার মধ্যে অনেকগুলি ইংরাজি কথা আছে, যেমন কনভেনশন, সেক্রেটারি ইত্যাদি। অতএব ইংরাজিকে বাদ দেওয়া হয়নি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** হাউসের কাজ বাংলায় হবে দিস ইজ কনভেনশন দ্যাট ইউ

হ্যাভ অ্যাডপটেড। আমার বক্তব্য একদিন ভোলা সেন মহাশয় ইংরাজিতে বলেছিলেন সেজন্য ইন্টারাপশন হয়েছে, অতএব আজকে ইংরাজিতে স্টেটমেন্ট এটা ঠিক হচ্ছে না।

**মিঃ চেয়ারম্যান ঃ** আমরা চেষ্টা করছি যাতে বাংলায় হয়।

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা পয়েন্ট অব অর্ডার হয় না, এটা উনি পয়েন্ট অব সাজেশনে বলতে পারেন যে বাংলায় হওয়া উচিত। কিন্তু ইংরাজি এই হাউসে ব্যান হয়ে যায় নি। বহু জিনিস ইংরাজিতে পড়া হয়। আমরাও একথা বলেছি যে বাংলাভাষা ব্যবহার করা উচিত। কিন্তু এই পরিস্থিতি আসেনি যে সমস্তটা বাংলায় করা যায়, কিছু কিছু জিনিস ইংরাজিতে হয়ে যায়। স্যার, আমি আমার স্টেটমেন্টটা পড়ছি, আশা করি ওরা আর বাধা দেবেন না।

Minimum Wages were fixed in respect of employment in powerlooms employing 10 or more persons as well as power looms less than 10 by Government Notification Nos. 5217-L.W., and 5219L.W., both dated 29.11.78. The question of implementation of minimum wages fixed were taken up with 12 employers' organisation on 5.2.79 by Shri Q. Nawaz, Joint Secretary, Labour Department. On being requested for implementation of the notified minimum wages the representative of the employers' organisation expressed their inability to do so primarily on the ground that the reates fixed were too high. It was made clear to them that the rates were fixed after careful deliberations and under the due process of law and they were requested to implement the notified minimum wages.

In the meantime, the trade unions connceted with the powerloom industry served a notice of strike from 12.2.79 demading implementation of notified minimum wages. On the request of Government the Trade Unions however defered the strike. The question of implementation of the notified minimum wage will be taken up taken up with parties concerned by the Government shortly. It needs mention here that two of the powerloom firms moved a petition of Calcutta High Court and have obtained an interim injunction. Necessary steps have already been taken for opposing any permanent injunction.

[2-00 — 2-10 P.M.]

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্য শশাঙ্কশেখর মন্ডল যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছেন তার নিম্নলিখিত উত্তর দিচ্ছি। ১৯৭৫ সালের ১লা এপ্রিল থেকে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের বেতনের হার সংশোধন করা হয়। এই সংশোধনের ফলে সাধারণভাবে শিক্ষকরা যে সুবিধা

লাভ করে অশিক্ষক কর্মীরা আনুপাতিক হারে ততটা সুবিধা পায়নি। শিক্ষা বিভাগ সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন এবং করবেন এবং এই বিষয়টা পে-কমিশন-এর নজরে আনা হয়েছে। এই বেতন হার পুনর্বিন্যাস সাপেক্ষে অন্তর্বর্তীকালীন থোক টাকা পাওয়া যায় কিনা সেই সুপারিশ করবার জন্য পে কমিশনকে অনুরোধ করা হয়েছে।

## LAYING OF RULES

### The West Bengal Industrial Infrastructure Development Corporation Rules, 1978.

**Shri Hashim Abdul Halim:** Sir, I beg to lay the West Bengal Industrial Infrastructure Development Corporation Rules, 1978.

## GENERAL DISCUSSION ON BUDGET

[2-00 — 2-10 P.M.]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ২ ঘন্টা ২০ মিনিট ধরে যে দীর্ঘ বাজেট ভাষণ এখানে দিয়েছেন সেটা আমি পরে ভালভাবে পড়বার সুযোগ পেয়েছি। এরকম একটা নৈরাশ্যজনক এবং হতাশাব্যঞ্জক আমি এরকম একজন অর্থনীতি বিশারদ অর্থমন্ত্রীর কাছ থেকে আশা করিনি। মাননীয় চেয়ারম্যান স্যার, অর্থমন্ত্রী যে দীর্ঘ বাজেট বক্তৃতা করেছেন বক্তব্যের বেশির ভাগ অংশ হল কেন্দ্রের বিরুদ্ধে নানাভাবে উষ্মা প্রকাশ এবং বিষোদ্গার করা। তবে শুধু উষ্মা করাই নয়, পূর্বাঞ্চলে এবং দক্ষিণ পূর্বাঞ্চলের মুখ্যমন্ত্রীদের কেন্দ্রের বিরুদ্ধে লড়িয়ে দাও এরকম একটা অদ্ভুত খেলায় তিনি মেতে উঠলেন। অর্থমন্ত্রীর জানা উচিত এরকম চেষ্টা করে তিনি রাজ্যের তো কোনও উপকার করতে পারবেনই না, পশ্চিমবাংলার মানুষেরও কোনও উপকার করতে পারবেন না এবং এটা করতে গিয়ে তিনি নিজেই অত্যন্ত হাস্যাস্পদ হবেন মানুষের কাছে। অর্থমন্ত্রী মহাশয় যে বক্তব্য হাউসে রাখলেন তাতে আমি ভাবতেই পারছি না যে, একজন অর্থনীতিবিদ, একজন অর্থনীতিবিশারদ এবং বিজ্ঞানী বলে পরিচিত, বিশেষজ্ঞ বলে পরিচিত ব্যক্তি কি করে এই বক্তব্য হাউসে রাখলেন, তিনি যে ভাষণ হাউসে রেখেছেন তার মধ্যে পশ্চিমবাংলার সত্যিকারের অর্থনৈতিক চিত্রের কোনও প্রতিফলন আছে কি? আমি সি পি এম বন্ধুদের কাছে জিজ্ঞাসা করছি, আপনারা কি এর মধ্যে চিন্তার কোনও খোরাক পেয়েছেন কি? আমার বক্তব্য হচ্ছে একদিকে থেকে এটা একটা পলায়নমুখী বাজেট—এসক্যাপিস্ট বাজেট এবং জীবন সংগ্রাম থেকে সরে আসার বাজেট। উনি যদি আমাদের জটিল সমস্যাগুলি তুলে ধরতেন তাহলে বুঝতাম একটা কাজ করেছেন। তিনি একটা দলিল বিধানসভায় রাখলেন যে দলিলের মাধ্যমে তিনি পশ্চিমবাংলার সামাজিক এবং অর্থনৈতিক সমস্যা কি তা তুলে ধরেননি। সমস্যা যখন তিনি তুলে ধরেননি তখন তার প্রতিকারের আশা করা অর্থহীন।

গত দু বছর ধরে বিধানসভায় বাজেট বক্তৃতায় তিনি অনেক কথাই রেখেছেন, আমি ব্যক্তিগতভাবে বলেছিলাম, আমাদের পশ্চিমবাংলার সমস্যার মোকাবিলা করবার জন্য অনেকগুলি গঠনমূলক প্রস্তাব আমি তার কাছে রেখেছিলাম। আমি বলেছিলাম পশ্চিমবাংলার যে সমস্যা.

এর মোকাবিলা করতে হলে প্ল্যানিং স্ট্রাটিজি কি হবে আমাদের দেশের সবচেয়ে বড় সমস্যা দুটি। একটা হচ্ছে ভয়াবহ বেকারি, দারিদ্র্য এবং পশ্চাৎপদতা এই আন্ডার ডেভলপিং দেশে এবং আর একটা হচ্ছে সমস্যা হল অ্যাকুউট প্রবলেম অব আনএমপ্লয়মেন্ট, আন্ডার এমপ্লয়মেন্ট, ডিসগাইজ আন এমপ্লয়মেন্ট এই একই সমস্যা বিভিন্ন দিকে রয়েছে। দেশের যদি অর্থনৈতিক ঘটে তাহলে এমপ্লয়মেন্ট বাড়বে, আন্ডার এমপ্লয়মেন্ট এবং ডিসগাইজ এমপ্লয়মেন্ট, আন্ডার ডেভেলমেন্ট প্রবলেম থাকবে না। যেহেতু আমাদের এখানে আন্ডার এমপ্লয়মেন্ট রয়েছে সেহেতু দেশে অনগ্রসরতা রয়েছে অমলবাবুর এটা জানা উচিত অর্থনীতির ছাত্র হিসেবে। এর আগে বছর যখন তিনি বাজেট বক্তৃতা করেছিলেন তখন তিনি বলেছিলেন যে, পূর্ববর্তী সরকার ঢাক ঢোল পিটিয়ে আমাদের উন্নতির কথা বলেছিলেন সেটা বাগাড়ম্বর। তখন আমি তাকে বলেছিলাম আপনার এই মূল্যায়নের সঙ্গে আমি একমত। দ্বিতীয় কথা বলেছিলেন, চমকসৃষ্টি করে নিজেদের অকর্মন্যতা ঢাকা যায় না। আমি তখন বলেছিলাম, আপনার এই মূল্যায়নের সঙ্গেও আমি একমত তার পর তিনি বলেছিলেন, পশ্চিমবাংলার অর্থনীতি স্তব্ধ হয়ে গেছে, এবং এগিয়ে যাবার কোনও লক্ষ্যণ দেখছেন না এবং দেশের উন্নতির জোয়ারের ক্ষেত্রে ব্যর্থ হয়েছে। আমি বলেছিলাম আপনার এই তৃতীয় মূল্যায়নের সঙ্গে আমিও একমত। আমি এখন ওর সেই ৩টি মন্তব্যই ওর দিকে ছুড়ে দিচ্ছি। আমি বলছি ওনার এই বাজেট বক্তব্যের মধ্যে বাগাড়ম্বর করেছেন, চমকের রাজনীতি সৃষ্টি করেছেন এবং মানুষের দৃষ্টি অন্যদিকে সরিয়ে নেবার চেষ্টা করেছেন। আপনাদের আমলে পশ্চিমবাংলার অর্থনীতি পর্যুদস্ত হয়ে গেছে। কি শিল্পের ক্ষেত্রে, কি কৃষির ক্ষেত্রে, কি বৃহৎ শিল্পের ক্ষেত্রে, মাঝারি, কুটির, বৃহৎ শিল্প সব বন্ধ হয়ে গেছে এই কথা বলেই আমার বক্তব্য শুরু করতে হল। মিঃ চেয়ারম্যান স্যার, আমরা দেখছি গত ৩০ বছর ধরে যারা ক্ষমতায় আসে তারা বৃহৎ পুঁজিপতি গোষ্ঠী—বিগ ইন্ডাস্ট্রিয়াল হাউসেস, এনট্রেন্স ভেস্টেড ইন্টারেস্ট এবং মনোপলিস্টদের বিরুদ্ধে কথা বলে, তাদের চটিয়ে দিয়ে, তাদের অসন্তোষ সৃষ্টি করে তারা ক্ষমতায় থাকতে চায় না। তাদের খুশি করবার জন্য চেষ্টা করেন এবং সেই সুযোগই ওরা ওই কায়েমি স্বার্থবাদীদের দেন। অর্থমন্ত্রী সমস্যা সমাধান করবার জন্য খুব জোরের সঙ্গে নয়, ভাষাভাষিভাবে ৩টি কথা বলেছেন। তিনি এইকথা বলেছেন, বিনিয়োগ নীতি পাল্টাতে হবে এবং যেটুকু সুযোগ তার আছে আমরা তা করব। আমরা প্রাইভেট সেক্টরে বিনিয়োগ বাড়াবে। এবং যারা বেসরকারি সংস্থায় রয়েছে এই রাজ্যে ব্যবসা বাণিজ্য এবং শিল্প গড়ে তুলতে চায় তাদের উদ্বুদ্ধ করার জন্য কিছু কিছু বাড়তি সুযোগ দিচ্ছেন। তার লিখি বাজেটের তৃতীয় পৃষ্ঠায় তিনি একথা বলছেন। মাননীয় অর্থমন্ত্রী মার্কসবাদী পন্ডিত এবং অর্থনীরত বিশারদ বলে সকলেই জানেন এবং তিনি অর্থনীতি বিশারদ একথা আমিও বিশ্বাস করি। আমি তাকে জিজ্ঞাসা করছি মার্কসবাদী, আর এস পি, ফরওয়ার্ড ব্লক সকলকে জিজ্ঞাসা করছি, তারা এই কথা কি বিশ্বাস করেন যে, পশ্চিমবাংলায় বেসরকারি বিনিয়োগকারীদের উদ্বুদ্ধ করবার সুযোগ দিলেই পশ্চিমবাংলার মুসকিল আসান হবে? রাষ্ট্রীয় উদ্যোগে বিনিয়োগের হার বাড়াবার জন্য কেন্দ্রকে রাজি করানো এই কাজ যদি করেন তাহলে পশ্চিমবাংলায় এই যে ২০ লক্ষ বেকার রয়েছে তাদের উন্নতি করবার সুয্যোগ হবে এবং পথ প্রস্থ হবে। ৩, সরকারি খাতে বিনিয়োগের হার বাড়ানোর ব্যাপারে রাজ্য সরকারের নিজের উদ্যোগী হওয়া। এটায় অন্তত বাধার কিছু নেই, কিন্তু, স্যার, আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে বিবৃতি আমরা হাউসে পেয়েছি এবং

[2-10 — 2-20 P.M.]

ফাইনান্সিয়াল রিপোর্ট আমাদের কাছে রেখেছেন তাতে আমরা কি দেখছি? পাবলিক সেক্টার আন্ডারটেকিংএ ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট আন্ডারটেকিংএ ১৩ কোটি টাকা বৎসরে লোকসান। কাগজে পড়ে দেখেছি। তা অর্থমন্ত্রী মহাশয় আমাদের মন্ত্রীসভার একটি গুরুত্বপূর্ণ দপ্তরে রয়েছেন তিন এই বিধানসভায় কিন্তু একবারও বলেননি যে এই ওয়ার্ল্ড ব্যাঙ্ক বলেছে প্রতি মাসে আমরা এই ৮০ লক্ষ টাকা করে ভরতুকি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন এবং ক্যালকাটা ট্রামওয়েজের জন্য দিতে রাজি নই। এটা আমরা খবরের কাগজ পড়ে জানতে পেরেছি। ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন একটা পাবলিক সেক্টার আন্ডারটেকিং, এটা ব্যবসায়ীদের প্রতিষ্ঠান নয়, সেখানে ১৩ কোটি টাকা বৎসরে লোকসান হচ্ছে। কল্যাণী স্পিনিং মিল, এটা একটা পাবলিক সেক্টার ভেনচার, সেখানে ২ কোটি ২ লক্ষ টাকা লোকসান। দুর্গাপুর প্রোজেক্টসএ মোট লোকসান গিয়ে পৌঁছেছে প্রায় সাড়ে আঠারো কোটি টাকা এই রকমভাবে আরও অসংখ্য পাবলিক সেক্টার ভেনচার রয়েছে সেখানে বৎসরের পর বৎসর সরকার লোকসান দিয়ে যাচ্ছে। আমি জিজ্ঞাসা করছি আপনারা তো এই ৫ বৎসরের জন্য এসেছেন, আপনারা অন্তত এই কথাটা বলবেন যে সরকারের লক্ষ্য to ensure profitability of public sector undertakings. এখানে আরও বিশিষ্ট সদস্যরা রয়েছেন আমি তাদের কাছে জিজ্ঞাসা করছি আপনারা কি এটা বিশ্বাস করেন যে ক্যালকাটা স্টেট ট্রান্সপর্টে কর্পোরেশন বৎসরের পর বৎসর এই ১৩-১৪ কোটি টাকা করে লোকসান দিয়ে যাবে এই লোকসানে ভরতুকি মাসে ৮০ লক্ষ টাকা করে ওয়ার্ল্ড ব্যাঙ্ক দিয়ে যাবে আর গ্রাম বাংলার গরিব বেকারদের জন্য কিছু জুটবে না, পাট চাষীদের জন্য কিছু জুটবে না, আলু চাষীদের জন্য কিছু জুটবে না, প্রান্তিক চাষীদের জন্য কিছু জুটবে না এবং পশ্চিমবাংলার গরিব ছেলেরা লেখাপড়া যারা শিখেছে তাদের ভাগ্যে চাকরি জুটবে না? সেখানে কিন্তু কোনও কথা বলছেন না। ভরতুকি গ্রামের মানুষ পায় না, গ্রামের রাস্তার জন্য কোনও ভরতুকি ব্যবস্থা নেই, গ্রামে শিল্প উদ্যোগ গড়ে তুলবার জন্য কোনও ভরতুকির ব্যবস্থা নেই, গ্রামে কুটির শিল্প, ক্ষুদ্র শিল্প, এইগুলিকে চাঙ্গা করবার জন্য কোনও ভরতুকি বা রাজ্য সরকারের বিশেষ করে পরিকল্পনা নেই। অর্থমন্ত্রী মহাশয়কে অর্থনীতির ছাত্র হিসাবে বলছি এই রকম পরিকল্পনা কি অর্থমন্ত্রী মহাশয় আমাদের কাছে রেখেছেন? রাখেননি। সুতরাং পাবলিক সেক্টার আন্ডারটেকিং যদি করতে হয় করুন কিন্তু দুটি জিনিস রাখতে হবে। এক ইট মাস্ট বি এফিসিয়েন্ট, ২নং ইট মাস্ট বি রানিং অন এ প্রফিটেবেল বেসিস। আজকে সোসিয়ালিস্ট কান্ট্রিসে সোভিয়েট রাশিয়া, চায়না, পোল্যান্ড, হাঙ্গেরি, প্রত্যেকটি দেশ আজ বলছে প্রফিট করতে হবে। লিবারম্যান থিয়োরি হচ্ছে যে প্রফিট করতে হবে এবং যেটা পুঁজিবাদী দুনিয়ার একমাত্র বক্তব্য ছিল বলে আমরা জানতাম অর্থনীতির ছাত্র হিসাবে। আমরা জানি যে লিবারম্যান ডকট্রিন আজ সোভিয়েট রাশিয়া থেকে শুরু হয়েছিল, তারা আজ একথা বলে যে না, পাবলিক সেক্টার, ন্যাশনালাইজড সেক্টারের অন্যতম লক্ষ্য হবে প্রফিন্টিয়ারিং, লাভ করতেই হবে, বৎসরের পর বৎসর লোকসান দেওয়া চলবে না, আর লোকসানের সামাজিক কস্ট বা Social costs cannot be shiffed on to the slender shoulders of the millions of people living in villages and urban and semi-urban areas. This Budget, as I have already said, contains more of adjectives than of verbes. it is a budget which

is an escaptist budget and I further say that it is a' speak water and a' drink wine budget : আপনারা বলবার সময় বলেছেন যে আমরা জল খাচ্ছি কিন্তু লোককে দেখাচ্ছেন আপনারা খাচ্ছেন কিন্তু ওয়াইন। এই হল সোজা কথা। এই যে দ্বৈত চরিত্র, এই যে দ্বৈত নৈতিকতা এ কিন্তু পশ্চিমবাংলার মানুষ এবং বুদ্ধিজীবী সম্প্রদায় নিশ্চয়ই ধরে ফেলবে এবিষয়ে কোনও সন্দেহ নেই। ওরা কি বিগ ইন্ডাস্ট্রি সম্বন্ধে একটি কড়া কথা বলেছেন? ওরা কি বলবেন? আমি ঠিক যেদিন অর্থমন্ত্রী মহাশয় বাজেট পেশ করলেন সেদিন সন্ধ্যাবেলায় একটা খাম পেলাম শিলিগুড়ি টী অকশন কমিটির কাছে থেকে, বি কে ঘোষের সই করা সাইকোস্টাইল করা চিঠি বোধহয় বিধানসভার অনেক মাননীয় সদস্যাই পেয়েছেন, সেখানে দেখলাম তাদের দাবি মাননীয় মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীর কাছে যে সেলস ট্যাক্স ছিল, অকশনের উপর যে ট্যাক্স ছিল সেটাকে উঠিয়ে দাও এবং দেখলাম তারপরেই সঙ্গে সঙ্গে তারা এই দাবি মেনে নিলেন। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে জিজ্ঞাসা করি যে শিলিগুড়িতে এই টী-এর উপর ট্যাক্স কমিয়ে দেবার ফলে Private sale of tea would be forbidden or more of tea chests would be attracted to the auction market of siliguri? I dare say, No. No. No. হবে না।

যারা চা ব্যবসায়ী তারা এখন পর্যন্ত চা বাগানগুলিকে এ রাজ্যের শিল্প, রাজ্যের সম্পদ বলে গণ্য করে না, তারা চা বাগানগুলিকে নিজের ব্যক্তিগত এস্টেট, লাভজনক জমিদারি বলে মনে করেন। তারা এই লাভজনক ব্যবসার মুনাফা আরও বাড়াবার জন্য এই শিল্পকে অন্য জায়গায় নিয়ে যাবে। আজকে খুশি হতাম যদি অর্থমন্ত্রী ইকুয়েলাইজেন অব ফ্রেইন চার্জ এর কথা বলতেন। আজকে গুজরাটে কান্দলা পোর্টে যে চার্জ তা কলকাতা পোর্টের চাইতে অনেক কম। আমি বিশ্বাস করি যে আজকে এই চার্জ কলকাতা পোর্টে বেশি না হত তবে আসামের চা কলকাতা পোর্ট দিয়ে যেত কিন্তু কান্দলা পোর্টের তুলনায় এখানে বেশি চার্জ হওয়ায় সেই সুযোগ বেঙ্গল পাবে না। আমি জানি এটা একটা বড় লড়াই, কিন্তু অর্থমন্ত্রী তো সেই কথা বললেন না। আজকে কলকাতা পোর্ট ধ্বংস হয়ে গেলে, আমরাই একদিন বলব এখানে বঙ্গ সন্তান বলে এক দল বাস করত—যদি পশ্চিমবঙ্গের পোর্ট মারা যায় এবং সেই অবস্থা আসে। কান্দলা পোর্ট-এর যে ফ্রেইন চার্জ আর কলকাতা পোর্টের ফ্রেইন চার্জ ইকুয়েলাইজ করবার দাবি যদি অর্থমন্ত্রী মহাশয় তুলতেন তবে আমরা তাকে সমর্থন করতাম, তাকে শুভেচ্ছা দিতাম এবং তার সঙ্গে পড়তাম। আমরা কি চাইব? আমরা চাইব সুতা এবং কটন অ্যান্ড অয়েল সীডস-এর দাম ভারতের সর্বত্র এক রকম হবে, একথা আমি এই হাউসে বহুবার বলেছি। এক জায়গায় বক্তৃতায় আমি বলেছি, আমার জিজ্ঞাসা, মাননীয় অর্থমন্ত্রীতো আমাদের বাগাড়ম্বর করছেন কিন্তু কয়টি জায়গায় দিল্লিতে গিয়ে কনফারেন্স করেছেন চিফ মিনিস্টারদের সঙ্গে? তিনি দিল্লিতে গিয়ে শোলার গদা না ঘুরিয়ে ফিরে এসে কটা প্রেস কনফারেন্স করব একথা বলেছেন যে পশ্চিমবঙ্গ ছাড়া ভারতের অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীরা, গুজরাট, তামিলনাড়ুর মুখ্যমন্ত্রীরা সুতোর বেলায় দামে যে সুযোগ সুবিধা পায় পশ্চিমবঙ্গ কেন পায় না? কেন এটা বছরের পর বছর ধরে চলছে? কেন গত ৩০ বছর ধরে এটা হয়ে আসছে? অথচ লোহার দাম সারা ভারতে এক, কয়লার দাম সারা ভারতে এক আমরা দেখতে পাই। ভারতবর্ষের কোনও মুখ্যমন্ত্রী প্রগতির কথা বলেন, মুখে বৈষম্যের বিরুদ্ধে কথা বলেন, মুখে সমতার কথা বলেন, রিজিয়নাল ইমব্যালেন্সের বিরুদ্ধে কথা

বলেন, অথচ বলেন পশ্চিমবাংলার বেলায় কয়লার দাম এক হবে, লোহার দাম এক হবে কিন্তু সুতার দাম মাদ্রাজে, গুজরাটে সস্তা হবে? পশ্চিমবঙ্গে সুতোর দাম বেশি হবে? পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ তন্তুজীবী রয়েছে যাদের দক্ষতার তুলনা নাই, যাদের স্কীল ইজ উইদাহউ প্যারালাল ইন দি ওয়ারলড, অথচ বসে বসে তারা মার খাচ্ছে কি করে এ সম্বন্ধে তিনি কিছু বললেন না। এছাড়া জুটের বেলা, সেই একই অবস্থা। আমি ইকনমিক বইটা পড়ছিলাম তাতে দেখলাম ঠিক একই ফিগার। আমি চা বাগানের সম্বন্ধে যখন বলছি, আমার যদি ভুল হয়, মাননীয় অর্থমন্ত্রী কিম্বা আর কোনও মাননীয় সদস্য আমাকে কারেক্ট করে দেবেন, সংশোধন করে দেবেন, পশ্চিমবাংলায় সর্ব সমেত ৩৬০/৩৬৫টি চা বাগান আছে এ দুঃখ রাখব কোথায়, কোনও ঝগড়া বোধ হয় ও পক্ষের সঙ্গে থাকবে না, জলপাইগুড়ি চা বাগানে যান, সমস্ত চা বাগানের ক্ষেত্রে যে কোম্পানি আইন আছে তাতে Registered offices are all shown at Calcutta. Employment and recruitment in to-dayés 365 tea gardens is controlled from Calcutta. The children of the soil are all given a shabby deal. Has not the Hon'ble Finance Minisíer responsibility and duty cast on him towards these hopeless people ?

[2-20 — 2-30 P.M.]

এত কোনও সি পি এম, জনতা, কংগ্রেস, ফরওয়ার্ড ব্লক, আর এস পির ঝগড়া নয়। এত আমাদের সবাইকেই করতে হবে। পশ্চিমবাংলার অর্থমন্ত্রীকে বলি ৫৫ লক্ষ মানুষ কৃষি শ্রমিক হয়ে পড়ে আছেন, ভূমিহীন হয়ে পড়ে আছেন, তাদের জমি দিতে পারবেন? অসত্য কথা বলে কোনও লাভ নেই। এটাও কিন্তু আর একবার বাগাড়ম্বরের কথা হচ্ছে। কোনওদিন কেউ পারবে না, কেউ পারে নি। সেখানে সমস্যা হবে, সেখানে diversification of industries of small scale industries, of medium sized industries and cottage industries. আমাদের করতে হবে commercialised agricultural produce, agricultural product. করতে হবে। চাষীকে রেমুনারেটিভ প্রাইস দিতে হবে। তার ফলে চাষী উৎসাহিত হতে পারবে। তবেই পশ্চিমবাংলার ভয়াবহ অবস্থার আমরা মোকাবিলা করতে পারব। আমরা পশ্চিমবাংলার গ্রামে ক্ষেত্রে দেখছি একদিকে জমির পরিমাণ সীমিত। এক কোটি ৩৫ লক্ষ একর মোট চাষযোগ্য জমি রয়েছে। তাকে রবারের মতো টেনে বড় করতে পারব না। আলাউদ্দিনের আশ্চর্য প্রদীপ নিশ্চয় ডঃ মিত্রের হাতে নেই যে সেই প্রদীপ ঘষে দিলেই দৈত্য এসে পড়বে। আর উনি বলে দেবেন এই ৫৫ লক্ষ লোকের মধ্যে জমি দিয়ে দাও, আর উৎপাদন বেড়ে যাবে। এটা কখনই হতে পারে না। তাহলে প্রয়োজন হচ্ছে গ্রামের উৎপাদন বাড়াতে গেলে কৃষির আধুনিকীকরণ করতে হবে, গ্রামীণ জীবনে আধুনিকতার আশীর্বাদ নিয়ে যেতে হবে। গ্রামীণ জীবনে প্রযুক্তিবিদ্যা এবং বিজ্ঞানের আশীর্বাদ নিয়ে যেতে হবে। তারজন্য আমাদের প্রয়াস চাই, প্রচেষ্টা চাই। আমি অর্থমন্ত্রীকে আবার বলছি, আমার নিশ্চিত ধারণা, ওদিকে যারা রয়েছেন, সুভাষবাবু, তিমিরবাবু, অশোকবাবু, দীনেশবাবু এইসব যারা বিশিষ্ট বন্ধুরা রয়েছেন এবং সরকারের ট্রেড ইউনিয়ানের একজন অন্যতম নেতা, সিটুর নেতা রয়েছেন, আমি বলছি, এটাও প্রাদেশিকতার প্রশ্ন নয়, কিছুকাল দেখছি, আই এ এস পরীক্ষায় আমরা পারছি না, আই পি এস পরীক্ষায় পারছি না, বড় বড় কমপিটিটিভ পরীক্ষায় পারছি না।

আমাদের চেষ্টা করতে হবে, যারাই ক্ষমতায় আসুন, এটা সিরিয়াসলি চিন্তা করতে হবে। সেন্ট্রাল গভর্নমেন্টের অন্তত ৪০টি কমপিটিটিভ পরীক্ষা হয়। আমাদের রাজ্য সরকারের এমন চিন্তা হওয়া উচিত নয় কি যে এখানে একটা সেক্টর থাকবে, সেন্ট্রালাইজড অফিস থাকবে যেখানে পশ্চিমবাংলার যে কোনও প্রান্তের শিক্ষিত বেকার যুবক যাবে যে অ্যাডভাইস পাবে সেখানে থেকে যে তুমি আই এ এস বা এই ৪০ বিভিন্ন ধরনের যে পরীক্ষা আছে তার একটিতে বসতে চাও, যদি কমপিটিটিভ পরীক্ষার সুযোগ নিতে চাও, তাহলে তোমার এই এই পথ খোলা আছে, এই এই জায়গায় দরখাস্ত কর, এই এই জায়গায় বই পাবে, এই এই মাস্টার মশাইয়ের কাছে যাও। অতীতের ব্যর্থতা ছেড়ে দিন, আপনাদের ব্যর্থতাও ছেড়ে দিন। কিন্তু একটা গঠনমূলক চিন্তা চাই। এটা পরীক্ষা করে দেখবেন। এই রকম অ্যালায়েড সেন্ট্রাল সার্ভিসের ক্ষেত্রে, যেটা ৪০ রকমের আছে, আমরা শেষ হয়ে যাচ্ছি। বর্গাদার দিয়ে পশ্চিমবাংলাকে বাঁচানোর চেষ্টা হাস্যকর মাত্র।

ওভাবে হবে না। আপনারা যদি পারেন বিনিয়োগ নীতি পালটান। কি পালটাচ্ছেন? আমি অর্থমন্ত্রীর কাছে এইগুলো বলছি, এই আমার বক্তব্য। আমি তো দেখছি, এই জুটের ক্ষেত্রে, ওনারা বলেছেন ঠিকই, ১০ বছর এমপ্লয়মেন্ট পাচ্ছে না, ইনভেস্টমেন্ট পাচ্ছে না। এটা শুধু পশ্চিমবাংলা নয়, সারা পূর্বাঞ্চলের সমস্যা। সমস্যা হচ্ছে, এক শ্রেণীর ব্যবসাদার তারা প্রথমেই এসে এক লক্ষ টাকা দিয়ে একটা পাবলিক লিমিটেড কোম্পানি করে দেয়। এই জিনিস আপনি মহারাষ্ট্রে পাবেন না, এই জিনিস তামিলনাড়ুতে পাবেন না, কেরালাতে পাবেন না, এই জিনিস হরিয়ানা পাঞ্জাব গুজরাটে পাবেন না। এই জিনিস পাবেন পশ্চিমবাংলা সহ পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে। এই ব্যবসাদার শ্রেণী এরা কোনও ইন্ডাস্ট্রিয়ালিস্ট নয়। এরা more a terror than an industrialist, more a commercial speculator than an industrialist. কিন্তু এরা দুর্ভাগ্যবশত আমাদের দেশে ইন্ডাস্ট্রিয়ালিস্ট বা শিল্পপতি বলে চিহ্নিত হয়ে গিয়েছে। এরা একটা পাবলিক লিমিটেড কোম্পানি করলেন। কিছু দিন চলবার পরে পাবলিক লিমিটেড কোম্পানি শোয়ারগুলো করনার করে নিলেন। নিয়ে এই ব্যবসাগুলো ব্যক্তিগত পরিবারিক ব্যবসা হয়ে গেল। তারপর দেখা গেল একটা কোম্পানির গণেশ উল্টে গেল। হাইকোর্ট বা বিভিন্ন আদালতে winding up proceedings. হয়ে কোম্পানি গুটিয়ে গেল। এই টাকা দিয়ে রাজস্থানে, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্রে, তামিলনাড়ুতে, পাঞ্জাবে অথবা হরিয়ানাতে—নতুন কল-কারখানা গড়ে উঠল। এরা দেখিয়ে দিল আমরা লোকসানে মরে গেলাম, হেরে গেলাম, শেষ হয়ে গিয়েছি। আর আমরা লাভ দিতে পারব না। সুতরাং প্রাইভেট শেয়ার হোল্ডাররা গেল। লাভটা কাদেরহল। লাভটা হল এক শ্রেণীর ব্যবসায়ীদের যারা এইটাকে পারিবারিক ব্যবসারূপে কুক্ষিগত করে রেখেছিল। এরাই প্রণামী পেয়ে যাচেছ। যত ইনস্টিটুউশন্যাল ফাইনান্স এরাই সবই পাচ্ছে। reserve bank, state bank, nationalised bank, commercial bank. তাদের কাছ থেকে টাকা পাচ্ছে। আপনাকে জিজ্ঞাসা করছি, আমি এক এক সময় ভাবি আমি জানি না, বিরোধী পক্ষ বা সরকার পক্ষের সদস্যরা আছেন তাদের অভিজ্ঞতা আছে কিনা জানি না, ভোলাবাবু একজন বিশিষ্ট আইনজীবী আছেন, তার অভিজ্ঞতা আছে কিনা জানি না, অর্থমন্ত্রী আমাদের এই ব্যাপারে আলোকপাত করতে পারনে, কাগজে মাঝে মাঝে দেখি, এইসব Private and public limited company

কাগজে বিজ্ঞাপন দেয় ব্যাঙ্কের ১০ পারসেন্ট সুদের চাইতে ১৪ পারসেন্ট বেশি সুদ আমর দেব, আমাদের কাছে টাকা জমা দাও। what does it really mean ? এর মানে কি এট নয় যে ন্যাশন্যালাইজড ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশনগুলির প্রতি পাবলিকের কনফিডেন্স কমপ্লিটলি ইগনোর করে দেওয়া? আপনি এ সম্বন্ধে কিছু বলুন এবং এ ব্যাপারে আপনাকে সাহায্য করতে আমরা প্রতিশ্রুতি দিচ্ছি। আপনি বলুন এই পশ্চিমবাংলায় যত এই সব কোম্পানি এই সব ন্যাশন্যালাইজড ব্যাঙ্ক এথবা ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন থেকে কোটি কোটি টাক নিচ্ছে নিজেদের ব্যক্তিগত ব্যবসা বাড়াবার জন্য এবং টাকা নিয়ে গণেশ উল্টে দেবার চেষ্ট করছে যাতে দেশের মানুষ এবং রাজ্য সরকার বঞ্চিত হচ্ছে সেটা বন্ধ করবেন। তারা এব দিকে সমস্ত শেয়ার হোল্ডারদের শেয়ার সাইস বোর্ড পাল্টে দিয়ে ইকুইটি শেয়ারে কনভা করছে তাদের যদি বন্ধ করবার একটা ব্যবস্থা নিতেন তাহলে বুঝতাম যে আমাদের অর্থ মন্ত্রী একটা ভাল পদক্ষেপ নিয়েছেন। দেখে মনে হচ্ছে এই সমস্ত কোম্পানি যারা বাইরে থেবে এসেছে তারা স্টেট ব্যাঙ্ক, রিজার্ভ ব্যাঙ্ক এল আই সি, এই সমস্ত সংস্থা থেকে যে টাকা নিচ্ছে সেখানে তারা ইকুইটি শেয়ারে কনভার্ট করতে পারবে না এই রকম যদি করতেন তাহলে বুঝতাম। I am not an expert As a layman আমি এটা বলছি এটা আপনার দেখবেন। আর তা না করে আপনারা কিছু কিছু ব্যক্তিগত মালিকানাকে কিছু বাড়তি সুযোগ দিয়ে ঐ যেমন আপনারা মরিচঝাঁপিতে যে রকম করেছেন উদ্বাস্তুদের ডেকে এনে তাদের উপর যেমন অত্যাচার করছেন সেই রকম এখানেও উই ওয়ান্ট টু ক্রিয়েট এ ক্লাস অব এন্টারপেনারস আজকে দেখুন আমাদের গেঞ্জী শিল্প নষ্ট হয়ে যাচ্ছে তারা সব এখান থেকে পাততাড়ি গুটিয়ে নিয়ে চলেযাচ্ছে। আর এখানে অর্থ মন্ত্রী কিছু টাকা ব্যয় করে এই রাজ্যের ছেলেদের চাকুরি-বাকরি দেবার মতো ইন্ডাস্ট্রি তৈরি করতে পারবেন এবং এই জন্য কি তাদের বাড়তি সুযোগ সুবিধা করে দিচ্ছি। কিন্তু তাতে হবে না। অর্থমন্ত্রী মহাশয় তা না করে একই সঙ্গে যদি এখানে টেকনলোজিস্ট গড়ে তুলতে পারতেন যদি এক শ্রেণীর বৈজ্ঞানিক রিসার্চ স্কলার তৈরি করতেন তাহলে দেশের কিছু অর্থনৈতিক উন্নতি হত। বিদ্যুতের ব্যাপারে দীর্ঘ দিনের অভিজ্ঞতা এই গত কাল দেখলাম ১০০ মেগাওয়াট স্টেজ দারুন ঘাটতি। মুখ্যমন্ত্রী এব বিতর্কের সূত্রপাত করেছিলেন আমি আমি সেই আলোচনার বলেছিলাম যে এই সরকার হচ্ছে লোড শেডিংয়ের সরকার, ব্লাড শেডিংয়ের সরকার এই সরকার ক্রোকোডাইল টিয়ারস শেডিংয়ের সরকার। তখন সকলে হেসে ছিলেন। কিন্তু আজকে চলুন হাওড়ায় দেখে আসুন কি অবস্থা ঐ বেলিলিয়াস রোডে শিবপুর ইত্যাদি বিভিন্ন জায়গা যেগুলি ভারতবর্ষের একটা প্রাণ কেন্দ্র সেখানে কি অবস্থা হয়েছে। এই হাওড়ার শিল্পীরা যারা বিভিন্ন কলকারখানায় কাজ করে তাদের যে একটা বিশেষ নৈপুন্য আছে সে কথা ভারতবর্ষের অজানা নেই। কিন্তু এই লোড শেডিংয়ের ফলে তাদের সমস্ত নৈপুন্য কোথায় চলে যাচ্ছে। কাজ পাচ্ছে না। দিনের মধ্যে অন্ধকার দিনে ৫/৬ ঘণ্টা লোড শেডিং সমস্ত লেদ মেশিন পড়ে আছে কাজ হচ্ছে না। আমি এক জায়গায় দেখলাম পুলিশ সুপারিনটেনডেন্ট মিঃ বিন্দ্র রিপোর্ট দিয়েছে ৫০ থেকে ১০ হাজার টাকা পর্যন্ত না দিলে লোকে বসবাস করতে পারছে না। সমস্ত মস্তানরা বলছে কি করব কোনও চাকুরি-বাকুরি নেই। এই অরাজকতা বেড়েই চলেছে এবং এই অবস্থায় যদি এই রকম লোড শেডিং চলে তাহলে দেশের অবস্থা কোথায় যাবে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এই সব আপনি কি বলছেন?

[2-30 — 2-40 P.M.]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** একজন মন্ত্রী বলছেন এ আমি সব কি বলছি। আর এক দিক দেখুন শিয়ালদহ এবং আশ পাশে সব হকার্স উচ্ছেদ করা হচ্ছে। আপনারা এক দিকে এক দলকে উচ্ছেদ করছেন আর অন্য দিকে আপনাদের দলের লোককে সেখানে বসিয়ে দিচ্ছেন। আপনারা তিলোত্তমা শহর করছেন সুন্দর কলকাতা করছেন সব বাড়ি ঘর ভেঙ্গে দিচ্ছেন সব হকার্সদের তাড়িয়ে দিচ্ছেন অপর দিকে নিজের দলের লোকদের সেখানে বসিয়ে দিচ্ছেন। মাননীয় সভাপাল মহাশয়, এখন দারুন লোড শেডিং হচ্ছে। আজকের কাগজেই দেখেছি মাননীয় ক্যাবিনেট মন্ত্রী যতীন চক্রবর্তী ইউ টি ইউ সির কনফারেন্স থেকে এসে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছেন আলিপুরদুয়ারে সন্ধ্যা ৬টার পরে রোজ ৫/৬ ঘণ্টা ধরে লোড শেডিং হচ্ছে। কৃষ্ণনগর, শান্তিপুর, নবদ্বীপ, রানাঘাট প্রভৃতি নদীয়া জেলার বিভিন্ন এলাকায় ঘণ্টার পর ঘণ্টা লোড শেডিং হচ্ছে। আলিপুরদুয়ার সহ গোটা নর্থ বেঙ্গলে আজকে এই অবস্থা হয়েছে, এই আবেদন তিনি মুখ্যমন্ত্রীকে জানিয়েছেন। এই হলে রাজ্যে শিল্প সম্প্রসারণ কি করে হবে? কাগজে দেখলাম যে আমাদের এই সমস্যার নাকি সমাধান হতে যাচ্ছে। প্রথমে শুনেছিলাম সাঁওতালডিহির সব কর্মচারিরা নাকি নকশাল ও কংগ্রেস। নকশালদের দাওয়াই দেবার জন্য সেখানে প্রতিটি কর্মচারীর বিরুদ্ধে একাধিক পুলিশ লাগানো হয়েছে। দমন পীড়ন সেখানে চালানো হয়েছিল। তিনি ভেবেছিলেন পুলিশি দাওয়াই দিয়ে সমস্ত ট্রেড ইউনিয়ন আন্দোলন বন্ধ করবেন। ওরা যখন আন্দোলন করবেন, ঘেরাও করবেন সেটা হবে গণতান্ত্রিক, আর অন্যারা যখন আন্দোলন করেন তখন সেটা হয়ে যায় অগণতান্ত্রিক। তাদের উপর আসে দমন পীড়ন। ইউ টি ইউ সির কনফারেন্স আর এস পি অভিযোগ করেছেন ট্রেড ইউনিয়ন আন্দোলন সম্পর্কে, ফরওয়ার্ড ব্লক কনফারেন্সেও এই অভিযোগ আসছে। এখানে একটি দলই আমরা দেখছি। ফলে হচ্ছে কি এই রাজ্যে শিল্প সম্প্রসারণের পথ বন্ধ হয়ে যাচ্ছে। এবারে শুনলাম গ্যাস টার্বাইনের জন্য পাওয়ার কমিশনার বিলাতে গেলেন চেয়ারম্যান, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে নিয়ে। আমি অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রীর কাছে দাবি করব full papers must be placed before the House and the whole House should be taken into confidence that no such contract was given to a particular firm of England Brown Company কে টেন্ডার পেলেন, কিসের বেসিসে পেলেন, ইন্টারন্যাশন্যাল গ্লোবাল টেন্ডার ডাকা হয়েছিল কিনা, নেগোসিয়েটেড বেসিসে—আলোচনার ভিত্তিতে হলে কারা কারা কি রেট দিয়েছেন, কিভাবে হয়েছে এটা আমরা জানতে চাই। তা যদি না হয় তাহলে মানুষের কাছে দারুন প্রশ্ন আসবে। ২০ কোটি টাকায় ৫টি টার্বাইন কেনা হয়েছে ২০ মেগাওয়াটের। **(ভয়েসঃ এটা ভুসি নয়)** এই জিনিস হয়েছে। আজকে আমরা এই জিনিসই করতে যাচ্ছি। গত বছর দেখলাম মুখ্যমন্ত্রী নির্লজ্জভাবে বলে গেলেন ১।। কোটি টাকার কন্ট্রাক্ট কমলনাথকে দিলেন। পরে দেখলাম শুনতে হল দেশের নাথ, তোমার নাথ, আমার নাথ কমলনাথ। কন্ট্রাক্ট কমলনাথকে দিয়ে দিলেন। আপনাদের এই নির্লজ্জ কাজে লজ্জাও দেখে পালাবে। আপনাদের ১৮ মাসের নির্লজ্জ কাজে লজ্জা পর্যন্ত আপনাদের দেখে পালাবে। ২০ কোটি টাকার কন্ট্রাক্টের ফুল পেপারস আমাদের দিতে হবে। আমরা জানতে চাই ২০ কোটি টাকার কন্ট্রাক্ট কি করে কারা

পেয়েছে, কিভাবে দেওয়া হয়েছে। এই ব্যাপারে তো কোনও কিছু বলছেন না? মাননীয় সভাপাল মহাশয়, প্রত্যেকটি ক্ষেত্রে আমরা কি দেখছি? মাননীয় সভাপাল মহাশয়, আমি তাই আবার বলছি এই রাজ্যের অর্থনীতির মোড় যদি ঘোরাতে হয় তাহলে আমাদের সব চেয়ে বেশি জোর দিতে হবে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উপর। অর্থমন্ত্রীর বক্তৃতায় এর ইঙ্গিত আছে। আপনার কাছে আমার বক্তব্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে চাঙ্গা এইরকম প্রত্যেক জেলা থেকে চাকরি হচ্ছে। আসছেন কি তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে? আজকেই আর এস পি দলের মাননীয় তরুন সদস্য একটা অভিযোগ করলেন। এ তো আমার অভিযোগ নয়, বামফ্রন্টের শরিক দলেরই বিধানসভার সদস্য অভিযোগ করলেন যে বিভিন্ন জায়গায় এই ভাবে তারা চাকরি দিচ্ছেন। কাগজে কি বিজ্ঞাপন আছে যে তারা প্রাইমারি টিচার হাজার হাজার নেবেন? তাহলে কেন বলছেন আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেব, কাগজে বিজ্ঞাপন দেব? তা যদি করতেন তাহলে বুঝতাম সরকার সেটা কার্যকর করার চেষ্টা করছেন। তাদের দলের ছেলেদের চাকরি দেবেন কিনা, তাদের দলের ছেলেদের চাকরি হলে অন্য দলেরও ছেলেদেরও সুযোগ আসবে, দিন, কিন্তু কেন বলছেন, আমরা দলবাজি করি না, আমরা কোটা বেসিসে চাকরি দিই না, আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি দিই? কটা চাকরি দিয়েছেন বলতে পারেন? ঐ কর্পোরেশন থেকে আরম্ভ করে বিভিন্ন সংস্থায় যে সব চাকরি দিয়েছেন তারমধ্যে কটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি হয়েছে বলতে পারেন? না, তা হচ্ছে না, সেখানে চাকরি হচ্ছে আপনাদের দলের ভিত্তিতে। অর্গানাইজার টিচাররা, তারা দীর্ঘকাল ৮/১০ বছর ধরে স্কুল চালিয়ে গেল, প্রাথমিক শিক্ষার চাহিদা গ্রামে জাগালো, গ্রামের মানুষকে বোঝাল যে স্কুল দরকার কিন্তু যখন সেখানে স্কুল হল তখন আপনারা তাদের মুখের গ্রাস কেড়ে নিলেন। সেখানে আপনারা নিজেদের দলের লোকদের ঢুকিয়ে দিচ্ছেন। এগুলি করুন ভাল এগুলি করছেন বলে আমরা বলবার সুযোগ পাচ্ছি। আমরা বলব বলে জনমত তৈরি হবে। তাই তো দেখি খবরের কাগজে যখন একটু আধটু সমালোচনা হয় তখন গায়ে ফোস্কা পড়ে। সেখানে সেজন্য সংবাদপত্রের উপর হামলা হয়, সাংবাদিকদের উপর হামলা হয় আর মুখ্যমন্ত্রীর সঙ্গে সাংবাদিকরা যখন যান-তাও মরিচঝাঁপি নয়, ছোটমোল্লাখালি তখন দেখি সেখানে মাছ ভাজা, মাছের ঝোল, দই, মিষ্টি কত রকমের খাবারের ব্যবস্থা হয়। আবার মুখ্যমন্ত্রীর উদ্বাস্তু নীতির সমর্থন করে বক্তৃতা শুনতে শুনতে ক্লান্ত অতিথিরা মাননীয় সাংবাদিকরা যখন ক্লান্তি বোধ করছেন তখন সেই ক্লান্তি দূর করার জন্য জলখাবারের ব্যবস্থা থাকে। আর একজন গরিব উদ্বাস্তু, বৃদ্ধা, যখন হাতে একগোছা ঘাস নিয়ে মুখ্যমন্ত্রীকে দেখাতে যায় যে দেখুন, এই যদু পালং ঘাস খেয়ে আমরা বেঁচে আছি, আপনি প্রতিকার করুন তখন দেখি সে মুখ্যমন্ত্রীর কাছে পৌছাতে পারে না। স্যার, কালান্তর কাগজেই মরিচঝাঁপি সম্পর্কে লেখা বেরুচ্ছে, আপনি পড়ে দেখবেন। গায়ের জোরে ওরা অনেক কথাই বলতে পারেন তাতে কিছু যায় আসে না, কিন্তু স্যার, আপনি দেখবেন সেখানে কালান্তরে তিনটি লেখা বেরিয়ে গিয়েছে। তারাও বামপন্থী পত্রিকা, তারা কি বলছে দেখুন। সেখানে সাংবাদিকরা নিগৃহীত হচ্ছেন বাগনা ফরেস্টে যেটা হচ্ছে। স্যার, রাজ্যপালের কাছে আমরা গিয়েছি, আমাদের দলের নেতাদের নিয়ে আমরা রাজ্যপালের কাছে গিয়েছি এবং তাকে বলেছি যে আপনি যান। আমরা বলেছি, আপনি রেডক্রসের সভাপতি, আপনি কি গুড়ো দুধ, খাবার কিছু ঔষধ, জামা কাপড় ইত্যাদি এই আন্তর্জাতিক শিশু বর্ষে মরিচঝাঁপির উদ্বাস্তু শিশুদের জন্য পাঠাতে পারেন না?

[2-40 — 2-50 P.M.]

কিন্তু না, তিনি অসহায়, তিনি চুপ। সেখানে সংবাদপত্র অসহায় কারণ বিজ্ঞাপন দেওয়া বন্ধ করা হবে। সেখানে যে সংবাদপত্রে ওদের কথা ফলাও করে বেরুবে সেই সংবাদপত্রের ঢালোয়াভাবে বিজ্ঞাপন দেওয়ায় হবে। তারপর স্যার, মাননীয় অর্থমন্ত্রী ক্যাবারে নাচের উপর ট্যাক্স করলেন। দেখলে হাসি পায়। এখানে সুভাষ চক্রবর্তী, মাননীয় যুব নেতা রয়েছেন, মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য নেই, এরা বহু বক্তৃতায় বলেছেন, অপসংস্কৃতির বিরুদ্ধে লড়ছি, লড়ব। এটাই কি অপসংস্কৃতির বিরুদ্ধে লড়াই-এর নমুনা? ক্যাবারে নাচ দেখতে গেলে বেশি পয়সা দিয়ে ক্যাবারে নাচ দেখতে হবে। তারপর গাঁজা, আফিম, ভাং ইত্যাদির উপর কর উঠিয়ে দিলেন। স্যার, যে মাননীয় অর্থমন্ত্রীর দলঅপসংস্কৃতির বিরুদ্ধে এত কথা বলেন সেই দলের অর্থমন্ত্রী যদি একটা আইন এনে বলতেন আমরা ক্যাবারে নাচ এখানে বন্ধ করে দিলাম দেখি তার বিরুদ্ধে কে যায়— তাহলে বুঝতাম, কিন্তু তা তাদের লক্ষ্য নয়। এদের লক্ষ্য ক্যাবারে নাচ দেখিয়ে দেশের মর্য়ালকে, এরা একেবারে ধ্বংস করবার চেষ্টা করছেন। আমি বুঝতাম স্যার, যদি উনি বলতেন যে রেস কোর্সের মাঠটা উঠিয়ে দিয়ে ওখানে একটা স্টেডিয়াম হবে, তা তো উনি বলেন না। ঘোড় দৌড়ের মাঠ তো থাকলো, তিনি তো এটা করলেন না? যে ঘোড় দৌড়ের ফটকাবাজি হয়, তার বিরুদ্ধে এত কথা এত লোক বলেছেন, আপনারাও বলেছিলেন বিরোধী পক্ষে থাকার সময় আজকে আপনারা এত বড় দায়িত্ব নিয়ে অর্থমন্ত্রী কেন এই ঘোড় দৌড়ের মাঠটাকে নেওয়ার জন্য চাপ দিলেন না? বৈপ্লবিক বামফ্রন্ট সরকারকে এই মাঠটা নিয়ে অর্থমন্ত্রী কেন দিলেন না? আপনি দিতে পারবেন না, এই পথে আপনারা যাচ্ছে না। আপনারাদের লক্ষ্য শহরাঞ্চলের বড় লোকদের কাছে আপনাদের রেসপেক্টেবিলিটি, আপনাদের সম্মান বাড়াবার জন্য, তাদের তোয়াজ করছেন। আপনারা নন মার্কসিস্ট, অ্যান্টি মার্কসিস্ট ওয়েতে শুধু স্যালারিড নন ওয়ার্কাস ক্লাসকে হাতে রাখবার জন্য, আগামী দিনে ভোটে রিগিং পারফেক্ট করবার জন্য, সায়েন্টিফিক করবার জন্য এই সব করছেন। আর গ্রামের যারা পাট চাষী তারা মার খাচ্ছে, ৮০ টাকার পাট ৫০ টাকায় নেবে গেল, কৈ এই সব কথা তো বললেন না যে পাট চাষীদের ঘরের অন্তত একজন করে ছেলেকে চাকরি দেব, তারা শ্রমিক রূপে গণ্য হবে পাটকলে, তারা চাকরি পাবে। সেই পথে তো তারা যাবেন না। আলুর দাম কত পড়ে গেছে দেখুন, হাওড়ার উদয়নারায়ণপুরে ১০ টাকা মণ পর্যন্ত দরে আলু বিক্রি হয়েছে। বিভিন্ন জায়গায় হরিপাল এবং হুগলি জেলার, মুর্শিদাবাদের কান্দিতে এবং বর্ধমানের বিভিন্ন জায়গায় ১৫ টাকা, ১০ টাকা, ১৪ টাকা ,১২ টাকা, ১৬ টাকায় আলুর দাম নেবে গেছে। কোনও জায়গায় এই প্রাইস সাপোর্টের কথা লেখা নেই। গ্রাম বাংলার উন্নতির জন্য কোনও কথা এরা বলেন নি, গ্রামের জন্য আপনারা কিছু করেন নি। আজকে আপনাদের কাছে বলতে চাই যে রাজস্থানে জনতা সরকার অন্তোদয়, সবোদয়কে এক রেখে একটা ডেভলপমেন্ট পরিকল্পনা নিয়েছে, তাদের লক্ষ্য ভূমিহীন কৃষকদের উন্নতি করা,. মার্জিন্যাল ফার্মাদের উন্নতি করা। হরিয়ানায় প্রত্যেক বছর ৯ লক্ষের উপর লোককে এর আওতায় নিয়ে আসা হবে, এই ভাবে তারা একটা ইন্টিগ্রেটেড ডেভলপমেন্টের পথে তারা যাচ্ছে, এইভাবে তারা উন্নয়নের পথে যাচ্ছে এই সংবিধানের মধ্যে থেকে। এই সীমাবদ্ধতার মধ্যে থেকে।

সীমাবদ্ধতা তো থাকবেই। এই সীমাবদ্ধতা যদি না থাকে তাহলে তো আর একট স্বৈরতন্ত্রের সৃষ্টি হবে। শ্রীমতী গান্ধী সীমাবদ্ধতা দূর করতে চেয়েছিলেন গণতন্ত্রের, তার প্রমান তো হল, চেক অ্যান্ড ব্যালেন্স নিশ্চয়ই থাকবে। যত ক্ষমতা থাকবে, তত নিয়ন্ত্রণ থাকবে আজকে আপনারা ক্ষমতার অপব্যবহার করছেন। আজকে আপনারা দলবাজি করছেন পশ্চিমবাংলার বেকার যুবকদের সামনে পথ আজ অন্ধকার, সেলফ এমপ্লয়মেন্টের পথ আজবে বন্ধ। দলবাজির ফলে ট্রেড ইউনিয়ন-এ সংঘর্ষ বাধিয়ে দিয়ে গরিবে গরিবে লড়িয়ে দিচ্ছেন, কলকারখানার সম্প্রসারণ বন্ধ, গ্রামে অন্য দলের যারা বর্গাদার তাদের উচ্ছেদ করে দিয়ে, অন্য দলের যারা প্রান্তিক চাষী, গরিব চাষী, তাদের জমিতে মিথ্যা বর্গা রেকর্ড করে সত্যকারের বর্গাদারকে জমি থেকে উচ্ছেদ করছেন, এই ভাবে গ্রামে এবং শহরে আপনারা একটা ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি করছেন। মাননীয় সভাপাল মহাশয়, শেষ করার আগে বলছি, এই বাজেটে অরাজকতার ইন্ধন জোগাচ্ছেন, সেখানে কোনও রকম গঠন মূলক চিন্তা নেই। খালি কেন্দ্রের বিরুদ্ধে কথা বলছেন। কেন্দ্র উদার ভাবে এত টাকা দিল মোরারজি ভাই এর ফর্মুলাতেও এই অর্থে ১৪৭ কোটি টাকা পাবে, যা অতীতে পায়নি। কোনও উদারতা নয় এটা? ১১০ কোটি টাকার ইনিশিয়াল ডেফিসিট ওয়াইপ আউট করে দিয়েছে সেন্টার, এত লক্ষ লক্ষ টন চাল দিয়েছে, গম দিয়েছে, এটা কি উদারতা নয়? ১৫১ কোটি টাকা বন্যা ত্রাণের জন্য দিয়েছে, এটা কি উদারতা নয়? যে কেন্দ্র করছে, সেই কেন্দ্রের বিরুদ্ধে এরা লড়াই করতে চাইছেন। আমি আবার বলছি, অর্থমন্ত্রীর এই বাজেট হচ্ছে লিনিং টাওয়ার অব পিসা। এদের শাসন পুঁজিবাদির দিকে হেলে আছে। পশ্চিমবাংলা এর থেকে মুক্ত হতে পারবে না। মানুষের পথ সংগ্রামের মধ্যে দিয়ে, গণতান্ত্রিক লড়াই এর মধ্যে দিয়ে, সত্যাগ্রহের মধ্যে দিয়ে, শান্তিপূর্ণ আন্দোলনের মধ্যে দিয়ে করে নিতে হবে সাম্যের পথে, লোকনায়ক জয়প্রকাশজি যে সামগ্রিক বিপ্লবের কথা বলেছেন, সেই বিপ্লবের দিকে বাংলার মানুষ নিশ্চয়ই এগোবে এবং তারই পদধ্বনি এই বাজেট, এই অসংগতি, এই যে অন্যায়, মধ্যে দিয়ে প্রমান পাচ্ছে। এই বলে অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তার ২ ঘণ্টা ১৯০ মিনিট ধরে পড়া ৯ অধ্যায়ের বিভক্ত ১৪,০০০ সংখ্যার শব্দ দিয়ে লেখা ইদানিংকালের দীর্ঘতম একটি অর্থনৈতিক ঘাটতির বাজেট পেশ করেছেন।

মাননীয় সভাপতি মহাশয়, অশোকবাবুকে ধন্যবাদ যে, তিনি বলেননি এটা লিগাসি বাজেট। তিনি বামফ্রন্ট সরকারের একটা সম্পূর্ণ বাজেট আমাদের সামনে পেশ করেছেন এবং সেই বাজেট দিয়ে তিনি পশ্চিমবঙ্গের মানুষের সর্বনাশ ডেকে এনেছেন।

মাননীয় সভাপতি মহাশয়, আমরা ডঃ মিত্রের কাছ থেকে আর কিই বা আশা করব? আমি আপনাকে এবং সভার অন্যান্য সদস্যদের একটি গল্প বলব, যদিও এই গল্পটা অনেকবারই বলা হয়েছে, তবুও আমি আবার বলছি। আপনারা একটু মন দিয়ে শুনুন, আমি আবার আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি।

স্যার, আপনি জানেন মাননীয় অর্থমন্ত্রী কিছু দিন আগে আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ইকোনমিক অ্যাডভাইসার ছিলেন। সে সময়ের একটি কাহিনী আমি আপনার সামনে

তুলে ধরছি। সেই সময় একটা ঘটনা ঘটেছিল, ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বারস অফ কমার্সের একটা সভায় শ্রীমতী গান্ধীকে বক্তৃতা দিতে হয়েছিল। তার সেই বক্তৃতায় অংশ-বিশেষ আমাদের বর্তমান অর্থমন্ত্রী লিখে দিয়েছিলেন। সেই বক্তৃতাটি তারপর বিভিন্ন পত্র-পত্রিকায় পাবলিশড হয়েছিল, কিন্তু তারপর পাকিস্তান এবং অন্যান্য দেশের পত্রিকায় শ্রীমতী গান্ধীর বক্তৃতার সমালোচনা করা হয়েছিল। সমালোচনায় একথা বলা হয়েছিল যে, ঐ বক্তৃতায় নাকি পাকিস্তানের একজন অর্থনীতিবিদের বই থেকে টোকা হয়েছে। যখন শ্রীমতী গান্ধীর কাছে এই অভিযোগ এসেছিল তখন তিনি তার একান্ত সচিব শ্রী পি এন হাকসারকে বলেছিলেন ব্যাপারটা তদন্ত করে দেখবার জন্য, কারণ এটা একটা সাংঘাতিক অভিযোগ, এর সঙ্গে ভারতের মান মর্যাদা জড়িত, তারও মান মর্যাদা জড়িত। হাকসার মহাশয় তদন্ত করে দেখেছিলেন এবং তদন্তে এটা প্রমানিত হয়েছিল যে, ডঃ মিত্র যে বক্তৃতা লিখে দিয়েছিলেন সেটা পাকিস্তানের একজন অর্থনীতিবিদের বক্তব্য, তার একটি বই-এর ১৬ পৃষ্ঠার হুবহু নকল।

(গোলমাল)

**ডঃ অশোক মিত্র ঃ** অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় সদস্য রজনীকান্ত দলুইকে আগে তার সমস্ত কথা বলতে দিন, তারপর আপনি আপনার এক্সপ্লানেশন দেবেন।

**ডঃ অশোক মিত্র ঃ** আমি হাত জোড় করছি, আমাকে বলতে দিন।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** আপনার কাছেও হাত জোড় করছি, আরও কিছু আসতে পারে, আপনি এক সঙ্গে তারপর বলবেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় সভাপতি মহাশয়, তখন মাননীয় অর্থমন্ত্রী ছিলেন শ্রীমতী গান্ধীর একজন বেতনভুক্ত কর্মচারী যখন শ্রীমতী গান্ধী দেখলেন উনি যে বক্তৃতা লিখে দিয়েছিলেন সেই বক্তৃতা একজন পাকিস্তানি অর্থনীতিবিদের একটা বই-এর ১৬ পাতায় হুবহু নকল, সেখানে থেকে হুবহু টুকে দিয়েছেন, তখন তিনি ডঃ মিত্রকে বরখাস্ত করেছিলেন। মাননীয় সভাপতি মহাশয়, তাহলে আমরা ডঃ মিত্রের কাছে থেকে এই রকম বাজেট ছাড়া আর কি প্রত্যাশা করতে পারি?

[2-50 — 3-00 P.M.]

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন যে, ১৯৭৯-৮০ সালে প্রারম্ভিক ঘাটতি হবে ৮১ কোটি টাকার এবং কর্মচারিদের মহার্ঘ ভাতা বৃদ্ধির ফলে সেটা গিয়ে দাঁড়াবে ১১০ কোটি টাকায়। মাননীয় সভাপতি মহাশয়, একটু আগে কাশীবাবু বলে গিয়েছেন, আমিও বলছি যে, কেন্দ্রীয় সরকার ঋণ ও সাহায্যের দ্বারা প্রারম্ভিক ঘাটতি ১০০ কোটি টাকা মিটিয়ে দিয়েছেন। তাসত্ত্বেও রাজ্যের অর্থনৈতিক সমস্যার সমাধান

হল না, একটা বিরাট ঘাটতি বাজেট অর্থমন্ত্রী আমাদের সামনে উপস্থিত করেছেন। এর ফলে আমি আবার বলছি পশ্চিমবঙ্গের মানুষের সর্বনাশ ডেকে আনা হচ্ছে। সাধারণ মানুষ এবং যারা চাকুরি করেন ও অন্যান্য পেশার সঙ্গে যুক্ত রয়েছেন তাদের একটা সাংঘাতিক ভয়াবহ অবস্থার মধ্যে নিয়ে যাওয়া হবে এই বাজেটের দ্বারা। মাননীয় সভাপতি মহাশয়, অতিরিক্ত সম্পদ বাড়ানোর জন্য মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে বিক্রয় কর বাড়াবেন। শতকরা ৭ টাকা হারে বিক্রয় কর দেওয়ার পরিবর্তে উনি বলেছেন যে ৮ টাকা হারে দিতে হবে কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, ব্যবসায়ীরা যদি এই সুযোগে বিক্রয় করের উপর যদি ২ টাকা কিম্বা ৩ টাকা বাড়িয়ে দেন তাহলে তার প্রতিকারের কি ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন? এর মধ্যে প্রতিকারের কোনও ব্যবস্থা নেই, কোনও ব্যবস্থা গ্রহণের কথা নেই এবং সেটা হবে কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। মাননীয় অর্থমন্ত্রী এবং আরও অনেকে বলেন যে পশ্চিমবঙ্গ ব্যাকওয়ার্ড স্টেট। মহারাষ্ট্রের মতোন পশ্চিমবাংলা অ্যাডভান্সড স্টেট নয়, কিন্তু তা সত্ত্বেও দেখা যাচ্ছে এখানকার মানুষদের সর্বনাশ করবার জন্য প্রফেশন্যাল ট্যাক্স বসানো হয়েছে। যাদের ৫০০ টাকা বেতন তাদেরকে এই কর দিতে হবে না কিন্তু ৫০১ টাকা থেকে ২ হাজার টাকা পর্যন্ত যাদের বেতন তাদেরকে এই ট্যাক্সের আওতায় আনা হয়েছে। এমনিতেই তো একজন ব্যক্তিকে ইনক্যাম ট্যাক্স দিতে হয়, সি পি এমের প্লেনামে চাঁদা দিতে হয়, কৃষক সমিতিতে চাঁদা দিতে হয়, মিছিল-মিটিংএ চাঁদা দিতে হয় আবার গ্রামাঞ্চলে পঞ্চায়েত হয়েছে সেখানেও চাঁদা দিতে হচ্ছে, জমির উপর যাতে হাঙ্গামা না হয় তারজন্য কৃষক সমিতিতে চাঁদা দিতে হচ্ছে এইরকমভাবে বিভিন্ন জায়গায় ট্যাক্স দেওয়ার পরেও আবার প্রফেশন্যাল ট্যাক্স বসিয়ে সর্বনাশ করবেন না। আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীকে অনুরোধ করব যেন এই বিষয়ে বিবেচনা করেন। এই প্রফেশন্যাল ট্যাক্স বাতিল করুন তা না হলে পশ্চিমবাংলার মানুষের সর্বনাশ ডেকে আনবেন। মাননীয় সভাপতি মহাশয়, আমরা আজকে ইকনমিক রিভিউতে কি দেখছি, সেখানে দেখছি যে এই সরকার সব ক্ষেত্রেই ব্যর্থ হয়েছে। শুধু এই রিভিউতেই নয় অন্যান্য পত্র-পত্রিকায়ও বেরিয়েছে স্টেট বাসে ১৯৭৭-৭৮ সালে লোকসান হয়েছে ১৩ কোটি টাকা। ট্রামে হয়েছে সাড়ে চার কোটি টাকা বৃহত্তর কলকাতায় দুগ্ধ সরবরাহ করার জন্য ১৯৭৯-৮০ সালে লোকসান দাঁড়াবে প্রায় ৪ কোটি টাকা। ১৯৭৮-৮৯ সালে লোকসান ছিল সাড়ে তিন কোটি টাকা। এইভাবে রাজ্য সরকারের নিয়ন্ত্রিত প্রায় সব সংস্থাই লোকসান হচ্ছে এবং চলেছে। কল্যাণী স্পিনিং মিলে সেখানে লোকসান হয়েছে ৯ কোটি ৯১ লক্ষ টাকা, দুর্গাপুর প্রোজেক্ট মোট লোকসান দাঁড়িয়েছে ১৮ কোটি ৫৪ লক্ষ ৩৩ হাজার টাকা। দুর্গাপুর স্টেট বাসে ১৯৭৬-৭৭ সালে লোকসান হয়েছে ৯৪ লক্ষ ৩৮ হাজার টাকা। উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট ১৯৭৭-৭৮ সালে লোকসান প্রায় ২ কোটি সাড়ে ৩৫ লক্ষ টাকা। কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট-এ ১২ কোটি ৯৫ লক্ষ ৩৯ হাজার টাকা। ওরিয়েন্টাল গ্যাসে ১৯৭৯-৮০ সালে লোকসান দাঁড়াবে ৯.০ লক্ষ চল্লিশ হাজার টাকা, যান্ত্রিক ইটে লোকসান হবে ২৩ লক্ষ ৪২ হাজার টাকা। এইভাবে প্রতিটি ক্ষেত্রে সরকারি নিয়ন্ত্রীত সংস্থায় লোকসান দিনের পর দিন বেড়ে যাচ্ছে এবং এই লোকসানের বহর কমানোর কোনও প্রতিকারের কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনলাম না। তিনি ক্রমবর্ধমান ঘাটতি বাজেট এনেছেন, ক্রমবর্ধমান লোকসানের বহর এনে হাজির করেছেন। মাননীয় সভাপতি মহাশয়, বেকারের সংখ্যা পশ্চিমবঙ্গে ১ বছরে ৩ লক্ষ বেড়েছে।

১৯৭৮ সালে নভেম্বর এ রাজ্যে বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রে ১৭ লক্ষ ২৩ হাজার ৮২৯ জন বেকারের নাম লেখানো ছিল সেটা ১ বছরে ৩ লক্ষ বেড়েছে। সংখ্যার দিক থেকে বেকারত্ব প্রচুর বেড়েছে কিন্তু তাদের কর্মসংস্থানের কোনও কর্মসূচি এই বাজেটের মধ্যে দেখতে পেলাম না। কোনও রকম আভাস নেই কিভাবে বেকার সমস্যার সমাধান করা যাবে। শিল্প পরিস্থিতির কথা আপনার মাধ্যমে বলতে চাই। ১৯৭৮ সালে শ্রম দিবস নষ্ট হয়েছে ১ কোটি ২৩ লক্ষ। ১৯৭৭ সালে যেখানে সারা বছরে মাত্র ৯৪টি কারখানা বন্ধ হয়েছিল, সেখানে ১৯৭৮ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বরের মধ্যে ৮২টি কারখানা বন্ধ হয়েছে। এইভাবে সমস্ত কিছুই আসতে আস্তে বন্ধ হয়ে যাবে। যাত্রার উপর কর বসানো হয়েছে, যাত্রার যে জনপ্রিয়তা হচ্ছিল সেকথা সকলেই জানেন, কারণ হিসাবে তিনি বলেছেন অপসংস্কৃতির রোধ করবার জন্য এটা করা হচ্ছে। কিন্তু যাত্রার মাধ্যমে গ্রামীণ সংস্কৃতিকে উন্নত করবার যে উদ্দেশ্য ছিল তা ব্যহত হবে। পঞ্চায়েত সম্বন্ধে তিনি বলেছেন ত্রিস্তর প্রথায় পঞ্চায়েতের বিস্তর কাজ হচ্ছে, ৩ হাজার ২৪২টি গ্রাম পঞ্চায়েতকে প্রচুর কাজ দেওয়া হয়েছে, এটা সত্যি কথা যে প্রচুর পরিমাণে দুর্নীতি অত্যাচার, ও অনাচার এই পঞ্চায়েতের মাধ্যমে করা হচ্ছে। এই কারণেই আমরা দেখছি গ্রামের একটা আতঙ্ক হিসাবে পঞ্চায়েত কাজ করছে। পঞ্চায়েতের সদস্য যারা আছেন তাদের এটা একটা টাকা মারার আড্ডাখানা হয়েছে। এমনকি বিয়ে করতে গেলেও সেই পঞ্চায়েতের পার্মিশন নিতে হচ্ছে। সবচেয়ে দুঃখের কথা হচ্ছে যে কেন্দ্রকে আক্রমণ করে যেভাবে তিনি হুমকি দিয়েছেন তাতে ভারতের সার্বভৌমত্ব রক্ষিত হবে কিনা সন্দেহ। তিনি বলেছেন দেশের ৬২ কোটি অধিবাসীর মধ্যে অন্তত ৫০ কোটিই অবর্ণনীয় দারিদ্রে ভুগছেন, দেশের অভ্যন্তরীণ বাজার সম্প্রসারিত হতে পারছেনা, এবং পাশাপাশি রাষ্ট্রীয় উদ্যোগে ভরতুকি দিয়ে বিদেশের বাজারে পণ্য বিক্রি করার প্রাণপণ চেষ্টা চলছে। বর্তমানে সংবিধানের এবং আইন ব্যবস্থার চৌহদ্দির মধ্যে অথচ দেশের অভ্যন্তরীণ চাহিদা বাড়ানোর উদ্দেশ্যে বন্টন ব্যবস্থা পালটানোর ক্ষমতা কোনও রাজ্য সরকারের নিতান্তই সীমাবদ্ধ। আরেকটা জায়গায় বলেছেন যদি এই কেন্দ্র রাজ্য সম্পর্কের পরিবর্তন করে সম্পদ বিন্যাসের এবং প্রশাসনিক সিদ্ধান্তের ক্ষমতা আশু বিকেন্দ্রীভুত করা না হয় তা হলে অবস্থা আয়ত্ত্বের বাইরে চলে যাবে বলেই আমাদের আশঙ্কা। এটা একটা হুমকি এবং আমাদের মনে হচ্ছে ভারতবর্ষ থেকে পশ্চিমবাংলাকে বের করে দেবার একটা ইঙ্গিত আছে। আমরা জানি না কার নির্দেশে তিনি এই কথা বলছেন। এ জি বি না সি আই এ? একটু আগে পাওয়ার লোড শেডিংয়ের কথা হচ্ছিল, এই ব্যাপারে তিনি বলেছেন অতীতে পরিকল্পনার দূরদৃষ্টির পূর্বাঞ্চলে এবং উত্তর পুর্বাঞ্চলে আমার আপাতত কঠিন বিদ্যুৎ সঙ্কটের মধ্যে পড়েছি। বিদ্যুৎ সঙ্কট সম্বন্ধে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার কথা বলতে গিয়ে তিনি বলেছেন এই সিদ্ধান্তের ব্যাখ্যা পাওয়া দুষ্কর, এটা উন্নয়নের কর্মসূচি নয়, অপনয়ণের কর্মসূচি। পরিশেষে তিনি বলেছেন কেন্দ্রীয় সরকার যদি এই ব্যবস্থা নিতে অপারগ হন, তবে পশ্চিমবঙ্গ সরকার এই বলে নোটিশ দেবেন যে, ১৯৮০-৮১ আর্থিক বছর থেকে এই রাজ্যের সীমানায় অতিরিক্ত উৎপাদনমুলক (বিশেষ গুরুত্বপূর্ণ পণ্য) আর কার্যকর থাকবে না। এই ব্যাপারে আমরা আইনজ্ঞ ও সংবিধান বিশেষজ্ঞদের পরামর্শ নিচ্ছি।

ওর এই বক্তব্য একটা ভয়াবহ এবং অশুভ ইঙ্গিত বহন করছে। সেইজন্য আমি বলব

পশ্চিমবাংলার মানুষের যাতে উন্নতি হয়, তাদের যাতে স্ট্যান্ডার্ড অফ লিভিং বাড়ে, যাতে সমস্ত জায়গায় সুশৃঙ্খলা থাকে সেই বিষয়টা আপনি চিন্তা করুন। কিন্তু তিনি মনে করেন হি ইজ মোর দ্যান এ কমিউনিস্ট। তিন রোজ আলিমুদ্দিন স্ট্রীটে যাচ্ছেন কিন্তু প্রমোদবাবু তাকে সি পি এমের সদস্য করছেন না। যাই হোক তার এই বাজেট বক্তব্যে সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00—3-30 P.M.] (including adjournment)

**ডঃ অশোক মিত্র ঃ** স্যার, মাননীয় সদস্য ব্যক্তিগতভাবে আমার সম্পর্কে যাই বলুন না কেন আমার তাতে কিছু আসে যায় না এবং বামফ্রন্ট সরকারেরও কিছু আসে যায় না। কিন্তু একটা অসত্য কথা আমাদের রেকর্ডে লিপিবদ্ধ থাকবে এটা বোধহয় শ্রেয় নয়। ১৯৭০-৭১ সালে আমি ভারত সরকারের মুখ্য আর্থিক উপদেষ্টা ছিলাম—শ্রীমতী ইন্দিরা গান্ধীর ছিলাম না। আমি সেই পদে নিযুক্ত হই ইউ পি এস সির দ্বারা আমি বলতে গর্ববোধ করি যে স্বাধীনতার ৩২ বছরের মধ্যে এই সর্বোচ্চ পদে একমাত্র বাঙালি হিসাবে নিজেকে অধিষ্ঠিত করতে পেরেছিলাম। দ্বিতীয় নম্বর কথা আমি ১৯৭২ সালের মার্চ মাসে পদত্যাগ করি, আমি এখানে ভোট দিতে এসে আমার দু একজন আত্মীয় কাছে থেকে যে বীভৎষ কথা শুনি তাতে দিল্লিতে ফিরে গিয়ে সেদিন গুড ফ্রাইডে ছিল সেইদিনই আমি পদত্যাগপত্র দাখিল করি। তখন শ্রীমতী ইন্দিরা গান্ধীর প্রধান সেক্রেটারি শ্রী পি এম হাকসার, আমাকে বলেন যে আপনি চলে যাবেন না। আমরা ভাবছিলাম আপনাকে বাংলাদেশের হাইকমিশনার করে পাঠাবো। কিন্তু আমি তাদের বলি আমার বিবেক আর আমাকে এখানে থাকতে দিচ্ছে না। তৃতীয় নম্বর কথা হচ্ছে আমি কোনওদিনই শ্রীমতী গান্ধীর বক্তৃতা লিখিনি। আমি ইংরাজি এবং বাংলায় একটু আধটু লিখতে পারি, আমি অন্য কারও লেখা নিজের বলে লেখবার চেষ্টা করলেও পারব না, কারণ স্টাইল সম্বন্ধে আমার ভীষণ খুঁতখুঁতে স্বভাব। যাইহোক এটা নিয়ে পরে আমি খোঁজ করে জানলাম প্রধানমন্ত্রী সচিব পি এন ধরের কাছে। যে এটা যা তিনি আমাকে বললেন শ্রীমতী ইন্দিরা গান্ধী নিজেই ঐ পাকিস্তানির লেখা থেকে ঢুকিয়েছিলেন। আমি এক মাস নয়, দুই মাস নয়, পুরো সাড়ে তিন বছর সময় দিচ্ছি, আপনি ইন্দিরা গান্ধী, পি এন হাকসারের কাছে থেকে আপনি যে অভিযোগ করলেন সেটা সত্য একথা লিখিয়ে নিয়ে আসুন। এতবড় মিথ্যা আচরণ করবেন না, শ্রীমতী গান্ধী তার সম্বন্ধে আমার যতই বিরাগ থাক এইটুকু বিশ্বাস আমার আছে। আমি আজ থেকে ১৯৮২ সাল পর্যন্ত পুরো সাড়ে তিন বছর সময় দিচ্ছি, আপনি এই সময়ের মধ্যে ইন্দিরা গান্ধী, পি এল হাক্সারের কাছে থেকে লিখিয়ে নিয়ে আসুন। জেনেশুনে এতবড় মিত্যা আচরণ করবেন না, এতে আপনার মান বাড়বে না সভারও মান বাড়বে না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যাব্র, অর্থমন্ত্রী মহাশয় যেটা বললেন সেটা সত্য, না মাননীয় সদস্য রজনীকান্ত দোলুই যেটা বলেছেন সেটা সত্য, কোনওটা সত্য সেটা প্রমান করার জন্য একটা কমিশন বসান।

**মিঃ চেয়ারম্যান ঃ** সেটা আপনারা নিয়মমাফিক আনুন। উনি পার্সোনাল এক্সপ্লানেশন দিয়েছেন, ওনার এটা প্রমান করার দায়িত্ব আপনাদের। উনি যা বলেছেন সেই অনযাযী

আপনারা প্রমান করুন।

(At this stage the House was adjouned till 3-30 P.M.)

(After Adjournment)

[3-30 — 3-40 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার অনে এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার সি পি এম এর একটা জঘন্য অত্যাচারের কথা আপনাকে জানাতে চাই।

**মিস্টার চেয়ারম্যান ঃ** এটা কি খুবই আরজেন্ট যে এক্ষুণি বলতে হবে। আপনি পরে সময় পাবেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, এটা খুবই জরুরি আমি পড়ে দিচ্ছি। মহাশয়, আমি গঙ্গারামপুর অধিবাসী গত ২২-২-৭৯ তারিখে কালিয়াগঞ্জ হইতে ৪৫ হাজার টাকার মূল্যের লঙ্কা ৫ জন কালিয়াগঞ্জ নিবাসী ব্যবসায়ীর মাল লইয়া বড়বাজার ৫১ নম্বর নলিনীশেঠ রোড কলিকাতা ৭ এই ঠিকানায় খরিদ্দারের উদ্দেশ্যে বেলা ৭ ঘটিকায় নিয়া আমি, হঠাৎ ২৫/৩০ জন যুবক সি পি এম-এর ঝান্ডা লইয়া আমার লরিটি মাল সমেত জোরকরিয়া উহাদের পার্টি অফিসে নিমতলায় লইয়া যায়। উপাস্তর না দেখিয়া আমি নিকটবর্তী বড়বাজার থানায় ঘটনাটি জানাই তখন তারা ৪ ঘণ্টা পর আমাকে জোড়া বাগান থানায় পাঠাইয়া দেন বলেন ওখানেই আপনাকে ব্যবস্থা করিয়া দিবেন এবং নিমতলা পার্টি অফিসে লইয়া যান এবং সেখানে আমাকে আসামী রূপে যথেষ্ট অপমান করে এবং আমাকে তা সহ্য করতে হয়। আমি তাদের অনুরোধ করি গাড়িতে কাঁচামাল আছে বেশি সময় রাখিয়া দিলে নষ্ট হইয়া যাইবে কিন্তু আমার কথায় কর্ণপাত না করে আমাকে বলেন যে মেসার্স জয়দুর্গা ট্রান্সপোর্ট কোম্পানিতে শ্রমিক বিক্ষোভ চলিতেছে সেই কোম্পানি যদি আমাদের দাবি মানিয়া নেয় তবেই এই গাড়ি মাল সমেত ফেরত পাওয়া যাইবে। আমি তাহাদের সমস্ত কাগজপত্র দেখাই যে ঐ কোম্পানির সঙ্গে আমার সম্পর্ক নেই। তবুও আমার কোনও কথা না শুনিয়ে আজ ৫দিন হইল গাড়িটি পার্টি অফিসে আমার মাল পচাইয়া ফেলিল। আমার কি অপরাধ আর কাঁচামাল গুলি বা নষ্ট করলি কেন? ইতি—বিমল সাহা, গঙ্গারামপুর। স্যার, আপনার কাছে কাগজ দিচ্ছি আপনি দেখুন কি অত্যাচার।

**মিস্টার চেয়ারম্যান ঃ** আপনি বসুন।

**শ্রী ভোলানাথ সেন ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বাজেট অবগুণ্ঠিত সত্য ছাড়া আর কিছুই নয়। এটা বাজেট নয়। যে বাজেট হওয়া উচিত সেই বাজেট নয়। এ বাজেট হল ইফস অ্যান্ড বাটস। যদি এটা হয় তবে এটা হবে, যদি এটা না হয় তাহলে কি হবে জানি না। কেন্দ্র যদি টাকা না দেয় তাহলে জানি না আমার ডেফিসিট কত হবে? আর কেন্দ্রের ভায়নক দোষ, কেন্দ্র টাকা দিচ্ছে না। নিজের ক্ষমতা কি তার কোনও পরিচিতি নাই, স্যার ১৯৭৭-৭৮ সালে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া আইদার ডাইরেক্ট অ্যাসিসটেন্স অথবা থ্রু মার্কে বরোইং অথবা থ্রু ইটস আন্ডার টেকিং লাইক, এল আই সি অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশন

গত বছর ৩৯০ কোটি টাকা বেশি দিয়েছিল, ১৯৭৭-৭৮ সালে। তার হিসাব আছে, গত বছর তারা বলেছেন খাতায় দেখাচ্ছেন যে ৬ কোটি টাকা যেটা ঘাটতি ছিল ওপনিং ব্যালেন্সে কিন্তু অ্যাকর্ডিং টু এ জি বেঙ্গল, কিন্তু রিজার্ভ ব্যাঙ্ক বলছে ১০৫ কোটি টাকা ঘাটতি সেন্ট্রাল গভর্নমেন্ট নাকি রাজি হয়েছে যে হ্যাঁ ১০৫ কোটি টাকা আমি তোমাদের দিয়ে দেব এবং দিয়েছেন। এই ৩৯০ কোটি টাকার আর ১০৫ কোটি টাকা ৪৯৫ কোটি টাকা পেয়ে গেছেন ১৯৭৭-৭৮ সালে। আর এরা বলছেন কেন্দ্র কিছু বোঝে না, কেন্দ্রের সব দোষ। কিন্তু ২৩৮ কোটি টাকা ফিনান্স কমিশন দিয়েছে এমপ্লয়িদের রেমুনারেশনের বৃদ্ধি করবার জন্য। উদ্দেশ্য হচ্ছে কেন্দ্রীয় হারে যাতে পাওয়া যায় শুধু তাই নয় রেভুলিউশন ইন্ডিয়ান ডিউটিস এক্সপর্ট অন ইলেকট্রিসিটি মহারাষ্ট্রকে দেওয়া হয়েছিল ২.৬৩৩ পারসেন্ট শেয়ার, আর ওয়েস্ট বেঙ্গলকে দেওয়া হয় ৮.০২৮ পারসেন্ট শেয়ার। অর্থাৎ বেশি, পারসেনটেজ বেশি। তাসত্ত্বেও আমরা শুনছি কেন্দ্র আমাদের দেয়না। কিন্তু খবরের কাগজে দেখলাম যে এবারে প্ল্যান অ্যাসিসটেন্স ১৪৫ কোটি টাকার জায়গায় ১৪৭ কোটি টাকা হবে। এবং লেট আস অ্যাকসেপট উইথ দিস এবং ওরা খুশি। অর্থাৎ কিনা কেন্দ্র সম্বন্ধে যখন কেন্দ্রে যাচ্ছেন ঐ দক্ষিণপন্থী কেন্দ্রীয় সরকার কখন বামপন্থী সি পি এমের খুব ফেভারিট তাদের আর কোনও গতি নেই আর কোনও দুঃখ নেই লেট আস অ্যাকসেপ্ট উইথ গ্রেস। দেখা যাচ্ছে স্টেট গভর্নমেন্ট যার মালিক হয়ে আছে সি পি এম গভর্নমেন্ট বা সি পি এম সরকার বা সি পি এম পার্টি যার উনি মন্ত্রী তারা কি করেছেন নিজের দেশে, কি কাজকর্মের পরিচয় দিয়েছেন ১৯৭৭-৭৮ সালে রিভাইস বাজেট করেছিলেন ৭৭৫ কোটি টাকা ঐ রাজস্ব খাতে আয় করবেন পেলেন কত? ৬৯৯ কোটি টাকা অর্থাৎ ৭৬ কোটি টাকা কম। শুধু গাফিলতির জন্য এবং শুধু কাজ না করবার জন্য আর শুধু পার্টিবাজির জন্য তাদের ৭৬ কোটি টাকা আয় কম হল। এবং তার জন্য আমাকে সাধারণ মানুষ ৫০১ টাকা আয় করলে তাদের দুইটাকা করে কর দিতে হবে অর্থাৎ পুজার চাঁদা দিতে হবে, যদি আরেকটু বেশি করেন তাহলে আরেকটু বেশি দিতে হবে **(শ্রী যুক্ত হালিম ঃ আপনার আয় কত?)**

আমি আসছি, আর প্রফেসন্যাল যারা সেলফ এমপ্লয়েড তাদের কি ছিল? কর্পোরেশন ট্যাক্স ছিল, যাইহোক আমি হালিম সাহেবকে বলতে চাই যে আমি ২৫০ টাকা করে ট্যাক্স দিই। আপনি এক পয়সা দেন না কারণ আপনার কোনও ইনকাম ছিল না। তা আপনি জানেন না, আপনার ইনকাম ছিল না কিম্বা আপনি দিতেন না তাই আপনি জানেন না। আমি দিতাম ২৫০ টাকা করে। যাইহোক সেইসমস্ত লোকদের আবার ট্যাক্স দিতে হবে। ল্যাঙ্গায়েজটা পড়ে যেটা বোঝা যাচ্ছে। ক্যালকাটা কর্পোরেশন কে তুমি যা দাও সেলফ এমপ্লয়েড দের জন্য তার উপর কেন্দ্র যা পায় ডাবল ট্যাক্সেন হচ্ছে উইদিন দি সেম স্টেট। The corporation will tax, The State Government will tax for the same occupation being caried on at the samé place.

[3-40 — 3-50 P.M.]

সেটা হচ্ছে, দেখা যাক কি আসে এখন জানি না। আমি ভাবছিনা তাদের কথা যাদের ২৫০ টাকা গায়ে লাগেনা। কিন্তু আমি ভাবছি মধ্যবিত্ত মানুষের কথা, তাদের ২৪ টাকা করে

যদি একজনকে দিতে হয় যার ১০৫ টাকা রোজগার তাহলে দারিদ্রের উপর আর একটু দারিদ্র কি চাপিয়ে দেওয়া হবে না? যদি ৩৬ টাকা করে দিতে হয় বা যদি আরও বেশি দিতে হয়, ৫০ টাকা, ১০০ টাকা, কি ২০০ টাকা করে দিতে হয় তাহলে তাকে কি আরও বেশি দিতে হবে না? আজকে তাদের ইনকাম ট্যাক্স দিতে হচ্ছে, সেলস ট্যাক্স দিতে হচ্ছে, কিন্তু জিনিসের দাম কমছে না, প্রত্যেকটি জিনিসের দাম বেড়ে যাচ্ছে, বাস ভাড়া পর্যন্ত বেড়ে যাচ্ছে। এখানে একটা ফিগার আছে সেটা হচ্ছে কস্ট অব লিভিং ইনডেক্স বা স্ট্যাটিসটিক্স অব প্রাইজ ইনডেক্স তাতে দেখা যাচ্ছে যে তাদের সময় দাম বেড়ে গেল, তাদের রাজত্বে আসার সঙ্গে সঙ্গে দাম বেড়ে গেল, কস্ট গেল বেড়ে এবং এই ফিগার এখানেই দেওয়া আছে সরকার ছাপিয়েছেন, ৭৭-৭৮ এ দাম বেড়ে গেল। দাম বেড়ে গেল যার ফলে টাকার দাম কমে গেল। ৫০০ টাকায় ১০ বছর আগে যা হত আজকাল তা হয় না এবং ৫০১ টাকায় ১০ বছর আগে যা হত এখন তা হয় না। এখানে ৫০০ টাকা হলে এক পয়সাও দিতে হবে না, ৫০১ টাকা হলে তার রোজগার কিন্তু হয়ে গেল ৪৯৯ টাকা। অর্থাৎ কিনা ৫০০ টাকা যে পেত তার চেয়ে কম গেল। এই হচ্ছে বিচার। মধ্যবিত্তকে নিষ্পেশিত করতে হবে এবং দাবিয়ে রাখতে হবে। কিসের জন টাকা প্রয়োজন? রেভিনিউর টাকা তারা আদায় করতে পারছেন না, রেভিনিউ যে টাকা আদায় করবেন তার থেকে ৭৬ কোটি টাকা আদায় করতে পারেন নি তাদের গাফিলতির জন্য এবং তার ভার গিয়ে পড়ল মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তের উপর। আজকে মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তের দুর্ভাগ্য যে এদের অপদার্থতার দাম তাদের দিতে হচ্ছে। আর একটা কথা বলছি যে ভিলেজ এ গ্রামে তাদের রেভিনিউ দিতে হয়। তাদের ট্যাক্স অন হোল্ডিং দিতে হয় লাইক ওয়েলথ ট্যাক্স দিতে হয়, ওয়াটার ট্যাক্স দিতে হয়, পঞ্চায়েত ট্যাক্স দিতে হয়, তাদের ইন্টারেস্ট অন লোন দিতে হয় এবং যে জমির মালিক, বর্গাদার নয়, তার জমির দাম কমে গেল তার উপর আবার ৫০১ টাকার উপর দিতে হবে অর্থাৎ ২ টাকা করে চাঁদা পার মান্থ। মধ্যবিত্তের অবস্থা ছেড়ে দিলাম, দরিদ্র শ্রেণীদের অবস্থাটা কি? ঠিক আছে মধ্যবিত্তের গেলে কুচ পরোয়া নেই, মধ্যবিত্তের গেলে কি আসে যায়, এখানে রাজ মহিষীর কবিতা মনে পড়ে দীপ নিবারিব এই অবস্থা মধ্যবিত্তের কিন্তু তাতে তাদের কিছু আসে যায় না, আমরা তো গদিতে থাকব, কাজ করলেন করলেন না, যার সামর্থ আছে করবে, আর এই টাকা দেখা যাচ্ছে অ্যালট করা হল পাবলিক ওয়াকর্স ৭৬-৭৭ সালে খরচ করেছিলাম আমরা ২৮ কোটি।

আর ১৯৭৭-৭৮ সালে এরা খরচ করলেন ২৭ কোটি টাকা, ১ কোটি কমে গেল, এগ্রিকালচারের জন্য যতদূর মনে পড়ে ২৬ কোটি টাকা অ্যাসিস্টেন্স নিয়েছিলেন ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে অ্যাসিস্ট্যান্স ফর ক্যাপিট্যাল ওয়ার্ড, সেখানে কি হয়েছে? সেখান ২৯ কোটি টাকা ধরা হয়েছিল রিভাইজড এস্টিমেট, তার বদলে কত খরচ হয়েছে? ২৩ কোটি ২৩ লক্ষ টাকা, ৬ কোটি ৬৬ লক্ষ টাকা খরচ করেননি। সময় কোথায়? ক্যাপিটেল ওয়ারক্স বাবদ ধরা হয়েছিল ১ কোটি ৪২ লক্ষ টাকা, খরচ করলেন কত? ২৯ লক্ষ ৫৬ হাজার টাকা। ১ কোটি খরচ করতে পারলেন না। মানুষ ট্যাক্স দিচ্ছেন, আপনারা খরচ করতে পারলেন না। অথচ অ্যালোকেশন হচ্ছে বাজেটে। ডেয়ারি ডেভেলপমেন্টের ক্ষেত্রে খরচ করতে পারলেন না, ডাচ গভর্নমেন্ট অ্যাসিস্ট্যান্স দিয়েছে, সেখানে খরচ করতে পারলেন না, ফিশারি ডিপার্টমেন্টের

খরচ করতে পারলেন না, ফরেস্টে ডিপার্টমেন্টেও খরচ করতে পারলেন না। ডেয়ারি ডেভেলপমেন্টে ১ কোটি ৫১ লক্ষ টাকা খরচ করতে পারলেন না, কিন্তু মধ্যবিত্তকে বেশি করে ট্যাক্স দিতে হবে। খুব তো চোখের জল দেখলাম, ডিপার্টমেন্ট অব ইন্ডাস্ট্রিজ-এর ক্ষেত্রে দেখুন। ইন্ডাস্ট্রিয়েলিস্টদের আঘাত করছেন, রি-অ্যাকশনারিদের এগেনস্টে ফাইট করছেন, অনেক কিছু হিস্টরিক করছেন, কিন্তু দেখা গেল—১৯৭৭-৭৮ সালে অ্যালোকেশন হল ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টে ৭ কোটি ৩৫ লক্ষ টাকা, খরচ হল ৬ কোটি ৩২ লক্ষ টাকা, ১ কোটি ৩ লক্ষ টাকা খরচ হল না। সময় কোথায়? কিন্তু দেশের লোক ট্যাক্স দেবে দু টাকা করে। এবার দেখা যাক এডুকেশনের ক্ষেত্রে, আমরা মিনিস্ট্রি ছাড়বার সময় পর্যন্ত ৫৭০টি হাই স্কুল এবং সেকেন্ডারি স্কুলে করেছিলাম। ১৯৭৭-৭৮ সালে একটিও নতুন স্কুল হল না, কিন্তু মধ্যবিত্তদের টাকা দিতে হবে, চায়ে ট্যাক্স দিতে হবে, আরও কত কিছুতে ট্যাক্স দিতে হবে। স্ট্যাটুটারি রেশনিং-এ বলছেন কভার করে দিয়েছেন, ওনলি ষ্টেট ইন ইন্ডিয়া ৩০ হাজার লোক অফ টেক করছে না ১৯৭৭-৭৮ সালে এবং ইকনমিক রিভিয়ুতে বলেছে যে ৩০ হাজার লোক কম নিয়েছে off take of rice has come down in modified rationing area to the extent of about 1 lakh 30 thousand. কেন হচ্ছে? কেন অফ টেক হচ্ছেন? আমার মনে হয় দুটি মাত্র এর কারণ আছে এক হচ্ছে অব্যবস্থা আর দ্বিতীয় হচ্ছে অখাদ্য, কিন্তু এদিকে নজর নাই, মধ্যবিত্ত কে ট্যাক্স দিতে হবে দু টাকা করে। তারপরে মডিফাইড রেশনিং-এর সংখ্যা কমে গেল, এদের সময়ে, এই বই ইকনমিক রিভিয়ু পড়ে দেখবেন সংখ্যা কমে গেল এবং যদি ফিগার দেখেন তো দেখবেন থেকে কমে গেল হুগলিতে এবং এর পরে আরও অন্যান্য জায়গায়। এরা বলছেন এডুকশেন কথা প্ল্যানটেশন লেবার, দরিদ্র মানুষের জন্য দারুন কস্ট, তাই মধ্যবিত্তকে দু টাকা করে চাঁদা দিতে হবে। মার্কসিস্ট গভর্নমেন্ট কিন্তু ১৯৭৭-৭৮ সালে একটিও বাড়ি করেন নি ফর দি প্লানটেশন লেবার, নট ওয়ান ফর দি প্ল্যানটেশন লেবার। কি করেছেন? সেন্ট্রাল সেক্টার স্কীম ছাড়া একটিও ষ্টেট গভর্নমেন্ট করেননি। মার্কসস্টি গভর্নমেন্টের ল মিনিস্টার বড় লোক মার্কসিস্টি......

(**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ নট ভাতার মার্কসিস্ট**) লোয়ার ইনকাম গ্রুপ হাউসিং-এ একটাও বাড়ি করেননি এক্সপেক্টিং ১২০টি যেগুলি আমরা শুরু করে গেছলাম, সেগুলি শুধু কমপ্লিটেড হয়েছে। নতুন একটাও হয়নি। এবং সাবসিডাইজড ইন্টিগ্রেটেড হাউসিং ফিগার রিমেন্স দি সেম। ১৯৭৭-৭৮ সালে একটিও হয়নি। রেন্ট্রাল হাউসিং-এ ও আমরা যা রেখে গেছলাম তারপরে ১৯৭৭-৭৮ সালে একটিও আর নতুন হয়নি, তবু চাঁদা দিতে হবে।

[3-50 — 4-00 P.M.]

তবু চাঁদা দিতে হবে। ৭৬ হাজার টাকা রোজগার করবার সময় কোথায়। খরচ করবার সময়ই বা কোথায়। তাই মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্তের উপর এইটা চাপিয়ে দেব। আমি তো গদিতে আছি। আমার গাড়িতে পতাকা উড়ে, আমার গাড়ি দেখলে তো সেলাম করে পুলিশ, আমি সুখে আছি। তারপর সবচেয়ে বড় জিনিস যেটা সেটা হচ্ছে, হেলথ সম্বন্ধে দারুন চিন্তাধারা। দেখলাম ১৯৭৭-৭৮ সালে ছিল ৪.২১ পারসেন্ট আর ১৯৭৮-৭৯ সালে ৪.১২ পারসেন্ট অফ দি টোটাল ইনভেস্টমেন্ট। হেলথে কমে গেল। ইন্ডাস্ট্রি অ্যান্ড মিনারেলসে কি

হল? ক্যাপিটালিস্টরা তো ভীষণ ক্ষতি করছে। তবুও ইন্ডাস্ট্রি অ্যান্ড মিনারেলসের ক্ষেত্রে ৬.০৯ পারসেন্ট থেকে ৪.২৮ পারসেন্টে কমে গেল, প্রাওরিটি কমে গেল না। গভর্নমেন্ট সেক্টরের ইন্ডাস্ট্রি গড়বেন তাই এই অবস্থা। এইখানে বাড়ল না, কিন্তু কোথায় বাড়ল স্টেট ট্রান্সপোর্টে। স্টেট ট্রান্সপোর্টে প্রতি বছর দু কোটি টাকা বেড়ে যাচ্ছে। ওখান লোক ঢোকানো খুব সোজা। শুনেছি ওখানে লোক ঢোকে ওই দলীয় লোক যাদের বিচার করে দেন তারাই। ফরওয়ার্ড ব্লক, আর এস পি পাবেন না। আজকেও এটা আমরা প্রমান পেয়েছি ওই জয়ন্তবাবুর কাছে। উনি বলেছেন পার ক্যাপিটা ইনকাম বেড়ে গিয়েছে শতকরা ৬.৫৬ পারসেন্ট, কিন্তু দেখা যাবে index of wholesale price given in this book for the said period i.e. from 1976-77 to 1977-78 rose from 359 to 389 i.e. 1976-77 to 1977-78 cost of living 359 Per capita income. বেড়ে গেল। কিন্তু যেহেতু পার ক্যাপিটা ইনকাম বেড়ে গেল তাই দুটাকা করে চাঁদা দিতে হবে পাইকারি হিসাবে। তা ছেলে পাঠাতে হবে না, আমরাই নেওয়ার ব্যবস্থা করব। In April 1947 the figure went up to 382 and in 1978 the index went up to 406. শতকরা ৬.৫ পারসেন্ট না কত ইনকাম বেড়েছে পার ক্যাপিটা। পার ক্যাপিটা একটা পিকিউলিয়ার জিনিস। আপনার পকেটে এল, আপনি হয়তো মাসে পাঁচশো টাকা কি তিনশো টাকা পান। কিন্তু ওই জুডিসিয়াল মিনিস্টারের বন্ধু বান্ধব ওদের চাঁদা দেন, যারা বড়লোক, তাদের বাড়লেই আপনার বাড়ল। সেক্ষেত্রে পকেটে আপনার ৩০ টাকা থাকলেও ৬০ টাকা প্যার ক্যাপিটা ইনকাম বেড়ে গেল। সুতরাং চাঁদা দাও দু টাকা করে। ম্যানডেস লস্টের ক্ষেত্রে কি হয়েছে? ওরা মার্কসবাদী কিনা, তাই। ১৯৭৬ সালে ৯ লক্ষ ৫১ হাজার ৯৬৭ হয়েছিল আর ওরা আসবার পরে ১৯৭৭ সালে লস হল ১২ লক্ষ ১৪ হাজার ৩৫৪। শিল্পে শান্তি এনেছেন কিনা, তাই এই অবস্থা। আর ১২৯ টা কেস হয়েছিল আমাদের লাস্ট ইয়ারে ১৯৭৬-৭৭ সালে। আর ওদের বেলায় ১৯৭৭ সালে হল ২৮৭। লক আউট ওদের বেলায় বেড়ে গেল, বেড়ে কি হল, ১৯৪টা লক আউট হল। ১৯৭৮ সালে ৩ লক্ষের বেশি ম্যান ডেস লস হল। পিপলস গভর্নমেন্ট কিনা তাই এই অবস্থা। হালিম সাহেব কোটিপতি লোক এখন তিনি Peoples government with majority vote, with the majority consent, এসেছেন তাই কি ব্যাপারে হচ্ছে? আগের বছরের তুলনায় ১৯৭৬-৭৭ সালে এক কোটি টাকা পুলিশ খাতে কম খরচ হয়েছিল। আর ওনারা আসার পর ওটা বেড়ে ৪৯ কোটি হয়ে গেল অর্থাৎ ৮ কোটি টাকা বেড়ে গেল। তারপর ১৯৭৭-৭৮ সালে সেটা হল ৫৭ কোটি টাকা আর এবছর পুলিশ খাতে ৬৩ কোটি টাকা। ইন্ডিয়া গভর্নমেন্টের ডিফেন্স বাজেট বেড়েছে India spends money for defence for defending the integrity and independence of India. আর এখানে পুলিশ খাতে টাকা বাড়ছে For the purpose of defending from the hands of the people of West Bengal and for retaining power we are asked to spend 64 crores of rupees more than the Congress Government spent কেন না We have got the best law and order আর এখানে পুলিশ খাতে টাকা খরচ করতে হবে For defending their positions, for defending their bodies at the cost of the people. কেন না আর এখানে এই হচ্ছে ওদের মায়া কান্না কেন না ওদের পুলিশ আছে কিনা। আর সেই জন্যই তো পুলিশ

খাতে এত টাকা বাড়লে। তারপর এমপ্লয়মেন্টের ব্যাপার। এখানে দেখা যাচ্ছে ১৯৭১ সালে সেন্সার অনুসারে বর্ধমানে ৩৯ লক্ষ পপুলেশন ছিল এবং ২ লক্ষ ৫৫ হাজার বেকার ছিল এখন ও আছে। ২৪ পরগনার ৮৪ লক্ষ লোকের বসতি তার বেকার সংখ্যা ৩ লক্ষ ৩৮ হাজার। এই ব্যাপারে আমি বিনয়বাবুকে নমস্কার জানাই যে যে উনি একটা ব্যাপারে বর্ধমানকে প্রথম স্থান পাইয়ে দিয়েছেন। আজকে বর্ধমান বেকারিতে ফার্স্ট। এটা আমার ফিগার নয় আপনাদেরই ফিগার। ১৯৭৬ সালে বিগিনিং অব দি ইয়ার আনএমপ্লয়মেন্ট ছিল ১৭ লক্ষ আমাদের সময়ে সেটা কমে ১২ লক্ষে এসে দাঁড়ালো। অর্থাৎ ৫ লক্ষ বেকারের চাকুরির সংস্থান হয়েছিল। আর আজকে ১৯৭৭ সালে সেটা এসে দাঁড়ালো ১৪ লক্ষ অর্থাৎ ২ লক্ষ আবার বাড়লো। এখন দরিদ্র মানুষকে দু টাকা করে চাঁদা দিতে হবে। কারণ বেকারি বাড়লো। আবার ১৯৭৮ সালে সেই ফিগার গিয়ে দাঁড়ালো ১৭ লক্ষ। বেকারি বাড়ুক ক্ষতি নাই কিন্তু দু টাকা করে চাঁদা দাও।

[4-00 — 4-10 P.M.]

ইকনমিক রিভিয়ুর ১৭৪ পাতায় উনি এডুকেশনের একটি ফিগার দিয়েছেন। তাতে আছে ২৪ পরগনা জেলায় ৮৪ লক্ষ লোকের বাস অ্যাকর্ডিং টু দি সেনসাস অব ১৯৭১, এখন হয়ত আরও অনেক বেশি হবে, তাদের জন্য স্কুল আছে মাত্র ৭ হাজার ৯৩৫ টি এবং কলকাতা শহরে ৩১ লক্ষ লোকের বাস, এখন হয়ত ৩৫ লক্ষ হবে, এদের জন্য স্কুল আছে মাত্র ১ হাজার ৮০৫টি এর সঙ্গে ওরা একটিও যোগ দেন নি। অন্য জায়গায় পারসেনটেজ হয়ত বেশি আছে, কিন্তু সব চেয়ে কম স্কুল কলকাতা এবং ২৪ পরগনা জেলায় আছে। বেশি স্কুল চালাবে, বেশি পয়সা মাইনে নেবে—এতে আপত্তির কি আছে? আপনারা নিজেরা তো একটিও করতে পারছেন না, একটি স্কুলও তো বাড়াতে পারছেন না, খালি বক্তৃতা দিচ্ছেন। আমি বক্তৃতা দিচ্ছি খালি প্রাইভেট সেক্টারে স্কুল—আপনারা তো একটিও বাড়াতে পারছেন না। এম টি পি সম্বন্ধে আমি আর একটি কথা বলতে চাই। ইফক্লেশনের সময় এর প্রকৃত ফিগারটা আমার মনে নেই, ১৩৮ কোটি থেকে প্রোজেক্টটা বেড়ে গিয়েছিল ২৩৮ কোটি টাকায়। সুতরাং অনেক ইনকমিক করার চেষ্টা হয়েছিল যাতে করে কার্টেন কভার করা যায়। কিন্তু সেই কার্টে'ন কভার করার তো এখন আর প্রয়োজন নেই। আপনারা তো দক্ষিণ পন্থী কেন্দ্রীয় সরকারের আঁচল ধরে ঘোরেন, তাদেরই আশীর্বাদপুষ্ট এবং সেটা মনে রাখেন। আপনারা সেন্ট্রাল গভর্নমেন্টকে গিয়ে বলুন এই গরিব দোকানদার, পদযাত্রী এই গরিব মানুষ গুলির উপর খরচ চাপিয়ে দিয়ে, লোকসান চাপিয়ে দিয়ে এম টি পি কেন কার্টেন কভারের সুযোগ নেবে—পৃথিবীর সমস্ত দেশেই কার্টেন কভার দরকার টানেলিং সিস্টেমে এবং এইভাবেই করে। এতে তো টাকা বাঁচছে। লোকসানটা দোকানযাত্রী, পদযাত্রী, দৈনিক মানুষ যে আর্টিরিয়াল রোডের উপর দিয়ে যাচ্ছে, তলায় নালা করে দিচ্ছে, রাস্তা ব্লক, মানুষ চলতে ফিরতে পারে না সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের উপর কেন লোকসান চাপিয়ে দিয়ে নিজেরা লাভ করবে, এত হতে পারে না আপনারা এই কথা গিয়ে তাদের বলুন না। স্যার, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি আমাদের ফাইন্যান্স মিনিস্টার বলেছেন ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশন থেকে আমরা টাকা পাই না। আমি প্রশ্ন করি, ওয়ার্ল্ড ব্যাঙ্ক মহারাষ্ট্রকে টাকা দেয়, আমাদের কেন দেয় না? আমাদের জন্য তো একটা ট্রান্সপোর্ট প্রোজেক্ট ছিল এবং তাদের সঙ্গে কথা হয়েছিল বডি

ফ্যাকট্রি তৈরি হবে, উই স্যাল মেক দি প্রোজেক্ট। যুগোশ্লোভাকিয়া, রুমানিয়াকে তারা মেম্বার কান্ট্রি করে নিয়েছে, তারা লোন দিচেছন। আমাদের সঙ্গে কথা ছিল প্রোজেক্ট তৈরি করব, বাস ফ্যাকট্রি হবে। কলকাতায় কিছু কিছু যে বাস লাগে ফর দি টাইম বিয়িং এইগুলিকে কাজে লাগানো হবে এবং আমরা তাদের কাছ থেকে লোন নিয়ে এটা করতে পারব। ৪/৫ বছর তো হয়ে গেল কেন হল না? এগ্রিকালচার, পাইপ ওয়াটার, পাবলিক হেলথ, ল্যান্ড ইমপ্রুভমেন্ট ইত্যাদি সমস্ত স্কীমেই তো তারা টাকা দিচেছ। আমাদের প্রথম যখন সেসান হয় আপনারা আসার পরে তখন বলছিলাম আপনারা প্ল্যান প্রোগ্রাম, স্কীম রেডি রাখুন, টাকার অভাব হবে না। তারা মহারাষ্ট্রকে টাকা দিয়েছে। সেটা প্রায় ৩৫০ মিলিয়ন ডলার হবে। তারা পাঞ্জাব, হরিয়ানা, মাদ্রাজ অন্যান্য রাজ্যকে দিয়েছে, আমাদের এখানে কেন হয় না? রোড স্মল টাউন ডেভেলপ করার জন্য টাকা দিচ্ছে, আমাদের কেন হয় না?

আমি বলছি, আই ডি বি আই থেকে প্রত্যেক প্রদেশকে টাকা দিতে তারা রাজি কিন্তু আমাদের ডবলু বি এফ সি টাকা খরচ করবে না, কোনও ইন্ডাস্ট্রিজ ডেভেলপ করবে না, হেল্প করবে না, কোনও কাজ করবে না, টাকা খরচ করবে না। সেখানে যদি কাজ করে তাহলে টাকা দেবে সেন্ট্রাল গভর্নমেন্ট বা সেন্ট্রাল গভর্নমেন্ট আন্ডারটেকিং কিন্তু আমরা তাও করব না। আমাদের অ্যাপেক্স সোসাইটি, তার ক্যাপিটাল আমরা বাড়াবো না, বাড়ালে যতদূর আমার মনে পড়ে টেন টাইমস তারা বেশি দেবে। টাকা দেবে এল আই সি। কেন বাড়ানো হয় না? টাকার অভাব কোথায়? মহারাষ্ট্র পারলে আমরা কেন পারব না? আমরা কি খালি কাঁদবো না হয় খালি গালাগাল দেব—হয় কংগ্রেসের দোষ না হয়, সেন্ট্রাল গভর্নমেন্টের দোষ না হয় ইতিহাসের দোষ এইসব কথা বলব? সব দোষ অন্যের আর আমরা সব ভাল মানুষ, আমরা সব কাজ করে যাচ্ছি। খালি পারছি না কি রাজস্ব আদায় করতে আর খরচ করতে, আর পারছি কি দরিদ্র মানুষও মধ্যবিত্ত মানুষদের ঘাড়ে ট্যাক্সের বোঝা চাপাতে। আমি স্যার, তাই এই বাজেটকে একটা অস্বাভাবিক বাজেট বলে মনে করি। আমি একথা বলছি তার কারণ এই বাজেটের মধ্যে দেখবেন একটা জায়গায় লেখা আছে যে প্ল্যানিং কমিশন যদি ৫৩১ কোটি টাকা সাংশন না করে প্ল্যানিং কমিশনের একটা রেসিও আছে যে এত টাকা ইন্টারন্যাল রিসোর্সেস হলে এত কোটি টাকা প্ল্যানিং কমিশম স্যাংশন করবে। যদি প্ল্যানিং কমিশন ৫৩১ কোটি টাকা না দেয় তাহলেও আমরা ৫৩১ কোটি টাকা করলাম এবং সেইজন্য আমাদের লোকসান হল ৮০ কোটি টাকা। গত বছর তারা দেখিয়েছেন ২৫ কোটি টাকা লোকসান। এটা কিন্তু আমাদের লোকসান হত না যদি ৭৬ কোটি টাকা আদায় করতেন। এটা ডেফিসিট বাজেট হত না, সারপ্লাস বাজেট হত। এখানে ৮০ কোটি টাকার ডেফিসেট বাজেট ওরা করেছেন বাড়িয়ে বাড়িয়ে। ৩৭১ কোটি টাকা, ১৪৭ কোটি টাকা এইসব টাকার কথা যেটা বলা হয়েছে বাজেটে সেখানে উনি নিজেই বলেছেন, এই টাকা খরচ নাও হতে পারে, এই টাকার আমাদের হাতে নাও আসতে পারে। তাহলে এই বাজেটের কি অর্থ, কি মূল্য আমরা বুঝতে পারিছ না। ইকনমিক রিভিউ যেটা দেওয়া হয়েছে সেখানে লেটেস্ট ইয়ার্সগুলি নেই, কিন্তু সেখানে Trend is very bad, trend is anti people, trend is anti poor, trend is anti growth. I do not want to say anything except that about this speech. The speech only is pre poor, speech only is anti capitalist, speech only is anti development.

আপনারা বলছেন, এত টাকা খরচ হয়েছে, তা যদি হয়ে থাকে তাহলে কাজ হচ্ছে না কেন? টাকাগুলি যাচ্ছে কোথায়? স্যার, কন্ট্রাক্টরদের আগাম টাকা দেওয়া হচ্ছে, একজিকিউটিভ ইঞ্জিনিয়ারদের বলা হচ্ছে এই বছরের শেষে টাকা খরচ করতে না পারলে নিজের খাতে, নিজের নামে টাকাটা তুলে রাখ। একটা লোকও কি কেউ আছে যে বলবে এখানে কর্মদ্যোগ চলছে? কেউ সেকথা বলবে না। এখানে খালি আদায় চলছে আর ট্যাক্স বাড়ানো হচ্ছে। সরকারের ভুলভ্রান্তি, অকর্মন্যতার জন্য আজকে পশ্চিমবাংলার দরিদ্র মানষদের রেহাই নেই, শান্তি তো নেই-ই সেখানে পুলিশের লাঠি। এই পুলিশের লাঠির জন্য টাকা দিতে হবে, তাদের অকর্মনতার জন্য টাকা দিতে হবে—সেখানে বেশি বেশি করে সাধারণ মানুষকে কর দিতে হবে। ২৩৮ কোটি টাকা এমপ্লয়িদের দিয়েছেন বললেন। কিন্তু একথা বললেন না যে ২৩৮ কোটি টাকা পাবার জন্য আমরা বাড়িয়েছি! এক জায়গায় বলেছেন, আর এক জায়গায় বলেন নি। আজকের দিনে আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি, এই জাতীয় লোককে বিভ্রান্ত করা বাজেট তৈরি করা থেকে আগামীবার অন্তত বিরত থাকবেন। আমি এই বাজেট গ্রহণ করতে পারছি না।

[4-10 — 4-20 P.M.]

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৭৯-৮০ সালের জন্য যে বাজেট এখানে উপস্থিত করেছেন, সেই বাজেটকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এই বাজেট সমর্থন করতে গিয়ে বিরোধী দলের নেতারা যে সমস্ত বক্তৃতা দিয়েছেন, সেই বক্তৃতায় আমি দেখতে পাচ্ছি তাদের বক্তব্যের মধ্যে চিন্তার দৈন্য এত প্রকট হয়ে উঠেছে, ইতিপূর্বে ওদের দৈন্য এই রকমভাবে আর ধরা পড়ে নি। কারণ তাদের কাজের সঙ্গে কথার যেমন মিল থাকে না তেমনি ভাবে তারা যাকে গালাগালি দিতে চান, তার বিষয় বস্তু সম্বন্ধে তারা সম্পূর্ণ অজ্ঞ। সেটা এবারে তাদের বক্তব্যের মধ্যে থেকে প্রমানিত হয়েছে। যে সমস্ত মাননীয় সদস্যরা এতক্ষণ ধরে বক্তব্য রাখলেন, সেই বক্তব্যের মধ্যে তারা একটা কথা বললেন না, যে সমস্ত প্রশ্ন বিগত দুটো অধিবেশনে তারা বারবার তুলেছিলেন, বলেছিলেন বেকারভাতা হচ্ছে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির ক্যাডার ভাতা, আজকে তারাই আবার প্রশ্ন তুলেছেন যে কোন জেলায় সর্বাধিক দেওয়া হয়েছে, কোন জেলায় কম হয়েছে। ভারতবর্ষের রাজনীতিতে নতুন একটা প্রথা প্রবর্তন করা হয়েছে। ইউরোপের পুঁজিবাদী দেশগুলোতে যেখানে বেকার সমস্যা অবশ্যম্ভাবী হয়ে দাঁড়ায়, পুঁজিবাদ বেকারত্বের জন্ম দেয়, পুঁজিবাদের বিলোপের দ্বারা বেকারত্বের বিলোপ সাধন সম্ভব হয়। এই বেকার সমস্যা একটা জ্বলন্ত সমস্যা হিসাবে ধরে নিয়ে সেই সমস্যা সমাধান হিসাবে বেকার ভাতা প্রচলন করা হয়েছে, যেটা প্রধানমন্ত্রী মনে করেন যে সম্ভব নয়, পশ্চিমবঙ্গে এটা চালু হবার পর আমরা দেখলাম অন্যান্য রাজ্যেও এটা চালু করার চেষ্টা হচ্ছে । ভোলাবাবু একটু আগে বললেন গর্বের সঙ্গে বললেন কি না জানি না, তিনি মনে করেন যে তার জেলা বিনয়বাবুর জেলা, নিশ্চয়ই বিনয় বাবুর জেলা, কারণ বর্ধমানের আপামর জনসাধারণ বিনয়বাবুকে শ্রদ্ধা করেন, বিনয়বাবুকে সম্মান করেন, তার সভাস্থলে লক্ষ লক্ষ হাজার হাজার মানুষ জমায়েত হয়, ভোলাবাবুর সেই সৌভাগ্য হয় না। কিন্তু বিনয়বাবুর জেলার লোক আর ভোলাবাবুর ভাতারের লোক তারা দেখেছে যে সেই জেলাতে যে বেকার ভাতা দেওয়া হয়েছে, তারা তৃতীয় স্থান পেয়েছে।

আজকে যে বইটা এখানে পরিবেশন করা হয়েছে সেখানে রয়েছে যে কলকাতা হচ্ছে প্রথম এবং বর্ধমান হচ্ছে তৃতীয়। এই সমস্ত তথ্য এবং তার তর্কাতর্কির মধ্যে যেতে চাই না, কিন্তু এখানে যে দৃষ্টিভঙ্গি রাখা হয়েছে, সেই দৃষ্টিভঙ্গির কথা এখানে বলছি। যে সমস্ত খাজনা ট্যাক্স আদায় হচ্ছে, সে সম্বন্ধে পরে বলছি, কিন্তু মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে তার যে বক্তব্য রেখেছেন তার মধ্যে এক জায়গায় দেখতে পাচ্ছি, শুধু বেকার ভাতা নয়, এই দেশে যা কখনও হয়নি, একজন মানুষ, যার হয়তো ৬৫ বছর বয়স হয়েছে, কর্ম ক্ষমতা হারিয়ে ফেলেছে, তখন কিছু পরিমান হলেও সরকারের কাছে যদি সে দরখাস্ত করে, তাহলে তাকে বার্ধক্য ভাতা দেওয়া হবে। অসুস্থ হয়ে কর্ম ক্ষমতা হারিয়ে ফেললে তাকে বার্ধক্য ভাতা দেওয়া হবে, এই ভাবে রুগ্ন মানুষের পাশে দাঁড়ানো, এই সরকারের আগে কেউ করেনি।

এই সম্বন্ধে কেউ কিছু বলেননি যে তিন চার জন বক্তব্য রেখে গেলেন। ভোলাবাবু অনেক কথা বললেন, কিন্তু এই কথা বললেন না, তাদের অন্তত একবার ধন্যবাদ দেওয়া উচিত ছিল। এই জিনিস পশ্চিমবাংলায় সম্ভব হয়েছে। অষ্টম মান পর্যন্ত বিনা পয়সায় শিক্ষা ব্যবস্থা গত বছর থেকে চালু হয়েছে এবং আগামী এক বছরের মধ্যে এই কথা বলা হয়েছে যে পশ্চিমবাংলাতে ১০তম মান পর্যন্ত বিনা বেতনে একটা ছেলে বা একটা মেয়ে পড়তে পারবে এবং এই রকম ভাবে নিরক্ষরতা দূর করে সমস্ত সমাজকে শিক্ষিত করে তোলার দিকে যে অগ্রগমন, সেই অগ্রগমনের কথা তারা একবারও উল্লেখ পর্যন্ত করলেন না। তারা বারবার তাদের বক্তব্যের মধ্যে পঞ্চায়েতকে ভীষণ ভাবে দোষী করছেন, পঞ্চায়েত সম্পর্কে তাদের ভীষণ রাগ তারা প্রকাশ করেছেন, অনুরাগের বদলে কেন রাগ প্রকাশ করলেন বুঝতে পারলাম না। কারণটা কি সেটা আমরা জানি, পঞ্চায়েতে ওরা জিততে পারেননি, তাদের প্রতিনিধি যেতে পারেন নি। গ্রামের তলাকার মানুষ, কৃষক, খেটে খাওয়া মানুষেরা আজকে পঞ্চায়েতের দায়িত্ব নিয়েছে এবং সমগ্র অর্থনীতির মধ্যে তারা নিজেরা জড়িত হয়ে পড়েছে এবং তারা ভারতবর্ষের অর্থনীতির ক্ষেত্রে পশ্চিমবাংলার অগ্রগমন কি করে হতে পারে, পশ্চিমবাংলার মাটিতে আগে যে সোনা ফলতো, সেই সোনা আবার কি করে ফলানো যায়, কি করে অনেক বেশি ধান পাওয়া যায়, পাট পাওয়া যায়, সেই কথাও বলেছেন। উল্টো একটা কথা বলেছেন সেটা হচ্ছে রেশন দোকানে যথেষ্ট পরিমাণে রেশন কেনা হয় না, একটু আগে দেবু বাবু বললেন যে রেশন দোকানে মানুষ যাবে কেন? পশ্চিমবাংলার মানুষ, তারা চায় সিদ্ধ চাল খেতে এবং অধিক ফলনের ফলে আজকে রাস্তা ঘাটে অত্যন্ত সস্তা দামে চাল যখন পাওয়া যাচ্ছে এবং রেশন দোকান থাকার ফলে কালো বাজারি হতে পারছে না, দুটো যেমন সংমিশ্রণ হচ্ছে এবং সাধারণ মানুষের কাছে আজকে চালের হাহাকার নেই, অর্থাৎ ৫/১০ টাকা দামে কংগ্রেসি আমলের মতো আজকে চাল কেনবার প্রয়োজন হয় না। তাই আজকে রেশন দোকানেও পাওয়া যায়, বাইরেও পাওয়া যায়।

ভারতবর্ষের মধ্যে এক মাত্র রাজ্য পশ্চিমবঙ্গে যেখানে রেশন প্রথা চালু আছে বলেই সেখানে একটা সামগ্রিক অর্থনৈতিক ব্যালান্স হয়েছে। অনেক কংগ্রেস সদস্য এবং জনতা সদস্য গ্রামে বাস করেন, গ্রাম থেকে এসেছেন, তারা নিশ্চয়ই জানেন যে, গ্রামে যদি আজ পঞ্চায়েত না থাকত তাহলে এবারের এই বিধ্বংসী প্রলয়ঙ্করী বন্যায় মানুষের কি অবস্থা হত! যখন ১৯৪৩-৪৪ সালে ব্রিটিশ আমলে বন্যা হয়েছিল বাংলাদেশে তখন আজকে এখানকার

সদস্যদের মধ্যে অনেকেই ছিলেন না, তখন আমরা দেখেছি গ্রামের মানুষ কলকাতা শহরে এসে ফ্যান দাও ফ্যান দাও বলে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়িয়েছে। কংগ্রেসিরা আশা করেছিল এবারেও বামফ্রন্ট সরকারের আমলের এই বন্যার ফলে গ্রামে মানুষ দুর্ভিক্ষ পীড়িত হয়ে শহরের রাস্তায় আসবে যখন বন্যা হয়েছিল তখন তাই ওরা ঘরে বসে রেডিও খুলে ভাবছিলেন, এবারে ব্যাটা বামফ্রন্ট যায় কোথায়। কিন্তু গ্রামের পঞ্চায়েত রাজ গ্রামে কৃষকদের পাশে দাঁড়িয়ে, কৃষকদের সহায় করে, বন্যায় জল থেকে মানুষকে শুধু তুলেছে তাই নয়, তাদের পাশে দাঁড়িয়ে তাদের পুনর্বাসনের কাজে সাহায্য করেছে। তাই আবার আজকে জমিতে ফসল ফলতে পেরেছে, যাতে ফসল হতে পারে তার ব্যবস্থা করেছে, বোরো ধান যাতে হতে পারে তার ব্যবস্থা তারা করেছে। তাই আজকে গ্রামের মানুষ ধন্য ধন্য করেছে পশ্চিমবঙ্গের এই পঞ্চায়েত রাজকে। যে পঞ্চায়েত রাজ গঠনের ঘোষণা কংগ্রেসি আমলে কেন্দ্রীয় সরকার করেছিল তারা তা পারেনি, সেই কাজ আজকে পশ্চিমবঙ্গের মানুষ তাদের কাছে উদাহরণ সৃষ্টি করেছে, কিন্তু একথা ওরা একবারও বলেন না, এতগুলি বক্তৃতা হয়ে গেল কেউ একবারও একথা বললেন না। কেবল ওরা ঝাল ঝাড়লেন, গালাগাল দিলেন, মিথ্যা কথা বললেন। আমাদের ডঃ মিত্রের নামে মিথ্যা কথা বললেন। যেকথা ডঃ মিত্র বলেননি, সেই কথা, সেই অভিযোগ তুলে ওরা নিজেদের জনসমাজের কাজে হাস্যপদ করলেন, এর বেশি কিছু করতে পারেননি।

আমি এবার অন্য প্রসঙ্গে যাব, এই বাজেটের বিরোধিতা করে বিরোধী দলের নেতারা যা বললেন তা হল নিছক গায়ের ঝাল মেটানো, মূল কথা কিছুই নেই। ওরা যখন গরিবকে মারার বাজেট তৈরি হয়েছে বলে অট্ট হাস্য করছেন তখন আমি তাদের বলব যে, এই বাজেট হচ্ছে গ্রামের মানুষের উন্নয়নের বাজেট। আমরা দেখছি শিক্ষা ক্ষেত্রে, শিল্প ক্ষেত্রে, প্রতিটি ক্ষেত্রে এই বাজেট একটা রূপান্তর নিয়ে আসবার পদক্ষেপ। আমরা দেখেছি শিল্প ক্ষেত্রে এই বাজেটে বলা হয়েছে একচেটিয়া পুঁজি, বিশেষ করে বহুজাতিক পুঁজির সম্বন্ধে পরিস্কার বক্তব্য রাখা হয়েছে। আমরা দেখেছি এই হাউসে যখন আমরা চটকল শিল্প এবং পাট শিল্পের সামগ্রিকভাবে জাতীয়করণের প্রস্তাব পাশ করেছিলাম তখন আমাদের বিরোধী সদস্যরা অন্য কোনও বাহানায় এই ঘর থেকে চলে গিয়েছিলেন। আজও তারা বলেননি যে, তারা সেই প্রস্তাবকে সমর্থন করছেন, না বিরোধিতা করছেন। চটকল শিল্প আজকে ৮টি বহুজাতিক শিল্প প্রতিষ্ঠানের হাতে একচেটিয়াভাবে কেন্দ্রীভূত হয়ে রয়েছে। ৪০ লক্ষ কৃষক আজকে এই শিল্পের অধীনস্ত হয়ে পাট চাষ করছে, ২।। লক্ষ শ্রমিক এই শিল্পগুলিতে কাজ করছে। যখন ঐ শ্রমিকরা বেতনের জন্য সংগ্রাম করছিল তখন ওরা চটকল শ্রমিকদের সেই ধর্মঘটকে সমর্থন জাননি, যদিও শ্রমিকরাও ঐতিহাসিক জয় অর্জন করেছে। ওরা পাট চাষীদের প্রতিও কখনও সমর্থন জানাননি, পাট শিল্প জাতীয়করণের প্রস্তাবকেও সমর্থন জানাননি। এই বাজেট বক্তৃতায় সব চেয়ে বড় কথা যেটা রয়েছে ছোট শিল্প এবং গ্রামীণ শিল্প কি করে গড়ে তোলা যায় এবং প্রতিটি জেলায় কম করে একটা বড় শিল্প এবং তার সাথে সাথে ছোট শিল্পও তৈরি করা যায় তার পরিকল্পনা করা হয়েছে। অর্থাৎ সমস্ত অর্থনীতিকে গ্রামমুখী করে তোলার চেষ্টা যদিও আমরা জানি সমাজবাদ নাহলে সেটা করা সম্ভব নয়, শহরের মধ্যে সীমাবদ্ধ থাকবে। সমাজবাদ নাহলে শহর ও গ্রামের মধ্যে সমতা আসতে পারে না।

[4-20 — 4-30 P.M.]

এক কথায় সমতা আসে না। তবুও আমাদের বর্তমান সীমিত ক্ষমতার মধ্যে কি করে সমতা আনা যায় সে কথা এই বাজেটে আলোচিত হয়েছে। সেই জন্য আমি ডঃ মিত্রকে অভিনন্দন জানাচ্ছি। গ্রামে উন্নতির চাবি-কাঠি আজকে পঞ্চায়েতের হাতে দেওয়া হয়েছে বলে আমি ডঃ মিত্রকে অভিনন্দন জানাচ্ছি। কংগ্রেস যখন পুনর্নির্বাচিত হতে পারলেন না তখন আরও ২৪৫ কোটি টাকা ধার্য করে গিয়েছিলেন যেটা ভোলাবাবু বললেন। বর্তমান বামফ্রন্ট সরকার ঐ বছরে ঐ খাতে ৩১৭ কোটি টাকা তুলতে পেরেছিলেন। বর্তমানে এই রিপোর্টের মধ্যে ৩৭১ কোটি টাকার কথা বলেছেন এবং আশা করেছেন আগামী বছরে ৫৩১ কোটি টাকা ঐ বাবদ বাড়াতে পারবেন। সুতরাং এই অঙ্ক থেকে অগ্রগতির ছবি প্রতীয়মান হয়ে গেছে। আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বিবৃতি দিয়েছেন তার মধ্যে দিয়ে আশার আলো দেখতে পাওয়া যায়। শিল্পের ক্ষেত্রে, উন্নয়নের ক্ষেত্রে, গ্রামীণ শিল্পে, কৃষি ক্ষেত্রে অগ্রগতি দেখতে পেয়েছি। কেন্দ্রের কাছ থেকে রাজ্য খাতে সাহায্যের ব্যাপারে ওনারা অধীর হয়ে উঠেছেন আজকে জনতা পার্টির সঙ্গে কংগ্রেস বন্ধুদের মিল দেখতে পাচ্ছি কেন্দ্রে জনতা পার্টির সরকার, সেটা না হয় বুঝলাম কিন্তু কংগ্রেস পার্টির কেন্দ্রীয় সরকার সম্পর্কে এত দরদ সেটা জানা ছিলনা। আজকে কেন্দ্রীয় সরকারকে কংগ্রেস পার্টি সমর্থন করছেন এবং কেন্দ্র রাজ্য যে তর্ক সেই তর্কে কেন্দ্রীয় সরকারের প্রতি তাদের পূর্ণ সমর্থন জানাচ্ছে এটা একটা অদ্ভুত ব্যাপার। আজকে কংগ্রেস (আই) কয়েকটি রাজ্যে রাজত্ব চালাচ্ছে কেরালায় কংগ্রেস এবং কমিউনিস্ট যুক্তভাবে সরকার চালাচ্ছে সেই সমস্ত রাজ্যে কি কথা তারা বলছেন? তারা বিরক্ত হচ্ছেন কেন্দ্রের কাছ থেকে অধিক ক্ষমতা চাওয়ার জন্য। বিহারে যে জনতা সরকার রয়েছেন, উত্তরপ্রদেশে জনতা সরকার ছিল এখন অবশ্য গোলমানের মধ্যে রয়েছে মহারাষ্ট্রে বিশেষ করে যে সরকার রয়েছেন জনতা সরকার বলব কিনা জানি না জনতা পার্টিরা স্বীকার করে না তবুও বিভিন্ন জায়গায় জনতা পার্টির সদস্যরা সরকার পরিচালনা করছেন। তারা বলছেন আমরা কেন্দ্রের কাছ থেকে যদি অধিক পরিমাণে সাহায্য না পাই আমাদের পক্ষে, আমাদের রাজ্যে কোনও পরিকল্পনা করা সম্ভব হবে না। এইকথা তারা প্রতিনিয়ত বলছেন। সুতরাং এদের কানে কেন জল ঢুকছে না তা আমি বুঝতে পারছি না। বিগত ৩০ বছরে যে সমস্যা ছিল তা ধামা চাপা দেওয়া সম্ভব হয়েছে তার একটি মাত্র কারণ ছিল কেন্দ্র কংগ্রেস সরকার ছিল। তখন ডাঃ বিধান রায়ের মতোন একজন শক্তিশালী মুখ্যমন্ত্রীও ও এই কথা তুলতে পারেন নি। যদি রাজ্যকে বাঁচাতে হয় তামিলনাড়ু, অন্ধ্র এবং অন্যান্য রাজ্যকে যদি বাঁচাতে হয়, অর্থনীতি জনসাধারণের মতোন করে ঢেলে সাজাতে হয়, জনসাধারণের সেবায় যদি অর্থনীতিকে বিনিয়োগ করতে হয় তাহলে আজকে সবচেয়ে বড় সমস্যা হয়ে দাঁড়াবে কেন্দ্র কি পরিমাণ রাজ্যকে দেবে, রাজ্য কি পরিমাণ সেই টাকা পাবে? এই প্রশ্ন রাজ্যের কাছে আজকে বড় প্রশ্ন। আপানারা সেই প্রশ্নকে এড়িয়ে যাবার চেষ্টা করছেন। আজকে ফেডারেল স্ট্রাকচার আজকে কনস্টিটিউশনের মূল বনিয়াদের কথা যদি বলি তাহলে আজকে পশ্চিমবাংলা যে প্রশ্ন তুলেছে যে যেখানেই থাকুক না কেন আসামেই হোক, নাগাল্যান্ডই হোক, মণিপুরেই হোক কিম্বা অন্যান্য রাজ্যেই হোক শুধু পূর্বাঞ্চলের প্রশ্নই নয় আজকে এই কথা বলতে বাধ্য হবে।

আজকে আমাদের রেকর্ডের মধ্যে বলা হয়েছে ১৯৭৯-৮০ সালের বিভিন্ন সরকারি বিভাগে কর্মসূচি কি হবে। যোজনা কমিশন কে জানিয়ে দিয়েছি যেহেতু ১৯৭৯-৮০ সালের বার্ষিক পরিকল্পনার পরিমাণের অঙ্ক নিয়ে একমত হওয়া যাচ্ছে না সেখানে আমরা ৫৩১ কোটি টাকার একটা প্রস্তাব রাখছি এবং এই বাজেটে গ্রামীণ বিকাশের ক্ষেত্রে যেখানে ১৯৭৮-৭৯ সালে ধার্য ছিল ১৯ কোটি টাকা সেখানে ১৯৭৯-৮০ সালে বিদ্যুতের ক্ষেত্রে যেখানে সঙ্কট ঘনীভূত হচ্ছে সেখানে আমরা এটা আরও বৃদ্ধি করছি। শিক্ষাখাতে যেখানে ছিল ৩৬ কোটি টাকা সেখানে হচ্ছে ৫২ কোটি টাকা। জনস্বাস্থ্য এবং উচ্চ শিক্ষা প্রতিটা ক্ষেত্রেই যদি পশ্চিমবাংলাকে বাঁচতে হয় তাহলে প্রতিটা খাতেই আমাদের বরাদ্দবৃদ্ধি করতে হবে। এরজন্য কেন্দ্রীয় সরকার কি কোনও টাকা দেবে না? কাশীবাবু বলে গেলেন যে উনি নাকি কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন, কিন্তু আমরা তা করছি না, আমরা বলছি রাজ্যের বিকাশ যদি না হয় তাহলে শুধুমাত্র কেন্দ্র ফুলে উঠলে ভারতবর্ষ মারা যাবে। ভোলাবাবু বললেন আমার নাকি ফ্যামিলি প্ল্যানিংয়ের কথা বলি না, আমরা বলি, কিন্তু আপনাদের মতো নয়। তুর্কমান গেটে যে ঘটনা ঘটেছিল এবং যেভাবে হাজার হাজার লোককে এই ব্যাপারে আপনারা গ্রেপ্তার করেছিলেন আমরা সেইভাবে করি না। আমরা বলি ভারতবর্ষের আয় সীমিত, সুতরাং তার মধ্যে থেকেই শ্রমিক, কৃষকদের উন্নতি কিভাবে হবে সেই কথাই আমরা চিন্তা করি। কাশীবাবু বললেন বিভিন্ন রাজ্যের মধ্যে যে বৈষম্য আছে তা দূর করার কথা বলেন নি কেন? তিনি বলেছেন চলুন না আমরা এ বিষয়ে একসঙ্গে কেন্দ্রের কাছে গিয়ে দরবার করি। আজকে পশ্চিমবাংলার অর্থনীতি দ্বিখন্ডিত। আগেকার যুক্ত বাংলা নেই বলে এর রিসোর্সেস বিভক্ত হয়ে গেছে। কয়লাখনি থেকে যে কয়লা পাই যে পাট পাই সেইগুলি এখান থেকে সস্তা দামে নিয়ে যাওয়া হয় অথচ কেন্দ্রের কাছ থেকে তার বদলে আমরা কিছু পাইনা। অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় এইসব কথাই বলেছেন। রজনীবাবু বললেন পঞ্চায়েত একটা ভয়াবহ অবস্থা গ্রামে সৃষ্টি করছেন, আমি বলছি ভয় তাদেরই যারা অন্যায়ভাবে সুযোগ সুবিধা করে নিচ্ছেন, কিন্তু সাধারণ কৃষক, শ্রমিক তাদের কোনও ভয় নেই। আজকে পঞ্চায়েতকে কেন্দ্র করে পশ্চিমবাংলা বিকাশের দিকে অগ্রসর হচ্ছে। হলদিয়ার পেট্রোকেমিকেলের কথা বলা হয়েছে এখানে শিল্প বিকাশ যাতে হতে পারে এই কথাই আমরা বলেছি। ভোলাবাবু দুটাকা চাঁদার কথা বললেন এটা বেকার ভাতা নামে ক্যাডার ভাতা বলে তিনি বলেছেন সেই সময় এমন এক সময় ছিল যখন বেকারির বিশেষ করে সি পি এমের তরুন তরুণীদের নাম লেখানো সম্ভব হত না, তারা নিগৃহীত হত, সেইজন্য আজকে এই বাস্তব সত্যটা তাদের উপলব্ধি করতে হবে। তাই আমরা তাদের বলছি যে তোমরা যদি বেকার হও তাহলে বেকার খাতায় নাম লেখাও এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে তোমরা চাকরি পাবে এবং তা যদি না হয় পাঁচ বছর পর তুমি যে ৫০ টাকা বেকার ভাতা পাবে তা দিয়ে তুমি তোমার জীবন রক্ষা করতে পারবে এবং তুমি তোমার চাকরির জন্য বা সেলফ এমপ্লয়মেন্টের জন্য চেষ্টা করতে পারবে।

[4-30 — 4-40 P.M.]

আপনাদের সময় বেকারের সংখ্যা ঠিক কত তা জানা যেত না। কারণ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের আগে নাম নেওয়া হত না। আবার বেকাররা জানতো যে সেখানে নাম লিখিয়ে

কোন কাজ হবে না। কিন্তু আজকে বেকাররা চিন্তা করছে এখানে নাম লেখালেই চাকরি হবে এবং সেজন্য তারা নম্বর লিখে দরখাস্ত করছে। এর ফলে আজ জানা যাচ্ছে এখানে বেকার কত, এবং কি রকম বেকার আছে। সেজন্য বেকার ভাতাকে আমরা দাদন হিসাবে দেখি না। এর সঙ্গে প্রস্তাব করা হয়েছে পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটির কোনও না কোনও কাজে তারা লিপ্ত হবে। অর্থাৎ বড় কোনও কাজের তাদের এটা ট্রেনিং হবে। গত বন্যায় সময় পঞ্চায়েতের ভূমিকা কি তা আমরা সকলেই জানি। বন্যায় যেসব মানুষ সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল আজ তারা উঠে দাঁড়িয়ে বলছে আমাদের কেউ ধ্বংস করতে পারবে না। আমরা এই বন্যার বিরুদ্ধে সংগ্রাম করে পশ্চিমবাংলাকে বাঁচিয়েছি এবং বাংলার মানুষকে বাঁচাবো। সুতরাং আজকে তারা ছোট মন নিয়ে কথা বলছেন। তাদের বলছি গ্রাম এবং শহরে যেসব জায়গায় বন্যা হয়েছিল সেখানে কেউ আজ গেলেই দেখতে পাবেন কিভাবে বিবেকের আহ্বানে তারা কাজ করে গেছেন এটা ১৯৪৩ সালের ইংরেজ রাজত্ব নয় বা তার পরের কংগ্রেস রাজত্ব নয়। আজকের পশ্চিমবাংলার মানুষ জেগেছে সেইজন্যই আজকে আমরা শ্রমিক এবং কৃষকদের পাশে এসে দাঁড়িয়েছি। শ্রমিকরা ধর্মঘটন করছে এতদিন তারা অবহেলিত ছিল, তাদের দাবির মীমাংসা হত না, তাদের মেমোরান্ডাম দিলেও তার কোনও ফল হত না। সেইজন্য আজকে তারা জানে তারা যদি ধর্মঘট করে তাহলে তাদের দাবির একটা ন্যায্য বিচার হবে এবং মালিক সে যত বড়ই হোক না কেন সে তাদের সেই ন্যায্য দাবির কাছে মাথা নত করবে। আমাদের এই সরকার গণতান্ত্রিক নিয়ম মেনে নিয়ে তাদের সেই দাবিকে সমর্থন করবেন। আজকে চটকলের মালিকরা চুক্তি ভঙ্গ করেছিল বলেই শ্রমিকরা ৫০ দিন ধরে ধর্মঘট করে তারা তাদের ন্যায্য দাবি আদায় করে নিয়েছে, এইভাবে জয়াতে ধর্মঘট চলছে এবং সুতাকলের প্রস্তুতি চলছে। শ্রমিক কৃষক আজ এক ঐক্যবদ্ধ হয়ে তাদের দাবি আদায় করবার দিকে নেমেছে এবং এই সরকার তাদের পাশে দাঁড়িয়ে আছেন। বিদ্যুৎ সঙ্কটের কথায় বলব আমাদের যে চাহিদা এবং আমরা যা তৈরি করতে পারি দুটোর মধ্যে কোনও মিল নেই। তারই জন্য কেন্দ্রের যে কাজ করা উচিত ছিল তা তারা করেন নি, এটা বললেই কি অপরাধ হয়ে গেল? এই কথাই এখানে বলা হয়েছে।

আর একটা কথা ভোলাবাবু বলেছেন সঠিকভাবে আমাদের যে পরিকল্পনা তা বাজেটে আছে, আমি আপনাদের দেখাবো সেই বাজেটের ফলে যে রাজ্যে যতখানি নিজে সংগ্রহ করতে পারবে ততখানি সে কেন্দ্র থেকে পাবে। আমি আপনাদের একটা অঙ্ক দেখাছি ১৯৬০-৬১ কে যদি ১০০ ধরা হয়তাহলে অন্ধ্রে কেন্দ্রের কাছ থেকে সংগ্রহের ইনডেক্স হচ্ছে ৮৫০, গুরজাটের ১৪১৫, কর্ণাটকের ৯২৫, কাশ্মীরের ১১০৩, মধ্যপ্রদেশের ১০৫৮, তামিলনাড়ুর ৯৬১ এবং পশ্চিমবঙ্গ সবার পিছনে, মাত্র ৬১৫। এটা ১৯৭৮ সালের ফাইনান্স কমিশনের রিপোর্ট থেকে সংগৃহীত। তার মানে পশ্চিমবঙ্গের যে চিত্র সেটা এর মধ্য দিয়ে ধরা পড়ছে। সেজন্য এই কর আসবে কোথা থেকে? যে কোনও দেশে যদি তার রাজস্ব বৃদ্ধি করতে হয় তাহলে কর হচ্ছে তার একমাত্র উপায়। সেজন্য শ্রমিক হোক, মধ্যবিত্ত হোক, কৃষক হোক, যার আয় ৫০০ টাকার উপরে তার কাছ থেকে মাসিক ২ টাকা করে কর আদায়ের কথা বলা হয়েছে। অন্যান্য রাজ্যে আমরা দেখতে পাচ্ছি ৪০০ টাকা বা তার কমে যার আয়, যেমন তামিলনাড়ু, বিভিন্ন জায়গায়, সেখানে ট্যাক্স আদায় করা হচ্ছে। খাজনার যে কাঠামো

সেই কাঠামোয় গ্যাডগিল বলে ছিলেন যে রাজ্য যে পরিমাণ সংগ্রহ করতে পারবে সেই পরিমাণ চাইবার অধিকারী সেই রাজ্য হবে। সেজন্য আমি আগেই বলেছি ১৯৭৭-৭৮ সালে যেখানে পরিকল্পনা ছিল ২৪৫ কোটি টাকা, সেখানে বাড়তে বাড়তে এখানে রিপোর্টের মধ্যে আছে আমরা মনে করি ৫৩১ কোটিতে পৌঁছাতে পারব। সেজন্য বলছি এই যে কর ধার্য করেছি এই কর ধার্য অন্যান্য রাজত্বে চলেছে পুঁজিবাদী কাঠামোয়, সোসালিজম, কমিউনিস্ট স্তরে পৌঁছাবার আগে পর্যন্ত কমিউনিস্ট কাঠামোয় করের প্রয়োজন থাকবে না, মানুষ নিজের চাহিদা মতো পাবে এবং ক্ষমতা অনুসারে কাজ করবে, সেই সাম্যবাদ ছাড়া আর সমস্ত জায়গায় করের উপর সমস্ত ব্যবস্থা থাকে। সেই কর কার কাছ থেকে নেবেন—বড় লোকদের উপর কর ধার্য করলে চটে যাবেন, গাঁজা, আফিম, বিলাতি মদের উপর কর ধার্য করলে চটে যাবেন, খুব গরিব লোকদের কাছ থেকে কর নিতে পারব না, সেজন্য ঠিক করা হয়েছে ৫০০ টাকার উপর যাদের আয় সেই অংশের কাছ থেকে সামান্য কর নেবার। এই সমস্ত কারণে বিশেষ করে গত দুই বছর ধরে এই বামফ্রন্ট সরকার শ্রমিক, কৃষকের স্বার্থে যেভাবে কাজ করেছেন তাতে বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন সেই বাজেটএর প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমার আগে বিরোধী পক্ষের নেতা এবং বিরোধী পক্ষের ভোলাবাবুর এই বাজেট বরাদ্দের আলোচনা করে গেছেন। বিরোধী দলের নেতা প্রথমেই বললেন যে তিনি নিরাশ হয়েছেন, আমি ও তার কথাবার্তা শুনে বড়ই হতাশ হয়েছি। কারণ, বাজেট বরাদ্দের মধ্যা কথা যেটা সেটার মধ্যে তিনি গেলেন না, লাফিয়ে লাফিয়ে এক একটা সমস্যা ধরে সেই সম্বন্ধে কিছু কিছু মন্তব্য করে তিনি তার বক্তব্য শেষ করলেন। ভোলাবাবুও ঠিক সেইভাবে সওয়ালসুলভ ভঙ্গিতে বক্তব্য রেখে চলে গেলেন। কিন্তু আসল মামলাটা কি? ভাল কথা, বিরোধীদলের নেতা কাশীবাবু এখানে একটা সমস্যার কথা তুলেছেন। কিন্তু তার বিহিত কিভাবে হবে সেকথা তিনি হাউসে বলেননি। তিনি বলেছেন ভয়াবহ বেকার সমস্যা এবং ভোলাবাবু গ্রোথ-এর সমস্যার কথা তুলেছেন। অর্থনীতির সঙ্গে যাদের বিন্দুমাত্র যোগ রয়েছে তারা জানে ভারতবর্ষ একটা রাষ্ট্র। এই যে দুটি সমস্যার কথা বলেছেন সেই দুটি সমস্যার ধারা খুঁজতে হবে যে সঙ্কট কোথায় দানা বেঁধে রয়েছে। প্রথমত দেখতে হবে এই যে বেকার সমস্যার কথা বলা হয়েছে সেটা কি শুধু পশ্চিমবাংলার সমস্যা, মহারাষ্ট্র, গুজরাট বিহারের সমস্যা, না এটা সর্বভারতীয় সমস্যা। এই বেকার সমস্যার সমাধান কি শুধুমাত্র পশ্চিমবাংলার চৌহদ্দির মধ্যে, বিহার, উড়িষ্যা আসামের চৌহদ্দির মধ্যে রয়েছে এবং সেখানকার রাজ্য সরকার এর সমাধান করতে পারেন? এই কথাটা মনে রেখে আমাদের দেখতে হবে এই সমস্যার গভীরতা কতখানি এবং এই একটা সমস্যার সমাধান যদি করতে হয় সর্বভারতীয় সমস্যা হিসেবে তাহলে দেখা যাবে এই দেশের সরকারের সামনে কি কঠিন হিমালয় পর্বত দাঁড়িয়ে রয়েছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার কাছে কিছু তথ্য রাখতে চাই। এই বেকার সমস্যা সম্পর্কে আমাদের অর্থমন্ত্রী কিছু দিলেন কি দিলেন না সেটা বড় কথা নয় বা অন্য কোনও রাজ্য সরকারের অর্থমন্ত্রী কিছু দিলেন কিনা সেটাও

বড় কথা নয়। এটা দেন প্ল্যানিং কমিশন, ভারত সরকারের মিনিস্ট্রি অব লেবার। প্ল্যানিং কমিশনের সেই তথ্যের মধ্যে আমাদের যেতে হবে এই সঙ্কটের গভীরতা বুঝবার জন্য এরপর প্রশ্ন আসবে এই সঙ্কট থেকে কিভাবে আমরা মুক্ত হব? এই মামলাটা কি রকম সেটা যদি আমরা দেখতে চাই তাহলে দেখব, ফার্স্ট প্ল্যানে আমাদের বেকারের ব্যাকলগ ছিল ৩৩ লক্ষ এবং নতুন বেকার এল ৯০ লক্ষ মোট সংখ্যা দাঁড়াল ১ কোটি ২৩ লক্ষ। ফার্স্ট প্ল্যানে কর্ম দেওয়া হল ৭০ লক্ষকে, কিন্তু ব্যাক লগ থেকে গেল ৫৩ লক্ষ। সেকেন্ড প্ল্যানে ব্যাকলগ ৫৩ লক্ষ, নতুন এল ১ কোটি ২০ লক্ষ এবং মোট সংখ্যা দাঁড়াল ১ কোটি ৭৩ লক্ষ। সেকেন্ডে প্ল্যানে কর্মসংস্থানের হল ১ কোটি লোকের এবং ব্যাক লগ থেকে গেল ৭৩ লক্ষ। সেকেন্ড প্ল্যানে কমপ্লিট হল। থার্ড প্ল্যানে ব্যাকলগ ৭৩ লক্ষ এবং নতুন এল ১ কোটি ৭০ লক্ষ অর্থাৎ মোট সংখ্যা দাঁড়াল ২ কোটি ৪৩ লক্ষ। কর্ম সংস্থান হল ১ কোটি ৫৪ লক্ষের, ব্যাকলগ ৯৮ লক্ষ। থার্ড প্ল্যান কমপ্লিট হল।

থার্ড প্ল্যানের পর এটা আপনারা জানেন তিনটি অ্যানুয়াল প্ল্যান হয়েছিল ১৯৬৬-৬৯, এই তিনটি অ্যানুয়াল প্ল্যানে ৯৮ লক্ষ ব্যাক লগ, এই ব্যাক লগ তার সঙ্গে নতুন বেকার এসে যুক্ত হল ১ কোটি ৪০ লক্ষ মোট বেকার হল ২ কোটি ৩৮ লক্ষ, কর্মসংস্থান হল ১ কোটি এবং ব্যাকলগ থাকল ১ কোটি ৩৮ লক্ষ। তিনটি অ্যানুয়াল প্ল্যান শেষ হয়ে গেল, ফোর্থ প্ল্যানে আমরা দেখছি ব্যাকলগ ১ কোটি ৩৮ লক্ষ, তার সঙ্গে আবার এসে যুক্ত হল ২ কোটি ১০ লক্ষ, মোট ৩ কোটি ৪৮ লক্ষ, কর্মসংস্থান হল ১ কোটি ২০ হল, ব্যাকলগ হল ২ কোটি ২৮ লক্ষ। ফোর্থ প্ল্যান কমপ্লিট হয়ে ফিফথ প্ল্যানে আমরা দেখছি ব্যাকলগ ২ কোটি ২৮ লক্ষ, নতুন বাজারে এল ১ কোটি ৯০ লক্ষ, মোট হচ্ছে ৪ কোটি ১৮ লক্ষ, ব্যাকলগ থাকলো ২ কোটি ২৮ লক্ষ। এই হচ্ছে ফিফথ প্ল্যান শেষ হয়ে যাবার চেহারা। ২ কোটি ২৮ লক্ষ তার সিক্স প্ল্যানে আরও দেড় কোটি বেকার হিসাবে ঢুকবে তাহলে সাড়ে চার কোটি বেকার আমাদের ঘাড়ে চেপে বসে আছে এবং কাশীবাবুর এই যে মামলা এই মামলার গভীরতার মধ্যে গেলেন না, বেকারদের হয়ে একটু চোখের জল ফেললে আজ কে এই সমস্যার সমাধান হবে না, where is the central Government which will solve this problem, acutest problem of the whole world. পৃথিবীর আর কোথায়ও, উপাধ্যক্ষ মহাশয়, এত বেকার নেই যা ভারতবর্ষে আছে এবং এটা আমি জোর দিয়ে বলতে পারি। এই যে ২ কোটি ২৮ লক্ষ বেকার, আজকে ৫টি প্ল্যান শেষ হয়ে গেল, এই সব বেকার ঘুরে বেড়াচ্ছে। পৃথিবীতে আর কোথায়ও এটা খুঁজে পাওয়া যাবে না। আজকে সেইজন্য এই মামলার এই কথায় কেউ গেলেন না। time is the essence of development and planning. যদি কেউ বলেন হ্যাঁ করব প্রধানমন্ত্রী বলেছেন সুখের কথা যে ১০ বৎসরে মধ্যে বেকার সমস্যার সমাধান হবে, আমি আশা করেছিলাম বিরোধী দলের নেতা, তিনি অর্থনীতির ছাত্র, তিনি অন্তত এই বিষয় আলোচনা করবেন এই হাউসে কি করে ৪ কোটি বেকারের ১০ বৎসর অর্থাৎ ২টা ফাইভ ইয়ার প্ল্যান ব্যর্থ হয়েছে, আজকে কি এই ৫ কোটি বেকারের কর্মসংস্থান হবে। এটা কি অর্থমন্ত্রী অশোক মিত্র করবেন, এটা কি বিহারের মুখ্যমন্ত্রীর কাজ, উড়িষ্যার মুখ্যমন্ত্রীর কাজ, আসামের মুখ্যমন্ত্রীর কাজ, মহারাষ্ট্রে মুখ্যমন্ত্রীর কাজ না, এই কাজটা কেন্দ্রীয় সরকারের কাজ, একথার মধ্যে গেলেন না। এই ৫

কোটি বেকারের যদি কর্মসংস্থানের ব্যবস্থা করতে হয় তাহলে ইকনমিক অ্যাকটিভিটি কিভাবে গিয়ার আপ করতে হবে এবং গোড়ার কথা হচ্ছে এই ক্যাপিটাল ইনভেস্টমেন্ট কিভাবে বাড়াতে হবে এবং কোথায় সেই ক্যাপিটাল। এখানে দু কোটি টাকা বেশি দেবার কথা নয় যেখানে আমরা ১০০ কোটি টাকা সোসিয়াল ক্যাপিটাল হিসাবে চাচ্ছি, রাস্তা করতে হবে,স্কুল করতে হবে, হাসপাতাল করতে হবে, কৃষি ব্যবস্থা করতে হবে, সেই সোসিয়াল ক্যাপিটাল আমাদের নেই। সেই সোসিয়াল ক্যাপিটাল অ্যাডিকোয়েট কোয়ানটিটিতে আমাদের সরকার দিতে পারছেন না। সমস্ত রকম রাজস্ব যাতে হাজার হাজার কোটি টাকা আসতে পারে কেন্দ্রের মাধ্যমে। বরোয়িং এর ক্ষমতা কেন্দ্রের হাতে, ফরেন এক্সচেঞ্জ কেন্দ্রের হাতে, আমাদের কি আছে? আমাদের সেলস ট্যাক্স, অ্যামিউজমেন্ট ট্যাক্স, এন্টারটেনমেন্ট ট্যাক্স, এই রকম ' একটি আমাদের হাতে আছে।, এই টাকা নিয়ে অন্য মামলার মধ্যে যদি আপাতত না যাই যদি শুধু এই ৪-৫ কোটি বেকারের ব্যবস্থা করবার কথা আমাদের মনে থাকে তাহলে এই প্রশ্নের উত্তর দিতে হবে।

[4-50 — 5-00 P.M.]

ভারতবর্ষে সরকার চালাবেন তারা এই প্রশ্নকে পাশ কাটিয়ে অন্য দিতে যেতে পারবেন না কারণ দেশের জনগণ চিরকাল কেউ বোবা হয়ে চুপ করে থাকবে না। তাদের জবাব দিতে হবে। একথা বললে চলবেনা যে টাকা নেই বা আমরা ব্যবস্থা করতে পারছি না। আমাদের প্রধানমন্ত্রী মোরারজি দেশাই ঘোষণা করেছেন যে, আগামী ১০ বছরের মধ্যে বেকার সমস্যা দূর করে দেব। এটা কিভাবে দূর হবে সেটা কনক্রিটলি, প্রেসাইজলি বলতে হবে। কিন্তু দুঃখের বিষয় এই ব্যাপারে কনক্রিটলি তার কাছ থেকে কিছু এল না, কোনও প্ল্যান এ সম্বন্ধে এল না। কাজেই আমরা তো কিছুই বুঝতে পারছি না। তারপর বলেছেন পভার্টির সমস্যা। স্যার, আমাদের ভারতবর্ষের অর্থনীতির মজার ব্যাপার হচ্ছে পভার্টি হল কজ অ্যান্ড কনসিকোয়েন্স এবং এই পভার্টির জন্যই আমরা এগুতে পারছি না। দুঃখের বিষয় এই কন্ট্রাডিকশন আমরা ৩০ বছরেও সলভ করতে পারলাম না। কাশীবাবু শাসক শ্রেণীর লোক একসময় তিনি আমাদের সঙ্গে বামপন্থী হিসেবে ছিলেন, তারপর শাসক শ্রেণীতে চলেগেলেন অর্থাৎ কংগ্রেসে গেলেন এবং এখন আবার জনতা দলে এসেছেন যে জনতা দল এখন শাসক শ্রেণী। কাজেই মোদ্দা কথা লুকানো চলবে না। এগুলো সামনে আনতে হবে এবং তার জবাব দিতে হবে। ৩০ বছর যারা রাজত্ব করেছেন তাদের জবাব দিতে হবে যে কেন হল না। আমি কতগুলি তথ্য দেব এবং তাতে আপনারা বুঝতে পারবেন যে দারিদ্র্য কোনও স্তরে আছে। অর্থনীতির ছাত্ররা হিসেব করে দেখেন স্ট্যান্ডার্ড অব লিভিং কোন দেশে কিভাবে রয়েছে এবং তার মধ্য থেকে তারা দারিদ্র্য হিসেব করে দেয়। ভোলাবাবু বলেছেন গ্রোথ অব ইকনমিক্স এর কিছু লিমিটেসন্স রয়েছে, শুধু অ্যাভারেজ পার ক্যাপিটা অ্যানুয়াল ইনকাম ধরে এর প্রকৃত চেহারা পাওয়া যায় না এটা যতই সীমাবদ্ধ হোক। এই সীমাবদ্ধতার কথা রং বলেছেন, দন্ডেকার বলেছেন, মহবুল হক বলেছেন, প্রফেসর মৃগেল বলেছেন। এটা ঠিক কথা কিন্তু সেটা হচ্ছে একটা মাপকাঠি যার মাধ্যমে আমরা বলতে পারি যে আমরা কত গরিব এবং অন্যান্য দেশ কত উন্নতি করেছে। কাজেই এই হিসেব লুকালে চলবে না। এটাকে বলা হয়েছে সর্বভারতীয় সমস্যা এবং সেইজন্য সর্বভারতীয় পদ্ধতিতে, কায়দায় এর সমাধান

করতে হবে। অ্যাভারেজ পার ক্যাপিটা অ্যানুয়াল ইনকামের একটা হিসেব নিলে বোঝা যায় আমরা কোন গহ্বরে আছি। ১৮৬১ সালে দাদাভাই নোরজি হিসেব করে বলেছিলেন ২০ টাকা ছিল আমাদের পার ক্যাপিটা ইনকাম। তারপর আমরা জানতাম এটা হচ্ছে ৪৯ টাকা। ১৯৪৭-৪৮ সালে মিনিস্ট্রি অব কমার্স হিসেব দিলেন ২৭২ টাকা এবং ১৯৪৯-৫০ সালে ইস্টার্ন ইকনমিস্ট বললেন ২১৪ টাকা। আবার ১৯৭৫-৭৬ সালে আমরা দেখছি এটা হচ্ছে ৩৬৫ টাকা ৯ পয়সা। অর্থাৎ ৬০ থেকে ৭০ দশকের ফার্স্ট হাফ পার ক্যাপিটা ইনকাম বেড়েছে প্রায় ১.৩ শতাংশ হিসাবে অ্যাভারেজ, এই হচ্ছে ভারতবর্ষের চেহারা। অন্য দিকে আমি কোনও সমাজতান্ত্রিক দেশের সঙ্গে তুলনা করতে চাই না। সেই তুলনা অবাস্তব, অমি তুলনা করতে চাইছি তাদের সঙ্গে যাদের সঙ্গে ভারতবর্ষের আত্মীয়তা আছে। অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক, সব থেকে, সোজা কথা হচ্ছে ক্যাপিটালিস্ট কান্ট্রির সঙ্গে তুলনা করা যায় তাহলে কত বড় বামন সেটা পরিস্কার হয়ে যাবে। সেখানে আমরা দেখছি যে ১৯৭৪-৭৫ সালের প্রাইসে জাপানে জাতীয় আয় হয়েছে মাথা পিছু অ্যাভারেজ পার ক্যাপিটা ইনকাম ১০৭৯২ টাকা, ইউ কে তে ১২২৪৬ টাকা, ইউ এস এ-তে ১৯১০৭ টাকা, এবং ভারত ৯৮৯ টাকা। এই একটা দিক, আর একটা দিক হচ্ছে (**বিরোধী পক্ষের জনৈক্য সদস্য ঃ পশ্চিমবঙ্গের কথা বলুন।**) পশ্চিমবঙ্গ ভারতবর্ষের বাইরে নয়, এটা মনে রাখতে হবে যে অর্থনীতিক নীতিগুলি ভারতবর্ষের একই জায়গা থেকে কেন্দ্রীভূতভাবে পরিচালিত হয়ে থাকে, কাজে কাজেই এই সব মামলা ইকনমিক গ্রোথ-এর যে মামলা তা পশ্চিমবাংলায় মীমাংসা হয় না, মহারাষ্ট্রে মীমাংসা হয় না, আসামে হয় না, বিহারেও হয় না, সেটা হচ্ছে দিল্লিতে। তেমনি বেকার সমস্যাও রাজ্য সরকারের এক্তিয়ার ভুক্ত নয় এবং সেখানে এর মীমাংসাও হয় না অর্থনীতিক নীতিগুলির অ আ ক খ যিনি জানেন তিনিই এটা বুঝেন, যদি কেউ না বুঝেন তাহলে আমি নাচার। আমাদের দারিদ্র্য কেন হল সেটা বুঝতে হবে, এটা কোনও তর্কের ব্যাপারে নয়, কোনও ঝগড়ার ব্যাপার নয়, এটা বুঝবার ব্যাপার। কারও সঙ্গে ঝগড়া নয়, ভারতবর্ষের সমস্ত রাষ্ট্রকে এক সঙ্গে দাঁড়াতে হবে, এবং বাড়াতে হবে, এ ছাড়া কোনও রাস্তা নাই। এ সম্বন্ধে কোনও কথা বললেই যদি মনে করেন কেন্দ্রের সঙ্গে ঝগড়া করতে হবে, তাহলে ভুল হবে। কেন্দ্রেরই দায়িত্ব বেকার সমস্যা দূর করা, কেন্দ্রেরই দায়িত্ব দেশে ইকনমিক গ্রোথ ঠিকমতো করা, এ সম্বন্ধে কি কেন্দ্রে দায়িত্ব নেই? সমস্তইতো কেন্দ্রের দায়িত্ব, কেন্দ্র যদি নিজে থেকে নিজের দায়িত্ব সম্বন্ধে সচেতন হয় এই সব কাজ করে, তাহলে তো বলতেই হয় না কাউকে। কিন্তু এটা হচ্ছে না ফেডারেল স্ট্রাকচার আমাদের নয়, তা না হলেও আমাদের সম্পর্ক যদি সেই রকম গড়ে না উঠে তো দুঃখের কথা। শুধু ভূত দেখে আঁতকে উঠবেন না, কিছু বললেই বিরোধী পক্ষের ওরা মনে করেন আমরা কেন্দ্রে পেছনে কাঠি দিই, কেন্দ্রের সঙ্গে ঝগড়া করতে চাইনা। কাশীবাবু তো বলে গিয়েছেন ট্রায়েড এগনেস্ট দি সেন্টার, কেন্দ্রের বিরুদ্ধে ট্রায়েড অব ওয়েস্ট বেঙ্গল নয়। উনি বলেছেন সারা পূর্ব ভারতকে নিয়ে এক সঙ্গে কেন্দ্রের বিরুদ্ধে ষড়যন্ত্র করার চেষ্টা করছেন অর্থমন্ত্রী। কিসের ষড়যন্ত্র কেন ষড়যন্ত্র হবে? মামলা হচ্ছে টাকার, সেই টাকা কোথা থেকে আসবে? সেটা গভীরভাবে চিন্তা করুন। এই যে পার ক্যাপিটা অ্যাভারেজ অ্যানুয়াল ইনকাম এক জায়গাতে আছে সেই জায়গা থেকে টেনে তুলতে হবে। দেখান রাস্তা, আমাদের কথা আমরা বলে দিয়েছি। অন্য জায়গায় কনস্টিটিউশনাল লিমিটেশন, নট ওনলি কনস্টিটিউশনাল লিমিটেশন,

[5-00 — 5-10 P.M.]

কনস্টিটিউশন হচ্ছে একটা সুপার স্ট্রাকচার, তার গোড়ায় দিস স্ট্রাকচার ইটসেলফ ইজ রেসপনসিবল The nature and character of the Indian economy as it is cannot solve these problems. চ্যালেঞ্জ আপনাদের কাছে, গত ৩০, বছরে এই চ্যালেঞ্জের মোকাবিলা করতে পারেন নি, নো আমাদের দেখাতে পারেন নি ইউ আর রঙ—আপনারা যেকথা বলেছেন, সেটা ঠিক নয়। ক্যারেক্টার অ্যান্ড ন্যাচার অব দি ইন্ডিয়ান ইকনমির মধ্যে কোনও গলদ নাই, সেটা ঠিক আছে। সব ঠিকই আছে। কিন্তু আমরা আমাদের কার্যকারণের ফলে সেখানে পৌছাতে পারি নি। এই চ্যালেঞ্জ তো আপনাদের দিকে ছুঁড়ে দেওয়া হয়েছে। আপনারা প্রমান করুন না, এই ইকনমিতে সম্ভব। ৩০ বছর সময় নিয়েছেন আপনারা। কি চান সেঞ্চুরি নিতে? No, nobody will wait কেউ আপনাদের সেঞ্চুরি আফটার সেঞ্চুরিস সময় দেবে না। আপনার এই দেশকে এই জায়গা থেকে টেনে তুলবেনই যতই আপনারা জোর গলায় ঘোষণা করুন না কেন, কেউ আপনাদের এত সময় দেবে না। এই পাঁচ কোটি বেকার এবং ভারতবর্ষের জনসাধারণ এত সময় আপনাদের দেব না। যথেষ্ট সময় আপনারা পেয়েছেন। সেই সময় দেওয়ার ফলে আমরা আজকে দেখছি এই জায়গায় মিসারেব্যাল, পিটিঅ্যবল কনডিশন। আজকে ভারতবর্ষের কি বেকার সমস্যার দিক থেকে বিচার করলে, কি গ্রোথের দিক থেকে বিচার করলে দেখা যাবে কি শোচনীয় অবস্থা। কে বিচার করবে, কেন এই জায়গায় দাঁড়িয়ে আছি, কোনও বামপন্থী আপনাদের আটকেছিল, কোনও মার্কসবাদী, কোনও আর এস পি কোনও লাল ঝান্ডা আপনাদের আটকেছিল। আপনারা সমস্ত কিছু করায়ও করে ৩০ বছর বহাল তবিয়তে সেই জায়গায় বসেছিলেন। কিন্তু কোনও দিক থেকেই এইসব বড় বড় মামলার বিচার করতে দেখলাম না। পেটি ফিগার করে হবে না। ছোট খাট ব্যাপার ও নিয়ে টাকা নিচ্ছেন, ফেরত যাচ্ছে, এসবে হবে না। ওরাকি জানেন না, ভোলাবাবু জানেন না, অন্য পরে কার কথা, সেচ দপ্তর শ্রী এ বি গণি খান চৌধুরির দপ্তর, ফ্ল্যাড কন্ট্রোলের জন্য সেন্ট্রাল টাকা দিল ৫ কোটি টাকা, সেই টাকা ফেরত চলেগেল। এটা কি নতুন কথ? কেন যায়? অর্গনাইজশেন ইজ রেসপনসিবল এবং এই অর্গনাইজেশনকে এক বছরের মধ্যে সজীব করে নিয়ে চলা এত সোজা কথা নয়। সততা যদি থাকে তাহলে যেভাবে চলতে হয়, আমরা সেইভাবে চলেছি। টাকার মামলা নিয়ে আজকে রেভিনিউয়ের কথা আমরা বলছি। এই কথা discretionary transfer of central finance এটা ঠিক নয়, স্ট্যাটাটুরি ট্রান্সফার হক, এটা কি অন্যায় কথা বলছি? কাশীবাবু এই কথা বললেন না। ডিসক্রিশনারি হলে কি হবে, ও আমার ভাল লোক পাঁচশো কোটি টাকা দাও, ও খারাপ লোক পাঁচ কোটি টাকা দাও। সুতরাং এটা বলা অন্যায় কোথায়? It is a question of principles. আমরা discretionary transfer for Central Finance না করে আমরা

স্ট্যাটাটুরি রি ট্রান্সফার চাইছি। একটা নির্দিষ্ট অনুপাতে আপনাকে দিতে হবে এবং সেই অনুপাতে দেওয়ার কথাই আমাদের অর্থমন্ত্রী বলছেন যে এটা বাড়াতে হবে। অন্যায় করা হয়েছে? আমরা বলছি সাড়ে চার হাজার কোটি টাকার প্ল্যান করতে হবে, ওরা বলছেন একুশশো কোটি টাকার প্ল্যান। সাড়ে চার হাজার কোটি টাকার প্ল্যানও যদি হয় অ্যাকসেপটেড, কিম্বা যদি আমরা দেখি স্ট্যাটাটুরি ট্রান্সফার অফ ফিনান্স হল, কিম্বা কর্পোরেশন ট্যাক্স যেটা কায়দা করে বের করে নিয়ে যাওয়া হয়েছে, কিম্বা যেটা ইনকাম ট্যাক্সের সার চার্জ কায়দা করে বের করে নিয়ে যাওয়া হয়েছে, কোনও অংশ আমাদের দেওয়া হচ্ছে না, তাতেও উনিশ বিশ হবে। তাতে যে মোদ্দা মামলা নিয়ে আমরা ভুগছি, অর্থনীতির সবচেয়ে বড় বড় মামলা নিয়ে আমরা ভুগছি সারা ভারতবর্ষ ভুগছে, মহারাষ্ট্র থেকে আরম্ভ করে পশ্চিমবাংলা, আসাম পর্যন্ত ভুগছে, সেই সব মামলার মীমাংসা কিন্তু তখনও হবে না, থেকে যাবে এবং শেষ পর্যন্ত ওই চ্যালেঞ্জের জবাব আপনারা দেবেন। আপনারা শাসক শ্রেণী আপনারা দেবেন যে আপনাদের এই সিস্টেমের মধ্যে এই বুর্জোয়া economy, capitalist economy, Laissez Fair economy. mixed economy যার নতুন নামকরণ করেছেন এর মধ্যে দিয়ে এই মামলার মীমাংসা হবে কিনা। You have taken thirty years time and you could not solve the problem. আবারও আপনাদের কাছে দেশের জনসাধারণ চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছেন। জনতা রাজ কেন্দ্রে বসেছে, তাদেরকেও প্রমাণ করতে হবে, ওয়েল এই, ইকনমির ভিতরে এই চৌহাদ্দির ভিতরে ওই স্ট্রাকচারালস লিমিটেশনের কথা তুলো না, constitutional limitations statutory limitations কথা তুলো না। এই লিমিটেশনস সত্ত্বেও আমরা এই মামলার মীমাংসা করে দেব। করে দিন খুব ভাল কথা। তা যদি না পারেন, তাহলে সোজা কথা ঝগড়া তো হবেই। কিন্তু সেটা হচ্ছে শেষ কথা। এখনই আজকে সে ভুত দেখার কারণ নেই। এখানে যেসব মামলার কথা মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় তুলেছেন তাতে তিনি এমনকোনও অন্যায় করেন নি। তিনি পরিষ্কার বলেছেন পূর্বাঞ্চলের রাষ্ট্রগুলি কিভাবে বঞ্চিত হচ্ছে। আজকে সেদিকে তাকাতে হবে। কারণ শুধু বাংলার কথা নয় কারণ ভারতের উন্নতি মানেই বাংলার উন্নতি এবং বাংলার উন্নতি মানেই বাংলার উন্নতি। আজকে বাংলাকে বাদ দিয়ে ভারতের উন্নতি হতে পারে না। আজকে বুকে হাত দিয়ে বলুন কি অবস্থা উড়িষ্যার, কি অবস্থা মধ্যপ্রদেশের আদিবাসীদের এই আমাদের পাশেই বিহারে কি অবস্থা। যেখানে মিনারেল রিসোর্সেস তাদের রয়েছে এই বিহারের পার ক্যাপিটা অ্যাভারেজ অ্যানুয়াল ইনকাম-এর হিসাব যদি কষি তাহলে দেখা যাবে কোনও জায়গায় তাকে নামিয়ে রেখে দেওয়া হয়েছে। আজকে সকলে মিলে এক হয়ে মামলার মীমাংসা করতে হবে। ঐভাবে চক্রান্ত ষড়যন্ত্র বলে চালিয়ে দিলে চলবে না। আজকে যে অবস্থায় এসে দেশ দাঁড়িয়েছে তাতে অশোকবাবুকে আর হুমকি দিতে হবে না। দেশের জনতা আজকে সচেতন তারাই এর জবাব দেবে। এই কথা

বলে আমি আবার অর্থ মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সমরেন্দ্র নাথ সান্যাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমরা ভারতবর্ষের সাংবিধানিক কাঠামোর মধ্যে দিয়ে নির্বাচিত হয়ে এই বিধানসভায় এসেছি। ভারতবের্ষর সংবিধানে যে সমস্ত নিয়মকানুন এবং ধারা আছে তার মধ্য দিয়ে আমাদের যেতে হয়। তাই সমাজ জীবনের আমূল পরিবর্তন এই সংবিধানের মধ্য দিয়ে করা সম্ভব নয়। আমরা এও জানি তা সত্ত্বেও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার জনজীবনে যে সমস্ত সমস্যা আছে সেগুলি তুলে নিয়ে এসেছে এবং সেগুলি সমাধান করে সাধারণ মানুষের জীবনে যে সমস্ত দুরবস্থা আছে, যে সমস্ত লাঞ্ছনা আছে তার প্রতিকারের জন্য যথাবিহিত পদক্ষেপ গ্রহণ করেছেন। পশ্চিমবাংলার ক্ষেত্রে যে সমস্ত প্রশ্নগুলি উঠেছে যেমন বেকার সমস্যা, সেটা এখনই সমাধান করা সম্ভব নয় যে কথা আমার সহকারি বন্ধু অমলেন্দ্রবাবু খুব ভালভাবেই বলেছেন। একটা রাজ্যের কৃষি সেচ শিক্ষা চিকিৎসা এই সমস্তগুলি রজ্যের হাতে আছে। কিন্তু তার জন্য কোনও আর্থিক ব্যবস্থা নেই। সেইজন্য বামফ্রন্ট সরকার যে কথা বলেছেন যে রাজ্যের হাতে রাজনৈতিক এবং অর্থনৈতিক ক্ষমতা আরও অধিকভাবে দেওয়া হোক। শুধু পশ্চিমবাংলা নয় ভারতবর্ষের অন্যান্য রাজ্যও এই ব্যাপারে সোচ্চার হয়ে উঠেছে। আমরা জানি আমাদের এই সীমাবদ্ধ ক্ষমতায় মৌলিক কোনও পরিবর্তন ঘটতে পারে না। আজকে আমাদের অর্থ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের মধ্য দিয়ে সাধারণ মানুষের কিভাবে উন্নতি করা যায় তার একটা রূপরেখা তিনি দিয়েছেন। এবং তাকে হাতিয়ার করে আমাদের চলতে হবে। এবং আমরা আশা করি এইভাবেই আমরা সমাধানের পথে এগিয়ে যেতে পারব। তাই পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার জনগণের বিভিন্ন ক্ষেত্রে যেসব কাজগুলি করেছেন তাতে আজকে বিরোধী পক্ষ আতঙ্কিত। পঞ্চায়েত সম্পর্কে বলতে গিয়ে বলতে হয় আপনারা জানেন দীর্ঘ দিন ধরে এই পঞ্চায়েতগুলির নির্বাচন হয় নি। গত পঞ্চায়েত নির্বাচনের মধ্য দিয়ে আমাদের মাননীয় সদস্য যে কথা বলে গেলেন যে একটা ভয়াবহ অবস্থায় সৃষ্টি হয়েছে। স্বভাবত যে দৃষ্টিভঙ্গি নিয়ে ওরা দেখেন তাতে ওরা একথা বলতেই পারেন যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। কারণ ওদের যে সমস্ত লোক সেই মহাজন, চোরাবাজারি জোতদার তারা আজকে উৎখাত হতে চলেছে।

[5-10 — 5-20 P.M.]

পশ্চিমবাংলার মেহনতী মানুষ তাদের নিজস্ব শ্রেণীর প্রতিনিধিকে তারা পঞ্চায়েতগুলিতে নির্বাচিত করেছে। সেই পঞ্চায়েতগুলির মাধ্যমে যে কাজগুলি হচ্ছে সেই কাজগুলি যদি সত্যি সত্যিই লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন গত ৩০ বছরে গ্রামাঞ্চলে পুনর্গঠনের ক্ষেত্রে

এই ধরনের কাজ আগের কখন কোথাও হয় নি। এবারে বন্যা প্রসঙ্গে আসছি। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ১৮ মাস হল ক্ষমতায় এসেছে। ইতিমধ্যেই একটির পর একটি প্রাকৃতিক দুর্যোগ পশ্চিমবাংলার অর্থনৈতিক পুনর্গঠনের ক্ষেত্রে বাধা হয়ে এসে দাঁড়িয়েছে। ১০০ বছরের মধ্যে এই রকম বিধ্বংসী বন্যা পশ্চিমবাংলায় দেখা দেয় নি। গত আগস্ট মাস থেকে অক্টোবর মাস প্রথম সপ্তাহ পর্যন্ত তিন বার পশ্চিমবাংলা আক্রান্ত হল এবং ১২টি জেলা একেবারে ভেসে গেল। বন্যার সময় এই পঞ্চায়েতগুলির নেতৃত্বে গ্রামবাংলার ঐ সমস্ত মানুষ যারা ডুবে যাচ্ছিল, যাদের ঘর ভেঙ্গে গেল, ফসল ডুবে গেল, অসহায় গৃহহীন হয়ে পড়ল, সমস্ত গণতান্ত্রিক মানুষ এদের উদ্ধার করার কাজে রিলিফ দেবার কাজে ঝাঁপিয়ে পড়ল এবং সারা ভারতবর্ষের মানুষ এগিয়ে এল পশ্চিমবাংলার এই দুর্দশাগ্রস্ত মানুষগুলিকে সাহায্য করতে। বিরোধী পক্ষের অনেক নেতাই সেদিন চিৎকার করেছিলেন রিলিফের কাজ নাকি এই পঞ্চায়েতগুলির মাধ্যমে হচ্ছে না, রিলিফি পৌছাচ্ছে না, রিলিফি নাকি যেতে দেওয়া হচ্ছে না, বামফ্রন্ট সরকার অপদার্থ কলকাতার দিকে লক্ষ লক্ষ মানুষ যাত্রা করেছে। গ্রামে মানুষ কোনও খাবার খুঁজে পাচ্ছে না, রিলিফের ব্যবস্থাও নেই, এই কথা তারা বলেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রোড যদি খোড়া হত তাহলে হয়ত তাদের স্বার্থ সফল হত। তারা ভেবেছিলেন ৪২/৪৩ সালের মতো দুর্ভিক্ষ শুরু হবে। লক্ষ লক্ষ মানুষ কলকাতার রাজপথে জমায়েত হয়ে মাগো একটু ফ্যান দাও এই বলে চিৎকার করে বেড়াবে—এটা যখন হল না, তখন তাদের সেই আশা ভঙ্গ হয়ে গেল। গ্রামাবাংলার গণতান্ত্রিক মানুষ এই পঞ্চায়েতগুলির নেতৃত্বে গ্রামগুলি পুনর্গঠনের ক্ষেত্রে যে ইচ্ছা প্রকাশ করল এবং তাকে যখন রূপায়িত করতে গেল তখন চারিদিক দিয়ে কুৎসা রটনা শুরু হয়ে গেল। তারা কথা তুলেছিলেন না, রিলিফের কাজ পঞ্চায়েতের মাধ্যমে হবে না। রিলিফ দেবার জন্য সর্বদলীয় কমিটি হবে। পঞ্চায়েতগুলি কেবল দলবাজি করছে। ব্যাপারটা কি? নির্বাচিত প্রতিনিধিদের প্রতি আপনাদের এত অনাস্থা এল কি করে? আপনারা তো বিধানসভার প্রতিনিধি যে এলাকার সেখানকার মানুষ এই কথা বলতে পারে না যে আপনারা অপদার্থ, এখুনি পদত্যাগ করুন—আপনাদের বদলে সঙ্গে সঙ্গে আর একজন এম এল এ পাঠাচ্ছি যারা আপনাদের কাজের তদারক করবেন—এই কথা তো হয় না? এরপরে হয়ত আপনারা বলবেন বামফ্রন্ট সরকারের মন্ত্রীসভা পরিচালনা করার জন্য সর্বদলীয় কমিটি করে দেওয়া হোক। এইভাবে নির্বাচিত প্রতিনিধিদের অপমান করবার, তাদের প্রতি অনাস্থা জ্ঞাপন করার অধিকার আপনাদের কে দিল? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি পশ্চিমবাংলার এই সমস্যা এটা শুধু পশ্চিমবাংলার নয়, এটা হল সর্বভারতীয় সমস্যা। কেন্দ্রের সঙ্গে পশ্চিমবাংলা এবং অন্যান্য রাজ্যের সম্পর্কের পুনর্বিন্যাসের কথা উঠেছে। এই প্রশ্ন আজকে আরও বেশি করে জোরদার হয়ে উঠেছে। কেউ কেউ এতে আতঙ্কিত হয়ে প্রশ্ন তুলেছেন বিচ্ছিন্নতাবাদের রাজ্যগুলি যদি আজকে তাদের সংস্কৃতি, অর্থনীতি,

শিল্প, শিক্ষা ইত্যাদি গড়ে তোলা একটি সার্বভৌম রাষ্ট্রের মধ্যে, ভারতবর্ষের নাগরিক হিসাবে তাহলে বিচ্ছিন্নতাবাদের প্রশ্ন এর মধ্যে আসছে কি করে? বিচ্ছিন্নতাবাদের আসে এক কেন্দ্রিব শাসন ব্যবস্থার মধ্য দিয়ে যেখানে মানুষের স্বাভাবিক উৎসাহ উদ্দীপনার বিকাশ ঘটানোর কাজগুলি বন্ধ করে দেওয়া হয়। তাই পশ্চিমবাংলা থেকে আজকে যে দাবি উঠেছে সেটা শুধু পশ্চিমবাংলার একার দাবি নয়, সমস্ত ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষের দাবি।

আমরা জানি যে মৌলিক পরিবর্তন করা যাবে না কিন্তু তা সত্ত্বেও সাধারণ মানুষের জীবনে যে কিছু কিছু সুরাহা করা যায় সেই কথাই এই বাজেটের মধ্যে দিয়ে এসেছে। অপারেশন বর্গা সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন, এখানে অপারেশন বর্গার মধ্যে দিয়ে যেটা রূপায়িত করার চেষ্টা করা হচেছ সেটা হচ্ছে, পশ্চিমবাংলার লক্ষ লক্ষ ভাগচাষী যারা জোতদার এবং জমির মালিকদের মর্জির উপর নির্ভর করত সেখানে তাদের সমস্যার কিছু সুরাহা করা। স্যার, এই ভাগচাষীদের বছরের যে কোনও সময় উচ্ছেদ করা হত ফলে তারা নিরুতসাহিত হত জমিতে অধিক ফসল ফলাতে। জমির মালিক কখন তার কাছ থেকে জমি কেড়ে নেয় বা তাকে উচ্ছেদ করে দেয় ভয়ে সে জমি তৈরি করতে ভরসা পেত না। এখানে আইন যেটা পাশ করা হয়েছে তাতে আমরা দেখেছি বিরোধীপক্ষরা সেখানে বিরোধিতা করেছেন। তাছাড়া আমাদের হাতে দীর্ঘদিন ধরে অধিক ক্ষমতা না থাকার জন্য সেখানে রাজ্যপালের স্বাক্ষর আসতেও দেরি হয়ে গেল। স্যার, আজকের দিনে পশ্চিমবাংলার যে সঙ্কট, যে সমস্যা সেই সঙ্কট বা অবস্থা শুধু পশ্চিমবাংলার নয় সেটা গোটা ভারতবর্ষেরই সমস্যা। গত ৩০ বছর ধরে ভারতবর্ষে যে বুর্জোয়া সামন্ততান্ত্রিক শাসন ব্যবস্থা চলেছে এটা তারই অবশ্যম্ভাবী পরিণতি। স্যার, যখন সারা পৃথিবীতে পুঁজিবাদ ধ্বংস হয়ে যাচ্ছে, পুঁজিবাদ যখন মুমূর্ষু তখন ভারতবর্ষের শাসক গোষ্ঠী ভারতবর্ষে নতুন করে পুঁজিবাদী ব্যবস্থা পুনর্গঠন করার চেষ্টা করছে এবং তার ফলে অবশ্যম্ভাবী রূপে এসে উপস্থিত হয়েছে বিদেশি পুঁজির প্রভাব এবং অধিপত্য এবং তার সঙ্গে সঙ্গে ভারতবর্ষের একচেটিয়া পুঁজির আধিপত্য। এর অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে দেখা যাচ্ছে ভারতবর্ষে শিল্প কারখানার জন্য যে বাজার সৃষ্টি করার ব্যবস্থা ভূমি সংস্কারের মাধ্যমে ভারতবর্ষের লক্ষ কোটি মানুষের যে ক্রয় ক্ষমতা বৃদ্ধি করা যেত সেইভাবে তারা না গিয়ে সেখানে শোষণের প্রলেপ দিয়ে তারা চলেছেন। সেখানে ভারতবর্ষে ক্রেতার সংখ্যা না বাড়িয়ে শিল্প বাড়াতে চাইছেন বিদেশে রপ্তানি করার জন্য এর মধ্য দিয়ে ভারতবর্ষের দারিদ্র মোচন হয়না, বেকার সমস্যার সমাধান হয় না। বাজার বৃদ্ধি এবং শিল্পের বিকাশ যেপথে হতে পারে সেটা এই বিধানসভা মধ্যে দিয়ে আইন পাশ করে হবে না কিন্তু এই বিধানসভার মধ্যে, এই সাংবিধানিক কাঠামোর মধ্যে দাঁড়িয়েও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে বাজেট পেশ করেছেন সেখানে সেই সুরই প্রতিধ্বনিত হচ্ছে? যে চিরকাল যারা নিপীড়িত, লাঞ্ছিত, অত্যাচারিত সেই মানুষগুলি যাতে ন্যূনতমভাবে নিজেদের পায়ে দাঁড়াতে

পারে, সেই আন্দোলনের কথাই বলা হয়েছে। সেই আন্দোলনের মাধ্যমে বর্তমান সমাজ ব্যবস্থাকে ভেঙ্গে দিয়ে, রাষ্ট্রীয়, অর্থনৈতিক কাঠামোকে ভেঙ্গে দিয়ে যেদিন নতুন সমাজ ব্যবস্থা গড়ে উঠবে সেদিনও বেকার সমস্যার সমাধান হবে, শিল্পের উন্নতি হবে, লোকের ক্রয় ক্ষমতা বাড়বে। আজকে সেই সুরই এই বামফ্রন্ট সরকারের বাজেটের মধ্যে দিয়ে প্রতিধ্বনিত হচ্ছে। স্যার, এখানে গত বছর ওরা চিৎকার করে বলেছিলেন, বেকার ভাতা বামফ্রন্টের বিশেষ করে সি পি এম-এর ক্যাডাররা পাবে। আমাদের পার্টির নেতা এবং সহকর্মী মাননীয় সদস্য কমরেড কমল সরকার সে সম্বন্ধে বলে গিয়েছেন। যে সময় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখা হয়েছিল, সম্ভাবনা ছিল সেই সময় কলকাতার খিদিরপুর কেন আমার জেলার কল্যাণী বা কৃষ্ণনগরে, সেখানে বামপন্থী পার্টির কোনও যুবকের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছিল। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যারা পশ্চিমবাংলার দায়িত্ব নিয়েছিলেন তারা তাদের মস্তানদের মাধ্যমে এটা পশ্চিমবাংলায় কায়েম করেছিলেন। স্যার, তাই বলি, আজকে বেকারভাতা যেটা দেওয়া হয়েছে সেটা খোঁজ নিলে দেখা যাবে শতকরা ৯০ থেকে ৯৫ ভাগ ওদের দলের লোকরা পেয়েছে। এর মধ্যে দিয়ে স্যার, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার একটা নীতি নিয়েছেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা হবে। স্যার, ওদের সময় কি হয়েছিল? তখন এটা সিগারেটের খোল কিম্বা দেশলাই-এর বাক্সের উপর লেখা হল যে এত জনকে স্টেট বাসে চাকরি দাও, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে চাকরি দাও—এইভাবে ১০/১২ হাজার করে এক জায়গায় ওরা বেকারদের ভিড়িয়ে দিয়েছিলেন।

[5-20 — 5-30 P.M.]

পরে সেই সমস্ত সংস্থাগুলো তাদের দায় ভার বহন করছে এবং এর ফলে কোটি কোটি টাকা তাদের লোকসান দিতে হচ্ছে। যদিও আমরা জানি তাদের বেআইনি ভাবে চাকরি দেওয়া হয়েছে, তাদের তো আর এখন ছাঁটাই করা যায় না, এই ভার বামফ্রন্ট সরকারকে বহন করতে হচ্ছে। বামফ্রন্ট সরকার এই প্রথম ভারতবর্ষে বেকারদের ক্ষেত্রে একটা নীতি নির্ধারণ করেছেন। সংবিধান পরিবর্তনের কথা যেটা বলেছিলাম, কাজের অধিকার দেওয়া হোক, এটা ভারতবর্ষের সংবিধানে লেখা হোক, কিন্তু সংবিধান তো পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে লেখা যাবে না, সেই জন্য ভারতবর্ষের মানুষ যাতে সেই অধিকারকে স্বীকৃতি হিসাবে পেতে পারে, সেই জন্য এই সরকার তার সীমিত ক্ষমতা থাকা সত্ত্বেও গত বছর বাজেটে ঘোষণা করেছিলেন যে পাঁচবছরে বেশি যারা বেকার হিসাবে আছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখানো আছে তাদের সকলকে ৫০ টাকা করে বেকার ভাতা দেওয়া হবে। গতবছর সংখ্যা ছিল ১ লক্ষ ৩৫ হাজার এই বছর সেটা দাঁড়াবে দুই লক্ষ। এর ফলে বেকারদের মনে একটা আশা জেগেছে যে এই স্বীকৃতির মধ্যে দিয়েই তারা তাদের চাকরি পাবে—একটা আশা এর মধ্যে থেকে ফুটে বেরিয়ে আসছে। সঙ্গে সঙ্গে বলব, সবচেয়ে বড় যেটা করা হয়েছে, গ্রামে গ্রামে

প্রাথমিক স্কুল করার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, কেউ কেউ বলছেন যে মুখেই শুধু বলা হয়েছে, কিন্তু কার্য ক্ষেত্রে কিছুই হয়নি। আমি তাদের বলি আমি একজন প্রাথমিক স্কুল বোর্ডের সদস্য, আমার জেলায় ৫৯টি স্কুল স্যাংশন হয়ে গেছে, সেইগুলো মার্চ মাসের মধ্যে খোলা হবে। আমরা গত বছর ৮ম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষার নীতি ঘোষণা করেছি, আজকে আমি আনন্দের সঙ্গে এই বাজেটকে সমর্থন করছি, আগামী ১৯৮০ সাল এর জানুয়ারি মাস থেকে, নতুন শিক্ষা বর্ষ আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে ১০ম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীরা বিনা বেতনে লেখাপড়া করতে পারবে। এই ঘোষণাতে ওরা আতঙ্কিত। কারণ ওরা এটা চান না যে গ্রামের এই গরিব মানুষগুলো, তাদের সন্তানেরা শিক্ষিত হয়ে উঠুক। ওরা অশিক্ষিত থাকলে ওদের সুবিধা, এতদিন যে সুবিধা ভোগ করে আসছিলেন। এখন এই সব গ্রামের লোকেরা শিক্ষা পেলে ওদের জুয়াচুরি, সব ধরে ফেলবে। সেই জন্য আজকে ওরা খুব আতঙ্কিত বোধ করছেন। দীর্ঘদিন ধরে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থায় ওরা যে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছিলেন, দুয়ার বন্ধ করে রেখেছিলেন, আজকে এই বামফ্রন্ট সরকার সেই দুয়ার খুলে দিয়েছে, তার ফলে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ শ্রমজীবী মানুষ তারা দুহাত তুলে আশীর্বাদ করছে এই সরকারের শিক্ষানীতিকে। সেই জন্য আমি এই বাজেটকে সমর্থন করছি। এই বামফ্রন্ট সরকারের জন্মলগ্ন থেকে ওরা আতঙ্কিত, সেই জন্য নানা রকম সৃষ্টি করে আসছেন, প্রথমে করলেন কসবা, তারপর আরম্ভ করলেন পোস্তা বাজারে বস্তা তোলা, তারপর গেলেন বীরভূমে ক্ষেত মজুরদের সামনে, আজকে দেখছি মরিচঝাঁপি নিয়ে লেগেছেন। গত ৩০ বছর ধরে যারা শাসন করে আসছেন তাদের পাপের ফলেই তো আজকে লক্ষ লক্ষ মানুষ উদ্বাস্তু হয়ে এখানে এসেছেন, তারা তো এই সমস্যার সমাধান করতে পারেন নি, এর জবাবদিহি কি বামফ্রন্ট সরকার করবে। যাদের পাপের ফলে আজকে এই দূরবস্থা আজকে কেন্দ্রে তো জনতা সরকার যে দন্ডকারণ্য থেকে এই উদ্বাস্তু এসেছে, সেখানেও তো জনতা সরকার, সেখানে কেন এরা শান্তিপূর্ণভাবে জীবন যাপন করতে পারে না, কেন তাদের উপর অত্যাচার, লাঞ্ছনা, বলাৎকার হয়েছে, এর জবাব কি বামফ্রন্ট সরকারকে দিতে হবে? পশ্চিমবঙ্গের মানুষ আজকে খুবই সচেতন। আজকে এই মরিচঝাঁপির উদ্বাস্তুদের নিয়ে একটা খেলা চলেছে, এটা সাম্প্রদায়িকতার উস্কানি দেওয়ার চেষ্টা হচ্ছে। যেহেতু ওরা দক্ষিণী সম্প্রদায় ভুক্ত, তাদের উপর বামফ্রন্ট সরকার অত্যাচার চালিয়েছে এই বলে। এই বলে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে যুগান্তকারী বাজেট বক্তব্য এখানে পেশ করেছেন, তাকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আমাদের এই হাউসে যে বাজেট বক্তৃতা দিয়েছেন এবং যে বাজেট উত্থাপন করেছেন তা আমি সংস্কার মুক্ত মন নিয়ে পর্যালোচনা করেছি, কিন্তু আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, তিনি তার

ভাষণে সরকারের যে কৃতিত্ব দাবি করেছেন, সে সম্পর্কে আমি তার মতের সঙ্গে এক মত হতে পারছি না। আমি তার বাজেট ভাষণের অংশ ধরে ধরে বলব। তার বাজেট ভাষণের দ্বিতীয় পৃষ্ঠায় তিনি বলেছেন তার যে ক্লেম, যে টল ক্লেম, "বামফ্রন্ট সরকার এ রাজ্যে যে লক্ষ্যণীয় পরিবর্তন এনেছেন ১৯৭৭-৭৮ সালের রাজ্যের আয়বৃদ্ধির আনুমানিক হিসাবনিকাশে তা স্পষ্ট। এ বছর রাজ্যের গড় আয় ৮.৯৩ শতাংশ বেড়েছে ; ১৯৬৩-৬৪ সালের পর এটাই সর্বাধিক বৃদ্ধি। মাথাপিছু আয় বেড়েছে ৬.৫৬ শতাংশ ; স্বাধীনতার উত্তর কালে এটাই বৃদ্ধির সর্বোত্তম হার।" এটা তার দাবি। তার কাছে আমার প্রশ্ন মাথাপিছু আয় বাড়লেই সাধারণ মানুষের আয় বৃদ্ধি হয়েছে, এটা প্রমান করে কি? কোটিপতিরা, যারা মালিক শ্রেণী, পুঁজিপতি, তারা যদি কোটি কোটি টাকা লাভ করে তাহলে তাতে নোট জাতীয় আয় বাড়তে পারে, সাধারণ মানুষ, মেহনতী মানুষের প্রকৃত আয় কমলেও গড় জাতীয় আয় বাড়তে পারে, এটা নিশ্চয়ই মাননীয় অর্থমন্ত্রীর অজানা নয়। এবং একথা তিনি জানেন যে, ভারতবর্ষে আমরা এই রকম একটা পুঁজিপতি সমাজব্যবস্থায়, পুঁজিপতি অর্থনৈতিক কাঠামোর মধ্যে রয়েছি। মলিক শ্রেণীর যে উপার্জন, ফ্যাকট্রির যে উপার্জন তার যে অংশটুকু শ্রমিকদের মজুরি হিসাবে বরাদ্দ থাকত সেই অংশটুকু দিনের পর দিন ক্রমাগত কমছে। প্ল্যানিং কমিশনের রিপোর্টেও সেই জিনিস পাওয়া যাচ্ছে। অপর দিকে বিগ বিজনেস হাউসের মুনাফা কিভাবে বাড়ছে সেকথা আমাদের অজানা নেই। এই ফ্রেবুয়ারি মাসেই লোকসভায় কোম্পানি অ্যাফেয়ার্সের লাভের পরিমাণ দিতে গিয়ে বলা হয়েছে টাটা, বিড়লা, এই রকম কতগুলি বিগ বিজনেস হাউসের লাভের হিসাব হচ্ছে ৬০%। এরা ১৯৭২ সাল থেকে ১৯৭৮ সালের মধ্যে ৬০% এর উপর লাভ করেছে। ১৯৭২ সালের আগে টাটার ছিল ৬৪১.৯৩ কোটি টাকা, আর সেই পরিমাণটা ১৯৭৮ সালে এসে দাঁড়িয়েছে ৯৮০.৭৭ কোটি টাকায়। আর বিড়লার ছিল ৭২ সালে ৫৪৫ কোটি টাকা, ১৯৭৮ সালের বেড়ে দাঁড়িয়েছে ৯৭৪ কোটি টাকায়। এইভাবে ওদের বিপুল লাভ বেড়েছে। এর ফলে দেশের মোট আয় বা গড় আয় বাড়তে পারে। কিন্তু সাধারণ মানুষের প্রকৃত আয় কমেছে। আমি দেখতে পাচ্ছি অর্থমন্ত্রীর এই বক্তৃতায় মধ্যে একটা সেলফ কন্ট্রাডিকশন রয়ে গিয়েছে। এই বিবৃতির একটা অংশে তিনি এটা স্বীকার করেছেন।

[5-30 — 5-40 P.M.]

ষষ্ঠ পৃষ্ঠায় বলেছেন ব্যাঙ্ক তথা বিভিন্ন রাষ্ট্রীয় আর্থিক প্রতিষ্ঠানগুলি যে নীতি অনুসরণ করে এসেছেন তাতেও আমাদের অসুবিধা ঘটেছে, আমরা বিনিয়োগ থেকে বঞ্চিত হয়েছি। তাদের বিচারে, পশ্চিমবঙ্গের জনগণের মাথাপিছু আয় তুলনাগতভাবে বেশি, সুতরাং এখানে বিনিয়োগ কম করলেও চলবে। এরা কিন্তু কলকাতার মাথাপিছু আয় বাদ দিয়ে রাজ্যের অন্যান্য অংশের মাথাপিছু আয় হিসেব করে দেখেন নি। এমন কি কলকাতার অধিকাংশ

অধিবাসী যে চরম দারিদ্র্যের মধ্যে আছেন তাও এরা লক্ষ্য করতে চান নি, একেবারে উচুঁতলার মুষ্টিমেয় কিছু লোকের আয় থেকে সমগ্র পশ্চিমবঙ্গের আয় ব্যবস্থা অনুমান করার নীতি নির্ধারণ করেছেন। সেলফ কন্ট্রাডিকটরি কেন্দ্রের কাছে অভিযোগ রাখতে গিয়ে এই রাজ্যে ব্যাঙ্কগুলি বিনিয়োগ করছেন না এই কথা বলতে গিয়ে একটা জাস্ট রিভার্স আরগুমেন্টে যেতে হচ্ছে। তিনি তৃতীয় পৃষ্ঠায় বলেছেন আভ্যন্তরীণ চাহিদা মন্দা থাকার হেতু দেশের সামগ্রিক শিল্পোৎপাদন ব্যহত হয়েছে। তাহলে অভ্যন্তরীণ চাহিদা মন্দা হওয়ার অর্থ কি? তিনি তো অর্থনীতির ছাত্র তার তো এটা বোঝা উচিত। ক্যাপিটালিস্ট স্ট্রাকচার, ক্যাপিটালিস্ট ইকোনমির মধ্যে এবং পুঁজিবাদী শোষণের ফলে পারচেজিং ক্যাপাসিটি ফল করতে পারে এবং তার ফলে ইনটারন্যাল মার্কেট স্কুইজ হতে থাকার জন্য অভ্যন্তরীণ মন্দা দেখা দেয়। সেইজন্য শিল্পে বিনিয়োগ এবং শিল্পে অগ্রগতি এইগুলি রুদ্ধ হয় ফলে সেলফ কন্ট্রাডিকটরি স্টেটমেন্ট সুতরাং মাথাপিছু জাতীয় আয় বেড়েছে এটা বলে বিভ্রান্ত করার চেষ্টা করা হয়েছে। দ্বিতীয় কথা বলা হয়েছে যে, রাজ্য সরকারি কর্মচারিদের শিক্ষকদের এবং অশিক্ষক কর্মীদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়া হয়েছে। ভাল কথা, ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এর আগেই কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা সেই রাজ্যের রাজ্য সরকার দিয়েছেন। এতদিন পরে আপনারা সেই কাজ করেছেন ফলে তাদের সঙ্গে সঙ্গতি রেখেই পদক্ষেপ নিয়েছেন। কিন্তু আর একটি ক্লেম আপনারা করেছেন সেটা হচ্ছে বড় ক্লেম আমরা আগামী জানুয়ারি মাস থেকে নবম এবং দশম ক্লাস অবৈতনিক করব এই দুটি বড় দাবি আপনারা করেছেন। কিন্তু এই দুটির জন্য বর্তমান বামফ্রন্ট সরকারের ফিনান্সিয়াল ইমপ্লিকেশনস কি? লায়াবিলিটি কি? না কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ ভাতা দেওয়ার জন্য ৩০ কোটি টাকা লাগবে আর এই যে নবম এবং দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করলে অ্যাডিশন্যাল ফিনান্সিয়াল আরও ৩ কোটি টাকা লাগবে। অর্থাৎ এই ব্যবস্থার ফলে পশ্চিমবাংলার জনসাধারণের এক অংশ ৩৩ কোটি টাকার মতো রিলিফ পাচ্ছে বর্তমানে বাজেটে। যদিও এই রিলিফ সবাই পাচ্ছে না। যাই হোক, কিছু অংশ পাচ্ছে। কিন্তু এই ৩৩ কোটি টাকার মতোন রিলিফ দিতে গিয়ে জনসাধারণের উপর ৩৭ কোটি টাকার ট্যাক্স বসিয়ে দেওয়া হচ্ছে। অবশ্য মাননীয় অর্থমন্ত্রীর বাজেটের এই বৈশিষ্ট্য নতুন কিছু নয়, এর আগেও তিনি এই হাউসে বাজেট এনেছিলেন এবং রিলিফ দেওয়ার নাম করে ট্যাক্স চাপিয়েছিলেন। সুতরাং ওনার বাজেটের বৈশিষ্টই এই রকম। দ্বিতীয় কথা, সরকারি কর্মচারিরা এবং অন্যান্য এই রিলিফ পাবে কিন্তু পশ্চিমবাংলার ব্যাপক জনসাধারণ বর্গাদার, ক্ষেত-মজুর গরিব চাষী, কলকারখানার শ্রমজীবী মানুষ প্রভৃতি কয়েক কোটি গরিব মানুষ তাদের রিলিফ দেওয়ার ব্যবস্থা এই বাজেটের মধ্যে দেখতে পেলাম না। সুতরাং কংগ্রেস আমলে যে বাজেটের বৈশিষ্ট্য আমরা এতকাল ধরে দেখে এসেছি তাদের সঙ্গে কোনও পার্থক্য দেখতে পাচ্ছি না। এই বাজেটের মধ্যে যে রেভিন্যু সেটা যদি বিশ্লেষণ করে দেখেন তাহলে দেখবেন নন-ট্যাক্স থেকে ট্যাক্স রেভিন্যু হচ্ছে মেজর—৭০% এর উপরে। এটা

কোনও প্রোগ্রেসিভ সরকারের পরিচয়। এই জিনিস কোনও সমাজতান্ত্রিক দেশ তো দূরের কথা ওয়েলফেয়ার রাষ্ট্রেও হয় না। কিন্তু এ জিনিস এখানে দেখা যাচ্ছে। কংগ্রেস আমলে যা হয়েছিল তা থেকে আরও ডিটিওরেটির। ২০ মাসের মধ্যে এই সরকার ৪০ কোটি ২০ কোটি, এবার ৩৭ কোটি—৯৯ কোটি ট্যাক্স করলেন। কি ভীষণ ট্যাক্সের বোঝা। এর হিসাব দেখলে দেখবেন ১৯৬৭-৬৮ সালে যেখানে স্টেট ট্যাক্স ছিল ১০৮ কোটি সেখানে হল ১৫৪ কোটি টাকা। অর্থাৎ ১০ বছরে ৪ গুণ ট্যাক্স—এইভাবে সেন্ট্রাল গভর্নমেন্ট ট্যাক্স, পঞ্চায়েত ও লোকাল সেলফ গভর্নমেন্টকে ট্যাক্স আছে। এর দ্বারা কি একটা প্রোগ্রেসিভ সরকারের প্রোগেসিভ রোল রিফ্লেকট করছে? এর মধ্যে আমরা দেখছি ৮০ কোটি টাকা ডেফিসিট এবং এর কোনও কংক্রিট সোর্স দেখাতে পারেন নি। এই ডিসিসিট পূরণ করার জন্য ফারদার ট্যাক্সের কথা বলা হয়েছে। এর ফলে উন্নয়নের কাজ হবে না। পুলিশ বাজেট কি ভাবে বাড়ছে সেকথা পুলিশ বাজেটের সময় বলব। তিনি ১৯ পৃষ্ঠায় বলেছেন রেকর্ড ফলন হয়েছে ৯২.৫ লক্ষ টন। কিন্তু জনজীবনে তার প্রভাব কি? জিনিসপত্র দাম কি কমেছে? আমরা দেখতে পাচ্ছি চাষীরা কোনও দিক থেকেই এর রেভিনিউ পাচ্ছে না। সেখানে ডিসট্রেস সেল হচ্ছে। ক্রেতারা বলুন তারা গতবারে যে দামে জিনিস কিনেছিলেন তার থেকে কি কম দামে জিনিস পাচ্ছেন? তাহলে রেকর্ড ফলনের রেভিনিউ কে দিল? স্বাভাবিকবাবে চোরাকারবারিদের মজুতদাররা এইসব জিনিস হোর্ড করেছে। ৩৫ পৃষ্ঠায় ট্যাক্সের নানা রকম সোর্সের কথা বলেছেন। একটা অভিনব হচ্ছে ক্যাবারে ড্যান্স। এটা হলে বললেন ১৫%। আপনারা অপসংস্কৃতির বিরুদ্ধে কথা বলেন। কিন্তু আপনারা সেই অপসংস্কৃতিকে লিগ্যালাইজড করলেন এবং এটা তাই হল।

[5-40 — 5-50 P.M.]

কারণ ১ কোটি টাকা এই বাবদ ধরে রেখেছেন। তারমানে এটা চলুক। আমি বলব ডাকাতি, চুরি, গুলির উপরেও ট্যাক্স করে তাদের লিগ্যালাইজড করে দিন। অপসংস্কৃতির বিরুদ্ধে এত কথা বলে আপনারা তাকে লিগ্যালাইজড করলেন। গতবারে তথ্যমন্ত্রীকে যখন দেখা গেল যে গ্রেট ইস্টার্ন হোটেলে ক্যাবারে ড্যান্স চলবে তখন তার উত্তরে তিনি বলেন ম্যানেজার গোলমাল করেছে। কিন্তু দেখবেন আজও সেই জিনিস চলছে। সুতরাং এথিক্স যে কোথায় নিয়ে যাচ্ছেন সেকথা চিন্তা করতে হবে। তারপর গভর্নমেন্ট আন্ডার টেকিং সম্বন্ধে বলব। কিরকম প্রশাসন চলছে তার নমুনা দিচ্ছি। সি এস টি সি, এন বি সে টি সি ইত্যাদি ৪১টি গভর্নমেন্ট আন্ডারটেকিং তালিকা ইকনমিক রিভ্যিু এরমধ্যে আছে। এর মধ্যে যথাযথ ফলাফল হিসেবে লাভ লোকসানের কথা তিনি বলেন নি। এখানে ২৩টার কথায় ১৮টির কোনও ফলাফল নেই। এই ২৩টির মধ্যে দেখা যাচ্ছে ২০টিতে লোকসান। ৩টি লাভ। এই লোকসানের পরিমাণ সি এস টি সিতে ১৩ কোটি, এন বি এস টি সি তে ২ কোটি ৩৫

লক্ষ। সি টি সিতে ৪ কোটি ৫৬ লক্ষ, দুর্গাপুর প্রোজেক্টে ১৮ কোটি ৫৪ লক্ষ টাকা। তাহলে তফাত কোথায়? অর্থাৎ কংগ্রেস আমলে যে করাপসন ছিল আজও তা দুর্বার গতিতে চলছে। জনসাধারণের সুযোগ সুবিধা কি বেড়েছে, ট্রাম ও বাসে? আজও মানুষ ঝুলে ঝুলে যাচ্ছে। ট্রাম ও বাসের সংখ্যা কিভাবে কমেছে তা সরকারের জানা আছে। এসব সত্ত্বেও কি মানুষের সুযোগ সুবিধা বেড়েছে? এর মানে করাপসন বেড়েই চলেছে। আজও লরি, রিক্সাওয়ালাদের কাছ থেকে তোলা নেওয়া হচ্ছে। হল্লার উৎপাত পূর্বে মতই আছে। একই জিনিস চলছে। এই হচ্ছে গভর্নমেন্ট আন্ডারটেকিংগুলির অবস্থা। শিল্প বাণিজ্য ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী তৃতীয় পৃষ্ঠায় একজায়গায় বলেছেন যে বর্তমান সংবিধানের এবং আইন ব্যবস্থার চৌহদ্দির মধ্যে দেশের অভ্যন্তরীণ চাহিদা বাড়ানোর উদ্দেশ্যে বণ্টন ব্যবস্থা পাল্টানোর ক্ষমতা কোনও রাজ্য সরকারের নিতান্তই সীমাবদ্ধ অর্থাৎ রাজ্য সরকারের হাতে ক্ষমতা দিলেই বোধ হয় সমস্যার সমাধান করা যাবে। তারপর বলেছেন এই অবস্থায় রাজ্যের শিল্প এবং বাণিজ্যক্ষেত্রে গতি সঞ্চার করার সম্ভাব্য উপায় রাজ্য সরকারের হাতে মোটামুটি তিন প্রকার ঃ (১) বেসরকারি বিনিয়োগকারীদের উদ্বুদ্ধ করার জন্য কিছু বাড়তি সুবিধা দান, (২) রাষ্ট্রীয় উদ্যোগে বিনিয়োগের হার বাড়ানোর জন্য কেন্দ্রকে রাজি করানো এবং (৩) সরকারি খাতে বিনিয়োগের হার বাড়ানোর ব্যাপারে রাজ্য সরকারের নিজের উদ্যোগী হওয়া। আমার প্রশ্ন এগুলির হলে আপনারা শিল্পে কি একটা ফিলিং আনতে পারবেন? আপনারা মার্কসবাদী অর্থনীতির কথা বলেন, আপনার বক্তব্যে আছে দেশে বাজার সঙ্কট ক্রেতা নেই, লোকের পকেটে পয়সা নেই, তাহলে তাদের সেই পার্চেজিং ক্যাপাসিটি যাতে বাড়ে, মার্কেট যাতে খানিকটা বাড়ানো যেতে পারে সে সম্বন্ধে কি ব্যবস্থা নিয়েছেন? আপনি শুধু বিনিয়োগ উৎসাহ দিলে কি হবে? বিনিয়োগে কি কম উৎসাহ দিয়েছেন? বেসরকারি শিল্পপতিদের জন্য যেটা করেছেন সেটা অ্যাট দি কস্ট অব ওয়ারকার্স ইন্টারেস্ট। আপনারাও চেষ্টা কম করেন নি। আমরা দেখেছি জুট স্ট্রাইকের ক্ষেত্রে সেখানে যদি আইনটাকে রিভোক করে দিতেন, কংগ্রেস আমলে ডি আই আর করে ভট্টাচার্য কমিশন অ্যাওয়ার্ড বন্ধ করে রাখা হয়েছিল, সেটাকে যদি রিভোক করে দিতেন তাহলে এটা স্মুথলি আগেই হয়ে যেত, মালিকদের সাথে এই ৬৫.৭৫ টাকার জন্য বসতে হত না। আপনারা গভর্নমেন্ট অর্ডার রিভোক করেন নি, গভর্নমেন্ট অর্ডার ইনকন্সিসটেন্ট ছিল, সেটাকে কন্সিসটেন্ট করার চেষ্টা করেন নি। কিন্তু এত কিছু করেও আপনারা সুবিধা করতে পারেন নি। কিন্তু আসল ব্যাপার এই জায়গায় নয়, আসল হচ্ছে ক্রাইসিস অব দি মার্কেট। রিয়েলি এই ক্রাইসিসের মধ্যে যদি কিছু করতে হয় তাহলে ভাবা দরকার, তাহলে নিম্ন স্তরের মানুষের ক্রয় ক্ষমতা কি করে বাড়ানো যায় তারজন্য ব্যবস্থা নেওয়া, তাদের যাতে পার্চেজিং ক্যাপাসিটি বাড়ে তারজন্য ব্যবস্থা নেওয়া দরকার। বর্গাদার, ক্ষেত মজুর, গরিব চাষী, এদের আয় যদি বাড়ানো যায় তাহলে এই ব্যবস্থার মধ্যে খানিকটা আপনারা সুযোগ দিতে

পারেন। এই সমস্ত কারণের জন্য আজকে মাননীয় অর্থমন্ত্রী তার এই বাজেটের মধ্যে যেসব কৃতিত্বের দাবি করেছেন তার সঙ্গে আমার মতের মিল দিতে অক্ষমতা জ্ঞাপন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 P.M.]

**শ্রী ধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এখানে তার বাজেট বিবৃতি উত্থাপিত করেছেন। এই বাজেট বিশাল আকারে এখানে উপস্থাপিত হয়েছে, এত পুঙ্খানুপুঙ্খ সমালোচনার অবকাশ নিশ্চয়ই নেই, তিনি যে সমস্ত কৃতিত্বের কথা বলেছেন এবং যে.সমস্ত কার্যকলাপ রূপায়িত করবেন বলে উল্লেখ করেছেন সেগুলি বিবেচনা করার পরে পরেই সেগুলি অলোচনা করার পরে পরেই আমি একটা মাত্র সুর এখানে লক্ষ্য করেছি সেটা হচ্ছে তিনি পরিস্কারভাবে কেন্দ্রের বিরুদ্ধে তার অভিযোগের কথা বলেছেন। তিনি বলেছেন এমন কতকগুলি কথা যে কথা সমস্ত ভারতবর্ষের অখন্ডতার সঙ্গে জড়িত। তিনি ১১ পৃষ্ঠায় বলেছেন, " ১৯৭৯-৮০ সালে বিক্রয়ের জন্য চিহ্নিত পণ্যের উপর ধার্য অতিরিক্ত উৎপাদন শুল্ক বাড়িয়ে ১০.৮ শতাংশ করার জন্য কেন্দ্রীয় সরকারকে আমরা অনুরোধ করেছি। কেন্দ্রীয় সরকার যদি এই ব্যবস্থা নিতে অপারগ হন, তবে পশ্চিমবঙ্গ সরকার এই বলে নোটিশ দেবেন যে, ১৯৮০-৮১ আর্থিক বছর থেকে এই রাজ্যের সীমানায় অতিরিক্ত উৎপাদন শুল্ক (বিশেষ গুরুত্বপূর্ণ পণ্য) আর কার্যকর থাকবে না"। আমি মনে করি এটা হুমকি ছাড়া আর কিছু নয়। তারমূল বক্তব্য হচ্ছে একটা বিদ্রোহ ঘোষণা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে। আমার প্রশ্ন হচ্ছে আজকে পশ্চিমবাংলার যে অসম বণ্টন এবং বৈষম্য চলছে সেটা দেখে তিনি কি তার বাজেট রচনা করেছিলেন? তারপর বাজেট বইর ১২ পৃষ্ঠায় বলেছেন, বিভিন্ন রাজ্যে যোজনা খাতে যে টাকা ব্যয় করা হয় বা ধরা হয় তার তুলনায় পূর্বাঞ্চল বা পশ্চিমবাংলায় কম ব্যয় করা হয়। এটাও একটা প্রচ্ছন্ন হুমকি। আমার বক্তব্য হচ্ছে আমাদের এই পশ্চিমাবাংলায় যে অসম বণ্টন চলছে তার প্রতি তিনি নজর দেননি। আমি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, উত্তরবঙ্গ এই যে অসম বণ্টন চলছে এবং উত্তরবঙ্গকে যে অবহেলা করা হয়েছে এটা কি চিন্তা করেছিলেন তার বাজেট বক্তৃতা রচনা করবার সময়? আজকে দক্ষিণবঙ্গে যত কারখানা রয়েছে এবং যত উন্নয়নমূলক কাজ হচ্ছে সেই তুলনায় উত্তরবঙ্গে উন্নয়নমূলক কাজ হচ্ছে কি? তিনি তার ভাষণে শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূবাঞ্চলের যোজনা খাতে ব্যয় করবার কথা বলেছেন, এ সম্বন্ধে কিছুই বলেননি। তারপর একটা জায়গায় বলেছেন কাজ শুরু হয়েছে। কিন্তু কোথায় সেটা শুরু হয়েছে সেকথা বলেননি। তিনি যে বাজেট পেশ করেছেন সেটা একটা বিশাল বাজেট এবং তার পুঙ্খানুপুঙ্খ আলোচনা করতে হলে তারই মতো ৩ ঘণ্টা সময় প্রয়োজন। স্যার, আজকে গ্রামাঞ্চলের শিক্ষা ব্যবস্থায় যে অরাজকতা চলেছে সেটা অবর্ণনীয়। যে সমস্ত ম্যানেজিং কমিটি ছিল সেগুলি ভেঙ্গে দিয়ে সেখানে

অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে। এরা বলেছেন শিক্ষা জগতে একটা নতুন আলোকপাত করা হবে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এইসব ব্যবস্থা করার পরও আজও দেখছি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ব্যবস্থার কোনও উন্নতি হল না। পার্ট ওয়ান এবং পার্ট টু পরীক্ষা কেলেঙ্কারি যেটা প্রকাশিত হয়েছে সেটা তারই সাক্ষ্য বহন করছে। তারা যে সমস্ত উন্নয়নমূলক এবং সংস্কারমূলক কাজ করবেন বলেছেন তার সঙ্গে কোনও সামঞ্জস্য খুঁজে পাচ্ছি না। এবারে আমি বেকার সমস্যার কথা বলতে চাই। এরা বেকারদের ভাতার মধ্যে ভুলিয়ে রাখতে চাচ্ছেন। সরকারি নীতি ছিল বেকারদের চাকুরি দেবার ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি হবে। কিন্তু এখন দেখছি এটা এদের পার্টির নির্দেশে করা হচ্ছে। এবারে আমি পশ্চিম দিনাজপুর জেলার একটি বেসিক ট্রেনিং কলেজকে কেন্দ্র করে সি পি এম-এর যে দলবাজি চলেছে সেকথা বলতে চাই। নিয়ম আছের রিটেন ইন্টারভিউ কল করার পর ওর‍্যাল ইন্টারভিউ কল করা হয়। কিন্তু যে ক্যানডিডেট রিটেন পরীক্ষায় চান্স পেল না সে কি করে ওর‍্যাল পরীক্ষায় চান্স পাবে? এরা পরিস্কার পরিচ্ছন্ন প্রশ্নের কথা বলেন বটে, কিন্তু আসলে এই অবস্থা চালাচ্ছেন। একথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌরাঙ্গ সামন্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের মাননীয় অর্থ মন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবাংলার উন্নতির জন্য কেন্দ্র এবং রাজ্য সম্পর্কে তার যে বক্তব্য এখানে রেখেছেন তা আমি সমর্থন করি। আজকে জনসাধারণ যে বামফ্রন্টকে ক্ষমতায় বসিয়েছেন তারাও এটা সমর্থন করেন। বিগত নির্বাচনে দক্ষিণপন্থী দলগুলি দ্বিদলীয় শাসনব্যবস্থার জন্য প্রচার চালিয়েছিলেন কিন্তু জনসাধারণ দ্বিদলীয় শাসন ব্যবস্থা বিরুদ্ধে রায় দিয়ে বামফ্রন্ট কে আজকে ক্ষমতায় বসিয়েছেন। আগে পুরানো কংগ্রেস বা দক্ষিণপন্থী দলগুলি তারা কেন্দ্রের তলপীবাহক হয়ে থাকতো। কিন্তু আমাদের অর্থমন্ত্রী যে ভাবে বাজেট বরাদ্দ রেখেছেন তাতে বোঝা যাচ্ছে আমাদের রাজ্য কোন দিনই কেন্দ্রের তলপীবাহক হয়ে থাকবে না এবং জনসাধারণ ও সেজন্য তাদের ক্ষমতায় বসায়নি। অর্থমন্ত্রী দেখিয়েছেন কি করে দাবি আদায় করে তিনি এই রাজ্যের উন্নতি করবেন। তাতেই এখানকার বিরোধী পক্ষ বলছেন যে মাননীয় অর্থমন্ত্রী কেন্দ্রের বিরুদ্ধে যাচ্ছেন। ৬৭-৬৮ সালে জনসাধারণের যখন তাদের ক্ষমতায় বসিয়েছিলেন তারা জানতো যে বামফ্রন্ট দেশের উন্নতি করতে পারবে সেই জন্যই তারা আবার বামফ্রন্টকে ক্ষমতায় বসিয়েছেন। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট প্লেসের মধ্যে দিয়ে তারা কত কাজ করেছেন যেমন বেকার ভাতা এক লক্ষের জায়গায় দুই লক্ষ করছেন, সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে ভাতা দেবার ব্যবস্থা করেছেন, এবং ১৯৮০ সালের মধ্যে ক্লাস টেন পর্যন্ত ফ্রি করে দেওয়া হচ্ছে ইত্যাদি। সুতরাং বিরোধী পক্ষের আর কিছু বক্তব্য নেই সেজন্য তারা

অন্যান্য বক্তব্য রেখে জনসাধারণের দৃষ্টি অন্য দিকে নেবার চেষ্টা করছেন। আমার সময় খুব অল্প সেজন্য আমি আবার মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 P.M.]

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই বিধ্বংসী বন্যার পর এমন একটা সুন্দর বাজেট যে তিনি আনতে পারবেন তা আমি প্রথমে কল্পনা করতে পারিনি। ১৯৭৯-৮০ সালের বাজেটে আমার দেখতে পাচ্ছি যে, শিক্ষা বেকার, কৃষি শিল্পে প্রতিটি ক্ষেত্রে তিনি অধিক অর্থ বরাদ্দ করেছেন। শুধু অধিক অর্থ বরাদ্দ করেন নি সঙ্গে সঙ্গে বিধ্বংসী বন্যার পর কেন্দ্রের মুখচেয়ে আমরা কি পাব না পাব তার লক্ষ্য না করে কি করে নিজের পায়ে রাজ্য দাঁড়াতে পারে কি করে পশ্চিমবঙ্গকে নতুন করে গড়ে তোলা যায় তার বিষয় উল্লেখ করেছেন। এই যে বিরাট আশার আলো তিনি যুগিয়েছেন তারজন্য তাকে পশ্চিমবাংলার মানুষ আন্তরিকভাবে ধন্যবাদ জানাবে। আজকে বিরোধী পক্ষ থেকে সব সময়ে বলা হচ্ছে যে কেন্দ্র রাজ্য সম্পর্ক তিক্ত করবার জন্য আজ পশ্চিমবঙ্গ সরকার উঠে পড়ে লেগেছে এবং আমাদের অর্থমন্ত্রী মহাশয় নাকি সেলফ স্টাইলড লিডারশিপ অব দি ইস্টার্ন জোন রূপে নিজেকে প্রতিষ্ঠিত করবার জন্য চেষ্টা করছেন। কিন্তু আমি মনে করি তিনি স্বাভাবিকভাবেই পূর্বাঞ্চলের নেতৃত্ব নেবার অধিকারি। আজকে আমাদের এই পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রীর যে দাবি বিভিন্ন সময়ে দেখলাম জাতীয় উন্নয়ন পরিষদে কিম্বা কেন্দ্রীয় সরকারের কাছে তা ন্যার্য্য দাবি এবং এটা পূর্বাঞ্চলের অন্যান্য জনতা শাসিত সরকারও মেনে নিয়েছে। এতেই প্রমানিত হয় তিনি সেলফ স্টাইলড লিডারশিপ নেবার আগেই দেখছি একথা আমাদের মাননীয় বিরোধী দলের নেতা কাশী বাবুর মুখ দিয়ে যেটা বেরিয়েছে তা নিশ্চয়ই প্রসূত। আমি একটা জিনিস দেখলাম যে একটা করে মাঝারি শিল্পের যাতে প্রতিটি জেলার ব্যবস্থা করা যায়, তা কোথায় হচ্ছে বা কয়েকটা হয়েছে, এই ব্যাপারে আমাদের সরকার খুব দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাচ্ছেন। আজকে সেন্ট্রালি স্পন্সর্ড স্কীমের কথা উঠেছে আমি একটা নমুনা দিচ্ছি। আপনারা জানেন নন ফরমাল এডুকেশন, অ্যাডাল্ট এডুকেশন আগে যেটা ছিল তার নামে কোটি কোটি টাকা কিভাবে অপচয় হয়েছে বিভিন্ন রাজ্যে তার আমরা পরিচয় পেয়েছি। আমরা দেখেছি সেন্ট্রালি স্পনসর্ড স্কীম নিয়ে অর্থ নানাভবে তছরূপ করা হয়েছে। বিভিন্ন স্থানে নন ফরমাল এডুকেশন এর নামে টাকা নেওয়া হয়েছে। সেই টাকা নেবার ক্ষেত্রে কয়েকটি লোককে বেছে নেওয়া হয়েছে নিজেদের দলের জনতা সরকার কেন্দ্রে আছে বা জনতা সরকারের প্রতি সমর্থন আছে তেমনি কয়েকটি মানুষকে নিয়ে সেই মানুষদের হাতে টাকা পয়সা দেওয়া হচ্ছে এবং তাদের রেকমেনডেশন না হলে হয় না দিল্লি থেকে এই

টাকা যেহেতু আসে সেহেতু এই টাকার হিসাব রাজ্য সরকারের কাছে দিতে হয় না। এই দৃষ্টান্ত ভুরি ভুরি এই রাজ্যে হয়েছে। কোথায়ও ৭০-৮০ হাজার টাকা এই অর্গানিজেশনবে নামে দেওয়া হয়েছিল কিন্তু এই টাকার হিসাব নেবার এক্তিয়ার রাজ্য সরকারের নেই তারপর ফুড ফর ওয়ার্ক এ যে কাজের স্কীম আমরা নিতে চাই, যে কাজকে আমরা তরান্বিত করতে চাই সেই সব কাজে এরা বাধা দিচ্ছেন। তারা বলছেন যে যেসব বাঁধ ভেঙ্গে গিয়েছে সেই সব রেসটোরেশন প্রোগ্রামে এদের নাকি লাগান যাবেনা এই রকম সার্কুলার নাকি এসেছে। আমরা আর একটা কথা বলি। আমাদের বিরোধী পক্ষের সদস্য মাননীয় দেব প্রসাদ সরকার মহাশয় যে কথাগুলি বললেন ট্যাক্স নিয়ে, তাতে তিনি বলেছেন যে বিভিন্ন রকম ট্যাক্স নাকি করা হয়েছে। ট্যাক্স করা হয়েছে এবং কেন করা হয়েছে সেটা তিনি ভালভাবেই জানেন। আমাদের পায়ে ভর দিয়ে চলতে চাই এবং সেজন্য কেন্দ্রের কাছ থেকে সাহায্য চাই সেকথা একবারও মুখে বললেন না বা উচ্চারণ করলেন না। আরও দেখলাম বন্যার কথাও তিনি বললেন না, শুধু বিরোধিতার জন্যই বিরোধিতা করলেন এবং সেই ভাবেই লেকচার দিলেন। আমরা বিভিন্ন সময়ে দেখি কংগ্রেস পক্ষের প্রায় সদস্যই আসেন এবং লেকচার দিয়ে দুচার কথা বলে যান, কিন্তু যে সমস্ত বিষয়ে আমরা জানতে চাই, সেসব কথা কিছু বলেন না, এবং বিরোধিতার জন্যই বিরোধিতা করে যান। দেবপ্রসাদ সরকার মহাশয়ও দেখছি সে পথ অনুসরণ করেছেন বা করছেন। আমি আর একটা কথা বলি আমাদের রাজ্য সরকার কেন্দ্রের সাথে মহার্ঘভাতা দিয়েছেন, মহার্ঘ ভাতা কেন্দ্রের সঙ্গে সমান করে দিতে চলেছেন। এটা একটা ঐতিহাসিক ঘটনা। আমরা দেখেছি কংগ্রেস সবার বহুদিন আগে থেকে বলে আসছিলেন যে এই ব্যবস্থা তারা নেবেন কিন্তু নিতে পারেন নি। স্বর্গত বিধানচন্দ্র রায়ের আমল থেকে, শ্রীপ্রফুল্ল চন্দ্র সেনের আমল পর্যন্ত এটা করতে পারেন নি, ওরা বরাবরই বলেছেন দেবেন কিন্তু এটা কখনও করেত পারেন নি। এই সরকার ক্লাস টেন পর্যন্ত পড়া বিনা পয়সায় করার বন্দোবস্ত করেছেন।

**(বিরোধী পক্ষ থেকেঃ এখনও করেননি, ১৯৮০ সালে করবেন বলেছেন)**

আমি যেটা বলতে যাচ্ছি সেটা হচ্ছে গত দেড় বছরের মধ্যে যা করা হয়েছে সেই করাটা যে কৃতিত্বের সেটা আপনারা অস্বীকার করছেন কেন? আপনারা নিশ্চয়ই ঈর্ষাবশত বা ঈর্ষান্বিত হয়েই এই সব কথাবার্তা বলছেন। আর পরিবেশ আমরা দূষিত করতে চাইনা, আপনারাই কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক খারাপ করার চেষ্টা করছেন। কিন্তু আমরা কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক যাতে ভাল হয়, সেই পরিবেশ সৃষ্টির জন্যই অর্থ সাহায্য চাইছি এই করে রাজ্যকে শক্তিশালী করতে চাইছি এবং কেন্দ্রকে শক্তিশালী করতে চাইছি, একথা মনে করিয়ে দিতে চাই। আর সেটাই অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় প্রতিফলিত হয়েছে। আমি এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 P.M.]

**শ্রী স্বদেশ রঞ্জন মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট বক্তৃতা আলোচনা আরম্ভ করার আগে আমি দুই একটি কথা বলতে চাই। এই হাউসের বিতর্কে অংশ গ্রহণ করে প্রবীণ সদস্য আর এস পি-এর অমলেন্দ্র রায় বলেছেন বিরোধী পক্ষের দলনেতা কাশীকান্ত মৈত্র মহাশয় বেকার সমস্যার কথা বলেছেন কিন্তু তার সমাধানের কথা কিছু বলেননি, এই বলে তিনি অভিযোগ করেছেন। কিন্তু সেই ব্যাপারে আলোচনা একটা দীর্ঘ সময় সাপেক্ষ ব্যাপার, এই বাজেট আলোচনায় সেটা সম্ভব নয়, তিনি বরং তার ফ্রন্টের চিফ মিনিস্টারকে বলুন এই ব্যাপারে একটা ডিসকাশন ইনভাইট করার জন্য, বিধানসভার দু মিনিটের আলোচনায় এত বড় সমস্যার সমাধান করা যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র তার দীর্ঘ ৩৯ পৃষ্ঠার বাজেট ভাষণের এক তৃতীয়াংশে কেন্দ্র রাজ্যের সম্পর্ক সম্পর্কে অনেক কথা বার্তা বলেছেন, কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। সব চেয়ে দুঃখজনক ব্যাপার এই বাজেট বক্তৃতায় ৯ পৃষ্ঠায় তার বিবৃতির মধ্যে তিনি একটা শব্দ ব্যবহার করেছেন, তার মতো একজন পন্ডিত লোকের পক্ষে কি করে এই শব্দ তিনি ব্যবহার করলেন, সেটা আমি জানি না। আমি এখান থেকে পড়ে দিচ্ছি। তিনি বলেছেন "যোজনা কর্মসূচিটি সংবিধানের উপর ব্যাভিচার সামিল।" এই 'ব্যভিচার' শব্দটা মাননীয় মন্ত্রী বিবৃতির মধ্যে শোভা পায় কিনা সেই বিষয়ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় অবহিত করতে চাই। আশা করি তিনি এই শব্দটার প্রয়োগ ঠিক হয়েছে কিনা সেই সম্পর্কে বললেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দীর্ঘ বাজেট ১৯৭৭-৭৮ সালে বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী প্রথম পৃষ্ঠায় বলেছেন, বাজেট কি। তার ভাষায় বলি, " বাজেট সরকারের আয়-ব্যায়ের হিসাব সম্পর্কিত বিবৃতি।" কিন্তু এইখানে এত অপ্রাসঙ্গিক বিষয় জুড়ে দিয়েছেন যে তাতে বাজেটের কলেবর বৃদ্ধি পেয়েছে, কিন্তু বাজেটে যথাযথ সারবস্তু নেই। তার কারণ গতবারের বাজেটে কোনও খাতে কত দেবেন সেটা ছিল। বিদ্যুতে তিনি বলেছিলেন ১১৫ কোটি টাকা, শিক্ষাখাতে ৪২ কোটি টাকা, এক্সট্রা ১৩ কোটি টাকা ধরেছিলেন। স্বাস্থ্য খাতে তিনি ধরেছিলেন ৫ কোটি টাকা। এইবার নতুন ফর্মে তিনি যে বাজেট পেশ করলেন তাতে কোন খাতে কত টাকা তা তিনি দিলেন না। এইটাই হচ্ছে আমার জিজ্ঞাসা। আর একটি কথা তিনি কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতার কথা বলেছেন। কিন্তু যেখানে কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতার কথা বলেছেন সেখানে তিনি ল্যাঙ্গুয়েজের মারপ্যাঁচ দিয়েছেন। তার ফলে আপাতদৃষ্ট মনে হবে "পে-কমিশনের অন্তর্ভুক্ত বেসরকারি কলেজ, স্কুলের শিক্ষক, কর্মচারী তারা কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা পাবেন। কিন্তু তা নয়। সেই অংশ পড়ে শোনাচ্ছি। এর অর্থ উদ্ধার করতে কি অসুবিধা সেটা মাননীয় সদস্য যারা বাজেট পড়েছেন তার বুঝতে পারবেন। সেখানে তিনি বলেছেন শিক্ষক সহ বেতন কমিশনের আওতাভুক্ত এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সমস্ত কর্মচারী ১৯৭৯ সালের ১লা এপ্রিল থেকে অতিরিক্ত মহার্ঘ ভাতা পাবেন। তিনি পরিস্কার বলে দিতে পারতেন, আমরা সকলেই কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেব। কিন্তু না অত্যন্ত অ্যামবিগুয়াস হয়েছে। এখানে তিনি সকলকে কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিচ্ছেন না। বর্তমান রাজ্য সরকারি কর্মচারীরা যে বেতন পাচ্ছেন, তার বেসিক পে অনুযায়ী কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা পৌঁছতে গেলে যে ডি এ হবে সেই ডি এটুকু দিচ্ছেন। তাহলে সেটা সোজাসুজি বলে দিলেই হত, এত ঝামেলা ঝঞ্ঝাটের

প্রয়োজন হত না। আশায় অনেকে বুক পেতে আছেন, আবার নিরাশায় অনেকে মুখ কালো করে বসে আছেন। অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা রচনা করেছেন স্পোর্টিং স্পিরিট নিয়ে তার মতে। তিনি ফ্রিলি বলুন, তার প্রগতিশীল সরকার ফ্রিলি উচ্চারণ করুন, এত লুকোচুরির ব্যাপার, এত ভাষার ম্যারপাঁচ-এর কি আছেন। আমি সেইজন্য মাননীয় অর্থমন্ত্রী তার উত্তরদানের সময় অনুরোধ করব তিনি যেন এই বিষয়টা পরিস্কারভাবে বুঝিয়ে দেন আমাদের কাছে। আর একটা কথা, তিনি কন্ট্রাডিকটরি কথাও বলেছেন। যদি দয়া করে ২৫ পৃষ্ঠা যদি দেখেন তাহলে ভাল হয়। আমরা কেন্দ্রের কাছে মহার্ঘ ভাতা কেন্দ্রীয় হারে দিচ্ছি এরজন্য জানাবে এবং তার কাছ থেকে টাকা চাইবো। কিন্তু কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা সকলকে না দিয়ে তিনি চাইছেন। এইটাই হচ্ছে, আমার জিজ্ঞাস্য। নিশ্চয় এটা কন্ট্রাডিকটারি কথা হচ্ছে। আর একটা কথা তিনি এই বাজেটে ১২শো প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কথা বলেছেন। তাহলে আগের বারের বাজেটে এক হাজার করে দু হাজার, আর এইবার ১২ শো, মোট ৩২ শো। এই যে ৩২ শো প্রাথমিক স্কুল করছেন আমি বিনীতভাবে অনুরোধ করছি তারা দু হাজার স্কুলের মধ্যে কত স্কুল এই পর্যন্ত স্থাপন করেছেন। দয়া করে সেই বিভাগের প্রাথমিক স্কুল বিভাগের মন্ত্রী তিনি যেন স্টেটমেন্ট দেন আমাদের কাছে। আমরা অন্ধকারের মধ্যে আছি। হচ্ছে হচ্ছে শুনছি। কোথায় হচ্ছে কি হচ্ছে, তা কিছু জানা নেই। আর একটা ইন্টারেস্টিং জিনিস। দু হাজার বিশেষ স্কুল খুলে আরও এক লক্ষ ১০ হাজার প্রথাগত পদ্ধতির বাইরে শিক্ষা দানের পরিকল্পনা আছে। এই বস্তুটা কি? প্রথাগত পদ্ধতি বাইরে, সেখানে কি তাহলে শেখানো হবে? তার একটা আউটলাইল অন্তত পক্ষে ইঙ্গিত যদি দিতে পারতেন তাহলে ভাল হত সেখানে কি ঈশ্বর মানিও না—এই শিক্ষা দেওয়া হবে? না, অন্য কিছু শিক্ষা দেওয়া হবে। এ হচ্ছে ফান্ডামেন্টাল কোয়েশ্চেন এটা কি রকম হবে এটা কি প্রথাগত পদ্ধতির বাইরে যাবে? স্যার, আপনি জানেন পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষকদের যে বেতন কাঠামো আজ পর্যন্ত যা হয়েছে সেই কাঠামোর মূলে যদি যান অর্থাৎ শুরুতে যদি যান তাহলে দেখতে পাবেন সাধারণ টিচাররা পান ২২০ টাকা আর ট্রেন্ড টিচাররা পান ২৩০ টাকা। আমি বলেছিলাম এটা ৩০০ টাকা করার জন্য। যেখানে আপনারা এত টাকা খরছ করছেন আর যে প্রাথমিক শিক্ষকদের উপর দেশের ভবিষ্যত শিক্ষা নির্ভর করছে বাচ্ছাদের যারা শিক্ষা দিচ্ছে যাদের দ্বারা দেশের ভবিষ্যত সুনাগরিক গড়ে উঠবে তাদের সম্বন্ধে আপনারা একটু চিন্তা করুন। আমি এক্সপেক্ট করেছিলাম এই সরকার তাদের সম্বন্ধে বিশেষভাবে চিন্তা করবেন তারা আজ দীর্ঘ দিন ধরে অবহেলিত, অন্তত ৩০০ থেকে স্টার্টিং করুন। আমি আশা করি আপনারা এ সম্বন্ধে চিন্তা করবেন। তারপর স্বাস্থ্য সম্পর্কে কিছু বলতে চাই। গ্রামের মধ্যে গিয়ে দেখুন এবং শহরেও আজকে কি মশার উপদ্রব প্রচুর পরিমাণে ম্যালেরিয়া হচ্ছে, আপনাদের কর্মক্ষমতার অভাবের জন্যই হোক বা যে কোনও কারণেই হোক ফাইলেরিয়া এবং ম্যালেরিয়া যদি প্রিভেন্ট করতে হয় তাহলে আপনাদের তরফ থেকে আরও বেশি উদ্যোগী হওয়া দরকার। যদি প্রয়োজন হয় তাহলে স্বাস্থ্য বিভাগে আপনারা আরও বেশি লোক নিন এবং একটা সুষ্ঠু পরিকল্পনা করে এর প্রতিকারের ব্যবস্থা করুন। শুধু প্রতিশ্রুতি দিলেই হবে না। তারপর সিমেন্ট সম্পর্কে আমার কিছু বলার আছে। গত ১লা অক্টোবর থেকে এই সিমেন্টের ব্যাপারটি রাজ্য সরকার হাতে নিয়েছেন। হাতে নিয়ে আপনারা কি করেছেন সিমেন্টের দাম বাড়িয়েছেন এবং সরবরাহের ক্ষেত্রে একটা ভীষণ জটিলতা সৃষ্টি

[6-30 — 6-40 P.M.]

হয়েছে। আপনারা ডিলার ঠিক করছেন তারা ২৭ হাজার টাকা জমা দিয়েছে সিমেন্টের অ্যালটমেন্ট তারা পাচ্ছে না। ফলে বাজারে ক্রাইসিসের সৃষ্টি হয়েছে একটা ডেডলক পজিশনে গিয়ে দাঁড়িয়েছে এবং লোককে সেই এক বস্তা সিমেন্টের জন্য হাহা করতে হচ্ছে এবং ব্ল্যাক থেকে সিমেন্ট কিনতে হচ্ছে। আমি চলচিত্র সম্পর্কে কিছু দুর্বলতা লক্ষ্য করলাম। তাদের সম্পর্কে অনেক কথা বলেছেন। কিন্তু যাত্রা ব্যাপারে ট্যাক্স ফেলেছেন। কিন্তু এই যাত্রা

[6-20 — 6-30 P.M.]

সাধারণ মানুষের একটা রিক্রিয়েশন। এই যে সব মানুষ নিষ্পেষিত অবস্থা রয়েছে দারিদ্র সীমার নিচে যারা রয়েছে তারা মাঝে মাঝে এই সব যাত্রা দেখে একটু আনন্দ পায়। তাদের এই সামান্য রিক্রিয়েশনে আপনারা আঘাত করলেন। এটা উঠিয়ে দেওয়াই ভাল। কারণ যে ট্যাক্স যাত্রা পার্টিতে বসালেন ডেফিনিটলি ঐ পার্টি সেই গরিব জনসাধারণের উপরই লেভি করবে। এই ট্যাক্স দিয়ে শিল্পীদের পেনশন দেবেন কিন্তু সেখানে যাত্রা শিল্পীদের পেনশনের সম্পর্কে কোনও কার্যকর ব্যবস্থা দেখতে পাচ্ছি না। আপনারা মুখে বলেন অনেক কথা কিন্তু কাজের দেখি কিছুই নাই। যদি ইমপ্লিমেন্টেশন না হয় তাহলে এই বাজেট আলোচনা করে লাভ কি। আমাদের অর্থ মন্ত্রী অনেক অপ্রাসঙ্গিক কথা এই বাজেটে তুলেছেন। তিনি বলেছেন ইউনিভার্সিটিতে আরও ভাল লোক নিয়ে কমিটি করা হবে। কিন্তু এই বাজেটের মধ্যে এই প্রশ্ন কেন? ধান ভানতে শিবের গীত কি দরকার। এটা খুবই দুর্ভাগ্যজনক। আমি তো জানি অর্থ মন্ত্রী পন্ডিত লোক। তিনি এই বিষয়টি এইভাবে রাখলেন যার এই বাজেটে কোনও প্রয়োজন নেই। এই প্রসঙ্গে আমি সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়কে বলব যে আপনি প্লেস করবেন তা আমরা জানি। কিন্তু আমার অনুরোধ যে আপনি লো-রেটে ইরিগেশন কন্ট্রাক্টরকে কন্ট্রাক্ট নিতে দেবেন না। আজকে এই রকম অবস্থা চলছে। ৫০ হাজার টাকার কেসে আলটেড হয় ৪০ হাজার টাকা। কন্ট্রাক্টর কি তার বাবার পয়সা দিয়ে করে দেবে? দেশ এত উন্নত হয়ে যায়নি, দেশের লোক এত উদার হয়ে যায় নি যে নিজের গাঁটের পয়সা খরচ করে উপকার করে দিয়ে যাবে। এই ভাবনা চিন্তা আপনি করলেন না? তার যেটুকু প্রাপ্য সে সেইটুকুই পেত। ৫০ হাজার টাকার কাজ ৪০ হাজার টাকা কন্ট্রাক্টর করবে কি করে এখানে ওখানে দিয়ে ২০ হাজার টাকা মেরেছে। আমি কতকগুলি স্পেসিফিক কেস আমার এলাকার মুখ্যমন্ত্রীর কাছে দিয়েছিলাম। সেগুলি ঠিকমতো তদন্ত হয়নি। কি হয়েছে সেটাও আমি জানি না। অনেক আশা মাননীয় অর্থমন্ত্রী এই পঞ্চায়েতগুলির উপর করেছেন। আমি খুব তিক্ত অভিজ্ঞতা নিয়ে বলছি সরকারি জি ও একদম মানছে না, আবার জি ও গেছে। করাপটেড অফিসার সব বসে আছে। কি অনুদানের ক্ষেত্রে, কি এফ এফ ডবলিউ স্কীমের ক্ষেত্রে, কি আর ডবলিউ পি স্কীমের ক্ষেত্রে মানা হচ্ছে না। এটা কেন হচ্ছে? আপনি হয়ত মনে করবেন সি পি এম-এর সব প্রধান আছে বলে আমি ঈর্ষাবান হয়ে এই কথা বলছি। মোটেই তা নয়, আমি স্পেসিফিক কমপ্লেন করেছি, বিভিন্ন দপ্তরে জমা দিয়েছি, চিফ মিনিস্টারের কাছে দিয়েছি। দু মাস হয়ে গেল তার কোনও রেসপনস নেই। তারা করছেন কি? সমস্ত টাকা তুলে নিয়ে সুদে খাটাচ্ছেন অনুদানের টাকা। আমি রেডিওগ্রাম করে জানিয়েছি, গভর্নমেন্ট

সার্কুলার দিয়েছে। আমি জানিয়েছি প্রত্যেক অঞ্চল প্রধান এই জিনিস করছে। আমি তাদের বলেছি আপনারা গভর্নমেন্ট অর্ডার অনুযায়ী টাকা পয়সা লোককে দিন। হাউসের অনুদান, ফ্যামিলি অনুদান নয়। একটি ফ্যামিলির একজনই পাবে। কিন্তু ৪ জায়গায় ৬টি করে পরস্পর পারসেন্টেজ করে নিজেদের লোকজনের নিয়ে টাকা পয়সা ভাগ করে নিচ্ছে। এইভাবে অপচয় করে সব শেষ করে দিচ্ছে। এই অপচয় বন্ধ করতে কঠোর মনোভাব পোষণ করুন। আপনি যদি স্ট্রেট অবজার্ভেশন না করেন তাহলে পঞ্চায়েতের কাজ শেষ হয়ে যাবে। জনসাধারণের ভাল করবার জন্য চেষ্টা করুন। এটা যদি না করেন তাহলে ভালর নামে অভিনয় হয়ে যাবে। আপনি শহরে থাকেন গ্রামের কথা কি করে বুঝলেন পরিশেষে আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার পূর্ণ বিরোধিতা করছি এবং সঙ্গে সঙ্গে বলছি এটা অস্পষ্ট অপ্রাসঙ্গিক দোষে দুষ্ট এবং বিশেষ দৃষ্টিভঙ্গি দ্বারা কেন্দ্রের উপর জেহাদ ঘোষণা করার ভ্রান্ত অপচেষ্টা ছাড়া আর কিছুই নয় এই কথা বলে আমি এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। এই বাজেটের উপর বক্তৃতা করতে গিয়ে বিরোধী পক্ষের দু একজন সদস্য বিশেষ করে কাশীকান্ত মৈত্র মহাশয় যেভাবে বললেন তাতে মনে হল, উনি উকিল মানুষ না ব্যারিস্টার আমি ঠিক জানি না, একটি উইক কেসের স্ট্রংলি অ্যাডভোকেসি করার চেষ্টা করছেন। বাজেটে যে অ্যাপ্রোচ আছে সেই অ্যাপ্রোচের দিকে লক্ষ্য না করে কোথায় কোনও টাকা খরচ করতে পারলেন না ইত্যাদি নানা রকম ফ্লট ফাইন্ডিং করার চেষ্টা করলেন। এ বছর কিছুই খরচ হয়নি বলছেন, বছরটা কি শেষ হয়ে গিয়েছে নাকি?

আর বছর শেষ হয়ে গেলেও তার হিসাব নিকাশ হয়ে গিয়েছে কি? কাজেই উনি একটা অ্যাডভান্স মন্তব্য এখান করে গেলেন। উনি আরও অনেক কথা বলেছেন সেগুলির সব উত্তর দেবার প্রয়োজন নেই। স্যার, এখানে বাজেটের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় প্রথমেই বলছেন যে, একটা ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে আমরা আছি এবং সেই ব্যবস্থার মধ্যে থেকেই আমাদের এখানে কাজ করতে হচ্ছে এবং এটাই হচ্ছে মূল কথা। এখন এই ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে থেকে কাজ করার মানেটা কি? স্যার, এখনও কেন্দ্রীয় বাজেট পেশ করা হয়নি। কিন্তু নানা ভাবে শুনছি বা পড়ছি কেন্দ্রীয় সরকার ৫০০ কোটি টাকার ডেফিসিট বাজেট করবেন। এইভাবে বরাবর ডেফিসিট বাজেট করে, ইনফ্লেশন করে ওরা গোটা ভারতবর্ষকে যে জায়গায় দাঁড় করিয়েছেন তা থেকে পশ্চিমবাংলা বাঁচতে পারে না, এটা বিরোধীদলে এখানে যারা আছেন তারা ভালভাবেই জানেন। কাজেই এই ব্যবস্থার মধ্যে থেকেই আমাদের কাজ করতে হবে, চেষ্টা করতে হবে। সেখানে সেই চেষ্টা আমাদের অর্থমন্ত্রী মহাশয় যতদূর সম্ভব করছেন এই উপলব্ধিটা ওদের মাথায় কিছুতেই আসছে না। এখন আমাদের যে বাজেটের কৌশলটা কি? এই কৌশলটা যদি বুঝতে হয় তাহলে একটু তলিয়ে দেখতে হবে। কেন্দ্রীয় সরকারের ডেফিসিট বাজেট, ইনফ্লেশন নানা ধরনের গন্ডগোল ইত্যাদির জন্য যে চাপ আসছে সেই চাপ থেকে ভারতবর্ষ মুক্ত নয়, পশ্চিমবাংলা তো নয়ই, এখন তার মধ্যেই

দাঁড়িয়ে উনি কতটা করতে পারেন সেটাই হচ্ছে কৌশল। স্যার, বাজেটটা পড়ে দেখলে দেখা যাবে সেখানে রিলিফ টু দি পুয়োর গরিব লোকদের কিছু কিছু রেহাই দেবার উনি ব্যবস্থা করেছেন। গরিবদের উপর যে অত্যাচার সেটা বন্ধ করার ক্ষমতা তার নেই সেটা জানা কথা- ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্যের অর্থমন্ত্রীর তাদের তা থেকে মুক্ত করার ক্ষমতা নেই কিন্তু সেখানে তাদের কিছু রেহাই দেবার ক্ষমতা তারা যা আছে সেটা তিনি সুযোগ্যভাবে ব্যবসা করেছেন। অনেকে বলেছেন, অমুককে অত দিলেন, তমুককে অত দিলেন কিন্তু গরিব মানুষদের কি দিলেন? সেখানে তারা দেখেন নি তিনি গরিব মানুষদের কি দিয়েছেন। গতবারের মকুবের ব্যাপারটা তো আছেই, গরিব মানুষদের খাজনা মকুব সেটা রিলিফ টু দি পুয়োরের মধ্যে পড়ে তা ছাড়াও গ্রামের গরিব লোকদের আরও কিছু দেবার চেষ্টা করা হয়েছে। সেখানে তারা চাকরি করেনা যে তাদের মাহিনা বাড়িয়ে দেওয়া যাবে, কাজেই অন্যান্য ভাবে তাদের কিছু দেবার ব্যবস্থা করা হয়েছে। সেখানে টি আর স্কীম, এম টি আর আর ডবলু পি এইসব স্কীমের কাজ প্রতি গ্রামপঞ্চায়েতকে দেওয়া হয়েছে। এইসব মিলিয়ে দেখা যাচ্ছে প্রায় ২৩ কোটি ৩৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং তাদের মধ্যে সেটা বিলিবণ্টন করা হবে। তাছাড়া যেটা ওরা কোনওদিনই ব্যবহার করেন নি কংগ্রেসি আমলে সেটা এবারে ব্যবহার করা হচ্ছে। সেখানে কেন্দ্রীয় সরকার থেকে যে গম আসছে তার মূল্য হচ্ছে ৫২ কোটি ২৭ লক্ষ, ৬ হাজার টাকা। সব মিলিয়ে ৭৫ কোটি ৬৩ লক্ষ ৬ হাজার টাকা। এই টাকাটা টেস্ট রিলিফের মাধ্যমেই হোক বা অন্য ভাবেই হোক ঐ গ্রামের গরিব মানুষগুলি যাদের সঙ্গে আমরা বেশি পরিচিতি ওরা নয় তারা পাবে। এই টাকার প্রতিশ্রুতি এই বাজেটের মধ্যে আছে। গত বছরের অভিজ্ঞতা থেকে দেখছি যা ছিল তার থেকে বেশি দেওয়া হয়েছে, এবারেও যদি বেশি যায় আমরা অবাক হব না। এইভাবে এইসমস্ত স্কীমের মাধ্যমে গ্রামের গরিব লোকদের সাহায্য করা হয়েছে অপর দিকে গতবারে যে খাজনা মকুব করা হয়েছে সেটা এবারেও আছে, খাজনা দিতে হচ্ছে না। তা ছাড়াও আরও আছে সেখানে এবারে টিউশন ফিস টা বাদ গেল। ক্লাস ফাইভ পর্যন্ত আগেই হয়েছে এবারে ক্লাস এইট পর্যন্ত, ক্লাস টেন পর্যন্ত হয়ে যাচ্ছে। তাদের রিলিফ কে পাবে? সেখানে সাধারণ মানুষ রিলিফ পাবে। তারপর রিলিফ আরও পাবে, কর্মচারিরা পাবে, যারা একটু নিচু স্তরের কর্মচারী তারা পাবে। তারা প্রতি বছর এক্সগ্রাসিয়া পাচ্ছে, এবারেও পাবে, তার উপর সেন্ট্রাল ডি এ তাদের কাছে কিছুটা গেল, এই ভাবে গ্রামের কৃষক; মধ্যবিত্ত কর্মচারী, সবাই মিলে নানা দিক থেকে এই সরকার এর কাছ থেকে রিলিফি পাচ্ছে, টাকা পাচ্ছে। এই সরকারের নীতি হচ্ছে গরিবদের কতখানি রিলিফ দেওয়া যায় আর ধনীদের কাছ থেকে কতখানি নেওয়া যায় এটাই হচ্ছে এই সরকারের স্ট্রাটেজি। বাজেটের মধ্যে যেটা আছে দেখতে পাচ্ছি, কন্ট্রাক্টারদের উপর ট্যাক্স করার চেষ্টা করা হয়েছে, অর্থ মন্ত্রী মহাশয়, কিন্তু তা করতে পারেন নি। দিল্লির জনতা সরকার বাধা দিয়েছে, জনতা বন্ধুরা নিশ্চয়ই এই ব্যাপারে সাহায্য করতে পারতেন, কিন্তু তারা তা করেননি। কোল মাইনসের জমির উপর ট্যাক্সের ব্যাপার ছিল, গতবার সেটা শুনেছিলাম, কিন্তু দিল্লি থেকে বাধা দেওয়া হয়েছে। জনতা বন্ধুরা যদি এই বিষয়ে সাহায্য করতেন তাহলে পশ্চিমবঙ্গের কিছুটা সাহায্য হত, তারা কিন্তু তা করেন নি। বর্তমানে বড় কন্ট্রাক্টারদের উপর এমন জিনিস করা হয়েছে, তারা সারা বছরে যে পার্চেজ করবে, সেই পার্চেজের উপর ট্যাক্স বসানো হবে। তারপর কিছু বিলাস দ্রব্যের উপর ট্যাক্স বসানো হয়েছে, বিলাতি মদ যারা খাবেন, তাদেরকে

ট্যাক্স দিতে হবে। ঘোড় দৌড়, এই সব জিনিসের উপর ট্যাক্স বসানো হয়েছে। এই সব ব্যাপারে গ্রামের মানুষ খুব খুশি। কাজেই এইভাবে নানা দিক থেকে আমরা কিছু কিছু খসাবার চেষ্টা করেছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ধনীদের কাছ থেকে যতটা পারেন খসাবার চেষ্টা করেছেন এবং গরিবদের যতটা সুবিধা দেওয়া সম্ভব, তিনি তা দিয়েছেন। এই স্ট্রাটেজি আমরা লক্ষ্য করেছি। কিছু কিছু বন্ধু বললেন, বিশেষ করে এস ইউ সি-র একজন বন্ধু বললেন ট্রান্সপোর্টের ব্যাপারে, সেখানে লোকসান হচ্ছে এবং গভর্নমেন্টের যে সমস্ত কনসার্ন আছে সেইগুলোতে লোকসান হচ্ছে। লোকসান হচ্ছে বলে কি উঠিয়ে দিতে হবে নাকি? ট্রান্সপোর্টে লোকসান হচ্ছে, নানা জায়গায় লোকসান হচেছ ঠিক কথা। বর্তমানে যে যন্ত্রপাতি, মেশিনারি বসানো আছে, প্রত্যেকটি মেশিনারি মেন্টেনের দায়িত্ব এই সরকারের এবং তার থেকে যতটুকু সুবিধা আদায় করা যায়, তার ব্যবস্থা এই বাজেটের মধ্যে আছে। এই কনসার্নগুলো থেকে যতটা পারি সুবিধা আদায় করব এবং এই সব গরিব ড্রাইভার কন্ডাক্টার, এরাও রিলিফ পেয়েছে, তারা বর্ধিত হারে মাইনে পাবে। সুতরাং এই যে সব পাবলিক সেক্টার বসানো হয়েছে, ওরা যেভাবে করে গেছেন, তার ফসল হচ্ছে লোকসান, এই লোকসানের হাত থেকে এই সংস্থাগুলোকে রক্ষা করার ক্ষমতা এই পুঁজিবাদী সিস্টেমে কারোর নেই। ঠিক কথা to maintain to them and utilise then to the best of the people. এই নীতি এখানে রেখে এই গভর্নমেন্টকে চালাতে হচ্ছে। এখানে এখন শ্রী দেবপ্রসাদ সরকারের দু একটি কথার উত্তর দিতে হয়। উনি বললেন যে পার ক্যাপিটা ইনকাম বেড়েছে, না কমেছে? সমস্ত ইনকাম যোগ করে সমস্ত মানুষ দিয়ে ভাগ করা হয়েছে, সুতরাং কি করে বোঝা যাবে? কিন্তু আমি ওনাকে বলব যে, লক্ষ্য করতে হবে এগ্রিকালচারাল সেক্টারে ইনকাম বেড়েছে কিনা, ফুড ফ্রন্টে ইনকাম বেড়েছে কিনা?

যদি ফিগারগুলি দেখা যায় তাহলে দেখব যে, এগ্রিকালচারাল সেক্টরে ইনকাম বেড়েছে, কমার্স বা ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে ইনকাম বাড়েনি। তাহলে দেখা যাচ্ছে যে, চাষীদের ইনকাম বেড়েছে, তবে তার মধ্যে নিশ্চয়ই কোথাও কোথাও কিছু কিছু বড় চাষীদের ইনকাম বেড়েছে। তাহলে মূলত একটা ফিগার দিয়ে বোঝা যাবে যে, পার ক্যাপিটা ইনকাম বেড়েছে যেটা তার একটা সিংহভাগ গিয়েছে গ্রামের সাধারণ মানুষের কাছে। তারপর প্রাইসের কথা বলেছেন। সারা ভারতবর্ষে জিনিসের দাম বেড়েছে, সুতরাং আমরা এখানে তার কি করব? তবে তার মধ্যেও দেখতে পাচ্ছি যে ইনডেক্স যেটা আছে কনজিউমার প্রাইস অফ দি এগ্রিকালচারাল সেক্টর, সেটা কিন্তু কমেছে, ৩২৩ থেকে ৩২১ হয়েছে। এটা লক্ষ্য করার বিষয়। জনতা বন্ধুদের বলব যে, সারা ভারতের যে বাজেটের ইকনমিক রিভিউ গত ২৩ তারিখে ওরা দিয়েছেন তাতে দেখতে পাবেন সারা ভারতে এগ্রিকালচারাল ওয়ার্কারদের মধ্যে প্রাইস ইনডেক্স কমেনি, কিন্তু পশ্চিমবঙ্গে ২২৩ থেকে ২২১ হয়েছে। তাহলে গরিব মানুষের পার্চেসিং-এ একটু প্রভাব পড়েছে। এইভাবে সমগ্র বিষয়টা বিচার করলে দেখা যাবে আমাদের এই বাজেট হল কনটিনিউয়েশন অফ দি লাস্ট বাজেট। তবুও আমরা এই সিস্টেমের মধ্যে বসে কৃষকদের শ্রমিকদের মেহনতী মানুষদের কিছুটা সুরাহা করার চেষ্টা করছি, সামথিং আউট অফ এনিথিং, এটাই আমাদের চেষ্টা। যেখানে যতটুকু পাওয়া যাচ্ছে তাই গরিব মানুষের মধ্যে ঢেলে দেওয়ার চেষ্টা করছি এবং সমস্ত বাজেট বক্তৃতার মধ্যে সেই ষ্ট্রেটেজি মেনটেন করা হচ্ছে,

এই জন্য আমি অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। বিরোধী বন্ধুরা কতগুলি কথা বললেন, কতগুলি দাবি করলেন যেগুলির কোনও ফ্যাক্টস নেই ফিগারস নেই। ওরা বললেন একটাও স্কুল হয়নি। আমি বলতে পারি অ্যাস এ প্রেসিডেন্ট অফ দি স্কুল বোর্ড পূর্ণ দায়িত্ব নিয়ে যে, আই হ্যাভ এস্টাবলিসড অল দি স্কুলস দ্যাট ওয়ার অ্যালোকেটেড। এখানে কেউ যদি বলেন কিছু হয়নি, তাহলে হি মে ভেরিফাই দি ফিগার। সেদিন রামনারায়ণ গোস্বামীও বললেন সারা পশ্চিমবঙ্গে অনেকগুলি হয়েছে। আমি তাকে তার দাবি কনফার্ম করতে অনুরোধ করছি এবং আমি আমার দাবী কনফার্ম করছি। কাজেই একটা ব্যাড কেস নিয়ে নানা রকম পয়েন্ট থেকে আর্গু করলেই কনভিনসিং আর্গুমেন্ট হয় না। আজকে কাশীবাবু বললেন ওপর দিকে টাকা পয়সা দেওয়া হচ্ছে। কিন্তু তিনি সব কিছুর সঙ্গে আমরা দেখতে পাচ্ছি পরিচিত নন। একথা কি তিনি জানেন আজকে গ্রামে লক্ষ লক্ষ টাকা সাবসিডি দেওয়া হচ্ছে। আজকে একজন কৃষক ১ হাজার টাকার গরু কিনতে চাইলে তাকে গভর্নমেন্ট থেকে ৫০০ টাকা দেওয়া হচ্ছে। এমন কি গ্রামের গরিব মানুষকে ঢেঁকি লোন পর্যন্ত দেওয়া হচ্ছে। যেসব মেয়েরা ঢেঁকিতে ধান ভানে তাদের ২০০ টাকার মধ্যে ১০০ টাকা দেওয়া হচ্ছে। তাই আমি আজকে বিরোধীদের এই সমস্ত ব্যবস্থাগুলি বিচার করতে বলছি। শুধু বিরোধিতার জন্য বিরোধিতা যদি করতে চান করুন, কিন্তু এই বাজেটের সমালোচনা করতে গিয়ে একবার ভারতবর্ষের সেন্ট্রাল বাজেটের পরিপ্রেক্ষিতে এর একটু সমালোচনা করুন। মাননীয় অর্থমন্ত্রী বিশেষ একটা ডাইরেকশন ঠিক করে দিয়েছেন এবং তিনি পশ্চিমবঙ্গে স্ট্যাটিজি অফ দি বাজেট পেশ করেছেন বলে তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি।

[6-40 — 6-50 P.M]

**श्री पुनाई उरायं** : मिस्टर डिप्टी स्पिकर सर, वित्त-मंत्री ने जो बजट इस हाउस के सामने रखा हैं, मैं उसका समर्थन करता हूँ। इसको समर्थन करते हुए, मैं एक-दो वातें आपके माध्यम से इस सदन में रखना चाहता हूँ। आज मैं इस हाउस के अन्दर बहुत सी वातें को सुना हूँ। यह तो स्वाभाविक वात हैं कि विरोधी दल के प्रतिनिधिगण इस बजट का विरोध करेंगे ही। मैं कहना चाहता हूँ कि जलपाईगुड़ी डिस्ट्रिक्ट में बहुत से चाय वगान हैं, उस इलाके में बहुत से किसान भाई भी रहते हैं। ये सभी तरह के लोग कांग्रेसी शासन काल के ३० वर्ष के समय में अवहेलित-उपेक्षित रहे। इनके साथ तरह-तरह के दुर्व्योहार किए गए, इनको सताया गया और इनके उपर जोर-जुल्म और अत्याचार किया गया। मगर आज इस बजट को देखने से ऐसा लगता हैं कि आब इनको राहत मिलेगी।

सर, कांग्रेसी शासन में जिस समय चाय-वगान के मजूर अपनी माँग और अपनी दावी-दावा लेकर जाते थे, पुलिस उनके उपर जुल्म करती थी। उस

समय जब दार्जिलिंग में वोनस आन्दोलन को उठाया गया, तव वहाँ सात माँ-वहनो को मारा गया। कांग्रेसी लोग पावर पाकर साधारण मेहनती मजदूरों को भूल गए थे। किसान लोग अपनी जमीन के लिए जब आन्दोलन करते थे तो पुलिस उनके उपर गोली वर्षा करती थी और गोली खाकर हजारों किसानों ने अपनी जान गवाँ दी हजारों किसान मारे भी गए। इसपर भी कांग्रसियों को शर्म नहीं आती हैं। शायद इनको शर्म हैं ही नहीं?

जो किसान अपनी जमीन में मेहनत करके अनाज उपजाता हैं और लोगों का पेट भरता हैं, उसने जब आन्दोलन किया—चाय वगान के मजदूरों ने अपनी माँग को लेकर जब आन्दोलन किया, तब कांग्रेसी शासन में उसे कुचल दिया गया। आन्दोलन के बिना कांग्रेसी सरकार ने कुछ भी नही दिया। किन्तु जब यहाँ बाम-फ्रान्ट की सरकार प्रतिष्ठित हुई तो इसने मजदूरों और किसानों की असुविधायों की और ध्यान दिया। बिना आन्दोलन के उनकी माँगों को दिलाने की व्यबस्था करती हैं। इसपर भी इनको शर्म नहीं आती हैं। इसीलिए जो बजट अर्थमंत्री ने पेश किया हैं, मैं उसका समर्थन करता हूँ।

१९६९ में बाम-फ्रान्ट की सरकार बनी थी मगर पुरा काम नहीं कर पाई। अब जब पुनः बनी हैं तो इसने जो भी वादे किए हैं, उसको पुरा करने की चेष्टा करती हैं। लेकिन मैंने कांग्रेसी राज्य में देखा था कि लोगों को झूटा आश्वासन दिया जाता था, कांग्रेसी लोग कहते थे कि हम वेकारी दूर कर देंगे, हम गरीबी दूर कर देंगे। उस समय मैंने देखा था कि अगर कोई अपनी जरूरत के लिए पाँच केजी चावल ले जाता था तो कांग्रेमी लोग उसे पकड़वा देते थे। पुलिस उनसे घूस भी लेती थी और उसे थाने में वन्द कर देती थी। लेकिन इन्हीं कांग्रेसी नेताओं के घर में वेइमान—काला बाजारी करने वाले व्यापारी ट्रकों में भर-भर कर चावल पहुँचा देते थे। तव पुलिस चुपचाप रहती थी, कुछ वोल नहीं सकती थी।

लेकिन बाम-फ्रान्ट की सरकार आ जाने से पश्चिम बंगाल की जनता—मजदूर और किसान सभी खुशी में हैं। यहाँ की जनता बुरवक नहीं हैं। अब आप लोग जितना भी वोलिए, उसका असर होने वाला नहीं हैं। किसान-मजदूर सभी समझ गए हैं कि ३० साल के अन्दर कांग्रेसी शासन ने हम लोगों के लिए कुछ नहीं किया हैं। वे जानते हैं कि अगर उनकी भलाई हो सकती हैं तो बाम-फ्रान्ट की सरकार से ही हो सकती हैं। शायद यही समझकर आप लोग भी पगला के माफिक चिल्लाते हैं।

शासन करने वाली गद्दी पर नहीं बैठ पाये–भोट में हार गए, शायद इसी लिए खीझकर और चिल्लाते हैं। आपलोग सोचते हैं कि जब चुनकर इस बिधान सभामें आही गए हैं, तो कुछ वोलना ही पड़ेगा। इसी लिए चिल्लाते हैं। आप समझते हैं कि आखवारों में आप लोगों का नाम निकलेगा और जनता समझेगी कि अमुक नेता ने हमारे लिए बिधान सभा में बहुत कुछ कहा हैं किन्तु उससे कुछ होने वाला नहीं हैं। अब शासन की गद्दी मिलने वाली नहीं हैं।

पश्चिम बंगाल में जब बन्या हुआ तो चाय-वगान के मजदूर–किसान बिना कुछ कहे ही, हजार-हजार रुपया बाढ़ पीड़ितों के सहायतार्थ दिया। लोगों ने अपनी शक्तिके अनुसार दान किया और यह सरकार बाढ़ पीड़ेतों की सहायता करने में सक्षम हुई। जव जलपाईगुड़ी में बात आई तो वहां के किसान–दुकानदार लोग अपनी शक्ति के अनुसार सहायता किया किन्तु कांग्रेसी नेता लोग सब गायब कर दिए। इन लोगों ने बिना कसूर के लोगों को जेलों में डलवा दिया था–जान से मरवा दिया था। विना कसूर के आदमियों को घर से निकलवा दिया था। आज जन शासन इनके हाथ में नहीं हैं तो बड़ी बड़ी वातें कर रहे हैं। मैं तो कहूँगा जितना भी चिल्लाओ अव कोई सुन्नेवाला नहीं हैं।

मैं बिजली के संवंध में कुछ वातें कहना चाहूँगा, कांग्रेसी राज्यमें कांग्रेसी नेताओं ने हमारे इलाके में बड़ी चिकनी-चुपड़ी वातें की थीं। इन लोगों ने कहा था कि जीत जाने पर लाइट लगवा देंगे। परन्तु जीतने के बाद एक भी लाइट नहीं लगी।

अभी-अभी पंचायत चुनाव बड़े अच्छे ढंग से हुआ। पंचायत ठीक तरह से काम भी कर रही हैं मगर बिरोधी पक्षों का कहना हैं कि कुछ काम नहीं होता हैं। मैं आप लोगों से कहता हूँ कि जाकर देखिए, रास्तों पर और गाँवों में लाइट लग गई हैं। आप लोग जूता खोलकर गाँवो में जाइए रास्तों पर जाइए आपको बिजली का प्रकाश मिलेगा। बिना सोचे–समझे कोई अनुचित वात मत कीजिए।

इतना ही कह कर मैं अर्थ मंत्री ने जो वजट पेश किया हैं, उसका समर्थन करता हैं।

**Adjournment**

The House was then adjourned at 6.50 P.M. till 1 P.M. on Wednesday, the 28th February, 1979 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 28th February 1979 at 1 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abdul Mansur Habibullah) in the Chair, 16 Ministers, 3 Ministers of State and 165 Members.

### Held over starred questions (to which oral answers were given)

[1-00—1-10 P.M.]

**বিষ্ণুপুর থানার উলিয়াড়া গ্রামে প্রাচীন পুরাকীর্তি খনন**

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৮।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর থানার উলিয়াড়া গ্রাম পঞ্চায়েতের অধীন ডিহরে প্রাচীন পুরাকীর্তি খননের বিষয়টি সরকার বিবেচনা করছেন কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ যদি হয়, তবে কবে নাগাদ খননকার্য শুরু হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** (ক) বিষ্ণুপুর থানার অন্তর্গত উলিয়াড়া গ্রাম পঞ্চায়েতের অধীনে ডিহরে প্রাচীন পুরাকীর্তি খননের কোনও বিষয় আপাতত সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**মহারাজ নন্দকুমারের বাসগৃহ ও আকালীপুরস্থ মহাকালী মন্দিরের সংরক্ষণ**

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০।) **শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি :** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহারাজ নন্দকুমারের ভদ্রপুরস্থ বাসগৃহ ও আকালীপুরস্থ মহাকালীর মন্দিরটি পুরাকীর্তিরূপে সংরক্ষণের কোনও প্রস্তাব রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ ঐ প্রস্তাব বাস্তবায়িত হইবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** (ক) মহারাজ নন্দকুমারের ভদ্রপুরস্থ বাসগৃহ ও আকালীপুরস্থ

মহাকালীর মন্দিরটি পুরাকীর্তিরূপে সংরক্ষণের কোনও প্রস্তাব বর্তমানে রাজ্য সরকারের কাছে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সরল দেব** : পুরাকীর্তি রক্ষা করার জন্য রাজ্য সরকারের কি কোনও পরিকল্পনা নেই?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : সম্প্রতি রাজ্য সরকার একটা উপদেষ্টা কমিটি তৈরি করেছেন, আমাদের কাছে এই ধরনের অনেকগুলি প্রস্তাব আছে, সেই সমস্ত প্রস্তাবগুলি উপদেষ্টা কমিটি বিবেচনা করছেন।

**শ্রী সরল দেব** : সেই উপদেষ্টা কমিটির কাছে এই প্রস্তাব পাঠালে কি বিবেচনা করা হবে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : প্রস্তাব পাঠাতে পারেন, বিবেচনার কথা বলতে পারি না। উপদেষ্টা কমিটির একটা মাত্র মিটিং হয়েছে, পরের মিটিং-এ সেটা হয়ত আলোচনা হবে।

### বাঁকুড়া-মেজিয়া রেলপথের কাজ

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৫।) **শ্রী রজনীকান্ত দোলুই** : ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া-মেজিয়া রেলপথের কাজ জমি দখলের দীর্ঘসূত্রতার জন্য বিলম্বিত হইতেছে; এবং

(খ) সত্য হইলে, এই ঘটনার কারণ কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** : (ক) না, রেলওয়ে কর্তৃপক্ষের নিকট হইতে আজ পর্যন্ত ভূমি গ্রহণের কোনও প্রস্তাব পাওয়া যায় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### গুল (ব্রিকেট) শিল্পে সঙ্কট

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯০।) **শ্রী অমলেন্দ্র রায়** : কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গুল নির্মাণ (ব্রিকেট) শিল্পে সঙ্কট সম্পর্কে সরকারের কোনও তথ্য আছে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার** : গুল নির্মাণ শিল্পে সংকটের বিষয়ে সরকারের কোনও কিছু

জানা নাই। তবে দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড গুঁড়ো কোক কয়লার (ব্রিজ কোক) উৎপাদন কমিয়া যাওয়ায় গুল নির্মাণ শিল্প সংস্থাতে ঐ গুঁড়া কয়লার সরবরাহ কিয়ৎ পরিমাণে ব্যহত হইয়াছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই কাঁচা মাল যোগানের দিক থেকে যে অসুবিধা হচ্ছে সেটা দূর করার জন্য সরকার নির্দিষ্ট কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি আগেই বলেছি যে দুর্গাপুর প্রোজেক্টস থেকে এটা আসত এবং সেখানে কিছুটা উৎপাদন অসুবিধা হওয়ার জন্য এটা হয়েছে। এছাড়া দুর্গাপুর স্টিল প্ল্যান্ট-এ ব্রিজ কোক উৎপাদন হয়, আমরা তাদের সঙ্গে এই ব্যাপারে যোগাযোগ করবার চেষ্টা করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে ডি.সি.এল এর মেটিরিয়াল কালোবাজারে বিক্রি হচ্ছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি জানি না এবং আমার পক্ষে বলা সম্ভব নয়।

### "বকখালি" ভ্রমণ কেন্দ্র

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৮।) **শ্রী সরল দেব ঃ** পর্যটন (ট্যুরিস্ট) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতার অতি নিকটে অবস্থিত "বকখালি"কে ভ্রমণ কেন্দ্র হিসাবে গড়ে তোলার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী পরিমল মিত্র ঃ** (ক) হ্যাঁ।

(খ) বকখালিতে ভ্রমণ কেন্দ্র হিসাবে গড়িয়া তোলার জন্য ইতিমধ্যে যেখানে একটি পর্যটন আবাস তৈয়ারি করা হইয়াছে। ঐ পর্যটন আবাসটির সম্প্রসারণের এক পরিকল্পনাও গ্রহণ করা হইয়াছে। আগামী আর্থিক বছরে ঐ কাজ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এরজন্য কত টাকা খরচ হবে?

**শ্রী পরিমল মিত্র ঃ** সব কিছু দিয়ে ফারনিস করে ১৫ লক্ষ টাকার মতো খরচ হবে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন বকখালিকে কেন্দ্র করে

কত পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** জমি অধিগ্রহণ করা হয়নি—জমি আগেই ছিল।

**হাওড়ায় ব্রাউন বোভারি কোম্পানি বন্ধের সিদ্ধান্ত**

***১৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০১।) **শ্রী নির্মলকুমার বসু ঃ** বন্ধ ও রুগ্ন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, হিন্দুস্থান ব্রাউন বোভারি কোম্পানি তাঁদের হাওড়ার কারখানা বন্ধ করে দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

(খ) 'ক'-এর উত্তর হাঁা হলে এর কারণ কি; এবং

(গ) এই কারখানাটি অধিগ্রহণের জন্য রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** (ক) ১৯৭৮ সালের আগস্ট মাস থেকে এই কোম্পানির হাওড়া কারখানাটি বন্ধ আছে।

(খ) যতদূর জানা গেছে আর্থিক লোকসান উৎপাদন মূল্যের অত্যধিক বৃদ্ধি এরূপ নানাবিধ কারণে উক্ত কারখানাটি বন্ধ হয়ে গেছে।

(গ) কারখানাটি অধিগ্রহণের কোনও স্থির পরিকল্পনা এখনও পর্যন্ত রাজ্য সরকারের নাই।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই কারখানায় কত লোক কাজ করতেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** কারখানাটি বন্ধ হওয়ার সময় ৩০০ লোক কাজ করতেন।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই জাতীয় কারখানা আপনারা অনেকগুলি অধিগ্রহণ করেছেন—সুতরাং এই কারখানাটি কি অধিগ্রহণ করবার জন্য বিবেচনা করছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এই কারখানাটি যাতে খোলে সেজন্য আলাপ আলোচনা চলছে। পরে যদি না খোলে তাহলে সে বিষয়ে চিন্তা করতে হবে।

**কান্দী মহকুমায় মদগড়িয়া ও রুহা বাঁধ**

***১৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৯।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কান্দী মহকুমায় মদগড়িয়া এবং রুহা বাঁধের ব্যাপারে সম্প্রতি একটি অভিযোগ উঠিয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) উক্ত অভিযোগের ভিত্তিতে কোনও তদন্ত হইয়াছে কি, ও

(২) উক্ত তদন্তের ফলাফল কি?

[1-10—1-20 P.M.]

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** (ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ।

(২) মদগড়িয়া বাঁধের মাটির কাজ সম্পন্ন হইয়াছিল ১৯৭৫ সালের মে মাসে, আর, ইহার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়াছে দীর্ঘ তিন বৎসর পরে যার মধ্যে দু-দুটি বন্যা ঐ এলাকায় ঘটিয়া গিয়াছে। হ্যাঁ অভিযোগ প্রমাণযোগ্য কোনও তথ্য খুঁজিয়া পাওয়া যায় নাই।

রুহা বাঁধের মাটির কাজ শেষ হওয়ার প্রায় ৪ মাস পরে গত আগস্ট মাসে ঐ সম্বন্ধে অভিযোগ পাওয়া যায়। একপক্ষকাল সেই সেচ বিভাগের স্থানীয় এস.ডি.ও. অভিযোগের সত্যতা নির্ণয়ের জন্য ঐ বাঁধে তদন্তকার্য শুরু করেন। ২১০ চেন দীর্ঘ ঐ বাঁধটির ৮৫ চেন তিনি পরীক্ষা করেন। কিন্তু মাঝে মাঝে বৃষ্টিপাত এবং অবশেষে সেপ্টেম্বর মাসের বন্যার জন্য তিনি ঐ তদন্ত শেষ করিতে অপারগ হন। ইহার পর ২৪/১২/৭৮ তারিখে বিধান সভার মাননীয় সদস্য শ্রী সত্যপদ ভট্টাচার্য স্থানীয় অঞ্চলপ্রধান শরতপুর ব্লক পঞ্চায়েতের সদস্য, অভিযোগকারী, সংশ্লিষ্ট কন্ট্রাক্টরের প্রতিনিধি ও সেচ বিভাগের সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারদের উপস্থিতিতে একটি অনুসন্ধানকার্য অনুষ্ঠিত হয়। ঐ বাঁধের ১১৪ ও ১৩৭ চেনে মাটি কাটিয়া ফেলিয়া বাঁধের সংস্কার পূর্ব অবস্থান নির্ধারণের চেষ্টা করা হয়। ইহাতে বাঁধের মাটির বিভিন্ন স্তর বুঝিতে পারা গেলেও বাঁধের সংস্কার-পূর্ব প্রকৃত অবস্থান সম্বন্ধে মতভেদ দেখা দেয়। বিভিন্ন স্থানে বাঁধ কাটিয়াও মতভেদ দূর না হওয়ায় এই সিদ্ধান্ত লওয়া হয় যে বাঁধের ১২০ ও ২১০ চেনের মধ্যবর্তী অংশের সংস্কার পূর্ব অবস্থান নির্ধারণের জন্য পূর্বেকার জরিপের নথিপত্র হইতে নদীর Gross Section সম্বন্ধে জরীপের রেকর্ড পরীক্ষা করিয়া দেখা হইবে, কারণ অনেক সময় দেখা যায় সে ঐ জরিপে নদীর তীরবর্তী বাঁধগুলিও অন্তর্ভুক্ত করা হইয়াছে। এই পরীক্ষার ফলাফল এখনও জানা যায় নাই।

এই তদন্তকল্পে শেষ না হওয়া পর্যন্ত কন্ট্রাক্টরের বিলের টাকা পরিশোধ বন্ধ রাখা হইয়াছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** মদগড়িয়া বাঁধের কাজে অভিযোগ উঠেছে। এই ব্যাপারে

একজিকিউটিভ ইঞ্জিনিয়ার কোনও তদন্ত করে নি এই খবর জানা আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** এই ব্যাপারে নোটিশ দিলে বলতে পারব। তবে রুহা বাঁধের কিছু গোলমাল আছে এবং তার তদন্ত হয়েছে। সেখানে আপনিও ছিলেন, এস.ডি.ও অঞ্চল প্রধানের লোক ছিল তবে বন্যা আসার জন্য তা কমপ্লিট করা হয়নি। যেহেতু সন্দেহ হয়েছে যে ওখানে কিছু গোলমাল আছে সেজন্য সেই কন্ট্রাক্টরের পেমেন্ট বন্ধ করে রাখা হয়েছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** এই দুটি বাঁধ অনেক দূরে দূরে। এদুটি বাঁধ আপনি একসঙ্গে গুলিয়ে ফেলেছেন। রুহা বাঁধের এনকোয়ারি হয়েছে এবং বাঁধের মাটি বিভিন্ন জায়গায় খুঁড়ে দেখা গিয়েছে যে অনেক জায়গায় মোটেই মাটি পড়েনি। সেই কন্ট্রাক্টরের পেমেন্ট আপনি বন্ধ করে রেখেছেন কিন্তু এই দুটি বাঁধের কন্ট্রাক্টর একই লোক। সুতরাং এই কন্ট্রাক্টরের লাইসেন্স আপনি ক্যান্সেল করবেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** যদি প্রমাণ হয় যে তিনি দুর্নীতি করেছেন তাহলে নিশ্চয়ই কঠিন ব্যবস্থা দেওয়া হবে এবং যদি প্রয়োজন হয় তাহলে তার লাইসেন্সও ক্যান্সেল করা হবে।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মন্ত্রী মহাশয় বলবেন কি, রুহা বাঁধের যে পরিকল্পনা ছিল সেই অনুযায়ী তা সম্পূর্ণ হয় নি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** সম্পূর্ণ হয় নি তা আমি জানি।

**শ্রী অতীশচন্দ্র সিংহ :** বাকি কাজ যা রয়েছে তা সম্পূর্ণ করার ব্যবস্থা করবেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** রেস্টোরেশনের কাজের জন্য অফিসাররা ব্যস্ত আছেন, রেস্টোরেশনের কাজ কমপ্লিট হলে যদি সময় পাওয়া যায় তাহলে এই বাঁধ করা হবে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** এই বাঁধের ক্ষেত্রে আপনার এস.ডি.ও. ও ওভারসিয়ার কমপ্লিশন সার্টিফিকেট দেবার পর এই চুরি ধরা পড়েছে, এখানে ব্যবস্থা গ্রহণ করবেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** কমপ্লিশন সার্টিফিকেট দিয়েছে এই খবর আমি জানি না। আপনি যখন বলছেন তখন নিশ্চয়ই খবর নেব।

### চণ্ডীদাসের স্মৃতিবিজড়িত বাশুলী মন্দির

***১৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১।) **শ্রী সুভাষ গোস্বামী :** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার ছাতনায় অবস্থিত বাংলার আদি কবি চণ্ডীদাসের স্মৃতি বিজড়িত বাশুলী মন্দিরের সংস্কার ও রক্ষণাবেক্ষণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বাঁকুড়া জেলার ছাতনায় বাণ্ডালির মন্দির সংরক্ষণের এবং সংস্কারের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে সেখানে অনেক পুরাকীর্তির নিদর্শন নষ্ট করে ফেলা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** না, এই রকম খবর নেই, আপনি নোটিশ দিলে খবর নেব।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কি পরিমাণ জমি ঘিরে এই মন্দিরটা অবস্থিত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ দেবেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** চন্ডীদাসের এখানে একটি প্রস্তর মূর্তি ছিল জানেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** চন্ডীদাসের নামে মন্দিরটি, মূর্তি আছে কিনা নোটিশ দেবেন জানাব।

### বিষ্ণুপুর ব্লকের লালবাঁধ ও যমুনা বাঁধ

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৪।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** ভূমির সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ব্লকের লালবাঁধ ও যমুনা বাঁধের বর্তমান মালিকানা কাহার;

(খ) বিভাগে প্রাপ্তব্য তথ্য অনুযায়ী অতীতে ইহার মালিকানা কাহার ছিল;

(গ) বাঁধ দুইটির আয়তন কত;

(ঘ) সরকার ইহা হইতে কি পরিমাণ রাজস্ব পান; এবং

(ঙ) বাঁধ দুইটির উন্নয়নের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** (ক) লালবাঁধের জমি রিভিসনাল সেটেলমেন্ট রেকর্ড অনুসারে মৌজা বিষ্ণুপুর মিউনিসিপ্যালিটির দুইটি খতিয়ানের অন্তর্ভুক্ত যথা খতিয়ান নং ৯১৯৪ এবং খতিয়ান নং ৯২১৫ তন্মধ্যে, ৯১৯৪ নং খতিয়ানের জমির বর্তমান মালিক হইতেছেন শ্রী রামবিলাস চক্রবর্তী প্রমুখ ১০ জন ট্রাস্টি এবং ৯২১৫ নং খতিয়ানের জমির বর্তমান মালিক হইতেছেন শ্রীমতী তিনকড়ি দেবী, যমুনা বাঁধের বর্তমান মালিক হইতেছেন শ্রী অনিল কৃষ্ণ ভট্টাচার্য।

(খ) ১৯৪৩ সালের ৯ই এপ্রিল তারিখে পূর্বতন মালিক শ্রীশ্রী রাজা কালীপদ সিং ঠাকুর লালবাঁধের অর্ধাংশ শ্রী রামনলিনী চক্রবর্তীকে এবং বাকি অর্ধাংশ শ্রী ভূতনাথ বটব্যালে বেনামীতে উক্ত শ্রী রামনলিনী চক্রবর্তীকে হস্তান্তরিত করেন।

যমুনা বাঁধের পূর্বতন মালিক হইতেছেন শ্রী রামনলিনী চক্রবর্তী ও শ্রীমতী তিনকা দেবী।

(গ) লালবাঁধের আয়তন ৭৪.৭৮ একর (রিভিসনাল সেটেলমেন্ট অনুযায়ী) যমুনা বাঁধে আয়তন ১০৭.৩৫ একর (রিভিসনাল সেটেলমেন্ট অনুযায়ী)।

(ঘ) লালবাঁধের ৯১৯৪ নং খতিয়ানের জমির রাজস্ব ধার্য হয় নাই এবং ৯২১৫ ন খতিয়ানের জমির রাজস্ব ১.০০ টাকা।

(ঙ) না।

## শাঁখা শিল্প

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** কুটির ও ক্ষুদ্র শি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৃতপ্রায় শাঁখা শিল্পকে রক্ষা করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহ করেছেন; এবং

(খ) উক্ত শিল্পীরা কোন কোন জেলায় বসবাস করছেন এবং কতজন মানুষ শিল্পে মাধ্যমে জীবিকা নির্বাহ করেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** (ক) শাঁখা শিল্পকে রক্ষা করার জন্যে সরকার নায্য মূলে কাঁচামাল সংগ্রহ করার সমস্যা নিবারনের উদ্দেশ্যে তামিলনাড়ু সরকারের সহায়তায় টি কোরন শঙ্খ কিনে শাঁখা শিল্পীদের নিকট ন্যায্য মূল্যে বিক্রয় করছেন। শাঁখা শিল্পীগণ ও তাদের সমবায় সমিতিগুলি মূলধনের জন্য শিল্প বিভাগ ও ব্যাঙ্ক থেকে আর্থিক ঋণ পাচ্ছেন

(খ) পশ্চিমবঙ্গের সমস্ত জেলাতেই শঙ্খ শিল্পীরা কিছুকিছু সংখ্যায় বসবাস করেন। তবে বাঁকুড়া, মেদিনীপুর, হুগলি, হাওড়া, ২৪-পরগনা, বর্ধমান ও কলকাতাতে অধিক জায়গায় এই শিল্পীরা বসবাস করেন। আনুমানিক ১২০০ শিল্প এই শিল্পের মাধ্যমে জীবিকা নির্বাহ করেন

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় শঙ্খ শিল্পীরা কোথায় বাস করে এই প্রশ্ন-এর উত্তরে যে তালিকা দিলেন, তাতে মুর্শিদাবাদের নাম নাই, তিনি কি জানেন যে মুর্শিদাবাদে ৫ হাজারের উপর শঙ্খ শিল্পীরা বাস করে?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** হ্যাঁ এটা জানি, মুর্শিদাবাদের নামটা বাদ পড়েছে ভুলবশত।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই সমস্ত শঙ্খ শিল্পী এবং অন্যান্য বন্যাক্লিষ্ট শঙ্খ শিল্পীদের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** পৃথকভাবে বিশেষ কোনও এলাকার জন্য পরিকল্পনা নেওয়া হয়নি, তবে সামগ্রিকভাবে শঙ্খশিল্পীদের জন্য পরিকল্পনা গ্রহণ করা আছে, ইতিমধ্যে তা বলেছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই শঙ্খ শিল্পীরা মুর্শিদাবাদে এবং অন্য যেসব অঞ্চলে বাস করে তারা অত্যন্ত অবর্ণনীয় দুরবস্থার মধ্যে বাস করছে বলে অভিযোগ করেছে, কিন্তু সরকারি সাহায্য পাচ্ছে না, এর কোনও প্রতিবিধান করবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আপনি বললেন, এই ব্যাপারে আমি দেখব।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মেদিনীপুরে শঙ্খশিল্পী সংঘ আছে কিন্তু তারা পশ্চিমবঙ্গ শঙ্খ শিল্পের সঙ্গে যুক্ত নয়, সেজন্য তারা শঙ্খ পাচ্ছে না, তাদের জন্য কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** তারা শঙ্খ পাচ্ছে না এমন কোনও খবর আমাদের কাছে আসেনি। আমরা এই কো-অপারেটিভকে দেব, এই কো-অপারেটিভকে দেব না, ইন্ডিভিজুয়েল আর্টিজানকে দেওয়া হবে না, এই রকম কোনও নিয়ম করিনি, প্রত্যেকেই পাবে, যদি কেউ না পান আমাদের জানালে আমরা ব্যবস্থা গ্রহণ করব।

[1-20—1-30 P.M.]

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন এইজন্য একটা স্মারকলিপি নেওয়া হয়েছে এবং আমি নিজে দেখা করে বলেছিলাম। আপনার দপ্তরে আছে সেই স্মারকলিপি, সেটা দেখবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** দেখব।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় যে পরিকল্পনার কথা বললেন, সেই পরিকল্পনা তাদের র মেটিরিয়ালস দেওয়ার সরকারি একটা প্রচেষ্টা হচ্ছে এবং সরকারের সেই পরিকল্পনা আছে। কিন্তু তারা যে সমস্ত ফিনিশড গুড তৈরি করে সেগুলো কেনার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** না নেই। এই রকম পরিকল্পনার প্রয়োজন অনুভূত হয় নি। কাঁচামালটাই তাদের কাছে সমস্যা।

**জলদা পাড়া অভয়ারণ্যে গন্ডারের সংখ্যা**

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৪।) **শ্রী নির্মলকুমার বসু :** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলদাপাড়া অভয়ারণ্যে বর্তমানে গন্ডারের মোট সংখ্যা কত; এবং

(খ) এখানে গন্ডারের সংখ্যা বৃদ্ধির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী পরিমল মিত্র :** (ক) ১৯৭৮ সালের গণনা অনুযায়ী জলদাপাড়া অভয়ারণ্যে গন্ডারের সংখ্যা ১৯টি।

(খ) গন্ডারের সংখ্যা স্বাভাবিক বৃদ্ধির জন্য গন্ডারের আবাসস্থলে সর্বাঙ্গীন উন্নতিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

**শ্রী নির্মলকুমার বসু :** মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি গন্ডার দেখবার জন্য যারা যান অভয়ারণ্যে তারা প্রায়ই সারারাত ঘুরেও গন্ডার দেখতে পান না?

**শ্রী পরিমল মিত্র :** সেটা আমার জানা নেই। আমার কাছে খবর নেই।

**শ্রী নির্মলকুমার বসু :** এই রকম সংবাদ কি মন্ত্রী মহাশয় অবগত আছেন যে যেসব গন্ডার জলদাপাড়ায় ছিল তাদের সব বাইরের লোকেরা মেরে ফেলেছে?

**শ্রী পরিমল মিত্র :** না। একটা গন্ডার মরেছে। সেটা হচ্ছে ওই চা বাগানে গাছে যে ঔষুধ দেয় এটা ওর বাইরে চলে গিয়েছিল। তাই খেয়ে মরে গিয়েছে। এই হচ্ছে ফরেনসিক রিপোর্ট।

**শ্রী নির্মলকুমার বসু :** মন্ত্রী মহাশয় বললেন বিষাক্ত জিনিস খেয়ে মরেছে। বাইরের লোক গিয়ে যারা পোচিং করে মেরে ফেলেছে গন্ডারের দেহের জিনিস বেশি দামে বিক্রি করার জন্য—এই রকম কোনও খবর আছে কি?

**শ্রী পরিমল মিত্র :** আমার কাছে খবর নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনি বললেন সংখ্যাটা ১৯—এই সংখ্যাটা হাত দিয়ে কে গুনলো?

**শ্রী পরিমল মিত্র :** ১৯৭৮ সালে আমাদের অফিসারেরা যেটা নিয়েছেন সেটা হচ্ছে ১৯ সংখ্যা।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** এই যে ১৯ সংখ্যা দিলেন—এটা কে গুণেছে?

**শ্রী পরিমল মিত্র :** অফিসারেরা গুণেছে। কে গুণেছে আমি বলতে পারব না।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন এই অভয়ারণ্যের গন্ডারেরা বাইরে গিয়ে অনেক ক্ষতি করেছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** এটা তো আমার জানা নেই।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই অভয়ারণ্য থেকে বাইরে গিয়ে জন্তু-জানোয়ারেরা লোকজনের যদি ক্ষতি করে সেক্ষেত্রে কি সেই লোকজনেরা বন্দুক দিয়ে মেরে ফেলতে পারে না?

**শ্রী পরিমল মিত্র ঃ** গন্ডারকে মেরে ফেলতে পারে কিনা এটা তো আইনের ব্যাপার। আইন-মন্ত্রী বলতে পারেন।

## কেন্দ্রীয় সরকারের বিবেচনার জন্য প্রেরিত প্রোজেক্ট

***১৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬২।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭-৭৯ সালে শিল্প ও বাণিজ্য বিভাগ হইতে কয়টি প্রোজেক্ট কেন্দ্রীয় সরকারের নিকট বিবেচনার জন্য পেশ করা হইয়াছে এবং কেন্দ্রীয় সরকার কয়টি প্রোজেক্টে সম্মতি দিয়াছেন ; এবং

(খ) উক্ত প্রোজেক্টগুলি কয়টি এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** (ক) ১৯৭৭-৭৯ সালে মোট ২৯০টি প্রোজেক্ট (অভিপ্রায়/ অনুজ্ঞাপত্র ২২৯টি এবং রেজিস্ট্রেশনের জন্য ৬১) কেন্দ্রীয় সরকারের নিকট বিবেচনার জন্য পেশ করা হইয়াছে, তম্মধ্যে মোট ৮৯টি কেন্দ্রীয় সরকার সম্পত্তি দিয়াছেন (৬৩টি অভিপ্রায়/ অনুজ্ঞাপত্র এবং ২০টি রেজিস্ট্রেশন পত্র।)

(খ) উক্ত প্রজেক্টগুলির মধ্যে ১২৭টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে (৯২টি অভিপ্রায় পত্র/অনুজ্ঞাপত্রের জন্য এবং ৩৫টি) রেজিস্ট্রেশন পত্রের জন্য।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই যে সব প্রোজেক্ট এইভাবে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে তার মধ্যে প্রধান প্রধান কোন কোন প্রোজেক্ট পাঠানো হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এ সম্বন্ধে জানতে হলে নোটিশ দিতে হবে। আপনি নোটিশ দিন আমি জানিয়ে দেব।

## ঘাটাল মাস্টার প্লান

***১৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৯।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** সেচ ও জলপথ

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত বন্যার পর সরকার "ঘাটাল মাস্টার প্ল্যান" বাতিল করার কথা ভাবছেন;

(খ) সত্য হলে, উক্ত প্ল্যান বাতিলের কারণ কি; এবং

(গ) অন্য কোনও পরিকল্পনা গ্রহণ করার কথা ভাবছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ঘাটাল মাস্টার প্ল্যান বাতিল করার কথা যদি ভাবা না হচ্ছে তাহলে সেটা কত দিনের মধ্যে হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** ঘাটাল মাস্টার প্ল্যান ১৯৭৬ সালে টেকনিক্যাল বোর্ডে প্লেস্ করা হয়েছিল। কিন্তু তারা রিমার্ক করে যে এটা ঠিক হয় নি এর পরিবর্তন দরকার এবং তারা সে সম্বন্ধে কতকগুলি সাজেশন দেয়। আমাদের সরকার আসার পর আমাদের টেকনিক্যাল কমিটির কাছে এটা পাঠিয়ে দিই। এখন সেই টেকনিক্যাল কমিটি মনে করছে যে আরও কিছু অনুসন্ধান দরকার। এবং সেই অনুসন্ধানের কাজ শেষ হলে আমাদের দেখতে হবে কিভাবে কি করা যায়। এটা অবশ্য খুবই কঠিন ব্যাপার এবং মেদিনীপুর জেলার কেদুয়া সাবডিভিসনের ঘাটাল দাসপুর এর সঙ্গে জড়িত।

**প্রশাসনিক কাজে বাংলা ভাষার প্রচলন**

***১৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাংলা ভাষায় প্রশাসনিক কাজকর্মের ব্যাপক প্রচলনের জন্য প্রশাসনের সর্বস্তরে নির্দেশ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হলে, প্রশাসনিক কাজকর্মে বাংলা ভাষার ব্যাপক ব্যবহারের ক্ষেত্রে যে বাধাগুলি আছে তা দূর করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** (ক) হ্যাঁ।

(খ) সাধারণভাবে কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে যেমন স্টেনো এবং টাইপিস্টদের বাঙলায় কাজ শিখতে হবে। প্রত্যেক বিভাগকে বাংলা-টাইপ মেশিন কেনার কথা বলা হয়েছে। সরকারি আবেদন পত্রগুলো বাংলা ভাষায় করার কথা বলা হয়েছে। কিন্তু কার্যকর ভাবে কিছু

প্রস্তাব এখনও রূপায়িত করা যায় নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে বাংলা ভাষায় প্রশাসনের কাজকর্ম করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এখন সেই নির্দেশ বিভিন্ন বিভাগে কত দূর কার্যকর হচ্ছে সেটা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** প্রত্যেকটি বিভাগে কিভাবে কার্যকর হচ্ছে সেটা জানতে হলে নোটিশ দিতে হবে। তবে কি কি সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেটা বলতে পারি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কি কি সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সিদ্ধান্ত হয়েছে যে প্রত্যেক বিভাগের প্রত্যেক ইংরাজি টাইপিস্ট কে বাংলা টাইপ শিখতে হবে এবং এই বাংলা টাইপ শেখার জন্য শিক্ষন কেন্দ্রও করা হয়েছে এবং টাইপ শেখার পর স্টেনো শেখার জন্য তাদের একটা ইনসেন্টিভ বোনাস দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। দ্বিতীয় সিদ্ধান্ত হচ্ছে প্রত্যেক ডিপার্টমেন্টে অন্তত দু' জন করে বাংলা টাইপিস্টের পোস্ট ক্রিয়েট করা হচ্ছে এবং দুটি বাংলা টাইপ মেশিন কেনার কথাও বলা হয়েছে। তৃতীয় সিদ্ধান্ত হচ্ছে যে পরিভাষা কমিটি ছিল তাকে রিভিউ করা হয়েছে এবং তারা এ নিয়ে আলোচনা করছেন। চতুর্থ সিদ্ধান্ত হচ্ছে সরকারি নোটিশ বা সাইন বোর্ড বাংলা ভাষায় লেখার ব্যবস্থা করা হয়েছে, এবং সরকার চিঠিপত্র লেখার ব্যাপারে বেশিরভাগ বাংলায় করা হচ্ছে এবং তা চেক আপ করার জন্য আমার বিভাগের সেক্রেটারিকে নিয়ে একটি যুক্ত কমিটি করা হয়েছে।

[1-30—1-40 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রশাসনিক কাজে বাংলা পরিভাষা পরিচালনার জন্য যে নির্দেশ দিয়েছেন এই ব্যাপারে আপনারা নিজেরাই কতদূর সচেষ্ট হয়েছেন বা এই নির্দেশের আওতার মধ্যে আপনারাও কি পড়ছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সকলেই এই নির্দেশের আওতার মধ্যে পড়ছেন। তবে সমস্যাটা খুব জটিল। সুতরাং কেবল সিদ্ধান্ত নিলেই হবে না, সমস্ত দিক থেকেই একটা উদ্যোগ চাই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় সকলেই বঙ্গ সন্তান, বাংলা ভাষায় লিখতে কি তারা খুব অসুবিধা বোধ করছেন, তা যদি না হয় তাহলে এই নির্দেশ সত্ত্বেও তারা কেন বাংলা ভাষায় লিখছেন না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** শুধু বঙ্গ সন্তানদের প্রশ্ন নয়, কাজের একটা পদ্ধতি গড়ে উঠেছে, তার ফলে একটা সমস্যা সৃষ্টি হয়েছে। আমি যা বললাম টাইপিস্ট, স্টেনোগ্রাফারের

সমস্যা আছে। এইগুলির সমাধান করতে না পারলে একটু অসুবিধা সৃষ্টি হচ্ছে। তবে আমরা বিভিন্ন দিক থেকে এই সমস্যার সমাধান করার চেষ্টা করছি।

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন—এই পরিভাষা সৃষ্টির ক্ষেত্রে এমন সব উদ্ভট বাংলা শব্দ আসছে যার ফলে কিছু করা খুব কঠিন—সেই ক্ষেত্রে প্রমথ চৌধুরী মহাশয় যে পদ্ধতি নিয়েছিলেন এবং রবীন্দ্রনাথ যে পদ্ধতি অবলম্বন করেছিলেন, পরবর্তীকালে সুনীতি চট্টোপাধ্যায় যে পদ্ধতি অনুমোদন করেছিলেন ইংরাজি বিভিন্ন শব্দ যেমন চেয়ার, টেবল ইত্যাদি এইগুলি বাংলা পরিভাষার মধ্যে যদি রেখে দেওয়া হয় তাহলে সাধারণের বোধগম্য হবে, তা নাহলে নতুন করে বাংলা পরিভাষা বোঝবার জন্য নতুন অভিধান সৃষ্টি করতে হবে—এই রকম বিধান আপনার নির্দেশে দেওয়া আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** পরিভাষা নিয়ে যে সমস্যার কথা বললেন সেইগুলি আমরা উপলব্ধি করেছি। আমাদের পরিভাষা কমিটির চেয়ারম্যান হলেন শ্রীযুক্ত সুকুমার সেন। আমি তার কাছে এই সমস্যাগুলি বারে বারে তুলে ধরার চেষ্টা করছি এবং এই পরিভাষা নিয়ে যে জটিলতা সৃষ্টি হয়েছে সেটা তিনি বোঝবার চেষ্টা করছেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** বাংলা পরিভাষা বিভিন্ন বিষয়ে বেরোচ্ছে—প্রশাসনিক, অ্যাকাডেমিক, বাণিজ্যিক নানা রকম পরিভাষা বেরোচ্ছে ঢাকা থেকে—আপনি যে কমিটি গঠন করেছেন তারা কি সেই বিষয়ে অবহিত আছেন বা তার সঙ্গে সঙ্গতি রেখে সেইভাবেই পরিভাষা করার চেষ্টা করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নিশ্চয়ই পরিভাষা কমিটির সবাই সচেতন আছেন। আমাদের পরিভাষা কমিটির চেয়ারম্যান হলেন শ্রীযুক্ত সুকুমার সেন। ওখানে যিনি বাংলা অ্যাকাডেমি করছেন আসরফ সিদ্দিকী, তিনি হচ্ছেন এঁরই ছাত্র। সুতরাং আমরা সবটা জানি এবং সেইভাবেই অনুস্মরণ করার চেষ্টা করছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** অন্যান্য সদস্য কারা আছেন, সেটা বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ দিতে হবে, সব নাম এখনই বলতে পারব না।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** বাংলা ভাষায় টাইপ শেখানোর জন্য কলকাতায় একটি কেন্দ্র খোলার কথা তিনি বলেছেন—এই কেন্দ্রটি কি ইতিমধ্যেই চালু হয়ে গেছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** চালু হয়নি, সিদ্ধান্ত হয়েছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** এই কেন্দ্রটি যদি খোলা হয় তাহলে কতজন শিক্ষার্থী শিক্ষাদান করতে পারবেন, সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ দেবেন, এটা এখনই বলা যাবে না।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন, সরকারি প্রয়োজনে বাংলা টাইপরাইটার যথেষ্ট পরিমাণে পাওয়া যাচ্ছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বাংলা টাইপরাইটার পেতে কোনও অসুবিধা নেই। রেমিংটন কোম্পানি আমাদের বারে বারে বলছেন যত মেশিন দরকার তারা সেটা দিতে পারবেন। পেতে কোনও অসুবিধা নেই, তবে সেটা কিনে শেখানোর অসুবিধা আছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** এর জন্য একটা সেন্টার আছে এবং যথেষ্ট সংখ্যক আমাদের মেশিন দরকার প্রত্যেকটি অফিস চালাবার জন্য—এই মেশিনের ব্যাপারে আপনি কি ব্যবস্থা করেছেন, জানাবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের যা চাহিদা হবে সেই অনুযায়ী তারা সাপ্লাই দিতে পারবেন, এটা আমরা বুঝেছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** পঞ্চায়েত স্তরে বাংলায় কাজকর্ম করা খুবই প্রয়োজন, কিন্তু টাইপরাইটারের অভাবে বাংলায় কাজ করা হচ্ছে না এবং পঞ্চায়েত সমিতিগুলিকে আপনি এই টাইপরাইটার সরবরাহ করার কোনও পরিকল্পনা করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সেটা পঞ্চায়েত বিভাগ ভাববেন। এখন আমরা এতদূর এগোতে পারিনি। সরকারি প্রশাসন যেখানে ছিল সেখানেই আমরা যেতে পারিনি, কাজেই পঞ্চায়েতে নামার কথা এখনও চিন্তাই করতে পারছি

**শ্রী নানুরাম রায় ঃ** কলকাতায় যে শিক্ষাকেন্দ্র করছেন, প্রতিটি জেলায় এই কেন্দ্র করার কথা ভাবছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপাতত নেই, কলকাতায় আগে হোক।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** বাংলা টাইপরাইটার ব্যবহারে উৎসাহিত করার জন্য একজিস্টিং ইংরাজি টাইপিস্ট যারা আছে তারা যাতে বাংলা শেখে তার জন্য কোনও স্পেশাল অ্যালাওয়েন্স এর ব্যবস্থা করা হয়েছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য বোধ হয় শোনেন নি, আমি এই প্রশ্নের উত্তর আগেই বলে দিয়েছি।

**শ্রী হবিবুর রহমান ঃ** কমিটি যে পরিবর্তন করা হয়েছে এটা দলীয় অনুগত লোকদের বসানোর জন্যই কি পরিবর্তন করা হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** এটা কোনও সাপ্লিমেন্টারিই নয়।

**বিষ্ণুপুর শহরকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করার পরিকল্পনা**

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৩।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার বিষ্ণুপুর শহরকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করার জন্য কি কি পরিকল্পনা নেওয়া হয়েছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** পর্যটকদের নিকট আকর্ষণীয় করার জন্য ইতিমধ্যেই বাঁকুড়া জেলার বিষ্ণুপুর শহরে একটি পর্যটন আবাস স্থাপন করা হইয়াছে ইহা ছাড়া ঐ শহরের দ্রষ্টব্য স্থানগুলি মাঝে মাঝে দৈনিক সংবাদপত্রে বিজ্ঞাপন মারফত প্রচার করা হইতেছে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বাঁকুড়া জেলার বিষ্ণুপুর শহরের কথা বললেন যে সেখানে পর্যটন কেন্দ্র আছে। আমার জিজ্ঞাস্য, বাঁকুড়া জেলার শুশুনিয়া এবং মকুটমণিপুরে বা এই রকম অন্যান্য জায়গায় পর্যটন কেন্দ্র করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** এ প্রশ্ন থেকে এই সাপ্লিমেন্টারি আসে না।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বাঁকুড়া জেলার মুকুটমণিপুরে ডিয়ারপার্ক করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**মিঃ স্পিকার ঃ** এই সাপ্লিমেন্টারি কি করে হয়—এ সাপ্লিমেন্টারি এই প্রশ্ন থেকে হয় না।

**সরকারে ন্যস্ত জমির পরিমাণ**

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৪।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমির উর্ধ্বসীমা আইনের ফলে পশ্চিমবঙ্গে ১৯৭৮ সাল পর্যন্ত মোট কি পরিমাণ জমি সরকারে বর্তাইয়াছে; এবং

(খ) তন্মধ্যে ১৯৭৭ সালের মার্চ মাস পর্যন্ত এবং তৎপরবর্তী সময় হইতে ১৯৭৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত কি পরিমাণ জমির পাট্টা দেওয়া হইয়াছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** (ক) ১৯৭৮ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ১১,১৪,৮৮৫ একর জমি সরকারে বর্তাইয়াছে।

(খ) ১৯৭৭ সালের মার্চ পর্যন্ত পাট্টা দেওয়া হইয়াছে এমন জমির নির্ভরযোগ্য পরিসংখ্যান নাই। ১৯৭৮ সাল পর্যন্ত মোট ৬,১২,৫০৫ একর জমি পাট্টা দেওয়া হইয়াছে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, অপারেশন বর্গার জন্য কি এই ভেস্টেড জমি বন্দোবস্ত করার কাজ বিলম্বিত হচ্ছে, বিঘ্নিত হচ্ছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এর সাথে এর কোনও সম্পর্ক নেই। আপনারা জানেন, এই জমি বন্টনের ব্যাপারে যে কমিটি আছে—এল.আর.এ. কমিটি সেই কমিটির মাধ্যমে এটা করা যায়। সেটা প্রথমে রিকনস্টিটিউট করতে সময় যায়। তারপর পরবর্তীকালে পঞ্চায়েতের মাধ্যমে হবে তার ব্যবস্থা করতে হয়। এবারে আমরা তাড়াতাড়ি যেগুলি আইনের দ্বারা ইনজাংশনভুক্ত নয় সেই সমস্ত জমি যাতে দ্রুত বন্টিত হয় তার কার্যকর ব্যবস্থা আমরা খুব শীঘ্র নিচ্ছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** অপারেশন বর্গার ক্ষেত্রে যেমন হল অনুরূপভাবে এই ভেস্টেড জমির পাট্টা দেবার জন্য কোনও ক্যাম্প হবে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এখানে অঙ্ক করলেই বুঝতে পারবেন যে ১১ লক্ষ ১৪ হাজারের মধ্যে ৬ লক্ষ ১২ হাজার ডিস্ট্রিবিউটেড হয়েছে। এখানে ৫ লক্ষের মতন দুটির মধ্যে ব্যবধান। তার ভেতরে কতকটা পজেশন নেবার আগে ইনজাংশন হয়েছে, আবার কোনও ক্ষেত্রে পজেশন নেবার পরে ইনজাংশন হয়েছে। সেখানে সকলের কাছে আবেদন জানাব সহযোগিতা করার জন্য। যে জমি এখনই বন্টন করার অবস্থায় আছে সেই জমি যাতে আপনাদের সকলের সহযোগিতা নিয়ে দ্রুত বন্টন করা যায় তার ব্যবস্থা করার জন্য আপনাদের সকলের সহযোগিতা আমি চাইব।

[1-40—1-50 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, যে সমস্ত লোক জমির পাট্টা পেয়েছে কিন্তু এখনও দখল পায়নি তাদেরকে দখল দেবার জন্য কোনও ক্যাম্প হবে কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** সেটা হচ্ছে পিক পয়েন্টের সময় ২রা অক্টোবর তারিখের মধ্যে সমস্ত কাজ শেষ হয়েছে বলে ঘোষণা করতে গিয়ে অনেক সময় খাতা কলমে পাট্টা দেওয়া হয়েছে কিন্তু দখল দেওয়া হয়নি এই অবস্থা দেখা গেছে এবং এই রকম জটিলতা কিছু দেখা গেছে। সে জন্য সমস্ত জিনিসটা দেব ভালভাবে স্থানীয় লোকেদের সঙ্গে পরামর্শ করে যাতে সুস্থ ভাবে হয় এবং অতীতের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে সুষ্ঠু ভাবে যাতে হয় তার চেষ্টা করা হবে।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে জমি পাট্টা দেওয়া হয়েছে, এই ব্যাপারে পঞ্চায়েত সমিতি কি ইতিমধ্যে পাট্টা দেবার কাজ শুরু করেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনারা জানেন যে জমি বন্টন করবার জন্য ল্যান্ড

অ্যাডভাইসরী কমিটির যে পাওয়ার ছিল সেই পাওয়ার পঞ্চায়েতকে দেওয়া হয়েছে এবং পঞ্চায়েত সমিতিকে বলা হয়েছে যেহেতু বহু জায়গায় পঞ্চায়েত সমিতি খুব বড় সে জন্য ল্যান্ড ডিস্ট্রিবিউশনের জন্য পঞ্চায়েত সমিতিকে একটা স্থায়ী সমিতি করা এবং সেই স্থায়ী সমিতি এগুলিকে বন্টন করবেন। এমন কোনও কোনও জেলায় বন্টনের কাজ শুরু হয়েছে কিনা সেটা নোটিশ দিলে বলে দিতে পারব।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পঞ্চায়েত সমিতি একটা স্থায়ী সমিতি এবং তাঁরা ল্যান্ড ডিস্ট্রিবিউশনের কাজে দায়িত্ব গ্রহণ করবেন। আমার প্রশ্ন হচ্ছে, যে সমস্ত পঞ্চায়েত সেই মর্মে প্রস্তাব সরকারের কাছে পাঠিয়েছেন স্থানীয় সমিতি গঠন করার জন্য সেগুলিকে আপনারা কি অনুমোদন দিয়েছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আপনারা জানেন যে পঞ্চায়েত সাব কমিটি আছে তাতে এখান থেকে অর্ডার গেছে যে কোনও কাজ যেন পেন্ডিং না থাকে। সে জন্য কোথায় কোথায় নাম এসেছে সেগুলি দ্রুত অনুমোদন যাতে দেওয়া যায় তার চেষ্টা করা হচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ভেস্টেড জমি পাট্টা দেওয়া হয়েছে, এই পাট্টা যাঁরা আগে পেয়েছিলেন তাঁদের পাট্টা জমি থেকে উচ্ছেদ করে দিয়ে নতুন লোককে সেখানে বসানো হচ্ছে এই রকম অভিযোগ আপনার কাছে আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এই রকম অভিযোগ নেই। তবে এই রকম ঘটনা বহু আছে এবং আমি নিজে অনুসন্ধান করে দেখেছি যে সেকশন ৪৯তে পাট্টা পাবার যে এলিজিবিলিটি সেই রকম এলিজিবিলিটি নেই এই রকম বহু লোককে অতীতে দেওয়া হয়েছে। সে জন্য এক বছর হয়ে গেলে তখন আমরা একটা নির্দেশ দিই যে, যে সমস্ত ইনএলিজিবল পারসনকে পাট্টা দেওয়া হয়েছে সেগুলি আইন মতো ইনকোয়ারী করে যদি প্রমাণিত হয় যে ইনএলিজিবল পারসনকে পাট্টা দেওয়া হয়েছে তাহলে সেটা আবার আইন মোতাবেক অ্যানুল করার যে ব্যবস্থা আছে সেইমতো অ্যানুল করা হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে আইন মোতাবেক না হলে ডেফিনিটলি আইনে প্রভিসন আছে বাতিল হয়ে যাবে। এটা নতুন কিছু নয়, এটা আগেও ছিল। এই রকম পাবার যোগ্য নয়, বাতিল হয়ে গেছে সেটা আলাদা কথা। কিন্তু পাবার যোগ্য লোকেদের, বিভিন্ন দলের লোকদের তুলে দিয়ে নতুন করে বসানো হচ্ছে এই রকম অভিযোগ আছে কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এই রকম কোনও অভিযোগ নেই। যদি নির্দিষ্ট কোনও অভিযোগ থাকে আমার কাছে পাঠান। প্রশ্ন করার প্রয়োজন নেই, নাম ধাম দিয়ে নির্দিষ্ট অভিযোগ আমার কাছে পাঠিয়ে দিন, আমি তদন্ত করে দেখব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যখন চাতলাতে সভা করতে গিয়েছিলেন তখন আপনার সঙ্গে দেবব্রত বন্দ্যোপাধ্যায়ও গিয়েছিলেন। সেই সময় আপনার কাছে একটা লিখিত অভিযোগ দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল যে আমরা গরিব পাট্টা হোল্ডার, আমাদের উচ্ছেদ করা হচ্ছে, তাঁরা এই অভিযোগ করেছিলেন। আজ পর্যন্ত আপনি সেই সম্পর্কে কোনও তদন্ত করার ব্যবস্থা করেছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** যে অভিযোগগুলো আমাদের হাতে দেওয়া হয়, তার প্রত্যেকটি আমি তদন্ত করি। এখানে এইসব অবান্তর প্রশ্ন করছেন কেন? এই সব তো বাজেটে বলতে পারেন। এই প্রশ্ন থেকে তো এটা আসে না।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন যে জমির পাট্টা দেওয়ার ক্ষেত্রে জটিলতা দেখা যাচ্ছে। সেই জন্য আমি জিজ্ঞাসা করছি, ১৯৫৩ সালের যে ল্যান্ড রেকর্ড আছে, সেটাকে নতুন ভাবে আবার ঠিক করার জন্য আবার জমির সার্ভে করার প্রয়োজনীয়তা আছে বলে কি তিনি মনে করেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** বর্তমানের প্রশ্নে এটা আসে না।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, পঞ্চায়েত সমিতি রেকর্ডেড শ্মশান, গোভাগাড় খাস জমি হিসাবে পাট্টা দিতে পারেন কি না?

**মিঃ স্পিকার ঃ** দিস সাপ্লিমেন্টারি ডাজ নট অ্যারাইজ।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পাট্টা বাতিল করার অথরিটি কে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এইগুলো অ্যানালমেন্ট প্রসিডিয়োর অনুসারে হবে। এর অথরিটি হচ্ছে এস.ডি.ও.।

### সুন্দরবন উন্নয়নের জন্য কেন্দ্রীয় সাহায্য

***১৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৬২৩।) **শ্রী নির্মলকুমার বসু ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮-৭৯ সালে সুন্দরবন উন্নয়ন বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মোট কত টাকা পাওয়া গেছে; এবং

(খ) এই টাকা কোন কোন খাতে বরাদ্দ করা হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** (ক) ১৯৭৮-৭৯ সালে সুন্দরবন উন্নয়ন বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও টাকা পাওয়া যায় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী নির্মল বোস ঃ** এর আগে প্রধানমন্ত্রী সুন্দরবন ঘুরে গেছেন এবং এইসব নিয়ে খবরের কাগজে বেরিয়েছে যে কেন্দ্রীয় সরকার সুন্দরবনের উন্নয়ন বাবদ অনেক টাকা দিচ্ছে। তাহলে কি মন্ত্রী মহাশয় এই কথা বলছেন যে সুন্দরবন উন্নয়নের জন্য কখনও কোনও টাকা পাওয়া যায়নি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমরা কেন্দ্রীয় সরকারের কাছে সুন্দরবন উন্নয়নের জন্য একটা ২৪ কোটি টাকার স্কীম পাঠিয়েছি, সেটা এখনও পর্যন্ত ফাইনাল হয় নি, সেইজন্য এখানে তার উল্লেখ করিনি। সেটা যদি পাওয়া যায়, ১৯৮০-৮১ সালের মধ্যে পাওয়া যাবে।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ২৪ কোটি টাকার একটা পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। কোনও কোনও বিষয়ের পরিকল্পনা করা হয়েছে, এই সম্বন্ধে এখানে কিছু বলতে পারেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** পরিকল্পনার মধ্যে আছে সুন্দরবনের নোনা জল আটকানোর ব্যবস্থা করা, স্লুইস গেট করা, যে সমস্তগুলো ভেঙ্গে গেছে, সেইগুলো মেরামত করা এবং সুন্দরবন হচ্ছে এক ফসলী, বর্ষাকালে যে বৃষ্টি হয়, তার ৫০ ভাগ ব্যবহার করতে পারা যায়, বাকি ৫০ ভাগ সমুদ্রে চলে যায়। এই ৫০ ভাগ জলকে আটকে রাখার জন্য লেক, রিজার্ভার, তৈরি করা, যাতে দোফসলী জমি হতে পারে, এই সমস্ত স্কীম রয়েছে। এখানে ফিশারী হওয়ার বিরাট সুযোগ রয়েছে। এবং অ্যানিম্যাল হাজব্যান্ডারীর ব্যাপারে কিছু হচ্ছে। সেখানে প্রজনন বা অন্যান্য ঔষধ পত্র এইসব ব্যপারে স্কীম আছে। গরুর মড়ক হয় তার প্রতিকারের জন্য স্কীম আছে। সমুদ্রের তীরগুলো ভেঙ্গে যাচ্ছে, সেই জন্য ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে অ্যাফরেস্টেশনের জন্য স্কীম দেওয়া হয়েছে।

[1-50—2-00 P.M.]

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মন্ত্রী মহাশয় যা বললেন তার মধ্যে পর্যটনের উল্লেখ পেলাম না। ওখানে পর্যটন ব্যবস্থার উন্নয়নের বিরাট সুযোগ আছে, ঐ ২৪ কোটি টাকার মধ্যে থেকেই পর্যটনের জন্য একটা অংশ ব্যয় করার কোনও প্রস্তাব মন্ত্রী মহাশয়ের আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** পর্যটন বিষয়ে কোনও প্রস্তাব নেই, তবে যিনি পর্যটন বিভাগের মন্ত্রী তিনিই ফরেস্ট বিভাগের মন্ত্রী এবং যে কমিটি করা হয়েছে তার মধ্যে তিনি আছেন, সুতরাং যদি দরকার হয় তাহলে সেটা পরে বিবেচনা করে দেখা যাবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ডাঃ বি.সি.রায়ের সময়ে ডেল্টা প্রোজেক্ট বলে একটা প্রোজেক্ট ছিল সুন্দরবনের টোটাল ডেভেলপমেন্টের জন্য। সেই ডেল্টা প্রোজেক্টের কাজ আবার শুরু করার জন্য আপনি কি কেন্দ্রের কাছে টাকা চেয়েছেন

বা সে বিষয়ে কি আপনার কোনও পরিকল্পনা আছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** ডেল্টা প্রোজেক্ট নিয়ে আমরা বর্তমান কেন্দ্রীয় ইরিগেশন মিনিস্টারের সঙ্গে আলোচনা করেছিলাম। আপনার হয়ত জানা আছে ডেল্টা প্রোজেক্ট-এর তিনটি পর্যায় আছে এবং এটা করতে গেলে প্রায় ১০০ কোটি টাকা খরচ পড়বে, কিন্তু সেই টাকা আমাদের নেই। সেই কারণে আমরা কেন্দ্রকে ফার্স্ট ফেজের কাজ করতে বলেছিলাম এবং সেটা হলেও কিছু কাজ হতে পারে। আপনি জানেন নামখানা দিয়ে লঞ্চ যাতায়াত করে, ওঁরা আমাদের বললেন এটা হলে বাংলাদেশের সঙ্গে একটা ইন্টারন্যাশনাল প্রবলেম দেখা দেবে এবং সব আটকে যাবে। তাই আমরা ফার্স্ট ফেজের জন্য ২৪ কোটি টাকার কথা বলেছি, কত পাওয়া যায় দেখি। কিন্তু ওঁরা আমাদের ডেল্টা প্রোজেক্ট করতে বারণ করেছেন। সুতরাং ডেল্টা প্রোজেক্টের ২ এবং ৩ নং-টা পরে দেখা যাবে করা যায় কিনা।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** সুন্দরবনে নদীর দু-দিকে যে বাঁধ আছে সেই বাঁধগুলি মাটির বাঁধ এবং সেই বাঁধগুলির পিছনে প্রতি বছর লক্ষ লক্ষ কোটি কোটি টাকা মেনটেনেন্সের জন্য খরচ করতে হচ্ছে। তা মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এবিষয়ে তিনি একটা পরিকল্পনা করে এই বাঁধগুলিকে পিচ্ দিয়ে বা ব্লক দিয়ে করবেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** সুন্দরবনের বাঁধগুলি ব্লক পিচিং করার কোনও পরিকল্পনা আমাদের নেই। মাননীয় সদস্যর যদি কিছু ইঞ্জিনিয়ারিং জ্ঞান থাকত তাহলে তিনি বুঝতে পারতেন যে ব্লক পিচিং করতে গেলে আমাদের সরকারকে অন্তত ৫০০ কোটি টাকা খরচ করতে হবে। এই ডিপার্টমেন্টের মিনিস্টার হয়ে আমার জ্ঞান হয়েছে। সুতরাং ব্লক পিচিং-এর কথা আমি ভাবছি না, ভাবা উচিত নয়। তবুও আমরা সুন্দরবনের ডেভেলপমেন্টের জন্য এবং ইরিগেশনের জন্য আমরা এই বিভাগ থেকে টাকা খরচ করছি এবং এব্যাপারে সেন্টারকেও লিখেছি। আমাদের এ বিষয়ে বিভিন্ন স্কীম আছে।

**জনতা হোটেল নির্মাণের পরিকল্পনা**

***১৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতায় ২.৫ কোটি টাকা ব্যয়ে ১,২৫০ শয্যাবিশিষ্ট জনতা হোটেল নির্মাণের একটি সরকারি পরিকল্পনা আছে; এবং

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনা কার্যকর করিবার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হইয়াছে এবং কতদিনের মধ্যে ঐ পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী পরিমল মিত্র ঃ** (ক) কলকাতায় একটি জনতা হোটেল ৩০০ শয্যাবিশিষ্ট হোটেল

নির্ম্মাণের সরকারি পরিকল্পনা আছে।

(খ) এই উদ্দেশ্যে লবণ হ্রদ এলাকার বিধাননগর সেক্টর ২)এতে মোট ৩,৫৬,৬২১ টাকা ব্যয়ে ৫৯.৪৩৬ কাঠা জমি পূর্ত বিভাগের নিকট হইতে লীজ হিসাবে গ্রহণের ব্যবস্থা করা হইয়াছে। উক্ত জমির দখল লাভ করার পর বর্ত্তমান আর্থিক বৎসরেই ১০০ শয্যা বিশিষ্ট যুব হোস্টেলের প্রাথমিক কাজকর্ম আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কলকাতায় জনতা হোটেল করার ব্যবস্থা হচ্ছে। আমার তাঁর কাছে প্রশ্ন হচ্ছে দিঘা বা অন্য কোথাও কি জনতা হোটেল করার কথা মন্ত্রী মহাশয় চিন্তা করছেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** এই প্রশ্ন থেকে দিঘার প্রশ্ন আসে না।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে কেন্দ্রীয় সরকার দীঘাতে জনতা হোটেল করার কথা চিন্তা করছেন এবং সেইজন্য আপনি কি এব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করবেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** কেন্দ্রীয় সরকার দিঘায় করবেন বলে আমি জানি না।

### রামপুরহাট হইতে কান্দী মহকুমার ক্যানেল খনন

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫২।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট হইতে কান্দী মহকুমার কিছু অংশে ক্যানেল কাটা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত ক্যানেলের বাকি অংশ কবে নাগাত সম্পূর্ণ হইবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** (ক) না। তবে রামপুরহাট মহকুমার ময়ুরেশ্বর থানার অন্তর্গত পারুলিয়া মৌজায় ময়ূরাক্ষী-দ্বারকা-শাখা খাল হইতে কান্দী মহকুমার রাজারামপুর পর্যন্ত একটি বিতরণী খাল এবং হাতীশালা মৌজায় উদ্ধৃত বিতরণী খাল হইতে কান্দী মহকুমার বরোয়া থানার অন্তর্গত পারুলিয়া পর্যন্ত একটি ছোট খালের খননকার্য চলিতেছে।

(খ) স্থানীয় জনসাধারণ বাঁধা দেওয়ার ফলে উক্ত বিচরণী খাল এবং ছোট খালটির অবশিষ্টাংশের খননকার্য বর্তমানে স্থগিত আছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** কোথাকার জনসাধারণ এই খালটি কাটার ব্যাপারে বাধা দিচ্ছিল তা কি দয়া করে জানাবেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** নোটিশ চাই।

### হলদিয়ায় ট্যুরিস্ট লজ

***১৮০।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৫২।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিল্পনগরী হলদিয়াতে 'ট্যুরিস্ট লজ' খুলিবার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি;

(খ) পরিকল্পনা থাকিলে উক্ত কাজে কত টাকা খরচ হইবে ও উক্ত ট্যুরিস্ট লজে কতগুলি শয্যা থাকিবে; এবং

(গ) কবে নাগাদ ঐ কাজ শুরু হইবে ও কবে শেষ হইবে?

**শ্রী পরিমল মিত্র ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) হ্যাঁ আটাশ লক্ষ টাকা খরচ করা হবে।

(গ) ১৯৭৯-৮০ সালে কাজ শুরু হইবে এবং দুই হইতে তিন বৎসরের মধ্যে শেষ হইবে।

## Adjournment Motions

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী প্রদ্যোতকুমার মোহান্তি, কৃষ্ণদাস রায় ও মোহম্মদ সোহরাবের কাছ থেকে তিনটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথমটিতে শ্রীমোহান্তি মেদিনীপুর জেলায় দাঁতন থানায় সমাজ বিরোধীদের দ্বারা ব্যাপক সন্ত্রাস সৃষ্টির কথা, দ্বিতীয়টিতে শ্রী রায় কলকাতা সহ পশ্চিমবঙ্গের সর্বত্র খুন ডাকাতি বৃদ্ধির কথা এবং তৃতীয়টিতে শ্রী সোহরাব রাজ্যের আইনশৃঙ্খলার অবনতির কথা আলোচনা করতে চেয়েছেন।

তিনটি মুলতুবি প্রস্তাবই আইন-শৃঙ্খলা সম্পর্কিত। প্রচলিত আইনের দ্বারাই এদের প্রতিকার সম্ভব। তাছাড়া সদস্যরা বাজেট বিতর্কের সময় এ সম্পর্কে আলোচনা করার যথেষ্ট সুযোগ পাবেন।

উপরোক্ত কারণে আমি তিনটি মুলতুবি প্রস্তাবেই অসম্মতি জ্ঞাপন করছি। এখন সদস্যরা মুলতবি প্রস্তাবের সংশোধিত অংশটুকু পড়তে পারেন।

**শ্রী প্রদ্যোতকুমার মোহান্তি ঃ** গত ১৭/২/৭৯ তারিখ থেকে প্রতিদিন মেদিনীপুর জেলার দাঁতন থানার তরুরই গ্রামে কিছু লোক স্থানীয় সমাজবিরোধীদের সাহায্যে দলবদ্ধভাবে ঐ গ্রামের কিছু ব্যক্তির বাড়ি ঘর ঘেরাও করছে, হামলা করছে, ধনসম্পত্তি লুট করার চেষ্টা

চালিয়ে যাচ্ছে। শান্তিপ্রিয় লোকেরা গ্রাম থেকে পালিয়ে এসে দাঁতন শহরে বাস করছে। এইসব সমাজবিরোধীদের নেতৃত্বে দিচ্ছেন স্থানীয় মার্কসবাদি দলের কর্মীরা। পুলিশ পরোক্ষভাবে সহায়তা করছে সমাজবিরোধীদের।

[2-00—2-20 P.M.]

**শ্রী কৃষ্ণপদ রায় ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—কলিকাতাসহ পশ্চিমবঙ্গের সর্বত্র খুন, ডাকাতি অন্যান্য বৎসরের তুলনায় বৃদ্ধির ফলে জনজীবনে নিরাপত্তার অভাব দেখা দিয়েছে। প্রতিদিন খুন জখম চলছে। কিন্তু পুলিশ নীরব ও নিষ্পৃহ।

**মহঃ সোরাব ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—এই সরকারের শাসনে রাজ্যের আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে। সন্ত্রাসের বিরুদ্ধে শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক পদ্ধতিতে প্রতিবাদ জানাবারও ক্ষমতা আজ সাধারণ মানুষ বা কোনও রাজনৈতিক দলের নেই। প্রতিবাদ জানালেই তাদের উপর সমাজ বিরোধীরা চালাচ্ছে অত্যাচার ও নির্যাতন। এই রকম ঘটনা ঘটেছে গত রবিবার কাটোয়া মহকুমার কেতুগ্রামে। সন্ত্রাসের বিরুদ্ধে অনশনরত কিছু ব্যক্তির উপর দুষ্কৃতকারীরা হামলা করেছে।

## Calling Attention to matters of urgent public importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

১। পশ্চিম দিনাজপুরের কুশমান্ডী থানার আমিনপুর সাব-সিডিয়ারী হেলথ সেন্টার চালু না হওয়া—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার।

২। জয়নগর থানা এলাকায় পুলিশের গুলিতে জনৈক আবেদ আলি নস্করের মৃত্যু—শ্রী ধীরেন্দ্র নাথ সরকার ও শ্রী কৃষ্ণপদ রায়।

৩। বর্ধমান জেলার কেতুগ্রামের প্রাক্তন এম.এল.এ. ও থানার ও.সি. আহত—শ্রী হবিবুর রহমান।

৪। Discontentment amongest the public regarding the functioning of different employment exchanges—Shri Gour Chandra Kundu.

৫। Suspension of Midnapore S.P.—Shri Sk.Imajuddin & Shri Krishna Das Ray

আমি শ্রী গৌরচন্দ্র কুন্ডু কর্তৃক আনীত বিষয়ের উপর নোটিশটি মনোনীত করছি।

মাননীয় মন্ত্রী কবে উত্তর দিতে পারবেন?

**মহঃ আমীন ঃ** ৮ তারিখে।

## Message from Governor

**মিঃ স্পিকার ঃ** সম্ভাষণ সম্পর্কে রাজ্যপালের প্রত্যুত্তর, মাননীয় সদস্যগণ পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলির ২৩নং নিয়মানুযায়ী আমি জানাচ্ছি যে রাজ্যপালের নিকট হইতে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব সম্পর্কে রাজ্যপালের প্রত্যুত্তর পেয়েছি। প্রত্যুত্তরটি এইরূপ—

Dear Mr. Speaker, I shall be obliged if you would kindly convey to the members of the Legislative Assembly that I have received with great satisfaction their message of thanks for the speech with which I opened the present session of the West Bengal Legislative Assembly.

Yours sincerely,
Sd/-T.N. Singh

I am to inform you that a communication has been received from the District Magistrate, Murshidabad, regarding release of M.L.A. namely Shri Atahar Rahman, M.L.A. Jalangi Constituency, who was released on bail on 22.2.79 by the sessions Judge, Murshidabad.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** দুইজন সাঁওতাল বন্ধুকে তাদের জায়গা থেকে উচ্ছেদ করার জন্য সি.পি.এমরা চক্রান্ত করেছে, গরিবদের উপর এইভাবে অত্যাচার করছেন। গরিব বন্ধুরা যেন বিচার পায়।

## General Discussion on Budget

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাতে এমন নতুন কিছু নেই। বাজেট বক্তৃতার অধিকাংশ সময় তিনি কেন্দ্রীয় সরকারের সম্পর্কে বক্তব্য রেখেছেন এবং তার মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের ন্যায্য দাবি পূরণ করছেন না এইরকম একটা মনোভাব জনসাধারণের মধ্যে সৃষ্টি করবার চেষ্টা করেছেন। তিনি একবারও বললেন না বা কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ দিলেন না যে বিভিন্নভাবে এই সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হবার পর থেকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সহানুভূতি শুধু নয়, সমর্থন লাভ করতে পেরেছেন। যখন কেন্দ্রের কংগ্রেস সরকার এবং রাজ্যে কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত ছিলেন তখন পশ্চিমবাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই রকম ধরনের উদার আর্থিক সাহায্য লাভ করতে সক্ষম হন নি। যেটা বর্তমানে

*কেন্দ্রীয় সরকার দিয়েছেন। পশ্চিমবাংলা সরকারের যেখানে ত্রুটি বা ব্যর্থতা হয়েছে উনি সেই* ব্যর্থতার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দিয়েছেন এবং কোথাও যদি সাফল্য হয়ে থাকে তাদের সেটা রাজ্য সরকারের দ্বারা সম্ভব হয়েছে বলে বলেছেন। এই সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হবার পর অত্যাবশ্যকীয় যেসব জিনিসপত্র আসে তার মূল্য নিয়ন্ত্রণে রাখা অনেকখানি সম্ভবপর হয়েছে। কিন্তু তিনি এইকথা বললেন না জীবনধারণের জন্য যে সব অত্যাবশ্যকীয় জিনিসপত্র আসে যার মূল্যমান নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার সারা দেশে যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাতে অনেকখানি সহায়ক হয়েছে। কেন্দ্রীয় সরকার কর্ডনিং ব্যবস্থা তুলে দিয়েছেন, চিনি বিনিয়ন্ত্রণ করার ফলে চিনির দাম অনেকখানি কমে গেছে, ভোজ্য তেল বিদেশ থেকে প্রচুর পরিমাণে আমদানি করার ফলে এর দাম. বাড়েনি আগের সরকার বিদেশে রপ্তানি করার ফলে অনেক অত্যাবশ্যকীয় জিনিসের দাম বেড়ে যেতে কিন্তু বর্তমান সরকার সেইসব জিনিসের রপ্তানি বন্ধ করার ফলে জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণে রাখা সম্ভব হয়েছে। এই ব্যবস্থার ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও দায়িত্ব নেই, এটা কেন্দ্রীয় সরকার করে থাকেন এবং তার সুফল পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যে প্রতিফলিত হয়েছে, এসব কথা তিনি বললেন না বরং তিনি কেন্দ্রীয় সরকার সম্পর্কে কিছু কিছু তথ্য এমনভাবে রেখেছেন যাতে বিষয়গুলি অস্পষ্ট থেকে গেছে এবং সেখানে কেন্দ্রীয় সরকার সম্পর্কে সঠিক মূল্যায়ন হয়নি।

[2-10—2-20 P.M.]

তিনি এক জায়গায় বলেছেন যে আমরা পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় একটা করে শিল্প কেন্দ্র স্থাপন করেছি। এটা সকল মাননীয় সদস্য জানেন কেন্দ্রীয় সরকার তাঁর নতুন শিল্প নীতির মাধ্যমে যাতে ক্ষুদ্র শিল্প, কুটির শিল্প এবং মাঝারি শিল্পের বিকাশ দ্রুততর হয় এবং বেকার সমস্যার সমাধান হয় তার জন্য উদ্যোগ গ্রহণ করেছেন, আর্থিক সাহায্য দিয়ে রাজ্যের প্রত্যেকটি জেলায় যাতে একটা শিল্প কেন্দ্র গঠিত হয় এবং বেকার যুবকরা যাতে সেই শিল্প কেন্দ্রের মাধ্যমে পরামর্শ গ্রহণ করে স্বনির্ভরশীল হতে পারে তারজন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু কথাটা এমনভাবে বলা হয়েছে যে সমস্ত কিছু রাজ্য সরকার করেছেন, কেন্দ্রীয় সরকার করেন নি। অর্থনৈতিক পুনর্গঠনের ক্ষেত্রে তিনি যে কথা বলেছেন, কেন্দ্র-রাজ্য সম্পর্কের ক্ষেত্রে যেকথা আমরা বার বার বলেছি যে আমাদের ভারতবর্ষে যে ধরনের শাসন ব্যবস্থা প্রচলিত রয়েছে, যে যুক্ত রাষ্ট্রীয় কাঠামো সেই কাঠামোতে কেন্দ্রীয় সরকারের একটা নির্দিষ্ট সাংবিধানিক দায়িত্ব রয়েছে, রাজ্য সরকারের সাংবিধানিক দায়িত্ব রয়েছে অর্থ কমিশন রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হচ্ছে, তাঁরা বিভিন্ন রাজ্যের আর্থিক ব্যবস্থা সম্বন্ধে খোঁজ খবর নিয়ে বিভিন্ন সময়ে রাজ্য কেন্দ্রের কাছ থেকে কিভাবে অর্থ পাবে তার সুপারিশ করে আসছেন। সপ্তম অর্থ কমিশন রাজ্যের চাহিদা বিশেষভাবে মূল্যায়ন করে কেন্দ্রীয় বিভাজ্য ভান্ডার থেকে রাজ্যে যাতে আরও বেশি আর্থিক সুযোগ সুবিধা আসে তারজন্য বরাদ্দ করেছেন। সপ্তম অর্থ কমিশনের মাধ্যমে যথেষ্ট পরিমাণ আর্থিক্ সাহায্য রাজ্যের দিকে আসা সত্ত্বেও মাননীয় অর্থমন্ত্রী সেই সপ্তম অর্থ কমিশনের কিছু কিছু সুপারিশ সম্পর্কে যে অসন্তোষ ক্ষোভ প্রকাশ

করেছেন সেটাও যথেষ্ট দুঃখের। আজকে পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গের শাসন ব্যবস্থা পরিচালনার কথা খুব গুরুত্ব সহকারে নিশ্চয়ই ভাবছেন, কিন্তু আজকে কেন্দ্রে যে সরকার প্রতিষ্ঠিত রয়েছেন সেই কেন্দ্রীয় সরকারকে ভারতবর্ষের সমস্ত অঙ্গ রাজ্যের দিকে, কেন্দ্র শাসিত যে সমস্ত রাজ্য রয়েছে এবং কেন্দ্রীয় সরকারের নিজস্ব যে সমস্ত দায়-দায়িত্ব রয়েছে সেই দায়িত্বগুলি পালন করার কথা ভেবে অগ্রসর হতে হবে। সুতরাং কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক দিক থেকে যে ভূমিকা গ্রহণ করেছেন সেই ভূমিকা নিশ্চয়ই আমি মনে করি প্রশংসাযোগ্য। এই প্রথম ৩০ বছর পরে একটা জনতা সরকার শাসন ব্যবস্থা পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছেন এবং ভারতবর্ষের যে মৌলিক সমস্যা দারিদ্র্য এবং বেকারী এই দারিদ্র্য এবং বেকারীকে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে, আগামী ১০ বছরের মধ্যে দূর করার জন্য যে পরিকল্পনা তাঁরা রচনা করেছেন সেই পরিকল্পনার মাধ্যমে যে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ করা হবে তার সাফল্যের অংশ পশ্চিমবঙ্গ সরকার পাবেন। সুতরাং সহযোগিতার মনোভাব গ্রহণ করে যদি চলা যায় তাহলে নিশ্চয়ই আজকে পশ্চিমবঙ্গের যে সমস্যা সেই সমস্যার সমাধান হবে। আজকে নিশ্চয়ই রাজ্যের কিছু কিছু অভিযোগ থাকতে পারে কেন্দ্রের বিরুদ্ধে, রাজ্য সরকার মনে করতে পারেন যে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের প্রতি ন্যায্য ব্যবহার করছেন না, সেই রকম কিছু কিছু বক্তব্য থাকতে পারে, এটা যদি মামুলিভাবে কিছু বক্তব্য রাখা হত তাহলে নিশ্চয়ই এতটা আমাদের মনে করার কোনও কারণ ছিল না। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার এক জায়গায় বলেছেন যে আমাদের অন্তঃ শুল্কের দাবি যদি কেন্দ্রীয় সরকার না মেনে নেন তাহলে এই বলে নোটিশ দেব যে ১৯৮০-৮১ আর্থিক বছর থেকে এই রাজ্যের সীমানায় অতিরিক্ত উৎপাদনশুল্ক আর কার্যকর থাকবে না। এই ব্যাপারে আমরা আইনজ্ঞ ও সংবিধান বিশেষজ্ঞদের পরামর্শ নিচ্ছি। এই যে হুমকি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে দেওয়া হচ্ছে এটা কিসের হুমকি? আজকে উনি কি মনে করেন পশ্চিমবঙ্গ ভারতের বাইরে একটা অঙ্গ রাজ্য? সুতরাং কাকে নোটিশ দিচ্ছেন? যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর যদি গুণগত কোনও পরিবর্তন হয় তাহলে নিশ্চয়ই সেই পরিবর্তন হবে। এই কেন্দ্রীয় সরকারের প্রতি হুমকি সতর্ক বাণী এইভাবে যদি চলে তাহলে এটা ভারতবর্ষের সংহতি ঐক্যের পথে যথেষ্ট অসুবিধা হয়ে যাবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। তাই আমি এই কথা বলতে চাইছি মাননীয় অর্থমন্ত্রীর কাছে যে এবারের বাজেটে কিছুটা উল্লেখযোগ্য অপসারণ করেছেন। গত বছর বাজেট যেটা তিনি পেশ করেছিলেন সেখানে কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলতে গিয়ে তিনি সেই বাজেটে দাবি করেছিলেন যে শতকরা ৭৫ ভাগ টাকা কেন্দ্রকে রাজ্যগুলির মধ্যে বন্টন করে দিতে হবে। সেই দাবির কথা এবারের বাজেটে তিনি উল্লেখ করেন নি। সেখান থেকে অনেকখানি মুল দাবি থেকে সরে এসেছেন সে বিষয়ে কোনও সন্দেহ নাই। সে কথা তিনি বলেন নি। এখানে কতকগুলি দাবির কথা বলেছেন কিন্তু সে দাবি তিনি এবারে করেন নি। তাই আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব যে আপনি এইভাবে সমস্যাকে না দেখে নিশ্চয়ই পারস্পরিক বোঝাপড়ার মধ্যে দেখার চেষ্টা করুন। কিন্তু কেন্দ্র বিরোধী সংঘাত যদি হয় পূর্ববাংলার সঙ্গে কেন্দ্রের সঙ্গে পূর্বাঞ্চল রাষ্ট্রের সঙ্গে—এই যে প্রয়াস আপনি গ্রহণ করেছেন

সেই প্রয়াস ঠিক যুক্তিযুক্ত হবে না, জাতীয় সংহতির পক্ষে সহায়ক হবে না এবং যে সরকার উন্নতির জন্য যে কর্মযোগ্য কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন সেই কর্মযোগ্যের ক্ষেত্রে অনেকখানি ব্যাঘাত হবে। অন্য দিকে এই যে বাজেট বিধানসভায় উত্থাপন করা হয়েছে তাতে আমরা কি দেখতে পাচ্ছি—এই বাজেটে একটা বিরাট অংকের টাকা ঘাটতি হিসাবে দেখানো হয়েছে ৮০ কোটি ৪৮ লক্ষ টাকা ঘাটতি এবং এই বাজেটে ৩৭ কোটি টাকা নতুন কর আরোপ করা হয়েছে জনসাধারণের উপর। এই ৩৭ কোটি টাকা নতুন কর আরোপ করে ও ৮০ কোটি ৪৮ লক্ষ টাকা ঘাটতি দেখানো হয়েছে। আমার কিন্তু নিজের ধারণা শেষ পর্যন্ত এই ঘাটতির অংক আরও বেড়ে যাবে। কারণ উনি ৭৭-৭৮ সালে যে বাজেট পেশ করেছিলেন সেই বাজেটে তিনি বলেছিলেন বাজেটের শেষে মোট ঘাটতি দাঁড়াবে ২৫ কোটি ৮৬ লক্ষ টাকা কিন্তু শেষ পর্যন্ত এখন ঘাটতি দাঁড়িয়েছে উনি বলেছেন ৫৭ কোটি টাকা। তার কারণ হিসাবে তিনি উল্লেখ করেছেন যে গত বছর সাম্প্রতিক যে বিধ্বংসী বন্যা হয়েছে সেই বন্যার ফলে পঃবাংলা সরকার এর উপরে অনেক আর্থিক দায়দায়িত্ব এসে পড়েছে, কিন্তু তাসত্ত্বেও তিনি স্বীকার করেছেন যে রাজ্য সরকার বন্যা খাতে ১৯ কোটি টাকা অতিরিক্ত খরচ করেছেন। যদি ঘাটতি ২৫ কোটি টাকার সাথে ১৯ কোটি টাকা যোগ করে দেওয়া যায় তাহলে ৫৭ কোটি টাকা পর্যন্ত যাওয়া ঠিক হয় নি। কেন এটা ঘটল তার কারণ হচ্ছে যে গতবছর যে সব খাতে অতিরিক্ত কর আদায় করার কথা ভাবছিলেন যে অতিরিক্ত ২০ কোটি টাকা কর আদায় করার কথা ভাবছিলেন সেই ২০ কোটি টাকা বিভিন্ন কারণের জন্য তিনি আদায় করতে পারে নি। আদায় করেছেন মাত্র সাড়ে ১১ কোটি টাকা সেটা তিনি বাজেট বক্তৃতায় বলেছেন। আবার এই বছর তিনি ৩৭ কোটি টাকা কর আরোপ করার কথা বলেছেন এবং ৩৭ কোটি টাকা আদায় করতে গিয়ে তিনি এক জায়গায় বলেছেন কৃষিকর এগ্রিকালচারাল ফার্ম হোলডিং উপরে একটি বিল আনবেন এবং সেই বিল বিধান সভায় পাস করলে তার থেকে নতুন ৯ কোটি টাকা কর হিসাবে আসবে, সেটা তিনি আশা করছেন। এখন এই সমস্ত পরিকল্পনা যদি ঠিক ঠিক মতন রূপায়িত করা সম্ভবপর না হয় কার্যক্ষেত্রে তাহলে যে ৩৭ কোটি টাকা অতিরিক্ত কর আদায় করবেন বলে ভাবছেন সেটা কমে যাবে এবং তার ফলে ডেফিসিট আরও বেড়ে যাবে। ঐ যে বিরাট ডেফিসিট বাজেট পঃবাংলার জনসাধারণকে তিনি উপহার দিয়েছেন সেই বিরাট ডেফিসিট বাজেট আজকে মেনে নেবার স্বার্থকতা থাকবে যদি বাজেটকে পর্যালোচনা করলে মূল্যায়ন করলে দেখা যায় যে ঐ বাজেট প্রকৃত জনগণের স্বার্থকে রক্ষা করবার জন্য রচনা করা হয়েছে। পঃবাংলায় যে বিরাট দারিদ্র রয়েছে, যে বিরাট বেকারী রয়েছে—সেই বিরাট দারিদ্র এবং বিরাট বেকারীকে দূর করবার জন্য যদি এই বাজেট রচনা হয়ে থাকে এবং রচনা হত তাহলে হয়ত অন্য রকম দৃষ্টিভঙ্গি এই বাজেট সম্পর্কে গ্রহণ করা যেত।

[2-20—2-30 P.M.]

কিন্তু আজকে এই বাজেট পেশ করার পরে পশ্চিমবঙ্গে কোনও শ্রেণীর জনসাধারণ

এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রে দেখেছি যারা চাকুরে-জীবী তারাই বিশেষ করে এই বাজেটকে অভিনন্দন জানিয়েছে। কেন? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই বাজেটের মাধ্যমে ৩০ কোটি টাকা মহার্ঘভাতা হিসাবে পশ্চিমবঙ্গে যারা চাকুরেজীবী তাদের তিনি দিয়েছেন। আর দেশের যারা সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষ, গ্রামের দারিদ্র মানুষ তাদের জন্য তেমন কিছু বরাদ্দ এই বাজেটে নেই। আমি আরও স্পষ্ট করে বলতে চাই যে চাকুরেজীবীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিয়েছেন তাতে আমার আপত্তি নেই কিন্তু এই কৃষিজীবী মানুষ যারা গ্রামে থাকে, যারা প্রান্তিক চাষী তাদের জন্য কি করলেন? গত বৎসর আমরা বিধানসভায় বারবার আপনাদের অনুরোধ করেছিলাম যে যারা এইসব প্রান্তিক চাষী তাদের উপর যে কৃষিঋণ আছে, মাত্র কয়েক কোটি টাকা, সেটা মুকুব করে দেন, বোধহয় ২ কোটি টাকা, প্রাকৃতিক দুর্যোগ ও বন্যায় বারবার তাদের ফসল নষ্ট হয়ে গিয়েছে অথচ ঋণটা তাদের ঘাড়ে জমে রয়েছে, তাদের ঋণমুক্ত করুন, কৈ বাজেটের মধ্যে গ্রামের সর্বহারা মানুষ, নিঃস্ব মানুষ, যাদের কথা আপনারা সব সময় বলেন, তাদের সম্বন্ধে কোনও কথা বলেন নি। অথচ ক্ষমতায় আসবার পর থেকে আমরা দেখছি আপনারা কি করলেন? ৭৭ সালে আপনারা প্রথমে ১০ কোটি টাকা বরাদ্দ করলেন যারা চাকুরেজীবী তাদের পুজার সময় এক্স-গ্রাসিয়া রিলিফ, তারপর পে কমিশন রিপোর্ট বের হওয়ার আগে অন্তবর্তী রিলিফ হিসাবে ডি.এ. ইত্যাদি বাড়িয়ে দিলেন কিছু করে, এইভাবে আবার সমস্ত শ্রেণীর কিছু কিছু ভাতা বাড়িয়ে দিলেন, আবার এখন আপনারা কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিয়ে তাদের জন্য ৩০ কোটি টাকা খরচ করলেন। অথচ এই গ্রামাঞ্চলের যারা কৃষক, সাধারণ মানুষ তাদের জন্য প্রত্যক্ষভাবে কোনও রকম সুবিধা এই বাজেটের মধ্যে দিলেন না, সেই ৭০-৮০ ভাগ মানুষ যাদের কথা আপনারা বলেন, তাদের জন্য কিছুই করলেন না। কি করলেন? গ্রামে গ্রামে গিয়ে নানা দল তৈরি করে একজনের জমি আর একজনকে কেড়ে নিতে উৎসাহিত করছেন। আর যারা সংগঠিত চাকুরে সম্প্রদায় তাদের হাতে রাখবার জন্য—তারাই বুদ্ধিজীবী, সমাজে তারা সুনিয়ন্ত্রিত, নির্বাচনে সাফল্য লাভ করার জন্য এই সমস্ত লোককে এইভাবে হাতে রাখছেন, অথচ যারা নিঃস্ব মানুষ, রোজগার করে না তাদের জন্য কিছুই বরাদ্দ করলেন না। আর এদের এত টাকা ডি.এ. বাড়ালেন। এই ডি.এ. চাকুরেজীবীদের দীর্ঘদিনের দাবি ছিল সেই দাবি আপনারা পূরণ করলেন। কিন্তু এই যে ব্যালেন্স, ভারসাম্য রাখা যেটা বাজেটের লক্ষ্য হওয়া উচিত ছিল সে জিনিস আপনারা করতে পারেন নি। বেকারদের জন্য কি করলেন? বেকারদের জন্য গত বৎসরের বাজেটে আনএমপ্লয়মেন্ট অ্যালাউন্স ৫০ টাকা করে দেওয়া হল এবারও সেই ৫০ টাকা, এই ভাতার বদলে তাদের পাকাপাকি কর্মসংস্থান, তাদের চাকরি পাওয়ার কোনও কথা, না এই ৫০ টাকা বেকার ভাতা পেয়েই তাদের জীবন কেটে যাবে এই সম্বন্ধে কোনও সুষ্ঠু পরিকল্পনা এই বাজেটের মধ্যে দেখতে পেলাম না। মাত্র এক জায়গায় বলেছেন যে জেলায় জেলায় এর মাঝারি শিল্প ও দু'একটা ক্ষুদ্র শিল্প সরকারি উদ্যোগে তৈরি করা হবে। কিন্তু শিল্প ক্ষেত্রেও দেখা যাচ্ছে যে তাদের নীতির ফলে সেখানেও অসন্তোষ দেখা দিচ্ছে। বহু শিল্পে লক আউট, স্ট্রাইক ক্লোজারের জন্য বহু শ্রমিক আজকে

ছাঁটাই হয়ে যাচ্ছে, তারা কর্মচ্যুত হচ্ছে, বহু ইন্ডাষ্ট্রির দরজা বন্ধ হয়ে যাচ্ছে, ইন্ডাষ্ট্রি সব সিক হয়ে যাচ্ছে।

ইন্ডাষ্ট্রি সিক হয়ে যাচ্ছে। গত দু' বছর ধরে আপনার রুগ্ন শিল্পকে এবং বিকল শিল্পকে উন্মুক্ত করার জন্য যে ব্যবস্থা গ্রহণ করেছেন সেই ব্যবস্থাতেও আপনারা সাফল্য অর্জন করতে পারেন নি। আপনারা বলেছেন মাত্র চারটি রুগ্ন শিল্পের দরজা খুলতে সক্ষম হয়েছেন, এইভাবে যদি এগুতে থাকেন তাহলে পশ্চিমবঙ্গের যে ভয়াবহ বেকার সমস্যা তার সমাধান করতে কতটা সক্ষম হবেন? আমি ধরে নিলাম শিল্পদ্যোগ করতে আপনাদের সময় লাগবে, আমি ধরে নিলাম আপনাদের রুগ্ন শিল্পকে খুলতে সময় লাগবে, কিন্তু আপনারা শাসন ক্ষমতায় আসার পরে সরকারের বিভিন্ন দপ্তরে যে সমস্ত পদ খালি রয়েছে, সেগুলি পূরণ করে বেকারদের কিছুটা সুযোগ করে দিতে পারতেন। যদি প্রশাসনকে বিকেন্দ্রীকরণ করে শূন্য পদগুলিকে পূরণ করার চেষ্টা করতেন এবং সরকারি বিভিন্ন বিভাগে যে ওভার টাইম প্রথা চালু আছে, সেগুলি বন্ধ করতে পারতেন, তাহলে অন্ততঃপক্ষে সরকারি বিভিন্ন দপ্তরে ৫০ হাজার বেকার ছেলে চাকুরি পাবে। বেকারদের জন্য সেই রকম কোনও পরিকল্পনা গ্রহণ করলেন না। আজকে কেন্দ্র জনতা সরকার যেভাবে শিল্পদ্যোগ নিচ্ছেন, নিয়ে যে সব ক্ষেত্রে শিল্প, কলকারখানা তৈরি করার জন্য চেষ্টা করছেন, সেখানে আপনাদের সহযোগিতা নাই, এমন কথা বলছি না, কিন্তু সেই সহযোগিতা এত শ্লথ এবং মন্থর যে তাতে কাজ হয় না, এই সহযোগিতা আরও দ্রুত হওয়া উচিত। ফলে বেকারদের জন্য চিন্তা করে বেকারি দূর করার জন্য যে কাজ, সে কাজ হচ্ছে না। আমি একটা উদাহরণ দিই। কাঁথিতে সমুদ্র সৈকতে একটা বিরাট লবণ তৈরি প্রকল্প আছে, সল্ট সিটি করার সেখানে ব্যাপক পরিকল্পনা নিয়ে বসে আছে, সেখানে কয়েক কোটি টাকা খরচ করবেন। পশ্চিমবঙ্গ সরকারকে বার বার অনুরোধ করছেন জমিটা আমাদের কাছে অর্পণ করুন, হস্তান্তর করুন, সেই জমি হস্তান্তরের ব্যবস্থা হচ্ছে। কিন্তু আজ দীর্ঘ দু' বছর চলছে, সে কাজ এখনও পর্যন্ত হয় নি। তাহলে এইভাবে যদি শ্লথ এবং মন্থর গতিতে কাজ চালাবার চেষ্টা করেন, দ্রুততালে শিল্পন্নয়নের চেষ্টা না করেন, তাহলে বেকারদের কি করে কর্মসংস্থান সুযোগ করে দেবেন সেটা ঠিক বুঝে উঠতে পাচ্ছি না। আপনাদের নিজেদের যে দায়িত্ব রয়েছে সেগুলি যে কেবল পালন করছেন না তাই নয়, আপনারা আবার কেন্দ্রকে দোষারোপ করছেন। হলদিয়াতে পেট্রো-কেমিক্যালস হওয়ার কথা, সেখানে যে দ্রুততার সাথে এগোন উচিত যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য, সেটাও করছেন না। কৃষি ক্ষেত্রে অনেক কথা বলেছেন, আজকে আপনি এটা নিশ্চয়ই জানেন যে পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রে যে আবাদযোগ্য জমি রয়েছে, তার খুব অল্প পরিমাণ জমিই জলসেচের আওতায় এসেছে যেখানে পাঞ্জাবে শতকরা ৭৫ ভাগ সেচ ব্যবস্থার মধ্যে এসেছে, তামিলনাড়ুতে শতকরা ৪০ ভাগ জমি সেচ ব্যবস্থার মধ্যে এসেছে, পশ্চিমবঙ্গে সেখানে খারিপে ৩০ শতাংশ জমি এবং রবি মরশুমে ২০ থেকে ২৫ ভাগ জমি সেচের আওতায় এসেছে এবং এই পরিমাণ জমিতে জল সেচ দেবার উদ্যোগ রয়েছে। সেখানে কৃষকরা

কিছুকাজ করে, কিন্তু তা ব্যাহত হচ্ছে বিদ্যুৎ বিভ্রাট হচ্ছে। আপনাদের কাছে, সরকারের কাছে অনেক অভিযোগ এসেছে কৃষকদের বিকল্প চাষ করার জন্য, শ্যালো টিউবওয়েল ডিপ টিউবওয়েল এবং রিভার পাম্প নিয়ে কাজে এগিয়ে গেল, কিন্তু দেখা গেল সেখানেও বিদ্যুৎ ঘাটতি, না হয় বিদ্যুৎ ছাঁটাই, যন্ত্রাংশ বিকল, ফলে কৃষকদের বহু ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে, চারাগাছ রোপণের সময় তারা জল পাচ্ছে না। পরিকল্পনা হয়ত রয়েছে কিন্তু সেই পরিকল্পনা কার্যকর করার জন্য যে উদ্যোগ গ্রহণ করা দরকার সেটা আপনারা করছেন না। আজকে এই যে বাজেট সরকার এখানে রেখেছেন, এই বাজেটের মাধ্যমে লক্ষ্য হচ্ছে পশ্চিম বঙ্গে বেকারী দূর করা, কিন্তু বাজেটের মাধ্যমে যে সমস্ত সমস্যার উপর খুব জোর দেওয়া দরকার, তা দেননি।

[2-30—2-40 P.M.]

বরং এই কথাটা বলা যেতে পারে আপনার বাজেটে একটি মাত্র ধারা বার বার ফুটে উঠেছে, যারা সংগঠিত চাকুরেজীবী সম্প্রদায়, বা সংগঠিত শ্রমিক সম্প্রদায়, সেই সম্প্রদায়কে হাতে রেখে কাজ হাসিলের চেষ্টা করেছেন। অর্গানাইজড ট্রেড ইউনিয়ন মুভমেন্ট, অর্গানাইজড এমপ্লয়িজ অ্যাশোসিয়েশন বা অর্গানাইজড টিয়ার্স মুভমেন্ট বা অন্যান্য। সংস্থা কাজ করে সেই সব সংস্থাকে হাতে রেখে তাদের খুশি রেখে আপনার সরকার বাহবা নেওয়ার চেষ্টা করছেন এবং আপনার ভবিষ্যতের দায়-দায়িত্ব সম্পন্ন করার চেষ্টা করছেন। আর কি করেছেন? এই বাজেটের মাধ্যমে একটা বিরাট ট্যাক্স আপনি চাপিয়ে দিয়েছেন। এই বছরে ৩৭ কোটি টাকা ট্যাক্স আদায় করেছেন। আপনি পেশা এবং বৃত্তির উপর ট্যাক্স করেছেন। আপনি আয়ের স্তর অনুযায়ী দু' টাকা থেকে ট্যাক্স করেছেন। এই যে ট্যাক্স যারা চাকুরি করে শহরাঞ্চলে থাকে তাদের ইনকাম ট্যাক্স দিতে হয়, যারা গ্রামাঞ্চলে থাকে তাদের পঞ্চায়েত ট্যাক্স, কর্পোরেশন এলাকায় যারা থাকে তাদেরও ট্যাক্স দিতে হয়। তাছাড়াও এই ট্যাক্স আপনি আরোপ করলেন। একই রোজগারের উপর, আয়ের উপর আপনি ট্যাক্স করেছেন। এটা কতখানি ন্যায়সঙ্গত সেটা বিচার-বিবেচনার পর্যায়ে পড়ে। নিশ্চয়ই আইনের দিক থেকে যথেষ্ট গ্রহণযোগ্য বা সঙ্গত নয়। অতিরিক্ত সংগ্রহ করতে গিয়ে আপনি সেলস ট্যাক্সের পুনর্বিন্যাস করেছেন এবং সেখানে বলেছেন সেলস ট্যাক্স পুনর্বিন্যাস করতে গিয়ে এর বোঝা যাতে সাধারণ মানুষের ঘাঁড়ে গিয়ে না পড়ে সেদিকে লক্ষ্য রাখবেন। মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা স্মরণ করিয়ে দিই। গতবারের বাজেটে চায়ের উপর কর বসাতে গিয়ে আপনি বলেছিলেন এটা যাতে সাধারণ মানুষের ঘাড়ে গিয়ে না পড়ে সেদিকে দেখবেন। সেদিন আমরা বলেছিলাম এটা সাধারণ মানুষের উপর গিয়ে পড়বে। সুখের কথা আমাদের সেদিনের ভবিষ্যদ্বাণী কার্যকর হয়েছে, ফলবর্তী হয়েছে এবং এই বারের বাজেটে আপনি স্বীকার করেছেন, দাম বাড়ার ফলে চায়ের উপর যে ট্যাক্স বসেছিল, সেটা তুলে দিলেন। আমরা জানি বিক্রয় কর বসালেও জিনিসপত্রের দর বাড়তে বাধ্য এবং জিনিসপত্রের দর যদি বাড়ে তাহলে সেটা সাধারণ মানুষকে গ্রহণ করতে হবে। আপনি যে ব্যবস্থা নিয়েছেন সেটা ফলবতী হবে দাম বাড়ার

ক্ষেত্রে। আপনি দাম ধরে রাখবার ক্ষেত্রে সাফল্য অর্জন করতে পারবেন না। সেটা আপনার দৃষ্টি গোচরে আমি আনছি। আপনি বলেছেন এক্ষেত্রেও যে সাধারণ মানুষ যাতে করভারে জর্জরিত না হয়ে পড়ে বা সেই কর গিয়ে তাদের উপর না পড়ে সেদিকে আপনি লক্ষ্য রাখবেন। কিন্তু তা আপনি পারবেন না। সেইটা আমি আপনাকে জানিয়ে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের কতকগুলো গতানুগতিক দিক আছে। প্রগতিশীল কথাবার্তা বলেছেন কিছু কিন্তু এই বাজেটে দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থা সম্পর্কে বলা থাকলেও তা থেকে পরিত্রাণের বা মোকাবিলার যে পথ নির্দেশ নেই। এরা বিগত কংগ্রেস আমলের অনেক তুলনা করেছেন, সমালোচনা করেছেন, কিন্তু এই বাজেট দেখলে দেখা যাবে কি সেই গতানুগতিকভাবে অনুসরণ করা হয়েছে। গত বছরের চেয়ে কৃষিখাতে কিছু বাড়িয়েছেন, শিল্পখাতে কিছু বাড়িয়েছেন, স্বাস্থ্যখাতে আগের চেয়ে কিছু বাড়ানো হয়েছে। এইভাবে গতানুগতিকতাকে অনুসরণ করা হয়েছে। এর মধ্যে বোঝবার কিছু নেই। কিন্তু একটা জিনিস বোঝবার আছে, একটি খাতের উপর যে অর্থ বরাদ্দ করছেন গত বছরে আপনাদের কার্যকলাপের ফলে বা যে তথ্য পাওয়া গিয়েছে তাতে দেখা যাচ্ছে কি, আপনারা যে অর্থ গত বছরে বরাদ্দ করেছিলেন সেই অর্থ আপনারা কিন্তু খরচ করতে পারেন নি।

আজকে বরাদ্দকৃত অর্থ যদি খরচ করতে না পারেন যে প্রতিশ্রুতি দিয়েছেন সেই প্রতিশ্রুতি যদি পালন না করেন তাহলে এই বাজেটে কতকগুলি কথা বলে কতকগুলি বাজেট প্রতিশ্রুতি দিলে তার তাৎপর্য কি থাকতে পারে। আপনি বলেছিলেন যে ১৯৭৭-৭৮ সালের ১ হাজার প্রাথমিক স্কুল খোলা হবে ১৯৭৮-৭৯ সালে আর এক হাজার প্রাথমিক স্কুল খোলা হবে এবং এই বাজেটেও বলেছেন যে ১২০০ প্রাথমিক বিদ্যালয় খুলবেন। ১৯৭৭-৭৮ সালে এক হাজার প্রাথমিক স্কুল খোলবার প্রতিশ্রুতি দিয়ে একটিও স্কুল করেন নি ১৯৭৮-৭৯ সালে যে এক হাজার প্রাথমিক স্কুল খোলার কথা এই বাজেট বর্ষ শেষ হতে চলেছে এখনও পর্যন্ত প্রাথমিক স্কুল খোলার অনুমোদন যায় নি। আপনারা জুনিয়ার হাই স্কুলগুলিকে হায়ার উন্নীত করবেন বলেছিলেন—কিন্তু সেই কাজ আপনারা করতে পারেন নি। এগুলি কেন সম্ভব হল না, সেখানে কি প্রশাসনিক ত্রুটিবিচ্যুতি রয়েছে না অন্য রকম চিন্তাধারা রয়েছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন প্রত্যেকটি জেলা স্কুল বোর্ডে নির্বাচিত সংস্থাকে বাতিল করে দিয়ে আজকে সেখানে সেই স্কুল বোর্ডকে পরিচালনা করার জন্য অ্যাড-হক জেলা স্কুল বোর্ড গঠন হয়েছে। এবং প্রত্যেকটি মনোনয়ন করার ক্ষেত্রে প্রত্যেকটি শিক্ষক অনুমোদনের ক্ষেত্রে আপনারা যে নীতি অনুসরণ করে চলেছেন যেভাবে নিজের দলীয় স্বার্থ সেখানে বজায় রাখার জন্য কাজ করে চলার ফলে বিলম্ব ঘটছে এবং তার যে সমস্ত বেকার ছেলে মেয়ের ১/২ বছর আগে কর্মসংস্থানের সুযোগ পেত তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। কৃষির ক্ষেত্রে সরকার যে টাকা বরাদ্দ করেছিলেন সেটা আপনারা খরচ করতে পারেন নি পানীয় জলের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা বরাদ্দ করেছিলেন সে টাকাও আপনারা শেষ করতে পারেন নি বিভিন্ন খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা

পাচ্ছেন সেই টাকা আপনারা খরচ করতে পারছেন না অথচ কেন্দ্রীয় সরকারের উপর আপনারা দোষ চাপাচ্ছেন যে কেন্দ্র টাকা দিচ্ছে না। আজকে আমি যে বাজেট দেখতে পাচ্ছি তাতে এমন একটা কিছু সমাজতান্ত্রিক প্রগতিশীল বাজেট বলে গ্রহণ করতে পারছি না। সেই কারণে এই বাজেটকে সমর্থন না করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃষ্ণপদ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় এই সভায় ১৯৭৯-৮০ সালের যে বাজেট পেশ করেছেন সেটা এক দিকে যেমন নৈরাশ্যজনক অন্য দিকে তেমনি ক্ষতিকারক। নৈরাশ্যজনক এই কারণে যে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্তরা এই বাজেটে যে করভার চাপানো হয়েছে তাতে তারা জর্জরিত হবে এবং অন্যান্য যে সমস্ত সমাজের নিম্ন স্তরের এবং নিম্নশ্রেণীর লোক তারা এই ইন্ডিরেক্ট ট্যাক্সের শিকার হবে। অতএব এটা সমাজের একটা নিশ্চিতভাবে উঠিয়ে দেবার প্রচেষ্টা ছাড়া আর কিছুই নয় এবং সেই লাইনেই এই বাজেট পেশ করা হয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই এই বাজেট একটা রাজনৈতিক দলিল মাত্র এবং এই বাজেট বইয়ের অর্ধেক পড়লে দেখতে পাবেন কেবল কেন্দ্রীয় সরকারের উপর উষ্মা প্রকাশ করা হয়েছে। আমাদের দেশের জনসাধারণ যাতে কেন্দ্রের বিরুদ্ধে উত্যক্ত হয়ে পড়ে সেই রকম নির্দেশ বা কথাবার্তা এর মধ্যে আছে। এই যে জেহাদ ঘোষণা করার ব্যবস্থা সেটা এই বাজেট পড়লেই বোঝা যায়। এতে একাধারে কেন্দ্রের সঙ্গে মনোমালিন্য অন্য ধারে রাজ্যকে একপেশে হয়ে যাবার ব্যবস্থার সৃষ্টি হচ্ছে।

[2-40—2-50 P.M.]

ফলে উভয়ের মধ্যে যে একটা মিত্রতাসুলভ চিন্তা ধারা গড়ে উঠেছিল সেটা এখন বদল হয়ে যাচ্ছে এবং আমাদের একতা ও সংহতি নষ্ট হয়ে যাবার মতো অবস্থায় এসেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাজেট লোকসানের বাজেট। বেশিরভাগ পাবলিক আন্ডারটেকিং, গভর্নমেন্ট আন্ডারটেকিং-এ লোকসান হচ্ছে, লাভ দেখা যাচ্ছে না। এই ক্ষতি আমাদের ভাবিয়ে তুলেছে। আমাদের পশ্চিমবঙ্গের অর্থনীতি এর ফলে আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে, সেটা ভাববার বিষয়। ট্রাম, বাসে লোকসান হচ্ছে। যতগুলো আন্ডারটেকিং আছে সেদিকে লক্ষ্য করলে দেখা যাবে কোটি কোটি টাকা লোকসান হচ্ছে এবং সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে না। এর জন্য প্রতি বছরই বিভিন্নভাবে জনসাধারণের উপর ট্যাক্স চাপাতে হচ্ছে এবং জনসাধারণের উপর ট্যাক্স চাপিয়ে এই সবের খেসারত দিতে হচ্ছে, অন্যদিকে বিদেশ থেকে বিভিন্ন ভাবে অর্থ সাহায্য গ্রহণ করতে হচ্ছে এইগুলি পরিচালনার জন্য। দরিদ্র, মধ্যবিত্তের উপর এত ট্যাক্স চাপানো হয়েছে এতে সমাজতন্ত্র কতটা সাফল্যমন্ডিত হচ্ছে সেটা ভেবে দেখা দরকার। প্রতি বছর লক্ষ লক্ষ বেকার বাড়ছে, আর সেই সঙ্গে লক্ষ লক্ষ শ্রমদিবস নষ্ট হচ্ছে। বিভিন্ন কলকারখানা লক আউট হয়ে বন্ধ হয়ে যাচ্ছে। গোটা দেশের পক্ষে, একটা স্টেটের পক্ষে এই লক আউট ক্ষতিকারক। শ্রমিকরা এর ফলে কাজ করতে পারছে না, এটা আদৌ সুস্থ অর্থনীতির লক্ষন নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটে শিক্ষক, অশিক্ষক

কর্মচারী, সরকারি কর্মচারিদের কিছু দিতে চেয়েছেন, খুব ভাল কথা। আমরা একে স্বাগত জানাচ্ছি। এর জন্য ৩০ কোটি টাকা লাগবে, তিনি ঘোষণা করেছেন। অন্যদিকে তিনি ৩৭/৪০ কোটি টাকা ট্যাক্সের ব্যবস্থা করেছেন। এই টাকাটি তিনি আদায় করে ৩০ কোটি টাকা দিচ্ছেন। এটা একটা সেকসান অব পিপলের খুব কাজে লাগবে, আনন্দের কথা, কিন্তু অন্য দিকে সাধারণ জনগণকে আরও বেশি বেশি করে ট্যাক্স দিতে হবে। সাধারণভাবে গরিব মানুষের ঘাড়ে এই ট্যাক্সের বোঝা এসে পড়বে। ফলে পশ্চিমবঙ্গের মেরুদন্ড একেবারে ভেঙ্গে যাবার উপক্রম হবে। মাননীয় অর্থমন্ত্রী মহোদয় পঞ্চায়েত সম্পর্কে যথেষ্ট আস্থা পোষণ করেছেন। পঞ্চায়েত সম্পর্কে তিনি যে বাজেট ভাষণ রেখেছেন আমি সেটা একটু পড়ে শোনাচ্ছি। "কিন্তু সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে যে একটি নতুন শক্তি সঞ্চারিত পরিব্যাপ্ত হয়েছে তাতে কোনও প্রশ্নের অবকাশ নেই। এই নতুন শক্তিই গ্রামীণ উন্নয়নের, কৃষি সংস্কারের, ক্ষুদ্র এবং মাঝারি শিল্প গঠনের, নতুন সেচব্যবস্থার, প্রাথমিক শিক্ষা বিস্তারের সূত্রে গ্রামীণ জনগণের সামাজিক চেতনা উদ্বোধনের, স্বাস্থ্য রক্ষণাবেক্ষণের, আরও গ্রামীণ ঋণ দিতে ব্যাঙ্কগুলির মাধ্যমে পৌঁছে দেবার এবং অভাবগ্রস্ত মানুষদের সেই ঋণ ব্যবহারে শিক্ষিত করার দায়িত্ব নেবেন। পঞ্চায়েতের উপস্থিতি না থাকলে এবং ঔষধ বিতরণের সুষ্ঠু ব্যবস্থা এবং আর্তদের উদ্ধারের কাজ এতটা সফল কিছুতেই হত না। গৃহনির্মাণের অনুদান বিতরণের ও গ্রামীণ পুনর্গঠনের দায়িত্বও এখন গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হয়েছে, খাদ্যের বিনিময়ে কর্ম প্রকল্পের অন্যান্য নানা কাজের দায়িত্বও ন্যস্ত করা হয়েছে" মাননীয় অধ্যক্ষ মহোদয়, গ্রামপঞ্চায়েত সম্পর্কে এই কথা বলা যায় যে এটা একটা তহবিল তছরূপের আড্ডাখানা মাত্র। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে আজকে যে সমস্ত কাজ হচ্ছে প্রত্যেকটি কাজেই নানা ভাবে তহবিল তছরূপ হচ্ছে। ফুড ফর ওয়ার্কে অনেক টাকা বরাদ্দ হচ্ছে কারুর বাড়িতে বিয়ের ব্যাপারে দরকার হলে সেখানে গ্রামপ্রধানকে ব্যবস্থা করা হচ্ছে গ্রামপ্রধান এখন সেই কাজ করবে, না গ্রামের উন্নয়নের কথা ভাববে সেটা চিন্তা করা দরকার। তা ছাড়া স্যার, গ্রামে গণ আদালত বসিয়ে সেখানে জরিমানা করা হচ্ছে, জুতো মারা হচ্ছে, বেত্রাঘাত করা হচ্ছে। এইসব কাজ সেখানে চলছে। এইসব অবস্থার দিকে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং বলতে চাই এই যে অবস্থা চলছে এর পুনর্মূল্যায়ন করা দরকার। আমি মনে করি অর্থনৈতিক উন্নয়ন অপেক্ষা সামাজিক নিপীড়ন করা হচ্ছে। গ্রামপঞ্চায়েতের কাজ। এই অবস্থায় তিনি যে বলেছেন যে তিনি একটি সুস্থ বাজেট উপস্থিত করতে চেয়েছেন আমি মনে করি সুস্থ বাজেট এই সভায় তিনি পেশ করতে পারেন নি। সেখানে তাঁর বক্তব্যের মধ্যে বেশিরভাগটাই জড়িত রয়েছে এই ক্ষেত্রে যে তিনি পঞ্চায়েতের উপর বেশিরভাগ দায়িত্ব দিতে চান এবং তার মাধ্যমে সামাজিক রূপান্তর সৃষ্টি করতে চান, কিন্তু সেখানে সামাজিক রূপান্তরের চেয়ে আজকে দুঃখ, দৈন্য, দারিদ্র গ্রামের সাধারণ মানুষদের উপর চেপে বসেছে। এই দিকে তাঁর লক্ষ্য করার প্রয়োজন আছে। তারপর তিনি শিল্প ও কলকারখানা সম্পর্কে অনেক বক্তব্য এখানে পেশ করেছেন। কিন্তু এখানে লক্ষ্য করলেই দেখা যাবে বর্তমানে বহু শিল্প বন্ধ হয়ে পড়ে আছে, বহু ম্যান্ডেজ নষ্ট হচ্ছে, বহু শ্রমিক বেকার হয়ে পড়ছে। এখানে বাজেটে তিনি

যে রূপ ফোটাতে চেয়েছেন সেটা তিনি ফোটাতে পারেন নি। এই বাজেট সম্পূর্ণরূপে একটা বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। সমাজের বিভিন্ন শ্রেণীর লোক আজ অতিরিক্ত করভারে জর্জরিত হবে। আজকে সমাজের বিভিন্ন শ্রেণীর লোকের উপর এই যে করভার চাপছে এটা বিশেষভাবে বোঝা দরকার। স্যার, পরিশেষে আমি বলব, এই বাজেটকে বলা যায় করভারে জর্জরিত বাজেট, লোকসানের বাজেট, ক্ষতির বাজেট, নৈরাশ্যজনক বাজেট। তাই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট আমি অত্যন্ত মন দিয়ে শুনেছি এবং পড়েছি। স্যার, এই বাজেট শুনে এবং পড়ে আমি যা বুঝলাম তা হচ্ছে, এই বাজেট অবাস্তব দৃষ্টিভঙ্গির নিদর্শন এবং এতে গ্রামবাংলার উন্নয়নের সুনির্দিষ্ট কোনও পরিকল্পনা নেই। আমি স্যার, এই বাজেটকে দুটি ভাগে ভাগ করে সে সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। প্রথমত মাননীয় অর্থমন্ত্রীর যে বাস্তব দৃষ্টিভঙ্গি নেই তার প্রথম নিদর্শন হচ্ছে, গতবার তিনি বাজেট বক্তৃতা দেবার সময় শিলিগুড়ি এবং কলকাতার টি অকশনের উপর যে ট্যাক্স ধার্য করেছিলেন ফ্রম ফার্স্ট সেপ্টেম্বর, ওর বাজেটটা আমি পড়ে দেখছিলাম, এবারে দেরিতে হলেও উনি বোধহয় বুঝতে পেরেছেন যে শিলিগুড়ি এবং কলকাতার টি অকশনের উপর এটা থাকলে বোধ হয় এই অকশন আসাম বা অন্যান্য জায়গায় চলে যাবে। দেরিতে হলেও ওর সুবুদ্ধি হয়েছে। স্যার, এখানকার সম্বন্ধে ওর বাস্তব অভিজ্ঞতা ছিল না, উনি পশ্চিমবঙ্গে থাকতেন না, পশ্চিমবঙ্গ সম্বন্ধে ওর ধ্যান ধারণা কম ছিল তাই পশ্চিমবাংলার অর্থনীতির উন্নয়নের কথা উনি বোধহয় বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে ঠিক দেখতে পারেন নি। তা যদি হত তাহলে যে চা শিল্প পশ্চিমবাংলার মূলতঃ বড় একটা শিল্প সেই শিল্পের উপর আঘাত করতে নিশ্চয় তিনি সাহস করতেন না।

[2-50—3-00 P.M.]

তিনি যে বক্তৃতা দিয়েছেন তারজন্য আমি তাঁকে বাগাড়ম্বর মন্ত্রী বলি। তাঁর এই বাজেট বক্তৃতা গতবার ছিল ৩৭ পাতা, এবারে হয়েছে ৪০ পাতা। ১৯৬৭-৬৮ সালে যখন জ্যোতিবাবু উপমুখ্যমন্ত্রী ছিলেন এবং ফিনান্স মিনিস্টার ছিলেন তখন তাঁর বাজেট ভাষণ ছিল ১৮ পাতা। আমরা দেখেছি যে জ্যোতিবাবুর সেই ভাষণে তিনি কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার করেছিলেন। গতবার অর্থমন্ত্রী যে ভাষণ দিয়েছিলেন সেটাতে আগাগোড়াই কংগ্রেসকে গালাগালি দিয়েছেন। এবারে কংগ্রেসকে গালাগাল দেন নি, অনেক ভাল কাজ করেছেন, সবে মার্কসবাদি হয়েছেন, এবারে কংগ্রেসকে গালাগাল না দিয়ে কেন্দ্রকে ধরেছেন। কেন্দ্রকে ধরেছেন, ভাল কথা, কেন্দ্রকে ধরলে তাঁর লাভ হবে। কিন্তু একটা কথা তিনি বুঝতে পারছেন না যে কেন্দ্রের সঙ্গে ঠান্ডা লড়াই করতে গিয়ে পশ্চিমবাংলার উন্নতি, পশ্চিমবাংলার স্বার্থকে জলাঞ্জলি দিতে বসেছেন সেটা কি ভেবে দেখেছেন? আপনি আপনার রাজনৈতিক ফায়দা পাল্টাবার জন্য, রাজনৈতিক স্বার্থ সিদ্ধি করবার জন্য কেন্দ্রের সঙ্গে ঠান্ডা লড়াই করুন, কেন্দ্রের সঙ্গে ক্ষমতা

নিয়ে চ্যালেঞ্জ করুন, কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার করুন, কেন্দ্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করুন কিন্তু তাতে পশ্চিমবাংলার মানুষের কি হবে? আপনি একটা অঙ্গ রাজ্যের অর্থমন্ত্রী, আপনি বাজেট ভাষণ দিতে গিয়ে ইস্টার্ন জোন স্টেটের জন্য একটা ভাষণ দিয়েছেন। আপনি হঠাৎ ইস্টার্ন জোন স্টেটের অর্থমন্ত্রী হিসাবে তার প্রতিষ্ঠা পাবার জন্য একটা ইঙ্গিত রয়েছে এবং সমস্ত স্টেটগুলিকে আপনি উদ্বুদ্ধ করছেন, তাঁদের সেন্টিমেন্টে সুড়সুড়ি দিচ্ছেন যে কেন্দ্রের বিরুদ্ধে তোমরাও আমাদের সঙ্গে এস। আপনি অর্থমন্ত্রী হিসাবে যে বাজেট প্লেস করেছেন যাতে পশ্চিমবাংলার মানুষের আগামী এক বছরে কি উন্নতি হবে তার রূপ রেখা এর মধ্যে দেখছি না। এই বাজেটের মধ্যে শিল্প বা এগ্রিকালচার সম্পর্কে কোনও নির্দিষ্ট পরিকল্পনা নেই। এই সম্পর্কে গতবারও ছিল না এবং এবারেও নেই। এই বাজেট বক্তৃতা দিতে গিয়ে তিনি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে, কেন্দ্রের বিরুদ্ধে নানা কথা বলে ১৬টি পাতা নষ্ট করেছেন। এই যে ১৬ পাতায় আপনি বাজেট ভাষণে শুধু কেন্দ্রের বিরুদ্ধে ষষ্ঠ অর্থ কমিশন, ৭ম অর্থ কমিশন ইত্যাদি এই সমস্ত উল্লেখ করে সময় নষ্ট করেছেন। কাজেই তাঁকে বাগাড়ম্বর মন্ত্রী বলা ছাড়া আর কোনও গত্যন্তর নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবাস্তব দৃষ্টিভঙ্গির আর একটা নিদর্শন রাখছি। আপনারা জানেন যে গ্রামবাংলার শতকরা ৮০ জন লোক বাস করে, এই ৮০ ভাগ লোকের স্বাচ্ছল্যতা গড়ে তোলার জন্য এই বাজেটের মধ্যে কোনও পরিকল্পনা আছে কি না। কোনও পরিকল্পনা নেওয়া হয় নি, তার বদলে আছে পঞ্চায়েত ট্যাক্স, তার বদলে আছে কেন্দ্রীয় ট্যাক্স, তার বদলে আছে ওয়ান পারসেন্ট সেলস ট্যাক্স। এই ওয়ান পারসেন্ট সেলস ট্যাক্স বাড়লে গ্রামাঞ্চলের উপর তলা থেকে নিচতলা পর্যন্ত প্রত্যেকটি লোকের উপর আঘাত করবে। করভারে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের মানুষদের আঘাত করবে কি না, এটা আপনার মাধ্যমে জানতে চাই। শুনলাম গ্যাস টার্বাইন পাঁচটা আনা হচ্ছে, এই সম্বন্ধে আমি পাওয়ার বাজেটের দিনে আলোচনা করব, কিন্তু আজকে আমি অর্থমন্ত্রীর কাছ থেকে জানতে চাই এক মাসের মধ্যে হলদিয়া থেকে পাওয়ার কলকাতায় আসবে কি না, যদি আসে কিভাবে আসবে, তার ব্যবস্থা হয়েছে কি না। অর্থের অপচয় আপনারা নিশ্চয়ই করতে পারেন—এটা নাকি একটা বার্নিং প্রবলেম, পাওয়ারটা আপনাদের কাছে বার্নিং প্রবলেম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার কাছে তথ্য আছে, ৩ হাজার ক্ষুদ্র শিল্প বন্ধ হয়ে গেছে এই বিদ্যুতের অভাবে আজকে পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো একেবারে ভেঙ্গে গেছে, কিসে? না, শুধু একমাত্র পাওয়ারের অভাবে। আজকে শুনছি সেই পাওয়ার সানতালডিতে বাড়ানো হয়েছে, কিন্তু শীতকালেও দেখছি দারুণ পাওয়ার সংকট। এর কারণটা কি? কারণ হচ্ছে, যাদের বসানো হয়েছে, যাদের আজকে বিদ্যুৎ দপ্তরে দেওয়া হয়েছে, তাদের অভিজ্ঞতা নেই। অভিজ্ঞতার প্রয়োজন, অভিজ্ঞতা যদি না থাকে,—অর্থ দেওয়া যায়, সেই অর্থের অপচয় হয়, অর্থের ব্যবহার ঠিকমতো হয় না। তাই এই সরকারের অর্থের অপচয়ের যে নমুনা রেখেছেন তার কয়েকটি দৃষ্টান্ত এখানে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিমধ্যে বামফ্রন্ট সরকার গ্রাম গ্রামান্তরে উন্নতি করবেন, তারজন্য খুব বুক চাপড়ে বলেছেন যে ৫০ হাজার টাকা করে দেওয়া হয়েছে। আর কি দেওয়া হয়েছে? না কেন্দ্রীয়

সরকারের দেওয়া ফুড ফর ওয়ার্ক দেওয়া হয়েছে। আমি জানতে চাই একটা অঞ্চলে ১০ থেকে ১২ হাজার লোক থাকে, এই টাকা দিয়ে তাদের অর্থনৈতিক স্বাচ্ছল্যতা আনতে পারবেন? আজকে আমি জানি এই বাজেটের মধ্যে গ্রামের কুটির শিল্প ক্ষুদ্র শিল্প তৈরি করার জন্য যে টাকা দিয়েছেন, তার চেয়ে বেশি দেওয়া উচিত ছিল এগ্রিকালচার ডিপার্টমেন্টকে, সেখানে পাওয়ার পৌছে দেওয়ার জন্য নানা পরিকল্পনা তৈরি করা উচিত ছিল। কলকাতার পিচের রাস্তার উপর পিচ দিন কোনও আপত্তি নেই, পিচের রাস্তায় রবার মাখিয়ে শক্ত করুন তাতে কোনও আপত্তি নেই, কিন্তু গ্রামাঞ্চলে কতটা রাস্তা করেছেন? আগের সরকার গ্রামাঞ্চলের ২০০ কিলো মিটার রাস্তা তৈরির জন্য যে পরিকল্পনা নিয়েছিল, তাতে হাত দেন নি। যে সমস্ত জায়গায় ট্রান্সমিসন লাইন বসানো হয়েছিল, সেই সমস্তগুলো ব্যবহার করতে পারেন নি। আমরা দেখতে পাচ্ছি নতুন রাস্তা হচ্ছে। কোথায় হচ্ছে? মন্ত্রীর বাড়ির পাশ দিয়ে রাস্তা হচ্ছে, সি.পি.এম. এম.এল.এ.দের বাড়ির পাশ দিয়ে রাস্তা হচ্ছে। কিন্তু পুরানো রাস্তা যেগুলো পরিকল্পনাতে নিয়েছিল আগের সরকার, সেই পুরানো রাস্তায় মাটি পড়ে রয়েছে, কোথাও ইঁট পড়ে রয়েছে, সেই রাস্তাগুলিতে হাত দেন নি। অর্থের অপচয় কিভাবে করতে হয় তার উদাহরন একটা আমি দিলাম।

[3-00—3-10 P.M.]

তার বদলে আপনারা আপনাদের দলীয় এম.এল.এ-র বাড়ির পাশ দিয়ে মন্ত্রীর বাড়ির পাশ দিয়ে রাস্তা নিয়ে যাবার ব্যবস্থা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৭-৬৮ সালে জ্যোতিবাবু যে ভাষণ বলেছিলেন, The planning has indicated central assistance to the time of 31 crores for the plan outlay for 1967-68. টাকার অঙ্কে আজকে অনেক বেড়ে গিয়েছে আপনাদের বাজেট, কিন্তু টাকার অঙ্ক বাড়িয়ে দিয়ে খুব বেশি বাহাদুরি নেবেন না। ৬৭ সাল থেকে আজ জিনিস-পত্রের দাম ১০ গুণ বেড়ে গিয়েছে, কিন্তু সেই হারে টাকা বাড়াতে পেরেছেন কি না সেটা ভাবুন। কেন্দ্রীয় হারে রাজ্য সরকারের কর্মচারিদের মহার্ঘ ভাতা নিশ্চয়ই দেবেন, কিন্তু আপনারা কি ভেবেছেন ক্লাশ থ্রি, ক্লাশ ফোর কর্মচারিদের ২২ টাকা করে দেওয়ার ফলে তাঁরা উপকৃত হচ্ছেন? কোথাও হয়ত ৬০ টাকা পর্যন্ত তাঁদের বাড়িয়েছেন। আসলে কারা উপকৃত হচ্ছে? যাঁরা ৯০০ টাকা, ১০০০ টাকা বেতন পান তাঁদের ২০০ টাকা করে লাভ হয়েছে। এর ফলে আপনারা তেলা মাথায় তেল দেবার পরিকল্পনা করেছেন। কিন্তু যাঁরা কম টাকা মাইনে পান তাঁদের এই বাজেটের উচ্ছিষ্ট টাকায় কোনও উপকার হচ্ছে না। আজকে আপনারা ৩৭ কোটি টাকার ট্যাক্স বসাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানতে চাইছি যে, এবারে কো-অপারেটিভের শর্ট টার্ম ক্রেডিট-এর ৭ পারসেন্ট থেকে ১০ পারসেন্ট মাত্র আদায় হয়েছে কেন? তাহলে আপনারা কোথায় টাকা দেবেন? বাজেটের টাকা থেকে বলছেন ৯৩ কোটি টাকা মার্জিনাল অ্যান্ড স্মল ফার্মারদের লং টার্ম অ্যান্ড শর্ট টার্ম ক্রেডিট দেবেন। কিন্তু যদি তার মাত্র ৭ থেকে ১০ পারসেন্ট রিয়েলাইজেশন হয় তাহলে কোটি কোটি টাকা বছরের পর বছর দেবেন আর

নষ্ট হবে। রিয়েলাইজেশন করবেন না, কারণ করলে আপনাদের রাজনীতিতে আঘাত লাগবে। গত-বারে করেননি পঞ্চায়েত নির্বাচন ছিল বলে। টাকা অনাদায়ী থাকাটা সরকারের একটা সব চেয়ে বড় অপদার্থতা। সরকারি টাকা খরচ করতে পারবেন অথচ আদায় করতে পারবেন না, তাহলে সেটা সরকারের একটা অপদার্থতা ব্যর্থতা ছাড়া আর কিছু নয়। এই নজির পশ্চিমবাংলার ইতিহাসে বোধ হয় আগে আর নেই যে, এক মাত্র স্বাস্থ্য দপ্তর থেকে গত বছর ২ কোটি টাকা ফিরে গিয়েছে, খরচ করতে পারেন নি। কারণ মিনিমাম ইনফ্রাস্ট্রাকচার যতটুকু দরকার তা আপনাদের নেই, কোনও ডিপার্টমেন্টেই নেই। সেই কাজ করার আপনাদের বুদ্ধির অভাব, মানসিকতার অভাব। আপনাদের শুধু আছে দলবাজি করবার অত্যন্ত বেশি পরিকল্পনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার নেই, অধিকাংশ জায়গায় ওষুধ নেই। এই রকম চরম দুরবস্থা গত ৩০ বছরে পশ্চিমবাংলায় হয় নি, যা এই দু-বছরে দেখা দিয়েছে। প্রত্যেক স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তারদের কাছ থেকে আমরা অভিযোগ নিয়ে এসেছি, তাঁরা বলেছেন স্বাস্থ্য বিভাগের অপদার্থতার কথা, কোথাও মেডিসিন নেই। কারণ হয়ত টাকা নেই দপ্তরে। কিন্তু আমরা জানি যেখানে যেখানে টাকা আছে সেখানে সেখানেও আপনারা খরচ করতে পারছেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই সরকারের একটি যুব-কল্যাণ দপ্তর আছে। যুব-কল্যাণ দপ্তরের কোটি কোটি টাকা খরচ হচ্ছে। এই দপ্তর থেকে যুবমানস বলে একটি পত্রিকা বেরয়, সেই পত্রিকার নভেম্বর মাসের সংখ্যায় দেখলাম প্রথম পাতা থেকে শেষ পাতা পর্যন্ত লেনিনের ফটো আর শেষের দিকে রবীন্দ্রনাথের একটা কবিতা। এই পত্রিকাটা আজকে পার্টি পেপার হিসাবে পরিচিত হচ্ছে। এইভাবে সরকারি টাকার তছ-নছ করা হচ্ছে, অপব্যয় করা হচ্ছে অপচয় করা হচ্ছে।

(গোলমাল)

আপনারা চিৎকার করুন, ৫ বছরের জন্য মানুষ আপনাদের পাঠিয়েছে, ৫ বছর পরে কান্না শুরু হবে, ৫ বছর পরে আর আপনাদের আসতে হবে না। পশ্চিমবাংলার লক্ষ লক্ষ লোককে আপনি ধাপ্পা দিয়েছেন। প্রাইমারি স্কুল প্রায় ৩ হাজার ২০০ টির মতন করবেন বলেছেন কিন্তু একটাও হয় নি। আপনি স্কুল করবেন বলেছেন—আপনি গ্রামে গিয়েছেন কিনা জানি না যদি গিয়ে থাকেন তাহলে দেখবেন প্রাইমারি স্কুলগুলি ভগ্ন অবস্থায় মুখ থুবড়ে পড়ে আছে। আপনি প্রাইমারি স্কুল তৈরি করার জন্য টাকা বরাদ্দ করুন কিন্তু এই যে স্কুলগুলি ভেঙ্গে পড়ে আছে সেইসব স্কুলগুলির জন্য টাকা দেওয়ার কোনও পরিকল্পনা নেই। এই পরিকল্পনা না থাকার ফলে প্রাইমারি স্কুলগুলি কয়েকদিন আগে ডায়মন্ড হারবারের কাছে একটি স্কুলবাড়ি পড়ে গিয়ে ৩টি ছেলে মারা গেছে—তাই আমি বলছি, প্রাইমারি স্কুলে শিক্ষক নিয়োগ যত বেশি প্রয়োজন তার চেয়েও বেশি প্রয়োজন ছাত্ররা যাতে স্কুলে যেতে পারে তারজন্য স্কুলবাড়িগুলিকে সারানোর ব্যবস্থা করুন। নতুন স্বাস্থ্যকেন্দ্র বেশি তৈরি করুন কিন্তু

তার চেয়েও যেটা জরুরি সেটা হল যেগুলি আছে সেগুলিকে মানুষের মতন তৈরি করুন যাতে মানুষের চিকিৎসা হয় তার ব্যবস্থা করুন। আমরা জানি এই মানসিকতা আপনাদের মধ্যে নেই। আপনাদের মধ্যে এই মানসিকতা আছে যে, তাড়াতাড়ি করে দু-চারটি হেলথ সেন্টার তৈরি করতে হবে আগামী নির্বাচনের জন্য। যাইহোক, আমি অনুরোধ করব প্রাইমারি স্কুলগুলির স্ট্রাকচার যাতে ভাল হয় সেদিকে একটু দেখবেন। আমি একটা জিনিস বুঝতে পারছি না কেন সরকার লক্ষ লক্ষ টাকা খরচ করছেন বেকার ভাতা দেওয়ার জন্য। নিশ্চয়ই দরকার আছে বেকার ভাতা দিতে হবে কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে সমস্ত এমপ্লয়মেন্ট হচ্ছে সেই পোস্টগুলি এদের থেকে ফিলআপ করার বাধা কোথায়? ৫০ টাকা করে বেকার ভাতা দিচ্ছেন আবার বলছেন পরে দরখাস্ত নিয়ে আরও নতুন ছেলেকে বেকার ভাতা দেবেন কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে সমস্ত পারমানেন্ট এমপ্লয়মেন্ট ক্রিয়েট হচ্ছে সেখানে এই সমস্ত বেকার ছেলেদের দিয়ে ফিলআপ করছেন না কেন? প্রশান্ত বাবু পৌর দপ্তরে কয়েক হাজার লোককে নিলেন কিন্তু তাদের মধ্যে একটাও বেকার ভাতা প্রাপ্ত ছেলে পায়নি। এর কারণ কি? এর কারণ হচ্ছে যারা বেকার ভাতা পাচ্ছে তারা সকলেই আপনাদের ক্যাডারের লোক নয়। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে একটি কমিটি করেছেন, সেই কমিটি আপনাদের পার্টির ক্যাডারদের নাম নিয়ে বিভিন্ন জায়গায় পাঠাচ্ছেন—এই হচ্ছে দেশের অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সরকার অল্পদিন হল এসেছে, আমি বেশি এদের সমালোচনা করতে চাই না, কিছু সাজেশন্স দিতে চেয়েছি সেইজন্য এদের অত্যন্ত খারাপ লাগছে। যাই হোক, কেন্দ্রীয় সরকার যখন চিনির উপর ডি-কন্ট্রোল করে দিল, লেভি তুলে দিল, কর্ডন তুলে দিল তখন এই পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তীব্র প্রতিবাদ করেছে, বাধা দিয়েছে এবং বলেছে পশ্চিমবাংলায় অভাব দেখা দেবে এবং দাম বেড়ে যাবে অতএব কর্ডন তোলা যাবে না। চিন্তা করে দেখুন তো? আপনাদের কি বাস্তব দৃষ্টিভঙ্গি আছে? থাকলে এই কথা বলতে পারতেন না। আজকে চিনির দাম কমে গেছে। ১৯৭২ সাল থেকে কেন্দ্রে যে সরকার ছিল তখন থেকে আজ পর্যন্ত যে সরকার কেন্দ্রে আছে এদের আমলে ভারতবর্ষ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠেছে, ফুডে সেল্ফসাফিসিয়েন্ট হয়ে উঠেছে কিন্তু যখনই এই কেন্দ্রীয় সরকার কর্ডন তুলে দেওয়ার প্রস্তাব আনলেন তখনই আপনারা বাধা সৃষ্টি করলেন। আমি জানি না কেন আপনারা বাধা দিয়েছিলেন।

[3-10—3-45 P.M.]

আজকে তাই জিজ্ঞেস করছি যে চালের দাম কমে গেছে এই কারণে কি যে এই সরকার এসেই আকাশ থেকে ধান নিয়ে এলেন? রিভার লিফট, ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল কারা তৈরি করেছিল, এর জবাব দিতে পারবেন? পশ্চিমবাংলার মানুষ এসব বোঝে, একটা জাত, একটা দেশ, উন্নত করতে গেলে তার কয়েক বছর সময় লাগে। এগ্রিকালচারে ইরিগেশন সিস্টেম উন্নত হওয়ার ফলে লোকে দোফসলা চাষ করতে শিখেছে। আপনি বলেছেন প্রাইভেট সেক্টারে যদি কেউ বিজনেস করে তাহলে তাকে সাহায্য করবেন, কিন্তু আলুর চাষ করে যে চাষীকে ১৫ টাকা কুইন্টাল দরে আলু বিক্রি করতে হল তাকে

ভরতুকি দেওয়ার প্রয়োজন দেখা দিল না, পাটের দাম পড়ে গেল কিন্তু পাট চাষীকে ভরতুকি দেওয়ার কোনও পরিকল্পনা নেই, চাষীকে বাঁচাবার যদি কোনও চেষ্টা থাকত তাহলে সেইভাবে পরিকল্পনা এই বাজেটের মধ্যে আপনাদের থাকত। আজকে বাস্তব দৃষ্টিভঙ্গির অভাব আপনাদের আছে, নতুন পরিকল্পনার মাধ্যমে কর্মসংস্থানের প্রয়োজনীয়তা আছে। অপর দিকে চাষীকে উদ্বুদ্ধ করে কাজের চাপে আর্থিক সচ্ছলতা আসে সেটা দেখা দরকার কিন্তু এই বাজেটের মধ্যে এইরকম কোনও পরিকল্পনা আপনাদের নেই। তাই দুঃখের সঙ্গে বলছি আপনার বাস্তব দৃষ্টিভঙ্গির অভাব রয়েছে, তা যদি না থাকত তাহলে এগ্রিকালচার এবং কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রি কিভাবে ডেভেলপ করা যায় তার পরিকল্পনা থাকত। আপনি কেন্দ্রের সঙ্গে যুদ্ধ করে ঠান্ডা লড়াই করে যুক্ত রাষ্ট্রীয় কাঠামো ভাঙ্গার পরিকল্পনা করছেন এবং এ বিষয়ে আপনি বিশেষজ্ঞদের পরামর্শ নিচ্ছেন, ১৯৬৭-৬৮ সালে জ্যোতিবাবুর ভাষণে এইরকম ছিল, গতবারে আপনার ভাষণেও যা ছিল এবারেও তাই আছে, কারণ কি? অসুবিধা কোথায় হচ্ছে বলুন, আমরা দেখছি টাকা চাইলেই আপনারা পেয়ে যাচ্ছেন, গতবারে একটা ধাপ্পা দিয়ে গেছেন যে আগেকার সরকার এত দেনা রেখে দিয়ে গেছে যা আমরা শোধ করতে পারছি না কেন্দ্রের কাছ থেকে ৫ কোটি টাকা নিতে হয়, কেন্দ্রের টাকাতেই আপনাদের চলে, কিন্তু কেন্দ্রের কাছ থেকে যা পাওনা টাকা সেটা আপনারা আদায় করতে পারেন না। সাধারণ মানুষের উপকারের জন্য কোনও পরিকল্পনা আপনারা গ্রহণ করেন নি। সুতরাং পরিকল্পনা গ্রহণ করে নতুন কর্মসংস্থানের ব্যবস্থা কিছু করতেন তাহলে ১৭ লক্ষ রেজিস্ট্রিভুক্ত বেকারের কাজ হত, আপনারা ৩৭ কোটি টাকা ট্যাক্স ধার্য করেছেন কিন্তু গতবারেরটাই আদায় করতে পারেন নি, কারণ আপনাদের কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। সেইজন্য বলব এই বাজেট গ্রামের লোকের কোনও উপকার করবে না এবং শহরের লোক এবং চাকুরিজীবীদের উপকার হবে, ক্লাশ থ্রি স্টাফের কোনও উপকার হবে না সুতরাং বাস্তব দৃষ্টিভঙ্গির অভাব বলে এই বাজেট আমি সমর্থন করতে পারছি না।

[At this stage the House was adjourned till 3-45 P.M.]

**(After Adjournment)**

[3-45—3-55 P.M.]

**শ্রী বিনয়কৃষ্ণ কোনার :** মাননীয় স্পিকার স্যার, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি, তিনি নিজেই বলেছেন ভাবের ঘরে চুরি করে লাভ নেই। কোন অবস্থায় কোন পটভূমিকায় গোটা ভারতবর্ষের কোন সামাজিক অবস্থার পটভূমিকায় তিনি বাজেট পেশ করেছেন সেটা জানিয়েছেন। গতকাল বিরোধী পক্ষের বক্তাদের বক্তৃতা শোনবার সৌভাগ্য আমার হয়নি, আজকে কয়েক জনের শুনলাম। জনতার মাননীয় সদস্য বললেন এতে নতুন কিছু নেই গতবার যা ছিল তাই আছে। আমি জানি না তিনি কি আশা করেছিলেন? এটা

ক্যাবারে নাচ বা বিউটি কনটেস্ট নয় যে প্রতিবারই নতুন পোষাকে দেখা যাবে। মন্ত্রী সভার একটা নীতি আছে সেটা বাজেটের মধ্যে প্রতিফলিত হয়েছে কিনা সেটাই আমাদের বিচার্য বিষয়। এখানে কেউ কেউ বলেছেন গ্রামের জন্য কিছু খরচ করা হচ্ছে না। আমি জানি না এঁরা গ্রামে যান কিনা, কারণ বেশির ভাগ গ্রাম থেকেই এঁদের সরিয়ে দেওয়া হয়েছে, সেইজন্যই তাঁরা খুঁজে পাচ্ছেন না গ্রামে সরকারি টাকা খরচ করা হচ্ছে কিনা, এই প্রসঙ্গে আমার একটা গল্প মনে পড়ে গেল সেটা এখানে বলছি। কিছুদিন আগে আউশগ্রাম থানার একজন বি.ডি.ও. ছিলেন যাঁকে পৃথিবী থেকে ওঁরা খুন করে সরিয়ে দিয়েছিলেন, সেই বি.ডি.ও. সাহেবের কাছে আমাদের জেলা কমিটির নেতা, বর্তমানে জেলা পরিষদের সভাপতি জাহেদী সাহেব একবার জিজ্ঞাসা করেছিলেন যে বি.ডি.ও. সাহেব এত যে সব টাকা আসে তা কোথায় যায়? তিনি বললেন কোথায় খোঁজ করেছেন? এর উত্তরে তিনি বললেন কেন আমি গ্রামের বাগদী, মুসলমান, সাঁওতালদের বাড়ি গিয়ে সমস্ত খোঁজ করি। তাতে বি.ডি.ও. সাহেব বললেন জাহেদী সাহেব আপনি এই বুদ্ধি নিয়ে রাজনীতি করেন? আপনাদেরই কুমার গ্রামে ভ্যাসেকটিম করা হয়েছিল টাকা নিয়ে সেখানে গিয়ে দেখা গেল ছয় ব্যক্তি দাঁড়িয়ে আছে, তাদের একজনকে আপনি কে জিজ্ঞাসা করায় তিনি বললেন আমি এখানকার অঞ্চল প্রধান। আপনি কে, আমি এখানকার কংগ্রেস প্রেসিডেন্ট, নমস্কার। আপনি কে, আমি এখানকার রেশন ডিলার, নমস্কার। আপনি কে, আমি হচ্ছি এখানকার স্কুলের প্রেসিডেন্ট, নমস্কার। বি.ডি.ও. সাহেব বললেন কি জন্য এসেছেন, আমি এখানে কিছু টাকা আছে নিতে এসেছি, গ্রামে কাদা, গ্রামে কিজন্য যাবেন, টাকাগুলো দিয়ে দিন, আমি টাকাগুলো ঠিক জায়গায় দিয়ে দেব। তারপর রেড ক্রসের দুধ এল, গিয়ে দেখলাম বলছে আপনি দুধ আমাদের দিয়ে দিন, আপনি কেন গ্রামে যাবেন, আমরা ঠিকমতো বিলি করে দেব। তারপর বি.ডি.ও. সাহেব বললেন জাহেদী সাহেব, টাকা কোথায় যায় আপনি যদি ঐ বাগদী, বাঁওড়, মুসনমান, সাঁওতালদের বাড়িতে যান তাহলে দেখতে পাবেন না, কিন্তু আপনি যদি ঐ ৬ জনের বাড়িতে যান তাহলে দেখতে পাবেন সরকারি টাকা কোথায় যায়। আমাদের কংগ্রেসি বন্ধুরা খুঁজে পাচ্ছেন না কোনখানে টাকা। গ্রামে এতদিন ধরে যারা পদদলিত, যারা সবচেয়ে নিচের তলার মানুষ এই সরকারের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার ভেতরে সেই টাকাটা তাদের কাছে কতখানি পৌছে দেওয়া যায় এই বাজেটের সেটা হচ্ছে প্রধান বৈশিষ্ট। এতবড় যে বন্যা হয়ে গেল পশ্চিমবঙ্গের ইতিহাসে, ভারতবর্ষের প্রধান মন্ত্রী পর্যন্ত স্বীকার করেছেন যে এতবড় বিপর্যয় এই দেশে কখনও দেখা যায়নি, সেই বিপর্যয়ের মাঝখানে আমরা দেখলাম বিরোধী পক্ষের সদস্যরা আশা করেছিলেন শহরগুলি সব ভিখারিতে ভর্তি হয়ে যাবে, গ্রামের মানুষ শহরে চলে আসবে, জিনিসপত্রের দাম লাফিয়ে লাফিয়ে বেড়ে যাবে, মহাজনরা সমস্ত জিনিস লুকিয়ে ফেলবে, এই সরকার কিছু করতে পারবে না, সেই সমস্যাতে ওরা এখানে জাঁকিয়ে এসে বসবেন। কিন্তু কি দেখা গেল, বামফ্রন্ট সরকারের কোনও রিসোর্স নেই, তার সীমাবদ্ধ ক্ষমতা তার এম.এল.এ.রা, তার গ্রাম স্তরের কর্মীরা, পঞ্চায়েতের কর্মীরা সরকারি সাহায্যকে যেভাবে গ্রামে পৌছে দিলেন মানুষের মধ্যে যেভাবে উদ্যোগ সৃষ্টি করলেন তাতে গ্রামের মানুষ এতবড়

সংকটকে কাটিয়ে উঠতে সক্ষম হলেন। এরা বলছেন গ্রামের জন্য টাকা বাড়ানো হয়নি। এই বাজেটে আমরা দেখছি এগ্রিকালচারের ক্ষেত্রে যেখানে আগের বছর ছিল ৬৪ কোটি টাকা, বর্তমানে সেখানে বাড়িয়ে ১০৬ কোটি টাকা করা হয়েছে। গ্রাম উন্নয়নের ক্ষেত্রে ১৯ কোটি টাকাকে বাড়িয়ে ২৭ কোটি টাকা করা হয়েছে। ইরিগেশনের ক্ষেত্রে ৪৬ কোটি টাকাকে বাড়িয়ে ৬৪ কোটি টাকা করা হয়েছে। বিদ্যুতের ক্ষেত্রে যদিও মাননীয় অর্থমন্ত্রী দেখিয়েছেন যে আমরা আরও কয়েকটা ইউনিট খুলতে চেয়েছিলাম কিন্তু কেন্দ্রের কাছ থেকে বিদ্যুত সংকট থেকে মুক্তি পেতে হলে যে ব্যবস্থা নেওয়া দরকার তার ক্ষেত্রে আমরা আশানুরূপ সাড়া পাচ্ছি না। তবুও সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে ১১৬ কোটি টাকাকে বাড়িয়ে ১৬৪ কোটি টাকা করা হয়েছে। শিক্ষার ক্ষেত্রে ৩৬ কোটি টাকাকে বাড়িয়ে ৫২ কোটি টাকা ধরা হয়েছে। তারপর জল সরবরাহ, স্বাস্থ্য সেখানে টাকা বাড়ানো হয়েছে। সার, বীজ, মহাজনী শোষণ তার হাত থেকে কৃষকদের রক্ষা করার জন্য যেটা ৬ কোটি টাকা ছিল তাকে বাড়িয়ে ১৭ কোটি টাকা ধরা হয়েছে। বর্গাদার কৃষক যারা আগে ঋণ পেত না, খুব কম পেত, তাদের ক্ষেত্রে ঋণ দেওয়ার চেষ্টা করা হয়েছে, স্বল্প মেয়াদী ঋণ, ৪৭ কোটি টাকাকে বাড়িয়ে ৫৭ কোটি টাকায় নিয়ে আসা হয়েছে।

[3-55—4-00 P.M.]

দীর্ঘ মেয়াদী ঋণের পরিমাণ ডাবল করা হয়েছে। কো-অপারেটিভ ঋণ ১১০ কোটি টাকা করা হয়েছে এবং যাতে গ্রামের দিকে যায় তারজন্য চেষ্টা করা হচ্ছে। তবুও তারা খুঁজে পাচ্ছেন না এবং বলছেন গ্রামের জন্য কিছু করা হচ্ছে না। কিন্তু গ্রামের মানুষ সে কথা বলেন না। ফুড ফর ওয়ার্ক এর কথা—সাত্তার সাহেব বলছেন—আমি তাকে বলছি সংখ্যাটা একটু দেখুন। বিধানসভায় ভিতরে আপনারা যা খুশি বলতে পারেন কিন্তু এটা জেনে রেখে দিন যে বর্ধমান জেলাতে যাকে জোতদার বলছেন গ্রামের দিক থেকে সর্ব্বাধিক ভোটে নির্বাচিত হয়েছে। যারা গ্রামের মানুষ গরিব মানুষ, যারা সবচেয়ে তলাকার মানুষ তারা আপনাদের পরিত্যাগ করেছেন। আপনারা দরিদ্র মধ্যবিত্ত বাড়ির ছেলেদের নোংরা পথে নিয়ে গিয়েছিলেন, তাদের জঘন্য পথে চালিয়ে নিয়ে গিয়েছিলেন সেই সমস্ত মানুষকে ঘৃণা ভরে পরিত্যাগ করে তারা আমাদের পাঠিয়েছেন। আপনাদের আক্ষেপ থাকলে কি করবেন—উপায় নাই এবং জেনে রাখুন যদি গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধা বজায় রেখে চলতে চান যদি ছোরার ডগাকে ব্যবহার করতে না পারেন তাহলে জেনে রেখে দিন ঐ বেঞ্চে আগামীবারে আরও খালি হয়ে যাবে। সুতরাং সেদিক থেকে আপনারা বলছেন কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার কিসের বিষোদ্গার—বরং এই সরকার একটা জাতীয় সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন। এটা কারও দয়া নয়, কারও নমুনা নয় কিম্বা একটা রাষ্ট্রের বিরুদ্ধে বা কেন্দ্রের কোনও ব্যক্তির বিরুদ্ধে কোনও রাগের প্রশ্ন নয়। প্রশ্ন হচ্ছে—নীতি কি হবে, কোন নীতি—নীতি অবশ্যই স্ত্রীর নামে সরকারের টাকা চুরি করে রেখে দেওয়া নয়, নীতি অবশ্যই কি করে সরকারি টাকাকে মারা যায়—তা নয়। নীতি হচ্ছে কেমন করে আমার দেশের মানুষ যে

রাজস্ব দেয় যে রাজস্ব পঃবাংলার মানুষ দেয় সেই টাকা আমরা ঠিকমতো পাব কিনা—আমাদের যা প্রাপ্য আমরা ঠিক সেইভাবে পেতে চাই। মাননীয় অর্থমন্ত্রী দেখিয়েছেন—কি যুক্তিতে মহারাষ্ট্র যা পাচ্ছে আমাদের মতই লোকসংখ্যা আমরা তার অর্দ্ধেক পাচ্ছি। যদি অর্দ্ধেক পাবার যুক্তি থাকে তা বলা হউক যে এই যুক্তি—আমরা সেই যুক্তি মেনে নেব—তাতে আমাদের আপত্তি নাই। আমরা দেখছি ব্যাঙ্কের টাকা উড়িষ্যার বেলায় অল্প, পঃবাংলার বেলায় অল্প আর যেখানে মর্জি হচ্ছে তাদের ক্ষেত্রে অনেক বেশি। আমরা দেখছি এল.আই.সি.র টাকা যখন নিয়োগ করা হয় তখন পঃবাংলার ক্ষেত্রে কম, বিহারের ক্ষেত্রে কম, পূর্বাঞ্চল উত্তর অঞ্চল এবং পূর্ব-উত্তর অঞ্চলের রাজ্যগুলির ক্ষেত্রে কম কিন্তু অন্যদের ক্ষেত্রে অনেক বেশি—কি যুক্তিতে—তার একটা নীরিখ থাকতে হবে। আমরা যদি মনে করি যে হ্যাঁ-এই যুক্তির ভিত্তিতে আমাদের রাজ্য কম পাবে তাহলে আমরা নিশ্চয়ই মেনে নেব। অন্য রাজ্যের প্রতি আমাদের হিংসা করি না, কিন্তু যদি দেখি একটা কারও মর্জ্জির উপরে—যে তেল বেশি দিতে পারবে, যে তোয়াজ বেশি করতে পারবে, কার কোথায় লবি আছে, কোন খানে কোন ধরনের সরকার—সেই রকম অনুযায়ী যদি ভাগ হয় তাহলে গোটা দেশের ঐক্য থাকে না—ঐ ঐক্য চাবুকের ডগায় হয় না, পরস্পর এর সহযোগিতায় ঐক্য গড়ে উঠে। আমাদের অর্থমন্ত্রী সরকারের তরফ থেকে সেই প্রশ্নই সামনে আনার চেষ্টা করেছেন এবং তিনি এই বিষয়েই দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছেন। আমরা চেয়েছিলাম ৫৭০ কোটি টাকা কিন্তু আমরা সেটা পাচ্ছিনা আমাদের বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। পঃবঙ্গ সরকারের যে আয় হয়, আমাদের এখানে যে উৎপাদন শিল্প যা আমাদের পাবার কথা—কেন্দ্রীয় সরকার যে চুক্তি করেছিলেন ১৯৫৭ সালে যে অতিরিক্ত উৎপাদন শিল্প সেই উৎপাদন শিল্পের যে টাকা সে টাকা বিভিন্ন রাজ্যে বিভিন্ন রকমের হয়—সেটা আদায়ের অসুবিধা হয় রাজ্য সরকার সতর্ক বাণী উচ্চারণ করেছিলেন—আমি তাদের দোষ দিচ্ছি না—একটা নির্দিষ্ট অনুযায়ী হয়—তারা ভেবেছিলেন যে ভাল হবে। তাঁরা বললেন এটা রাজ্যের অধিকার তা সত্ত্বেও আমরা কেন্দ্রের হাতে ছেড়ে দিচ্ছি, আপনারা যা করবেন সব রাজ্যে একটা হারে আদায় করুন এবং আমাদের যা পাওনা তা দিয়ে দিন। কিন্তু আমরা দেখলাম সাড়ে দশ পারসেন্ট করে আদায় করার কথা ছিল কিন্তু কেন জানি না কেন্দ্রীয় সরকারের যারা পরিচালক তাদের সঙ্গে বিগ বিসনেসের যে সম্পর্ক, বড় বাড়িগুলির যে সম্পর্ক বোধহয় তাই তাদের প্রতি করুণা করে যে কথা ছিল সাড়ে দশ পারসেন্ট তাকে কমিয়ে নিয়ে আসা হল সাড়ে ছয় পারসেন্টে এবং তাও ঠিকমতো আদায় হয় না। আমার অর্থমন্ত্রী যদি এই প্রশ্নকে সামনে আনেন, সামনে এনে স্মরণ করিয়ে দেন ৫৭ সালের প্রতিশ্রুতি, যদি স্মরণ করিয়ে দেন যে আমাদের রাজ্যগুলি ভলান্টারি আমাদের রাইটকে ছেড়ে দিয়েছিলাম, কেন্দ্রের হাতে তুলে দিয়েছিলাম, তাদের কাছে একটা প্রতিশ্রুতি ছিল সেই প্রতিশ্রুতি পালন করছে না, এই কথা যদি আমার মুখ্যমন্ত্রী তাদের দৃষ্টিতে আনেন তাহলেই জেহাদ ঘোষণা হয়ে যায়? তিনি আরও কি দেখিয়েছেন? বিদ্যুতের কথা বললেন আমার আগের বক্তা কিন্তু কি দেখছি? বিদ্যুতের ক্ষেত্রে বরাদ্দের ব্যাপারে যেখানে পশ্চিমাঞ্চলের জন্য বরাদ্দ হয়েছিল ৫৫৫৮ মেগা ওয়াট, যেখানে উত্তরাঞ্চলের জন্য বরাদ্দ হয়েছিল ৪৭৬৫

মেগা ওয়াট, যেখানে দক্ষিণাঞ্চলের জন্য দেওয়া হল ৪২৬০ মেগাওয়াট কিন্তু পূর্বাঞ্চল এবং উত্তর পূর্বাঞ্চলের জন্য সেটা নেমে চলে এলো ৩৪৬০-তে, আবার তাঁরা বলছেন? নিজেরা বিদ্যুতের এ ক'বৎসরে, টাকাগুলি নিয়ে তছনছ করলেন, চুরি করলেন, কতকগুলি অপগন্ড, কতকগুলি বদমাইশ, শয়তান, যাদের ছুরি ধরা, খুন করা, লাঠিবাজি ছাড়া আর কোনও কৃতিত্ব নেই, দলকে রক্ষা করার জন্য সেইগুলিকে নিয়ে এসে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে ভর্তি করানো হল। টাকাকড়ি মারলেন, যন্ত্রগুলি অকেজো হল, আর আজকে যখন বরাদ্দের প্রশ্ন আসছে, যখন পূর্বাঞ্চল এবং উত্তরাঞ্চলের রাজ্যগুলি, তার যখন আজকে বিদ্যুতের প্রয়োজন বেশি তখন বরাদ্দ কমিয়ে দেওয়া হল। যখন আমরা তা বলতে যাচ্ছি, যখন আমার অর্থমন্ত্রী সেদিকে দৃষ্টি আকর্ষণ করছেন তখন বলছেন কেন্দ্রের বিরুদ্ধে এটা জেহাদ, এটা একটা পলিটিক্যাল দলিল, রাজনৈতিক দলিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপেক্ষাকৃত ধনীদের উপরেই ট্যাক্স বসানো হচ্ছে তাঁরা বলছেন যে কার উপরে ট্যাক্স বসানো হয়েছে? তাঁরা কি চাচ্ছেন যে গরিবদের উপর ট্যাক্সটা পড়লে ভাল হত? বড্ড গায়ে লাগছে। কারণ মুখে বড়লোকদের গাল দিলে কি হবে এত সেই রকম মায়ের কোলে বাচ্চা ছেলে যখন শুয়ে শুয়ে হাত পা ছোঁড়ে তেমনি তো টাটা বিড়লা জমিদারদের কোলে শুয়ে তাদেরকে গালাগাল দিচ্ছেন, হাত পা ছুঁড়ছেন। আপনাদের জানতে বাকি নেই। কি আমরা দেখছি? ৫০ লক্ষ টাকা যাদের সেল তাদের ক্ষেত্রে সেলস ট্যাক্স নয়, ক্রেতার উপর চাপানো যাবে না, তাদের মোট সেলের উপর ট্যাক্স বসানো হয়েছে। কত পারসেন্ট? না, কথা হচ্ছে যার ৫০ লক্ষর বেশি বিক্রি তাদের মাত্র হাফ পারসেন্ট, আর যাদের ১ কোটি টাকার বেশি বিক্রি তাদের এক পারসেন্ট। গায়ে লাগছে? এটা কাকে দিতে হবে, এটা কি গরিবের ঘাড়ে পড়বে? (**এ ভয়েস ঃ- এটা পিপলস বাজেট।**) না, এটা পিপিলস্ বাজেট নয়, পিপিলস্ বাজেট হবে তার দেরি আছে।

[4-05—4-15 P.M.]

আপনারা বলেছেন ক্যাবারের উপর ট্যাক্স কেন হয়? ওঁরা বলেছেন ঘোড় দৌড়ের উপর ট্যাক্স কেন হয়।

(**শ্রী সুনীতি চট্টরাজ ঃ না আমরা সেকথা বলিনি, অসত্য বলছেন স্যার**) ক্যাবারে তুলতে পারলেই ভাল হত, ঘোড় দৌড়ের উপর ট্যাক্স তুলতে পারলে ভাল হত। কিন্তু মুশকিল কি জানেন? আজকাল দেশে একটা সমস্যা হয়েছে,—চিন্তার সমস্যা। খাটতে হয় না, খুঁড়তে হয় না, অপরের মেহনতের ফল বসে বসে খাওয়া, প্রত্যেক পুঁজিবাদী দেশেই দেখতে পাচ্ছি এই সমস্যা হয়েছে কি করে সময় কাটবে। চিন্তা নাই, ম্যানড্রেক্স খাচ্ছে রাত্রে ঘুম হওয়ার জন্য। যেমন আমেরিকাতে এটা হচ্ছে তেমনি আমাদের দেশেও হচ্ছে। এই সব লোক চাইবে দেশে এবং সমাজে যাতে কম উৎপাদন হয়, এবং সেজন্যই তাদের বন্ধু বান্ধবদের তারা ক্যাবারেতে পাঠাতে হয়, ঘোড় দৌড় খেলাতে পাঠাতে হয়। আপনারা যতদিন থাকবেন, এই ক্যাবারে এবং ঘোড় দৌড় খেলাও থাকবে। যতদিন না বাংলাদেশের মানুষ, ভারতবর্ষের

মানুষ আপনাদের হঠিয়ে, তাড়িয়ে সমুদ্রের জলে না ফেলে দেবে, ততদিন এই ঘোড় দৌড় এবং ক্যাবারে সঙ্গে সঙ্গে যাবে। আজকে আপনাদের বন্ধু বান্ধবদের মধ্যে দিয়ে যদি কিছু টাকা নিয়ে গরিবদের দিয়ে দেওয়া যায়, আমাদের অর্থমন্ত্রী সেই চেষ্টাই করেছেন।

**(শ্রী সুনীতি চট্টরাজ ঃ এটা অপচেষ্টা, ভূতের চেষ্টা।)**

বৃত্তি করের কথা আপনারা বলেছেন, বিশেষ করে জনতা দলের এম এল এ-রা আপনারা কি জানেন মহারাষ্ট্রে কাদের সরকার, নাকি ভুলে গেছেন? সেখানে করেছেন কি? যাদের আয় ৪০০ টাকা ৫০০ টাকার মধ্যে তাদের ক্ষেত্রে করেছেন কর মাসে ৪ টাকা, আর পশ্চিম বাংলায় ৫০০ টাকার তলায় নয়, ৫০১ থেকে ৭৫০ টাকা যাদের আয় তাদের ক্ষেত্রে ২ টাকা করের কথা বলা হয়েছে। আপনারা এর সমালোচনা করছেন? কই ওখানে যখন করা হল তখন তো কিছু বলেন নি, বরং আমরা তো অনেক কম করে করেছি। কিছু লোককে তো কর দিতেই হবে। সীমাবদ্ধ ক্ষমতা, যেখানে আয় কম, কি করে গ্রামের দিকে লোকের মধ্যে উৎসাহ ইনজেক্ট করতে পারি, তাদের সাহায্য করতে পারি তার জন্য এর প্রয়োজন ছিল। ওঁরা যাত্রার উপর করের আপত্তি করেছেন। **(বিরোধি পক্ষ কংগ্রেস বেঞ্চ থেকে না তো)** তাহলে ওঁরা মেনে নিয়েছেন। আমাদের অর্থমন্ত্রী কন্ট্রাক্টারদের উপর কর কিছু চাপিয়েছেন। কিন্তু কোন কন্ট্রাক্টার? যে কন্ট্রাক্টার দু লক্ষ টাকার উপর ম্যাটিরিয়ালস কেনে, আপনি জানেন, যারা ৮ লক্ষ টাকার কন্ট্রাক্টার বড় জোর দু লক্ষ টাকার ম্যাটিরিয়ালস কেনে। আমরা দেখছি নতুন কর ধার্য করছেন সমাজের বিশেষ অংশের উপর।

**(ডাঃ জয়নাল আবেদিন ঃ কমলনাথের কথা বলুন ঃ)**

এর আগে কে একজন ভদ্রলোক গ্যাস টারবাইন কেনার ক্ষেত্রে বলেছিলেন জন ব্রাউনকে কেন টেন্ডার দেওয়া হল। এর উত্তর কমলনাথের রাজত্ব নেই বলে? আমরা জানি পশ্চিমবঙ্গে ৮/১০ জন বৈদ্যুতিক সাজ-সরঞ্জাম তৈরি করে। এমন লোক ছিলেন যারা টেন্ডার দিয়েছিলেন, সেই টেন্ডার বদল করে দিয়ে আপনারা কমলনাথকে দিয়েছিলেন, আপনাদের মাতৃদেবীর পুত্র সঞ্জয় গান্ধীর আপন জন বলে। কিন্তু আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি গ্লোবাল টেন্ডার ডেকেছেন। **(জনৈক সদস্য ঃ গ্লোবাল মানে টা কি?)** গ্লোবাল মানেটা যারা চুরি করে টেন্ডার পাস করে তারা সবাই জানে। যিনি সবচেয়ে কম ডাক দিয়েছিলেন তিনিই সেই টেন্ডার পেয়েছেন, কমলনাথকে দেওয়া হয় নি, আপনাদের মতো কাজ করা হয় নি। স্বভাবতই আপনাদের উষ্মার নিশ্চয় কারণ থাকবে। মাননীয় একজন কংগ্রেস (আই) না কংগ্রেস দলের সদস্য বলেছেন বেকার ভাতার কথা। আপনাদের কোন জন কখন কোন দলের থাকেন সেটা আমি বুঝতে পারি না। উনি বলতে চেয়েছেন বেকার ভাতা দিয়ে কি হবে। চাকুরির ব্যাপারটা কি? মাননীয় অর্থমন্ত্রী তিনি বলেছেন যে ভাবের ঘরে চুরি করে লাভ নেই। কারণ আমরা জানি গোটা বেকার সমস্যা আপনাদেরই সৃষ্টি। আমরা এটা জানি এবং বাংলাদেশের মানুষ জানে যে আজকে যতক্ষণ পর্যন্ত আপনারা যাদের হয়ে বলেন

আমাদের দেশের সেই একচেটিয়া বিদেশি পুঁজিপতি, দেশি পুঁজিপতির জমিদার থাকবে ততদিন বেকার থাকবে। আমি বলব আপনারা একটা কাজ করুন। আপনারা দয়া করে একটা প্রস্তাব আনুন, আমাদের সরকারের পক্ষ থেকে তা মেনে নেব। আপনারা দাবি করুন, বিদেশি পুঁজিপতি, দেশি পুঁজিপতি, একচেটিয়া পুঁজিপতি, জমির যারা মেহনত করে না তার সেই জমিকে বাজেয়াপ্ত করে কৃষককে দেওয়া হোক। এই প্রস্তাব আনুন, এখানে আনুন, দিল্লিতে আনুন, আমরা সমর্থন করব। এইটুকু যদি না জানেন বেকারের জন্য যে কথা বলেন বেকার সমস্যা সৃষ্টি করে তার আসল ব্যাপারটা দেশের লোক বুঝবে। আপনাদের বুঝেছে, আরও বুঝবে। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট পেশ করার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে বিরোধী পক্ষের বন্ধুরা যে বক্তব্য রেখেছেন তা শুনেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতকাল এই সভায় ছিলাম না। কিন্তু খবরের কাগজে দেখলাম বিরোধী দলের সদস্যরা বিশেষ করে কাশীকান্তবাবু তাঁর বক্তৃতার মধ্যে একটা কথাই বেশি বলেছেন। সেটা হল আমরা কেন্দ্রের উপর উষ্মা প্রকাশ করছি এবং আমরা বাজেটের মধ্যে শুধু ওই কথাটাই বলেছি সেটা উনি বারবার খুঁজে পেয়েছি এবং কেন্দ্র যেন আমাদের সাহায্য-টাহায্য প্রচুর পরিমাণে করছে তবুও আমরা সেটা উপেক্ষা করছি—ইত্যাদি, ইত্যাদি। আর কংগ্রেস বন্ধুরা যে বাজেট-এ কিছু খুঁজে পান নি, অবশ্য ওঁরা ওটা বুঝতে চান না। এই কারণে বুঝতে চান না যে কি বলবেন, যাই বলুন, ওঁনাদেরই ৩০ বছরের কীর্তি। এখানে কিছুক্ষণ আগে একজন কংগ্রেসি বন্ধু তিনি বললেন তিনি দেখছেন যে স্কুলবাড়ি সব ভেঙ্গে গিয়েছে। এই ত্রিশ বছরে তারা এমন সব বাড়ি তৈরি করে গেছেন যে সেই সব বাড়ি এই এক দেড় বছরের মধ্যে ভেঙ্গে যাচ্ছে এই তথ্যের ভিতরে এটা খুব স্পষ্ট হয়ে উঠেছে। এই মৃয়মান খয়িষ্ণু পশ্চিমবাংলাকে তারা এই বামফ্রন্ট সরকারের হাতে তুলে দিয়ে গেছেন। আমি সরকারি পরিসংখ্যান দিয়ে এই হাউসের কাছে এই কথা উপস্থিত করতে চাই। তার আগে জনতা দলের বন্ধু কিছুক্ষণ আগে যিনি বক্তৃতা রাখলেন তিনি বক্তৃতা রাখতে গিয়ে প্রথমেই বলেছেন ঐ একই কথা যে কথা কাশীবাবু বলেছেন যে কেন্দ্রের বিরুদ্ধে আমরা নাকি কথাবার্তা বলছি। তিনি বললেন আমরা কি করেছি—প্রাইস লেভেল নিয়ন্ত্রণ করবার ব্যবস্থা এই রাজ্যে নাই। এটা তো অ্যাডমিটেড ফ্যাক্ট যে সমস্ত বাজারের জিনিসপত্রের দাম কন্ট্রোল করার ক্ষমতা কেন্দ্রের হাতে আছে, সমস্ত কিছুই কেন্দ্রের হাতে যেমন আনএমপ্লয়মেন্ট এমপ্লয়মেন্ট বলুন আর প্রাইস লেভেলই বলুন সবই আর ক্যাপিটালিস্ট ইকনমি বলুন সব প্রশ্নই কেন্দ্রের হাতে। আমাদের অর্থমন্ত্রী তাঁর সীমিত ক্ষমতার মধ্যে সীমিত উৎপাদন ব্যবস্থার মধ্যে যা কিছু করা যায় সেইটাই তাঁর বাজেটে রেখেছেন। তিনি তো বলেন নি যে আমি সারা ভারতের উন্নতি করেছি। সাধারণ মানুষের অত্যাবশ্যকীয় জিনিস যা পশ্চিমবাংলা সরকারের নিয়ন্ত্রণে আছে সেই সব জিনিসের উন্নতির কথা তিনি বলেছেন। চিনি আমাদের হাতে নাই আমাদের কিছু করার নেই। কিন্তু

তা নিয়ে ছিনিমিনি খেলায় বন্ধ করাতে আমাদের সরকার চেষ্টা করেছেন। এই রাজ্যে যে জিনিস নিয়ে স্মাগলিং হয় হোডিং হয় সেই হোডিং ইত্যাদি, ও চোরাকারবারিদের বিরুদ্ধে আমরা ব্যবস্থা অবলম্বন করেছি। যার ফলে হোডিং করলে আমাদের বামফ্রন্ট সরকারের আইন শৃঙ্খলার অবস্থা ভাল হওয়ার ফলে তার ফল কি হবে সেটা তারা জানে এবং তাই সেটা বন্ধ হচ্ছে। আগে চিনির ব্যাপারে যে রকম নীতি নির্ধারিত হয়েছিল তাতে অনেক রকম কারচুপি ছিল। কেন্দ্রীয় সরকারের হাতে যে সমস্ত জিনিস নিয়ন্ত্রণে আছে সেগুলি সম্বন্ধে আমরা কিছু করতে পারছি না। তাই আজকে বহু জিনিসের দামে কারচুপি হচ্ছে। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার যদি মনে করেন তাহলে আমরা তাদের সাহায্য করব। আমাদের বামফ্রন্ট সরকার তথা আমাদের অর্থমন্ত্রী বলতে চেয়েছেন যে আমাদের আর্থিক পরিমাণ যেটা আমাদের প্রাপ্য যেসব টাকা কড়ি আমাদের প্রয়োজন আমরা যে টাকা বন্যার জন্য খরচ করেছি যে সব টাকা উদ্বাস্তুদের জন্য খরচ করেছি এবং যে টাকা আমাদের অনুমোদন করেছেন কেন্দ্রীয় সরকার সেটা আমাদের দাও। কেন্দ্রে আমাদের যে সব মেম্বার অব দি পার্লামেন্ট বামফ্রন্ট দলের আছেন জনতা সরকারের যেসব কনস্ট্রাকটিভ ওয়ার্ক সেগুলি তাঁরা সাপোর্ট করেন আবার যেসব ব্যাপারে অপোজিশন দেওয়া দরকার সে সব জিনিসে আমরা কনস্ট্রাকটিভ অপোজিশন করি। সুতরাং এটা ইন্দিরা গান্ধীর স্বৈরাচারী নীতি নয়, আমাদের বামফ্রন্টের নীতি খুবই সুস্পষ্ট। আশ্চর্যের বিষয় আমাদের কংগ্রেস বন্ধুরা কেন্দ্রের প্রতি এত দয়ালু হয়ে উঠলেন কি করে। তবে ওঁদের তো কোনও নীতির বালাই নেই। ওঁরা কর্ণাটকে, গুজরাটে এক রকম আবার এখানে আর এক রকম আবার মহারাষ্ট্রে আর এক রকম। কারণ নীতিহীনতাই হচ্ছে ওঁদের একমাত্র নীতি।

অতএব পশ্চিমবাংলার হাউসে দাঁড়িয়ে এইসব কথা তাদের বলতে হবে। ওরা ডেফিসিট বাজেটের কথা বলেছেন, বেকারীর কথা বলেছেন। যে কোনও সরকারকেই অনেক সময় ডেফিসিট বাজেট করতে হয় এবং ডেফিসিট বাজেট করে ট্যাক্স কালেকশন করে সেই ডেফিসিট গ্যাপ ফিল আপ করতে হয়। বাজেটের এই পদ্ধতি আমি সর্বত্রই দেখেছি এবং এই ডেফিসিট বাজেট কাদের জন্য করা হয়? সাধারণ নিম্ন মধ্যবিত্ত মানুষদের উন্নতির জন্য, তাদের কল্যাণের জন্য এই ডেফিসিট বাজেট করা হয়। উৎপাদন ব্যবস্থা যাতে বৃদ্ধি পায়, ইকনমি প্রগ্রেস যাতে হয় সেদিকে দৃষ্টি দিতে গেলেই অনেক সময় ডেফিসিট বাজেট করতে হয়। তার কারণ কংগ্রেসি বন্ধুরা জানেন প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, আজ পর্যন্ত যতগুলি পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়েছে সেখানে কেন্দ্রীয় সরকার প্রচুর পরিমাণে ডেফিসিট বাজেট করেছেন এবং দেখা যায় বহু জায়গায় তারা বিজ্ঞানোচিত ডেফিসিট বাজেট করেন নি, যার ফলে ইনফ্লেসান হয়েছে। এর ফলে একটা বিরাট গ্যাপের সৃষ্টি হয়েছে, আনএমপ্লয়মেন্ট প্রবলেম সৃষ্টি হয়েছে গোটা ভারতবর্ষ জুড়ে। ওদেরই ভ্রান্ত নীতির ফলে আজকে এই অবস্থা হয়েছে। একটা রাজ্যের হাতে কতটুকু ক্ষমতা আছে? সুতরাং একটা সীমিত ক্ষমতার মধ্যে তারা এটা করেছেন। অনেকে বলেছেন শূন্যপদগুলি পূরণের ব্যবস্থা করেন নি। কারণ কংগ্রেসি

সময়ে এম.এল.এ., মন্ত্রীদের পকেটে চাকুরী থাকত। পকেট থেকে বের করেই চাকরি দিতেন। তাই শূন্যপদগুলি সঙ্গে সঙ্গেই পূরণ হয়ে যেত। আমাদের একটা পদ্ধতি আছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে যেতে হয়, নাম রেজিস্ট্রি করাতে হয়, সার্ভিস কমিশনে যেতে হয় ইত্যাদি নানা রকম নিয়ম কানুনের মাধ্যমে শূন্যপদগুলি পূরণ করতে হয়। কাজেই সাধারণভাবে কিছু সময় লাগবেই। মন্ত্রী মন্ডলী ক্যাবিনেট সাব কমিটি ডিসিসন করে অ্যাপয়েন্টমেন্ট দেন। সুতরাং শূন্যপদগুলি পূরণে নিশ্চয় বিলম্ব হচ্ছে। ওরা বলেছেন মধ্যবিত্তদের উপর কত আরোপ করা হচ্ছে। যারা রেসকোর্সে যান, মদ নিয়ে ক্যাবারে দেখেন—বড় লোকের কাজ যদি সাধারণ মধ্যবিত্তরা করেন তাহলে তারজন্য তাদের সাফার করতেই হবে। ক্যাবারে ড্যান্স দেখবেন অথচ ট্যাক্স দেবেন না এতো হতে পারে না। গ্রামের নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্তরা তো ক্যাবারে দেখতে যান না, গ্রামের শিক্ষক, সাধারণ মানুষ তো ক্যাবারে দেখতে যান না, রেস কোর্সে যান না। তারা মদ খান না। সুতরাং ওরা কি করে বললেন মধ্যবিত্তদের উপর ট্যাক্স বাড়ছে, এটা আমি বুঝতে পারলাম না। বড় লোকের রোগ থাকলে ট্যাক্স দিতেই হবে। সুতরাং এইসব কথা বলে কোনও লাভ নেই। আর একটি কথা বললেন বাস্তব দৃষ্টিভঙ্গির খুব অভাব-বাস্তবতা সম্পর্কে ওদের কতটুকু জ্ঞান আছে আমি জানি না। ভারতবর্ষের ৩০ বছরের ইতিহাসে যা ঘটেনি, পশ্চিমবাংলার বাজেটে সেই জিনিস ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের মধ্যে বামফ্রন্ট সরকারই হল একমাত্র সরকার যে ঘোষণা করতে পারে দশম শ্রেণী পর্যন্ত বিনা পয়সায় সমস্ত ছেলেদের পড়াশুনা করার ব্যবস্থা করেছি। এটা কাদের জন্য করা হয়েছে? সাধারণ, গরিব মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষদের জন্যই করা হয়েছে। বড় লোকেদের জন্য এই ব্যবস্থা? গ্রামের গরিব মানুষ শিডিউল্ড কাস্টস অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস যারা হাই স্কুলের মুখ দেখতে পেত না, উচ্চ শিক্ষা পেত না, তারা এই সুযোগ পাবে। ৩০ বছর কংগ্রেসি রাজত্বে ওরা প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত বিনা পয়সায় পড়ানোর ব্যবস্থা করেছেন। আর আমাদের সরকার মাত্র দু' বছরের মধ্যে ৪/৫ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত বিনা পয়সায় পড়ানোর ব্যবস্থা করলেন। লজ্জা করে না, বড় বড় কথা বলতে? সমালোচনা করার অধিকার আছে, করে গেলেন, কিন্তু ভাল জিনিসগুলোর দিকে লক্ষ্য করলেন না। সমালোচনার মধ্যে ডঃ মিত্র সম্পর্কে কতকগুলি গালাগাল ছাড়া আর কিছুই আমি দেখলাম না।

[4-25—4-35 P.M.]

গ্রামের মেয়েদের মধ্যে পাড়ায় পাড়ায় যখন কোনও দল হয় এবং সেই সময় যখন বক্তব্য থাকে না তখন খালি গালাগালি দেয়, এদেরও সেই অবস্থা। আমি স্যার, ওদের বলব, অনেক সময় তো আপনারা ভুল স্বীকার করেছেন, এই হাউসেও আমরা দেখেছি আপনারা ২/৪টি সত্য কথা বলেন, এই বাজেট সম্বন্ধেও কিছু সত্য কথা বলুন। স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষ, সাধারণ মানুষদের প্রতি দৃষ্টি দিয়ে রচনা করা হয়েছে। আজকে ১০ম শ্রেণী পর্যন্ত বিনা পয়সায়

পড়াবার ব্যবস্থা করা হয়েছে। স্যার, মাত্র দু' বছরের মধ্যে আমাদের সরকার এতখানি ব্যবস্থা করতে পেরেছেন। এই ভারতবর্ষে তো বহু জায়গায় জনতা সরকার আছেন, কংগ্রেসি সরকার আছেন, বহু বছর ধরে কংগ্রেসি সরকার ছিলেন—তারা কি এই ব্যবস্থা করতে পেরেছেন? না, তা তারা করেন নি। তা তারা করেন নি কারণ গরিব মানুষকে তারা শিক্ষা দিতে চান না। ঐ গরিব মানুষগুলি যতদিন নিরক্ষর থাকে ততদিনই তাদের উপর শোষণের যন্ত্র চালানো যায়, তাদের নিষ্পেষিত করা যায় তাই তারা চান তাদের নিরক্ষর করে রাখতে। তাই আমরা দেখি অশ্লীল সাহিত্য, সিনেমা। সেখানে কোনও সরকার যদি তাদের শিক্ষিত করার ব্যবস্থা করে সেটাও ওরা ভাল চোখে দেখেন না, তার সমালোচনা করেন। আর সেই শিক্ষা ব্যবস্থা করার জন্য যদি আরোপিত হয় তাকেও তারা সমালোচনা করেন। আজকে ঐ বেতনভোগী দরিদ্র সরকারি কর্মচারী তারা কারা? তারা তো সাধারণ মানুষ। ১৩০ টাকা, ১৫০ টাকা, ২০০ টাকা বা শুধু ৫০ টাকা তারা বেতন পান, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেট ঐ দরিদ্র সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের হারে মহার্ঘভাতা দেবার ব্যবস্থা করেছেন, যেটা ওরা করতে পারেন নি বা করেন নি। আজকে সেখানেও ওরা সমালোচনা করেছেন, ওদের লজ্জা হওয়া উচিত। আজকে জিনিসের মূল্যমান কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা একটু ওদের চিন্তা করতে বলি। সেখানে ৫ টাকা নিয়ে যদি কেউ বাজার যায় তাহলে থলির মধ্যে বাজার দেখাই যায় না এই তো অবস্থা। ৩০ বছর ধরে রাজত্ব করে ওরা মুদ্রাস্ফীতিকে এমন একটা জায়গায় এনে দাঁড় করিয়েছেন যে মানুষের জীবন অসহনীয় হয়ে উঠেছে। সেখানে বিশেষ করে যারা চাকরি করেন বেতনভোগী তাদের জীবন অসহনীয় হয়ে উঠেছে। স্যার, ঐ গরিব কর্মচারিদের কথা তো ওরা বুঝতে পারবেন না, কারণ ওরা হলেন সামন্তদের প্রতিনিধি, পুঁজিপতি, বড়লোকদের প্রতিনিধি। তাই সেখানে গরিব মানুষদের জন্য যদি কিছু হয় তাহলে তাতে তারা উষ্মা প্রকাশ করেন, সেখানে বিরোধিতার মনোভাব প্রকাশ করেন। স্যার, এবারে আমি আপনার মাধ্যমে কয়েকটি তথ্য এই হাউসের সামনে উপস্থিত করতে চাই এবং তার মাধ্যমে দেখাতে চাই যে, গত ৩০ বছরে ওরা যা করেন নি এই সরকার গত ১ বছরের মধ্যে তার অনেকটা করেছেন। প্রফুল্লচন্দ্র সেনের আমলে খাদ্যশস্যের উৎপাদন কি ছিল? সেই সময়ে যিনি খাদ্যমন্ত্রী ছিলেন এখন তিনি জনতা পার্টির নেতা—সেই ১৯৬২/৬৩ সালে উৎপাদন ছিল ৪৮৬৮.৭ হাজার টন। সিদ্ধার্থ রায়ের আমলে সেটা বেড়ে হল—সবচেয়ে বেশি হল ৮৫৯২.৭ হাজার টন। আর ১৯৭৭/৭৮ সালে ৮৯৭২.৬ হাজার টন। এই সময় সবচেয়ে বেশি খাদ্য উৎপাদন হয়েছে। সিরিয়ালসের দিকে তাকিয়ে দেখুন। গত ৩০ বছর ধরে—প্রফুল্লচন্দ্র সেনের আমলে, সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে, এমন কি বিধান রায়ের আমলেও ডেফিসিট ছিল। সেটা কি রকম?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করুন তদানিন্তন শ্রী প্রফুল্লচন্দ্র সেনের আমলে এই দেশে প্রায় ২০ লক্ষ টন সিরিয়াল ডেফিসিট ছিল। সিদ্ধার্থবাবুর সময়ে ১৯৭৩-৭৪ সালে এই ডেফিসিট প্রায় ২১ লক্ষ টন ছিল। আর ১৯৭৮ সালে এই বামফ্রন্ট সরকারের আমলে

ডেফিসিট নিল এবং শুধু নিল নয়, উদ্বৃত্ত। পশ্চিমবাংলার রিকোয়ারমেন্ট হচ্ছে ৮৬.৪৮ প্রোডাকশন হয়েছে ৮৬.১৬। আর অতীতে প্রত্যেক জায়গায় মাইনাস, মাইনাস, আর মাইনাস এই জিনিস হয়েছে। এই প্রথম বছর যেখানে সিরিয়ালে একসেস প্রোডাকশন হয়েছে। এই যে ডেফিসিট ২১ লক্ষ টন সেটাকে মিট করেও পশ্চিমবাংলায় এই সরকার উদ্বৃত্ত উৎপাদন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে শেষ নয়। আজকে পার ক্যাপিটা ইনকাম দেখুন—স্টেট ইনকাম পার ক্যাপিটা ইনকাম কোথায় গিয়ে দাঁড়িয়েছে? ওদের প্রফুল্লচন্দ্র সেনের আমলে, সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে যা ছিল সেটা একটু লক্ষ্য করুন। ১৯৬০-৬১ সালে আমরা দেখেছি যে রুপিস ২৬০১ ক্রোড়স টোটাল ইনকাম ইন ওয়েস্ট বেঙ্গল। সেটা সিদ্ধার্থশঙ্কর রায়ের সময়ে ১৯৭৫-৭৬ সালে দাঁড়িয়েছে ৩৪৪৬ কোটিতে। আর ১৯৭৭-৭৮ সালে সেটা গিয়ে দাঁড়িয়েছে ৩৯১২.০৩ কোটিতে। সুতরাং যেখানে ৭৫৮৯০৫ ছিল পার ক্যাপিটা ইনকাম ১৯৬০-৬১ সালে সেখানে ইনকাম পরবর্ত্তী সময়ে এটা ৭২৪৭৪১ হয়েছে এবং লাস্ট পার ক্যাপিটা ইনকাম স্টেটের হয়েছে ৭২১.৩২। বামফ্রন্ট সরকারের এক বছরে তার ইনকাম দাঁড়িয়েছে ৭৬৮.৫৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ইকনমিক রিভিউতে ১৯৭৮-৭৯ তে বেরিয়েছে সেটা একটু দেখুন। সেখানে বলা হয়েছে—Annual rate increase in the state per capita income for the year 1977/78 is the highest ever recorded at the state level over this entire period. সুতরাং আজকে ৩০ বছরের ইতিহাসে আমরা লক্ষ্য করেছি যে পার ক্যাপিটা ইনকাম এবং স্টেট ইনকাম আজকে হাইয়েস্ট পয়েন্টে রিচ করেছে। এটা কি ইন্ডিকেশন নয় যে হেল্‌থদি ইকোনমিক ডেভেলপমেন্ট এই এক বছরে হয়েছে? অবশ্য কিছু কিছু ত্রুটি যে নেই না নয়। কিন্তু সেটা ধরার মধ্যে নয়। সেই রকম ইন্ডাষ্ট্রির ক্ষেত্রেও বলা যায় যে স্লাইট ইমপ্রুভমেন্ট হয়েছে। খুব একটা বিরাট কিছু না হলেও কিন্তু ইট হ্যাজ ইনক্রিজ। বিদ্যুতের কথা বার বার এখানে বলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা জীর্ণ, দীর্ণ ভগ্ন কতকগুলি পাওয়ার প্ল্যান্ট রেখে গেলেন, আমাদের হাতে দিয়ে গেলেন। আমরা তাঁর ইনস্টলেশন, রিপেয়ারিং এবং নতুন রিমডেলিং ইত্যাদি করে আমাদের কাজ করতে হচ্ছে। আজকে এই যে ইকনমিক রিভিউ, এই রিভিউতে পাওয়ার সম্পর্কে কি বলেছে সেটা দেখুন—The situation with respect to power so far as instalation of capacity is concerned has improved only marginally. আজকে যেগুলি ভেঙ্গে ফেলেছেন, যেটা অসুস্থ অর্থনীতি সেটাকে আমাদের হাতে দিয়ে গেছেন এবং সেটাকে আসতে আসতে গড়ে তুলতে হচ্ছে। কাজেই ইমপ্রুভমেন্ট ইন্ডিকেশন আর দেয়ার।

[4-35—4-45 P.M.]

জনতা সরকার বলেছেন যে কোনও উপায়ে ১০ বছরের মধ্যে নাকি আন এমপ্লয়মেন্ট প্রবলেম সলভ করা হবে, দেখা যাবে, আপনারাও বেঁচে থাকবেন আমরাও দেখব। এটা করা অসম্ভব। এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থা যদি আপনারা আনএমপ্লয়মেন্ট নিল করতে পারেন—এটা

করা অসম্ভব, আপনারা পারবেন না, পারবেন না, পারবেন না। ১০ বছর পরে এই মিশ্র অর্থনীতিতে আনএমপ্লয়মেন্ট বেড়ে যাবে, দ্রব্যমূল্য বৃদ্ধি পাবে, মুদ্রা স্ফীতি দেখা দেবে। আপনারা যতই বলুন না কেন এই জিনিস ঘটবে। আজকে এটা আমরা কোনও দিন স্বীকার করি না যে মিশ্র অর্থনীতিতে পাবলিক সেক্টারে লাভ হবে। পাবলিক সেক্টারে লস হবে এবং পাশাপাশি প্রাইভেট সেক্টারগুলো লাভবান হবে, এটাই হচ্ছে মিক্সড ইকনমির রেজাল্ট। বড় বড় পাবলিক সেক্টারের মোটরগাড়ির কারখানাগুলো ক্রিপল হয়ে পড়বে এবং বড় বড় যে সমস্ত মোটর গাড়ির কারখানা প্রাইভেট সেক্টারে আছে সেইগুলো আরও বড় হবে। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে এনেছেন, তাতে যে রিডিস্ট্রিবিউটিভ পলিসি নেওয়া হয়েছে, সীমিত ক্ষমতার মধ্যে থেকে, মিশ্র অর্থনীতির মধ্যে থেকেও যে পলিসি নেওয়া হয়েছে তা দেশ উন্নয়নের পথে সহায়ক হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভেস্টেড ল্যান্ড—জমি বিলি সম্পর্কে বলি, আমি আপনার কাছে তথ্য দিচ্ছি এই সরকারের সময় আমরা কি জমি বিলি করেছি আর উনারা কি জমি বিলি করেছেন। ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল, এই সময় মোটামুটি বামফ্রন্ট সরকার ছিল, তখন পাঁচ লক্ষ একর জমি বিলি করা হয়েছে, আর সিদ্ধার্থশঙ্কর রায় যখন মসনদে ছিলেন, ১৯৭২ সালের জানুয়ারি থেকে ১৯৭৭ সালের জুলাই পর্যন্ত ১.৫ লক্ষ একর জমি বিলি করা হয়েছে। সুতরাং মাননীয় অর্থমন্ত্রী এই যে বাজেট উত্থাপন করেছেন, এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি আজকে বলতে চাই, সোসিও ইকনমিক—সমস্ত অর্থনীতির বুনিয়াদ আজকে নতুন করে পশ্চিমবাংলায় তৈরি হচ্ছে, যার ফলে আজকে ওঁরা ভীত, সংকুচিত, এই সরকার যদি ১০ বছর থাকে তাহলে এই পশ্চিমবাংলার মানচিত্র থেকে ওঁরা মুছে যাবেন। সুতরাং এই যুগান্তকারী বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** স্পিকার স্যার, বানের জলে যে ম্যাসাকার হয়ে গেছে তারপর এই রকম একটা বাজেট আসবে তা আমাদের বিরোধী দলের বন্ধুরা চিন্তা করতে পারেন নি এবং তাঁরা ভাবতেও পারেন নি যে তাঁরা কিছু বলতে পারবেন না। এত বড় একটা বাণ গেল এবং বাণের পর এই সরকার গ্রামের মানুষকে আগেকার সরকারের মতো ধার দেননি বা ঋণ দেননি, ৪০০ টাকা করে অনুদান দিয়েছেন এবং ৯০ কে.জি. করে গম দিয়েছেন। কংগ্রেসের সময়ও বাণ হয়েছে, কিন্তু তাঁরা কাউকে অনুদান দেননি, যাদের ঘর ভাঙেনি তাদের লোন দিয়েছেন এবং সেই লোন কোনও দিন শোধ হয়নি। আমরা অনুদান দিয়েছি এবং তা দিয়ে বন্যার্তরা ঘর তৈরি করছে। ইমাজুদ্দিন সাহেব হয়ত জানেন না, কারণ তাঁর এলাকায় বন্যা হয় নি, কিন্তু অতীশবাবু জানেন যে, গ্রামের লোকের মধ্যে কি উৎসাহ জেগেছে, তারা তাদের ঘর তৈরি করছে।

তারপর দেখুন গতবার আলু-বীজ বিক্রি হয়েছিল ৫০০/৬০০ টাকা কুইন্টাল দরে, ৫/৬টাকা কেজি আর এবারে গভর্নমেন্ট ১০০ টাকা কুইন্টাল দরে প্রচুর আলু বীজ পাড়াগাঁয়ে চাষীদের মধ্যে বন্টন করেছে। আজকে আমাদের বিরোধীরা ভীত হয়ে পড়েছেন এবং বার বার

বলছেন আলুর দাম কমল কেন? আলুর দাম কমার কারণ প্রচন্ড প্রাকৃতিক দুর্যোগ এবং এর ফলে সমস্ত আলু পচে যেতে আরম্ভ করেছিল এবং আজও আলু পচে যাচ্ছে। এত আলু সরকারের পক্ষে কিনে রাখা সম্ভব নয়। যে আলু হয়েছে তা গুদামে রাখলেও পচে যাবে। কাজেই প্রাকৃতিক দুর্যোগে আলুর দাম কমে গিয়েছে। আমার কৃষি সম্পর্কে যেটুকু অভিজ্ঞতা আছে তাতে মনে হয় না যে, এত আলু গুদাম ঘরে থাকবে। আমরা জানি এতে চাষীর ক্ষতি হচ্ছে খুবই। কিন্তু করার কি আছে? তবে করার কি আছে, না আছে এগ্রিকালচারাল বিভাগ নিশ্চয়ই তা বিচার করে দেখবেন। যদি কিছু থাকে নিশ্চয়ই করা হবে।

তারপর কথা হচ্ছে আজকে পঞ্চায়েতকে নিচের স্তর পর্যন্ত প্রসারিত করা হয়েছে, যেটা ওঁরা বিরোধীরা বা কংগ্রেসিরা পারেন নি। ওঁরা আইন তৈরি করেছিলেন, কিন্তু কাজে তা করতে পারেন নি। আমরা তা পেরেছি। হয়ত কোথাও কোথাও পঞ্চায়েতের কিছু কিছু দোষ ত্রুটি থাকতে পারে, হয়ত কিছু অন্যায় হচ্ছে। নিশ্চয়ই সেগুলি আমাদের দেখতে হবে এবং সেই সব অন্যায়ের বিরুদ্ধে আমাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। রাজনৈতিক ভাবে পঞ্চায়েত সদস্যদের বুঝিয়ে দিতে হবে। পাড়াগ্রামের অশিক্ষিত, অর্ধশিক্ষিত মানুষরা আজকে পঞ্চায়েত সদস্য হয়েছেন, তাঁরা না বুঝে কোথাও হয়ত কিছু অন্যায় করতে পারেন, কিন্তু আমাদের তাঁদের সংশোধন করে দিতে হবে, বুঝিয়ে দিতে হবে। সেই সঙ্গে পঞ্চায়েতের নিয়ম কানুনের কিছু কিছু সংশোধন করতে হবে। হয়ত কোথাও কোথাও ঘর ভাঙেনি তথাপি চক্ষু লজ্জার খাতিরে টাকা দিয়েছেন, কিন্তু সেখানে তদন্ত করবার জন্য কোনও অফিসার নেই। সুতরাং এগুলির সংশোধন করতে হবে। যাঁরা আমাদের পঞ্চায়েত সদস্য আছেন তাদের রাজনৈতিকভাবে সেই শিক্ষা দিতে হবে।

সাধারণত আমাদের দেশে বান হলেই মড়ক লেগে যায়। কিন্তু এবারে এত বড় একটা বান গেল কোথাও মড়ক লাগেনি। আমাদের স্বাস্থ্য বিভাগ দিল্লি থেকে স্প্রে মেশিন নিয়ে এসে সবাইকে টিকে দিয়েছে, যার ফলে আজকে মড়ক হয়নি, একটাও মানুষ মরেনি। বানের জলের মধ্যেই ব্লিচিং পাউডার চুন ইত্যাদি নৌকায় করে পৌঁছে দিয়েছে। আমরা এই সব ব্যবস্থা করেছি, কাজেই আজকে ওঁদের এগুলি চিন্তা করে দেখতে হবে। বিরোধিতার খাতিরে কেবল বিরোধিতা করবেন না।

[4-45—4-55 P.M.]

কেন্দ্রীয় হারে রাজ্য সরকারের কর্মচারিদের ভাতা দেবার প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম, সেই প্রতিশ্রুতি আমরা রক্ষা করেছি। এবং তা শুধু সরকারি কর্মচারিদের নয়, তহশিলদারদের পর্যন্ত ভাতা বাড়িয়ে দিয়েছি, যারা শুধু লাইসেন্স নিয়ে সারা বছর চাকুরি করে সেই তহশিলদারদের ভাতা পর্যন্ত বাড়িয়েছি। যে চৌকিদারদের মানুষ অবহেলা করত, যে চৌকিদাররা লোক দেখলেই সেলাম করত সেই চৌকিদারদের মর্যাদা বাড়িয়েছি তাদেরও ভাতা বাড়িয়েছি। ঐ একই হারে শিক্ষকদের ভাতা দিয়েছি, শিক্ষা কর্মচারিদেরও দিয়েছি এবং শুধু তাই নয়

যাঁরা পেনশন পান তাদের পেনশন পর্যন্ত বাড়ানো হয়েছে। সুতরাং আজকে এগুলি স্বীকার করতে হবে।

স্পিকার স্যার, আমরা ভাতা বাড়িয়ে দিয়ে কি করব? রেল বাজেট আবার এদের পকেট কেটে নিয়ে যাচ্ছে, বিশেষ করে ডেলি প্যাসেঞ্জারদের। কেন্দ্রীয় সরকার রেল বাজেটে ডেলি প্যাসেঞ্জারদের টিকিট ১০ টাকার টা ২০ টাকা করে দিয়েছে। তাই আমাদের এই ভাতা বাড়াবার আর কোনও মূল্য থাকছে না।

বিরোধীরা তারপর একটা বিষয়ে অনেক কথা বললেন, সেটা হচ্ছে সরকারি কর্মচারিদের ওপর আপনারা ২ টাকা করে চাঁদা ধরেছেন, এতে তাদের খুব অসুবিধা হবে। বৃত্তিকর ধরা হয়েছে ৫০১ টাকার মাইনের উপর থেকে। সরকারি কর্মচারিদের মধ্যে কত জন ৫০১ টাকা মাইনে পান? তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারিদের বেশিরভাগই পান ৪০০ থেকে ৪৫০ টাকা। আর চতুর্থ শ্রেণীর কর্মচারিরা তো ২৫০ টাকা থেকে ৩৫০ টাকা পান। সুতরাং যাঁরা ৫০১ টাকা পান তাঁরা দিনে দেড় টাকার সিগারেট খান, তাঁদের মাসে ২ টাকা দিতে কোনও অসুবিধা হবে না। সুতরাং এই ২ টাকা দিলে যদি গরিবরা বার্দ্ধক্যভাতা পায়, পেনশনাররা মাহিনা পায়, তহশিলদাররা যদি পয়সা পায় তাহলে সেই ২ টাকা দিতে কোনও সরকারি কর্মচারির অনিচ্ছা প্রকাশ করবেন না। ২ টাকা কিছুই নয় তবে নিচু স্তরে এক পয়সাও লাগছে না, ক্লাশ ফোর কর্মচারিদের লাগছে না, ক্লাশ থ্রি কর্মচারিদের অধিকাংশই পয়সা লাগছে না। উপর তলার কর্মচারিদের উপর ট্যাক্স যদি আরও বেশি বাড়ানো হত তাহলে আমি খুশি হতাম। তারপর আসুন জমির বর্গা অপারেশন। জমি বর্গায় লেখানো হলেই জমির মালিকরা সঙ্গে সঙ্গে হাইকোর্টে চলে যাচ্ছে কিন্তু আমাদের সরকার বর্গাদারদের এ ব্যাপারে বিনা পয়সায় সাহায্য দেওয়া হবে বলেছেন। বিনা পয়সায় উকিল দেওয়া হবে। আমরা বর্গাদারদের নাম রেকর্ড করতে চাইছি আর আপনারা বলছেন অপারেশন বর্গা অত্যাচার করছে। আমরা গ্রামে গ্রামে দেখেছি যারা রেকর্ড করে তাদের মধ্যে অনেকেই আপনাদের লোক আছে। তারা ঠিকমতো রেকর্ড করছে না। আপনারা জমি রাখবেন অথচ রেকর্ড করবেন না তা তো হবে না। সুতরাং এই জমি রেকর্ড করতে গেলেই আপনারা বলবেন অত্যাচার হচ্ছে। ক্লাশ নাইন থেকে টেন পর্যন্ত ফ্রি করার প্রস্তাব আমাদের সরকার করেছেন। প্রাইমারি স্কুলে ছাত্রদের মিড-ডে মিল মানে পাউরুটি ইত্যাদি দেওয়া হবে। শিডিউল কাস্ট ছাত্রদের প্রাইমারি স্কুলে ড্রেস দিচ্ছি। যে সমস্ত স্কুল বন্যায় ভেঙ্গে গেছে সেই সমস্ত স্কুলে টাকা দেওয়া হচ্ছে। আপনারা তো খুব প্রশ্ন করেছিলেন যে, একটাও স্কুল হয়েছে? কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, ১৯৭২ সাল থেকে যে সব প্রাইমারি স্কুলের হেডমাস্টাররা স্কুল গঠন করবেন বলে টাকা নিয়ে গিয়েছিলেন সেই সব টাকা খেয়ে ফেলেছে, সেইসব টাকার হিসাব আজ পর্যন্ত পাওয়া যাচ্ছে না। মাস্টাররা নিজেদের বাড়ি তৈরি করেছেন সেইসব টাকার হিসাব আজও পর্যন্ত পাওয়া যাচ্ছে না। মাস্টাররা নিজেদের বাড়ি তৈরি করেছেন সেইসব টাকা দিয়ে—আপনারা তো অনেকেই স্কুল বোর্ডের মেম্বার ছিলেন সবই তো জানেন। এখন সেইসব

টাকা আদায় করা কঠিন। আপনারা পেডিগ্রি দেখে দেখে অর্থাৎ সেইসব স্কুলের হেডমাস্টাররা কংগ্রেসি কিনা তা দেখে তবেই টাকা দিয়েছেন এবং সেই টাকা তারা মেরে দিয়েছে। যারা এতদিন বেকার ছিল তাদের এই সরকার স্বীকৃতি দিয়েছে অর্থাৎ বেকার ভাতা দিচ্ছে। এই বেকার ভাতা দেওয়ার প্রসঙ্গে আমার একটি কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলছি সেটা হচ্ছে আমাদের একটি সরকারি আইন ছিল যাদের পারিবারিক আয় ৫০০ টাকা তারাই পাবে বেকার ভাতা কিন্তু কার্যক্ষেত্রে এরকম দেখা যাচ্ছে যাদের পারিবারিক আয় ৫০০ টাকার উপরেও তারাও বেকার ভাতা পাচ্ছে। এই ব্যাপারে একটা ইনভেস্টিগেশন করার দরকার আছে। যাই হোক, কোনও দরখাস্ত করতে হয় না, যারাই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাচ্ছে সেই যে দলেরই হোক না কেন সি.পি.এমেরই হোক, ফরয়ার্ড ব্লকেরই হোক, কংগ্রেসেরই হোক, কিম্বা জনতারই হোক যারাই নাম লেখাচ্ছে তারাই পাচ্ছে। ভোলাবাবু বললেন কংগ্রেসের আমলে বেকার ছিল ১২ লক্ষ আর এখন হয়েছে ১৮ লক্ষ, ১ বছরে ৬ লক্ষ বেকার বেড়ে গেল। কি অদ্ভুত ব্রেন ভোলাবাবুর। এখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে লোকে নাম লেখাচ্ছে বেকার ভাতা পাবে বলে এবং চাকুরি পাবে বলে কিন্তু আপনাদের আমলে কেউ নাম লেখাতো না কারণ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত চাকুরি প্রায় হত না। এখন নাম রেজিস্ট্রি হচ্ছে এবং লোকেরা চাকুরি পাচ্ছে। সুতরাং ১ বছরে ৬ লক্ষ বেকার যে বাড়ে না এই বুদ্ধিটুকু আপনার থাকা দরকার ছিল। বার্দ্ধক্য ভাতা ২০ টাকা থেকে ২৫ টাকা হয়ে গেল। ৬৫ বছর যেটা ছিল সেটা ৬০ বছর করা হল এতে বার্দ্ধক্য ভাতা ৮ হাজার লোক পাবে এবং আমার অনুরোধ যাতে আরও লোক বার্দ্ধক্য ভাতা পায় সেবিষয়ে নজর দেওয়া দরকার।

[4-55—5-05 P.M.]

বৃদ্ধ বয়সের মানুষ যাঁরা তাঁরা একটা শেল্টার চান যেটা আমরা দিতে পারিনি। সরকারি কর্মচারিদের আমরা পেনশন দিয়ে থাকি কারণ তাঁরা সরকারের কাজ করেছেন। সেই হিসাবে কৃষি, মজুর যারা সমাজকে কিছু দিচ্ছে তাদের জন্যও এই বার্দ্ধক্য ভাতা দেওয়া উচিত, কিম্বা এমন কোনও শেল্টার করা উচিত যেখানে তারা সুতো কাটবে, দড়ি তৈরি করবে এই বিষয়ে আমি অর্থমন্ত্রীকে চিন্তা করতে বলছি। তারপর সবগুলি গভর্নমেন্ট আন্ডার টেকিংয়ে সবগুলোতেই লোকসান কেন হচ্ছে এটা দেখবার জন্য একটা কমিটি করা উচিত। বাস, দুগ্ধ প্রকল্প ইত্যাদিতে লোকসান যাতে বন্ধ হয় তারজন্য কমিটি করে তদন্ত করা উচিত। অনেকে বললেন যে ট্যাক্স অনেক হয়েছে কিন্তু ট্যাক্স কোথায় হল? ট্যাক্স হল কারবারের উপর যেখানে ভোলা বাবু অতীশবাবুরা যান সেইজন্য ওঁদের এত চিন্তা। যাত্রায় ট্যাক্স বসেছে, এতে ভালই হয়েছে, ৬ হাজার টাকার কমে একটা যাত্রার দল গ্রামে যায় না, এদের উপরে নিশ্চয় ট্যাক্স ফেলা উচিত, যারা যাত্রার শিল্পী তাদের উন্নতির জন্য এরা কিছুই করে না তথ্যমন্ত্রীর এটা দেখা উচিত যে যাত্রায় যারা পার্ট করে তারা যেদিন পার্ট করে সেদিনের জন্যই খালি মজুরি পায় কিন্তু অন্যান্য সুযোগ সুবিধা তাঁরা কিছুই পান না, গ্রামাফোন রেকর্ড, প্রসাধনের উপর ট্যাক্স বসেছে এগুলি কি চাষীরা ব্যবহার করে? কেন্দ্রীয় সরকার সিগারেটের উপর যে ট্যাক্স

করেছেন তার বিরুদ্ধে আপনারা কথা বলছেন না কেন, আমরা লুজ কফি খাই কিন্তু অতীশবাবু যিনি নেসকাফে খান, তিনি না হয় একটু বেশি ট্যাক্স দেবেন তাতে কিছু এসে যায় না। ১৫ টাকার কমে জুতোর উপর ট্যাক্স কমিয়ে দেওয়া হল, চা শিল্পে অকশনের উপর ট্যাক্স কমিয়ে দেওয়া হল, দেশলাইয়ের দাম কমিয়ে দেওয়া হল, যেগুলো লোকেরা ব্যবহার করে, বিক্রয় কর ১ পারসেন্ট বৃদ্ধি করা হয়েছে ঠিকই হয়েছে আর ঠিকাদারদের জন্য ৫০ লাখ টাকার জিনিস নিলে তার আট আনা ট্যাক্স হবে। বিদেশি মদের উপরে, ঘোঁড়দৌড়ের উপরে ট্যাক্স গরিব লোককে স্পর্শ করবে না, বৃত্তির উপরে ট্যাক্স এটা এমন কিছু ক্ষতিকারক নয়, শেষে অর্থমন্ত্রীকে আবেদন করব গ্রামের লোক যারা কৃষি মজুর তারা ন্যুনতম মজুরি পাচ্ছে না সেটা দেখা উচিত এবং প্রয়োজনীয় ক্ষেত্রে গভর্নমেন্ট থেকে তাদের কিছু সাবসিডি দেওয়া উচিত যেমন খাদি বোর্ড এবং অন্যান্য জায়গায় দিচ্ছেন, লীণ পিরিয়ডে ক্ষুদ্র চাষী এবং ভূমিহীন ক্ষেতমজুরদের কনজামশন লোনের ব্যবস্থা করতে হবে। গ্রামে অনিয়মিত কয়লা সরবরাহের ফলে দাম বেড়ে যাচ্ছে, সিমেন্ট পাওয়া যাচ্ছে না। গ্রাম ভিত্তিক কয়লার কোটা করতে হবে, সিমেন্টের ক্ষেত্রে দেখা গেছে এক একটা ডিস্ট্রিক্ট এক একটা কোয়ালিটির সিমেন্ট দেওয়া হচ্ছে যেটা বন্ধ করতে হবে এবং সিমেন্ট বিশেষ করে বন্যার্ত এলাকায় বেশি করে সরবরাহ করতে হবে, বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে গ্রামের জন্য কোটা করেছেন কিন্তু মফস্বলের কলগুলি চলছে না সুতরাং বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে গ্রামের জন্য কোটা করা উচিত। সর্বশেষে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই, বিরোধীপক্ষের বক্তারা এই বাজেটের মধ্যে যা পেয়েছেন তার ১নং হল সম্পূর্ণ হতাশা, ২নং অবাস্তব, বাগাড়ম্বরে ভরা, তৃতীয় নম্বর শুধু কেন্দ্রের বিরুদ্ধাচারণ, চতুর্থ নম্বর গ্রামের দিকে দৃষ্টি নেই, পঞ্চম সাধারণ মানুষের উপর কর বৃদ্ধি করা হয়েছে, ষষ্ঠ সমস্যাগুলি ঠিক উপলব্ধি করা হয়নি, বেকারী অনগ্রসরতা দারিদ্র ইত্যাদির বিশেষ উল্লেখ নেই, সমাধানের কোনও প্রশ্ন নেই এবং পঞ্চায়েতগুলি দুর্নীতির পীঠস্থান হয়েছে। আবার আরেকজন বক্তা বললেন সমাজতন্ত্র এই বাজেটের মধ্যে নেই, আমি শেষ থেকেই আরম্ভ করি। একটা পুঁজিবাদী অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক কাঠামোর ভিতরে সমাজতন্ত্র আছে কি নেই সেটা খুঁজছেন? আমরা পরিষ্কার একটা নীতির মধ্যে দিয়ে চলি, আমরা জানি যে একটা পুঁজিবাদী কাঠামোর মধ্যে ব্যক্তিগত মালিকানা ও মুনাফা আছে। সেই মুনাফা যেখানে প্রধান সেখানে সেই অবস্থার মধ্যেই বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছেন। রাজ্যের এই গন্ডির মধ্যে আর্থিক ও সীমিত ক্ষমতার মধ্যে আমাদের কি করণীয় সেটা দেখতে হবে, আমাদের নীতি হচ্ছে এই সীমিত অর্থ ও ক্ষমতা ও দুর্নীতি মূলক আমলাতন্ত্র ব্যবসায়ী কুল জোতদারকুল ইত্যাদির ভেতর থেকে অর্থ দিয়ে অধিকাংশ কৃষক শ্রমিক ও মধ্যবিত্তর কিছু কি করা যায় সেটাই আমরা চিন্তা করব। দ্বিতীয় নম্বর কথা হচ্ছে এই অর্থের স্বার্থক ব্যবহার ও দুর্নীতি যতটা সম্ভব কমান। আমরা এই কথা বলি না এই সমাজের মধ্যে থেকে দুর্নীতির

সম্পূর্ণ বন্ধ করা যাবে, কারণ আমরা জানি দুর্নীতি একটা সামাজিক ব্যবস্থার সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। অতএব আমাদের দায়িত্ব দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করা এবং যে অর্থটুকু পাওয়া যাচ্ছে সেই অর্থের অধিকাংশ সার্থক ব্যবহার যাতে হয় এবং দরিদ্র মানুষের কাছে গিয়ে পৌঁছায় এটা আমাদের নীতি। সেই নীতিকে সামনে রেখে কতটা অগ্রসর হতে পেরেছি ফল দিয়ে তা বিচার করতে হবে। আজকে এই মুহূর্তে ২ বছরের ভেতর সমস্ত ফল পাওয়া যাবে এটা ঠিক নয়, ফল ধীরে ধীরে ফলবে। অনেকে উল্লেখ করেছেন যে এতবড় বন্যার বিপর্যয়কারী অবস্থা সত্ত্বেও কই চালের দাম তো বাড়ল না, কই দুর্ভিক্ষ হাহাকার অভাব তো হল না, ব্যবসায়ীদের যতখানি লুঠ করার সুযোগ কংগ্রেস আমলে ছিল সেটা এতটা কমে গেল কি করে। অনেকে আশ্চর্য হয়েছেন যে বামফ্রন্টের যাদুটা কি। এতবড় বিপর্যয়কারী বন্যার পরেও মানুষ যার জন্য শতকরা ৬০ ভাগ ৭০ ভাগ খরচ করে সেই চালের দাম গমের দাম বাড়ল না, কমের দিকে থাকল। এই দিক থেকে বুঝতে পারেন সাফল্য কোথায় গিয়ে দাঁড়িয়েছে। বড় বড় সাফল্যের কথা আমরা বলি না, বলতে পারব না, কে না পুঁজিবাদ কি সেটা আমরা বুঝি। পুঁজিবাদের একমাত্র প্রশ্ন হচ্ছে, একচেটিয়া পুঁজিবাদের সবচেয়ে বড় কথা হচ্ছে উৎপাদন কম করে বেশি লাভ করা। উৎপাদন বাড়ানোর কথা নয়, উৎপাদন কম করা, কম উৎপাদন করে বেশি লাভ করা। কম উৎপাদন করে বেশি লাভ তারা করতে চাইছেন কেন, না, বাজারটা সংকুচিত হয়েছে। এতদিন ধরে শোষণের ফলে দেশের অধিকাংশ মানুষ শতকরা ৭০ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে, অতএব বিক্রি কম হবে। সুতরাং উৎপাদন তারা কমাবে এবং উৎপাদন কমলে ছাঁটাই হবে, বেকার সংকট বাড়বে। সেই কম উৎপাদনের উপর আর একবার দাম বাড়িয়ে লাভটা তারা বজায় এখনও করতে চায়, তার ফলে আবার মূল্যবৃদ্ধি এবং মূল্যবৃদ্ধির ফলে লোকে আবার কম কিনবে, আবার কম উৎপাদন কর। আমাদের বামফ্রন্ট সরকার চাইছেন উৎপাদন বাড়াতে হবে। শুধু তাই নয়, সেই উৎপাদন বাড়ানোর পর—কৃষি উৎপাদন চাষী করল, সেই চাষীরা উৎপন্ন ফসলের ন্যায্য দাম পেল কিনা তারজন্য সেই দামের উপর একটা নিয়ন্ত্রণ ব্যবস্থা দরকার। আলুর যদি ১০ টাকা মন প্রতি দাম হয় যেখানে তার খরচ পড়েছে মন প্রতি ১৭ টাকা তাহলে চাষীর হাতে পয়সা আসবে কি করে? মুর্শিদাবাদ জেলায় কোথাও ১০ টাকা, কোথাও ১২ টাকা, কোথাও ১৫ টাকা মন দরে আলু বিক্রি হচ্ছে। সেজন্য দামের উপর একটা নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকা দরকার চাষী যাতে মূল্য পায়, তবেই তার হাতে পয়সা আসবে, তবেই সে কিনবে নানা ধরনের শিল্পজাত পণ্য, তবেই শিল্পের বাজার বাড়বে, তবেই শিল্প বাড়ানোর ব্যবস্থা হবে। এই জায়গাতে সমস্ত শিল্প ব্যবস্থা একচেটিয়াদের হাতে রয়ে গেছে, কেন্দ্রীয় সরকার তাদের মদত দেন। এখানে ছোট্ট একটা দাবি আনা হয়েছে যে কেন্দ্র, সমস্তটার দায়িত্ব নিও না, এখানে যে সমস্ত কর, ট্যাক্স, খাজনা, শিল্প ইত্যাদি থেকে আসে তার বেশির ভাগ তোমরা নাও, সেটা না নিয়ে রাজ্যকে বেশি অংশটা দাও। ওরা বলেন জনতা পার্টি বিকেন্দ্রীকরণের কথা বলে, তাঁরা গত বিধানসভায় বলেছেন রাজ্য কেন, জেলাতে, গ্রাম পঞ্চায়েতে বিকেন্দ্রীকরণ করতে হবে। কিন্তু এখানে সমালোচনা করলেন গ্রাম পঞ্চায়েতের দুর্নীতি নিয়ে। দুর্নীতি পুঁজিবাদী সমাজ ব্যবস্থার সঙ্গে

জড়িত। তাঁদের দাবি তো পূরণ হয়েছে, পঞ্চায়েতের হাতে ক্ষুদ্র শিল্প, মাঝারি শিল্প, চিকিৎসা ব্যবস্থা, শিক্ষা, জলের ব্যবস্থা, ইত্যাদি ব্যাপারে ক্ষমতা দেওয়া হচ্ছে, টাকা দেওয়া হচ্ছে, তাঁরা তাঁদের সৃজনশীল ক্ষমতা প্রয়োগ করুন।

[5-05—5-15 P.M.]

এই পরিকল্পনা আমরা ভেবেছি, যে এই পরিকল্পনা করার সমস্ত ক্ষমতা শুধু কয়েকটা নেতার উপরে শুধু থাকা উচিত নয়। নিচের তলায় পর্যন্ত সাধারণ মানুষের কাছে দায়িত্ব দিতে হবে, তাদের একটা সৃজনশীল ক্ষমতাকে যেটাকে এতদিন ধরে অবহেলা করা হয়েছে, সেই ক্ষমতাই আমরা দিচ্ছি। হয়ত আমাদের সংশোধন করতে হবে, ভুল ত্রুটি অন্যায় হলে তার বিরুদ্ধে আন্দোলন হবে—আমাদের মেহনতি মানুষই আন্দোলন করবে, আমরা ভুল করলেও আমাদের বিরুদ্ধে আন্দোলন করবে—বন্ধু হিসাবে আপনাদের মতো শত্রু হিসাবে নয়। যারা এতকাল জোতদার পুঁজিপতিদের আড়তদারদের সমর্থন করে এসেছেন তাদের রক্ষা করে এসেছেন—কেন্দ্রের সঙ্গে সম্পর্কটা আমাদের এইখানে যে টাকা আমাদের দাও, যে ন্যায্য টাকা এখান থেকে যায়—দরিদ্র অবহেলিত যে সমস্ত রাজ্যগুলি তাদের জন্য টাকার বরাদ্দ বেশি হউক, অঙ্কটা বেশি হউক—সেটা হলে আমরা কি করতে পারি—আমরা সরকারি বেসরকারি নয়, বিড়লার হাত দিয়ে নয়, এই সরকারের তরফ থেকে কতকগুলি শিল্প আমরা গঠন করতে পারি, যেখানে মুনাফা ভিত্তিক পণ্য হবে না, সেখানে উৎপাদন কম করে বেশি লাভের প্রশ্ন থাকবে না, সেখানকার একমাত্র লক্ষ্য থাকবে বেশি উৎপাদন করা, বেশি মানুষের কাছে সেই উৎপাদন সামগ্রী পৌঁছে দেওয়া, বেশি মানুষ সেই শিল্প গঠনের মধ্যে যাতে কাজ পায় তার ব্যবস্থা করা—এই কারণেই এটা চাওয়া হয়েছে। বেশি বেশি পরিমাণ টাকা দেওয়া হউক যাতে লগ্নি করতে পারা যায়—লগ্নিটা প্রাইভেট সেক্টারে নয়, লগ্নি সরকারি সেক্টারে পাবলিক সেক্টারে যাতে হয়—এরজন্য কেন্দ্রের সঙ্গে যে ঝগড়া—বিরোধটা এখানেই—এটা নীতির বিরোধ—সেজন্য এই দাবি করা হয়েছিল। এটা সঙ্গত দাবি, বেকারত্ব আছে, অনগ্রসরতা আছে দারিদ্র আছে সব কিছু উল্লেখ করা হয়েছে। শুধু তাই নয় সমাধানের রাস্তাগুলি ছোট ছোট করে বাছা হয়েছে, ছোট ছোট কর্মসূচি নেওয়া হয়েছে। শুধু যে সামাজিক সমাজ কল্যাণ বৃদ্ধ অক্ষমদের খালি ভাতা দেওয়া, কিছু চাকরি দেওয়া, যারা মাহিনা পান তাদের মাহিনা বৃদ্ধি—শুধু তাই নয় আপনারা দেখেছেন যে সেচের উপরে কতখানি টাকা বরাদ্দ করা হয়েছে। সীমিত অর্থের ভিতরেও এখানে বলা হয়েছে সেচ ব্যবস্থা কতখানি উন্নতি করতে পারা যাবে, কত চাষী জমিতে জল পাবে—এবং যত বেশি জল পাবে ততই সেখানে ফসলের উৎপাদন বৃদ্ধি পাবে। আজকে দেখুন বন্যার পর বিভিন্ন গ্রামাঞ্চলে বোরো ধানের উৎপাদন—যেটা এই বাজেটের বিবৃতিতে আছে যে বোরো ধানের চাষে সবুজ প্রান্তরে মাঠ ভরে গেছে। আমাদের বীরভূমে সেখানেও সবুজ মাঠে ভরে গেছে। এটাকে বাড়াতে পারছি—এটা বাড়ানোর ভিতর দিয়ে চাষীর হাতে উৎপাদন বাড়বে, চাষীর হাতে ফসল আসবে কিন্তু প্রশ্নটা সেখানে থেকে যাবে—চাষীর হাতে ফসল এল, খাদ্যে স্বয়ং সম্পূর্ণ আমরা হলাম—একটুখানি

বাড়তি ফসল হল কিন্তু সেই ফসলের ন্যায্য দাম যদি চাষীরা না পায় তাহলে তার দ্বারা তাদের ক্রয় ক্ষমতা বৃদ্ধি হবেনা, বরং তার লোকসান হবে। যাই হউক স্যার, আমার সময় কম আমি শেষ করে দিচ্ছি—শুধু এটা বলব সকলে যেন উপলব্ধি করেন যে আমাদের ভিতরে ও ত্রুটি আছে, আমাদের ভিতরে ও দুর্বলতা আছে—সে সম্পর্কে আমরা সচেতন, আমরা আত্ম সমালোচনা করি এবং বামফ্রন্ট সরকার সমাজতন্ত্র করে দেব—একথা আমরা বলি না—এই পরিধির ভিতরে দরিদ্র মানুষের কতটা ভাল করা যায়, দুর্নীতিটাকে কতখানি রোখা যায় এবং জনসাধারণের শক্তিটাকে কতখানি বাড়ানো যায় এটাই আমাদের লক্ষ্য। এটা আপনারা জেনে রাখুন সমাজতন্ত্র গঠন করবার জন্য গণশক্তিকে বৃদ্ধি করা দরকার, গণশক্তিকে আরও বেগবান আরও সাহসী আরও সংগঠিত করা দরকার—এটাই আমাদের লক্ষ্য—যে সংগঠনের শক্তি দিয়ে আমরা পূজিবাদ এবং তার রাজনৈতিক হাতিয়ার আমরা ভাঙব এবং ভেঙ্গে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করব এটাই আমাদের লক্ষ্য—সেই লক্ষ্যকে কেন্দ্র করে আমাদের সব কর্ম প্রচেষ্টা।

[5-15—5-25 P.M.]

**श्री रमजान अली :** मिस्टर स्पिकर सर, 1979-80 का बजट जो माननीय अर्थ मंत्री फाइनेन्स मिनिस्टर ने पेश किया हैं, इसमें नई फिक्र और नई चैतना की बात कही गई हैं। लोगों को यकीन दिलाया गया हैं कि ये सरकार जो लोग अभी तक नामुराइ थे, आज तक जो लोग सोशित थे बंचित थे सरकार उनके बारे में चिन्तित है और यह सरकार उनकी तरक्की के लिए काम करेंगी। उसके लिए कहा गया हैं कि फण्ड एलाट किया गया हैं। और कुछ और भी हम तरह की बाते कहीं गई हैं, जिससे लोगों में उत्साह पैदा हुआ हैं।

सरकारी कर्मचारियों का महँगाई भत्ता डी० ए० रेट मे वृद्धि कर दिया गया हैं। स्कूल शिक्षकों को डी० ए० दिया गया हैं, उसी रेट में इजाफा हुआ हैं। उसके लिए मै हम सरकार को मुवारकबाद देता हूँ। लेकिन ये सरकार जिस शक्ति के बल पर जिस आबाम की बुनियाद पर यहाँ कायम हुई हैं, वह ताकत गावँ में रहने वाले लोगों पर मुत्तामिर हैं, जिसका खेती से वास्ता हैं। उन्ही लोगों के बल पर यह बामफ्रन्ट सरकार यहाँ टिकी हुई हैं, न कि कर्मचारियो के बल पर टिकी हुई हैं और न तो इण्डस्ट्रीयलिस्टों के बल पर टिकी हुई हैं। केवल यह सरकार गाँवों में बसने वाले लोगों पर टिकी हुई हैं। लेकिन इस बजट में गाँवों की तरक्की के लिए कौन सा प्रोग्राम किया गया हैं। गाँवों के लिए कौन सा रूप रेखा तैयार किया गया हैं। वो गाँव जिसमें बसने वाले लोग भूखों सो जाते हैं। आधा पेट खा कर सो जाते हैं। उनके काम करने का कौन सा मौका दिया गया हैं इस बजट में। बड़े ताज्जुब की बात हैं। हलाकि एसा क्यो सोचा गया।

आज भूमि संस्कार की ओर नजर दौड़ाइए तो कहा गया हैं कि लोगों को जमीन देकर लोगों के मस्लों को हल कर दिया गया हैं। जमीन कोई रबढ़ तो नही हैं कि उसको खीचकर बढ़ाया जायगा। जिस आबादी को आप जमीन देंगे लेण्ड लोंग पेमेन्ट के हर फेमिली को जमीन मिलेगी, इस बात की यकिन आप नही दिला सकते हैं। तो कुछ लोगों को जमीन दे देने से बेकारी की समस्या का समाधान तो नहीं हो जाएगा। यह कतई नही हो सक्ता हैं। आपने रोजगार का कौन सा रास्ता अख्तियार किया हैं, जिससे लोगों को रोजगार मिलता रहे। आप शहर में आर्गानाइज्ड लेबर की बात करते हैं, बोनस की बात करते हैं। मगर जो लोग देहातों में बसे हुए हैं किसान मजदूर उनके लिए आपने कौन सा काम किया हैं, कि उनको साल भर तक काम मिलेगा। यह केबल सब्जबाग है—फालस हैं। जब तक वहाँ मिनिमम वेजेज एक्ट नहीं चालू होता हैं तब तक उनकी तरक्की नही हो सकती हैं। उस वकत तक खेतों में काम करने वाले लोगों को 4 रु० 10 पैसा आप नही दिला सकते हैं। सरकार का कोई कानून भी नहीं दिला सकता हैं। आज जो मिडिल क्लास है, उसकी हालत तो यह है कि जूट कारखाना बहुत दिनों तक बन्द था। आज भी जूट में काम करने वाले मजबूर हैं, जो लोग जूट पैदा करते हैं, उनको सही मुनाफा नही मिलता हैं, मिडिल मैन खा जाता हैं, परचेज का जो शिलशिला हैं वह मुजम्मत के लायक हैं, उसकों अनदेखा नही किया जाना चाहिए। उनको सही मुनाफा नही मिलता हैं। जो रेट बांधने के लिए आपने पहले कहा था वह कारबार आज तक नहीं हुआ। जूट कारपोरेशन आँफ इण्डिया के माध्यम से खरीद कराने की जो आज्ञा आपने दी हैं थी वह भी फल्यांर हो चुका हैं। आज मनीक्राप्स की यह हालत हैं। दुसरी तरफ आज कहते हैं कि मिनिमम वेजेज एक्ट के मुताबिक मजदूरी मिलेगी। ब्लांक मे इन्सपेक्टर की बहाली कर दी गई है और इन्सपेक्टर के पास दरखास्त देने पर सुनवाई होगी। जमीन पर काम कराने वाले लोग जो जमीन के मालिक हैं, वो लोग केस में फंसाकर वकील-मुख्तार को पैसा दिला देंगे कार्ट में परेशानी भी बढ़ेगी और इस तरह से कतई पैसा नहीं मिलेगा।

आपने किसानों की बात कही हैं—मोड आँफ ट्रेनजेक्शन यह कि कुल गलत हैं। आपने इकानामिक की बात नहीं कही हैं। जब तक मोड आफ ट्रनजेक्शन आपके यहाँ चेन्ज नही होगा, तबतक किसानों को उसका वेतन, उसका सही मूल्य आप नहीं दिला सक्ते हैं। उस वक्त तक आप मिनिमम वेजेज एक्ट की बात आप नहीं किजिए। आज आपकी हालत यह हैं कि सरकारी संस्था में जितनी भी डिपार्टमेन्ट हैं, जितने भी ग्राम पंचायत हैं, उनसे लेकर गर्वनमेंन्ट लेवल पर जितना भी काम होता हैं, कहीं भी मिनिमम वेजेज एक्ट सफल नहीं हैं। फैल्योर हैं। दिन भर काम करने के बावजूद

लोगों को तीन .रुपया, साढ़े तीन रुपया, चार रुपया इससे ज्यादा आप नहीं देते हैं। कोई भी संस्था नहीं देती हैं। गर्वनमेन्ट फार्म मे भी नहीं मिलता हैं। फिर क्या बजह हैं कि आप कहते हैं कि मिनीमम वेजेज एक्ट चालू हैं। फिर क्या बजह हैं कि आप कहते हैं कि मिनीमम वेजेज एक्ट चालू हैं। यह सब्जवाग आप क्यो दिखाते हैं। दिखानेवाली बात आप क्यों करते हैं।

तालिम के मैदान में आपने क्या किया। मैं तालीम के बारे में कहूँ। आज दो साल मे बजट के माध्यम से कहा जा रहा हैं कि एक हजार, बारह सौ, बतीस सौ स्कूल गाँवों में खोले जाएगे। लेकिन बड़े दुख की बात हैं कि 32 सौ स्कूल को कौन कहे, एक भी स्कूल अभी तक गाँव में नही बन पाया हैं। आप ईस हकीकत से इन्कार नही कर सकते हैं। कि आज आपके यहां पार्टीवाजी का सिलसिला हैं। सी० पी० एम० कहती हैं–इस स्कूल को प्रायरिटी दी जायगी आर० एस० पी० दूसरे स्कूल को प्रायरिटी देने की बात करती हैं और फार्वड ग्रूप तीसरे स्कूल को प्रायरिटी देने की बात करती हैं। नतीजा यह हैं कि सही तौर आप एक भी स्कूल आप नहीं खोल पा रहे हैं। एक तरफ तो आप निरक्षरता दूरीकरण की बात करते हैं और दुसरी तरफ प्राइवेट सेक्टर में जो पब्लिक अपने पैसे से इन्स्टीच्यूशन, मदरसा–पाठशाला चला रहा हैं, उनको आप अनुमोदन नही देते हैं। वल्कि उसको डिस्क्लोज करने की कोशिश की जाती हैं। क्या मैं पूछ सक्ता हूँ कि क्या वह मदरसा निरक्षरता दूर करने के लिए नही हैं। आज जब सरकार हर जगह अपनी तौर पर, सरकार अपने चुनाव से स्कूल कायम नही कर सक्ती हैं तो कम से कम पब्लिक इनिसिएटिभ लेकर जो स्कूल खोल रही हैं, उसको डिस्करेज क्यो किया जाता हैं, उसका तो सराहना करना चाहिए। लेकिन आज ऐसा नही होता हैं।

आज भूमि संस्कार की बात कही जाती हैं। भूमिहीन चासी जो लोग हैं–जिनके पास जमीन नही हैं, जो खेतो में काम करते हैं, उस आदमियो को आप जमीन दीजिए। इससे इनके जिन्दगी के कुछ मसले हल हो सकेंगे। लेकिन एसा नही हो रहा हैं। आज इलीजिवुल परसन को जो आज के लैण्ड टी फार्म को एक्ट को प्रोभाइड करती हैं, उसके मुताविक उसको पट्टा मिल जाता हैं। लेकिन चूँकि अगर कोई पट्टीकूलर पार्टी का या कृषक समिति का मेम्बर नहीं हैं तो उसे लैण्ड नहीं मिलेंगा। इसलिए उसको आउटम किया जाएगा। आज इस तरह की बाते होती हैं। मेरे पास बहुत सारे सबूत हैं। मैं जनाब चौधुरी साहब से इसके बारे में डिस्काशन किया हूँ और एक दो दिन में फिर उनके पास जाउंगा। देखे क्या सहमति देते हैं। मै जानता हूँ वो रिमेडी इसलिए नहीं दे सकेंगे क्योंकि पार्टीबाजी खेला जा रहा हैं। और जो लोग उनकी पार्टी में इलीजीवुल नहीं हैं जो दो एकड़–चार एकड़ के मालिक हैं, पट्टा उन्हीं

लोगों को देना होगा। इस तरह की गलत रवैये को अख्तियार किया गया हैं। इस तरह से शोषित और बंचित आदमी जो हैं, उनकी तकदीर कभी नहीं खुलेंगी। नई उम्मीद नया हौसला जो भी पैदा हुआ, वामफ्रन्ट सरकार से, वाकई यह गरीबों के लिए कुछ करेंगी। अगर असली मैदान मे यह फेल्योर रहैंगी तो इस सरकार का असर अच्छा नहीं सक्ता हैं।

आप आ जाइए इण्डस्ट्री में। आपने बहुत अच्छी बात कही हैं कि हर जिलें में काटेज इण्डस्ट्रीज का डभलपमेन्ट होगा। लोगों को काम करने का सुयोग मिलेंगा। यह बहुत अच्छी बात हो जाएगी। यह बात आप अच्छी तरह से जानते हैं कि अगर लोगों की परचेजिंग कैपेसीटी नहीं बढ़ेगी तो आपका माल बाजार में कैसे बिकेगा। और फिर कल-कारखाने कैसे कायम होगें। डभलपमेन्ट का दारामदार देहात के मजदूर और किसान पर भी हैं, उनकी भी परचेजिंग कैपेसीटी बढ़नी चाहिए। मगर उनकी हालत की तब्दीली नही होने वाली हैं। और तब तक कोई भी नहीं होने वाला है।

फूड फॉर वर्क के लिए कोई काम नहीं हो रहा हैं। पंचायत के माध्यम से भी कुछ नहीं हो रहा हैं। ये तो आप समझ रहें हैं कि डिसेन्ट्रलाइजेसन हो गया। लोग अपनी तरक्की का काम अपने हाथों में ले लेंगे। गाँव की तरक्की हो जायगी। ऐसी बात नहीं हैं। सेन्टरली तौर पर आने गवर्नमेन्ट से जो माँग किए हैं, ये आपकी माँग जस्टीफाइड माँग हैं। आपकों अर्थनैतिक ट्राबुल हैं–फाइनेन्सीयल ट्राबुल है। इससे आपको परेशानी हैं। फाइनेन्सीयल कमजोरी की बजह से स्कीम ठीक तौर से कारगर नहीं हो पा रहें हैं। सेन्ट्रल गवर्नमेन्ट आपको पैसा नहीं दे रही हैं और दुसरे स्टेटों को ज्यादा मिलता हैं और बंगाल को कम मिलता हैं। सेन्ट्रल गवर्नमेन्ट इक्वल स्टेटस नही दे रही हैं, डिस्कृमेशन कर रही हैं। तो यह ना बराबर की जो बात हैं, वह नहीं होना चाहिए। बंगाल को भी इसका पूरा हिस्सा मिलना चाहिए।

लेकिन आपने भी डिस्क्रीमीनेशन किया हैं। मैं करूँगा कि गैर मुनासिव हालत बंगाल के अन्दर भी मौजूद हैं। दक्षिण बंगाल का जो डभलपमेन्ट हैं, वह नोर्थ बंगाल का डभलपमेन्ट नहीं हैं। नोर्थ बंगाल को अगर लीजिए तो सीलीगुड़ी से लेकर कूच बिहार तक जितना डभलपमेन्ट हुआ हैं, उतना मालदा का नही हुआ हैं उसकी उपेक्षा होती रही हैं। हमारे वेस्ट दिनाजपूर मे चार सौ स्कवायर माइल के अन्दर एक भी पीच रोड नही हैं। इस चार सौ स्कवायर माइल मे 4-5 हाई स्कूल हैं। पाँच लाख का पोपुलेशन यहाँ का हैं। तो मैं पुछना चाहता हूँ कि सरकार क्यो इनलोगों को निग्लेक्ट करके रखी हैं। इस एरिया पर सरकार क्यो नहीं ध्यान देती हैं। जब हिल डभलपमेन्ट कौसिंल बना हैं तो इस्लामपूर सब-डिविजन के लिए डभलपमेन्ट कौंसिल क्यो नहीं बन सका हैं। वहाँ का स्पेशन वैश हैं। इस्लामपूर ही एक ऐसा सब-डिविजन

हैं, जिसमें एक भी पक्का रोड नहीं मिलेंगा। वहाँ के लोगों को कोई सहूलियत नहीं हैं। उनको किसी तरह की सुविधा नहीं हैं। सबसे बड़ी बात यह हैं कि वहाँ के छोटे-छोटे किसान जमीन के मालिकाना वर तरफ हो रहे हैं और राइट आफ टेनेन्सी वहां के लोगों की लूज हो रही हैं। आपने लिगल डिफिकल्टी पैदा कर दिया हैं। 1956 के नम्बर के पहले वह एरिया बंगाल में शामिल हुआ। 1953 का वेस्ट बंगाल लैण्ड रीफार्म एक्ट जिसे रिइन्फोर्ममेन्ट करके सर्वे हुआ हैं। इसका नतीजा यह हुआ हैं कि लोगों में 1953 मे हिसाव-किताब माँगना शुरु किया हैं। जो बिहार के जमीनदार लोग जमीन बिक्री कर दिए थे और जिन लोगों ने एक-दो बीघा जमीन खरीदा था, जिसका मालिकाना हक उन्हे हासिल था, अब उनका राहट ऑफ टेनेन्सी फार फिट हो गया। वह जमीन वेस्ट हो गयी। और इस तरह से दो-तीन बीघा वालों की जमीन भेस्ट हो चुकी हैं और वह जमीन दुसरे के हाथ में चली जा रही हैं। सरकार का यह बिचार नहीं हैं कि किसी की जमीन लेकर किसी दूसरे को प्रदान कर दी जाए इसी लिए मैं कहूँगा वहाँ जो रीभीजन सर्भे आपरेशन हुआ हैं, उसे जल्द शारु करा दिया जाए। बंगाल गवर्नमेन्ट के स्टेट एक्यूजीशन एक्ट के मुताबिक डेट ऑफ वोस्टिंग जो हैं। राइट ऑफ टेनेन्सी जो वहां का हैं, उसे मर्यादा दिया जाए, उसको मान्यता दे दी जाय और 5-5-1955 के डेट ऑफ मेसिडंग के मुताविक जो जमीन भेस्ट हुई हैं और गरीब किसान जिसकी संख्या 50 हजार हैं, जो लोग एक एकड़ से लेकर पाँच एकड़ तक के जमीन के मालिक हैं, उनकी टेनेन्सी लागू हो गई, हैं, उनके साथ बेइन्साफी हो रही हैं। लीगल डिफिकल्टी की बजह से उनको तकलीफ हो रही हैं। इसलिए मैं अनुरोध करूँगा कि किसी तरह से सर्भे कराया जाए ताकि वहाँ के गरीब किसान बंचित न रहें।

और दुसरी बात मैं यह करूँगा, जहाँ तक हेल्थ सेन्टर का सवाल हैं-जहाँ तक इलाज का सवाल हैं, आप जानते हैं उस इलाके में इसकी भी बहुत जरूरत हैं। वहाँ जितने भी हेल्थ सेन्टर हैं, रास्ता न रहने की बजह से मरीज को अगर कहीं रीफर करना पड़े, दुसरें हास्पीटल में भेजना पड़े तो उसके लिए कोई रास्ता नहीं हैं। इसीलिए वहाँ. के लोग छोटे-मोटे हास्पीटल में मर जाते हैं। दवा दारू की कमी रहती हैं। इसलिए सड़को का इन्तजाम वहाँ हो ही जाना चाहिए।

आपका ध्यान खास तौर से एक बात की और दिलाना चाहूँगा आपने ऐलान किया हैं कि इम्पलायमेन्ट एक्सचेंज के थ्रू ही लोगों को लिया जायगा। बहुत ही परिस्कार-परिच्छन्न रास्ता आपने लिया हैं दुर्नीति मुक्त शासन व्यबस्था की। लेकिन मैं दावे के साथ कहता हूँ कि आपका शासन व्यबस्था दुर्नीति मुक्त नहीं हैं। मैं चैलेन्ज के साथ कहता हूँ कि तिस्ता प्रोजेक्ट में जो भी इम्पलायमेन्ट हुआ हैं, वह इम्पलायमेन्ट के

थ्रु नहीं हुआ हैं। वहा पर वैक डोर से इमपलायमन्ट हुआ हैं। कलकत्ते के लड़के हमारे यहाँ जाकर नौकरी करते हैं। और वहाँ के जितने भी लड़को का नाम इम्पलायमेन्ट एक्सचेन्ज मे दर्ज था, उनमें से किसी को भी नौकरी नहीं मिली हैं। किसी का काल भी नही किया गया हैं। यह घोर अन्याय हैं। गवर्नमेन्ट ने बड़ी वेइन्साफी की वैकडोर से लोगों को नौकरी दी हैं।

आपने 30 पारसेन्ट की जो क्राइटेरीया रखा हैं-पोलिटिकल सफरर के लिए, जो इन्दिरा गाँधी के जमाने में, इमर्जेन्सी के जमाने में टोरखर हुआ, जो लोग मारे गए, जिन लोगों का जेल हुआ, उनके परिवार के लिए रिर्जव रहेगा। तो यह तो एक बहाना हैं। जो लोग उस क्राइटेरिया में नही आते हैं। दे आर एक्जेमटेड फ्रांम द रूल आंफ इम्पलायमेन्ट एक्सचेन्ज। उसकों बहाना कर देते हैं, यह कह कर कि इसको मिलना चाहिए और इस तरह से रीयल लोग बंचित हो जाते हैं। इस तरह की दुर्नीति आपके यहां हैं। और सरकार को इस दुर्नीति का फल भोगना पड़ेगा। इस तरह के बहुत से केस हुए हैं।

कल जनाव हसन जमान साहब ने एक क्वेशचन में कोई भी इम्पलायमेन्ट एक्सचेन्ज के थ्रू नहीं लिया गया हैं क्या। मिनिस्टर साहब ने कहा कि ये लोग 30 परसेन्ट क्राइटेरिया में पड़ते हैं। इसीलिए इन्हे इम्पलायड किया गया हैं। आप कहते हैं कि हमारी नीति साफ हैं आइने के माफिक। लेकिन अपने चेहरे को जंराउ आइने के दुसरी तरफ से देखिए आइने में दागदार चेहरा नजर आता हैं। साफ चेहरा नजर नहीं आता हैं। आखिर ये सारी बाते क्यो होती हैं।

आज यह बात हकीकत हो गयी हैं कि माइनोरोटी के साथ जो बर्ताव पहले होता था, वही बर्ताव आज भी हो रहा हैं। ये बात मैं नहीं कहुँगा कि कांग्रेस सरकार के समय में बहुत अच्छा बर्ताव होता था, उनलोगों ने बड़ा बुरा बर्ताव किया था। लेकिन लैंगवेस्टिक माइनोरोटी को इस सरकार में उम्मीद थी कि इनको अहमियत दी जायगी। इनको पढ़ने के लिए स्कूल नहीं कहैं। इनके लिए शिक्षक नही दिए जातें हैं। अगर स्कूल हैं तो टीचर नहीं हैं। लीगबिस्टिक माइनोरिटी के स्कूलों में टीचर बहाल नहीं हुए हैं। उनके लैंग्वेज को आगे बढ़ाने के लिए सरकार की तरफ से कोई काम नहीं हो रहा हैं। ऐसे उर्दू एकाडमी की रात हैं, उसके साथ ऐसा हुआ हैं कि सरकार की तरफ से उर्दू को तरक्की देने के लिए जिन लोगों को इसमे रहना चाहिए था, उनको नहीं रखा गया! अगर हकीकत में आप काम करना चाहते हैं, विला मजहव, आप तो भगवान को भी नहीं मानते हैं, तो काम क्यों नहीं होता हैं। ये क्रोकोडायल टीयर्स बहाने से कुछ होने वाला नहीं हैं। कल मिनिस्टर साहब ने बड़ी शर्मिनदगी

की बात कही कि एक भी मुसलमान को नही लिया गया हैं। ट्रामवेज कम्पनी में। बड़े दुख की बात हैं कि जहाँ तीन सौ आदमियों की बहाली होती, वहाँ एक भी मुसलमान का लड़का नहीं मिला जो ट्रामवे कम्पनी में नौकरी पा सकता था। ठस तरह की बातें आज क्यों हो रही हैं। क्या बात हैं। एक तरफ मार्क्सवाद का नारा लगाया जाता हैं, और दुसरी तरफ फिरकापरस्ती वाला काम करते हैं। जनसंघ और आर० एस० एस० पर गन्दा इत्जाम लगा हुआ हैं, फिर भी फिर भी उन्ही का रास्ता क्यो अत्याचार किया जा रहा हैं। ऐसा माहौल क्यो बना हुआ हैं। मैं पूछना चाहूँगा कि जो हमारा माहौल बना हुआ हैं, उसको गलत ढ़ंग से सोचने से देश की तरक्की नहीं हो सक्ती हैं। सिडयल कास्ट के लिए जैसे रिर्जव हैं, वैसे ही वैकवर्ड कास्ट के लिए सुयोग क्यों नहीं कर देते हैं। उसको भी डिक्लरेशन देना चाहिए कि बंगाल के फला डिस्ट्रीक में वैकवर्ड हैं और वैकवर्ड के वुनियाद पर लोगों को नौकरी मिलेगी।

इम्पलायमेन्ट एक्सचेन्ज आंफिस बंगाल के हर शहर मे नही हैं। हर सव-डिविजनल टाउन में नहीं हैं। तखेतिहर किसान के लड़के जो गाँवों में रहते हैं, उनको डिस्ट्रीक में जाकर नाम दर्ज कराने में बड़ी दिक्कत होती हैं। वह अपना नाम डिस्ट्रीक में जाकर कैसे दर्ज कराएगा। उसके पास दस रुपया नहीं हैं 20 रुपया नहीं हैं। 50 रुपया नहीं हैं कि वह दौ सौ माइल जाकर डिस्ट्रीक हेड क्वाटर में जाकर अपना नाम दर्ज कराये। उसके लिए आपको कर्म सूची लेनी चाहिए ताकि लोग सोचें कि सरकार उसके लिए चिन्ता करती हैं। लेकिन वास्तव में सरकार कोई चिन्ता नहीं करती हैं।

यह अजीब बात हैं कि सरकारी कर्मचारियों को महगाई भत्ता देकर वाहवाही ली जा रही हैं। आपलोग सरकारी कर्मचारियों का दिलजीतना चाहते हैं क्योंकि कर्मचारी ही सरकार का काम चलाते हैं। इसलिए आपने सोचा कि उनको खुश क्यों न रखा जाए। जो सरकार का काम चला रहें हैं। मगर देहातों में जो गरीब किसान और मजदूर हैं, उनकी हालत पर भी आपको चिन्ता करनी चाहिए थी।

आज जो को-आर्डिनेशन कमिटि हैं, वह पैलरल गवर्नमेन्ट हो गई हैं। अगर कोई गलती भी करता है तो हम कुछ भी नहीं कर सक्ते हैं। अगर कोई काम करवाना चाहता हैं ता उसे पाँच रुपया देना ही पड़ेगा। तो यह दुर्नीति नही है तो और क्या हैं। अगर इन्सपेक्टर रहेंगे तो दुर्नीति होगी ही। मैं इन सारी वातों को तस्लीम करता हूँ। लेकिन यह बात हकीकत हैं कि इसको दूर करने के लिए आपने क्या रास्ता अख्तियार किया हैं। ताकि आप लोग सही तौर पर कह सकें कि ये रास्ता हैं, जो साफ तौर पर जाएगा।

आपलोग इम्पलायमेन्ट एक्सचेंज को ठीक किजिए। आपलोग शिक्षा-व्यबस्था को ठीक किजिए। आप बिना मजहव चाहे हिन्दू हो, चाहे मुसलमान हो, इकानामिक क्राइटेरिया में वह गरीब क्लास का आदमी हैं, चाहे ब्राहमण हो, या चाहे शुद्र हो सबको बहाबर प्रतिनिधित्व आपको देना हैं। इस तरह से अगर आप सोचते है तो बाम-फ्रन्ट सरकार सही तौर पर काम कर सकेगी। अगर आप जाति-पाति के बुनियाद पर काम करते हैं तो ये न्याय की बात नहीं होगी वल्कि अन्याय की बात होगी।

आज ये सारी बातें जो बिशेषकर बजट में आई हैं, जिसमें गरीबों के कल्याण की बात कही गई हैं–जिसमें कहा गया हैं कि गरीबों का भला होगा, इसलिए मैं इस बजट का समर्थन करता हूँ।

इस सारी बातों के साथ मे आपनी तकरीर खात्म करता हूँ।

**श्री अमीन :** अभी जनाव रमजान साहब ने अपनी तकरीर के हवाले से जो एक बात कही हैं, उसे सुनकर मुझे बड़ी हैरानी हुई। उन्होने अभी कहा हैं कि कल मैने इसी हाउस में एक क्वेशचन का उतर देते हुए कहा था कि ट्रामवेज कम्पनी में जितने लोगों की भर्ती किया गया हैं, उनमें एक भी मुसलमान नहीं हैं। यह मैने नही कहा था। मैने कहा कि ट्रामवेज कम्पनी में ये गवर्नमेन्ट बनने के बाद करीब 290-291 लोगों को भर्ती किया गया, उनमें 48 मुसलमान हैं। इसलिए मैं चाहता हूँ कि उसे दुरुस्त कर लिया जाय।

**श्री रमजान अली :** मुझे सुनने में शायद गलती हुई थी, इसलिए अगर ऐसी बात हैं तो मैं इंसे तस्लीम करता हूँ।

**শ্রী শশবিন্দু বেরা :** মাননীয় স্পিকার মহাশয়, রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন সেই বাজেট ভাষণের বিরোধিতা করতে গিয়ে প্রথমেই আমি এই কথা বলতে চাই তার এই বাজেট ভাষণটি চিরাচরিত প্রথার একটি ব্যতিক্রম। তার দীর্ঘ বাজেট ভায়ণের প্রায় এক তৃতীয়াংশ কেন্দ্রীয় সরকার থেকে এবং রাষ্ট্রীয় অর্থসংস্থানকারী প্রতিষ্ঠানগুলি থেকে কি করে বেশি টাকা পাবেন দাবি রেখে যুক্তিতর্কের অবতারণা করে বাজেট ভাষণের অধিকাংশই শেষ করেছেন। কাজেই বাজেটের মূল বক্তব্যগুলি সুস্পষ্ট হয়ে ওঠেনি। বর্তমান বছরে যা খরচ পত্র হয়েছে বা আগামী বছরে রাজ্য বাজেটে যে খরচপত্র হবে বিভিন্ন কর্মসূচি রূপায়ণের জন্য তার আর্থিক দিক থেকে পরিমাণগত কোনও চিত্র এখানে দেওয়া হয় নি। সমগ্র বাজেট ভাষণটি অস্পষ্ট হয়ে উঠেছে। এই ভাষণে বর্তমান বছরের সরকারি কাজকর্ম সম্বন্ধে অহেতুক একটা আত্ম সন্তুষ্টি বাস্তবিকই আমাদের একটু বিস্মিত করেছে। এই কথা সত্যি যে বিগত বিধ্বংসী বন্যার পরে বন্যা বিধ্বস্ত এলাকা থেকে দলে দলে লোক শহরে আসেনি, এই কথা সত্য যে সেই সমস্ত বন্যা বিধ্বস্ত এলাকায় মহামারির প্রকোপ দেখা দেয় নি। কিন্তু সেটাই কি একমাত্র কারণ, যার জন্য সরকারকে এই কথা বলতে হবে যে জনগণ অসামান্য

দ্রুততার সঙ্গে বিপর্যস্ত অর্থ ব্যবস্থাকে স্বাভাবিক করে তুলেছে? ইংরাজিতে বলা হয়েছে, Despite enormity of the calamity the fabric of economic life was restored with a remarkable speed within a very short time nearly everywhere.... এটাই কি বাস্তব চিত্র? এইগুলি পড়লে মনে প্রশ্ন জাগে যে সরকার প্রকৃত পক্ষে দেশের বাস্তব অবস্থা সম্বন্ধে সচেতন কিনা, এই বিষয়ে তাদের কোনও বাস্তব উপলব্ধি আছে কি না—বন্যায় যতই ক্ষয়ক্ষতি হোক না কেন, পঞ্চায়েতগুলি কি এই বন্যার মধ্য দিয়ে ত্রাণ কার্যের মধ্য দিয়ে প্রচুর অভিজ্ঞতা এবং আত্মবিশ্বাস সঞ্চয় করতে পেরেছে, যার ফলে ভবিষ্যত পুনর্গঠনের কাজে পাথেয় হয়ে দাঁড়াবে? এইভাবে বিগত বন্যার চিত্রকে একেবারে হালকা করে দেখানো হয়েছে। কারণ প্রকৃত অবস্থা সম্বন্ধে ওদের উপলব্ধি কম। আরও আত্ম সন্তুষ্টির ক্ষেত্র আছে, যে বিষয়ে সরকার পক্ষের বহু বন্ধুকেই খুব উল্লাসিত দেখলাম। রাজ্যের আয় এক বছরে শতকরা ৫.১৮ বেড়েছে, মাথা পিছু আয় বেড়েছে ৬.৫৬, যেটা নাকি একটা রেকর্ড, অথচ ইকনমিক রিভিউটা যদি একটু ভাল করে তলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে সেখানে আদৌ শিল্পোৎপাদনের লক্ষ্মন নেই। ১৯৭৬/৭৭ সালে ১০৬.-৭ থেকে বেড়ে হয়েছে ১০৭.০৬ বৃদ্ধি হয়েছে। সেই ইকনমিক রিভিউতে স্পষ্ট বলা হয়েছে এই বৃদ্ধির কারণ—কৃষি উৎপাদনে কিছু বৃদ্ধি ঘটেছে, শিল্পোৎপাদনে কিছু বৃদ্ধি ঘটেছে। শিল্পের ক্ষেত্রে যেটা ঘটেছে, সেটা মূলত শিল্প এবং সুতো শিল্পের জন্য হয়েছে। শিল্প প্রসার আদৌ ঘটেনি এবং পাট শিল্পে গভীর মন্দা দেখা দিয়েছে। বেকার সংখ্যা বেড়েছে। ১৯৭৮ সালের জানুয়ারি থেকে নভেম্বর মাস পর্যন্ত যেখানে বেকারের সংখ্যা ছিল ১৪ লক্ষ ৪ হাজার সেখানে ১৭ লক্ষ ২০ হাজার হয়েছে, অর্থাৎ ৩ লক্ষের বেশি বেকার বেড়েছে। এই বেকারের সংখ্যা সঠিক কত আছে আমার জানা নেই, তবে আয় বৃদ্ধি ঘটেছে শুধুমাত্র কৃষি পণ্য উৎপাদন বৃদ্ধিকে কেন্দ্র করে।

[5-35—5-45 P.M.]

এই কৃষিপণ্যের উৎপাদন বৃদ্ধিকে নিয়ে সরকারপক্ষের বন্ধুগণ খুবই উল্লাস প্রকাশ করেছেন। কিন্তু আমাদের এই ইকনমিক রিভিউতে এই প্রডাকশন অব ফুড গ্রেন্স ইন ওয়েস্ট বেঙ্গলের যে চিত্রটি রয়েছে সেই চিত্রটি যদি আমরা দেখি তাহলে দেখব ১৯৭৫/৭৬ সালে ৮৫ লক্ষ ৯৩ হাজার টন উৎপাদন হয়েছিল। ১৯৭৬/৭৭ সালে ৭৪ লক্ষ ৫৪ হাজার টন হল—কমে গেল এবং ১৯৭৭/৭৮ সালে ৮৯ লক্ষ ৭৩ হাজার টনের মতন হয়ে দাঁড়াল। তাহলে ১৯৭৪/৭৫ সালের সঙ্গে যদি তুলনা করা যায় দেখা যাবে মাত্র ৪ লক্ষ টনের মতন বেশি উৎপাদন হয়েছে। এই চিত্রটি থেকে পরিষ্কার বোঝা যায় যে আমাদের উৎপাদন এখনও প্রকৃতির উপর নির্ভরশীল। আমাদের উৎপাদন প্রকৃতির উপর নির্ভরশীল হবার জন্য উৎপাদনের মধ্যে ফ্লাকচুয়েশন ঘটে-উন্নতি অবনতি ঘটে। সরকার থেকে উল্লাস করা হয়েছে যে ১৯৭৮ সালে আমাদের এই রাজ্যে খাদ্য উৎপাদন বৃদ্ধি পেয়েচে ৩২ হাজার টনের মতন। এতে এত উল্লসিত হবার কোনও কারণ নেই, কারণ, দেখা যাচ্ছে আমাদের বরাবরই ঘাটতি ছিল—এই ঘাটতি কখনও কম, কখনও বেশি হয়েছে প্রাকৃতিক কারণে। সেখানে সরকার থেকে এমন কোনও সুনির্দিষ্ট পথ গ্রহণ করা হয়নি যারজন্য দৃঢ়তার সঙ্গে আমরা বলতে পারি যে খাদ্যের

ব্যাপারে আমরা সম্পূর্ণ স্বয়ং-নির্ভর হয়ে পড়েছি। তা যদি সরকার বলতে পারেন, দেখি তারা বলুন। যেমন কেন্দ্রীয় সরকারকে নোটিশ দেবেন বলে হুমকি দিয়েছেন একটি করের ব্যাপারে সেই রকম এ ক্ষেত্রেও কেন্দ্রীয় সরকারকে নোটিশ দিন যে আমরা পশ্চিমবাংলার জন্য কেন্দ্রের থেকে আর খাদ্য চাইব না, আমরা জানি আপনারা তা বলতে পারবেন না। কাজেই আমি বলব, এই আত্মসন্তুষ্টি এবং একে কেন্দ্র করে উল্লাস প্রকাশ করার কোনও কারণ নেই। তারপর মূল্যমান সম্পর্কে আমাদের বাজেটের মধ্যে দেখলাম যে সেখানে কিছুটা আত্ম সন্তুষ্টির ভাব রয়েছে। কনজিউমার গুডসের দাম বেড়েই চলেছে বরাবর। শুধু পল্লীগ্রামের ক্ষেত্রে গত এক বছরে অল্প একক মাত্র কমেছে কিন্তু তা ছাড়া বেড়েই চলেছে। উল্লাসের কি কারণ, আত্ম সন্তুষ্টি কোথায়, না, আমরা বরাবরই দেখছি যে সর্বভারতীয় ক্ষেত্রে যে মূল্যমান সেখানে আমাদের এই রাজ্যে মূল্যমান কিছুটা কম থেকে গিয়েছে। এতে আত্ম সন্তুষ্টির কি আছে? সর্বভারতীয় ক্ষেত্রে তার সামগ্রিক চিত্র এবং একটা রাজ্যের চিত্র সম্পূর্ণ অন্য হতে পারে, এ নিয়ে উল্লাস প্রকাশ করবার কোনও কারণ নেই। অবশ্য এই আত্ম সন্তুষ্টির মধ্যে এই বাজেটে আগামী বছরে তারা কি করবেন সে সম্বন্ধে একটি চিত্র তুলে ধরবার চেষ্টা করা হয়েছে। নিশ্চয় তার মধ্যে কিছু কিছু ভাল জিনিস আছে। শিক্ষার প্রসারের ব্যাপারে আমরা দেখেছি শিক্ষাকে দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করা হচ্ছে। নিশ্চয় একটা রাজ্যের তহবিল থেকে বিরাট অংকের টাকা ব্যয় হবে, তার একটা অংশ নিশ্চয়ই জনকল্যাণমূলক খাতে, দেশের অগ্রগতির জন্য ব্যয়িত হবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই, সেগুলি নিশ্চয়ই অভিনন্দনযোগ্য, তাকে আমরা অভিনন্দিত করব। কিন্তু যেহেতু আমরা কেন্দ্র থেকে প্রচুর টাকা কড়ি পাচ্ছি না সেইহেতু কতকগুলি পণ্যের উপর কর বৃদ্ধি করা হবে সেটা নিশ্চয়ই সমর্থনযোগ্য নয়। আজকে বিশেষ করে পল্লীগ্রামে যে অর্থনৈতিক অবস্থা তাতে আমরা এই কর বৃদ্ধিকে কোনও রকমেই সমর্থন করতে পারছি না। অবশ্য এই কর বৃদ্ধির ব্যাপারে অজুহাত দিতে গিয়ে তারা কতকগুলি উন্নয়নমূলক কাজের ফিরিস্তি দিয়েছেন এবং বলেছেন সেগুলি রূপায়নের চেষ্টা করবেন। তাদের প্রতিশ্রুতি কতখানি পালিত হবে, না হবে সে বিষয়ে আমাদের কিছু কিছু সন্দেহ থেকে গিয়েছে। ওরা বারবার বলছেন আমাদের এই বাজেট দেশের গরিব মানুষদের জন্য বাজেট। অথচ আমরা দেখছি যে, আমরা আপত্তি করি না, আমাদের রাজ্য সরকারি কর্মচারিদের মহার্ঘ ভাতা বা বেতন কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের মতো করুন তাতে আমার আপত্তি নেই। অন্যান্য রাজ্যও করেছেন তাঁদের দেশের অর্থনৈতিক যে অবস্থা সেই অবস্থার মধ্যে থেকে। কিন্তু সঙ্গে সঙ্গে দেশের দরিদ্রতম মানুষ যাঁরা তাঁদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের জন্য যথাযথ ব্যবস্থা এই বাজেটের মধ্যে রাখা উচিত ছিল। ট্যাক্স ধার্য করতে গিয়ে তিনি ট্যাক্সের একটা ফিরিস্তি দিয়েছেন যে আবার নতুন করে বৃত্তির উপর, ব্যবসার উপর পেশার উপর কর ধার্য করা হবে এবং তার জন্য একটা প্রায়াস তিনি তৈরি করেছেন সেখানেই আমার আপত্তি। কারণ যে কথা পূর্বে বলা হয়েছে যে একই আয়ের জন্য ২বার, তিন বার ট্যাক্স ধার্য করা যায় কিনা, পঞ্চায়েতগুলিতে যাঁরা কর দেবেন তাঁরা আবার নতুন করে আয়কর দেবেন, আবার দ্বিতীয় পর্যায়ে কর ধার্য করা যাবে কিনা সেটা বিবেচ্য বিষয় এবং সেখানে আইনগত প্রশ্ন আছে কিনা ইত্যাদি ব্যাপার আছে। এই যে কর

যা ধার্য করেছেন তার পরিমাণ দেখছি যে ৫০১ টাকা থেকে ৭৫০ টাকা পর্যন্ত আয়ের লোকেদের বছরে ২৪ টাকা ট্যাক্স দিতে হবে। এইভাবে ট্যাক্স বেড়ে যাচ্ছে। তারপর ৭৫১ টাকা থেকে এক হাজার টাকা পর্যন্ত আয় যাঁদের তাদের দিতে হবে ৪৮ টাকা, এবং এক হাজার এক থেকে বারো শত ৫০ টাকা পর্যন্ত দিতে হবে ৭২ টাকা। এই যে স্লাব, এই স্লাবের মধ্যে বৈশিষ্ট হচ্ছে এই যে যাঁরা এক হাজার টাকা আয় করছেন তাদের দিতে হচ্ছে ৪৮ টাকা আর এক হাজার এক টাকা হয়ে গেলেই তাঁকে দিতে হবে ৭২ টাকা। তারপর দুই হাজার টাকা পর্যন্ত ট্যাক্স দিতে হবে ১৮০ টাকা আর যেই দুই হাজার এক টাকা আয় হবে সঙ্গে সঙ্গে তাঁকে ২৫০ টাকা দিতে হবে। কাজেই এই যে স্লাব প্রবর্তন হয়েছে এর মধ্যে কোনও যৌক্তিকতা আছে কিনা সেটা ভেবে দেখা দরকার এবং আমি এটা ভেবে দেখতে সরকারকে বলব। এই বাজেটের মধ্যে কিছু কিছু উন্নয়ন মূলক সংস্থান রাখা নিশ্চয়ই হয়েছে। শিক্ষা খাতে অনেক টাকা বাড়ানো হয়েছে সেটা সত্যি কথা কিন্তু সেই সঙ্গে পুলিশের জন্য বরাদ্দও বাড়ান হয়েছে এবং সেই পুলিশ আজকে কি করছে? আমরা দেখেছি যে সমস্ত প্রশাসনিক এবং পুলিশ একটা দলীয় শক্তির কব্জায় গিয়ে পৌঁছেছে এবং এঁদের দিয়ে দলীয় স্বার্থ সিদ্ধি করার জন্য প্রচেষ্টা চলছে। আমার সব থেকে আপত্তি হচ্ছে, এই বাজেটে যে অর্থ বরাদ্দ হয়েছে সেই বরাদ্দকৃত অর্থ ঠিকমতো এবং সার্থকভাবে প্রযুক্ত হবে কিনা, বিশেষ করে পল্লী অঞ্চলের দরিদ্র মানুষের ক্ষেত্রে এগুলি প্রযুক্ত হবে কিনা সেই বিষয়ে সন্দেহ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে এই সরকারের চরিত্রও পাল্টেছে এবং আমরা দেখেছি এই সরকার নিঃসন্দেহে সমগ্র দারিদ্রতা দূরীকরণের জন্য, বেকারত্ব দূরীকরণের জন্য অর্থনৈতিক অবস্থা পরিবর্তনের জন্য কিছু কিছু সংস্থা করেছেন এবং যাঁর একটা হচ্ছে ফুড ফর ওয়ার্ক অর্থাৎ কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প। এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার থেকে অর্থ দেওয়া হয়েছে কিন্তু এগুলি সার্থকভাবে প্রযুক্ত হয়েছে কিনা সেটা বিচার বিবেচনা করে দেখা দরকার। সরকারের পক্ষের সঙ্গে বিরোধিতা করে নয়, দেশের উন্নয়নের স্বার্থে তাঁদের অনুরোধ জানাব, তাঁরা দেখুন যে বাস্তবিক পক্ষে ফুড ফর ওয়ার্কের জন্য যে গম এবং টাকা দেওয়া হয়েছে এবং তা থেকে যে পরিমাণ কাজ করিয়ে নেওয়া বা দেশের অ্যাসেট বৃদ্ধি করা—সেটাই হচ্ছে মূল লক্ষ্য। এক দিকে বেকার সমস্যার আংশিক সমাধান এবং সেই সঙ্গে সঙ্গে স্থায়ী অ্যাসেট তৈরি করে পল্লী অঞ্চলের উন্নতি করা—এই যে মূল লক্ষ্য, এই লক্ষ্য নিয়ে এই কাজগুলির সার্থকভাবে প্রযুক্ত হচ্ছে কিনা সেটা দেখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব যে বহু ক্ষেত্রে এই টাকার অপচয় হয়েছে এবং আমি তার প্রত্যক্ষ দৃষ্টান্ত দিতে পারি—আমার এলাকার কামালপুর অঞ্চলে একটা খাল কাটার ক্ষেত্রে যে পরিমাণ গম এবং টাকা দেওয়া হয়েছে তাতে যে পরিমাণ ম্যান ডেজ কাজ করার কথা তার অন্ততঃ একের দশ ভাগও কাজ হয়নি এবং খাল কাটার সঙ্গে সঙ্গে মাটিকে উপরে ফেলে দিয়ে খালটাকে জল দিয়ে ভরে দেওয়া হয়েছে যাতে ভবিষ্যতে মাপ জোপ করার অবকাশ না থাকে। আমরা দেখেছি, আমাদের রাজ্য সরকার বাজেটের মধ্যে একটা আভাস দিয়েছেন যে তাঁরা খুবই চিন্তিত, তাঁর সমস্ত শক্তি ব্যয় করার জন্য প্রস্তুত যে কেন্দ্র থেকে আরও টাকা আমাদের চাই।

[5-45—5-55 P.M.]

এবং পল্লী অঞ্চলে যেখানে উন্নয়নের সমস্যা আজকে সবচেয়ে প্রবল, সেখানকার সমস্ত দায় দায়িত্ব পঞ্চায়েতগুলোর হাতে দিয়ে রাখা হয়েছে। যেহেতু তাদের হাতে বিপুল পরিমাণ অর্থ দেওয়া হয়েছে, সেইহেতু তারা নিশ্চিন্ত রয়েছেন, যে এই বিপুল পরিমাণ অর্থ সার্থকভাবে প্রযুক্ত হবে, দেশের উন্নয়ন হবে। উন্নয়নের ক্ষেত্রে তাদের আর একটা পন্থা ভূমি সংস্কার, এবং ভূমি সংস্কারের জন্য তারা নতুন আইন আনছেন, তা দিয়ে ভূমি সংস্কারের কিছু ব্যবস্থা হবে, সেই বিষয় এখানে আলোচনা নয়। প্রথম পর্যায়ে তারা অপারেশন বর্গা আরম্ভ করেছেন। সেই অপারেশন বর্গায় দেশের বর্গা চাষীদের স্বার্থ রক্ষা করবেন। তাদের রেকর্ড করাবেন। আমি দৃঢ়তার সঙ্গে বলব যে প্রকৃত যে বর্গা চাষী তাকে তার জমিতে ফিরিয়ে আনা হোক, কিন্তু এই অপারেশন বর্গার নাম করে যে প্রকৃত চাষী নয়, তার জমিকে বর্গা রেকর্ড করানো, এটা সর্বত্র চলেছে। আজকে বি.ডি.ও জে.এল.আর.ও. থানা পুলিশ, সমস্তকে দলীয় কব্জার মধ্যে রাখা হয়েছে, তাদের বিচার বিবেচনা অনুযায়ী কাজ করতে দেওয়া হচ্ছে না। পুলিশের পিছনে বেশি ব্যয় করা হচ্ছে, তার মানে হচ্ছে পুলিশের শক্তি বৃদ্ধি মানে এঁদের দলীয় শক্তি বৃদ্ধি। আমি দৃষ্টান্ত দিতে পারি, আমার কাছে বহু উদাহরণ আছে। আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি, অতি অল্পকাল পূর্বে ঐ শ্যামপুর হরিনারায়ণপুর গ্রামে তিনজন গরিব চাষী, তাদের নাম হচ্ছে সিরাজুল হক, নজরুল হক, আব্দুল বসাক, তারা মাত্র ৫০ শতক জমি কিনেছে, তাদের আর অন্য কোনও জমি নেই। এই বছর তাদের আর ফসল চাষ করতে হল না সেই জমিতে, কারণ জে.এল.আর.ও., বি.ডি.ও. ওদের বলেছে যে এই জমিতে তাঁদের সত্ব দখল হবে, কিন্তু তাদের মুখ ফুটে বলবার কোনও ক্ষমতা নেই, কারণ তাদের চাকরির ভয় আছে। সুতরাং সেখানকার পঞ্চায়েত সমিতির যারা দন্ড মুন্ডের কর্তা এবং বিধাতা, তারা বলে দিলেন যে অমুককে ভাগচাষী রেকর্ড করতে হবে, ভাগচাষী রেকর্ড হল। পঞ্চায়েতের উপর আমরা সম্পূর্ণরূপে নির্ভর করছি, এই তার ফল। আমি আপনাকে আরও দৃষ্টান্ত দিতে পারি, শ্যামপুর থানার বরদাবাড় গ্রামে একজন পঞ্চায়েত সমিতির সদস্য, পঞ্চায়েত সমিতির সদস্য হিসাবে যে ক্ষমতা সেই ক্ষমতার অপব্যবহার করে তার পিতৃ পুরুষের আমলের দেয় একটা জমি, যে জমিতে অতি দুস্থ একটি পরিবার বসবাস করে, সেই জমি থেকে তাকে উৎখাত করে দিয়েছে, তাদের ঘরে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে এবং দেওয়ালকে ধ্বংস করে দিয়েছে এবং মারধোর করেছে। পুলিশকে সেখানে নিষ্ক্রিয় থাকতে হয়েছে যদিও এটা আর্শন কেস। কাজেই যারা এই কাজ করেছে, পঞ্চায়েত সমিতির সদস্য হলেও তিনি ভীত হয়েছেন, কিন্তু অন্যদিকে দেখা যাচ্ছে পুলিশের মারফত চাপ দেওয়ার চেষ্টা করা হচ্ছে। সেই পঞ্চায়েত সদস্যের নাম হচ্ছে প্রভাস দত্ত, শ্যামপুর থানার দু' নং ব্লকের বরদাবাড় গ্রামে। শিবপুর গ্রামে যান সেখানে দেখবেন, বাসুদেব পাল যেহেতু তিনি সি.পি.এম.এর সদস্য নন, তার বাড়ি ও স্ত্রীর উপর চূড়ান্ত নির্যাতন চলছে, তার লোকেদের উপর চূড়ান্ত নির্যাতন চলছে, কারণ সেখান থেকে তাদের উৎখাত করে দলীয় লোকেদের হাতে সেই সম্পত্তি তুলে দিতে হবে। আজকে আমার আপত্তি এখানেই। আপনারা সরকার পক্ষ থেকে নজর রাখুন—নিশ্চয়ই যেখানে অর্থ

বিনিয়োগ করা যাবে সেখানে সার্থক ভাবে যদি রূপায়ণ করবার চেষ্টা করা যায়, তার দ্বারা কিছু কল্যাণকর কাজ করা যায়, এইগুলো যাতে হয় তার জন্য চেষ্টা করতে হবে। কিন্তু এখানে পুলিশকে পঙ্গু করে রেখে পঞ্চায়েত সমিতিগুলো যা ইচ্ছে তাই করে যাচ্ছে, এই রকম ভুরি ভুরি দৃষ্টান্ত আমার কাছে আছে। এই যে অভিযোগগুলো আনলাম, এইগুলো অযথা অভিযোগ আনিনি, এইগুলি সব সত্য ঘটনা। অন্যায় অবিচার হচ্ছে। বাস্তবিক পক্ষে আপনাদের অভিজ্ঞতার অভাবে, জ্ঞানের অভাবে এই জিনিস হচ্ছে। সুতরাং এটা একটা অস্পষ্ট বাজেট, এর যে কর্মের নির্দেশনামা আছে, সেটা স্বার্থকভাবে রূপায়ণ হবে না, কারণ রূপায়নের ক্ষেত্রে আপনারা যে জিনিসের উপর নির্ভর করছেন, তারা আদৌ নির্ভরযোগ্য নয়। আজকে দরিদ্র শ্রেণীর মধ্যে একটা সংঘাত সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। একজনের জমি কেড়ে নিয়ে আর একজনকে দিয়ে ভূমি সমস্যার সমাধান হয় না, এবং কৃষি অর্থনীতির উন্নয়ন হয় না। কাজেই ন্যায়-বিচারের ভিত্তিতে, নীতির ভিত্তিতে শাসন পরিচালিত হোক এবং বাজেটে যে কোনও কল্যাণমূলক কাজের ব্যবস্থা থাক না কেন, সেগুলি স্বার্থকভাবে পরিচালিত হোক এই আশা করে, বর্তমান বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শুভেন্দু মন্ডল ঃ** মিঃ স্পিকার স্যার, আমাদের '৭৯ এবং '৮০ সালের বাজেট উত্থাপন করেছেন মাননীয় অর্থমন্ত্রী, আমি এই বাজেটকে সমর্থন করে ২/৪ টি কথা বলতে চাই। বিরোধী পক্ষ থেকে এই বাজেটকে নানাভাবে আক্রমণ করা হয়েছে। কেউ বলেছেন এটাকে ক্ষতিকর বাজেট, কেউ বলেছেন এই বাজেটের মধ্যে দিয়ে কেন্দ্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হয়েছে, কেউ আবার বিষোদ্গার ইত্যাদি নানা রকম কথা বলেছেন। আবার কেউ এর মধ্যে সমাজতন্ত্র খোঁজার চেষ্টা করেছেন, আবার কেউ এর মধ্যে জনসাধারণের জন্য কিছুই করা হচ্ছে না ইত্যাদি দেখতে পেয়েছেন এবং এঁটাকে ঘাটতি বাজেট বলে উল্লেখ করে আক্রমণ করেছেন। আমি জানি বিরোধীপক্ষ তাঁদের বক্তব্যে তাঁরা যা বলেছেন তার অনেক জবাব আমাদের পক্ষ থেকে অন্যান্য সদস্যরা দিয়েছেন। আমার কথা হচ্ছে এই বাজেটের ৪০টি পাতার মধ্যে ৯ পাতায় ৩ নং অধ্যায়ে যা রয়েছে তা হচ্ছে কেন্দ্রের সঙ্গে রাজ্যের যে অর্থনৈতিক সম্পর্ক বামফ্রন্ট সরকার গড়ে তুলতে চায়। আজকে সারা ভারতবর্ষ অন্যান্য অনেক রাজ্য থেকে এই বক্তব্যের সমর্থন পাওয়া যাচ্ছে। এবিষয়ে গত বছর বাজেটে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে প্রস্তাব তুলে-ছিলেন তা ৭-তম অর্থ কমিশনও অনেকাংশে নানান বিষয়ে স্বীকার করেছে। কাজেই যাঁরা নানান রকম বিষোদ্গার অমুক তমুক করে যুদ্ধ-টুদ্ধ ইত্যাদি বলে এটা হাল্কা করবার চেষ্টা করছেন সেটা মোটেই তাঁরা হাল্কা করতে পারবেন না, হাল্কা হবে না, কারণ বামফ্রন্ট সরকার মূল বিষয়টা শুধু পশ্চিমবাংলার জন্যই বলছেন না, রাজ্য বলতে শুধু পশ্চিমবাংলাকে বোঝাচ্ছে না, রাজ্য বলতে ভারতবর্ষের প্রত্যেক রাজ্যকে বোঝাচ্ছে। আরও যদি সংক্ষেপে করা হয় তাহলে অঞ্চলে হিসাবে নানান বিষয়ে বলা হয়েছে এবং এবিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটা রাজ্যের বাজেট কখনই বিচ্ছিন্ন বিষয় নয়। ঐতিহাসিকগত ভাবে সারা ভারতবর্ষের অর্থনৈতিক ব্যবস্থা গত ৩০ বছর ধরে যেভাবে চলে এসেছে, কংগ্রেসি ৩০ বছরের রাজত্বকে বাদ দিয়ে বা কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতিকে বাদ

দিয়ে একটা রাজ্যের বাজেট হয় না। কাজেই এসব বিষয়ে প্রারম্ভিকভাবে বক্তৃতা রাখতে হবে সব কিছু বিশ্লেষণ করবার জন্য রাজ্যগুলির অর্থনৈতিক সংকট কোথায়, রাজ্যগুলি যে রাজস্ব আদায় করে তা ছাড়াও কেন্দ্র থেকে কি পাওয়া যাবে এবং ব্যাঙ্ক এল আই সি ইত্যাদি যে সমস্ত ৭/৮টি আর্থিক প্রতিষ্ঠান রয়েছে এদের কাছ থেকেই বা কি পরিমাণ অর্থ পাওয়া যাবে। এসবগুলি নির্ধারণ করবার ক্ষমতা রাজ্যগুলির নেই। কারণ আমাদের সংবিধানে এমন কতগুলি বিষয় লিপিবদ্ধ রয়েছে, যার ফলে এগুলি রাজ্যের একতিয়ারভুক্ত নয়। অবশ্য এগুলি মাননীয় অর্থমন্ত্রী বিস্তারিতভাবে বলেছেন। আগেকার সরকার এগুলিকে এমনভাবে ব্যবহার করেছে যে তাতে বলতে আমি বাধ্য হচ্ছি যে, ব্যভিচার করা হয়েছে। আমাদের একটা কোনও রাজ্যের বাজেটে অন্য কোনও প্রকার নতুন কিছু আয় নির্ধারণের ক্ষেত্রে সংবিধান-গত বাধা রয়েছে। অবশ্য এটা অর্থমন্ত্রী উল্লেখ করেছেন। কাজেই এসব বিষয়গুলি সম্বন্ধে ৩ অধ্যায়ে যা বলা রয়েছে, ৭-তম অর্থ কমিশনও কেন্দ্রীয় সরকারকে তার মধ্যে বিভিন্ন বিষয় উল্লেখ করেছে। আমি আর সেগুলি রিপিট করছি না। কাজেই আমরা ১ বছর আগে যে কথা বলেছি সে সম্বন্ধে আজ পশ্চিমবাংলার মানুষ, গ্রামের মানুষ, শহরের মানুষ, শিক্ষিত মানুষ, এমন কি শ্রমিক কৃষক সর্বস্তরের মানুষ আওয়াজ তুলেছেন, "কেন্দ্র রাজ্য আর্থিক ব্যাপারে আলোচনার প্রয়োজন।"

[5-55—6-05 P.M.]

এটাই স্বীকৃত সত্য এবং আগামী দিনে সারা ভারতবর্ষের মানুষ এই জিনিসটা আরও জোরের সঙ্গে তুলে ধরবে এবং এতে করেই জাতীয় সঙ্গতি হবে। সামাজিক বিষয়টা, অর্থনৈতিক বিষয়টা যদিও কিন্তু আমরা প্রত্যেকটি রাজ্য একসঙ্গে উন্নতি করতে পারব কেউ না বোধ করে যে সে বঞ্চিত হচ্ছে, কারও না বোধ হয় যে কেউ বাগিয়ে নিয়েছে অর্থ এইসব যাতে না হতে পারে একটা সুস্থ রাজনীতি, সুস্থ অর্থনীতি, সুস্থ একটা সমাজবোধ, সুস্থ একটা রাষ্ট্রীয়বোধ যেন গড়ে ওঠে এবং সেই শিক্ষায় আমাদের বাজেটে দিচ্ছে। যারা বেশি টাকা পেয়েছে তাদের প্রতি আমাদের ঈর্ষা নেই যেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন কিন্তু অন্যায়ভাবে যদি কেউ নিয়ে থাকে তাহলে সেটা পরে একটা খারাপ হবে, একটা অস্বস্তিকর পরিবেশ সৃষ্টি হতে পারে। তিনি বলেছেন একটা গ্লানিকর ধারা গোটা দেশে চলেছে। আমাদের বামফ্রন্ট সরকারের নীতি হচ্ছে অর্থনীতিকে সঠিক পথে নিয়ে যাওয়া। সেইজন্যই এই বাজেটকে আমরা স্বাগত জানাই এবং এইরকম একটি বাজেট রচনা অতীতে কোনওদিনও হয় নি বলে আজকে যারা বিরোধী পক্ষে বসে আছেন যারা এককালে মন্ত্রী সভায় ছিলেন যারা দীর্ঘদিন রাজত্ব চালিয়ে এসেছেন তাদের কাছে এটা বোধগম্য হচ্ছে না কারণ তারা ঐভাবে মানে অসুস্থভাবে ভাবতে অভ্যস্থ ছিলেন তারা ঐভাবে রাজত্ব করতেন, ঐভাবে বাজেট তৈরি করতেন কে কি ভাবল না ভাবল কোন রাজ্যে কি হচ্ছে না হচ্ছে এইসব তারা বিবেচনা করতেন না। এখানে উল্লেখ করা হয়েছে যে রাজস্ব এবং আর্থিক সম্পদের যুক্ত বিনিয়োগ পশ্চিমবাংলার সার্বিক উন্নতি সম্ভব। আর্থিক সঙ্গতি কি? কেন্দ্রের কাছ থেকে কিভাবে আসবে এবং এইকথা যখন আসবে তখন আসবে যোজনা কমিশনের

কথা তখন আসবে সপ্তম অর্থ কমিশনের কথা এবং তখন আসবে কেন্দ্রীয় সরকারের কথা। কাজেই এই সমস্ত জিনিস আসছে বলেই তো আমরা বুঝতে পারছি। আমাদের দেশের অর্থনীতিটা কিভাবে গড়ে উঠেছিল এবং আমরা কি করতে চাই—বামফ্রন্ট সরকারের নীতিটা কি? সেটা হচ্ছে বিনিয়োগ এমনভাবে করা প্রয়োজন যাতে বঞ্চিত অবহেলিত জনগণের হাতে সঙ্গতি ক্রমশ যেন বাড়ে—এই হচ্ছে বামফ্রন্ট সরকারের মূলনীতি। ওরা খুঁজে পাচ্ছেন না জনসাধারণের জন্য কি করতে চাইছে এই বামফ্রন্ট সরকার। ঘাটতির কথা এখানে বলা হয়েছে। যতক্ষণ না রাজস্ব ও আর্থিক সম্পদ বা কেন্দ্র রাজ্য সম্পর্কের আর্থিক বিষয়টা ফয়সালা না হয় ততদিন ঘাটতি বাজেট হবেই। ঘাটতি বাজেট যদি দূর করতে হয়—কিন্তু আমার কথা হচ্ছে ঘাটতি বাজেট হবে ততদিন, যতক্ষন না কেন্দ্রের কাছ থেকে রাজস্ব বাবদ আর্থিক সম্পদ, ব্যাঙ্ক ইত্যাদি প্রতিষ্ঠান থেকে আমরা পরিমাণ মতো টাকা না পাব, উচিত মতো টাকা না পাব ততদিন ঘাটতি বাজেটকে নিয়ে চলতে হবে এবং বাজেটে এই কথা উল্লেখ করা হয়েছে। যাই হোক এ বিষয়ে যাচ্ছি না। আমি যেটা বলতে চাইছি সেটা এই বাজেটে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনেক তথ্য নিয়ে এসে হাজির করেছেন যে কিভাবে রাজ্যের হাতে আর্থিক সম্পর্দ আসবে। জনসাধারণের ঘাড়ে ট্যাক্সের বোঝা—ট্যাক্স ছাড়া তো চলবে না—কেন না গ্যাডগিল কমিশনের যে রায়, গ্যাডগিল এর যে নীতি—কেন্দ্রীয় সরকার যে নীতি নির্ধারণ করেছেন সেটা গ্যাডগিলনীতি বলে তাতে বলা হয়েছে। সেখানে বলছে যে, একটা রাজ্য যা সম্পদ সংগ্রহ করবে তা ম্যাচিং গ্রান্টের মতন কেন্দ্র সেই পরিমাণ অর্থ দেবে। সুতরাং রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সেই নীতিতে চলতে বাধ্য। কাজেই এই নীতিতে যদি আমরা কম টাকা সংগ্রহ করি তাহলে কেন্দ্রের কাছ থেকে আমরা কম টাকা পাব। বেশি টাকা সংগ্রহ করলে বেশি টাকা পাব। প্রশ্ন হচ্ছে যে, কেন্দ্রের কাছ থেকে রাজস্ব বাবদ আমাদের পাওনা-কড়ি কি দেবে? অর্থ কমিশন আমাদের পাওনা-কড়ি কি দেবে? যোজনা কমিশন তারা তো চাচ্ছেন আমাদের প্ল্যানকে কমিয়ে দিতে—আজকে জনতা পার্টির সরকার কেন্দ্রে আছেন তাছাড়া এখানেও আছেন—এই জিনিসটা তো তারা লক্ষ্য করতে পারলেন না যে অর্থমন্ত্রী মহাশয় কি বলতে চাচ্ছেন—কেন্দ্রীয় সরকার গত বছরে ৩৭১ কোটি টাকা দিয়েছিল আর প্ল্যানিং কমিশন তারা বলছেন যে ওটা ৩৭০ কোটি টাকা করে ১ কোটি কমিয়ে দেওয়া হোক আর মাননীয় অর্থমন্ত্রী বলছেন যে ওটা ৫৩১ কোটি টাকা করতে হবে। সুতরাং আমরা গর্ব বোধ করি, আমাদের দৃঢ়তা আছে। আমরা এটা করব এবং যখন যেখান থেকে পারি আমরা টাকা সংগ্রহ করব। সুতরাং এই আন্দোলন চলতে থাকবে। কাজেই আন্দোলন চলতে থাকবে, কেন্দ্রীয় সরকার বিভাজ্য তহবিল বা অন্যান্য অর্থ যার পাবার কথা সেটা আমাদের পেতে হবে। পাট, চায়ের উপর কোনও শুল্ক রাজ্য সরকার বসাতে পারবেন না, চিনি জামাকাপড় তামাক সিগারেট ইত্যাদির উপর কেন্দ্রীয় সরকারের একটা বিধান আছে। ১৯৫৭ সালের রাজ্য সরকার এর অধিকার কেন্দ্রীয় সরকারের উপর ছেড়ে দিয়েছেন এবং কেন্দ্রীয় সরকার তখন প্রতিশ্রুতি দিয়েছিলেন এই বাবদ ঠিকমতো টাকা তাঁরা দেবেন, কিন্তু অর্থ কমিশন বলেছেন কেন্দ্রীয় সরকার ঠিকভাবে তাঁদের দায়িত্ব পালন করেন নি, যার ফলে রাজ্য সরকারগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে, সেইজন্য অর্থমন্ত্রী বলেছেন এই

অধিকারগুলি আমরা দেখব। এটা শুধু পশ্চিমবাংলা নয় অন্য সমস্ত রাজ্যই এর দিকে তাকিয়ে আছে। এটা একটা বলিষ্ঠ নীতি, যার উদ্দেশ্য হচ্ছে কিভাবে রাজ্যগুলির কল্যাণ করা যায়। ট্যাক্স যা হয়েছে তা না করলে গ্যাডগিল সূত্র অনুসারে আমরা কম টাকা পাব। এটা কি ভাবে রদবদল করতে পারি সেটা আমাদের চিন্তা করতে হবে। কিন্তু এটা যতক্ষণ আছে ততক্ষণ আমাদের চিন্তা করতে হবে কিভাবে রাজ্য সরকারের আয় বাড়ানো যায়। এখানে অপসংস্কৃতির কথা বলে ক্যাবারে নাচের উপর ট্যাক্স করে এটাকে কেন বৈধ করা হয়েছে বলে প্রশ্ন করা হয়েছে। সংবিধানে ধারায় আছে ব্যক্তিগতভাবে ব্যবস্থা কর যায়। 'কিন্তু অপসংস্কৃতি কাকে বলা হবে সেটা সংবিধানে বলা হয়নি, যেটা বলা থাকলে সুবিধা হত। কিন্তু কথা হচ্ছে ব্যক্তিগতভাবে ঘোড়দৌড় বা ক্যাবারে নাচ এটা সংবিধানগত রাইট, সুতরাং এখানে রাজ্য সরকারের এক্তিয়ার আছে তহবিল বাড়ানোর জন্য ট্যাক্স করা। তারপর ছাড় দেবার কথা বলা হয়েছে। সব নিযুক্তি কর্ম প্রকল্প উপর ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে, আগে ছিল ব্যাঙ্কের ৭৫ পারসেন্ট, সরকারের ১০ পারসেন্ট এবং এই প্রকল্পে যারা কাজ করে তাদের ১৫ ভাগ দিতে হত, এখন করা হয়েছে ৫ ভাগ, ২৯ ভাগ সরকার দেবেন, এবং ব্যাঙ্কের ৭৫ ভাগই আছে। সাধারণ মানুষ মধ্যবিত্ত যারা নিজের পায়ে দাঁড়াতে চান তাঁদের জন্যই করা হয়েছে সেইরকমভাবে সার, দেশলাই, জুতো ইত্যাদির ব্যাপারেও ছাড় দেওয়া হয়েছে। গ্রামীণ বিকাশের জন্য এখানে বরাদ্দ রাখা হয়েছে। যাইহোক আমার সময় ফুরিয়ে যাওয়াতে আমি এই বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[6-05—6-15 P.M.]

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট সম্পর্কে কিছু বলতে চাই। বাজেটকে সমর্থন করে সরকার পক্ষ অনেক উল্লসিতভাবে বক্তৃতা করেছেন। কিন্তু এর দ্বারা পশ্চিমবাংলার কি হবে সেটা কি তাঁরা চিন্তা করেছেন? বিরোধীদল হিসাবে রাজনীতিভাবে যদি চিন্তা ভাবনা করি তাহলে এই বাজেটকে সমর্থন করা উচিত। কিন্তু জনসাধারণের স্বার্থ যদি দেখা যায় তাহলে একে সমর্থন করা যায় না। এই বাজেটের সরকারি কর্মচারিদের সেন্ট্রাল হারে ডি.এ. দেবার ব্যবস্থা করা হয়েছে এবং অষ্টম শ্রেণী অবৈতনিক করা হয়েছে। কিন্তু সেন্ট্রাল হারে ডি.এ. দেবার প্রতিক্রিয়া কি হবে সেটা কি চিন্তা করেছেন? শিক্ষার ক্ষেত্রে বাজেটের যেসব প্রভিসন রেখেছেন সে বিষয়ে অনেক অসঙ্গতি আছে। বলে এই বিষয়ে দু-একটি কথা বলব। বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকদেরও মহার্ঘভাতা বৃদ্ধি করেছেন। একজন প্রাইমারি স্কুলের শিক্ষক যিনি স্বল্প বেতন পান তিনি ২২ টাকা মহার্ঘ ভাতা পাবেন। আর একজন হাইস্কুলের প্রধান শিক্ষক যিনি ৮৫০ টাকা বেতন পান তিনি পাবেন ২০৮ টাকা। সেখানে একজন নিম্নতম কর্মচারী পিওন সে ২২ টাকা ডি.এ. পাবে। এইরকমভাবে বৈষম্য আপনারা তৈরি করেছেন এবং এইরকম ইনকামের পার্থক্যকে আপনারা এনকারেজ করছেন। এর ফলে যারা মেহনতি মানুষ ভূমিহীন কৃষক তাদের দুঃখ দুর্দশা বাড়বে। আপনারা বলেছেন যে এদের একটা সুরাহা করবেন। কিন্তু বাজেট যা দেখছি তাতে তাদের ইনকাম বেশি তাদের অধিকতর ইনকাম করবার সুযোগ করে দিলেন। সুতরাং এই বাজেট যেমন জনসাধারণের

কাছে আপনারা নিয়ে যাবেন তখন আপনারা অপ্রিয় হয়ে যাবেন। এইদিক থেকে আমি এই বাজেটকে সমর্থন করছি। এই বাজেট মেহনতি মানুষ সাধারণ কৃষক মজুর এদের কোনও উন্নতি হবে না বরং যাদের বেশি ইনকাম আছে তাদের আরও বেশি ইনকামের সুযোগ করে দিয়েছেন। শিক্ষার ক্ষেত্রে একটা অরাজকতা চলছে, গ্রামে অনেক অর্গানাইজ্ড স্কুল হয়েছিল, আপনারা সরকারের আসার পর বলেছিলেন যে অনেক স্কুল করবেন—কিন্তু আজ পর্যন্ত একটা স্কুলও আপনারা করতে পারেন নি। আপনারা বলেছিলেন অনেক শিক্ষক নিয়োগ করবেন কিন্তু সেসব কোথায় গেল? মুর্শিদাবাদ জেলার কথায় বলব সেখানকার স্কুলবোর্ডের ২/৪টি মিটিং হয়, কিন্তু কোনও সিদ্ধান্তই নেওয়া হয় না, কংগ্রেসিদের এম.এল.এরা সেখানে নেই, সি.পি.এম এবং আর.এস.পি. উভয় দলের কোন্দল সেখানে হয়। মুর্শিদাবাদ জেলার স্কুলবোর্ড থেকে কাগজে অ্যাডভারটাইজমেন্ট হল ১৯৭১ সালের আগে যারা স্কুল ফাইনাল পাশ করেছেন তারা দরখাস্ত করলে চাকরি পাবে। অনেক আশা আকাঙ্খা নিয়ে অনেকে দরখাস্ত করেছিল কিন্তু আজ পর্যন্ত চাকরির কোনও ব্যবস্থা হয় নি। কিন্তু এপর্যন্ত তাদের ইন্টারভিউ হয় নি, তাদের চাকরির কোনও ব্যবস্থা হয় নি, সেখানে শুধু গন্ডগোল হয়, কাজ-কর্ম কিছু হয় না। এই হচ্ছে নতুন প্রাথমিক স্কুল গড়ার নমুনা। কাজেই আপনাদের কাজের ধরন-ধারণ মানুষ বুঝে নিয়েছে। স্বাস্থ্য কেন্দ্রের আপনাদের যে পরিকল্পনা সে সম্বন্ধে দু'একটা কথা বলব। মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি জোরের সঙ্গে বলেছিলেন যে গ্রামে ভাল ডাক্তার যায় না, গ্রামের লোক ভাল চিকিৎসা পায় না, সেখানে শহরের ডাক্তার থাকতে চায় না, সেজন্য আমরা সেখানে এল এম এফ কোর্স চালু করব। ১৯৭৮ সালের ফেব্রয়ারি মাসে সে সম্পর্কে তাঁর বাজেট বক্তৃতার একটা অংশ পড়ে শোনাচ্ছি। তিনি বলেছিলেন—Arrangement for opening of the L.M.F. Course about which I made a reference in my budget speech last August are being finalised. তিনি বলেছিলেন প্রায় ফাইনালাইজড হতে চলেছে। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি পশ্চিমবঙ্গের কোন একটা জেলায় এল এম এফ কোর্স চালু হয়েছে? আমরা বলেছিলাম· এটা একটা অবাস্তব পরিকল্পনা, এটা নেওয়ার চেষ্টা করবেন না। তখন আপনি আমাদের কথা শোনেননি। এখন আপনার সেই শুভবুদ্ধি হয়েছে, এটা চলতে পারে না, সেজন্য বাদ দিয়েছেন। স্যার, এই বাজেটে কোনও সার বস্তু নেই, ১৯৭৭-৭৮ সালের যে বাজেট বক্তৃতা দিয়েছিলেন তাতে সার বস্তু ছিল। সেই বক্তৃতা দেবার পর তিনি বুঝলেন এইভাবে হবে না, সেজন্য তিনি ১৯৭৯-৮০ সালে আমরা কি করব, কোন ক্ষেত্রে কি অগ্রগতি হবে এই সম্বন্ধে কিছু বলছেন না, গত বছর ১৯৭৭-৭৮ সালে কি হয়েছে সে সম্বন্ধে কিছু বলছেন না, সমস্ত ভাষা ভাষা বলছেন। ১৯৭৭-৭৮ সালের ফেব্রয়ারি মাসে বাজেট বক্তৃতায় বলেছিলেন আমরা প্রাইমারি হেলথ সেন্টার ১২টা করব, এতগুলি সাবসিডিয়ারি হেলথ সেন্টার করব, ১৫০ টা সাব-সেন্টার করব, ১৪টা রুরাল হেলথ সেন্টার করব। তিনি অবশ্য ভাল করার ইচ্ছা নিয়ে বলেছিলেন, কিন্তু ১ বছর হয়ে গেল কিছু করতে পারেন নি। কাজেই এই রকম টার্গেট রাখলেন যে এই করব, ঐ করব, তারপর না করতে পারলে সেন্ট্রাল গভর্নমেন্টের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেন। যেমন তিনি উদাহরণ দিয়ে বলেছেন মহারাষ্ট্রে [illegible] কোটি

টাকা লগ্নি করেছে, পশ্চিমবঙ্গে মাত্র ১ শো কত কোটি টাকা দিয়েছে, পূর্ব রাজ্যগুলির প্রতি কেন্দ্র বিমাতৃসুলভ আচরণ করছে, সেজন্য তিনি বিপ্লব ঘটাবেন পূর্ব রাজ্যগুলিকে নিয়ে। তিনি বলেছেন যোজনা কমিশন, ফাইনান্সিয়াল ইনস্টিটিউশন, ব্যাঙ্ক, এল আস সি বৈষম্যমূলক আচরণ করছে। তার মূল কারণ হিসাবে তিনি বলেছেন—তার মূল কারণ সম্ভববত এটাই যে পশ্চিমবঙ্গের নেতৃত্বে প্রতিক্রিয়াশক্তির বিরুদ্ধে অর্থনৈতিক প্রতিক্রিয়াশক্তির বিরুদ্ধেও এই পূর্বাঞ্চল ক্লান্তিহীন সংগ্রাম করে এসেছে। তিনি বলেছেন পূর্বাঞ্চলের লোক সব সি পি এম, লোকে বিপ্লব চাইছে, এই ভেবে টাকা পয়সা দিচ্ছে না, টাকা পয়সা মার যাবে, লোনের পয়সা আদায় হবে না।

[6-15—6-25 P.M.]

তিনি নিজেই বলেছেন যে আমাদের ভয়ে টাকা দেয় নি। একটা মজার ব্যাপার স্যার, ওরা কোনও দিন ভাবেননি যে ওরা কোনোদিন সরকারে আসবেন, এই পঃবঙ্গে সরকারের ক্ষমতায় আসবেন কোনও দিন ভাবতে পারেন নি। তারা ভেবেছিলেন যে চিরদিন রাস্তায় রাস্তায় শুধু হরতাল করে আর স্ট্রাইক করে তাঁদের পার্টি চালিয়ে যাবেন কিন্তু সরকারে এসে এখন তাদের নীতি তাদের মত সব পাল্টে যাচ্ছে। সেইজন্য মাননীয় অর্থমন্ত্রী করুন আবেদনের সুরে বলেছেন আমাদের এইটুকু শুধু অনুরোধ ১৯৭৯-৮০ সালে বিক্রয়ের জন্য চিহ্নিত পণ্যের উপর ধার্য অতিরিক্ত উৎপাদন শুল্ক বাড়িয়ে ১০.৮ শতাংশ করার জন্য। আমার সময় কম আমি আর দীর্ঘ বক্তব্য রাখব না, তবে শুধু এইটুকু বলতে পারি এই বাজেট বিরোধীপক্ষেরই সুবিধা হবে যারা সরকার পক্ষ তাদের বিপদ ডেকে আনবে। সরকার পক্ষকে আমি অনুরোধ করছি আপনারা এই বাজেট অনুমোদন করবেন না, আপনারা ভাল বাজেট তৈরি করুন, আমরা শুধু জনগণের স্বার্থের জন্য বিরোধিতা করছি, যদি রাজনৈতিক কারণের দিকে লক্ষ্য রাখি তাহলে এই ভাষণকে সমর্থন করা উচিত কিন্তু রাজনীতি ছাড়া জনগণের স্বার্থ বড় এবং এই বাজেটে জনগণের স্বার্থ রক্ষিত হয় নি এইজন্য এই বাজেট কে আমি বিরোধিতা করছি।

**শ্রী আনসার উদ্দিন আহমদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন তাকে সমর্থন করছি, সমর্থন করছি এই কারণে যে এই বাজেটে যে কথা বলা হয়েছে এবং আমরা জানি আমরা বারে বারে এই কথাই বলেছি বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে অত্যন্ত সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে, সীমিত ক্ষমতা নিয়ে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার শাসন ক্ষমতায় আছেন, সেই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকে বিগত ১৯ মাসের যে হিসাব বামফ্রন্ট সরকারের ৩৬ দফা কর্মসূচি সামনে রেখেছেন। বামফ্রন্ট সরকার যে পথে চলেছেন এবং যতটুকু কাজ করতে পেরেছেন এই বাজেট বিবৃতির মধ্যে দিয়েই পশ্চিমবাংলার মানুষ সেই সত্য উপলব্ধি করেছেন এবং আমি মনে করি পশ্চিমবাংলার সাধারণ মানুষের কথা এই বাজেটের মধ্যে দিয়ে আমাদের সামনে উপস্থিত করা হয়েছে। গতকাল থেকেই আমাদের বিরোধীপক্ষের বন্ধুদের বক্তব্য শুনছি। প্রথমেই বলতে হয় কংগ্রেস আই দলের মাননীয় সদস্য রজনীবাবু তিনি যে কথা বলেছেন যে তিনি এই বাজেটের মধ্যে

কিছুই দেখতে পান নি। আমি স্যার, বিধানসভায় বেশিদিন আসিনি, এর আগে একটিমাত্র বাজেট বক্তৃতা আমি শুনেছি এবং দ্বিতীয়বার এই বাজেট শুনছি। আমার মনে হচ্ছিল মাননীয় অর্থমন্ত্রী যেসব বিবৃতি রেখেছেন সেই বিবৃতি রজনীবাবু একদম পড়েন নি, বা তিনি বোঝার চেষ্টাও করেন নি। তার বক্তৃতার মধ্যে আমরা বাজেট সম্পর্কে একটা কথাও শুনলাম না, তিনি পঞ্চায়েতের কথা বলতে গিয়ে বলেছেন যে অপদার্থতা এবং কোথাও কোথাও একটা আপদ সৃষ্টি হয়েছে, আমরা জানি পঞ্চায়েতের মাধ্যমে আজকে গ্রামের মধ্যে কর্মযজ্ঞ শুরু হয়েছে এবং বিশেষ করে গ্রামের সাধারণ খেটে খাওয়া মানুষ পঞ্চায়েতকে সামনে রেখে নতুন উদ্দীপনায় কাজ করে চলেছেন এগিয়ে চলেছেন নতুন করে গ্রাম বাংলাকে সাজাবার চেষ্টা করছেন। স্বাভাবিকভাবেই তাই রজনীবাবু আতঙ্কিত হয়ে পড়েছেন। এবং সেই আতঙ্ক থেকে তিনি পঞ্চায়েতকে আপদ বলে মনে করছেন। কিন্তু আজকে পঃবাংলার সাধারণ খেটে খাওয়া মানুষ পঞ্চায়েতের মাধ্যমে কাজ করছেন এবং তারা আজকে আপদ বলেই ঐ আসনগুলি শূন্য করে পঃবাংলার বিধানসভায় তাদের পাঠিয়েছেন কাজেই তারা আতঙ্কিত। কাজেই তাঁরা আতঙ্কিত, আতঙ্কিত হয়েই একথা বলছেন। তিনি বলেছেন পশ্চিমবঙ্গকে দিল্লি থেকে বিচ্ছিন্ন করতে চাচ্ছি, আমাদের অর্থমন্ত্রীর বাজেটের মধ্যে নাকি সে কথা আছে। একথা আগেও অনেক বক্তা বলেছেন, আমাদের দলের বক্তারাও তার উত্তর দিয়েছেন। শুধু আমি এইটুকু বলতে চাই যে আমরা বারবার বিধানসভার ভিতরে বলেছি, বিধানসভার ভিতরে আমরা প্রস্তাব গ্রহণ করেছি কেন্দ্র রাজ্য সম্পর্ক সম্বন্ধে, আমরা বিধানসভার বাইরেও সোচ্চার কণ্ঠে এই কথা বলি আমাদের রাজ্যের সীমাবদ্ধ ক্ষমতা আমরা আরও বেশি বেশি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ক্ষমতা চাই, নৈতিক ক্ষমতা চাই, অর্থনৈতিক দাবি করি, এটা পরিষ্কার কথা। কিন্তু আমরা একবারও মনে করি না পশ্চিমবঙ্গকে আমরা বিচ্ছিন্ন করতে চাই, একথা আমরা কোথায়ও বলিনি, তবুও তিনি আবার বিধানসভায় দাঁড়িয়ে বারবার সেই কথা বলার চেষ্টা করেছেন। এটা অপচেষ্টা। বাজেট থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়ে, বাজেট বক্তব্য থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়ে শুধু বিরোধিতা করার জন্য তিনি সেই কথা বলছেন বলে আমি মনে করি। তিনি আর কিছু অশালীন কথা বলেছেন। আমি এখানে নতুন, আমি তাঁদের কাছ থেকে কিছু কনস্ট্রাকটিভ কথা, গঠনমূলক কথা শুনব এই আশা করেছিলাম কিন্তু তিনি বলতে গিয়ে আমাদের অর্থমন্ত্রী মহাশয়কে ব্যক্তিগতভাবে আক্রমণ করেছেন। প্রমোদ বাবু তাঁকে পার্টির সদস্য দেবেন না এই কথা বলেছেন, আমি জানি না বাজেট বক্তৃতার মধ্যে এই সমস্ত কথা আসতে পারে কিনা। প্রমোদ বাবু কাকে পার্টির সদস্য করবেন কি করবেন না সেটাতো মার্কসবাদি কমিউনিস্ট পার্টির ব্যাপার, হঠাৎ রজনী বাবু সেই ব্যাপারে ব্যাস্ত হয়ে পড়লেন কেন এটা আমি বুঝতে পারলাম না। আজকে যখন বক্তৃতা শুনছিলাম আমাদের জনতা দলের মাননীয় সদস্য প্রবোধ সিংহ মহাশয়ের, তিনি বললেন যে গত বৎসরের বাজেটের সঙ্গে এই বৎসরের বাজেটের কোনও তফাৎ নেই। কৃষির কোনও উন্নতি হয় নি এই সমস্ত কথা তিনি বলবার চেষ্টা করেছেন। আপনাদের কাছে আমাদের বক্তারা যে কথা বলেছেন সেকথার পুনরাবৃত্তি না করে আমি দু'একটি কথা হিসাব আকারে আপনাদের কাছে রাখতে চাই। বিগত ১৯ মাস বামফ্রন্ট সরকারের রাজত্বে গড়পড়তা আয় বৃদ্ধি হয়েছে ৮.৯০ শতাংশ যেখানে মাথা পিছু আয় ছিল

৬.৫৬ শতাংশ। স্বাধীনতার পর এর আগে কোনও দিন এত আয় বাড়েনি। নিশ্চয়ই এই কৃতিত্বের দাবি করতে পারি। এর পরেও আমরা দেখছি তাদের এই দেশে ৩০ বৎসর রাজত্বে শতকরা ৭৫ জন মানুষ দারিদ্র সীমার নিচে বাস করছে। এটা তো ১৯ মাসের হিসাব নয়, ১৯ মাসের অনেক আগের হিসাব। এটা কংগ্রেস সরকারের আমলের হিসাব, তাদের আমলে লেখা বইতে আমরা এই জিনিস দেখেছি। সেই আমরা মনে করি যে স্বাভাবিকভাবে ১৯ মাসের মধ্যে সমস্ত কিছুর পরিবর্তন করে দেওয়া সম্ভব নয় এবং আমরা বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে পশ্চিমবাংলার মানুষের সামনে যে ৩৬ দফা কর্মসূচি রেখেছি সেটা আমরা বলেছি ৫ বৎসরে এই ৩৬ দফাকে রূপায়িত করব। কাজেই তাঁরা যদি মনে করেন যে ১৯ মাসের মধ্যে বামফ্রন্ট সরকার সমস্ত সমস্যার সমাধান করে দেবে এটা আমরা কোনও দিন মনে করি না, আমরা সেইভাবে পশ্চিমবাংলার মানুষের কাছে বলিনি এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বিবৃতির মধ্যে দিয়ে একথা একবারও বলার চেষ্টা করেন নি। তবুও এই ১৯ মাসের মধ্যে আমরা কিছু কিছু কাজ যেগুলি করতে সক্ষম হয়েছি সেই কথাগুলি আমাদের অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে তুলে ধরার চেষ্টা করেছেন। আজকে আমরা মনে করি পেট্রো-কেমিক্যাল, ট্রাক বাস ইস্পাত কারখানা সরকারি উদ্যোগে হওয়া অত্যন্ত প্রশংসনীয় এবং ১৯৭৮-৭৯ সালে প্রতিটি জেলায় একটি করে মাঝারি কারখানা এবং একটি ছোট কারখানা স্থাপন করা হবে না এই বাজেট বিবৃতিতে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে রেখেছেন।

[6-25—6-35 P.M.]

আমি মনে করি কারখানাগুলি গঠন করা সম্ভব হলে সেখানে কিছু বেকার সমস্যার সমাধান করা সম্ভব হবে। বামফ্রন্ট সরকার যে ৩৬ দফা কর্মসূচি রেখেছিলেন তার মধ্যে কেন্দ্রীয় হারে সরকারি কর্মচারিদের মহার্ঘ ভাতা দেওয়া হবে। আমরা তা দিয়েছি। এবারকার বাজেটে সেকথা বলা আছে। যখন গতকাল থেকে এখানে বিরোধী পক্ষের বক্তৃতা শুনছিলাম মনে হচ্ছিল তাঁরা যেন একথা বলতে চাচ্ছেন যে এটা ঠিক হয়নি, কিন্তু একথা তাঁরা পরিষ্কারভাবে কিন্তু বলতে পারছেন না যে এই মহার্ঘভাতা দেওয়া ঠিক হয়নি। তাঁরা বলছেন মহার্ঘ ভাতা দিচ্ছে কিন্তু গ্রামের চৌকিদার দফাদারদের জন্য কি করেছেন? আবার শুনছি সরকারি কর্মচারিদের জন্য তাঁরা চোখের জল ফেলছেন। আজকে বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী সরকারি কর্মচারিদের দীর্ঘ দিনের দাবি মেনে নেওয়ায় ৭ লক্ষ ৬০ হাজার পরিবার উপকৃত হবে। আপনারা বিরোধীরা পরিষ্কারভাবে বলুন যে আপনার এই মহার্ঘ ভাতা দেবার বিরোধী। সেকথা বলছেন না কেবল এড়িয়ে যাবার চেষ্টা করছেন। আমি মনে করি যে এটা একটা উল্লেখযোগ্য ঘটনা এবং ৩৬ দফা কর্মসূচীর অঙ্গ। ৭ লক্ষ ৬০ হাজার পরিবারের উপকৃত হওয়ার সঙ্গে সঙ্গে চৌকিদার এবং দফাদারদের কথাও চিন্তা আমরা করেছি। আপনারা জানেন ২২ টাকা হারে তাদের দেবার চেষ্টা করেছি। এটা অত্যন্ত লজ্জা এবং দুঃখের কথা যে গত ৩০ বছর ধরে আপনারা এই চৌকিদার এবং দফাদারদের এই অবস্থায় রেখেছেন। আমাদের রাজ্যের ক্ষমতা সীমাবদ্ধ, এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্য থেকে মাননীয় অর্থমন্ত্রী ২২ টাকার

দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন, হয়ত সেটা কম। আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন, সেটা খেটে খাওয়া সাধারণ মানুষের বাজেট, এই বাজেটকে আমি পূর্ণ আন্তরিকতার সহিত সমর্থন জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** যা করার করুন, ১০ মিনিট সময় আপনার আছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করতে উঠে আমি দু-চারটি কথা বলতে চাই। এই বাজেটকে সমর্থন করার সাথে সাথে আমি বাজেটের পরিস্থিতির কিছুটা পর্যালোচনা করতে ইচ্ছুক। আমার মনে হয় মন্ত্রিসভার মধ্যে সবচেয়ে বোধ হয় অর্থমন্ত্রীর কাজটাই অধিক অস্বস্তিকর। রাজ্য শাসনের পক্ষে রাজ্যের ব্যয় ভার এবং আয়ের দিকে তাকিয়ে তাঁকে সমস্ত পরিচালনা করতে হয়। আমি মনে করি যে বাজেট আমাদের অর্থমন্ত্রী পেশ করেছেন তা অন্যান্য সরকারের বাজেট থেকে একটু ব্যতিক্রম হবে এজন্য যে এ বাজেট বামপন্থী সরকারের বাজেট। এই বাজেট মানুষের বৃহত্তর অংশের পাশ ঘেসা হবে, সাধারণ লোকেও সেটা আশা করে এবং সরকারও সেই আশা করেন এবং সেই প্রতিশ্রুতি তাঁরা দিয়ে এসেছেন। আমি একথাই বলতে চাই যে বামপন্থী সরকারের বাজেট সম্বন্ধে প্রধান লক্ষ্য হচ্ছে যাতে অধিক সংখ্যক সাধারণ লোকে সুবিধা পায়, সাথে সাথে এটাও লক্ষ্য থাকবে বাজেটের যে আয়ের অতিরিক্ত উৎস হবে তাতে বৃহত্তর অংশের লোকেরা করভাবে পীড়িত না হয়। আমার মনে যে বাজেট পেশ করেছেন, সেই বাজেট সঠিকভাবেই পেশ করতে সক্ষম হয়েছেন। কারণ অতিরিক্ত আয়ের যে উৎস দেখছি সাথে সাথে ব্যয়ের যে পদ্ধতি দেখছি তাতে সামঞ্জস্যপূর্ণ বাজেটই পেশ করা হয়েছে। এই যে আয়ের উৎস তা কি? ক্যাবারে ড্যান্স। মাননীয় বিরোধী দল নেতা কাশীকান্তবাবু গতকাল বলেছিলেন ক্যাবারে ড্যান্স উঠিয়ে দিলেই ভাল হত, আমি তাঁর বক্তৃতা কাগজে পড়েছি, বক্তৃতা শুনিনি, এবং তিনি আরও নাকি বলেছেন যে ঘোড় দৌড় বন্ধ করে দিলে ভাল হত। এখন প্রশ্ন হচ্ছে, গিয়ে ঘোড়দৌড় বা ক্যাবারে ড্যান্স তুলে দিলে বা বন্ধ করে দিলে অপসংস্কৃতি দূর করা যেত নিশ্চয় তাহলে সেই চেষ্টা হত। ব্যাপারটা কি জানেন, ক্যাবারে ড্যান্স সাধারণ রঙ্গমঞ্চে হচ্ছে বা অন্য কোথাও হচ্ছে। একটা অপসংস্কৃতি এমনভাবে আনা হয়েছে যে ক্যাবারে ড্যান্স যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে জমিদারি বাইজী নাচের মতো ঘরে ঘরে শুরু হবে হয়ত। ব্যাপারটা ওখানেই মুশকিল। সুতরাং মাননীয় অর্থমন্ত্রী ঠিক করেছেন। ক্যাবারে ড্যান্স রেখে ট্যাক্স করেছেন যাতে বড়লোকের কাছ থেকে টাকা আদায় করতে পারি। তাহলে সেই টাকা সাধারণের উপকারার্থে, সাধারণের ভাল করার জন্য নিয়োগ করা যেতে পারে। যাত্রার উপর ট্যাক্স, বিরোধী দলের সদস্যরা বলেছেন, সেই ট্যাক্স করাটা অন্যায় হয়েছে, কারণ এটা সাংস্কৃতিক ব্যাপার। হ্যাঁ, যাত্রার উপর ট্যাক্স করা অন্যায় হয়েছে তখনই স্বীকার করব যদি জানতাম কর ছাড়া যাত্র ভাল হত। গ্রামে-গঞ্জে যান না, গিয়ে যাত্রা শুনুন। গ্রামে গিয়ে যাত্রা দেখুন। কি হয়? যাত্রায় আজকাল অনেক টাকা দেয়। এক টাকার জায়গায় এক টাকা ১০ পয়সা টিকিট দিতে কারও গায়ে লাগে না। ১০ টাকায় যে টিকিট দিতে পারে ১১ টাকাও সে দিতে পারবে। যদি জানতাম করমুক্ত হওয়ার ফলে গ্রামে-গঞ্জে

যাত্রা সস্তায় দেখানো হচ্ছে তাহলে তা বুঝতাম। যাত্রার ব্যয়ভার দিন দিন বেড়ে গিয়েছে। গ্রামের লোকের তাতে সুবিধা হয় না। সুতরাং এই ট্যাক্স কমানোর কোনও যুক্তি আছে বলে আমি মনে করি না। আর কিছু কিছু লোক পেশার উপর ট্যাক্সের কথা বলেছেন। আমার মনে হয় জনতা দল, কংগ্রেস দলের লোকের ধারণা নেই ৫ শো টাকা রোজগার শতকরা ৭০ থেকে ৮০ পশ্চিমবঙ্গবাসীর নেই। সুতরাং ২০ ভাগ লোকের উপর ট্যাক্স করে সেই ট্যাক্সের টাকা যদি অধিকাংশ লোকের উপকারার্থে নিয়োগ করা হয়, তাহলে কোনও অন্যায় হবে না। গণতন্ত্র মানে হচ্ছে বৃহত্তর স্বার্থের জন্য ক্ষুদ্রতর স্বার্থ বলি দেওয়া। এটা গণতন্ত্রের মূল কথা—একথা ভুলবেন কেন আপনারা? সুতরাং এক্ষেত্রেও ঠিকই হয়েছে। তারপর বিক্রয়কর বৃদ্ধির কথা হয়েছে। হ্যাঁ, তা হয়েছে, তবে তাতে এমন কিছু অপরাধ হয় নি। সারচার্জ কমিয়ে দেওয়া হয়েছে। আপনারা নিশ্চয় বাজেটে সেটা পড়েছেন। সাথে আমি একথাও বলব, গ্রামোফোনের দাম বাড়ানো হয়েছে, যন্ত্রাংশের দাম বাড়ানো হয়েছে। পূর্ববর্তী বক্তারা একথা বলে গিয়েছেন, সত্যবাবুও বলেছেন। বড়লোকেরা এইসব জিনিস ব্যবহার করেন এসবের দাম বাড়লে ক্ষতি নেই। কসমেটিক্স এসবও তারাই ব্যবহার করেন। আর একটা হয়েছে মটর ভিকেলস ট্যাক্স বাড়ানো হয়েছে। এটা যে বেড়েছে তারজন্য তো বড়লোকদেরই পকেট কাটা যাবে। মোটামুটি আয়ের উৎস যা দেখা যাচ্ছে তাতে সাধারণ লোকের উপর ট্যাক্স কোনও রকম রেখাপাত করবে না। এটা সঠিকভাবেই নির্ধারণ করা হয়েছে। সাথে সাথে কি দেখেছি, এই টাকাটা কিভাবে ব্যয় হবে, কোনও পদ্ধতিতে ব্যয় হবে, গরিবদের দিকে ব্যয় হবে কিনা। দেখছেন, গরিবদের দিকেই ব্যয় হচ্ছে। কিসে ব্যয় হচ্ছে? বিবাহ সংক্রান্ত মামলায় যারা গরিব লোক দুশো টাকার কম যাদের পারিবারিক আয় তাদের মেয়ের যদি স্বামীর সঙ্গে ডিভোর্সের মামলা হয় বা খরপোষের মামলা করে আমরা তাদের সাহায্য করব। সেটা আমাদের বাজেটে লেখা আছে। আর কি আছে? ৮ হাজার লোক অতিরিক্ত বার্ধক্য ভাতা পাবে এই বাজেটে—যেটা কল্পনা করতে পারেন না আপনারা। আর কি আছে? পেনশনভোগীরা অতিরিক্ত ১৫ টাকা পেনশন পাবেন। সেদিকেও লক্ষ্য রাখা হয়েছে। আর কি আছে? আরও ৫৫ হাজার লোক বেকার ভাতা পাবে। তাহলে বাস্তবমুখী, কল্যাণমুখী বাজেট কিনা বলুন এবং অধিকাংশ লোকের জন্য বাজেট কিনা সেটা চিন্তা করতে হবে। তারপর আরও কি আছে? ১২ শো নতুন প্রাথমিক বিদ্যালয় হবে। অনেকে বলেছেন বিদ্যালয় হয় নি। আমাদের জেলা বীরভূম জেলা দেখে আসুন, বিদ্যালয় হয়েছে কিনা। কোথায় হয় নি বলতে পারি না। কিন্তু বাস্তব অবস্থা দেখে আসুন বীরভূম জেলায় কত বিদ্যালয় হয়েছে। আর কি হয়েছে? মাধ্যমিক শিক্ষা আগামী বছর থেকে সম্পূর্ণ অবৈতনিক হবে। এই সিদ্ধান্ত হয়েছে। কল্পনা করতে পারেন কংগ্রেসি রাজত্বে এটা। আমাদের এখানে মাননীয় বন্ধু শ্রী কৃষ্ণদাস রায় বললেন পঞ্চায়েতের নাম তহবিল তছরূপ। আমি জানি না কোথায় উনি তহবিল তছরূপ দেখেছেন। হয় ওঁর এফ এফ ডব্লিউ সম্পর্কে আইডিয়া নেই না হয় বিকৃত তথ্য পরিবেশন করবেন। এল এফ ডব্লিউ কাজটা কি, লোকের খাদ্য যোগান দেওয়া প্রধান। তাতে যদি কোনও দুস্থ লোক, কোনও অল্প বয়স্ক ছেলে, কোনও স্ত্রীলোক সেখানে অসুস্থ হয়ে পড়েছে

বা কম কাজ করে তাদের সেই কম কাজের মজুরি দেওয়ার নিয়ম আছে। এটা দেখা আছে। এটা অলিখিত অনুশাসন আছে। এটা হয়ত উনি জানেন না তাই বিকৃত তথ্য পরিবেশন করছেন। বীরভূম জেলায় দেখে আসুন আমার অঞ্চলের পাশে আমার বাড়িতে চলুন আমি আতিথ্য আপনাদের গ্রহণ করব সেখানে ৩০ মাইল চওড়া বাঁধ ভেঙ্গে গিয়েছিল দেখে আসুন সেখানে কি রকম পুনর্গঠনের কাজ চলছে, অনুদানের কাজ চলছে চাষের কাজ চলছে কল্পনাও করা যায় না। অনেকে দুর্নীতির অভিযোগ করেছেন। কোনও দুর্নীতির অভিযোগ দেখাতে পারবেন? যদি দেখাতে পারেন তাহলে নিশ্চয় বলব হয়েছে। আমি আপনাদের বেড়িয়ে দেখিয়ে দেব কি কংগ্রেসের মধ্যে কি জনতার মধ্যে কি আমাদের মধ্যে যদি দুর্নীতি দেখাতে পারেন তাহলে নিশ্চয়ই স্বীকার করব ভাবব আমাদের ভুল হয়েছে। ঐ যে একটা কথা আছে, Style Leader of eastern Zone. গাঁয়ে মানে না আপনি মোড়ল। ওনারা নিজেদেরকে তাই মনে ভাবেন। কেন্দ্রর কাছে আমাদের দাবি রাখতে আপত্তি কোথায়? আমাদের টাকা আমরা আমাদের প্রয়োজনে কেন চাইব না। আপনারা আসুন আমাদের সঙ্গে আজকে গ্রামের মানুষ যাদের মধ্যে আশা জেগেছে কংগ্রেস জনতা পার্টি কমিউনিস্ট পার্টি সকলে সম্মিলিত চেষ্টা নিয়ে আমরা তাঁদের জন্য কাজ করি। এই বলে আমি মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়ের আনীত বাজেট প্রস্তাবকে সাপোর্ট করে আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 6-37 P.M. till 1 P.M. on Thursday, the 1st March, 1979, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 1st March 1979 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 12 Ministers, 4 Ministers of State, and 163 Members.

### Held over Stared Questions (to which oral answers were given)

**পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিরেক্টরেটের স্টাফ ও ওয়ার্কলোড**

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯।) **ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীন পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিরেক্টরেটের বর্তমানে বাৎসরিক একজিকিউশন ওয়ার্কলোড টাকার অঙ্কে কত;

(খ) পি ডবলিউ ডি অথবা ইরিগেশন অ্যাণ্ড ওয়াটারওয়েজ ডিপার্টমেন্ট-এর উক্ত একজিকিউশন ওয়ার্কলোড অনুপাতে যে পরিমাণ "স্টাফ" নিযুক্ত হয়, সেই অনুপাতে পি এইচ ই ডিরেক্টরেট-এ স্টাফ স্যাংশন আছে কি;

(গ) পি এইচ ই ডি-তে প্ল্যানিং ডিজাইন ডিভিসন (IV) কাজ করতে শুরু করেছে কিনা; এবং

(ঘ) পি এইচ ই ডি-তে প্ল্যানিং অ্যাণ্ড ডিজাইন সেল-এর প্রয়োজনীয় অঙ্গ সার্ভে ডিভিসন খোলার কোনও সিদ্ধান্ত হয়েছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) আর্থিক বৎসর ১৯৭৮-৭৯ সালে আনুমানিক ১৫ (পনের) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা।

(খ) তুলনামূলক বিচার না করে সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। তথ্যাদির ভিত্তিতে বিষয়টি পরীক্ষা করা হচ্ছে।

(গ) Division (IV) আদৌ মঞ্জুর করা হয়নি। সুতরাং কাজ শুরু করার প্রশ্ন ওঠে না।

(ঘ) বিষয়টি উচ্চতর পর্যায়ে এখন বিবেচনাধীন আছে।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** সরকারের কাছে যে তথ্য আছে বিভিন্ন ডিপার্টমেন্টে স্টাফ নিয়োগের ব্যাপারে, সেটা কি আপনার দপ্তরে নেই?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** সেটা তুলনা মূলকভাবে আমরা বিচার করে দেখছি এবং বিচারটা এখন পর্যন্ত আমরা কমপ্লিট করে উঠতে পারি নি।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** 'গ' প্রশ্নের উত্তরে দেখছি ডিপার্টমেন্ট অব প্ল্যানিং অ্যাণ্ড ডিজাইন এখন পর্যন্ত কাজ শুরু করে নি—এই ডিভিসন কি আদৌ খোলা হবে না?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি আগেই বলেছি এটা উচ্চ পর্যায়ে বিবেচনাধীন আছে।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** আপনি বলেছেন সার্ভে সেকশন উচ্চ পর্যায়ে আলোচনাধীন আছে। এটাও কি উচ্চ পর্যায়ে আলোচনার মধ্যে আছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এটা শীঘ্রই খোলা হবে। তবে আমি যেটা বলছিলাম ডিভিসন ৪ এখনো মঞ্জুর হয়নি। এই অসুবিধার মধ্য দিয়েও যাতে সেটা মঞ্জুর হয় তার জন্য আমরা চেষ্টা করছি।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** রুর‍্যাল ওয়াটার সাপ্লাই-এর জন্য বরাদ্দ টাকা ফেরত যাচ্ছে—এখনও যদি এই উচ্চ পর্যায়ে আলোচনার জন্য এত সময় নেন তাহলে আর কতদিন এইভাবে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীমের টাকা ফেরত যেতে থাকবে, বলবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** রুর‍্যাল ওয়াটার সাপ্লাই-এর টাকা ফেরত যায়নি।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** এটা যদি ফেরত না গিয়ে থাকে—পশ্চিমবাংলার জলসরবরাহের জন্য কত টাকা প্রয়োজন এটা সমীক্ষার জন্য এখনও যদি আপনারা ভাবতে থাকেন তাহলে আর প্লানিং অ্যাণ্ড সেল ডিভিসন কবে হবে? একটা উচ্চ পর্যায়ের আলোচনার কথা বলেছেন, দু বছর তো হয়ে গেল, আর কতদিন প্ল্যানিং করতে লাগবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি আগেই বলেছি যে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই-এর টাকা গত বছর ফেরত যায়নি, এ বছরও টাকা ফেরত যাবে না বলেই মনে হচ্ছে। কিন্তু এসব সত্ত্বেও আমরা এর অর্গানাইজেশনকে স্ট্রেনদেন করার দিকে এগুচ্ছি।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** সম্ভবত ডিসেম্বর মাসের ৮ তারিখে ইকনমিক্স টাইমসে বেরিয়েছিল যে পশ্চিমবাংলায় রুর‍্যাল ওয়াটার সাপ্লাই-এর অর্ধেকের বেশি টাকা খরচ করা হয়নি। আপনি বলছেন, খরচ হয়ে গিয়েছে। তাহলে এই ১ মাসের মধ্যেই কি সমস্ত টাকা খরচ হয়ে গিয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি বলেছি, গত বছরের কোনও টাকা ফেরত যায় নি এবং খরচ হয়েছে, এ বছর আমরা মনে করছি খরচ করতে পারব।

**"শ্যাম তদন্ত কমিশন"**

***৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪।) **শ্রী সরল দেব ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের দুর্নীতি নির্ধারণের জন্য "শ্যাম তদন্ত কমিশন" বসানো হইয়াছিল;

(খ) সত্য হইলে, উক্ত কমিশনের রিপোর্ট সরকারের নিকট পেশ করা হইয়াছে কি; এবং

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে উক্ত রিপোর্টের সুপারিশ অনুযায়ী সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ**

(ক) ইহা সত্য নহে যে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের দুর্নীতি নির্ধারণের জন্য শ্যাম তদন্ত কমিশন বসানো হইয়াছিল। তবে তদানীন্তন ২৪-পরগনা নর্দার্ন সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডের কার্যাবলি পরীক্ষা ও তৎসংক্রান্ত অন্যান্য কতকগুলি বিষয়ে সুপারিশ করার জন্য শ্যাম তদন্ত কমিশন বসানো হইয়াছিল।

(খ) উক্ত কমিশনের রিপোর্ট সরকারের কাছে পেশ করা হইয়াছে।

(গ) কমিশনের সুপারিশ অনুযায়ী উক্ত ব্যাঙ্কের তদানীন্তন কার্যকর সমিতির সদস্য ও কর্মচারিগণ যাহারা দায়ী সাব্যস্ত হইয়াছেন তাঁহাদের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সমবায় আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উক্ত শ্যাম তদন্ত কমিশনের রিপোর্ট অনুযায়ী কোনও অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে কিনা—কারুর জেল হাজত হয়েছে কিনা?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** কমিশনের রিপোর্টে কারুকে গ্রেপ্তার করা হয় না, তারজন্য কেস ফাইল করতে হয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই তদন্ত কমিশনের নাম শ্যাম তদন্ত কমিশন হল কেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** চেয়ারম্যান যিনি থাকেন তাঁর নামেই হয়।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঐ শ্যাম তদন্ত কমিশনের রিপোর্টে কোনও কর্মী বা কর্মকর্তার বিরুদ্ধে [illegible] ডিফলকেশনের কোনও অভিযোগ ছিল কিনা?

[1-10 – 1-20 P.M.]

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল** ঃ আমি টার্ম অব রেফারেন্সটা পড়ে দিচ্ছি।

The Commission has found over financing, failure to take legal steps, breakdown of collection machinery, financial indiscipline and lack of purposeful and effective supervision of the Societies and the branches, to be the principal causes of mismanagement for which the Commission says, different management committees are collectively responsible. Unfavourable political situation during 1969 to 1971, agitations by employees contributed to the breakdown of the collection machinery. But, Shri Ashoke Krishna Dutta, who was the Chairman of the Central Bank through-out the entire period must bear the brunt of this responsibility being at the head of administration with powers to exercise the general control and supervision over the affairs of the Central Bank and work to its officers. The Commission has found the Managing Committee under the Chairmanship of Shri Ashok Krishna Dutta responsible for many financial irregularities in the shape of a reckless loaning unrelated to the share capital base, loaning without assessment of maximum borrowing powers or Manager's recommendation, book adjustment, deviation from scheduled time limits for sanctioning credit limits non-maintenance and non overdue cover resulting in lending of Rs. 19.78 lakhs against credit limits of Rs. 119.76 lakhs in 1969-70."

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে ক্রিমিন্যাল কেস হয়েছে, এই ফাইণ্ডিংসের মধ্যে রেসপনসিবল ব্যাক্তির বিরুদ্ধে কোনও প্যানেল অফেন্স হয়েছে কি না, অর্থাৎ ফৌজদারী আইনে পড়ছে কিনা এবং এই বিষয়ে আইনজ্ঞদের অভিমত নেওয়া হয়েছে কি না?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল** ঃ হ্যাঁ, হয়েছে এবং আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ পূর্বক জানাইবেন যে এই শ্যাম কমিশনের রির্পোটের ভিত্তিতে সরকার যাতে কোনও ব্যবস্থা গ্রহণ করতে না পারে হাইকোর্টের তরফ থেকে এই রকম ইনজাংশন কিছুদিন ছিল কিনা?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল** ঃ হ্যাঁ, কিছুদিন ছিল তারপরে সেটা ভেকেট হয়ে গেছে।

### কান্দী মহকুমায় প্রাথমিক কৃষি-ঋণদান সমবায় সমিতি

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৮।) **শ্রী অমলেন্দ্র রায়** ঃ সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭-৭৮ সালে কান্দী মহকুমার ব্লকগুলিতে প্রাথমিক কৃষি ঋণদান সমবায় সমিতিগুলির (১) সংখ্যা, (২) সদস্যসংখ্যা, এবং (৩) প্রদত্ত ঋণের পরিমাণ কত ছিল?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :**

(১) ১১৬

(২) ২০.৯৪৪

(৩) ৫৫.৩৫ লক্ষ টাকা

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯৭৭ সালের জুন মাসের পর থেকে এই সংখ্যাগুলি বেড়েছে না কমেছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** সংখ্যা কিছু বেড়েছে কিন্তু কত বেড়েছে সেটা এখন বলতে পারব না।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সংখ্যার কথা বললেন যে ১১৬টি। আমার প্রশ্ন হচ্ছে, এই সংখ্যাগুলিতে কতগুলি সমিতিকে গ্রামীণ বোর্ড ব্যাঙ্ক টাকা দেয় সেটা বলবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** ৪৭ টি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** কতকগুলো গৌড় গ্রামীণ ব্যাঙ্ক থেকে দিচ্ছেন, বাকিগুলো জেলা সমবায় ব্যাঙ্ক থেকে দিচ্ছেন, এর ফলে গ্রামের লোকেদের অসুবিধা হচ্ছে, এটা এক জায়গা থেকে নেওয়ার ব্যবস্থা করা যায় না?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** এটা একটা বাই অ্যারেঞ্জমেন্ট অ্যাডজাস্টমেন্ট করা হয়েছে, কারণ সবটা একটা ব্যাঙ্ক দিতে পারে না বলে কমার্শিয়্যাল ব্যাঙ্ক, ময়ূরাক্ষী ব্যাঙ্ক-এ কিছু কিছু জুরিসডিকশন করে দেওয়া হয়েছে। একই ব্যাঙ্ক সব জায়গায় দিতে পারছে না বলে এই জিনিস করা হয়েছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** গ্রামীণ গৌড় ব্যাঙ্ক নানারকম ঋণ দেন, কিন্তু জেলা কো-অপারেটিভ ব্যাঙ্ক সেই সব ঋণ দেননা। এই অসুবিধা দুর করার কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** কো-অপারেটিভ ব্যাঙ্কের যে রুলস আছে সেই রুলস অনুযায়ী তারা কাজ করে। তাদের যদি রুলস না থাকে, যতক্ষণ না সেই রুলস অ্যামেণ্ডমেন্ট হবে ততক্ষণ দিতে পারবে না।

## Stared Questions
## (to which oral answers were given)

### কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে ধর্মঘট

*১৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩।) **শ্রী রজনীকান্ত দোলুই :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপর্বক জানাইবেন কি—

(ক) গত ১৬ই জানুয়ারি, ১৯৭৯ তারিখ থেকে চার দিন ধরে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে হাউস স্টাফ ও অন্যান্য কর্মীদের ধর্মঘটের কারণ কি; এবং

(খ) সরকার ঐ ব্যাপারে কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) হাসপাতালে অধস্তন কর্মীদের সি. ডি. এস. বাবদ প্রদত্ত টাকা বিতরণ কালে অধস্তন কর্মী, হাউসস্টাফ ও ইন্টার্নিদের মধ্যে প্রথমে বচসা এবং পরে সংঘর্ষের সূত্রপাত হয়। এ ঘটনায় জনৈক হাউস স্টাফ আহত হন এবং হাসাপাতালে ভর্ত্তি হন। জনৈক কর্মচারীও আহত হয়ে বাহিরে চিকিৎসিত হয়েছিলেন। এ ঘটনার প্রতিবাদ স্বরূপ হাউস স্টাফরা কর্মবিরতি পালন করবেন।

(খ) উক্ত ঘটনা তদন্ত করার জন্য সরকার একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করেন এবং হাসপাতালে স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনতে সচেষ্ট হন। এ ছাড়া ঐ সংঘর্ষের জন্য এফ. আই. আর. এর ভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মেডিক্যাল কলেজের এই ধর্মঘট কতদিন ধরে চলেছিল?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এটা একটা অঘোষিত ধর্মঘট, এটা দেড়দিন ধরে চলেছিল আংশিক ভাবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি যে উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি করেছিলেন এই ব্যাপারে তদন্ত করার জন্য, তার রিপোর্ট কি পেয়েছেন? পেয়ে থাকলে বলতে পারেন রিপোর্টে কি আছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** রিপোর্ট পেয়েছি তবে এটা এখানে দেওয়া সম্ভব হচ্ছে না।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** প্রায়ই দেখা যায় যে হাসপাতালে হাউস স্টাফ, নার্স, এবং অন্যান্য কর্মচারীরা ধর্মঘট করে, এই ধর্মঘট বন্ধ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** হাসপাতালে ধর্মঘট এই রকম কথায় কথায় হঠাৎ হয়ে যায়, এটা আমরা চাই না। সেই জন্য সংশ্লিষ্ট সমস্ত ডাক্তার, হাউস স্টাফ, নার্স কর্মচারী, এদের কাছে এবং এদের যে ট্রেড ইউনিয়নগুলো আছে, তাদের কাছে বারবার আবেদন করছি, তাদের মত নিয়ে আমরা আপাতত চলছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় জানাবেন কি, এই ধর্মঘটে কতজন হাউস স্টাফ, নার্স, বা কর্মচারী প্রত্যক্ষ ভাবে জড়িত ছিলেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** সংখ্যাটা আমার পক্ষে এখানে বলা সম্ভব নয়।

**ত্রাণসামগ্রী ক্রয়ের জন্য কমিটি গঠন**

***১৮২।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৩৯।**) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ত্রাণ ও কল্যাণ বিভাগ হইতে বিতরণের জন্য যে সমস্ত জিনিসপত্র ক্রয় করা হয় তাহার জন্য বামফ্রন্ট সরকার কোনও কমিটি করেছেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে—

(১) ঐ কমিটি কতজন নিয়ে করা হয়েছে,

(২) ঐ কমিটিতে কোনও জন-প্রতিনিধি আছেন কিনা, ও

(৩) জন-প্রতিনিধি থাকলে, তাঁরা কোন কোন রাজনৈতিক দলের লোক?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ**

(ক) হ্যাঁ, পুনর্গঠিত করেছেন।

(খ) (১) পূর্বে ৬ জনের কমিটি ছিল। পুনর্গঠিত কমিটিতে ১১ (এগার) জন আছেন।

(২) ঐ কমিটিতে ৫ জন বিধান সভার সদস্য আছেন।

(৩) সকলেই সি. পি. আই. (এম) দলের।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, তিনি শুধু সি. পি. এম. প্রতিনিধিদের নিয়ে কমিটি করেছেন। তাঁর কাছে আমার জিজ্ঞাস্য হচ্ছে যে অন্যান্য রাজনৈতিক দলের প্রতিনিধি এম. এল. এ-দের না নেবার কারণ কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** কোনও কারণ নেই, তাঁদের ভাল মনে হয়েছে নিয়েছি, আবার প্রয়োজন হলে অন্য রাজনৈতিক দলের প্রতিনিধিদের নেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এই কমিটি আজ পর্যন্ত কত কোটি বা কত লক্ষ টাকার জিনিস-পত্র কিনেছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানর্জি ঃ** এই কমিটি ১৯৬৫ সালে প্রথম গঠিত হয়, তারপর আবার '৭২ সালে পুনর্গঠিত হয়, '৭৩ সালে আবার গঠিত হয় এবং ৭৬ সালে আবার পুনর্গঠিত হয়। তারপর আমি '৭৮ সালের ১৬ই জানুয়ারি এটাকে আবার পুনর্গঠিত করি। এবারের তৃতীয় পর্যায়ের বন্যা হবার পর মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে টেক্সটাইল কমিটি কঠিত হয়, তারা ৭/১০/৭৮ তারিখ থেকে ১৬ই নভেম্বর পর্যন্ত সমস্ত কাজ পরিচালনা করেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আমার প্রশ্ন হচ্ছে কত টাকার জিনিস কিনেছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানর্জি :** সেটা এই প্রশ্নের মধ্যে ছিল না, সে বিষয়ে আলাদা নোটিশ দিলে বলে দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় এই কমিটি কোন কোন জায়গায় কাজ করেছে সেটা বলবেন কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** কোন জায়গায় আবার কমিটি কাজ করবে? কমিটি কাজ করেছে রাইটার্স বিল্ডিংসে, কমিটি কাজ করেছে ডাইরেক্টর বোর্ডে, সরকারি অফিসে বসে কাজ করেছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় মন্ত্রী মহাশয় ঐ ৬-জন ভাগ্যবান এম. এল. এ.-র নাম গুলি জানাবেন কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** ওঁরা ভাগ্যবান কিনা জানিনা, তবে নামগুলি হচ্ছে :

**শ্রী বারিণ কোলে**, এম. এল. এ.

**শ্রী অশোক বসু**, এম. এল. এ.

**শ্রী ননী কর**, এম. এল. এ.

**শ্রী হরমোহন সিংহ**, এম. এল. এ.

**শ্রী মহঃ নিজামুদ্দিন**, এম. এল. এ.

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই যে জিনিসপত্র বিতরনের জন্য কমিটি করেছেন এবং তারা টাকা নিয়ে যে জিনিসপত্র কিনেছেন এদের বিরুদ্ধে কোনও দুর্নীতির অভিযোগ এসেছে কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** এটা পারচেজ কমিটি, বিতরণের জন্য কমিটি নয় এবং এদের বিরুদ্ধে কোনও দুর্নীতির অভিযোগ আমার দপ্তরে আসেনি।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে জিনিসপত্র কেনা হয়েছে তা কি পদ্ধতিতে হয়েছে, টেণ্ডার ইনভাইট করে কি করা হয়েছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** টেণ্ডার ইনভাইট করে করা হয়েছে এবং তা সরকারের যে আইন সেই আইন অনুযায়ী করা হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এ পর্যন্ত এই কমিটি কত টাকার ত্রাণ সামগ্রী ক্রয় করেছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** এ ব্যাপারে নোটিশ দিতে হবে।

**মিঃ স্পিকার ঃ** উনি কি করে বলবেন আগে থেকে নোটিশ না দিলে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমি আগে কোয়েশ্চেন দিয়েছিলাম কিন্তু আপনার দপ্তর থেকে এডিট করে অনেক কিছু কাট-ছাট করে দিয়েছে। এটা আপনি দয়া করে দেখুন। যাই হোক, আমি আবার সাপলিমেন্টারী করছি। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কমিটি তো যদিও আপনি বলবেন ইট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন তবুও আমি বলছি যে, কেন আপনি শুধু সি. পি. এম. এম. এল. এদের নিয়েছেন—অপোজিশন ফরওয়ার্ড ব্লক এবং আর. এস. পি. থেকে এম. এল. এদের নেওয়া হয়নি কেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** এদের ভাল মনে হয়েছে তাই আমি নিয়েছি।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** এর মধ্যে অফিসার কারা কারা আছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** এর মধ্যে অফিসার আছেন। ডেপুটি সেক্রেটারী, রিলিফ ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট আছেন ..................

**মিঃ স্পিকার ঃ** সুনীতিবাবু আপনি যে কোয়েশ্চেন দিয়েছিলেন আমি তা পড়ে দিচ্ছি। আপনি দিয়েছিলেন "বিগত বন্যার পরে রাজ্যে ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য জিনিসপত্র ক্রয় করার জন্য বামফ্রন্ট সরকার কোনও কমিটি করেছেন কিনা?" সেটা এডিট করার পর হয়েছে "ত্রাণ ও কল্যাণ বিভাগ হইতে বিতরণের জন্য যে সমস্ত জিনিসপত্র ক্রয় করা হয় তার জন্য বামফ্রন্ট সরকার কোনও কমিটি করেছেন কিনা?" সুতরাং ইট ইজ কোয়াইট প্রপার।

[1-30 – 1-40 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বন্যা কথাটা ইমপ্লায়েড, বন্যা হল রিলেটেড।

**মিঃ স্পিকার ঃ** এখানে টাকার কথা উল্লেখ নেই, আপনি নোটিশ দিন, তারপর উত্তর না দিলে আমি উত্তর দেওয়াব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আপনাকে চ্যালেঞ্জ করার ধৃষ্টতা আমার নেই, একটা কোয়েশ্চেন বলছেন, আমি একশটা কোয়েশ্চেন আপনাকে এনে দেখাব যেখানে মেন মেন জায়গাগুলি কাটা হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** আজকে যে প্রশ্নটা দিয়েছেন আমি ক্লারিফিকেশন করেছি। আপনার আর কোনও সাপ্লিমেন্টারি থাকে করুন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** সুনীতিবাবুর বক্তব্যের উপর আমার একটা প্রিভিলেজ আছে।

**মিঃ স্পিকার ঃ** প্রিভিলেজের নোটিশ দেবেন, উত্তর পাবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আমি দিয়েছি বিগত বন্যা এখানে লেখা আছে ত্রাণ ও কল্যাণ বিভাগের টোটাল কত খরচ, সেখানে কোয়েশ্চেন উল্টে গেছে।

**মিঃ স্পিকার ঃ** আপনার প্রশ্নে টাকার কথা নেই, প্লিজ ডোন্ট আরগু সাপলিমেন্টারি থাকলে করুন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আপনি যে সি. পি. এম. পরিচালিত কমিটি করেছেন সেই কমিটির সদস্য পরিবর্তন করার পদ্ধতি কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** সি. পি. এম. পরিচালিত কমিটি নয়, সরকারি কমিটি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই গুরুত্বপূর্ণ ব্যাপারে সর্বদলীয় কমিটি না করে একদলীয় কমিটি করায় এতে দলবাজি ও দুর্নীতির আশঙ্কা আছে কিনা?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** এটা এম. এল. এ.-দের কমিটি নয়, সরকারি কমিটি, সি. পি. এম. কমিটিও নয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সরকারি কমিটি হলেও সরকারে বিভিন্ন শরিক দল রয়েছে, তাতে এঁদের নেওয়া হল না?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** কি হল না হল, আমরা বুঝব সরকার বুঝবে আপনার কথা বলুন, আমাদের কাজ আমরা করব।

**শ্রী হবিবুর রহমান ঃ** আপনি কি মনে করেন অন্যান্য রাজনৈতিক দলের মধ্যে ভাল লোক নেই?

**মিঃ স্পিকার ঃ** মনে করেন কিনা—প্রশ্ন হয় না। আপনি বসুন। ওটা মতামতের কথা।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** এই কমিটির মেয়াদ কতদিন পর্যন্ত?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** তা ঠিক করা হয়নি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** এই কমিটির পরিবর্ধন কি মন্ত্রী মহাশয়ের ইচ্ছা অনুসারে হবে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** তা সাধারণভাবেই হয়।

**গ্রামঞ্চলে ডাক্তারদের আকর্ষণ করার ব্যবস্থা**

***১৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৫০।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ডাক্তারদের গ্রামাঞ্চলে আকর্ষণের জন্য কি বিশেষ ব্যবস্থা চালু করা হইয়াছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

ডাক্তারদের গ্রামাঞ্চলের হাসপাতাল সমূহে আকর্ষণের জন্য মাসিক ১০০ টাকা গ্রামীণ ভাতা এবং মাসিক ৫০ টাকা পাবলিক হেলথ পে (কেবল স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য) মঞ্জুর করা হয়েছে। বিনা ভাড়ায় বাসগৃহও তাদের জন্য দেওয়া হয়।

**শ্রী অমলেন্দ্র রায় :** বিশেষ ব্যবস্থা নেওয়ার পর অবস্থার কি কিছু উন্নতি হয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য :** এটা অনেকদিন ধরেই চলে আসছে কিন্তু কোনও উন্নতি হয় নি।

**শ্রী অমলেন্দ্র রায় :** যে সমস্ত গ্রামের হাসপাতালের পদগুলি খালি পড়ে আছে সেগুলি কি বিশেষ ব্যবস্থা গ্রহণের পর কিছু উন্নতি হয়েছে?

[1-40 – 1-50 P.M.]

**শ্রী ননী ভট্টাচার্য :** অন্তত এটুকু বলতে পারা যায় যে গ্রামাঞ্চলে যে সমস্ত হেলথ সেন্টারএ বিশেষ করে উপ-স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তারের অভাব ছিল এর দ্বারা তারা আকৃষ্ট হয়নি, তাদের জায়গা খালি পড়ে আছে।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ডাক্তারি পড়তে যে সমস্ত ছাত্র আসে তাদের ক্ষেত্রে এই রকম কোনও শর্ত কঠোরভাবে আরোপ করার ব্যবস্থা আছে কি যে পাশ করলে আবশ্যিকভাবে নির্দিষ্ট সময়ের জন্য তাদের গ্রামাঞ্চলে যেতে হবে?

**শ্রী ননী ভট্টাচার্য :** প্রত্যেকটা মেডিক্যাল কলেজের সঙ্গে একটা বণ্ড দেওয়া হয় এবং সেই জেলায় বিশেষ করে বর্ধমান মেডিক্যাল কলেজ, বাঁকুড়া মেডিকাল কলেজ, নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ সেই এলাকায় তারা কাজ করবে এই মর্মে বণ্ড, কিন্তু বণ্ডের আইনগত বৈধতা কতখানি আছে সেই বিষয়ে আমার সন্দেহ আছে।

**শ্রী অমলেন্দ্র রায় :** আপনার কাছে আমি নির্দিষ্টভাবে জানতে চাই এই বণ্ড কার্যকর হয় কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য :** এই বণ্ড কার্যকর হয় না, কেন হয় না কোনও আইনগত বাধ্যবাধকতা আছে কিনা সেই বিষয়ে আমার সন্দেহ আছে।

**Shri Deo Prakash Rai :** Sir, the Minister has just now said that there is shortage of doctors. Is there any programme to be drawn up by the Left Front Government to recruit witch doctors ?

**শ্রী ননী ভট্টাচার্য :** এই বিষয়ে উত্তর দেওয়া দরকার পড়ে না, তার কারণ আইনে ডাইনী বৃত্তি অপরাধমূলক।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** গ্রামাঞ্চলে ডাক্তার যেতে চায় না, কি কি কারণে যেতে চায় না সেগুলি কি তদন্ত করে দেখা হয়েছে? এবং সেই কারণগুলি সমাধানের কোনও চেষ্টা করা হয়েছে কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য :** এর একাধিক কারণ আছে। তার প্রধান কারণ গ্রামে শহরের কোনও সুযোগ-সুবিধা প্রসারিত নয়। ২ নং কারণ হচ্ছে প্রাইমারি হেলথ সেন্টারে শয্যাবিশিষ্ট হাসপাতাল হওয়ার দরুন উপ-স্বাস্থ্য কেন্দ্রের তুলনায় সেখানে রোগীদের চিকিৎসা ব্যবস্থা উন্নত

ধরনের। ডাক্তাররা মনে করেন তাঁরা পাশ করে বেরুলেই চিকিৎসার বিদ্যা বুদ্ধি এই সমস্ত হেলথ সেন্টারে কাজ করতে গেলে ভুলে যাবে এই ধরনের একটা আশঙ্কা বা প্রচার তাঁদের মধ্যে আছে। এটা সত্য মিথ্যা কতদূর আমি বলতে পারব না। ৩ নং কারণ হচ্ছে অনেকের উচ্চাকাঙ্খা আছে, তার ফলে তাঁরা পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ এইসব দিকে ঝুঁকে পড়েন প্রথম দিক থেকে। এই সমস্ত কারণে, তাছাড়া আরও বহু কারণ হয়ত আছে, গ্রামাঞ্চলে এম বি বি এস ডাক্তার পাওয়া কঠিন আছে আমাদের সমাজে।

### প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

***১৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৪।) **শ্রী কিরণময় নন্দ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে; এবং

(খ) উহাদের মধ্যে কতগুলিতে এম বি বি এস ডাক্তার আছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) ৩১৯টি

(খ) ২৭৫টিতে

**শ্রী কিরণময় নন্দ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, কতগুলি প্রথামিক হাসপাতালে একেবারে কোনও ডাক্তার নেই?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি যতদূর জানি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের প্রত্যেকটি ক্ষেত্রে ডাক্তার রয়েছে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মন্ত্রী মহাশয় জানালেন, ৩১৯টির মধ্যে ২৭৫টিতে এম বি বি এস ডাক্তার রয়েছে এবং বাকিগুলোতে এম বি বি এস নেই। আমার প্রশ্ন হচ্ছে এম বি বি এস ডাক্তাররা যাতে গ্রামাঞ্চলে বাধ্যতামূলকভাবে ৫ বছরের জন্য যায় তার জন্য রুর‍্যাল হেলথ সার্ভিস স্কীম চালু করবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** বাধ্যতামূলকভাবে রুর‍্যাল হেলথ সার্ভিস স্কীম-টি চালু করবার বিষয় বিবেচনাধীন রয়েছে এবং এর আইনগত একটা পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন, হাসপাতালে ডাক্তার রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, আপনি কুচবিহার জেলার এরকম সংবাদ রাখেন কি যে, সংশ্লিষ্ট ডাক্তার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সঙ্গে যুক্ত রয়েছে কিন্তু তিনি কাজ করেন জেলা হাসপাতালে এবং মাঝে মাঝে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এসে শুধু বেতন নিয়ে যাচ্ছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** সব হাসপাতালে ডাক্তার রয়েছে একথা আমি বলিনি। আমি বলেছি

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার রয়েছে। কোথাও ১জন রয়েছে এবং যেখানে একাধিক থাকার কথা সেখানে হয়ত তা নেই। তবে আপনি কুচবিহার জেলার যে বিশেষ ঘটনার কথা বললেন সেটা আমার জানা নেই, আমি খোঁজ নেব।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন ২৭৫টি হাসপাতালে এম বি বি এস ডাক্তার রয়েছে। বাকি হাসপাতালগুলোতে কি তাহলে হাতুড়ে ডাক্তার রয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** তাঁরা এল এম এফ ডাক্তার।

**খড়্গাপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত বেকার**

*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৪।) **শ্রী কৃষ্ণদাস রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত খড়্গাপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত বেকারের সংখ্যা কত;

(খ) ঐ তারিখ পর্যন্ত উক্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কতজনের নাম চাকরির জন্য সুপারিশ করিয়াছেন; এবং

(গ) তন্মধ্যে, কতজন সুপারিশকৃত বেকারের চাকরি হইয়াছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ১৯৭৮ সালের ৩১শে ডিসেম্বর, পর্যন্ত খড়্গাপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে বৈধ তালিকাভুক্ত বেকারের সংখ্যা ৭৫ হাজার ৮ শত ১৪। ১৯৭৯ সালের হিসাব এখনই সংগ্রহ করা সম্ভব নয়।

(খ) ১৯৭৮ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ৬ হাজার ৬ শত ৫০ জনের নাম চাকুরির জন্য সুপারিশ করিয়াছেন।

(গ) সুপারিশকৃত বেকার ব্যক্তিগণের মধ্যে ৩৯ জনের চাকুরি হইবার খবর এ পর্যন্ত পাওয়া গিয়াছে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি বললেন, ১৯৭৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ওই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জেও ৭৫ হাজার ৮১৪ জন নাম লিখিয়েছেন। এবং তার মধ্য থেকে ৬ হাজার ৬৫০ জনের নাম চাকুরির জন্য সুপারিশ করা হয়েছিল এবং তার মধ্যে ৩৯ জনের চাকুরি হয়েছে। আমার প্রশ্ন হল, বাকি লোকগুলোর কি হল?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যে নাম দেওয়া হয় তার সবটাই গভর্নমেন্টের জন্য নয়, বেসরকারি ক্ষেত্রেও কিছু নেয়। কিন্তু কথা হল যাকে বলে কমপালসরি নোটিফিকেশন সেটা তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয় অর্থাৎ তাঁরা কতগুলি নিলেন সেই খবর তাঁরা গভর্নমেন্টকে জানাতে বাধ্য নন।

**শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ৩৯ জন চাকরী পেয়েছে, কত শূন্য পদের জন্য এই ৬৬৫০ জনকে সুপারিশ করা হয়েছিল?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় সদস্যর প্রশ্নটা আমি বুঝতে পারছি কিন্তু এই বিষয় এখন বলা সম্ভব নয়।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, স্কুল বোর্ডের মাধ্যমে যে সমস্ত শিক্ষক নিয়োগ করা হয়েছে, তাদের কাছে এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম যায়নি বা গেলেও তা কার্যকর হয়নি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** প্রত্যেকটি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সাথে একটি করে তদারকী কমিটি আছে। সেখানে শুধু সি. পি. এমই নয়, ঐ অঞ্চলের যে সমস্ত এম. এল. এরা আছেন, ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের জুরিসিডিকশনে যে সমস্ত এম. এল. এ. আছেন তাঁরা এই তদারকী কমিটির সভ্য, তারা দেখতে পারেন, রিভাইস করতে পারেন, সুপারভাইস করতে পারেন এবং আমার কাছে কোনও রিপোর্ট দিলে নিশ্চয়ই আমি সেটা বিচার করব।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি বললেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সঙ্গে একটি করে তদারকী কমিটি আছে এবং সেই অঞ্চলের এম. এল. এরা সকলেই সেই কমিটির সভ্য এটা কি ঠিক কথা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমার যতদূর জানা আছে তারা সকলেই সেই কমিটির সদস্য। যদি কোথায় কোনও একসেপশন থাকে আমাকে জানালে সেটা ইনক্লুড করব।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** এই যে ৭৫৮১৪ জনের মধ্যে ৬৬৫০ জনকে পাঠান হল এর বেসিসটা কি, কি বেসিসে হয় সেই রকম কোনও ডাইরেকটিভ আছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** হ্যাঁ, নিশ্চয়ই আছে, অ্যাকর্ডিং টু রিক্রুটমেন্ট পলিসি, একটা হচ্ছে অন দি বেসিস অব সিনিয়ারিটি, এটাই মেন, আর একটা হচ্ছে একজেমটেড ক্যাটিগোরি, এই সব মিলিয়ে গিয়েছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৬৬৫০ জনের নাম পাঠানো হয়েছিল তার মধ্যে মাত্র ৩৯ জনের চাকরি হয়েছে, তাহলে মন্ত্রী মহাশয় কি মনে করেননা যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি দেবার যে ঘোষিত নীতি যে তার মধ্যে থেকে শতকরা ৭৫ জনকে নিতে হবে এই নীতি লঙ্ঘিত হচ্ছে কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** প্রথমত আমি একথা বলিনি যে মাত্র ৩৯ জনের চাকরি হয়েছে, আমি বলছি যে এখন পর্যন্ত যে খবর পাওয়া গিয়েছে তাতে ৩৯ জন চাকরি পেয়েছে। এছাড়া আর কেউ চাকরি পায়নি তা নয়, আমার কাছে পুরো সংখ্যা নেই বলে এটা বলতে পারছিনা। তবে উনি যে প্রশ্ন করেছেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ৭৫ ভাগ নেওয়া হচ্ছে কিনা সেটা সেখানকার যে স্থানীয় সুপারভাইসরি কমিটি আছে তারা সেটা তদারক করে দেখতে পারেন।

**শ্রী নানুরাম রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যারা চাকরি পেয়েছে তারা সবাই ভাতা পেত কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** এই প্রশ্নের সঙ্গে এই প্রশ্ন আসেনা।

**শ্রী হবিবুর রহমান :** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন একটি প্রশ্নের উত্তরে যে স্কুল বোর্ডে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম গেলেও কারও চাকরি হল কি হলনা সেই সব দেখার বা গাইড করার অধিকার এই কমিটির আছে। আমার প্রশ্ন মন্ত্রী মহাশয়ের কাছে যে সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টে চাকরির জন্য যে নাম পাঠানো হচ্ছে তাদের চাকরি হল কি হলনা তা দেখা এই কমিটির সভ্যদের এক্তিয়ারভুক্ত কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** নিশ্চয়ই এক্তিয়ারভুক্ত। তদারকী কমিটি তারা সব বিষয় খবর নিতে পারে, এনকোয়ারি করতে পারে।

**শ্রী হবিবুর রহমান :** গভর্নমেন্টে-এর বিভিন্ন ডিপার্টমেন্ট চাকরির জন্য যে সব নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে পাঠানো হয় তাদের চাকরি হল কিনা তা দেখার এক্তিয়ার এই কমিটির নেই, সেটা আপনি ইনক্লুড করবেন কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** আমার কাছে স্পেসিফিক কমপ্লেন করলে নিশ্চয়ই করে দেব।

**বেয়ার-ফুটেড ডক্টর**

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৭।) **শ্রী সন্তোষকুমার দাস :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতজন বেয়ার-ফুটেড ডক্টর নিযুক্ত আছেন;

(খ) তাঁহাদের বর্তমান মাসিক কত টাকা ভাতা দেওয়া হয়; এবং

(গ) তাঁহাদের কাজ দেখাশোনা কে বা কাহারা করেন?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কোনও Barefooted doctor নিযুক্ত নেই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না। আমার মনে হয় Community Health Worker সম্বন্ধে বোধ হয় জানতে চাইছেন। যদি সাপ্লিমেন্টারি করেন তো উত্তর দিতে পারি।

**শ্রী সন্তোষকুমার দাস :** এই যে ৫০ টাকা হারে ভাতা দিয়ে ১৯৭৮-৭৯ সালে বিভিন্ন জায়গায় ডাক্তার নিযুক্ত করা হচ্ছে, কেন্দ্রীয় সরকার টাকা দিয়ে সাহায্য করছেন, তাদের সম্বন্ধে একটু জানাবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য :** এঁরা ডাক্তার নন, এঁরা হচ্ছেন কমিউনিটি হেলথ ওয়ারকার। এঁদের

প্রধান কাজ হচ্ছে গ্রামে পাবলিক হেলথের কাজকর্ম দেখাশুনা করা। এঁরা হচ্ছে স্বেচ্ছাসেবক, সরকারি কর্মচারী নয়, এই স্বেচ্ছাসেবকদের কাজ কর্ম দেখাশুনা করার দায়িত্ব মূলত গ্রামবাসীদের, তাঁরাই ঠিক করে দেবেন কি কাজ করবেন। এঁরা গ্রামে বিভিন্ন ধরনের যে জনস্বাস্থ্য সংক্রান্ত সমস্যা আছে সেগুলির কি করে সুরাহ করা যায়, সেগুলি দেখবেন। সাব সেন্টারে জুনিয়ার নার্স—বলুন, মাল্টি পারপাস ওয়ার্কার বলুন কি হেলথ অ্যাসিস্ট্যান্ট বলুন, এই নাম থাকবে। এদের তদারকি গ্রামের লোকেই করব। এই স্বেচ্ছাসেবকরা গ্রামের লোকের স্বাস্থ্যের খবরাখবর নেবে, যদি কিছু সামান্য অসুখ বিসুখ হয়, যাকে বলা যায় কমন এইলমেন্ট, সেক্ষেত্রে একটা ঔষুধ দেয়, তার জন্য তাদের ঔষুধের একটা কিট দেওয়া হয়, মামুলি ধরনের অসুখ, ধরুন পেট খারাপ, ইনফ্লুয়েঞ্জা, এই ধরনের অসুখে তারা ঔষুধ দেবে। কিন্তু এদের মূল কাজ হল পাবলিক হেলথ ওয়ার্ক—ইমুনাইজ করা, কলেরার টিকা দেওয়া, প্রাইমারী ভ্যাক্সিনেশন দেওয়া, বসন্তের টিকা দেওয়া, এই সমস্ত ব্যাপারে সাহায্য করেন এবং কোনও বাড়িতে যদি কেউ গুরুতর অসুস্থ হয়ে পড়ে তবে তাকে কাছাকাছি হেলথ সেন্টারে বা হাসপাতালে পাঠিয়ে দেবার ব্যবস্থা করেন, এবং এঁরা এই ধরনের কাজ করে থাকেন।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** এদের কে নিযুক্ত করছেন এবং এঁরা কাজ কর্ম করছেন কিনা সেটা দেখাশুনা করছেন কে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এঁরা হচ্ছেন কমিউনিটি ওয়ারকার, এদের রিক্রুট করেন সি. এম. ও ইন কন্সাল্টেশন উইথ এম. এল. এ. এবং গ্রামে যে সমস্ত চাষী সংগঠন আছে তাদের সঙ্গে পরামর্শ করে এদের সিলেকশন করা হচ্ছে, এখন শুরু হয়েছে এবং এখন পর্যন্ত অনেক বাকি আছে।

**জেলা হাসপাতালে রোগী পরিবহন ব্যবস্থা**

***১৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৮।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জেলাসমূহের স্বাস্থ্যকেন্দ্রগুলির অ্যাম্বুলেন্স অচল হলে প্রয়োজন অনুসারে উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলি থেকে জেলা হাসপাতালে রোগী পরিবহনের বিষয়ে বিশেষ অসুবিধা সৃষ্টি হয়; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত অসুবিধা দূর করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণের বিষয়ে চিন্তা করছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) অ্যাম্বুলেন্স মেরামতের কাজ ত্বরান্বিত করা হচ্ছে। এছাড়া যে ক্ষেত্রে সম্ভব, নিকটবর্তী জেলা বা মহকুমা হাসপাতাল থেকে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা হয়।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** প্রাইমারি হেলথ সেন্টার থেকে সাব-ডিভিসনাল হসপিটালে কি করে কনভে করবে? সুহজ ব্যবস্থা কি আছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** কিছু গ্রামীণ হাসপাতালে বা স্বাস্থ্যকেন্দ্র যেগুলো ৫০ বা ওই রকম শয্যাবিশিষ্ট হাসপাতাল বা ওই রকম হাসপাতালে অনেক সময় থাকে। তাছাড়া খবর দেওয়ার জন্য টেলিফোনে বলা যায় বা লোক পাঠান যেতে পারে। সেরকম ক্ষেত্রে অনেক সময় অ্যাম্বুলেন্স পাওয়া যায় যদি অ্যাম্বুলেন্স সচল থাকে।

**Mr. Speaker :** Question hour is over.

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### যক্ষ্মাকেন্দ্র

*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৫।) **শ্রী নির্মলকুমার বসু ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে ১৫ লক্ষ লোকপিছু একটি করে জেলা যক্ষ্মাকেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত প্রকার কতগুলি কেন্দ্র স্থাপন করা হবে; এবং

(গ) উক্ত কেন্দ্রগুলিতে কি কি কাজ হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### মধ্যমগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*১৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৭।) **শ্রী সরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মধ্যমগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে ৫০টি শয্যাযুক্ত হাসপাতালে রূপান্তরিত করার কোনও পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**ভীমপুর সহায়ক স্বাস্থ্যকেন্দ্র**

***১৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৬।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিগত সরকার বীরভূম জেলার ভীমপুর সহায়ক স্বাস্থ্যকেন্দ্রটি সম্প্রসারণ করে ৬-শয্যাবিশিষ্ট করার সিদ্ধান্ত নিয়েছিলেন; এবং

(খ) অবগত থাকিলে, ঐ কাজ বর্তমানে কতদূর অগ্রসর হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ভীমপুর উপ-স্বাস্থ্য কেন্দ্রটি (Subsidiary Health Centre) পথ্যবিহীন ২-শয্যা বিশিষ্ট কেন্দ্র হিসাবে তৈরি হয়ে গিয়েছে। এই কেন্দ্রটিকে ৬-শয্যা বিশিষ্ট কেন্দ্রে পরিণত করার জন্য যে অতিরিক্ত কাজ অনুমোদন করা হয়েছে, তা এখনও শুরু হয়নি।

**হাসপাতাল ধর্মঘট**

***১৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৭।) **শ্রী জন্মেঞ্জয় ওঝা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গে কতগুলি হাসপাতালে মোট কতবার ডাক্তার, হাউস স্টাফ ও বিভিন্ন শ্রেণীর কর্মচারিদের ধর্মঘট হয়েছে; এবং

(খ) উক্ত ধর্মঘটের কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৫টি হাসপাতালে মোট ১৮ বার বিভিন্ন শ্রেণীর কর্ম্মচারিদের কর্ম্মবিরতি ১৯৭৮ সালে হইয়াছে।

(খ) হাসপাতালের কর্ম্মচারিদের উপর হামলাবাজি ও নিগৃহীত হওয়াই উক্ত কর্ম্মবিরতির কারণ।

## অকেজো নলকূপ

***১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৯।) শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের গ্রামগুলিতে বহু নলকূপ অকেজো অবস্থায় পড়ে আছে;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, এগুলি মেরামতের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন; এবং

(গ) বর্তমান বৎসরে ব্লকভিত্তিতে গড়ে কয়টি নলকূপ খনন ও পুনঃখননের পরিকল্পনা সরকারের আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান আর্থিক বৎসরে ব্লক পিছু ৫টি নলকূপ কূপ পুনঃ স্থাপনের কাজ সরকারি অনুমোদন দেওয়া হয়েছে। এ ছাড়া নলকূপ কূপ মেরামতির সংস্কারের অন্য রাজ্য সরকার বর্তমান আর্থিক বছরে ব্লক পিছু ৮,০০০ টাকা করে মঞ্জুর করেছেন। মেরামতি সংস্কারের কাজ চলছে। অধিকন্তু সঠিক খবর পেলে ৭ দিনের মধ্যে সামান্য মেরামতি দ্বারা অকেজো নলকূপ চালু করা হয়।

(গ) ব্লক ভিত্তিক ১০টি নলকূপ কূপ খনন এবং ৫টি নলকূপ কূপ পুনঃ খননের সংস্কারের অনুমোদন দেওয়া হয়েছে।

## কারখানায় লক-আউট

***১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০।) শ্রী সুনীতি চট্টরাজ :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৭৭-৭৮ সালে পশ্চিমবঙ্গে কতগুলি কারখানা লক-আউট হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৭৭ সালে ১৯১টি ক্ষেত্রে ১৯৭৮ সালে ২০২টি ক্ষেত্রে লক-আউট ঘটে। এই হিসেবের মধ্যে আগে থেকে শুরু হলেও ১৯৭৭ সালে বহাল থাকা ৪১টি লক-আউটের ঘটনা এবং অনুরূপ ভাবে আগে সংঘটিত অথচ ১৯৭৮ সালে বহাল থাকা ৫১টি লক-আউটের ঘটনা অন্তর্ভুক্ত রয়েছে।

## দূষিত গঙ্গার জল

***১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯।) শ্রী রজনীকান্ত দোলুই :** স্বাস্থ্য ও পরিবার

কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতার কাছাকাছি গঙ্গার (হুগলি নদী) জল ক্রমশ দূষিত হয়ে উঠেছে; এবং

(খ) সত্য হলে,—

(১) উহার কারণ কি, ও

(২) সরকার উহার প্রতিকারের বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হুগলি নদীর কোন কোন অঞ্চলের জলে বিশুদ্ধতার অভাব দেখা যায়।

(খ) (১) নদীর উজানে বিশুদ্ধ জল প্রবাহের স্বল্পতা এবং কলকারখানা ও সাধারণের আবাসস্থলগুলি হইতে নির্বিচারে আর্বজনা যুক্ত জল ছাড়া—

(২) সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে পশ্চিমবঙ্গ প্রিভেনশন অ্যাণ্ড কন্ট্রোল অব ওয়াটার পল্যুশন বোর্ড বরানগর, পলতা শ্রীরামপুর এবং উত্তরপাড়াতে ৪টি মনিটরিং স্টেশন স্থাপন করেছেন। ওই স্টেশনগুলি থেকে নিয়মিতভাবে শিল্প ও পৌর প্রতিষ্ঠানগুলির নিক্ষিপ্ত আর্বজনাযুক্ত জলের নমুনা সংগ্রহ করে পরীক্ষা করে দেখা হয় এবং আইন-অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়।

### প্রাইভেট বাসকর্মীদের নিম্নতম মজুরি পুনর্বিন্যাস

*১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৯।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রাইভেট সেক্টরে বাস মালিকদের অধীনে চালু বাসকর্মীদের ১৯৬৯ সালে চালু নিম্নতম মজুরি পুনর্বিন্যাসের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ, আছে।

### বরোয়াঁ ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

*১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫২।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বরোয়াঁ ব্লকে গ্রামীণ হাসপাতাল এবং সুন্দরপুর গ্রামে (বরোয়াঁ ব্লক) উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) প্রস্তাব থাকিলে, বর্তমানে তাহা কোন পর্যায়ে আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**পরিবার নিয়ন্ত্রণ প্রকল্প**

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৬।) **শ্রী নির্মলকুমার বসু ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জন্মহার রোধের জন্য বর্তমান সরকার কোনও নূতন পরিকল্পনা গ্রহণ করেছেন কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, জুন, ১৯৭৭-এর পূর্বে অনুসৃত পরিবার নিয়ন্ত্রণ প্রকল্পের সঙ্গে বর্তমান প্রকল্পের পার্থক্য কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, কেন্দ্রীয় সরকার জন্ম নিয়ন্ত্রণের ক্ষেত্রে একটি নূতন পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) (১) বর্তমান প্রকল্পে ১৯৭৮-৭৯ সালের পরিবর্তে ১৯৮২-৮৩ সালের মধ্যে জন্মহার হাজার প্রতি ৩০ এ নামিয়ে আনার লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে।

(২) বর্তমান প্রকল্পের রূপায়ণে কোনও পুরুষ বা মহিলার sterilization এর জন্য অস্ত্রোপাচারের ক্ষেত্রে জোর জবরদস্তির স্থান নাই। অস্ত্রোপচারের সুযোগ গ্রহণ করা বা না করা সম্পূর্ণরূপে জনসাধারণের ইচ্ছাধীন।

**বারাসাত হাসপাতালকে জেলা হাসপাতালে রূপান্তরিত করার প্রস্তাব**

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৮।) **শ্রী সরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ষিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনা জেলার বারাসাত হাসপাতালকে "জেলা হাসপাতালে" রূপান্তরিত করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) বারাসাতকে জেলার সদর মহকুমা বলে ঘোষণা করবার পর এ বিষয়ে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

**মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তি**

***২০২।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৪।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মেডিক্যাল কলেজগুলিতে ছাত্র ভর্তির ব্যাপারে জেলাভিত্তিক কোটা করার কথা সরকার চিন্তা করছেন কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

**মুরারই যক্ষ্মা হাসপাতাল**

***২০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৭।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিগত সরকার বীরভূম জেলার মুরারই-এ ২০-শয্যাবিশিষ্ট একটা যক্ষ্মা হাসপাতাল মঞ্জুর করিয়াছিলেন;

(খ) অবগত থাকিলে, কবে নাগাদ উক্ত হাসপাতালের নির্মাণ কার্য আরম্ভ হইবে; এবং

(গ) উক্ত হাসপাতাল নির্মাণকল্পে মোট কত টাকা খরচ হইবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐরূপ কোনও যক্ষ্মা হাসপাতাল মঞ্জুর করেন নাই। তবে গত ১৯৭৭ সালের ফেব্রুয়ারিতে ২০ শয্যা বিশিষ্ট টি. বি. ওয়ার্ড সমেত একটি ৬০ শয্যা বিশিষ্ট গ্রামীণ হাসপাতাল স্থাপন মঞ্জুর করেছেন।

(খ) উক্ত গ্রামীণ হাসপাতালের নির্মাণ কার্য ১৯৭৭ সালেই আরম্ভ হয়েছে।

(গ) এই গ্রামীণ হাসপাতাল প্রকল্পটির জন্য ১৩ লক্ষ ৯৪ হাজার টাকা ব্যয় হইবে।

**মেদিনীপুরে ডাক্তারবিহীন মেটারনিটি সেন্টার**

***২০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৬।) **শ্রী কৃষ্ণদাস রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ডাক্তারবিহীন মেটারনিটি সেন্টারের সংখ্যা কত;

(খ) উক্ত সেন্টারগুলিতে বর্তমানে কিভাবে রোগী দেখার কাজ চলছে;

(গ) উক্ত মেটারনিটি সেন্টারগুলিতে কবে নাগাদ ডাক্তার নিয়োগ করা হবে; এবং

(ঘ) উক্ত জেলায় কতগুলি মেটারনিটি সেন্টারে ডাক্তার আছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ম্যাটারনিটি সেন্টার নামে মেদিনীপুর জেলায় কোনও পৃথক সরকারি সংস্থা নেই। সুতরাং ডাক্তার বিহীনের কোনও প্রশ্ন ওঠে না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি, বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকে বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র কোন কোন জেলায় স্থাপিত হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| জেলা | প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা | সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা |
|---|---|---|
| চব্বিশপরগনা | ১ | ২ |
| বর্ধমান | ১ | ৮ |
| জলপাইগুড়ি | ১ | ৪ |
| নদীয়া | ১ | .. |
| মেদিনীপুর | ২ | ৯ |
| হুগলি | ১ | ৪ |
| হাওড়া | ২ | ৪ |
| বীরভূম | .. | ১ |
| বাঁকুড়া | .. | ৩ |
| মালদহ | .. | ৩ |
| মুর্শিদাবাদ | .. | ৩ |

| জেলা | প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা | সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা |
|---|---|---|
| কোচবিহার .. .. .. .. | ১ | ১ |
| পশ্চিম দিনাজপুর .. .. .. .. | .. | ২ |
| পুরুলিয়া .. .. .. .. | .. | ৬ |
| দার্জিলিং .. .. .. .. | .. | ৩ |
| মোট .. | ১০ | ৫৩ |

## দুর্গাপুর-মুরারই পথে সরকারি বাস প্রবর্তন

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৫১।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জাইবেন কি—

(ক) দুর্গাপুর-মুরারই পথে দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহন নিগমের বাস প্রবর্তনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে এইরূপ কোনও পরিকল্পনা বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## রামপুরহাট মহকুমার ব্লকসমূহে সরকারি খাস জমি বণ্টন

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সর্বশেষ তথ্য অনুযায়ী রামপুরহাট মহকুমায় কোনও সমষ্টি উন্নয়ন এলাকায় কত জমি সরকারের খাসে আসিয়াছে;

(খ) তন্মধ্যে কত পরিমাণ জমি কতজনের মধ্যে (১) ১৯৭৭ সালে, (২) ১৯৭৮ সালে বণ্টন করা হইয়াছে;

(গ) প্রত্যেকটি সমষ্টি উন্নয়ন এলাকায় সরকারের খাসে আসা অকৃষি জমির পরিমাণ কত; এবং

(ঘ) তন্মধ্যে কোথায় কত পরিমাণ জমি বাস্তুগৃহ নির্মাণের জন্য বন্টন করা হইয়াছে?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বিধানসভার প্রশ্নটির উত্তরে একটি বিবরণ এতৎসহ পেশ করা হইল।

*Statement referred to in reply to unstarred question No. 43 (Admitted question No. 56)*

| Name of the C.D. Blocks of Rampurhat subdivision | As per latest available information area of land vested in each C.D. Block of Rampurhat subdivision | | Area of vested land distributed during 1977 and 1978 separately with number of beneficiaries | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 1977 | | | | 1978 | | | |
| | | | Agriculture | | Non-agriculture including homestead | | Agriculture | | Non-agriculture including homestead | |
| | Area | Non-agri | Agri. | Benefi-ciaries | Area | Benefi-ciaries | Area | Benefi-ciaries | Area | Benefi-ciaries |
| 1 Rampurhat-I .. | 1,604.11 | 1,951.91 | 30.38 | 52 | 0 68 | 19 | 65.12 | 159 | .. | .. |
| 2. Rampurhat-II .. | 676.14 | 611.37 | 2 61 | 10 | .. | . | 21.89 | 79 | .. | .. |
| 3. Mayureswar-I .. | 1,072.99 | 924.84 | 30.18 | 64 | 0.19 | 4 | 104.67 | 224 | .. | .. |
| 4. Mayureswar-II .. | 760.15 | 540.44 | 27.49 | 78 | 0.73 | 18 | 17 12 | 58 | 1.15 | 26 |
| 5. Nalhati-I .. | 1,386.17 | 2.103.84 | 61.58 | 124 | .. | . | 12.73 | 54 | .. | .. |
| 6. Nalhati-II .. | 417 17 | 51.31 | 24 44 | 112 | .. | .. | 9.60 | 22 | .. | .. |
| 7. Murarai-I .. | 862.43 | 913.49 | 0.75 | 5 | 0.21 | 7 | 14.54 | 28 | .. | .. |
| 8. Murarai-II .. | 1,082.84 | 706.00 | 14 07 | 23 | .. | .. | 46.12 | 139 | 0.09 | 3 |

**রামপুরহাট ফৌজদারি আদালতে দায়েরকৃত পুলিশ মামলা**

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮১।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালের জানুয়ারি হইতে ১৯৭৮ সালের ডিসেম্বর পর্যন্ত রামপুরহাট ফৌজদারি আদালতে দায়েরকৃত পুলিশী মামলার সালওয়ারী সংখ্যা কিরূপ;

(খ) তন্মধ্যে, কতগুলি মামলার (১) নিষ্পত্তি হইয়াছে ও (২) শুনানী স্থগিত আছে;

(গ) তিন বা ততোধিক বৎসর পূর্বে দায়েরকৃত অমীমাংসিত পুলিশী মামলার সংখ্যা কত; এবং

(ঘ) দীর্ঘদিন ধরিয়া বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করিতেছেন কি?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৬৮ সালের জানুয়ারি মাস হইতে ১৯৭৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সালওয়ারী মামলার সংখ্যা নিম্নে দেওয়া হইল ঃ

| | |
|---|---|
| ১৯৬৮ | ২,৬৪৩ |
| ১৯৬৯ | ২,২৬৬ |
| ১৯৭০ | ২,৩৩৮ |
| ১৯৭১ | ১,৯০৬ |
| ১৯৭২ | ২,৩৮২ |
| ১৯৭৩ | ২,২৭৫ |
| ১৯৭৪ | ১,৭৫৮ |
| ১৯৭৫ | ২,০৬৮ |
| ১৯৭৬ | ২,৯৫৮ |
| ১৯৭৭ | ৩,১৩৭ |
| ১৯৭৮ | ২,৫৯৭ |

(খ) (১) নিষ্পত্তিকৃত মামলার সালওয়ারী সংখ্যা নিম্নে দেওয়া হইল ঃ

| | |
|---|---|
| ১৯৬৮ | ২,৬২৩ |
| ১৯৬৯ | ২,২৫০ |
| ১৯৭০ | ২,২২৯ |
| ১৯৭১ | ১,৭০৮ |
| ১৯৭২ | ২,২৪৬ |
| ১৯৭৩ | ২,০৪৬ |
| ১৯৭৪ | ১,৪৯৭ |
| ১৯৭৫ | ১,৬৮৯ |
| ১৯৭৬ | ২,৬২৩ |
| ১৯৭৭ | ২,৭৪৭ |
| ১৯৭৮ | ২,০০৬ |

(২)

| | |
|---|---|
| ১৯৬৮ | ২০ |
| ১৯৬৯ | ১০ |
| ১৯৭০ | ১০৯ |
| ১৯৭১ | ১৯৮ |
| ১৯৭২ | ১৩৬ |
| ১৯৭৩ | ২২৯ |
| ১৯৭৪ | ২৬১ |
| ১৯৭৫ | ৩৭৯ |
| ১৯৭৬ | ৩৩৫ |
| ১৯৭৭ | ৩৯০ |
| ১৯৭৮ | ৫৯১ |

(গ)

| | |
|---|---|
| ১৯৬৯ .. .. .. .. .. | ২ |
| ১৯৭০ .. .. .. .. .. | ৬ |
| ১৯৭১ .. .. .. .. .. | ১০ |
| ১৯৭২ .. .. .. .. .. | ১১ |
| ১৯৭৩ .. .. .. .. .. | ৯ |
| ১৯৭৪ .. .. .. .. .. | ৩ |
| ১৯৭৫ .. .. .. .. .. | ৬ |

(ঘ) দীর্ঘদিন ধরিয়া বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য হাইকোর্ট সর্বতোভাবে চেষ্টা করিতেছেন। অতিরিক্ত আদালত স্থাপন ও অতিরিক্ত বিচারক নিয়োগ সরকারের বিবেচনাধীন।

**নির্বাচনের জন্য নির্বাচক তালিকা প্রণয়ন**

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পৌর প্রতিষ্ঠানসমূহের পরবর্তী নির্বাচনের জন্য নির্বাচক তালিকা প্রণয়নের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা;

(খ) গ্রহণ করিয়া থাকিলে, উক্ত কাজ কবে নাগাত শুরু হইবে ও কিসের ভিত্তিতে নির্বাচক তালিকা প্রণীত হইবে;

(গ) উক্ত নির্বাচনের জন্য মহল্লা (ওয়ার্ড) সমূহের এলাকা ও পৌর প্রতিষ্ঠানের সদস্যসংখ্যা পরিবর্তনের কোনও সম্ভাবনা আছে কিনা; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কিসের ভিত্তিতে ঐ পরিবর্তন করা হইবে?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) আগামী এপ্রিল মাস (১৯৭৯) নাগাদ উক্ত কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়। উক্ত নির্বাচক তালিকা সর্বনিম্ন বয়স ১৮ বৎসরের ভিত্তিতে প্রণীত হইবে।

(গ) কতকগুলি পৌর প্রতিষ্ঠানের কেবলমাত্র মহল্লা (ওয়ার্ড) সমূহের এলাকা পুনর্বিন্যাসের সম্ভাবনা আছে। সদস্য-সংখ্যা পরিবর্তন করা হইবে না।

(ঘ) নিয়মানুযায়ী প্রত্যেক পৌর সভার ওয়ার্ডগুলিতে ভোটার সংখ্যার মোটামুটি সমতা থাকা প্রয়োজন। যে যে পৌর সভার ওয়ার্ডগুলিতে ভোটার সংখ্যার বিশেষ বৈষম্য আছে সেই সেই পৌর সভার ওয়ার্ডগুলির এলাকা পুনর্বিন্যাস করা হইবে যাহাতে ভোটার সংখ্যার মোটামুটি সমতা রক্ষা করা যায়।

## কল্যাণী স্পিনিং মিলে লোকসান

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫।) **শ্রী সরল দেব** ঃ সরকারি সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলের ১৯৭৫-৭৬ জানুয়ারি হইতে ডিসেম্বর অবধি আনুমানিক মাসিক লোকসান কত ছিল;

(খ) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৭৮ সালের জুন মাস অবধি প্রতি মাসে আনুমানিক কত লোকসান হইয়াছে; এবং

(গ) উক্ত লোকসান বন্ধ করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**সরকারি সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৭৫ ও ১৯৭৬ এই দুই ক্যালেণ্ডার বছরের বদলে ১৯৭৫-৭৬ ও ১৯৭৬-৭৭ এই দুই আর্থিক বছর (১লা এপ্রিল হইতে ৩১এ মার্চ)-এর গড়পড়তা মাসিক নিট লোকসানের পরিমাণ এইরূপ ঃ

১৯৭৫-৭৬—২০.৯১ লক্ষ টাকা।

১৯৭৬-৭৭—১৬.৮৮ লক্ষ টাকা।

(খ) গড়ে ১৯.৬৬ লক্ষ টাকা। অবশ্য পরবর্তী ছয় মাসে গড়পড়তা মাসিক লোকসানের পরিমাণ কমে দাঁড়ায় ১৭.৮৮ লক্ষ টাকা।

(গ) হ্যাঁ।

## ওয়াকফ সম্পত্তির অন্তর্গত জবরদখলীকৃত সম্পত্তি

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০১।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা বাদে পশ্চিমবঙ্গের অবশিষ্ট জেলাগুলিতে কোন কোন মসজিদ, ইদগাহ, কবরস্থান জবরদখলীকৃত আছে;

(খ) উক্ত সম্পত্তিসমূহ কোন কোন ওয়াকফ সম্পত্তির অন্তর্গত এবং তাহাদের ই. সি. নং কত ও মতোওয়াল্লীর নাম কি কি; এবং

(গ) উক্ত সম্পত্তিগুলি উদ্ধার করার জন্য সরকার কি কোনও আইনানুগ ব্যবস্থা অবলম্বন করেছেন?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) ওয়াকফ কমিশনারের অফিসের গোচরে যে সংবাদ আছে সেই অনুযায়ী বিস্তৃত পৃথক তালিকায় (অ্যানেক্সার) হিসাবে সংযুক্ত করা হইল।

(গ) সরকারের তরফ হইতে এ বিষয়ে কোনও আইনানুগ ব্যবস্থা নেওয়া সম্ভব নহে।

***Statement referred to in reply to clause 'Ka' and "Kha' of unstarred question No. 47 (Admitted question No. 201)***

## ANNEXURE

| Sl. No. | Name of Mosque, Idgah or burial ground which is under forcible occupation | The name of the Wakf and E. C. No. to which the property under reference belong and the name of Mutwalli |
|---|---|---|
| | **District Howrah** | |
| 1. | Bangalipara Mosque at Ashutosh Mukherjee Lane, Howrah | Not traced out |
| 2 | Mosque at 93 Jaynarayan Santra Lane, Howrah | do. |
| 3 | Mosque at 96 Sadar Bakshi Lane, Howrah | do |
| 4 | Mosque at 10 Sadar Bakshi Lane, Howrah | do |
| 5 | Mosque near Kasandia Road at 50 Nilratan Mukherjee Road, Howrah | do |
| 6 | Two mosques at Tandil Bagan, Howrah | do |
| 7 | Mosque at 7 Mirpara Lane, Howrah, The three mosques at 6 and 7 were unlawfully occupied by the Goalas | do |
| 8. | Idgah at Hazarhat Kalitola, Howrah, Measuring about one bigha | do. |
| 9. | Idgah at Bhairab Dutta Lane, Howrah measuring about two bighas The two Idgahs at 8 and 9 are under unlawful occupation of two local clubs and have been converted into playgrounds | do |
| 10 | Mosque at Howrah Road near Salt Gola | do |
| 11. | Mosque at Nandi Bagan, Howrah | |
| 12 | Mosque at Jhimli near Pilkhana, Howrah | do. |
| | **District 24-Parganas** | |
| 1 | Burial Ground—81 decimals—forcibly occupied by Protapgarh Sporting Club as football ground. | Un-enrolled. |
| | **District Jalpaiguri** | |
| 1. | Mosque at Old Police Line in Jalpaiguri town | Sadar Md Wakf ; E.C. No. 1764 |

### জগদীশ বসু রোড হইতে বেলেঘাটা পুল পর্যন্ত হকার স্টল উচ্ছেদ

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আচার্য জগদীশচন্দ্র বসু রোড হইতে বেলিয়াঘাটা পুল পর্যন্ত বেলিয়াঘাটা মেন রোডের উপরে হকারদের উচ্ছেদ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, কবে নাগাদ উচ্ছেদ করা হইবে;

(গ) উক্ত হকারদের বিকল্প পুনর্বাসন দেওয়া হইবে কি; এবং

(ঘ) উক্ত স্টলগুলির সংখ্যা সরকার কর্তৃক নির্ধারিত করা হইয়াছে কি?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) বিকল্প ব্যবস্থা লওয়া যাইতেছে।

(গ) হইবে।

(ঘ) হইয়াছে।

### পশ্চিমবঙ্গে হোমগার্ডদের বেতন বৃদ্ধি

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে হোমগার্ডদের বেতন বা ভাতার হার কত;

(খ) ঐ বেতন বা ভাতার হার বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি;

(গ) ইহা কি সত্য যে, এইসকল কর্মীর চাকরিতে কয়েক মাস অন্তর ছেদ দেওয়া হয়; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে দৈনিক ভাতা ৮ টাকা।

(খ) বর্তমানে ঐরূপ কোনও পরিকল্পনা সরকারের নাই। সম্প্রতি এগার মাস পূর্বেই এই ভাতা ৫ টাকা হইতে ৮ টাকা করা হইয়াছে।

(গ) হোমগার্ড সংস্থা স্বেচ্ছাসেবকদের লইয়া গঠিত এবং প্রয়োজনভিত্তিক সবাইকে নিয়োগ করা হয়। সুতরাং ইহাতে মাঝে মাঝে ছেদ পড়িতে পারে।

(ঘ) ইহা চাকরি নয়, সেইজন্য প্রশ্ন ওঠে না।

**কয়েদীদের দৈনিক বরাদ্দের পরিমাণ**

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বিচারাধীন ও সাজাপ্রাপ্ত ভিন্ন ভিন্ন শ্রেণীর কয়েদীদের দৈনিক মাথাপিছু চাল এবং আটা বরাদ্দের পরিমাণ কত; এবং

(খ) এই বরাদ্দ বৃদ্ধির কোনও প্রস্তাব সরকারের আছে কি?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিচারাধীন ও সাজাপ্রাপ্ত সর্বশ্রেণীর বন্দির জন্য মাথাপিছু দৈনিক চাল ও আটার পরিমাণ নিম্নরূপ ঃ

চাল—২৫০ গ্রাম।

আটা—৩৫০ গ্রাম।

(খ) বর্তমানে এরূপ কোনও প্রস্তাব নাই।

**জরুরি অবস্থায় ট্রাম ও বাসের ভাড়া বৃদ্ধি**

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জরুরি অবস্থা চলাকালীন কলকাতায় ট্রাম ও বাসের ভাড়া বৃদ্ধি করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে এই বর্ধিত ভাড়া হ্রাস করিবার কোনও প্রস্তাব সরকারের আছে কিনা?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) না।

**লক্ষ্মীকান্তপুর-নিশ্চিন্তপুর (জুসাইনস্কর) পর্যন্ত রাস্তায় বাস চলাচলের ব্যবস্থা**

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার কুলপী থানার লক্ষ্মীকান্তপুর হইতে নিশ্চিন্তপুর (জুসাইনস্কর) পর্যন্ত রাস্তায় বাস চলাচলের কোনও সিদ্ধান্ত নেওয়া হয়েছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, কবে নাগাদ এই রাস্তায় বাস চলাচল করবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐ রাস্তায় বাস চলাচলের প্রস্তাবটি বিবেচনাধীন আছে, তবে এখনও পর্যন্ত কোনও সিদ্ধান্ত নেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলকাতা রেন্ট কন্ট্রোল বাড়িভাড়া বাবদ জমা টাকার পরিমাণ**

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা রেন্ট কন্ট্রোলার অফিসে ১৯৭৭ এবং ১৯৭৮ সালে বাড়িভাড়া খাতে কত টাকা জমা পড়িয়াছে;

(খ) ১৯৭০ সাল হইতে বাড়িভাড়া খাতে জমা হওয়া কত টাকা ল্যাপ্সড ডিপোজিট হইয়া গিয়াছে;

(গ) উক্ত ল্যাপ্সড ডিপোজিট-এর টাকা কিভাবে ব্যয় করা হয়; এবং

(ঘ) উক্ত জমা টাকা ঐ ভাড়া বাড়িগুলির মেরামত কার্যে ব্যয় করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৭৭ সালে ৯৪,৯৫,৭৫৯.৭৩ টাকা এবং ১৯৭৮ সালে ১,০৫,২৮,৫৩১.৩১ টাকা জমা পড়িয়াছে।

(খ) বাড়িভাড়া খাতে জমা কোনও টাকাই ল্যাপ্সড ডিপোজিট হয় নাই।

(গ) ল্যাপ্সড ডিপোজিট-এর টাকা ব্যয় করার প্রশ্ন ওঠে না, কারণ প্রকৃত প্রাপক টাকা তুলিবার জন্য দরখাস্ত করিলে পশ্চিমবঙ্গের মহাগাণনিকের অনুমোদনক্রমে উহা তাহাকে প্রদান করা হয়।

(ঘ) 'গ' প্রশ্নটির উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন ওঠে না।

### গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণকারীদের পেনশন

**৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৮।) শ্রী অমলেন্দ্র রায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণকারী/অংশগ্রহণকারিণী পশ্চিমবঙ্গের কোন জেলায় কতজনকে—

(১) পেনশন মঞ্জুর করা হইয়াছে; এবং

(২) চাকরি দেওয়া হইয়াছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক আন্দোলনে যেসকল অংশগ্রহণকারী/অংশগ্রহণকারিণীকে পেনশন মঞ্জুর করা হয়েছে তাঁদের জেলাওয়ারি হিসাব নিচে দেওয়া হল ঃ

| | |
|---|---|
| চব্বিশপরগনা | ৩৪ |
| কলকাতা | ২১ |
| বর্ধমান | ১১ |
| হাওড়া | ৭ |
| হুগলি | ৬ |
| জলপাইগুড়ি | ৪ |
| নদীয়া | ৩ |
| মেদিনীপুর | ১ |
| বাঁকুড়া | ১ |

(২) এই কর্মসূচিতে চাকরি দেওয়ার কোনও প্রস্তাব নেই।

### রাজ্যে বন্ধ কলকারখানার সংখ্যা

**৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৪।) শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** বন্ধ ও রুগ্ন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত এই রাজ্যে কতগুলি কলকারখানা বন্ধ রহিয়াছে;

(খ) ১৯৭৭ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত এই সংখ্যা কতগুলি ছিল; এবং

(গ) ১৯৭৮ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত কতগুলি বন্ধ কারখানা চালু হইয়াছে এবং জেলাভিত্তিক তাহাদের সংখ্যা কত?

**বন্ধ ও রুগ্ন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকারের শ্রম অধিকার হইতে প্রাপ্ত তথ্য হইতে দেখা যায় যে, ঐ সময়ে এই রাজ্যে মোট ৮৫টি কলকারখানা বন্ধ ছিল।

(খ) ২০৮।

(গ) ৭৩টি। নিম্নে তাহাদের জেলাভিত্তিক সংখ্যা দেওয়া হইল ঃ

| **জেলা** | | **কলকারখানার সংখ্যা** |
|---|---|---|
| কলিকাতা | .. .. .. | ২৭ |
| চব্বিশপরগনা | .. .. .. | ১৭ |
| নদীয়া | .. .. .. | ৪ |
| মুর্শিদাবাদ | .. .. .. | ১ |
| হাওড়া | .. .. .. | ১১ |
| হুগলি | .. .. .. | ৬ |
| বাঁকুড়া | .. .. .. | ১ |
| পুরুলিয়া | .. .. .. | ২ |
| দার্জিলিং | .. .. .. | ২ |
| জলপাইগুড়ি | .. .. .. | ২ |
| | **মোট** .. | ৭৩ |

**পাঁচলা ব্লকে রাস্তাঘাট নির্মাণ**

**৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং **৫১৬**।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭৭-৭৮ আর্থিক বৎসরে পাঁচলা ব্লকে রাস্তাঘাট নির্মাণ বাবদ কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হইয়াছে;

(খ) উক্ত সময়ে কোন কোন রাস্তার জন্য কত ব্যয় করা হইয়াছে;

(গ) উক্ত ব্লকের রাস্তার কার্যাদি দেখাশুনার ভার কোনও বিশেষ ব্যক্তির উপর অর্পণ করা হইয়াছিল কি; এবং

(ঘ) হইয়া থাকিলে, তাঁহার নাম ও পদমর্যাদা কি?

**পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৭৭-৭৮ সালে পাঁচলা ব্লকে রাস্তাঘাট নির্মাণের জন্য সি. এম. ডি. এ. কোনও ব্যয় বরাদ্দ করে নাই।

(খ) ঐ সময়ের পূর্বের বরাদ্দ থেকে পাঁচলা অঞ্চল পঞ্চায়েতের অধীনে মেজুটি ফেরীঘাট রোডটি সংস্কারের জন্য ৩৬,৬২১ টাকা খরচ করা হয়।

(গ) ও (ঘ) সি. এম. ডি. এ-র হাওড়া ভুক্তির (বি. আই. অ্যাণ্ড এম. এ. ডি.) তদানীন্তন নির্বাহী বাস্তুকার শ্রীযুক্ত শ্যামবিনোদ বন্দ্যোপাধ্যায়ের উপর উক্ত এলাকার কার্য দেখাশুনার ভার ন্যস্ত ছিল।

**পাঁচলা ব্লকের কিছু গ্রাম সি. এম. ডি. এ-র আওতায় আনার পরিকল্পনা**

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৯।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁচলা বিধানসভার কেন্দ্রের অন্তর্গত গঙ্গাধরপুর, জুজারসাহা, দেউলপুর, শুভর আড়া, বনহরিশপুর, জলাবিশ্বনাথপুর, নস্করপুর, ইসলামপুর, গোবিন্দপুর এবং পোলগুস্তিয়া গ্রাম পঞ্চায়েত এলাকাগুলি সি. এম. ডি. এ-র অধীনে আনার কোনও পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) ঐ এলাকাগুলির জন্য সি. এম. ডি. এ. ছাড়া অন্য কোনও উন্নয়ন প্রকল্পের কথা সরকার চিন্তা করিতেছেন কি?

**পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নতুন কোন অঞ্চল সি. এম. ডি. এ-র অধীনে আনার কোনও সিদ্ধান্ত লওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে এবং উন্নয়নমূলক অন্যান্য বিভাগের কার্যসূচি অনুসারে সমগ্র পশ্চিমবঙ্গে সার্বিক উন্নতির জন্য সরকার সচেষ্ট।

**নতুন উপনগরী স্থাপন**

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৩।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা ও শহরতলিতে ঘনবসতির সমস্যা তীব্র আকার ধারণ করিয়াছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত সমস্যা মোকাবিলার জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি?

**পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। কলকাতা এবং শহরতলিতে দীর্ঘকাল যাবৎ ঘনবসতির সমস্যা আছে।

(খ) নতুন উপনগরী স্থাপন করিয়া, নতুন রাস্তা বানাইয়া এবং মহানগর উন্নয়নের বিভিন্ন প্রকল্প মারফত সমস্যার মোকাবিলা করার চেষ্টা হইতেছে।

বিধাননগর (সল্ট লেক), বৈষ্ণবঘাটা-পাটুলী এবং পূর্ব কলকাতার উপনগরী স্থাপনের কাজ অল্পবিস্তর হইয়াছে। হাওড়ার কোনাতেও উপনগরী স্থাপনের কথা আছে।

ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেসওয়ে এবং ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস নির্মিত হলে ঘনবসতির চাপ কিছুটা কলকাতা হইতে কমতে পারে।

মহানগর এলাকার বাইরে শিল্প স্থাপনের জন্য উৎসাহ দেবার ব্যবস্থাও আছে।

হলদিয়া, খড়্গপুর, দুর্গাপুর ও আসানসোল এলাকার উন্নতিসাধন করিয়া কলকাতার উপর ঘনবসতির চাপ কমাইবার প্রচেষ্টাও আরম্ভ করা হইতেছে।

**বর্তমান বৎসরে যুবকেন্দ্র স্থাপন**

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮১।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে কোথায় কোথায় যুবকেন্দ্র স্থাপন করা হইয়াছে; এবং

(খ) সেখানে কি ধরনের কর্মসূচি গ্রহণ করা হইয়াছে?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই আর্থিক বৎসরে ১০০টি যুবকেন্দ্র স্থাপন করা হইয়াছে। এই ১০০টি যুবকেন্দ্রের তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) এই ১০০টি ব্লক যুব অফিসগুলিতে প্রারম্ভিক কাজ শুরু হইয়াছে। আশা করা যাইতেছে যে, আগামী আর্থিক বৎসরের শুরুতেই সকল কর্মী নিয়োগের পর পুর্ণোদ্যমে ঘোষিত কর্মসূচির সবগুলিই কার্যকর করা সম্ভব হইবে।

[ 1st March, 1979 ]

*Statement referred to in reply to clause 'Ka' of unstarred question No. 59 (Admitted question No. 681)*

| জেলা | | | ব্লক অফিস |
|---|---|---|---|
| (১) দার্জিলিং | .. | .. | (১) রঙ্গলি-রঙ্গলিয়াট |
| | | | (২) জোড়াবাংলো-সুখিয়াপুখরী |
| | | | (৩) কার্সিয়াং |
| | | | (৪) খড়ীবাড়ী-ফাঁসিদেয়া |
| (২) জলপাইগুড়ি | .. | .. | (১) রায়গঞ্জ |
| | | | (২) মাল |
| | | | (৩) ময়নাগুড়ি |
| | | | (৪) ধূপগুড়ি |
| | | | (৫) নাগরাকাটা |
| (৩) কোচবিহার | .. | .. | (১) দিনহাটা-১ |
| | | | (২) সিতাই |
| | | | (৩) মেখলিগঞ্জ |
| | | | (৪) হলদিবাড়ী |
| (৪) মুর্শিদাবাদ | .. | .. | (১) কান্দী |
| | | | (২) ভরতপুর |
| | | | (৩) বরঞা |
| | | | (৪) নবগ্রাম |
| | | | (৫) ভগবানগোলা |
| | | | (৬) রঘুনাথগঞ্জ-১ |
| (৫) মালদা | .. | .. | (১) হরিশচন্দ্রপুর-১ |
| | | | (২) রতুয়া-১ |
| | | | (৩) মানিকচক |
| | | | (৪) কালিয়াচক-১ |
| (৬) পশ্চিম দিনাজপুর | .. | .. | (১) কুমারগঞ্জ |
| | | | (২) হিলি |
| | | | (৩) চোপড়া |
| | | | (৪) ইসলামপুর |
| | | | (৫) গোয়ালপুকুর-১ |

| জেলা | ব্লক অফিস |
|---|---|
| (৭) বর্ধমান .. .. | (১) রায়না-১ |
| | (২) গলসী-১ |
| | (৩) মেমারী-১ |
| | (৪) মেমারী-২ |
| | (৫) বর্ধমান |
| | (৬) আউশগ্রাম-২ |
| | (৭) কাটোয়া-১ |
| | (৮) কেতুগ্রাম-১ |
| | (৯) মঙ্গলকোট |
| | (১০) কাঁকশা |
| (৮) নদীয়া .. . | (১) ছাপরা |
| | (২) নকাশীপাড়া |
| | (৩) করিমপুর |
| | (৪) শান্তিপুর |
| | (৫) হরিণঘাটা |
| (৯) বীরভূম .. | (১) সিউড়ী-১ |
| | (২) খয়রাশোল |
| | (৩) লাভপুর |
| | (৪) রামপুরহাট-১ |
| | (৫) নলহাটি-১ |
| | (৬) মুরারাই-১ |
| (১০) বাঁকুড়া .. .. | (১) ছাতনা |
| | (২) গঙ্গাজলঘাটি |
| | (৩) খাতরা-১ |
| | (৪) ইন্দপুর |
| | (৫) রায়পুর-১ |
| | (৬) কোটালপুর |
| | (৭) ইন্দাস |
| | (৮) সোনামুখী |

| জেলা | | | ব্লক অফিস |
|---|---|---|---|
| (১১) হুগলি | .. | .. | (১) ধনিয়াখালি |
| | | | (২) বলাগড় |
| | | | (৩) খানাকুল-১ |
| | | | (৪) পুরশুরা |
| | | | (৫) চণ্ডীতলা-১ |
| (১২) মেদিনীপুর | .. | .. | (১) শালবনী |
| | | | (২) গড়বেতা-১ |
| | | | (৩) গড়বেতা-২ |
| | | | (৪) দাঁতন-১ |
| | | | (৫) পিংলা |
| | | | (৬) সবং |
| | | | (৭) রামনগর-১ |
| | | | (৮) ভগবানপুর-১ |
| | | | (৯) খেজুরী |
| | | | (১০) জামবনী |
| | | | (১১) গোপীবল্লভপুর-১ |
| | | | (১২) নন্দীগ্রাম-১ |
| | | | (১৩) চন্দ্রকোণা-১ |
| (১৩) হাওড়া | .. | .. | (১) পাঁচলা |
| | | | (২) জগৎবল্লভপুর |
| | | | (৩) ডোমজুড় |
| | | | (৪) আমতা-১ |
| | | | (৫) আমতা-২ |
| | | | (৬) উদয়নারায়ণপুর |
| (১৪) পুরুলিয়া | .. | .. | (১) মানবাজার-২ |
| | | | (২) বড়বাজার |
| | | | (৩) বাগমুণ্ডী |
| | | | (৪) রঘুনাথপুর-১ |
| | | | (৫) রঘুনাথপুর-২ |
| | | | (৬) সান্তুরী |
| | | | (৭) হুড়া |

| জেলা | ব্লক অফিস |
|---|---|
| (১৫) চব্বিশপরগনা .. .. | (১) মগরাহাট-১ |
| | (২) সাগর |
| | (৩) বারাসাত-১ |
| | (৪) বারাসাত-২ |
| | (৫) হাবড়া-২ |
| | (৬) সন্দেশখালী-১ |
| | (৭) বসিরহাট-১ |
| | (৮) বাসন্তী |
| | (৯) বিষ্ণুপুর |
| | (১০) ক্যানিং-১ |
| | (১১) ক্যানিং-২ |

**খ্যাতনামা মুসলিমদের স্মরণে প্রস্তর ফলক স্থাপন**

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৫।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মরহুম মওলানা আবুল কালাম আজাদ, এ. কে. ফজলুল হক, স্যার আজিজুল হক, সৈয়দ নওশের আলী ও আশারাফউদ্দিন চৌধুরীর পবিত্র স্মৃতি রক্ষার জন্য প্রস্তর ফলক স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কোথায় কোথায় এবং কতদিনে এই স্মৃতিফলকগুলি স্থাপিত হইবে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। তবে এইরূপ কোনও প্রস্তাব আসিলে তাহা আন্তরিকতার সহিত বিবেচনা করা হইবে।

(খ) প্রশ্ন ওঠে না।

## Adjournment Motions

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি আজ সর্বশ্রী প্রদ্যোতকুমার মহান্তি, সামসুদ্দিন আহমেদ, ধীরেন্দ্রনাথ সরকার ও বলাইলাল দাস মহাপাত্র এঁদের থেকে চারটি মুলতুবি প্রস্তাব পেয়েছি।

প্রথম প্রস্তাব দুটিতে শ্রী মহান্তি ও শ্রী আহমেদ যথাক্রমে মেদিনীপুর জেলার দাঁতন থানার বড়াগ্রামে জনৈক ক্ষুদ্র চাষীর ফসল লুণ্ঠন সম্পর্কে ও মালদহ জেলার কালিয়াচক ব্লকের সুলতানগঞ্জ নিবাসী জনৈক ব্যক্তির হত্যা ও মৃতদেহ গুম করার ঘটনা সম্পর্কে

আলোচনা করতে চেয়েছেন।

তৃতীয়টিতে শ্রী সরকার উত্তরবঙ্গের হস্তচালিত শিল্পের উন্নতি সাধনে রাষ্ট্রীয় উদ্যোগ গ্রহণের সম্পর্কে এবং চতুর্থটিতে শ্রী মহাপাত্র পশ্চিমবঙ্গে পুলিশের আস্ত্রাগার, রাইফেল ফ্যাক্টরি থেকে অস্ত্র পাচারের ঘটনা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম দুটি প্রস্তাব আইন ও শৃঙ্খলা সম্পর্কিত। প্রচলিত আইনের মাধ্যমেই এর প্রতিকার আছে। তাছাড়া সদস্যরা বাজেট বিতর্কের সময় এ বিষয়ে আলোচনা করবার যথেষ্ট সুযোগ পাবেন।

তৃতীয় প্রস্তাবটি সাম্প্রতিক কোন ঘটনা সম্পর্কিত নয়। তাছাড়া বিষয়টি এমন জরুরি নয়। যার জন্য সভার কাজ মুলতুবি রাখা যেতে পারে।

উপরোক্ত কারণে আমি তিনটি প্রস্তাবেই অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলো পড়তে পারেন।

চতুর্থ প্রস্তাবের ঘটনা সম্পর্কে শ্রী মহাপাত্র ১৬/২/৭৯ তারিখে একটি মুলতুবি প্রস্তাব এনেছিলেন তখন রুলিংএ আমি ঐ প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করেছিলাম। এখনও তাই করছি। এখন সদস্যরা তাঁদের সংশোধিত নোটিশটি পড়তে পারেন। প্রথমে শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি।

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার দাঁতন থানার বড়া গ্রামের মৃতুঞ্জয় ঘোষ একজন ক্ষুদ্র চাষী। ৫/৬ বিঘে জমির মালিক। স্থানীয় মার্কসবাদী কমিউনিস্ট দলের কর্মীরা সমাজ বিরোধীদের সহযোগিতায় শ্রী ঘোষের জমির সমস্ত উৎপন্ন ফসল লুট করিয়া লইয়াছে। মৃত্যুঞ্জয় ঘোষ ও তার পরিবারের লোকেরা আজ পথে পথে ঘুরিয়া বেড়াইতেছে। পুলিশের নিকট ডায়রি দেওয়া সত্ত্বেও কোনও ফল হয় নাই। আইন শৃঙ্খলা নাই বলিলে চলে। এমতাবস্থায় বিধানসভা মুলতুবি রাখিয়া এই বিষয়ে আলোচনা করা হউক।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—উত্তরবঙ্গে পাট সম্পদ প্রচুর পরিমাণে উৎপন্ন হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, ঐ পাট সম্পদ সরকারি উদ্যোগে কাজে লাগাবার জন্য কোনও শিল্প স্থাপনের পরিকল্পনা বর্তমান আর্থিক বছরেও সরকার কর্তৃক গ্রহণ করা হয় নি। ঐ পাটকে সম্বল করে স্থানীয় জনসাধারণের এক বিরাট অংশ হস্তশিল্পের মাধ্যমে সূতো তৈরি করে ধোকরা, ব্যাগ, বস্তা প্রভৃতি পাটজাত দ্রব্য তৈরি করে আসছেন। ফলে উপার্জনের ক্ষেত্রে তা সাহায্য করছে। এই ব্যক্তি মালিকানায় পরিচালিত ক্ষুদ্র শিল্পকে রাষ্ট্রীয় উদ্যোগে ঐ এলাকার জনসাধারণের এবং সমগ্র দেশের স্বার্থে সম্প্রসারিত করা উচিত।

**শ্রী শ্যামসুদ্দিন আহমেদ ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি

নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন বিষয়টি হল—গত ১০ই জানুয়ারি ১৯৭৯ তারিখ বৈকাল ৫ ঘটিকায় মালদহ জেলার কালিয়াচক ৩নং ব্লকের অফিসের সদর বৈষ্ণবনগর গ্রামের সংলগ্ন কেঁওটপাড়া গ্রামের রাস্তার ধারে কতকগুলি সমাজবিরোধী মারাত্মক অস্ত্রে সজ্জিত অবস্থায় সন্ত্রাস সৃষ্টি করিয়া সুলতানগঞ্জ গ্রাম নিবাসী এক ব্যক্তিকে হত্যা করে এবং মৃতদেহ গুম করিয়া দেয়। সেদিন সন্ধ্যাতেই বৈষ্ণবনগর পোস্ট অফিস থেকে কালিয়াচক থানায় টেলিফোন করা হয়। কিন্তু দুঃখের বিষয় পুলিশ তার পরদিন বৈকালে আসে এবং এখনও পর্যন্ত মৃতদেহ উদ্ধারের কোনও চেষ্টাই করে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় একটা লোক গুম হয়ে গেল আর সে সম্বন্ধে কোনও ব্যবস্থা হবে না। সেখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। এ সম্বন্ধে আপনি মন্ত্রী মহাশয়কে বলুন।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ—কিছু দিন হতে পশ্চিমবাংলার রাজ্য ও কলকাতা পুলিশের অস্ত্রাগার ও স্থানীয় রাইফেল ফ্যাক্টরি হতে পাইকারি হারে অস্ত্র পাচারের সংবাদ যাহা সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে তাহা জনসাধারণের মনে গভীর উদ্বেগ ও আতঙ্ক সৃষ্টি করেছে। ঘটনাটি রাজ্যের শান্তি শৃঙ্খলা ও নিরাপত্তার পক্ষে বিপদজনক এবং ইহার তদন্তের জন্য অবিলম্বে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিশন গঠন করা আবশ্যক। স্যার, বহু জিনিস লুটপাট হয়েছে এমন কি ইছাপুর গান ফ্যাক্টরি থেকে বন্দুক ইত্যাদি চলে যাচ্ছে। তাহলে স্বরাষ্ট্র বিভাগ কি করছেন। দেশের শান্তিশৃঙ্খলা তাহলে কি করে রক্ষিত হবে। স্বরাষ্ট্র মন্ত্রী এ বিষয়ে একটি বিবৃতি দিন এই দাবি আমি করছি।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আপনাদেরই আইন সেটা আপনি একটু পড়ে দেখবেন। যে অধিকার দেওয়া আছে তার চেয়ে বেশি অধিকার দেওয়া হয়। আপনি পার্লামেন্ট নোটিশ অব মোশন পড়ে দেখবেন আলাদা একটা স্টেটমেন্ট দিতে হয়, একটা নোটিশ দিতে হয়।

যা হোক আমি পাঁচটি বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। যথা ঃ—

| | | |
|---|---|---|
| ১। | কলকাতাস্থ যোগেন্দ্র ইনস্টিটিউশনের জনৈক শিক্ষকের দীর্ঘ দিনের বেতন না পাওয়ায় আমরণ অনশন শুরু | ঃ শ্রী প্রবোধ পুরকায়েত |
| ২। | মথুরাপুর থানার নোটবেড়িয়া গ্রামে পুলিশের গুলিতে জনৈক আবেদআলি নস্করের মৃত্যু | ঃ শ্রী রেণুপদ হালদার |
| ৩। | রাজ্যের সেন্ট্রাল ফিশারিজ কর্পোরেশন তুলে দেওয়ার সিদ্ধান্ত | ঃ শ্রী ধীরেন্দ্রনাথ সরকার। |
| ৪। | পশ্চিম দিনাজপুর জেলায় তমছারিমঠবাড়ী এলাকায় গুটি বসন্তে মৃত্যু | ঃ শ্রী ধীরেন্দ্রনাথ সরকার |

৫। কুশমণ্ডী বিধানসভা কেন্দ্রের অকেজো গভীর নলকূপ ও নদী সেচ প্রকল্প চালু না করা : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার

ঐ পশ্চিমদিনাজপুর জেলায় তমছারিমঠবাড়ী এলাকায় গুটি বসন্তে মৃত্যু বিষয়ের উপর শ্রী ধীরেন্দ্রনাথ সরকার কর্তৃক আনীত নোটিশটি মনোনীত করেছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার একটা দিন দিতে পারেন।

**শ্রী ননী ভট্টাচার্য :** স্যার, আমি ৬ তারিখে উত্তর দেব।

## PRESENTATION OF B.A. COMMITTEE REPORT

**মিঃ স্পিকার :** এখন আমি আপনাদের সামনে কার্য উপদেষ্টা কমিটির অর্থাৎ বিসনেস অ্যাডভাইসারী কমিটির ৩৬তম প্রতিবেদন পেশ করছি। বিসনেস অ্যাডভাইসারী কমিটি ৫ই মার্চ থেকে ১২ই মার্চ পর্যন্ত নিম্নলিখিত দিনে নিম্নলিখিত বিষয়সূচি স্থির করেছেন।

| | | |
|---|---|---|
| Monday, 5-3-79 .. | (i) Demand No. 52 . | [305—Agriculture<br>505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings)<br>705—Loans for Agriculture (Excluding Public Undertakings)] |
| | (ii) Demand No. 53 .. | (306—Minor Irrigation<br>307—Soil and Water Conservation<br>308—Area Development<br>506—Capital Outlay on Minor Irrigation Soil Conservation and Area Development<br>706—Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development) |
| | | .. 4 hours |
| Tuesday, 6-3-79 .. | (i) Demand No. 36 | (280—Medical<br>480—Capital Outlay on Medical) |
| | (ii) Demand No. 37 .. | (281—Family Welfare<br>481—Capital Outlay on Family Welfare) |
| | (iii) Demand No. 38 .. | (288—Public Health Sanitation and Water Supply<br>682—Loans for Public Health, Sanitation and Water Supply) |
| | | .. 4 hours |

| | | |
|---|---|---|
| Wednesday, 7-3-79 .. | (i) Demand No. 25 .. | [259—Public Works |
| | | 277—Education (Sports) (Buildings) |
| | | 277—Education (Excluding Sports and Youth Welfare (Buildings) |
| | | 278—Art and Culture (Buildings) |
| | | 280—Medical (Buildings) |
| | | 282—Public Health, Sanitation and Water Supply (Buildings) |
| | | 283—Housing (Buildings) |
| | | 287—Labour and Employment (Buildings) |
| | | 295—Other Social and Community Services (Buildings) |
| | | 305—Agriculture (Buildings) |
| | | 309—Food (Buildings) |
| | | 310—Animal Husbandry (Buildings) |
| | | 311—Dairy Development (Buildings) |
| | | 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings) |
| | | 459—Capital Outlay on Public Works |
| | | 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings) |
| | | 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings) |
| | | 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings) |
| | | 480—Capital Outlay on Medical (Buildings) |
| | | 481—Capital Outlay on Family Welfare (Buildings) |
| | | 482—Capital Outlay on Public Health Sanitation and Water Supply (Buildings). |

483—Capital Outlay on Housing (Buildings)

485—Capital Outlay on Information and Publicity (Buildings)

495—Capital Outlay on Other Social and Community Services (Buildings)

505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) (Buildings)

509—Capital Outlay on Food (Buildings)

510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings)

511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings)

514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings)

520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) Buildings)

521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)]

(ii) Demand No 70 (337—Roads and Bridges

537—Capital Outlay on Roads and Bridges

737—Loans for Roads and Bridges)

(iii) Demand No 39 (283—Housing

483—Capital Outlay on Housing

683—Loans for Housing)

. 3 hours

(iv) Demand No. 58 (313—Forest

513—Capital Outlay on Forest)

.. 1.5 hours

| | | |
|---|---|---|
| Thursday, 8-3-79 | (i) Demand No. 54 | (309—Food |
| | | 509—Capital Outlay on Food |
| | | 709—Loans for Food) |
| | (ii) Demand No. 43 | [288—Social Security and Welfare (Civil Supplies)] |
| | | 3 hours |
| | (iii) Demand No 4 | (214—Administration of Justice) |
| | (iv) Demand No 8 | (230—Stamps and Registration) |
| | | 1 hour |
| Friday, 9-3-79 | Demand No 43 | (287—Labour and Employment) |
| | | 4 hours |
| Monday, 12-2-79 | (i) Demand No 65 | (331—Water and Power Development Services) |
| | (ii) Demand No 66 | (332—Multipurpose River Projects |
| | | 333—Irrigation Navigation, Drainage and Flood Control Projects |
| | | 532—Capital Outlay on Multipurpose River Projects |
| | | 533—Capital Outlay on Irrigation, |
| | | Navigation, Drainage and Flood Control Projects) |
| | | .. 4 hours |

There will be no Oral Question or Mention Cases on the 2nd March, 1979.

[2-10 – 2-20 P.M.]

**শ্রী দীনেশ মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্য উপদেষ্টা সমিতির ৩৬তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পিকার ঃ** আমি ধরে নিচ্ছি এই প্রস্তাবে কারও আপত্তি নেই, অতএব প্রস্তাবটি গৃহীত হল।

## Mention Cases

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৭/২ তারিখ থেকে কলকাতা ডি. আই. অফিসের সামনে একজন প্রাথমিক শিক্ষক, যিনি গত ২৭ বছর যাবৎ বেতন পাচ্ছেন না, এক নিদারুণ দুর্দশার মধ্যে পড়েছেন, আজকে নিরুপায় হয়ে আমরণ অনশনে বসেছেন। আজ বেলা ১টা পর্যত তার আমরণ অনশনের ৪৮ ঘন্টা হয়ে গেল। আজকে অন্যান্য শিক্ষকরাও তার সমর্থনে অনশনে বসবেন। এমতাবস্থায় আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি একটি মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে অবিলম্বে এই ব্যাপারটিতে হস্তক্ষেপ করুন এবং মাননীয় শিক্ষক মহাশয় যাতে তার বেতন পান সেই ব্যবস্থা করুন। এই অনশনকে কেন্দ্র করে যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে তার মীমাংসা করবেন, এই আবেদন আমি তার কাছে রাখছি। গতকাল মাননীয় শ্রী আব্দুল বারি সাহেব নাকি বলেছেন অনেক টাকার ব্যাপার আছে, সুতরাং চীফ মিনিস্টারের পারমিশন না হলে হবে না। এখানে মাননীয় শিক্ষামন্ত্রী স্বয়ং উপস্থিত আছেন, তিনি বিষয়টি দেখবেন এবং এর সুষ্ঠু সমাধান করবেন, এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** আমাদের সামনে দু দিনের মেনশন আছে, গতকাল মেনশন হয়নি। কাজেই প্রত্যেকেই নিজের বক্তৃতা খুব সংক্ষেপে দেবার চেষ্টা করুন।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া ডিস্ট্রিক্ট হোলসেল কনজিউমারস সোসাইটিকে নাকি হঠাৎ লিকুইডিশনে দেওয়া হয়েছে। এর ফলে ৮১ জন শ্রমিক কর্মচারী আজকে বেকার অবস্থার সম্মুখীন হয়েছেন। তাই আমি আপনার মাধ্যমে মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে তাদের বিকল্প চাকরির ব্যবস্থা করা হোক এবং এটা দেখা হোক যে হোলসেল কনজিউমারস সোসাইটি থেকে যারা চুরি করেছিলেন সেই চোরদের উপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা করা হোক

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় জানিয়ে দিতে চাই। আমরা দেখতে পাচ্ছি রাজ্যের শান্তি শৃঙ্খলা সম্পূর্ণ ব্যাহত, অথচ এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে কোন সংবাদ পাচ্ছি না। দেখা গেল পুলিশ কমিশনার তিনি একটি বিবৃতির মাধ্যমে জানাচ্ছেন যে রাজ্যে ডাকাতি এবং চুরির সংখ্যা খুব বেড়ে গেছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই পশ্চিমবাংলার যা দুরবস্থা বিশেষ করে আইন শৃঙ্খলার ব্যাপারে, এই অবস্থায় যদি মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের মাঝে মাঝে অবস্থাটা সম্বন্ধে অবহিত করেন তাহলে আমরা খুশি হব। আমরা কোন সরকারি দপ্তরের উর্দ্ধতন পুলিশ অফিসারের কাছ থেকে বিবৃতি নিতে চাই না। হাউস চলছে, অথচ মুখ্যমন্ত্রী কোনও বিবৃতি দেন নি। শুধু ডায়মণ্ডহারবার মহকুমায় গত ১৬ই জানুয়ারি থেকে ১৬ই ফেব্রুয়ারি ১৯৭৯ পর্যন্ত একমাসে ৮৭টি ডাকাতি হয়েছে। চারিদিকে আজকে ডাকাতি বেড়ে গেছে। শান্তি

শৃঙ্খলা অত্যন্ত ব্যাহত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাতে চাই এখন হাউস যখন চলছে তখন আইন শৃঙ্খলা সম্বন্ধে আমাদের একটি বিবৃতি দিয়ে অবহিত করুন।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাংলাদেশের ভাষা আন্দোলনের শহিদ বরকতের স্মৃতি বিজড়িত মুর্শিদাবাদ জেলার বাবলা গ্রামে তার ৩৬ বিঘা ওয়াকফ সম্পত্তি আছে। সেই ওয়াকফ সম্পত্তির মোতয়ালী হচ্ছেন তার মা হাসিনা বেগম। স্যার, সেই জমিতে সি. পি. এম'রা যথেচ্ছভাবে বর্গাদার বসাচ্ছে এবং তার সমস্ত ধান লুঠ করে নিয়েছে। হাইকোর্টের ইনজাংশন থাকা সত্ত্বেও এবং এই হাসিনা বেগম মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করা সত্ত্বেও কোনও ফল হয়নি। এইরকম অরাজকতা যাতে বন্ধ হয় তারজন্য মাননীয় মুখ্যমন্ত্রী তথা ভূমিরাজস্বমন্ত্রী অচিরে ব্যবস্থা গ্রহণ করবেন আপনার মাধ্যমে স্যার, এই আবেদন জানাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উষ্মা প্রকাশ করেন বন্যাত্রাণে দলবাজির কথা শুনলেই। আমি স্যার, এই হাউসে বসে মেদিনীপুর থেকে একটি মাস পিটিশন পেলাম, সে সম্বন্ধে কয়েকটি কথা বলছি। স্যার, সেখানে যাদের তাঁত নেই—২০ বছর ধরে তাঁত নেই—তাদের ৬শো/৭শো/৮শো/৯শো টাকা করে দেওয়া হয়েছে। কাদের কত টাকা দেওয়া হয়েছে তার তালিকাও এখানে দেওয়া হয়েছে। আর স্যার, যাদের তাঁত আছে, যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন—ঐ বড়গোকুল নগর, বসন্তচক ইত্যাদি জায়গার লোক—তাদের সাহায্য দিতে দলবাজি করা হচ্ছে। এদের যদি সত সাহস থাকে তদন্ত করে দেখার দেখুন, নইলে আমার বিকল্প প্রস্তাব হচ্ছে, এইরকম অভিযোগ তো আমরা নিয়মিত উত্থাপন করছি, এই হাউস থেকে ওদের এবং আমাদের মিলে—ওদের মেজরিটি, আমাদের মাইনরিটি নিয়ে একটা এম. এল. এ. কমিটি দেখে আসুন বন্যাবিধ্বস্ত এলাকায় কত ব্যাপক দলবাজি এরা করেছেন। এগুলি স্যার, বন্ধ হওয়া দরকার। তা ছাড়া স্যার, এই কুটিরশিল্প—হস্তচালিত তাঁতশিল্প নেকস্ট টু এগ্রিকালচার। এখানে তাঁতীদের যারা প্রকৃত ক্ষতিগ্রস্ত হল তারা সাহায্য পাচ্ছে না, অনুদান পাচ্ছে না আর যাদের তাঁত নেই, ব্যবসা নেই তাদের টাকা পাইয়ে দেবার ব্যবস্থা হয়েছে শুধু একটিমাত্র যোগ্যতার জন্য যে তারা সি. পি. এম. দলভুক্ত। এটা ঘোরতর অন্যায় বলে আমরা মনে করছি। আমরা তদন্ত দাবি করছি এবং প্রতিকার দাবি করছি। আপনার কাছে স্যার, তালিকা সম্বলিত মাস পিটিশনটি পাঠিয়ে দিচ্ছি।

**শ্রী ছেদিলাল সিং ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জি. আর. এস. ই'র কর্তৃপক্ষ লিখিত ভাবে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, যে চুক্তি হবে তা ১৯৭৭ সালের ১লা জানুয়ারি থেকে চালু হবে। কিন্তু এখন সেই প্রতিশ্রুতি তারা রক্ষা করছেন না। এখন বলছে, ১৯৭৯ সালের ১লা জানুয়ারি থেকে চালু হবে।

স্যার, প্রায় ৩৮ দিন ধর্মঘট চলছে। কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা দপ্তরের এটি একটি কারখানা। কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে মীমাংসা করার জন্য দাবি জানাচ্ছি। স্যার, এই কারখানার ১০ হাজার শ্রমিক এই লড়াই-এ আছেন।

[2-20 – 2-30 P.M.]

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য সরবরাহ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২/১২/৭৭ তারিখে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য সরবরাহ দপ্তরের ডেপুটি সেক্রেটারি, এ. আর. দাসগুপ্ত একটা রেডিওগ্রাম মেসেজের দ্বারা জানিয়েছিলেন যে সরকারি কর্মচারিরা কর্মরত অবস্থায় মারা গেলে তাঁদের যোগ্যতা সম্পন্ন পুত্র বা কন্যাকে চাকুরি দেবার জন্য সরকার ব্যবস্থা করেছেন। এই ব্যবস্থার পরিপ্রেক্ষিতে তমলুক মহকুমার হরিবাজার গ্রামের দরিদ্র পিতৃহীন সন্তান শ্রী রমাপ্রসাদ অধিকারি, তাঁর পিতা আশুতোষ অধিকারির মৃত্যুর অব্যাবহিত পরে সরকারি সংশ্লিষ্ট দপ্তরে চাকুরি পাবার জন্য আবেদন করেন। আশুতোষ অধিকারি, তিনি খাদ্য সরবরাহ দপ্তরের একজন এল. ডি. ক্লার্ক ছিলেন। রমাপ্রসাদের পুলিশ ভেরিফিকেশন ইত্যাদি সমস্ত কিছু হয়ে গেছে এবং দপ্তরে সমস্ত রিপোর্ট চলে গেছে। কিন্তু এখন পর্যন্ত রমাপ্রসাদের কোনও চাকুরি জোটেনি। তার পরিবার অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। আমি খাদ্য বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি পালকের ভূমিকা গ্রহণ করেছেন, কাজেই রমাপ্রসাদ অধিকারিকে চাকুরি দেবার চেষ্টা করুন এবং তার জন্য সচেষ্ট হন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা দরখাস্ত মাননীয় মন্ত্রী মহাশয়কে দেবার জন্য পাঠাচ্ছি, আপনি সেটা দয়া করে পাঠিয়ে দেবেন।

**শ্রী সুনির্মল পাইক** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্তমান বামফ্রন্ট সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই কথা বলছি যে মেদিনীপুর জেলার ভগবানপুর থানার বাহাদুরপুর গ্রামে এবং খেজুরী থানায় সি. পি. এম. পরিচালিত কৃষক সমিতির বেআইনি কার্যকলাপ এবং অপ্রাসঙ্গিক যে বিধি আরোপ করে চলেছেন তার বিরুদ্ধে জেলার প্রশাষক যে ব্যবস্থা নিয়েছেন তাতে অসন্তুষ্ট হয়ে অত্যন্ত অশোভন এবং দ্রুততার সাথে জেলার পুলিশ সুপার, শ্রী প্রণবকৃষ্ণ বিশ্বাস এবং ভগবানপুর থানার ও. সি-কে বদলি করা হয়েছে, কাঁথী মহকুমার এস. ডি. পি. ও, ওয়াংচু সাহেবকে বদলি করার কথা শুনছি, খেজুরী থানার ও. সি মৃগেন মিশ্রী বদলি করা হয়েছে। তারপর অনীল আঢ্য কাঁথি circle এর Police inspector, তাঁকে বদলি করা হয়েছে। এতে জনমনে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। আমি দাবী করছি এবং মাননীয় স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই বিষয়ে একটা বিচার বিভাগীয় তদন্ত করুন। তাছাড়া আরও দাবি করছি যে তারা যাতে নিজ নিজ পদে প্রতিষ্ঠিত হতে পারেন তার জন্য আপনি ব্যবস্থা করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩রা ফেব্রুয়ারি আমার কেন্দ্রে পটাশপুর থানার খিদিরপুর গ্রামে প্রফুল্ল প্রধানের চাষের জমিতে রোয়া ধান জোর করে নষ্ট করে অমূল্য জানা এবং সুধা দাসের নেতৃত্বে কৃষক সমিতির কিছু লোক। প্রফুল্ল প্রধান বাধা দিতে গেলে সেখানে মারপিট বাধে। তাকে সাহায্য করার জন্য গ্রামের কিছু লোক এগিয়ে আসে তখন তাদের তীর ধনুক নিয়ে আক্রমণ করা হয়। এর ফলে সেখানে ৫/৬ জন আহত হয় এবং তাদের হসপিটালে নিয়ে যাওয়া হয়। থানায় এই সম্পর্কে এফ. আই. আর

করা হয়েছে এবং পুলিশ এই কেস টেক আপ করে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে স্থানীয় মার্ক্সবাদি কমিউনিস্ট পার্টি থেকে এই ব্যাপারে হস্তক্ষেপ করার ফলে পুলিশ সেখানে তাদের গ্রেপ্তার করেনি। তার ফলে তাঁরা আরও নতুন করে মারপিট করার উদ্যোগ করছে। আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তাঁর দলের লোকদের যেন একটু সংযত করুন এবং পুলিশ যাতে ঠিকমতো কাজ করতে পারে তার জন্য তাদের সাহস দেন।

**শ্রী সত্যব্রত মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাঁথি থানার অন্তর্গত সিমাগেড়িয়া ওয়েলফেয়ার জুনিয়ার হাই মাদ্রাসার বাতিল পরিচালক সমিতির সম্পাদক উক্ত মাদ্রাসার প্রধান শিক্ষক সহ তিন জন শিক্ষককে ও একজন করণিককে মাদ্রাসা বোর্ডের অনুমোদন ব্যতিরেকে অবৈধ ভাবে ছাঁটাই করেছেন। কাঁথি মহকুমার এ. আই. অব স্কুলস উক্ত মাদ্রাসার প্রশাসক হিসাবে দায়িত্ব ভার গ্রহণ করা সত্ত্বেও নিষ্ক্রিয় থাকায় উক্ত শিক্ষকগণ কাজে যোগদান করতে পারছেন না এবং উক্ত বাতিল কমিটি অবৈধ ভাবে পেছনের তারিখ দিয়ে শিক্ষক নিয়োগ করছেন যাতে ছাঁটাই শিক্ষকগণ কাজে যোগদান করেন এবং তাঁদের বেতনাদি পান। এই ব্যাপাবে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী খগেন্দ্রনাথ সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রায়গঞ্জ থানায় যোগেন্দ্র চোংদার নামে একজন এ. এস. আই আছেন। তাঁকে গত ২২/২/৭৯ তারিখে ওখানে কংগ্রেসিদের একটি ক্লাব আছে, তার নাম মুন লাইট ক্লাব, সেই ক্লাবের ছেলেরা মারধোর করে, কারণ এই এ. এস. আই. এই সমাজবিরোধীদের বিরুদ্ধে নানা রিপোর্ট দিয়েছেন বিভিন্ন সময়ে, সেই অপরাধে তাঁকে মারধোর করা হয়। কিন্তু ওখানকার ও. সি., সি. আই. এই দুষ্কৃতকারীদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয়নি। কারণ ওখানকার ও. সি. এবং সি. আই. এর সঙ্গে ঐ সমাজবিরোধীদের যোগসাজসে ওখানে অনেক অপরাধমূলক কাজ ঘটে গেছে। এই সম্বন্ধে আমি আগে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি এবং আজকেও আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করলাম যাতে ওখানকার ও. সি., এবং সি. আই. এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী হবিবুর রহমন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি মর্মান্তিক ঘটনার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন সি. পি. এম-এর গুণ্ডাবাজি ও দলবাজির দরুন আজ দেশের সর্বত্র সন্ত্রাস বিরাজ করছে। দেশে আইন শৃঙ্খলা আজ নেই বললেই চলে। এই ব্যাপারে বারবার আপনার মাধ্যমে জঙ্গী সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোনও ফল পাইনি। মানুষ আজ হতাশ এবং সন্ত্রাসের মধ্যে দিন যাপন করছে। উদাহরণ স্বরূপ আজ এক করুণ ঘটনার কথা উল্লেখ করছি। সি. পি. এম. এর সন্ত্রাস এবং দলবাজির প্রতিবাদে গণতান্ত্রিক পদ্ধতিতে কংগ্রেস (আই) এর কর্মীরা কেতুগ্রাম থানার অন্তর্গত গঙ্গাটিকুরিতে ২৪ ঘন্টার অনশন করার সিদ্ধান্ত নেন এবং গত ১/৫/৭২ তারিখে বৈকাল তিনটায় অনশন করার উদ্দেশ্যে ১২টা থেকে কর্মীরা নির্ধারিত স্থানে জমায়েত হতে থাকেন। যখন আমাদের প্রায় ৩/৪ শত লোক জমায়েত হয়েছে তখন সি. পি. এম. এর প্রায় ৩/৪ হাজার গুণ্ডাবাহিনী লাঠি, বল্লম, সড়কি, তীর, ধনুক প্রভৃতি মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে

আমাদের নিরস্ত্র লোকের উপর নৃশংস আক্রমণ চালায়। প্যাণ্ডেল পেট্রোল দিয়ে পুড়িয়ে দেওয়া হয়। সি. পি. এম. এর চরিত্রানুসারে এই রকম অমানুষিক নির্যাতন হতে পারে অনুমান করে প্রাক্তন এম. এল. এ. শ্রী প্রভাকর মণ্ডল মহাশয় পূর্বেই তাদের নিরাপত্তার জন্য এবং সুষ্ঠুভাবে যাতে কংগ্রেস (আই) কর্মীরা গণতান্ত্রিক নিয়মানুসারে তাদের প্রতিবাদ আন্দোলন করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এস. ডি. পি. ও. মহাশয়ের নিকট লিখিত ভাবে আবেদন করেন, ডি. এম. এস. পি. কে বলেন। তারা সকলেই আশ্বাস দেন তাদের পুরো নিরাপত্তার ব্যবস্থা থাকবে। সেই সময় থানার বড় বাবু, মেজবাবু প্রমুখ অফিসার পুলিশ সহ উপস্থিত ছিলেন। কিন্তু তাদের উপস্থিতিতে যে ভাবে কংগ্রেস (আই) কর্মীদের নির্যাতন করা হয়েছে, ইতিহাসে তা বিরল। প্রাক্তন এম. এল. এ. কে টাঙ্গি দিয়ে কুপানো হয়েছে। বড়বাবুর হাত ভেঙ্গে দেওয়া হয়েছে। মেজবাবুর মাথা ফেটে গেছে, আরও পাঁচ ছয় জন কনস্টেবল গুরুতর ভাবে আহত হয়েছে। কংগ্রেস কর্মী হাসানুজ্জামানকে চুবড়িয়ে কবলানো হয়েছে, আর কংগ্রেস করবি কি না? কাউকে খুব মারধোর করা হয়েছে, আর স্বীকারোক্তি নিয়েছে ঐ গুণ্ডারা, আর কংগ্রেস না করার জন্য। এই ভাবে বহু কংগ্রেস কর্মীকে মারধোর করে নির্যাতন করা হয়েছে। প্রায় ১৯/২০ জন গুরুতর ভাবে আহত হয়েছে। তাদের অত্যাচারে ও. সি. চার পাঁচ রাউণ্ড ব্ল্যাঙ্ক ফায়ার করেন, তাতেও কোন ফল হয়নি। দু-তিন জন কনস্টেবল এই মর্মান্তিক ঘটনায় কিছু না করতে পেরে বিদ্রোহ করে, রাইফেল ফেলে দেয়। তবুও প্রশাসন সি. পি. এম. গুণ্ডাদের দমন করার জন্য সক্রীয় কোনও ব্যবস্থা গ্রহণ করেননি বা করতে দেন নি। এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার পর্যন্ত করা হয়নি। সুতরাং এই গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে বিচার বিভাগীয় তদন্ত হয় এবং দোষী ব্যক্তিদের শাস্তি দেওয়া হয়। এই ভাবে যদি চলতে থাকে তাহলে আমরা কোথায় আছি? এখনও পর্যন্ত একজন-কেও গ্রেপ্তার করা হয়নি। আমাদের কংগ্রেস কর্মীরা গণতান্ত্রিক অধিকার নিয়ে কাজ করতে পারছে না। আমাদের দাবি হচ্ছে এর প্রতিকার করতে হবে, আমাদের গণতান্ত্রিক অধিকার নিয়ে আমরা যাতে কাজ করতে পারি তার ব্যবস্থা করতে হবে।

(গোলমাল)

[2-30 – 2-40 P.M.]

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সরকারের কাছ থেকে জানতে চাইছি যে, আমরা এখানে যে বক্তব্য রাখছি তার কোনও প্রতিকার, প্রতিবিধান হবে কিনা?

(গোলমাল)

**শ্রী লুতফুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতান্ত্রিক দেশে গণতান্ত্রিক পদ্ধতিতে যে দল সরকার গঠন করেছে তারা যেভাবে দমন পীড়ন চালাচ্ছে তাতে আমাদের গণতান্ত্রিক অধিকার ক্ষুন্ন হচ্ছে।

**অধ্যক্ষ মহাশয় ঃ** মিঃ হক, এই ভাবে বক্তৃতা করবেন না। এইভাবে বক্তৃতা করতে

দেওয়া হলে প্রতেক দিনই দিতে হবে। আপনি যদি বলতে চান তাহলে জিরো আওয়ারে এ বিষয়ে বলতে পারেন, কিন্তু এখন বলতে পারবেন না।

(গোলমাল)

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, আমাদের বক্তব্য হচ্ছে শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন এবং মিছিলের উপর আক্রমণ চালানো হচ্ছে।

(গোলমাল)

**অধ্যক্ষ মহাশয় ঃ** প্লিজ সিট ডাউন, আপনারা বসুন। আমি মহঃ সোহ্‌রাবকে তাঁর বক্তব্য উল্লেখ করতে বলছি।

(গোলমাল)

আপনারা সবাই মিলে এক সঙ্গে বললে কি করে হবে? আমি জনাব মহঃ সোহ্‌রাবকে তাঁর মেনশন কেস মেনশন করতে বলছি।

(গোলমাল)

আমি মিঃ লুতফুল হক্-কে বলেছি যে, জিরো আওয়ারে ওঁকে বলতে দেব, সেই সময় হি উইল অ্যাড্রেস দি হাউস অন দি সাবজেক্ট, প্লিজ টেক ইয়োর সিট।

(কংগ্রেস এবং কংগ্রেস (আই) দলের অনেক সদস্য একসঙ্গে বলতে থাকেন)

(গণ্ডগোল)

ডোন্ট রেকর্ড। এইভাবে যদি সবাইমিলে একসঙ্গে বলতে থাকেন তাহলে রেকর্ড করা হবে না।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আপনার প্রতি আমাদের শ্রদ্ধা আছে। আপনার অনুমতি না নিয়ে আমরা বক্তব্য রাখিনা। কিন্তু আজকে আপনি উত্তেজিতভাবে রেকর্ড করা হবে না—এইকথা বললেন। এটা স্যার, অত্যন্ত দুঃখজনক ব্যাপার।

**মিঃ স্পিকার ঃ** হোয়াট ইজ দি পয়েন্ট অফ অডার? দেয়ার ইজ নো পয়েন্ট অফ অর্ডার। আমি পারমিশন রিফিউজ করেছি তা সত্ত্বেও আপনারা বারেবারে হাউসকে ইন্টারাপ্ট করছেন এবং হাউসকে অন্য জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন—এটা আমি বুঝতে পারছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আমরা আজকে দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম যে, অপোজিশনের মেম্বার যখন গুরুত্বপূর্ণ ব্যাপার বলতে চেষ্টা করছিল তখন আপনি সঙ্গে সঙ্গে বললেন প্রসিডিংস থেকে বাদ দেওয়া হবে।

**মিঃ স্পিকার ঃ** আমি সঙ্গে সঙ্গে বলিনি। আমি লিডার অফ দি গ্রুপ এবং আরও একজনকে সময় দিয়েছি কিন্তু তা সত্ত্বেও আপনারা ইনটারাপ্ট করছেন ........

(গোলমাল)

[2-40 – 2-50 P.M.]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** (বলিতে উঠিলেন)

(গোলমাল)

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের ময়না থানার ৩নং শ্রীখণ্ডা অঞ্চল প্রধান ছাড়াও আরও প্রায় ২০০/৩০০ সি. পি. এম. কর্মী ঐ থানার বিশিষ্ট নেতা গৌরচন্দ্র অধিকারী এবং সেখ আনোয়ার আলী অ্যাড্‌ভোকেট সহ প্রায় ৭০০ লোকের উপর ১৮.২.৭৯ তারিখে লাঠি, বললম, ইত্যাদি নিয়ে আক্রমণ করে নির্মম ভাবে মারধোর করে। গৌরবাবুকে এমন নির্মমভাবে আহত করে যে তাকে হাসপাতালে পাঠাতে হয়। সেখানে রিলিফের কাজ বে-আইনিভাবে হচ্ছে বলে ১৪ তারিখে একটা সভা হয়েছিল যাতে প্রায় ৪০০০ লোক ছিল এবং ঠিক হয় ১৮ তারিখে অঞ্চল প্রধানের কাছে একটা ডেপুটেশন যাবে। সেইজনাই মারধোর করা হয়। গৌরবাবু যখন আহত অবস্থায় একটু জল চান তখন তাঁকে বলা হয় সুশীল ধাড়া, চরণ সিং, মোরারজী দেশাই কেউ তোমাকে রক্ষা করতে পারবে না। এই সমস্ত কথা কাশীবাবুকে তারা লিখিতভাবে দিয়েছেন যেটা কাশীবাবু এলে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে দেওয়া হবে। ৪০ জন আহত অবস্থায় হাসপাতালে আছেন, এই রকম অবস্থার একটা বিহিত ব্যবস্থা করবেন।

**শ্রী শ্যামসুদ্দিন আহমেদ ঃ** স্যার, মালদহ জেলার রতুয়া থানার হাজী সাম মহম্মদ নামে একজন সজ্জন ব্যক্তি আছেন, কিন্তু কতকগুলি সমাজবিরোধী লোক তারা সি. পি. এম. বলে পরিচিত তারা তাঁর ধানের চারা গাছগুলো তুলে নেয়। এই নিয়ে থানায় ডায়রি করেও কোনও ফল না হওয়ায় কোর্টে কেস করেন। এর জন্য তাঁরা বাঁশ ঝাড় থেকে ২০০টা বাঁশ তারা কেটে নিয়ে গিয়েছিল। বাঁশ কাটার পর কোর্টে কেস করতে গেলে তার লাঙল, হাল ইত্যাদি সমস্ত পুড়িয়ে দেওয়া হল এবং তিনি যখন কোর্ট কমপাউণ্ডে ছিলেন তখন তাঁকে ঘেরাও করে রেখে বলা হল যে আপনাকে মামলা তুলে নিতে হবে। তিনি থানায় যে এফ. আই. আর করায় কোনও ফল না হওয়ায় ফৌজদারি মামলা করলেন এর পর তাঁর বাড়ি ২৪ ঘন্টা ঘেরাও করে রেখে বলা হল যে ৭ দিন সময় দেওয়া হল এরমধ্যে মামলা তুলে না নিলে ওঁর জান, মান সব যাবে। এ বিষয়ে সমস্ত কাগজ পত্র আমি আপনাকে দিলাম।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি শুনলে অবাক হবেন বছরের প্রায় ৯ মাস একটি বিশেষ এলাকার ভারতীয়রা ভারতবাসীদের মতো সুযোগ সুবিধা পান না, এর কারণ হচ্ছে ভারতবর্ষের ঐ এলাকা থেকে ভারতবর্ষের আরেকটা এলাকায় আসার একমাত্র উপায় হল

খেয়া। সেখানে কুশণ্ডী এলাকায় টাঙন নদীর উপর একটা ব্রিজ বহুদিন ধরে ছিল, কিন্তু সেটা সরকারি আমলাদের নানারকম অবহেলার ফলে ভেঙে পড়ে আছে, ওপাড় থেকে এপাড়ে লোক আসতে পারে না। প্রশাসনিক আমলারা এই সেতুটি তৈরি করতে দেরি করছেন, এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50 – 3-30 P.M.] (including adjournment)

**শ্রী লুতফুল হক ঃ** স্যার, গণতান্ত্রিক অধিকার সকলের আছে, আমাদের এই দেশ গণতান্ত্রিক দেশ এবং গণতান্ত্রিক পদ্ধতিতে এখানে নির্বাচিত সরকার। এই সরকার গণতন্ত্রকে বাঁচিয়ে রাখতে চাইছেন। ইন্দিরা গান্ধী তাঁদের কথায় যে ডিক্টেটারশিপ এনেছিলেন সেটাকে নাকি তাঁরা উদ্ধার করেন। এই যদি গণতান্ত্রিক পদ্ধতি হয় যে বিরোধী সদস্যরা কোনও শান্তিপূর্ণ আন্দোলন করতে পারবে না, অনশন করতে পারবে না প্রতিবাদ করতে পারবে না তাহলে এটা কোন গণতন্ত্র এটা বোঝা কঠিন। যেখানে পুলিশ প্রোটেকশন দিতে গিয়ে মার খায়, ও. সি'র হাত ভাঙ্গে, কনস্টেবল জখম হয়, সেকেণ্ড অফিসার জখম হয়, ম্যাজিস্ট্রেটের আঘাত লাগে, যেখানে তাঁদের চোখের সামনে কংগ্রেসের লোকদের ধরে জলে ডুবিয়ে মারবার চেষ্টা করে, এই যদি গণতান্ত্রিক পদ্ধতি হয় তাহলে সেই গণতন্ত্র অন্য দেশে থাকতে পারে, আমাদের ভারতবর্ষে নয়, পশ্চিমবাংলায় নয়, পশ্চিমবঙ্গের লোক তা সহ্য করবে না। কাজেই এই যে অমানুষিক অত্যাচার এই অত্যাচারের প্রতিকার কিছু হবে না জানি, তবুও ফ্যাক্ট ফাইণ্ডিং করবার জন্য এখানে একটা বিচার বিভাগীয় তদন্ত করার দরকার আছে যে কি হয়েছিল ঘটনা যারজন্য এই অমানুষিক অত্যাচার হয়েছে, মার খেয়েছে কংগ্রেসের লোকেরা, মার খেয়েছে পুলিশ, মার খেয়েছে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মার খেয়েছে সকলেই। সেখানে দুটো কনস্টেবল শেষকালে অধৈর্য হয়ে গিয়ে চোখের সামনে এইভাবে নিজেদের সুপিরিয়র অফিসারদের নির্যাতিত হতে দেখে ফায়ারিং করতে চেয়েছিল, ফাঁকা আওয়াজ করেছিলেন, এই অবস্থায় রাইফেল ছুঁড়ে ফেলে দিয়েছে। মিঃ স্পিকার, স্যার, সেখানে যদি এই অবস্থা হয় তাহলে অন্যান্য জায়গায় কি অবস্থা চলছে সেটা অনুমান করতে পারেন। কাজেই আমি ডিমাণ্ড করছি এটা জুডিসিয়াল এনকোয়ারীতে যাক এবং সেখানে ফ্যাক্ট ফাইণ্ড হোক যে কে কি করেছে। তারা জুলুমবাজির বিরুদ্ধে সত্যাগ্রহ অনশন করতে চেয়েছিল, তারা আর কিছু করতে চায়নি। সেখানে যদি এই রকমভাবে সি. পি. এম. কর্মীরা সঙ্গবদ্ধ হয়ে লাঠি, সড়কি, বল্লম নিয়ে আক্রমণ করে, যেখানে পুলিশ, ম্যাজিস্ট্রেট পর্যন্ত স্পেয়ার্ড হন না সেখানে কোন রাজত্ব চলছে এটা নির্ণয় করার নিশ্চয়ই দরকার আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই হাউসের প্রাক্তন সদস্য শ্রী প্রভাকর মণ্ডল কেতুগ্রামের সদস্য ছিলেন। গত পরশু দিন তাঁর উপর অমানুষিক অত্যাচার হয়েছে এবং যে পুলিশ অফিসাররা সেখানে ছিলেন শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য তাঁদের মেরেছে। আমাদের রিপোর্ট, এঁরা আমাদের সংবাদ দেবেন, পুলিশের হাত ভেঙ্গে গেছে। কাটোয়া মহকুমার কংগ্রেস কর্মীরা প্রাক্তন এম. এল. এ. সুব্রত মুখার্জি প্রতিবাদে অনশনে বসেছিলেন, কালকে সি. পি. এম.'র ২/৩ হাজার মানুষ ঘেরাও করে তাঁদের উপর অত্যাচার করেছে, পুলিশ নীরব দর্শক। এই সরকার ঘোষণা করেছিলেন যে গণতান্ত্রিক আন্দোলনে তাঁরা হস্তক্ষেপ

করবেন না। আমি স্পেসিফিক জিজ্ঞাসা করতে চাই আপনার মাধ্যমে এই গুণ্ডা বাহিনীকে এখনও সংযত করার কোনও প্রস্তাব কোনও ব্যবস্থা সি. পি. এম. প্রভাবিত বামফ্রন্ট সরকারের আছে কিনা? আমি আরও জিজ্ঞাসা করি, আমাদের লুতফল হক সাহেব ডুজিসিয়াল এনকোয়ারীর দাবি করেছেন, বোধ হয় জুডিসিয়াল মিনিস্টার উঠে দাঁড়িয়ে বলবেন এটা সম্ভব নয়, কিন্তু আমি দাবি করছি আপনার নেতৃত্বে এই হাউসের এম. এল. এ. কমিটি করে দিতে পারেন কি? কারণ, জুডিসিয়াল এনকোয়ারী এরা কোনওদিন মানেনি, তাই এই হাউসের ৩ জন এম. এল. এ.কে নিয়ে সেখানে কি ঘটনা ঘটেছে, কি অরাজকতা সেখানে চলছে সেটা এনকোয়ারী করার ব্যবস্থা করবেন কি? আমরা হিংসাতে বিশ্বাস করি না, গণতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে শান্তি পূর্ণ উপায়ে সেখানে তাঁরা অনশনে বসেছেন।

আমরা যখন অনশনে বসেছি তখন আমাদের বিরুদ্ধে যদি গুণ্ডা বাহিনী লেলিয়ে দেন তাহলে আমরা কোথায় আছি সেকথা আমি সরকারের কাছে জিজ্ঞাসা করছি?

**শ্রী হাসিম আবদুল হালিম** : জয়নাল আবেদিন এবং কংগ্রেসের মুখ থেকে গণতন্ত্রের কথা শুনে আনন্দ পেলাম। ওঁদের কথায় বুঝলাম ওঁরা নাকি গণতন্ত্রে বিশ্বাস করেন। কিন্তু পশ্চিমবাংলার ইতিহাসে আমাদের অনেক অভিজ্ঞতা রয়েছে। ওঁদের সময় ওঁরা কি করেছিলেন সেসব কথা মনে আছে, ১৯৭২ সালের কথা মনে আছে। যাহোক, এখানে যে ঘটনার কথা বললেন নিশ্চয়ই তার তদন্ত হবে এবং দেখা হবে কি আছে, না আছে এবং তারপর ব্যবস্থা হবে। তাঁরা যে অভিযোগ করেছেন তাতে যদি কিছু করবার থাকে তাহলে তা করা হবে, কিছু না থাকলে করা হবেনা। এঁরা তদন্তের জন্য চিৎকার করছেন এবং এঁদের যে খবরের কাগজ রয়েছে তাঁরা লিখবেন। এঁরা একটা জিনিস তুলে ধরতে চান যে পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা নেই। আইন শৃঙ্খলা সারা ভারতবর্ষে যা রয়েছে পশ্চিমবাংলায় তার চেয়ে ভাল রয়েছে। আমাদের ১১৫০ জনকে যখন হত্যা করা হয়েছিল তার জন্য তো কোনও মামলা হয়নি। তাঁরা জরুরি অবস্থা ডিক্লেয়ার করেছিলেন, বিনা বিচারে লক্ষ লক্ষ লোককে জেলে রেখেছিলেন, আজকে তাঁরাই আবার গণতন্ত্রের কথা বলছেন।

**মিঃ স্পিকার** : আই শ্যাল রেফার দি ম্যাটার টু দি চিফ মিনিস্টার।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)

[3-30 – 3-40 P.M.] (After adjournment)

## GENERAL DISCUSSION ON BUDGET

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বৎসরের বাজেট আলোচনা হতে চলেছে। অর্থমন্ত্রী মহাশয় এখনো এখানে এসে উপস্থিত হতে পারেননি, জানিনা তিনি এই ব্যাপারে কোনও গুরুত্ব দেন কিনা। দীর্ঘ বাজেট বক্তৃতা তিনি রেখেছেন, তাঁর স্বভাববশত তাঁকে দেখি আজকে তিনি যে বিবৃতি দেন কালকে সেই বিবৃতি আবার অন্য রকম হয়েছে। সেই দীর্ঘ বাজেট বক্তৃতায় সেন্টার-স্টেট রিলেশনের আড়ালে তিনি একটা সত্য গোপন করেছেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, এখানে কোনও ক্যাবিনেট মিনিস্টার নেই, আপনি একটু দেখুন।

**মিঃ স্পিকার ঃ** হ্যাঁ, আমি খবর দিয়েছি।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** যে কথা বলতে যাচ্ছিলাম অর্থমন্ত্রী মহাশয় আজকে যে বাজেট বিবৃতি দেন তার কয়েকদিন পরে আবার যে বিবৃতি দেন তার মধ্যে কোনও মিল থাকেনা। তিনি যে বিবৃতি দিয়েছেন তার সম্বন্ধে ধরে নিচ্ছি যে এবারে হয়তো মোটামুটি সঙ্গতি আছে। এখনো বামফ্রন্ট সরকারের দু'বৎসর হয়নি, যে অর্থনৈতিক চিত্র তিনি তুলে ধরেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের রাজকোষ শূন্য হতে চলেছে, পশ্চিমবঙ্গকে দেউলিয়ার পথে অনেক এগিয়ে নিয়ে গিয়েছেন। ১৯৭৯ সালের সংশোধিত তহবিলে দেখতে পাচ্ছি রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী সেই টাকার পরিমাণ ১০৫ কোটি ১০ লক্ষ টাকা। আবার ১৯৭৭-৭৮ সালের প্রকৃত ব্যয়ে দেখি ঘাটতি পড়ল ৬ কোটি ৬৫ লক্ষ টাকা। জানিনা এই ১০৫ কোটি টাকার মধ্যে এটা আছে কিনা। যদি থাকতো তাহলে এ. জি. বেঙ্গলের রিপোর্ট অনুযায়ী সেটা হয়তো প্রারম্ভিক তহবিলে ধরা হত। এই দুটো যোগ করে এবং এই বছরে যে বাজেট রচনা করেছেন তাতে প্রারম্ভিক তহবিলে যে ৫৫ কোটি ৮২ লক্ষ ঘাটতি হবে বলেছেন এই নিয়ে অর্থাৎ এই তিনটি যোগ করলে, রাজকোষে ঘাটতি দাঁড়াবে ১৬৭ কোটি ৫৭ লক্ষ টাকা। এই হাউসে এর পূর্বে দেখতে পেয়েছি এক দিকে বিরাট ঘাটতি অন্য দিকে প্রশাসন রাজস্ব আদায়ে ব্যর্থ হয়েছে। ১৯৭৭-৭৮ সালে রাজস্ব আদায় হয়েছে ৬৯৯ কোটি টাকা, আর সংশোধিত বাজেটে রাজস্ব আদায় ছিল মাত্র ৭৭৫ কোটি টাকা। অর্থাৎ প্রায় ৭৬ কোটি টাকা রাজস্ব আদায় হয়নি। আর কয়েকদিন পরেই ১৯৭৮-৭৯ সালের বাজেটের হিসাব আমরা পাব, ইতিমধ্যে যে তথ্য আছে তার উপর ভিত্তি করে যদি দেখি তাহলে দেখব রাজস্ব আদায়ের কি চেহারা আছে। সংশোধিত বাজেটে ৮৮০ কোটি ৮১ লক্ষ টাকা রাজস্ব আদায়ের কথা, আমার মনে হয় সেটা সাতশ সোয়া সাতশ কোটির বেশি আদায় হবেনা। গত বছর প্রশাসন পঞ্চায়েত নির্বাচন নিয়ে ব্যস্ত ছিলেন, ব্যস্ত ছিলেন বন্যার জন্য। এই বন্যার নামে তাঁরা নানা রকম দলবাজি কাজ করেছেন। ১৯৭৭-৭৮ সালে রাজস্ব আদায়ে যে ব্যর্থ হয়েছেন, তার সঙ্গে ১৯৭৮-৭৯ সালের রাজস্ব আদায়ের হিসাব যদি ধরা হয় তাহলে আমার মনে হয় ঘাটতি বেড়ে দাঁড়াবে অন্তত ২০০ কোটি টাকায়। এই ২০০ কোটি টাকা যদি আগেকার ফিগারের সঙ্গে যোগ দিই তাহলে সেটা ৪০০ কোটি টাকার কাছাকাছি যাচ্ছে। সংশোধিত বাজেটে ৮১ কোটি টাকা যা ধরেছেন এবং ব্যয়ের যে হিসাব ধরেছেন, সেটা মিলিয়ে দেখলে দেখব যে খরচের মাত্রা সেই তুলনায় কমেনি, সেখানে ৮১ কোটি নয়, ১৫০ কোটি টাকা রাজস্ব আদায় হবেনা, এবং তার সাথে এটা যোগ করতে হবে, এই যেখানে চিত্র সেখানে আমরা দেখতে পাচ্ছি রাজ্যে ইতিমধ্যে প্রায় ৪০০ কোটি ঘাটতি হয়ে পড়েছে। এই ভাবে যদি চলতে থাকেন তবে আগামী বছরের বাজেটে দেখা যাবে প্রায় পঁচিশ কোটি টাকা পশ্চিম বাংলার রাজকোষ থেকে বেরিয়ে গেছে। এই যদি অবস্থা হয় তো পশ্চিমবঙ্গকে দেউলিয়া করা ছাড়া পশ্চিম বঙ্গে অর্থমন্ত্রীর আর কি উদ্দেশ্য আছে জানি না। বাজেটে ধরা ছিল ১৯৭৭-৭৮ সালে অতিরিক্ত সম্পদ আহরণ হবে ২৫ কোটি টাকা, ১৯৭৮-৭৯ সালে অতিরিক্ত সম্পদ সংগৃহীত হবে ৩০ কোটি, এর নামে নানা রকম ট্যাক্স

প্রপোজাল রাখা হয় এবং তারই ভিত্তিতে পরোক্ষভাবে নানা রকম জিনিসপত্রের দাম বাড়ার ফলে, সাধারণ মানুষ ব্যতিব্যস্ত হয়ে পড়ে। তারপরে যখন হিসাব দেখি, ১৯৭৭-৭৮ সালে যেখানে অতিরিক্ত সম্পদ সংগ্রহের কথা ছিল ২৫ কোটি টাকা সেখানে একটি পয়সাও সংগৃহীত হয়নি। ১৯৭৮-৭৯ সালে যে অতিরিক্ত কর সংগ্রহের কথা ছিল জানিনা এর মধ্যে এর কত টাকা এই পর্যন্ত সংগ্রহ করতে পেরেছেন। এই বছরের বাজেটে দেখানো হয়েছে ৩৪ কোটি টাকার মতো সংগ্রহ হবে ট্যাক্স প্রপোজালের মাধ্যমে। এর জন্য জিনিসপত্রের দাম বাড়ছে, পরোক্ষভাবে মানুষকে এই করের বোঝা বইতে হবে। এইভাবে দেখতে পাচ্ছি বছর শেষ হলে রাজস্ব আদায় যা হবে তাতে রাজকোষে আরও বেশি ঘাটতি বাড়বে এবং সেই ঘাটতির প্রবণতা জোরদার হচ্ছে, আর অন্য দিকে আমরা কি দেখতে পাচ্ছি? তিনি যা আশা করছেন তা হবেনা তিনি বলেছেন পশ্চিম বাংলায় শিল্পের যে অবস্থা সেটা সর্বভারতীয় চিত্র থেকে খুব বেশি তফাৎ নয়, এখানে বিশেষ নতুন কিছু কোনও রকমেই বাড়েনি। অথচ জাতীয় ক্ষেত্রে অর্থমন্ত্রী যেটা আশা করেছিলেন জাতীয় স্তরে এক থেকে দুই ভাগ বাড়বে শিল্পোদ্যোগে, শিল্প উৎপাদনে, আমরা সেখানে দেখছি সেটা শতকরা ৮ ভাগ বেড়েছে।

[3-40 – 3-50 P.M.]

তাই যদি হয়ে থাকে এখানে পশ্চিমবাংলার শিল্প কি অবস্থায় আছে। পশ্চিম বাংলার শিল্পের অবস্থা পশ্চিমবাংলায় সব পাবলিক আণ্ডারটেকিং আছে তার চেহারা দেখেই বোঝা যাবে। ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ এই দু' বছরের চিত্র যদি খোঁজ নিয়ে দেখি তাহলে দেখব বছরে প্রায় ৭০ থেকে ৭৫ কোটি টাকা এই পাবলিক আণ্ডারটেকিংগুলোতে ঘাটতি পড়ছে। এই বিপুল ঘাটতির পরও একের পর এক রুগ্নশিল্পকে অধিগ্রহণ করা হচ্ছে, তাদের কোনও ইকনমিক ভ্যায়াবিলিটি যাচাই করা হচ্ছে না। শ্রম বিরোধ সময় মতো না মিটিয়ে ফেলার ফলে পশ্চিমবাংলায় প্রায় রেকর্ড সংখ্যক শ্রম দিবস নষ্ট হয়ে গিয়েছে। আপনাদের দেওয়া রিপোর্ট থেকেই এটা দেখতে পাচ্ছি। তার উপর worst ever load shedding চলছে। এই অবস্থায় পশ্চিমবাংলায় শিল্প উদ্যোগ কি করে হবে জানি না। পশ্চিমবাংলার বাজেটের মধ্যে শিল্পউদ্যোগ-এর ভিত্তিতে পশ্চিমবাংলার বেকারের সামনে যে চিত্র তুলে ধরা হয়েছিল, বলা হয়েছিল বেকারী দূর করার জন্য এই শিল্পোদ্যোগ করতে হবে তা আমরা দেখতে পাচ্ছি না। এই লোড শেডিংয়ের ফলে নূতন শিল্প কারখানা স্থাপন করা যাচ্ছে না। আর পশ্চিমবাংলা সরকারের প্রশাসনে সরকারি কর্মচারী ইত্যাদি যাঁরা আছেন তারা আর কাজ করছেন না। তাদের কাজ না করার ফলে প্রত্যেকটি ডিপার্টমেন্টে বছরের পর বছর ওভার টাইমের মাত্রা বেড়েই চলেছে। অথচ রাজস্ব আদায় হয় না, সম্পদ সংগ্রহের কাজ হয় না। আর প্রত্যেকটা আণ্ডারটেকিংয়ে গভর্নমেন্টের কমিটি আছে। এটা বিভিন্ন ডিপার্টমেন্টে কমিটি করা হয়েছে। সেখানে বোর্ড অফ ডাইরেক্টরস আছেন। বোর্ড অফ ডাইরেক্টরসদের মিটিংয়ে যে খরচ হচ্ছে তা পূর্বতন সরকারের সমস্ত রেকর্ড ছাপিয়ে গিয়েছে। আমাদের এম. এল. এ. এদের যাতায়াতের বিশেষ সুবিধা দেওয়া হয়েছে—রেলওয়েতে, বাসের ভাড়ার ক্ষেত্রে। শুনতে পাচ্ছি এইসব পাবলিক আণ্ডারটেকিংয়ে তারা রেলের পুরো ভাড়া আদায় করে মিটিংয়ে আসছেন। এই জিনিস যদি চলতে পারে তাহলে পশ্চিমবাংলায় এই ঘাটতি বাজেট কি করে রোখা যাবে জানি না। একদিকে দেখছি পশ্চিমবাংলায় রাজস্ব আদায় করা সম্ভব

পশ্চিমবাংলার শিল্প বছরের পর বছর ঘাটতি যাচ্ছে, অন্যদিকে শ্রম বিরোধের ফলে থেকে হোসিয়ারি ইণ্ডাস্ট্রি অন্য রাজ্যে চলে গিয়েছে। এই রাজ্যে প্রেস ধর্মঘটের ফলে মাণ কাজ পশ্চিমবাংলার বাইরে চলে গিয়েছে। পশ্চিমবাংলার বাইরে এই রাজ্যের রা ধরেছে, তারা চুক্তি করে নিয়েছে কমপক্ষে অন্তত তিন বছর অন্য রাজ্য তারা বে। অর্থাৎ প্রেস ধর্মঘটের ফলে সাময়িকভাবে এই রাজ্য ক্ষতিগ্রস্থ হয়নি আগামী রে এই ক্ষতি আরও বাড়বে কিনা জানি না। এই রকম যাচ্ছে। প্রেস এবং ইণ্ডাস্ট্রিতে বাইরে থেকে ৪শো কোটি টাকা লগ্নি করার সুবিধা ছিল, সম্পদ সৃষ্টি যাগ ছিল সেটা অন্য রাজ্যে চলে গেল। এখানে আমরা মরিচঝাঁপির কথা বললেই ন্ধুরা ক্ষিপ্ত হয়ে ওঠেন। ওই ৩০ হাজার মরিচঝাঁপির উদ্বাস্তুকে আমরা পশ্চিমবঙ্গে রি না, তাদের দণ্ডকারণ্যে ফিরিয়ে দেওয়ার জন্য বদ্ধপরিকর, অথচ এই বিধানসভার চলে যান চৌরঙ্গী, শিয়ালদহ, বড়বাজার ইত্যাদি বিভিন্ন রাস্তাগুলো দেখুন বহিরাগত আন-লাইসেন্সড ব্যবসা-বাণিজ্য করে খাচ্ছে প্রশাসনের চোখের সামনে। এত ছোট- া চলছে, লাইসেন্স করা হয়েছে কিনা জানি না, আমাদের রিপোর্ট লাইসেন্স নেই। নায় যেখানে চাকরি দেওয়া সম্ভব হচ্ছে না সেখানে এই সমস্ত হকার ইত্যাদি অন্য ক এসে কি করে ক্রমশ প্রসারিত করে চলেছে ব্যবসা-বাণিজ্য, এটা আমরা বুঝতে ।

শেষ কোথায় এটা দেখা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার সামনে আমি ত চাইছি যে এই রাজ্য সরকারের এবারের বাজেটে ওনারা তিনটি মাত্র জিনিস া চেষ্টা করেছেন। সরকারি কর্মচারিদের ও অন্যান্যদের সেন্ট্রাল ডি এ দিয়েছেন। েছেন? ১০ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া ব্যবস্থা ফ্রি করে দিয়েছেন। আর কি না, এই ছে যে পশ্চিমবাংলা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। আপনাদের ইকনমিক রিভিউ ও এগ্রিকালচার টর হিসাব থেকে দেখা যাচ্ছে। সেন্ট্রাল ডি. এ-র ব্যাপারে কিন্তু অস্পষ্টতা থেকে নীয় অর্থ মন্ত্রীর কাছে তাঁর বাজেটে স্পষ্টভাবে জানতে চেয়েছিলাম। কিন্তু বাজেট র পর রেডিও মারফত শুনলাম যে পশ্চিমবাংলার বিশ্ববিদ্যালয়-এর অশিক্ষক া সেন্ট্রাল ডি. এ. দেওয়া হচ্ছে না। তাদের পে স্কেল যে হচ্ছে তাতে তারা হবেন। অথচ পে কমিশনে বলা হয়েছে সরকারি কর্মচারিদের সেন্ট্রাল ডি. এ া। কিন্তু বিশ্ববিদ্যালয় শিক্ষক কলেজ শিক্ষক, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক প্রাথমিক শিক্ষক এই সেন্ট্রাল ডি. এ. পাবেন কিনা এ বিষয়ে নির্দিষ্ট কোনও কিছু এই কে উদ্ধার করার উপায় নেই। এই সেন্ট্রাল ডি. এ. সম্পর্কে কো-অর্ডিনেশন ম্পাদক নাকি বলেছেন, খবরের কাগজে দেখলাম, যে ভারতবর্ষের কোনও রাজ্যে সেন্ট্রাল ডি. এ. দেওয়া হয় নি পশ্চিমবাংলায় এই প্রথম চালু হল। অর্থ মন্ত্রী তই পারতেন যে ভারতবর্ষের কোন কোন রাজ্যে ইতিমধ্যেই সেন্ট্রাল ডি. এ দেওয়া ন কোন রাজ্যে স্কুলের টিউশন ফি তুলে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলায় এটা নুতন, া নয়। পশ্চিম বাংলা যে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ এটা খাদ্য মন্ত্রী মহাশয় কি স্বীকার খাদ্য মন্ত্রী বলুন যে পশ্চিমবাংলা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। এবং তাই যদি হয়ে লে কেন্দ্র থেকে এই যে লক্ষ লক্ষ টন গম আসছে সেগুলি যাচ্ছে কোথায়?

পশ্চিমবাংলা যদি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে থাকে তাহলে কেন পশ্চিমবাংলার মানুষকে ভাতের পরিবর্তে গম খেতে হচ্ছে। কেন পশ্চিমবাংলার রেশনে এলাকায় এত চাল আনা হয় সেন্ট্রাল গভর্নমেন্টের থেকে, কেন কর্ডন করার জন্য ৪ কোটি টাকা পুলিশের পিছনে খরচ করা হয়, কেন ফুড ফর ওয়ার্কের প্রোগ্রামে সেন্ট্রাল গভর্নমেন্টকে এত গম দিতে হয়। খাদ্যমন্ত্রী বলেছিলেন চিনির ডি কন্ট্রোল করলে দাম বেড়ে যাবে। ডি কন্ট্রোল হয়েছে কিন্তু চিনির দাম বাড়ে নি। তাঁর কথায় এই যদি অবস্থা হয় তাহলে কর্ডন তুলে দিলে ঐ চার কোটি টাকা পুলিশ খাতে ব্যয় বাঁচতো তাহলে পশ্চিমবাংলায় এই কলকাতা শহরের মানুষ রেশনের চাল না খেয়ে পশ্চিমবাংলার জমিতে উৎপন্ন চাল খেতে পারতো। এক দিকে লক্ষ লক্ষ টন গম আসছে আর এক দিকে পশ্চিমবাংলায় কোনওরকম ফুড প্রোকিওরমেন্ট-এর ব্যবস্থা করা হয় নি। তাহলে খাদ্য কোথায়? কৃষকদের ঘরে? কৃষকদের ঘরে খাদ্য নেই—তারা ডিসট্রেস সেল করতে বাধ্য হচ্ছে এবং দারুণভাবে ডিসট্রেস সেল হয়েছে। আলু কৃষকরা ডিসট্রেস সেল করতে বাধ্য হচ্ছে। পশ্চিমবাংলা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছে যে এই আলু নাকি এক্সপোর্ট করবেন। আজকে পশ্চিমবাংলার কৃষকরা যা উৎপন্ন করছে তার আর মূল্য পাবে না। দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার কৃষকদের জন্য এই বাজেটে কোনও কিছু বরাদ্দ নেই। আজকে এই জিনিস তুলে ধরার প্রয়োজন আছে। য়াদের সেন্ট্রাল ডি. এ. দেওয়া হয়েছে তাদের প্রতি আমার ক্ষোভ নেই। কিন্তু এই ১০ থেকে ১৫ ভাগ লোককে পাইয়ে দিয়ে ভবিষ্যতের ইলেকশন এবং রিগিং মেশিনারীকে পারফেক্ট করবার জন্য আপনার এই ব্যবস্থা করেছেন সেটা আমরা জানি।

[3-50 – 4-00 P.M.]

অন্যদিকে পশ্চিমবাংলার কৃষকদের কি হচ্ছে? শতকরা ৭৫ জন মানুষ কৃষি কার্যে নিযুক্ত। গত ১০০ বছর ধরে এই ফিগারের কোনও রকম তারতম্য হচ্ছে না ভারতবর্ষে। অথচ ভারতবর্ষের বাইরে পাশ্চাত্য যে কোনও দেশে গেলে দেখতে পাবেন তারা ১৫ বছরে কৃষি কর্মে নিযুক্ত শ্রমিকদের জন্য বৃত্তিতে নিয়ে যাবার চেষ্টা করেছেন এবং সেই চেষ্টায় তারা সফলও হয়েছেন। তারা এই সংখ্যাটা কমিয়ে আনতে পেরেছেন, আর আপনারা পারেন না? সত্যিকারে কৃষকের মঙ্গল যদি চান তাহলে ঐ অপারেশন বর্গা করে প্রকৃত বর্গাদারদের উচ্ছেদ করে, দলবাজি করে কৃষি ক্ষেত্রে ক্যাওস নিয়ে আসবেন না। কৃষকদের যাতে কল্যাণ করা যায় সেদিকে আপনারা লক্ষ্য দিন। কৃষকদের সত্যিকারে যদি কল্যাণ করতে চান তাহলে আমি অর্থমন্ত্রীকে বলব কয়েকটি জিনিসের প্রতি অবিলম্বে দৃষ্টি দেওয়া দরকার। আমি বলতে চাই বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার যুগে কেন তাকে সফল ভাবে নিয়োগ করা হবে না, যাতে করে পার হেক্টার, প্রোডাকশন অনেক বেশি বাড়ে—কৃষকদের যদি সময় মতো জল দিতে পারেন, তাদের যদি সময় মতো সার দিতে পারেন তাহলে কিন্তু তারা আরও অনেক বেশি উৎপাদন করবে। কিন্তু আপনাদের সেই পরিকল্পনা কোথায়? এ পর্যন্ত যে কটি বৃহৎ সার কারখানা স্থাপন করা হয়েছে—কৃষকের সত্যিকারে যতটুকু সারের প্রয়োজন তার শতকরা ২০ ভাগও তারা উৎপাদন করতে পারছে না। গৃহপালিত পশু হচ্ছে গরু। সেই গরুর গোবরকে আজকে যদি বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার সাহায্যে ব্যবহার করা যেত তাহলে পশ্চিমবাংলার অনেক সমস্যাই আজকে মিটে যেত। আপনারা যদি গোবর গ্যাস প্ল্যান্ট করতে পারতেন

তাহলে একদিকে যেমন সারের ব্যবস্থা হত, তেমনি অন্যদিকে রান্নার গ্যাসের প্রয়োজন মিটত এবং ইলেক্ট্রিসিটিও তৈরি করতে পারত এই গ্যাস। পশ্চিমবাংলায় গ্যাস টারবাইন এনে বিদ্যুৎ সরবরাহের সরকারি পরিকল্পনা হচ্ছে। এতে বিদ্যুতের দাম যেখানে যাবে তাতে করে সেই বিদ্যুৎ দিয়ে কৃষকের কোনও কল্যাণ সাধন করা যাবে না। সুতরাং অন্য উপায় আজকে ভেবে দেখার প্রয়োজন এসেছে। কৃষকের ইকনমিক হোল্ডিং-এর ব্যবস্থা কোথায়? এই বাজেটে তো সেই ব্যবস্থা দেখতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। কৃষকের ইকনমিক হোল্ডিং-এর ব্যবস্থা যদি না করা যায় তাহলে কোনও কিছুরই ব্যবস্থা করা যাবে না। বামফ্রন্ট সরকার সত্যিকারে যদি কৃষকের কল্যাণ, উপকার করতে চান তাহলে সেই শতকরা ৭৫ ভাগ মানুষের জন্য কি ব্যবস্থা করেছেন—তাদের জন্য যদি কিছু সত্যিকারের দরদ থাকতো তাহলে নিশ্চয় আমরা এই বাজেটে দেখতে পেতাম যে ম্যাক্সিমাম প্রোডাকশন অব ওয়েলথ-এর দিকে আপনাদের ঝোঁক আছে এবং ইরাডিকেশন অব পভার্টির জন্য আপনারা সম্যক ব্যবস্থা নেবেন। কিন্তু আপনার বাজেটে কি তার কোনও প্রভিসন দেখলাম? প্রভিসন অব ফুল এমপ্লয়মেন্ট কোথায়? কতদিনে এটা সম্ভব হবে, তারও কোনও ইঙ্গিত দেখলাম না। ইকুইটেবল ডিস্ট্রিবিউশন অব ওয়েলথ পশ্চিমবাংলায় এখনও একটা মিগ থেকে যাবে? আপনাদের অনেক কথা বলার একটা অভ্যাস হয়ে গেছে। ইকনমিক রিভিয়ুর কথা আপনাদেরই কথা, যে বিষয়ে আপনারা সোচ্চারে বলে বেড়ান—সেই ইকনমিক রিভিয়ুতে ইকুইটেবল ডিস্ট্রিবিউশন অব ওয়েলথের কি ব্যবস্থা করেছেন, বাজেটে কি তার কোনও প্রতিফলন ঘটেছে? আপনারা বেকার ভাতা দিয়েছেন, কিছু বলার নেই। কিন্তু এই বেকার ভাতা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। কোটি কোটি টাকা জলে যাচ্ছে। আমি উদাহরণ দিয়ে বলছি ৫ জন বেকার যুবককে নিয়ে যদি একটা কো-অপারেটিভ করে দিতেন—তাদের জন্য তো মাসে মাসে ৫০ টাকা করে দিচ্ছেন, বছরে ৩ হাজার টাকা হচ্ছে এবং এই ৩ হাজার টাকার সঙ্গে ব্যাঙ্ক থেকে আরও ৩ হাজার টাকা লোন দিয়ে ৬ হাজার টাকা যদি তাদের দিতেন তাহলে এতে করে ঐ শুধু ৫ জন বেকার যুবকের নয়, আরও অনেক বেকার যুবকের কর্মসংস্থানের সুযোগ থাকতো। আমি বেকার ভাতার বিরোধিতা করছি না। বেকার ভাতা সৃষ্টি করে পশ্চিমবাংলায় আরও সম্পদ সৃষ্টির জন্য আমি আবেদন রাখছি। গুজরাট, হিমাচল প্রদেশ, আরও অন্যান্য প্রদেশে কৃষকদের জন্য খাদ্য এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসে নানা রকম ভরতুকি দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলা সরকার যদি সত্যিই জন দরদী হত তাহলে ৭৫ ভাগ কৃষকের জন্য খাদ্য এবং নিত্য প্রয়োজনীয় জিনিস নির্দিষ্ট মূল্যে পৌঁছে দেওয়া হত। ভূমিহীন কৃষকের প্রতি যদি এতই দরদ তাহলে সেই ভূমিহীন কৃষকের প্রতি আপনারা ব্যবস্থা গ্রহণ করুন। তারা যাতে ১ টাকা কেজি দরে চাল পেতে পারে তার ব্যবস্থা করুন, তাদের অনেক কম দামে নিত্য প্রয়োজনীয় জিনিস সরবরাহের ব্যবস্থা করুন। এই সব ব্যবস্থা এই বাজেটে কোথায়? তাই আমি শেষ করার আগে এই কথা বলতে চাই পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা পশ্চিমবাংলাকে দেউলিয়া করে দেবার প্রথম পদক্ষেপ এবং তিনি যদি এই ভাবেই চলতে থাকেন তাহলে আগামী ৫ বছরে রাজস্বে যে ঘাটতি হবে এবং এর জন্য পশ্চিমবাংলার অর্থনীতিতে যে বিপর্যয় আসবে তার জন্য অর্থমন্ত্রীই দায়ী থাকবেন। এই বলে অর্থমন্ত্রীর বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রী আবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রী চরণ সিং লোকসভায় তাঁর বাজেট পেশ করেছেন। আমাদের পশ্চিমবাংলার অর্থমন্ত্রী ডাঃ অশোক মিত্র গত ২৩শে ফেব্রুয়ারি বিধানসভায় তাঁর বাজেট পেশ করেছেন। স্যার, এই দুটি বাজেটকে যদি সামনে রাখেন তাহলে দেখবেন, যারা মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত, বিশেষ করে যারা স্যালারিড পারসন তারা চরণ সিং-এর চরণাঘাত এবং ডাঃ অশোক মিত্রের চপেটাঘাতে পেষ্ট হয়েছেন। আপনি যদি স্যার, লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন এই মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত বা স্যালারিড ক্লাশ যারা তারাই বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন। পিওন থেকে আরম্ভ করে যারা সামান্য বেতন পান সকলেই ক্ষতিগ্রস্ত হয়েছেন। টুথপেস্ট, টুথব্রাশ, কাপড় কাচা সাবান, কেরোসিন-জ্যোতিবাবুর দয়ায় বিদ্যুতের যে অবস্থা তাতে কেরোসিন সবাই ব্যবহার করে—এইসব নিত্যনৈমিত্তিক জিনিসগুলির উপর কর বসেছে। আর আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে যে তিনি যে কর ধার্য করেছেন তাতে ৯ কোটি টাকা বৃদ্ধি কর থেকে আসবে। স্যার, এটা আসবে কাদের কাছ থেকে? যারা মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত-স্যালারিড পারসন-তাদের কাছ থেকে আসবে। এই দুটি বাজেটকে যদি সামনে রেখে দেখা যায় তাহলে দেখা যাবে এদের মিল আছে। অর্থাৎ এরা আঘাত হেনেছেন সেই মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত মানুষদের উপর—যে সমস্ত নিত্যনৈমিত্তিক জিনিস তাঁরা ব্যবহার করেন তার উপর। আমাদের অর্থমন্ত্রী মহাশয়, তিনি সেলস ট্যাক্স বাড়িয়েছেন। যেটা ১৯৪১ সালের সেল ট্যাক্স তা ৭ পারসেন্ট থেকে আরও ১ পারসেন্ট বাড়িয়েছেন, ৮ পারসেন্ট করেছেন। আপনারা জানেন, সেলস ট্যাক্স থেকে যে কর আসে তা সমস্ত রেভিনিউ-এর—অর্থমন্ত্রী মহাশয় ভুল হলে কারেক্ট করবেন, সিকস্টিসিকস পারসেন্ট অব দি টোটাল রেভিনিউ।

[4-00 – 4-10 P.M.]

আজকে তিনি কোন দ্রব্য কার উপর চাপিয়েছেন? শিডিউল টুতে যেটা আছে ১৯৪১ সালের আইন—শিডিউল টুতে আছে লাক্সারী গুডস, সাধারণ জিনিসের উপর ওয়ান পারসেন্ট চাপিয়েছেন আর ১৯৫৪ সালে যে সেলস ট্যাক্স আইন, সেই অনুসারেও সমহারে বাড়িয়েছেন। যে সমস্ত জিনিসে বেড়েছে সেই সমস্ত জিনিস গ্রাম থেকে আরম্ভ করে শহর পর্যন্ত সকলেই এই জিনিস ব্যবহার করেন, সুতরাং সকলের উপর এই করভার চাপছে। কারণ গ্রামের মানুষ আজকাল টুথপেস্ট ব্যবহার করছে, সোডা ব্যবহার করছে, সাবান ব্যবহার করছে, তাদের উপর এই করের ভার চাপছে। আপনারা জানেন কমিউনিস্ট পার্টি,—আমি বামফ্রন্টের সকলকে বলব না, ওদের অভিযোগটা শুনুন, ওরা বলতেন, যে কাঠামো, যে অর্থনীতি কংগ্রেস করেছে, তাতে বড় লোক আরও বড়লোক হয়েছে, আর গরিবরা আরও গরিব হয়েছে এই অভিযোগ তাদের ছিল। ঐ বীরেণ বাবুর মতো যে সমস্ত পুঁজিবাদী লোক বসে আছেন, তারা নিশ্চয়ই এটা জানেন। আমি আজকে আপনার মাধ্যমে নিবেদন করব, এই বাজেটের মধ্যে সবচেয়ে আনন্দ এবং খুশির কথা যেটা ঘোষণা করেছেন অর্থমন্ত্রী মহাশয় খুব গর্ব সহকারে, যে তিনি তার সমস্ত কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিয়েছেন এবং কিছু কিছু স্কুলের শিক্ষকদেরও দিয়েছেন। অর্থমন্ত্রী মহাশয়, তিনি সব সময় বলেন যে এই কাঠামোর পরিবর্তন যদি না করা যায়, সমগ্র দেশের অর্থনৈতিক কাঠামো যদি পরিবর্তন না করা যায় তাহলে দেশের মানুষকে রিলিফ দিতে পারবেন না। আমাদের আমলে আমরা ডি. এ. কর্মচারিদের দিয়েছিলাম, আমরা

্যাড হক ডি. এ. দিয়েছিলাম, বেতনের কম বেশি ভেবে দেওয়া হয়নি। ৪০ টাকা, ১৬ কা, ৩২ টাকা তিন দফায় দেওয়া হয়েছিল। কিন্তু আজকে আপনি দেখুন, ওঁদের কীর্তি খুন. যে সমস্ত কর্মচারী মাত্র ১৯৬ টাকা, ২০০ টাকা, ২৩৫ টাকা, ২৩৬ টাকা যাদের পে চল, তাদের হার হচ্ছে ২২ টাকা। আর যারা ১৬০০ টাকা বেতন পাচ্ছেন, এমন কি নিয়ার ডেপুটি, তাদের বেতন হচ্ছে ১৭৫০ টাকা। যারা ১৬০০ টাকা, ১৭৫০ টাকা বেতন াচ্ছেন, তাদের ভাতা দেওয়া হচ্ছে ২৪৭ টাকা। যার বেতন কম তাকে দেওয়া হচ্ছে ২২ কা। কারণ এই সরকার গরিব দরদী সরকার, এই সরকার মেহনতী মানুষের সরকার, এই রকার যে সমস্ত গরিব সরকারি কর্মচারী আছে, তাদের সরকার। অথচ সেই গরিব সরকারি র্মচারিদের মহার্ঘ ভাতা দিচ্ছেন কত? ২২ টাকা পাবে পিওন, ২২ টাকা পাবে ক্লার্ক। তার ঙ্গে আশেপাশে যারা আছেন, সেই ডবলিউ. বি সি. এস., সিনিয়ার অফিসার, যারা ১৬০০ কা, ১৭৫০ টাকা পান, তাদের কেবল সেই ভাতাই নয় আরও আছে স্পেশাল পে আছে, ১০ টাকা, হাউস রেন্ট আছে ২৭৫ টাকা, ইত্যাদি করে ২৬৬৩ টাকা পান। আর যাঁরা রিব সরকারি কর্মচারী তাঁরা কম পাবে। আপনি যাঁদের যত বেশি বেতন তাঁদের তত বেশি তা দিয়েছেন। আপনারা গরিব দরদী সরকার, মেহনতি মানুষের সরকার বলে এসেছেন, পনারা এখানে উল্টোটা করতে পারলেন না। আপনারা কেন এই ব্যবস্থা করতে পারলেন যে অল্প বেতন পায় তাকে বেশি ভাতা দেওয়া হোক, আর যে বেশি বেতন পাচ্ছে তাকে । দেওয়া হোক। আমরা যখন ৪০ টাকা দিয়েছিলাম তখন একই হারে দিয়েছিলাম। আমরা টাস মেনটেন করেছিলাম। আমরা পিওনদেরও ৩২ টাকা দিয়েছি, আবার ডবলিউ বি. সি. । অফিসারদেরও ৩২ টাকা করে দিয়েছি। কিন্তু আপনাদের এই তথা কথিত গরিব দরদী কার, যার নেতৃত্বে বর্তমানে আপনি অর্থ দপ্তর থেকে দিয়েছেন, আপনি সেই গরিব কের কথা মুখে বলছেন এবং প্রায় ৩২ পাতা ধরে খালি উপদেশ দিয়েছেন। আপনার ; উপদেশ দেওয়া সত্ত্বেও এই ব্যবস্থা করেছেন এবং মহার্ঘ ভাতা দিতে গিয়ে যে রাস্তা খিয়েছেন তাতে আপনাদের কংগ্রেস সরকারের সমালোচনা করা চলেনা। আপনার সীমিত তার মধ্যে আপনি কোন বোল্ডনেস দেখাতে পারেন নি। যাঁরা কম বেতন পায় তাদের শি দেওয়া হবে আর যাঁরা বেশি বেতন পায় তাঁদের কম দেওয়া হবে, এই রকম কোনও ল্ডনেস দেখাতে পারেন নি। এখানে ৩৮ পৃষ্ঠার মধ্যে ৩৩ পৃষ্ঠা ধরে খালি জ্ঞান দিয়েছেন। নি এক জায়গায় বলেছেন যে রাজ্য সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেবার ্য ৩০ কোটি টাকা দিয়েছেন এবং আমাদের ধন্যবাদের পাত্র হয়েছেন। কিন্তু আমার কথা ছ, এই যে ট্যাক্স ধার্য করা হয়েছে, এটা কাদের কাছ থেকে আসবে সেই সম্পর্কে তিনি ভিন্ন রাস্তা দেখিয়েছেন এবং বলেছেন যে এর মধ্যে ৯ কোটি টাকা আসবে স্যালারী রসনদের কাছ থেকে এবং গাঁজা, মদ ইত্যাদি থেকে। উনি বাজেটের ২ নং পাতায় একটা । বলেছেন, বামফ্রন্ট সরকার এ রাজ্যে যে লক্ষ্যণীয় পরিবর্তন এনেছেন ১৯৭৭-৭৮ লের রাজ্যের আয়বৃদ্ধির আনুমানিক হিসাবনিকাশে তা স্পষ্ট। এ বছর রাজ্যের গড় আয় ১৩ শতাংশ বেড়েছে। ১৯৬৩-৬৪ সালের পর এটাই সর্বাধিক বৃদ্ধি। মাথাপিছু আয় ড়েছে ৬.৫৬ শতাংশ। স্যার, এই যে মাথা পিছু আয় বেড়েছে, এটা উনি টাটা, বিড়লা, য়েঙ্কা ইত্যাদি বড় বড় যে সব মনোপলিস্ট হাউস আছে তাদের আয় ধরে নিয়ে বলছেন গড়পড়তা মাথাপিছু আয় বেড়েছে ৬.৫৬ শতাংশ। এই বাজেটগুলিতে আপনারা অভিযোগ

করেছেন, এই সব কংগ্রেসের বাজেট, জনতা সরকারের বাজেট, কিন্তু আজকে সি. পি. এম. তারা গর্ব করে বলছেন যে ১৯৬৩-৬৪ সালের পর এই রকম আয় আর বাড়েনি।

[4-10 – 4-20 P.M.]

তাহলে ১৯৬৩-৬৪ সালে কংগ্রেস সরকার নিশ্চয়ই ভাল করেছিল। আর উনি বলছেন যে, উনি এবারে তার চেয়েও ভাল করেছেন ৬.৫৬ শতাংশ আয় বেড়েছে। আমাদের দেশের শতকরা ৮০ ভাগ লোক গ্রামে বাস করে এবং একথা ঠিক যে অর্থমন্ত্রী নিজেই বলেছেন সারা ভারতবর্ষে মোট ৬২ কোটি লোকের মধ্যে ৫০ কোটি মানুষ বিলো পভার্টি লাইনে বাস করছে, আর পশ্চিমবাংলার শতকরা ৮০ শতাংশ মানুষ গ্রামে বাস করছে, তাদের ইনকাম কি বেড়েছে? অর্থমন্ত্রী কি এটা বলতে পারবেন যে, তাদের ইনকাম বেড়েছে? আজকে উনি বড় বড় শিল্পপতিদের ইনকাম নিয়ে, বড় বড় শিল্প গোষ্ঠীর ইনকাম নিয়ে সকলের এক সঙ্গে হিসাব নিয়ে বলছেন মাথাপিছু আয় পশ্চিমবাংলায় বেড়েছে ৬.৫৬ শতাংশ। অথচ উনি বলছেন এই সরকার হচ্ছে গরিবের সরকার, এই সরকার শ্রমিকের সরকার, এই সরকার গরিব মানুষ মেহনতি মানুষের সরকার। সমস্ত গরিব মানুষ, মেহনতি মানুষ আমাদের ডান দিকে বসে আছেন বীরেণ রায়-সহ। মাননীয় অর্থমন্ত্রী এর আগে ১৯৭৭ সালের বাজেট বক্তৃতার সময় বেকার সমস্যার সমাধানের ক্ষেত্রে বেকার ভাতার কথা বলেছিলেন। উনি যে ইকনমিক রিভিউ দিয়েছেন তাতে আমরা দেখতে পাচ্ছি ১৯৭৭ সাল পর্যন্ত শিক্ষিত বেকার স্কুল ফাইনাল পাশ থেকে আরম্ভ করে বি. এ., এম. এ. পাশ পর্যন্ত হার হচ্ছে ৬০ লক্ষ ২৪ হাজার ১৫১। আর উনি গত বছর বলেছিলেন ১৩ লক্ষ কর্ম প্রার্থীর নাম বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রে রেজিস্ট্রি করা আছে। ওঁর গত বছরের বাজেট বক্তৃতার কপি আমি নিয়ে এসেছি, সেখানে উনি বলেছিলেন যে, এই ১৩ লক্ষ-র মধ্যে ১ লক্ষ ৫০ হাজার বেকারকে বেকার ভাতা দেওয়া হবে এবং একথাও বলেছিলেন যে মাত্র ৩ বছর দেওয়া হবে। এবারে তিনি বলছেন ১ লক্ষ ৪৫ হাজারকে বেকার ভাতা দেওয়া হচ্ছে। অর্থাৎ ১ লক্ষ ৫০ হাজারকে দেওয়ার কথা ছিল, কিন্তু প্রকৃত পক্ষে ১ লক্ষ ৪৫ হাজারকে দেওয়া হচ্ছে ১৩ লক্ষর মধ্যে। এই এক বছর তিনি যে বেকার ভাতা বা বেকার ভিক্ষা দিয়েছেন তারা নাম মাত্র তিন বছর এই ভাতা পাবেন। অবশ্য ১৩ লক্ষর পরেও ইতিমধ্যে আরও বেকার তাঁদের নাম লিপিবদ্ধ করেছেন। সুতরাং বেকার সমস্যার সমাধানের অর্থমন্ত্রী যে রাস্তা বের করেছেন তাতে দেখা যাচ্ছে তিন বছর পরে ওঁদের চাকুরি দিতে না পারলে—অবশ্য উনি চাকরি দিতে পারবেন না, ডাঃ মিত্র পারবেন না এটা আমি লিখে দিতে পারি—আবার তিন বছর পরে এই দেড় লক্ষ লোক আবার বেকার হয়ে যাবে। সুতরাং বেকারের ওপরে আবার বেকার সৃষ্টি হবে। তিনি এই বাজেট বিবৃতিতে বেকার সমস্যার সমাধানের যে রাস্তা দেখিয়েছেন এটা একটা ভাঁওতা ছাড়া আর কিছু নয়। এটা একটা বিরাট ভাঁওতা কথা প্রমোদবাবু কেন্দ্রীয় বাজেট সম্পর্কে বলেছেন, এটাও সেই ভাঁওতা। প্রমোদবাবু কেন্দ্রের এই বাজেটকে জনবিরোধী বলে আখ্যা দিয়েছেন আর আমি প্রমোদবাবুর সুরে সুর মিলিয়ে বলছি যে পশ্চিমবাংলার এই বাজেট নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত এদের বিরোধী বাজেট। আর একটি জিনিস দেখবেন, প্রাইমারি শিক্ষকরা সবচেয়ে স্বল্প বেতন পান। প্রাইমারি শিক্ষকদের বেলায় দেখা যাচ্ছে তাদেরকে ২২ টাকা হিসাবে দিয়েছেন আর যারা স্কুলের হেডমাস্টার—ঐ সোহরাব সাহেব তিনি ৮৫০ টাকা

বেতন পান, তার বেড়ে গেল ২০৮ টাকা—শুধু সোহরাব সাহেবই নন অনেকেই এখানে স্কুলের হেডমাস্টার আছেন—আমাদের দলেও আছেন আপনাদের দলেও আছেন। সুতরাং গরিব গরিবই হচ্ছে আর বড় লোক বড়লোকই হচ্ছে—এই হচ্ছে দেশের অবস্থা। বেচারা প্রাইমারি শিক্ষক তারা পাচ্ছেন মোটে ২২ টাকা। বাঃ, এই তো গরিবের সরকার। আমি শিক্ষকদের সম্বন্ধে বললাম, এর আগে বেকারদের কথা বলেছি। বেকার সমস্যা কিভাবে সমাধান করা হবে তা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেটে একটি কথাও বলেননি। তিনি বলেননি যে, এইভাবে আমরা বেকার সমস্যার সমাধান করব। তিনি সব সময়ে বলেছেন যে কাঠামোর পরিবর্তন না করলে এই সমস্যার সমাধান হবে না। তাহলে আমার প্রশ্ন হচ্ছে, আপনারা গদীতে বসে আছেন কেন? কাঠামো পরিবর্তন করার জন্য আন্দোলন করুন। এ ছাড়া একটা বিরাট ধর্মঘট হয়ে গেল বিশেষ করে পাট শিল্পে। প্রায় ৬০ হাজার শ্রমিক এতে ইনভলভ ছিল। স্টেসম্যান পত্রিকায় বেরিয়েছে ৬০ হাজার লোকের ওয়েজেস হিসাব প্রতিদিন প্রায় ১ কোটি টাকা লস হয়ে গেছে। উৎপাদন নষ্ট হয়েছে প্রতিদিন ১.৮ কোটি টাকা। এই ধর্মঘট ৪৯ দিন ধরে চলেছে। আর চাষীরা যে পাট উৎপাদন করে—মাননীয় কৃষি মন্ত্রী এখানে আছেন তিনি জানেন—চাষীদের ১ মন পাট উৎপাদন করতে ৮০ টাকার মতন খরচা হয়। রোয়া, পচন ছাড়ানো প্রভৃতি করে ৮০ টাকার মতন লাগে। আর এই সরকার আসবার পর পাটের দর ৪০ টাকা থেকে ৫০ টাকায় নেমে গেছে। এই চাষীদের কথা, তাদের এই দুর্দশার কথা, অর্থমন্ত্রীর মুখ দিয়ে বাহির হয়নি। অর্থমন্ত্রীর মুখ দিয়ে কেবল কেন্দ্র টাকা দিচ্ছে না, কেন্দ্রের বিরুদ্ধে উষ্মা প্রকাশ করা ছাড়া আর কিছুই নেই। আলুর চাষ খুব ভাল হয়েছে এবং অধিক ফলন হয়েছে—খুব ভাল কথা নিশ্চয়ই অধিক ফলন হোক—আমরাও তাই চাই—কিন্তু আলুর মন যদি ১৪/১৫ টাকায় নেমে যায় তাহলে চাষীদের কি অবস্থা হবে? এই সম্পর্কে অর্থমন্ত্রী একটা কথাও বলেন নি।

[4-20 – 4-30 P.M.]

আজকে এতে চাষীর কথা কিছুই বলা হয়নি। নূতন নূতন ট্যাক্স বসাচ্ছেন, অর্থমন্ত্রী আসার পর থেকে এই পশ্চিমবাংলায় ঘাটতি বাজেট হচ্ছে এবং যতদিন অর্থমন্ত্রী থাকবেন ততদিন এই পশ্চিমবাংলার ঘাটতি বাজেট হবে এবং ট্যাক্সের পর ট্যাক্স হবে। সুতরাং ঘাটতি বাজেট বিশারদ অর্থমন্ত্রী—এই আখ্যা ওঁকে দেওয়া যায়। এই সমস্ত ট্যাক্স মানুষের ঘাড়ে চাপবে। আমি স্যার, বেশিক্ষণ সময় আর নেব না, গত বছরের বাজেটে ৮ পাতায় উনি কয়েকটি কথা বলেছিলেন কেন্দ্রকে লক্ষ্য করে, "ক্ষমতা দুর্নীতির জনক, ক্ষমতা থেকে দুর্নীতির সৃষ্টি করে। রাজস্ব ও আর্থিক ক্ষমতা অত্যধিক কেন্দ্রীভূত হলে মারাত্মক সর্বনাশের আশঙ্কা"। এই উপদেশ তিনি কেন্দ্রকে দিয়েছেন। ডাঃ মিত্র কে আমিও তাই বলি এবং সাবধান করে দিতে চাই, আপনি কেন্দ্রকে সর্বদাই বলছেন আমাকে অর্থ দাও, আমাদের আরও ক্ষমতা দাও, খালি দাও, কিন্তু আপনাদের এই স্লোগানের ফলে আপনার কথায় বলছি, "ক্ষমতা দুর্নীতির জনক, ক্ষমতা থেকে দুর্নীতি সৃষ্টি করে, রাজস্ব ও আর্থিক ক্ষমতা অত্যধিক কেন্দ্রীভূত হলে মারাত্মক সর্বনাশের আশঙ্কা।" এই বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

***श्रीमती रेनुलीना सुब्बा*** : *माननीय* अध्यक्ष महोदय, इस साल का अर्थमंत्री ने ो बजट पेस किया है, वह एग्रीकल्चरल बजट है। इस बजट में साधारण लोगों ; जन-जीवन से कोई सम्पर्क नहीं है। वैसे तो आप स्वयं जानते हैं कि जब कोई वर्नमेन्ट अपने इम्पलाइज का भत्ता बढ़ा ती हैं तो स्पष्ट रूप से देखा गया हैं कि ाब कोई सरकार बदलाती है या कोई नई सरकार आती हैं तो पे कमीशन अवश्य ठाएगी-भत्रा अवश्य बड़ायेगी-यह कोई नई बात नहीं हैं। इसलिए मैं स्पष्ट रूप से हना चाहती हूँ कि इस बजट में 80 प्रतिशत लोग जो गरीब और बेकार हैं, उनका ौर गरीब जन-जीवन के साथ इस बजट का कोई सम्पर्क नहीं हैं। मैं कहना चाहूँगी क यह बजट गरीब लोगो के जन-जीवन को ध्यान में रख कर पेस नहीं किया गया । इसमें जो कुछ भी हैं, उसे मैं देखकर कह सकती हूँ कि एक पार्टी के बहकावे आकर यह बजट तैयार किया गया है।

इस में हिल एरिया मे रहने वाले लोगो और दार्जिलिग डिस्ट्रिक्ट जो क पिछड़ा हुआ डिस्ट्रिक्ट है, उस हिल एरिया के बारे मे इस बारे में इस बजट कुछ भी नहीं कहा गया है। हिल डवलपमेन्ट कौसिल के बारे मे कुछ भी उल्लेख ही किया गया हैं। हिल डवलपमेन्ट कौसिल का जो गठन किया गया हैं–इसमें कितना र्च अभी तक किया गया हैं, इस बजट में इसका कुछ भी उल्लेख नहीं हैं। हिल वलपमेन्ट कौसिल दार्जिलिंग डिस्ट्रिक्ट के डवलपमेन्ट करने के लिए गठन किया गया मगर यह बजट जन साधारण के हितो से बहुत दूर हैं। इसमे हमारे हिल एरिया लोगों के लिए और हिल एरिया के डवलपमेन्ट के लिए क्या किया जा रहा है, छ भी उल्लेख नहीं हैं।

इस बजट में लिंगविस्टिक माइनारिटी के डवलपमेन्ट के लिए कोई भी उल्लेख ीं हैं। नैपाली भाषा की माँग हमारी बहुत पुरनी माँग हैं। भाषा मे किसी भी ाति, संस्कृति, सामाजिक और आर्थिक उन्नति का बहुत बड़ा संबंध हिल एरिया के लोग नैपाली भाषा बोलने और लिखते हैं। इसभाषा से वहाँ के ागों का नित्य का संबंध हैं। हमारे इस एरिया में जो भी काम होता हैं नेपाली ाषा में ही होता हैं। बिजनेस वैगरह का काम नेपाली भाषा में ही होता हैं। वहाँ ा सारा कार्य इसी भाषा के माध्यम से होता हैं। लेकिन बड़े दुख के साथ कहना ड़ता हैं कि इसके संबंध में इस बजट में कुछ भी उल्लेख नहीं हैं।

दूसरी बात हम यह देखते है कि इस बजट के अन्दर गरीब शिक्षकों के वेतन

के बारे में कोई भी उल्लेख नहीं किया गया हैं। इसमे दार्जिलिंग डिस्ट्रिक्ट को हिल डवलपमेन्ट कौसिल से कोई भी उन्नति नहीं हो रही हैं, उल्लेख नहीं हैं। इसमें गवर्नमेन्ट का रुपया खर्च भी होता जा रहा हैं, इसका उल्लेख होना चाहिए था किन्तु कोई भी उल्लेख नही किया गया है। हमारे हिल एरिया मे दार्जिलिंग डिस्ट्रिक्ट पश्चिम बंगाल का सबसे बैकवर्ड और पिछड़ा हुआ डिस्ट्रिक्ट है। आज दार्जिलिंग डिस्ट्रिक्ट में कालिंपोंग बहुत ही पिछड़ा हुआ बैकवर्ड इलाका हैं। इसका कैसे डवलपमेन्ट किया जायगा, इसका जिक्र बजट मे देखने को नहीं मिला हिल एरिया–दार्जिलिंग डिस्ट्रिक्ट मे कितने काटेज इण्डस्ट्रीज खोले जाँयगे और वे कैसे और कब चालू किए जाँयगें, इस बजट मे कुछ भी उल्लेख नहीं हैं। इसलिए मै समझती हूँ कि अगर इस बजट को वेस्टेज पेपर वास्कट में डाल दिया जाय तो बेहतर होगा। सिक और क्लोज इण्डस्ट्रीज कब और कैसे खुलेंगी इसका भी इस बजट मे कुछ उल्लेख नही किया गया हैं। साथ ही इस बजट का संबंध गरीब जनता और जन-जीवन से कुछ भी नहीं हैं–गरीब जन-साधारण से इसका कोई सम्पर्क नही है इसलिए मै चाहूँगी कि अगर इसे वेस्टेज पेपर वास्केट में डाल दिया जाय तो बहुत बेहतर होगा। इसका कोई भी मूल्य आज नहीं हैं।

1977-78 का बजट पेश करते हुए इसी फ्लोर में अर्थमंत्री ने कहा था कि यह पहले का प्रस्तुत किया हुआ बजट हैं। इसे कांग्रेस सरकार ने तैयार किया था। लेकिन हम देखती हैं कि लेफ्ट फ्रन्ट की गवर्नमेन्ट का गठन होने के बाद भी ठीक जैसा-तैसा ही बजट इस सदन मे प्रस्तुत किया गया है। इसमें कोई भी परिवर्तन नहीं किया गया है। इसमें यहाँ के लोगों की उन्नति के लिए कोई भी कर्मसूची नही ली गई हैं। इसलिए मै कह सकती हूँ कि अर्थमंत्री ने जो बजट आज पेस किया हैं, उसका जन-साधारण और गरीब लोगो से कोई सम्पर्क नहीं हैं। गरीब और पिछड़े लोगों की उन्नति कैसे होगी और वो लोग कहाँ जाँजगे, इस बजट में कोई उल्लेख नही हैं। इस बजट से किसी को सन्तुष्ट नहीं मिल रही है। तो फिर क्या लोगों को अपनी उन्नति के लिए, आगे बढने के लिए क्रान्ति करनी पड़ेगी?

मैं आपनी पार्टी की तरफ से यह स्पष्ट रूप से कहना चाहूँगी कि इस बजट में जो भी आँकड़े लिए गए है, वे सतता पूर्ण नही है। इसलिए जो बजट यहाँ पेस किया गया हैं, इससे यहां के गरीब लोगों के जीवन की कोई भी उन्नति नही हो सकेगी। इस बजट के द्वारा जनजीवन की प्रगति चाहे वह किसी सामाजिक क्षेत्र मे हो या अर्थनैतिक क्षेत्र में हो नहीं हो सकती है। इससे उन्नति का कोई साधन ही

*नहीं हैं। इसलिए मुझे यह कहने में कोई हिचकिया*, हट नहीं होगी कि इस बजट को अगर वेस्टेज पेपर बास्केट में डाल दिया जाए तो बहुत ही अच्छा होगा। धन्यवाद।

[4-30 – 4-40 P.M.]

**শ্রী অশোককুমার বোস ঃ** মিঃ স্পিকার, স্যার, বিরোধী দলের পক্ষ থেকে আজকে যাঁরা বক্তৃতা দিলেন তাঁদের বক্তব্যের মধ্যে নূতন কিছু শুনতে পেলাম না। আমি চরণ সিংকে ধন্যবাদ জানাচ্ছি, কারণ বাজেটে আর কিছু না হোক আজকে দেখলাম বিরোধী দলের মধ্যে ঐক্যতানের কিছুটা ফাটল সৃষ্টি করেছে। বিগত ৩০ বছর ধরে কংগ্রেস দল একটানা ক্ষমতায় আসীন ছিলেন, মাঝের কয়েকটা মাস মাত্র বাদ দিয়ে তাঁরা পশ্চিমবঙ্গের ক্ষমতায় আসীন ছিলেন, সেই কংগ্রেস দল আজকে বাজেটের সমালোচনায় মুখর হয়েছেন। স্বাধীনতার ৩০ বছর পরেও গ্রামাঞ্চলে জোতদার-জমিদার তন্ত্রের অবসান ঘটেনি, সেখানে মুষ্টিমেয় শাসক শ্রেণী আধিপত্য করেছে। শুধু তাই নয়, আর এটাও জানি যে শিল্প ক্ষেত্রে পুঁজিবাদী পথে শিল্পের বিকাশ ঘটেছে, এই ভাবে শিল্পের বিকাশ ঘটার ফলে লক্ষ লক্ষ পশ্চিমবঙ্গের মানুষ দেশি বিদেশি একচেটিয়া পুঁজিবাদের শিকার হয়েছে। গ্রামাঞ্চলে জোতদার-জমিদার তন্ত্রের অবসান ঘটেনি, অন্যদিকে শিল্প ক্ষেত্রে একচেটিয়া পুঁজিবাদ এই দুইয়ের যোগফলে সারা পশ্চিমবঙ্গে যে অর্থনৈতিক সঙ্কট সৃষ্টি হয়েছে সেই সঙ্কটের পথ বেয়ে এসেছে গ্রামে দারিদ্র্য, বেকারী, জমি থেকে উচ্ছেদ, ফসলের ন্যায্য দাম না পাওয়া, দ্রব্যমূল্য বৃদ্ধি, কলকারাখানায় লে অফ, লক আউট এবং ছাঁটাই। এই অর্থনৈতিক বিপর্যয়ের অন্যতম অভিশাপ হল নিরক্ষরতা, অশিক্ষা আর অপ-সংস্কৃতি। ৩০ বছর ধরে একটানা কংগ্রেস যে পথে চলেছে সেই পথের ফলশ্রুতি হিসাবে অর্থনৈতিক সঙ্কট গভীর থেকে গভীরতর হয়েছে, এক শাখা থেকে আর এক শাখায় বিস্তৃত হয়েছে। আমরা একথা জানি এই অবস্থার মৌলিক পরিবর্তনের আগে অর্থাৎ যতদিন না মৌলিক ভূমি সংস্কার হচ্ছে, জোতদার-জমিদার তন্ত্রের অবসান ঘটছে, একচেটিয়া পুঁজিবাদের অবসান ঘটছে, ততদিন পর্যন্ত জাতীয় অর্থনীতি পুনরুদ্ধার করা সম্ভব নয়। এই পরিবর্তন হওয়ার আগে বর্তমানে যে রাজনৈতিক অর্থনৈতিক কাঠামো সেই কাঠামোর মধ্যে পশ্চিমবঙ্গের একটা বামফ্রন্ট সরকারকে কাজ করতে হচ্ছে। বিশেষ করে মনে রাখতে হবে যে কংগ্রেস দল তাঁদের শাসনকালে এই রাজত্বে একটা নজির বিহীন বিপর্যয় সৃষ্টি করেছেন, একথা তাঁরা জানেন, কিন্তু তবুও তাঁরা চিৎকার করছেন। চিরকাল ওঁদের বড় গলা আমরা জানি। পাতি কাককে দাঁড়ে বসালে আমরা জানি সে কাক কা করবে, কৃষ্ণ বলবে না। আমরা এটাও জানি যে গোলাপ জল ছড়িয়ে দিলেও ছুঁচোর গায়ের গন্ধ কিছুতেই দূর করা যাবে না। কংগ্রেস দলের পক্ষ থেকে একথা বলা হয়েছে যে ওরা এই বাজেটে খুশি হতে পারেনি। এটাই তো স্বাভাবিক। ওরা খুশি হলে আশ্চর্য হতাম। এইজন্য আশ্চর্য হতাম যে বিগত ৩০ বছর ধরে ওরা যাদের খুশি করতে চেষ্টা করেছেন সেই একচেটিয়া পুঁজিপতিদের যে সংগঠন সেই সংগঠনের প্রতিভূ বেঙ্গল চেম্বার অব কমার্স, ভারত চেম্বার অব কমার্স, বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স, তারা এই বাজেটে খুশি হতে পারে নি। তারা যদি খুশি হতে না পারে তাহলে ওঁরা কখনও খুশি হতে পারেন? কারণ, ওঁরা যে একই স্বার্থে গাঁটছড়া বাঁধা। সুতরাং এতে নতুনত্ব কিছু নেই, এটা বড় গলায় না বললেও চলে। বিরোধী দলের পক্ষ থেকে

একথা বলা হয়েছে যে এই বাজেট নাকি নৈরাশ্য জনক, হতাশাজনক, এই বাজেট নাকি পুঁজিবাদীদের তোষণকারী বাজেট। আমি বলতে চাই এই বাজেট হল ঠিক তার বিপরীত। কারণ, বামফ্রন্ট সরকার যাদের স্বার্থের জন্য, কল্যাণের জন্য নিয়োজিত অর্থমন্ত্রীর বাজেটে তাদের আশা-আকাঙ্খাই প্রতিফলিত হয়েছে। কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা, নবম শ্রেণী, দশম শ্রেণী পর্যন্ত শিক্ষাদানকে অবৈতনিক করা, তফসিল সম্প্রদায়ভুক্ত দরিদ্র কৃষক এবং অন্যান্যদের অর্থনৈতিক ও আইনগত যে সাহায্য সেই সাহায্যের মধ্য দিয়ে বামফ্রন্ট সরকারের দরিদ্র জনসাধারণের প্রতি যে আন্তরিকতা সেই আন্তরিকতার পরিচয় পাওয়া যায়।

সাথে সাথে বেকারদের ভাতা দেওয়া হচ্ছে এবং সেই ভাতা পাবার সংখ্যাকে আরও বৃদ্ধি করবার কথা এই বাজেটে ঘোষণা করা হয়েছে। দেড় বছরের কিছু বেশি সময় হল এই সরকার ক্ষমতায় আসীন হয়েছে এবং ইতিমধ্যেই এই সরকার এই রাজ্যে কিছু লক্ষ্যণীয় পবিবর্তন এনেছে। আমাদের রাজ্যের গড় আয়ের কথা আপনারা অনেকেই বলেছেন। আপনারা সমালোচনা যাই করুন না কেন আমরা দেখছি এই রাজ্যের গড় আয় বেড়েছে। আমরা দেখছি মাথা পিছু মানুষের আয় বেড়েছে এবং একথা বলা দরকার যে, রাজ্য জাতীয় স্তরে যে আয় সেটা পশ্চিমবাংলায় অনেক বেশি হয়েছে। সরকার শিল্প এবং কৃষিতে কি অপরিসীম গুরুত্ব দিয়েছেন সেটা কেবলমাত্র গত বছর এবং এবছরের বিভিন্ন খাতে যে বরাদ্দ তার থেকে পরিসংখ্যান দিলেই বোঝা যাবে না। আগের আগের বছরে যে বরাদ্দ ছিল সেটা এই প্রসঙ্গে উল্লেখ করতে হবে। কৃষি গ্রামীণ বিকাশ এবং শিল্প ১৯৭৬/৭৭/৭৮/৭৯/৮০ সালের হিসেব আমি দিচ্ছি। কৃষিতে ১৯৭৬/৭৭ সালে ৩২ কোটি, ১৯৭৮/৭৯ সালে ৬৪ কোটি এবং ১৯৭৯/৮০ সালে ১০৬ কোটি। গ্রামীণ বিকাশ বলে আগে কোনও খাতই ছিলনা। এই সরকার আসার পর গ্রামীণ বিকাশ খাতে ১৯৭৮/৭৯ সালে ১৯ কোটি, ১৯৭৯/৮০ সালে ২৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। শিল্পের ক্ষেত্রে ১৯৭৬/৭৭ সালে বরাদ্দ ছিল ১৪ কোটি টাকা, কিন্তু ১৯৮০ সালে সেটা হয়েছে ২৭ কোটি টাকা। এর সঙ্গে সঙ্গে এই সরকার একটা উল্লেখযোগ্য উদ্দ্যোগ গ্রহণ করেছেন এবং প্রয়াস চালিয়ে যাচ্ছে এই রাজ্যে একটা পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স স্থাপন করবার জন্য। দুর্গাপুর এবং খড়গপুরে ইতিমধ্যেই শিল্প নগরীর কাজ শুরু হয়েছে এবং সেটা অনেক এগিয়েছে। মালদহ বাণিজ্য নগরী গঠনের কাজ শেষ হয়েছে। শিলিগুড়ি বাণিজ্য এলাকা নির্মাণ হবে। কৃষির উন্নয়নের ক্ষেত্রে ভূমি সংস্কারের অপরিহার্যতা বাজেটে সঠিকভাবে উল্লেখ করা হয়েছে। ইতিমধ্যেই অপারেশন বর্গা একটা কর্মসূচি সরকার চালু করেছেন যার মধ্য দিয়ে গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ বর্গাদারদের নাম নথিভুক্ত করবার কাজ ডিসেম্বর মাসের মধ্যেই শেষ করা হবে বলে সরকার বলেছেন। গ্রামের দরিদ্র কৃষক এবং ক্ষেতমজুররা গ্রামের মহাজনদের ঋণে যেভাবে জর্জরিত হয় তার হাত থেকে বাঁচাবার জন্য বাজেটে ঘোষণা করা হয়েছে যে তাদের রাষ্ট্রীয় ব্যাঙ্কের মারফত সাহায্য করা হবে। সরকার পশ্চিমবাংলার গ্রামে শিল্পের ক্ষেত্রে আগ্রহশীল এবং তারজন্য পঞ্চায়েতের উপর দায়িত্ব দেওয়া হয়েছে এবং এই ব্যাপারে তাদের ৫০ হাজার টাকা বরাদ্দ করার কথা বলা হয়েছে। বিরোধীদলের লোকেরা বারবার সমালোচনা করেছেন এবং কিছুক্ষণ আগে সাত্তার সাহেব সমালোচনা করলেন বাজেটের কর ব্যবস্থা সম্পর্কে এবং বিশেষ করে বৃত্তিকর এবং পেশাকর সম্পর্কে। আমরা সকলেই জানি পশ্চিমবাংলার ভেঙ্গেপড়া অর্থনীতির উপর

প্রচণ্ড ধাক্কা দিয়েছে এই প্রলয়ঙ্করী বন্যা। সরকারের অভিষ্ট লক্ষ্যে পৌঁছাবার পথে নি এটা একটা বড় ধাক্কা। কিন্তু আমাদের সরকার এতে বিচলিত নন, আমরা এগিয়ে চাই। ১৯৭৭ সালের নির্বাচনে আমাদের জয়লাভ হয়েছে এবং বাঁচার লড়াইয়ে এই স বদ্ধপরিকর।

[4-40 – 4-50 P.M.]

সেই কারণেই সরকার তার সমস্ত কর্মকেই নিযুক্ত করেছেন গ্রাম পুনর্গঠনের ক গ্রাম পুনর্গঠনের সমস্যা রয়েছে নিশ্চয়ই, এই কারণে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আ যে আর্থিক প্রত্যাশা ছিল সেই প্রত্যাশা সর্বাংশে পূরণ হয়নি। এরজন্য গ্রামের পুনর্গ কাজ থেকে থাকবেনা। সেই কারণে আমরা এই কথা বলতে চাই যে ঐ মধ্যবিত্ত মানু জন্য, অন্যান্য চাকুরিয়াদের জন্য কাশীবাবুর চোখের জল ফেলার প্রয়োজন নেই, স সাহেবের চোখের জল ফেলার প্রয়োজন নেই। কারণ পশ্চিম বাংলার মানুষ তাদের শ্রম বেতনের অংশ দিয়ে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল যেভাবে ভরিয়ে দিচ্ছে তাতে তাদের ব আমরা আবেদন জানাব। আমরা মনে করি বন্যা বিদ্ধস্ত পশ্চিম বাংলার পুনর্গঠনের জন্য প্রবিত্ত হয়ে তারা আত্মত্যাগ করবে। কাশীবাবু এখানে উপস্থিত নেই, তিনি বলেছেন যে বাজেট বুঝতে পারেননি। কি করে পারবেন? কারণ এই ব্যাপারে সৃষ্টিকর্তার যে এক চো আছে তা সকলেরই জানা। কাশীবাবু রবীন্দ্রনাথ থেকে হামেশাই উদ্ধৃতি দিয়ে থাকেন, রবীন্দ্রনাথ বলেছেন যে এমন কিছু কিছু বস্তু আছে যা সৃষ্টি কর্তা সকলের মগজে সমান বিতরণ করেননি, সেই বস্তুর যদি ঘাটতি থাকে, ঘাটতির জন্য যদি বাজেট বোধগম্য না তারজন্য আর যাই হোক ডাঃ মিত্রকে দায়ী করা যায়না বা আমাদের দায়ী করা যায়না। বাবু বললেন যে আমরা নাকি জেহাদ ঘোষণা করেছি, অবশ্য পরমুহূর্তেই তিনি এ বলেছেন যে শিল্পে কর হারের যে সমীকরণ ইস্পাত ও লোহার ক্ষেত্রে সেই সম্বন্ধে কে বাবু বা ডাঃ মিত্র ও বামফ্রন্ট সরকার, তারা নাকি কেন্দ্রের কাছে কিছু বলেননি। আমি ব কাশীবাবুর প্রথম কথাটি যেমন অসত্য কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করা তেমনি হ সমীকরণের জন্য কেন্দ্রের কাছে কিছু বলিনি এটাও অসত্য। আসলে কাশীবাবু কি বলতে তিনি নিজেই তা বোঝেন না। আমি এই কারণে বলছি বিগত তিনটি বাজেট যদি দেখেন তাহলে সেই বাজেটে দেখবেন এই সম্পর্কে পরিষ্কারভাবে উল্লেখ করা আছে। তাই নয়, জাতীয় উন্নয়ন পরিষদের যে ৪টি মিটিং হয়েছে ওয়ার্কিং গ্রুপের সেই চার প্রতিটা মিটিংএ পশ্চিম বাংলা পক্ষ থেকে এই দাবি তোলা হয়েছে এবং শুধু তাই জাতীয় উন্নয়ন কমিশনের যে সভা হয়েছে গত মার্চ মাসে

Note presented to the National Development Council March 18- 1978 by the Government of West Bengal. সেখানে ৭ পাতায় বলা হয়েছে ' State Government feels strongly that the policy of price and frei equalisation, currently practised with respect to few selected items s as coal and steel, should be extended to the principal items of m consumption as well as to the more important industrial raw materi Such a price policy should constitute the core of any national devel

ment planning worth the name.

অর্থাৎ কাশীবাবু বাজীমাত করতে চেয়েছেন এই সমস্ত কথা বলে, এই সব হাস্যকর কথা বলার কোনও কারণ আছে বলে আমি মনে করিনা। আমি তাই পরিষ্কার বলতে চাই যে কেন্দ্র-রাজ্য সম্পর্কে আমাদের যে কথা তা আমরা কখনও কোথায়ও গোপন করিনি। রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে এই দাবি আমরা বারবার করেছি এবং তা সমস্ত কাগজেও বেরিয়েছে। কেন আমরা এই দাবি করেছি এই সম্পর্কে উল্লেখ করা হয়েছিল এই বিধানসভায়। কেন্দ্র রাজ্য সম্পর্কে কেন্দ্র করে অনেক কথা বলা হয়েছে। রাজ্যের হাতে অধিক ক্ষমতা চাই, একথা আমরা কখনও গোপন করিনি, কারণ ইতিপূর্বেই এই বিধানসভায় উল্লেখ করা হয়েছিল—কেন্দ্র রাজ্য অর্থনৈতিক সম্পর্ক সম্বলিত সংবিধানের বিশেষ ধারাগুলি কেউ যদি বিশ্লেষণ করে দেখেন তাহলে দেখতে পাবেন ১৯৩৫ সালে প্রবর্তিত ভারত সরকার আইনের কাঠামোর সঙ্গে একটি নিগুঢ় সাদৃশ্য রয়েছে। প্রায় ৫০ বছর আগে সাইমন কমিশন সফরের অব্যবহিত পরে যে সাম্রাজ্যবাদী ও ঔপনিবেশিক গঠনতন্ত্র এদেশে চাপিয়ে দেওয়া হয় তাই এখনও কেন্দ্র ও রাজ্যের পারস্পরিক অর্থনৈতিক সম্পর্কের নিয়ামক। অধীনস্থ প্রজাদের আর্থিক বিকাশ ঘটক এটা ছিল বৃটিশের পক্ষে চিন্তার অতীত। ১৯৩৫ সালের আইনে প্রদেশগুলিকে স্থানীয় স্বায়ত্তশাসনের ছিটেফোঁটা সুযোগ দিয়ে বাকি সমস্ত রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতা নতুন দিল্লিতে সমাসীন ভাইসরয়ের হাতে কেন্দ্রীভূত করা হয়। যুক্ত রাষ্ট্রীয় কাঠামোয় আর্থিক বিকাশের দায়ভার কি হতে পারে সে সম্বন্ধে ধারণা তখনও তেমন স্পষ্ট ছিলনা বলেই হয়ত আমাদের সংবিধানের চূড়ান্ত রূপ দেওয়ার মুহূর্তে সেই ১৯৩৫ সালের আইনের অর্থসংক্রান্ত বিধিগুলি প্রায় পুরোপুরি গ্রহণ করা হয়। সেই কৃতকর্মের ফল আমরা বছরের পর বছর ভোগ করছি। ক্রমশঃই অর্থনৈতিক উন্নতির খাতে সরকারি উদ্যোগের প্রসার ঘটছে। এটা হতে বাধ্য। রাষ্ট্রীয় ক্ষমতা যতই বিস্তারলাভ করবে সামাজিক ন্যায় প্রতিষ্ঠার ভিত্তিতে যতই অর্থনৈতিক পরিকল্পনার ব্যাপ্তি ঘটবে, অর্থনীতির ক্ষেত্রে সরকারের দায় দায়িত্ব ততই বাড়বে। এটাও প্রায় সকলেই মেনে নিচ্ছেন যে সামাজিক পরিবর্তন তথা অর্থনৈতিক উন্নয়ন ক্ষিপ্রতর করার জন্য কেন্দ্র থেকে রাজ্যে এবং রাজ্য থেকে আরও ক্ষুদ্রতর প্রশাসনিক বিন্দুতে অধিকতর দায়িত্ব ও ক্ষমতা হস্তান্তর আশু প্রয়োজন। যদি রাজস্ব ও অর্থ বিষয়ক সমস্ত ক্ষমতা কেন্দ্রের করতলগত থাকে তাহলে সামাজিক ও অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে যে দায়ভার সরকারের উপর বর্তেছে তা পূরণ করা সম্ভব হবেনা। প্রতি ৫ বছর অন্তর গঠিত অর্থ কমিশনে এই সমস্যার নিরসন নেই। প্রতি পাঁচ বছর অন্তর অর্থ কমিশন বসবে এবং একটা সিদ্ধান্ত গ্রহণ করবে এর মধ্য দিয়ে সমস্যার সমাধান হতে পারেনা। এই কারণে আমাদের বাজেটে সঠিকভাবে সতর্ক করে দেওয়া আছে এই কথা বলে—"কেন্দ্র-রাজ্য সম্পর্কের পরিবর্তন করে সম্পদ বিন্যাসের এবং প্রশাসনিক সিদ্ধান্তের ক্ষমতা আশু বিকেন্দ্রীভূত করা না হয়, তাহলে অবস্থা আয়ত্তের বাইরে চলে যাবে বলেই আমাদের আশঙ্কা। ফলে দেশের বিভিন্ন অংশে ভারসাম্য নষ্ট হবে, সামাজিক ও রাজনৈতিক বিক্ষোভও ঘনীভূত হবে"। এবং তা হয়েছে, আজকে আমরা আর একক কণ্ঠ নই। পশ্চিমবঙ্গে আমরা একদিন একক কণ্ঠে দাবি করেছি যে রাজ্যের হাতে অর্থনৈতিক ক্ষমতা দিতে হবে। আমরা আজ খুশি যে আমাদের সঙ্গে এই দাবিতে আরও ৬টি রাজ্য আছে এবং সেখানে তাদের দলের সঙ্গে

আমাদের মত পার্থক্য থাকতে পারে, রাজনৈতিক মতপার্থক্য থাকতে পারে, এই ব্যাপারে আমাদের সঙ্গে ঐক্য রয়েছে। এই ভাবে দেখবেন নির্বাচনে কারচুপির বিরুদ্ধে সন্ত্রাসের বিরুদ্ধে আমরা যখন সোচ্চার হয়েছিলাম, সেদিন এই সভাতে শ্রী প্রফুল্লচন্দ্র সেন ছিলেন এবং সেদিন তিনি একথা বলেছিলেন যে—এঁরা যেকথা বলছেন সেটা একেবারে বাজে কথা। আর শ্রী সিদ্ধার্থ রায় সেই কথাই সেদিন লুফে নিয়ে মাদুলি করে সারা ভারতবর্ষে ঘুরে একথা বলেছিলেন যে সি পি এম এবং ফরওয়ার্ড ব্লক যেকথা বলছে নির্বাচনে কারচুপি সম্পর্কে, সেটা বাজে কথা, এই দেখুন প্রফুল্লবাবু বলেছেন যে নির্বাচনে কারচুপি হয়নি, সন্ত্রাস হয়নি। কিন্তু পরবর্তীকালে মানুষ তাদের নিজেদের অভিজ্ঞতায় এটা বুঝেছিলেন যে আমাদের সেদিনকার কথা ঠিক এবং সেই সময় শুধু সারা ভারতবর্ষের নয় প্রফুল্লবাবুরও এটা বুঝতে দেরি হয়েছিল। কিন্তু পরে ১৯৭৪ সালে চণ্ডীতলায় এবং গাইঘাটাতে যে উপনির্বাচন হয়, তাতে তিনি উপলব্ধি করেছিলেন যে একথা ঠিক, সন্ত্রাস চলেছে, কারচুপি চলেছে। সেদিন এটা জয়প্রকাশজীও উপলব্ধি করেননি। কিন্তু ১৯৭৫ সালে যখন তিনি এখানে এলেন ইউনিভার্সিটি ইনস্টিটিউটে বক্তৃতা দেবার জন্য সেই সময় তার গাড়ির উপর যখন ইট পড়ল এবং তাঁর গাড়ির উপর একজন মহিলাকে দিয়ে অর্ধ উলঙ্গ নৃত্য করানো হল, এবং তিনি সেখানে বক্তৃতা দিতে পারলেন না, তখন তিনিও বুঝেছিলেন যে আমাদের কথা সত্য।

[4-50 – 5-00 P.M.]

এই হয় ইতিহাস। একথা বারবার বলেছি কমিউনিস্টরা আজ যেকথা বলে পরে সবাই সজোরে সেকথা বলে—এটা হল ইতিহাস, নির্মম সত্য। এই প্রসঙ্গে স্যার, আমি একথা বলতে চাই বিরোধী দলের পক্ষ থেকে একথা বলা হয়েছে বাজেটে গ্রামোন্নয়নের কোনও ছাপ তারা দেখতে পান নি। অন্ধের হস্তী অদর্শনের জন্য চক্ষুস্মান ব্যক্তি কখনও দায়ী হতে পারে না, সুতরাং এই দায়িত্বও আমাদের নয়। মোট যে ৫শো কোটি টাকা বরাদ্দ তার মধ্যে গ্রামোন্নয়নের ২শো কোটি টাকার বেশি বরাদ্দ হয়েছে। শুধু তাই নয় কংগ্রেস আমলে তারা যে বরাদ্দ করেছিলেন পরিকল্পনায় যে বরাদ্দ ছিল সেই বরাদ্দ এখন ছাপিয়ে গিয়েছে এবং বার্ষিক বরাদ্দ হয়েছে ১৯৭৮-৭৯ সালে ৩৭১ কোটি টাকা, ১৯৭৯-৮০ সালে সেটা দাঁড়িয়েছে ৫৩১ কোটি টাকা এবং পরিকল্পনার যে বরাদ্দ দু' বছরের পরিকল্পনায় ৭০ শতাংশ পরিমাণ-এর যে জায়গা সেটা নিয়েছে এবং এই প্রসঙ্গে এটা উল্লেখ করা যেতে পারে তৃতীয় এবং চতুর্থ পরিকল্পনায় সমগ্র বরাদ্দ যা ছিল কেবলমাত্র ১৯৭৮-৭৯ সালের এক বছরের বরাদ্দ পাঁচ বছরের বরাদ্দের বেশি। এই বিষয়টা অনুভবের মধ্যে এবং অনুভূতির মধ্যে আসা উচিত ছিল বলে মনে করি। অনেকে বলেছেন, জনতা দলের পক্ষ থেকে বলেছেন, ভূমি সংস্কার দিয়ে কি হবে। আমরা জানি, একথা কেন তাঁরা বলতে চাইছেন। কাশীবাবু একথা বলেছেন যে ডাঃ মিত্র কি একথা মনে করেন ভূমি সংস্কার দিয়ে অপোরেশন বর্গা দিয়ে সমস্ত সমস্যার সমাধান হবে। আমি জানি তিনি একথা কেন বলেছেন। তার কারণ হচ্ছে এই রাজ্যে কৃষি জমির পরিমাণ হল এককোটি ৩৬ লক্ষ একর। ভূমি সংস্কারের মূল উদ্দেশ্য হচ্ছে সীমিত সংখ্যক জমিদার-জোতদারের হাতে যে বিশাল পরিমাণ জমি কেন্দ্রীভূত তা সরকার নিজে নিয়ে দরিদ্র ভূমিহীন কৃষকের মধ্যে বন্টন করা। গত ৩০ বছরে তা করা হয় নি। এটা যে

হয়নি তার কারণ হল রাজনৈতিক এবং রাজনৈতিক বলেই ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেখানে জনতা দল ক্ষমতাসীন সেখানে ভূমি সংস্কারে কোনও আগ্রহ দেখাচ্ছেন না। দাক্ষিণাত্যে যেখানে কংগ্রেস সরকার রয়েছে সেখানে ভূমি সংস্কারের কাজে আগ্রহ দেখানো হচ্ছে না। আসলে আমরা বুঝি যে বাধা কোথায়। মোরারজী দেশাইয়ের নিজ রাজ্যে গুজরাটে এক ফোঁটা জমি বিলি হয় নি আজ পর্যন্ত। আমার কাছে কাগজ আছে তা থেকে বলছি। পত্রিকাটি বলছে,

Gujarat is the only State which has not distributed a single acre under its Ceiling Act according to official data. While the area estimated to be surplus in Gujarat is 1,020,088 acres, the State Government has declared 50,337 acres as surplus. The Gujarat Govt. has taken possession of only 4095 acres. According to official data the beneficiaries from the State's Land Ceiling legislation are nil."

হ্যাঁ, এইজন্যই কাশীবাবু ভূমি সংস্কারের প্রশ্নটা এড়িয়ে গিয়েছেন। কিন্তু কাশীবাবুর জানা উচিত যে শাক দিয়ে মাছ ঢাকা যায় না। সমালোচনা করা হয়েছে যে এই রাজ্যে নাকি শিল্প বিকাশ ঘটছে না। এই সম্পর্কে বাজেটে উল্লেখ করা হয়েছে এবং এক পৃষ্ঠাতেই তা বলা হয়েছে যে পশ্চিমবাংলায় যে বন্যা হল সেই বন্যার ফলে যন্ত্রপাতি ও সরঞ্জামের ক্ষতি হয়েছে এবং তারই ফলে এই শিল্পের পথে অগ্রসর হতে পশ্চিমবাংলার বহু দিন লাগবে। বন্যা নিশ্চিতভাবে শিল্প ক্ষেত্রে একটা বাধা হিসাবে দেখা দিয়েছে। তার কারণ এটা বলার প্রয়োজন আছে যে কথা বাজেটেও উল্লেখ করা হয়েছে যে সারা ভারতবর্ষে যে আর্থিক ব্যবস্থা চলেছে এই রাজ্যের ক্ষেত্রেও সেটা হতে বাধ্য কারণ ভারতবর্ষের এটা হল একটা অঙ্গ রাজ্য। আপনারা জানেন এই যে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে প্রাক বাজেট সমীক্ষা উপস্থিত করা হয়েছে এবং তাতে বলা হয়েছে যে সারা দেশে উন্নয়নের হার ৬.২ শতাংশ থেকে কমে ৩.৫ শতাংশে পৌঁছেছে। যার জন্য বার বার বিনিয়োগের প্রশ্ন উঠেছে বিনিয়োগের সমস্যার কথা বলা হয়েছে। এই প্রাক বাজেট সমীক্ষায় বলা হয়েছে যে ডোমেস্টিক (Domestic) ফাইন্যান্সিয়াল ইনভেস্টমেন্ট তা ৩.১ শতাংশ থেকে কমে ২.১ শতাংশে দাঁড়িয়েছে। এর জন্য পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। শিল্প সম্পর্কে বাজেটে এটা উল্লেখ করা হয়েছে। ৩০ বছর ধরে শিল্প বিকাশের ক্ষেত্রে বাধা হিসাবে উপস্থিত হয়েছে ঐ যারা কংগ্রেস দল ক্ষমতায় আসীন ছিলেন তাদের নীতি। আজকে সেই পথকে অতিক্রম করে ধীরে ধীরে এগোতে হচ্ছে। তারা যদি মনে করে থাকেন যে রাতারাতি একটা বিরাট পরিবর্তন হবে তাহলে তারা সেই ভদ্রলোকের মতই হবেন যে ভদ্রলোক ঘুমাচ্ছিলেন কয়েক বছর বাদে তার ঘুম ভাঙ্গল এবং সেই ঘুম ভাঙ্গার পর বিছানা থেকে উঠে দেখলেন যে তার মুখের সামনে দাঁতের মাজন চলে আসছে, যে মাজনের দাম আপনারা বাড়িয়েছেন, ব্রাসটা চলে আসছে যে ব্রাসের দাম আপনারা বাড়িয়েছেন চা চলে আসছে। এই করতে করতে তিনি দেখলেন সব স্বয়ংক্রিয়তে হচ্ছে। একটা মেশিনের কাছে তিনি গেলেন গিয়ে দেখলেন সেখানে লেখা আছে Push the buttom and get the baby অর্থাৎ বটমটা টিপলে ছেলে বেরিয়ে আসবে। এগুলি হল অলৌকিক ব্যাপার। কিন্তু আসলে এইভাবে কোন জিনিস হয় না। এগুলি গল্পে হয় অন্য জায়গায় হয় না। আমি এই কথা বলতে চাই যে বিরোধী দলের পক্ষ থেকে বলা হয়েছে

যে আলুর দাম কমে যাচ্ছে পাটের দাম কমে যাচ্ছে। সঠিক কথা বলেছে। আলুর দাম কমে গেছে এটা সত্য কথা তার কতকগুলি কারণ আছে এবং সেই কারণের কথা কয়েকদিন আগে কমলবাবু বলেছেন। উনি বলেছেন যে এর কারণ হল সারা ভারতবর্ষব্যাপী যে আলু চাষ হত সেই চাষ এবারে বেড়েছে। আর এ বছর বন্যার জন্য হিমঘরে যে আলু ছিল সেই আলু বেরোতে দেরি হয়েছে। দ্বিতীয় হল শীতকালে যে বর্ষা হয়েছে সেই বর্ষার জন্য যে আলু পরে তোলা যেত সেই আলু আগে তুলে নেওয়া হয়েছে। এই সব কারণে আলুর দাম কমে গেছে। আমি অভিযোগ করছি যে পাটের দাম পড়ার জন্য কেন্দ্রীয় যে নীতি সেই নীতিই দায়ী। কারণ পাট চাষীরা যখন মাথায় হাত দিয়ে বসেছে তখন আমরা দেখছি জুট কর্পোরেশন লক্ষ লক্ষ টাকার পাট ধারে ঐ শিল্পপতিদের সরবরাহ করেছে। আমি আমার কথা বলছি না। পাবলিক আণ্ডারটেকিং কমিটি যে রিপোর্ট পার্লামেন্টের সামনে পেশ করেছেন তাতে দেখতে পেয়েছি। আপনাদের মধ্যে যাঁরা কেন্দ্রীয় সরকারে আছেন তাঁদের কাছ থেকে আপনারা জেনে নেবেন। ঐ কমিটি তার রির্পোট-এ বলছে That the Domestic Production of Jute industry is dominated by a few houses and these houses Through intermidiaries effectively control the price of raw Jute. কিভাবে কন্ট্রোল করা হয় সে সম্পর্কে তাঁরা বলছেন তার পরবর্তী রিপোর্টে যে, It is found however that in 1973-74 the Jute Corporation of India has been supplying raw Jute on credit to various jute mills and the resultant outstanding amounted to Rs. 22 crores 66 lakhs on the 30th June, 1978.

[5-00 – 5-10 P.M.]

অর্থাৎ পাট চাষীরা যখন তাদের পাট বিক্রি করতে পারছে না, তারা যখন মাথায় হাত দিয়ে ভাবছে কিভাবে এই পাট বিক্রি হবে, তখন ঐ কেন্দ্রীয় সরকারের একটি প্রতিষ্ঠান জুট কর্পোরেশন অব ইণ্ডিয়া, যার চেয়ারম্যান ছিলেন আপনাদেরই ঐ সন্তোষবাবু—সেই জুট কর্পোরেশন অব ইণ্ডিয়া থেকে কোটি কোটি টাকার পাট, জুট টাটা, বিড়লা এই সব প্রতিষ্ঠানকে সরবরাহ করা হচ্ছে। এটাই তো হচ্ছে ঘটনা। এই ঘটনাকে অস্বীকার করে কোনও লাভ আছে? শিক্ষা ক্ষেত্রে আপনারা অনেক কথা বলেছেন। শিক্ষা ক্ষেত্র সম্বন্ধে বেশি বলে লাভ নেই। কারণ বিগত ৩০ বছরে আপনারা কি করেছেন তা আপনাদের থেকে অন্তত আর কেউ ভাল জানে না এবং শিক্ষা সম্পর্কে বলেছেন যে কোনও স্কুল তৈরি হয় নি। এই সম্পর্কে আমাদের সদস্যারা তারা ভাল করে বক্তৃতা দিয়ে বলেছেন। আমি কেবলমাত্র এই কথা বলতে চাই যে ওরা একটা ঘুন ধরা শিক্ষা ব্যবস্থা চাপিয়ে দিয়ে গেছেন। এখন জনতা দল এই শিক্ষা ব্যবস্থাকে এমন জায়গায় নিয়ে আসছেন যাতে করে আগামী দিনে আমাদের হয়ত আবার সেই তালপাতার যুগে ফিরে যেতে হবে। কারণ স্টেটসম্যান পত্রিকায় বলা হয়েছে কাগজের দুর্ভিক্ষ শুরু হয়েছে, ১২ তারিখের স্টেটসম্যান পত্রিকায় এই কথা বলা হয়েছে। এই দুর্ভিক্ষের ফলে কাগজের উৎপাদন ৭৫ থেকে কমে ৩৫ টনে দাঁড়িয়েছে। সুতরাং আপনারা তালপাতার যুগেই আবার ফিরিয়ে নিয়ে যাবেন। কাজেই এই সব কথা বলে কোন লাভ নেই। অতিরিক্ত উৎপাদন শুল্কের ক্ষেত্রে বলা হয়েছে আমরা নাকি কেন্দ্রের বিরুদ্ধে লড়াই ঘোষণা করেছি—এটা কি ঠিক? আপনাদের অন্য একটা যে পটভূমিকা আছে সেই

পটভূমিকা আছে সেই পটভূমিকা বিশ্লেষণ করা প্রয়োজন আছে। কারণ ১৯৫৭ সালের আগে অতিরিক্ত উৎপাদন শুল্ক নিয়ে আমরা বলেছি আমরা আইনজ্ঞের পরামর্শ নেব—১৯৫৭ সালে এই শুল্ক ছিল রাজ্যের এক্তিয়ারভুক্ত, স্টেট সাবজেক্ট। ১৯৫৭ সালের পরে যেহেতু কেন্দ্রে কংগ্রেস সরকার ছিলেন এবং রাজ্যে রাজ্যে কংগ্রেস সরকার ছিল, তখন তারা আলোচনা করে এই সমস্ত ক্ষমতা কেন্দ্রের হাতে নিয়ে নেন এবং বলেন এবার যে উৎপাদন শুল্ক আদায় হবে সেই উৎপাদন শুল্কের কিছু অংশ আমরা রাজ্যকে দেব। তামাক, চিনি ইত্যাদি ৪টি জিনিসের উপর যে শুল্ক চাপানো হয় সেই শুল্কের নুনতম একটা অংশ দেওয়া হয়। আমরা হিসাব করে দেখেছি কেন্দ্র ৪০ গুণ আদায় করে কিন্তু তার শতকরা ১০ ভাগের এক ভাগ টাকা দেয়। সেখানে কি অন্যের টাকার প্রয়োজন নেই? কতকগুলি রাজ্য তাদের যে রাইট, সেই অধিকার তারা সারেণ্ডার করেছিল, সমর্পণ করেছিল কেন্দ্রের কাছে। আমরা সেই অধিকার আজকে ফিরে পেতে চাইছি। হারানো অধিকার ফিরে পেতে চাওয়ায় অপরাধের কিছু নেই। এতে লড়াই-এর কোনও প্রশ্ন আছে বলে আমরা মনে করি না। গতকাল কংগ্রেসী সদস্যরা বক্তৃতা দিয়ে বলেছেন পঞ্চায়েতের জন্য যে টাকা বরাদ্দ করা হচ্ছে বরাদ্দের নামে সেই টাকা আমরা নাকি লুঠ করব। ঠিক আছে—লুঠ যখন হবে তখন তার তথ্য আপনারা উপস্থিত করবেন—তথ্য উপস্থিত করলেই যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। কিন্তু অন্তত যেটুকু হয়েছে—অর্থাৎ আপনারা যা করেছেন তার যে তথ্য আছে সেই তথ্যই এখানে উপস্থিত করছি। আপনারা উদ্বাস্তুদের জন্য প্রতিদিনই কত চোখের জল ফেলেন—বাংলাদেশের উদ্বাস্তুদের জন্য ১৯৭২ সালে কেন্দ্রীয় সরকার ১১০ কোটি টাকা দিয়েছিলেন। কিন্তু আপ টু ডিসেম্বর ১৯৭৬, দে হ্যাভ নট সাবমিটেড এনি অ্যাকাউন্ট ফর রুপিজ ৮০ ক্রোরস। অর্থাৎ ১১০ কোটি টাকার মধ্যে ১৯৭৬/৭৭ সাল পর্যন্ত ৮০ কোটি টাকার কোনও হিসাব দেন নি। আপনারা ঠিকাদার নিয়োগ করেছেন। This leaves ample room for suspicion that the contractor derived illegal money out of the miseries of the millions of refugees with the consent and assistance of officers and employees. শুধু কি তাই, মস্তান বাহিনীকে সাহায্য করার জন্য, সংগঠনের নামে তাদের টাকা দিয়েছিলেন। অনেকগুলি সংগঠন কোটি কোটি টাকা তারা তুলে নেয় নি? কোটি কোটি টাকার মাল নিয়ে চলে গেছে। এতে বলছে, test audit reveal that about ten lakh sixty-three quintal of rice were not distributed by nine organisations which amounted to Rs. 2 crores 66 lakhs. মস্তান বাহিনীর জন্য আপনারা উপঢৌকন দিয়েছেন। আপনারা বলছেন দলবাজির কথা? জনতা দল বারে বারে দলবাজির কথা বলেন। দলবাজি কথা বলার আপনাদের কোনও এক্তিয়ার আছে? আপনাদেরই একটা স্টেট গভর্নমেন্ট সারকুলার দিয়েছে বিভিন্ন ষ্টেট গভর্ণমেন্টের কাছে—তাতে বলা হচ্ছে, Madhya Pradesh Small-Scale Industries Corporation, Bhopal, Madhya Pradesh State Industrial Development Corporation, Bhopal, Madhya Pradesh Cloth Corporation, Bhopal, Madhya Pradesh Export Corporation, Bhopal, Madhya Pradesh Handloom Corporation, Bhopal এদের কাছে সারকুলার দিয়েছে, The first All India session of the Janata Yuva Morcha is being held at Indore on 1,2,3 December, 1978. For this occasion a souvenir is being brought out.

It is ordered that, to aid the souvenir, your department should issue advertisements to it.

signed,

R.B. Gupta, Private Secretary, Minister for Commerce, Industry and Electricity, Madhya Pradesh এইতো দলবাজি। আপনারা আবার দলবাজির কথা বলবেন? আমি শেষে এই কথাই বলতে চাই যে আপনারা যে চক্রান্তই করুন, যত ষড়যন্ত্রই করুন, বামফ্রন্টের জয়যাত্রার রথের চাকা কেউ স্তব্ধ করতে পারবে না, বামফ্রন্টের জয়যাত্রা চলছে, চলবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আগামী বছরের জন্য যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তা সমর্থন করছি। এই বাজেটে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কয়েকটি উল্লেখযোগ্য বৈশিষ্টের কথা বলেছেন যারজন্য পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ তাকে অভিনন্দন জানিয়েছে। স্যার, এই বাজেটের মধ্যে উল্লেখযোগ্য বিষয়গুলির মধ্যে একটি হল রাজ্য সরকারি কর্মচারিদের এবং আরও কিছু বেতনভুক কর্মচারিদের কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘভাতা দেবার ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া আরও যে সমস্ত আছে তারমধ্যে ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় সভাপাল মহাশয়, কথা উঠেছে যে কেন্দ্রীয় হারে এইভাবে মহার্ঘভাতা বৃদ্ধির ফলে বাজারে অতিরিক্ত অর্থের আমদানি হবে এবং তার ফলে মুদ্রাস্ফীতি দেখা দেবে। যখনই কোনও বেতনভুক ব্যক্তির জন্য বেতন বৃদ্ধি বা মজুরি বৃদ্ধি বা মহার্ঘভাতা বৃদ্ধির কথা ওঠে। তখনই দেখি একদল সমালোচক এইসব কথা বলেন। কিন্তু এটা সম্পূর্ণ ভুল কথা। বাজারে যে মূল্য বৃদ্ধি হয় তার পেছনে অসাধু ব্যবসায়ীদের, শিল্পপতিদের, ফাটকাবাজদের কালো টাকা থাকে। এটা কালো টাকা নয়। অল্প আয়ের লোকেদের আয় বৃদ্ধি হলে যে টাকাটা আসে সেই টাকাটা বাজারে ভোগ্যপণ্যের চাহিদা বাড়ায় এবং তার ফলে উৎপাদনবৃদ্ধি পায় এবং তাতে নতুন কর্মদ্যোগ সম্ভব হয়। সেখানে অতিরিক্ত যে অর্থ আসবে তার ফলে অনেক নতুন নতুন জিনিস তৈরি হবে এবং এতে করে আরও বহু লোক কাজ পাবে। এর ফল কোনও রকমেই খারাপ হবে না। দীর্ঘকাল ধরে যারা বঞ্চিত হয়ে এসেছে তাদের হাতে অতিরিক্ত কিছু টাকা দেওয়াটা বামফ্রন্টের জনকল্যাণমূলক নীতিরই একটা প্রতিফলন। মাননীয় সভাপাল মহাশয়, এই বাজেটে আরও কিছু উল্লেখযোগ্য বৈশিষ্ট আমরা দেখেছি। অত্যন্ত অসুবিধার মধ্যে এই সরকারকে কাজ চালাতে হচ্ছে কিন্তু তা সত্ত্বেও গত বছরের তুলনায় বিভিন্ন জনকল্যাণমূলক কাজে অর্থ বিনিয়োগের পরিমাণ, অর্থব্যয়ের পরিমাণ অনেক বাড়ানো হয়েছে। কৃষিতে গত বছর ছিল ৬৫ কোটি টাকা, এ বছর করা হয়েছে ১০৬ কোটি টাকা। জনস্বাস্থ্যে যেখানে গত বছর বরাদ্দ ছিল ১৫ কোটি টাকা সেখানে এবারে বরাদ্দ করা হয়েছে ২২ কোটি টাকা। শিক্ষাতে গত বছর ছিল ৩৬ কোটি টাকা, এবারে ৫২ কোটি টাকা। গ্রামীণ উন্নয়নে ১৯ কোটির জায়গায় ২৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। একথা ঠিক যে মাননীয় অর্থমন্ত্রীকে কয়েকটি ক্ষেত্রে কর বৃদ্ধি করতে হয়েছে এবং কয়েকটি নতুন কর ধার্য করতে হয়েছে যার ফলে নিচের তলার মানুষ মধ্যবিত্ত, উচ্চমধ্যবিত্ত তাদের উপর চাপ পড়বে। পেশার উপর কর, বিক্রয় কর বাড়ানো—এসব না করে উপায় ছিল না। কোথা থেকে টাকা আসবে? এত

করেও সামান্য টাকার তিনি সংস্থান করতে পেরেছেন, এর বেশি করা সম্ভব হয়নি। এটা যে করা সম্ভব হয়নি তার কারণ সুস্পষ্ট। যে সাংবিধানিক ব্যবস্থার মধ্যে আমরা রয়েছি, যে কেন্দ্র রাজ্য আর্থিক সম্পর্কের মধ্যে আমরা রয়েছি সেখানে অর্থ সংগ্রহ করার বা সংস্থান করার সম্ভাবনা রাজ্য সরকারের পক্ষে অত্যন্ত কম।

[5-10 – 5-20 P.M.]

আজকে মদ, গাঁজার উপর বেশি করে নির্ভর করতে হচ্ছে কেন? এ কথা ঠিক যে কেবল আইন করে মদ, গাঁজা বন্ধ করা যায় না। তবুও এটা বন্ধ করা যেত কিন্তু এটা থেকে যে টাকা আসে সেটা ছেড়ে দেবার উপায় আজকে নেই। তাই, ট্যাক্সের পরিমাণ বেড়েছে, এটাকে পুরোপুরি বন্ধ করা যাচ্ছে না। এখানে সমালোচনা হয়েছে যে কেন্দ্রের বিরুদ্ধে এত নিন্দা কেন এবং পূর্বাঞ্চলের প্রতি বৈষম্য হচ্ছে কেন? আজকে প্রয়োজন হয়েছে কেন্দ্র রাজ্য আর্থিক ক্ষমতার পুনর্বিন্যাস করা। কারণ এ ছাড়া রাজ্যের পক্ষে বেশি অর্থ সংগ্রহ করার উপায় নেই। আমরা দেখছি যে ১৯৭৯-৮০ সালে বার্ষিক পরিকল্পনার জন্য কেন্দ্রের কাছে চাওয়া হয়েছিল ৫৩১ কোটি টাকা কিন্তু কেন্দ্র ৩৭০ কোটি টাকার বেশি দিতে রাজি হয়নি। এটা রাজ্যের প্রতি অত্যন্ত অবিচার। সপ্তম অর্থ কমিশনের কথা বারেবারে বলা হয়েছে। সপ্তম অর্থ কমিশনের সুপারিশ-এর পরেও এই অবস্থা। ৫ম পরিকল্পনায় যেখানে সামগ্রিক ভাবে রাজ্যের জন্য পরিকল্পনা বাবদ সাহায্যের পরিমাণ ছিল শতকরা ১৪ ভাগ, ষষ্ঠ পরিকল্পনায় সেটা কমে হয়েছে ১২.৫ ভাগ। বাজার থেকে সংগ্রহ করা ঋণের ব্যাপারে রাজ্যের ভাগে ছিল ৫ম পরিকল্পনায় শতকরা ৩৬ ভাগ সেটা ষষ্ঠ পরিকল্পনায় কমে ১৮ ভাগ হয়েছে। তাই, আগের কংগ্রেস সরকার যে ভাবে অর্থনৈতিক ক্ষমতাকে নিয়ন্ত্রণ করার জন্য অর্থের পরিমাণ কম দেবার চেষ্টা করেছেন, বর্তমান কেন্দ্রের জনতা সরকারও একই কাজ করছেন। মাননীয় সভাপতি মহাশয়, গতকাল লোকসভার যে কেন্দ্রীয় বাজেট উত্থাপিত হয়েছে সেটা আমাদের আলোচনার এক্তিয়ারের মধ্যে পড়েনা, আমি সেই বিষয়ে আলোচনা করতে চাই না। কিন্তু এই বাজেটের মধ্যে আমরা কি দেখছি? আমরা দেখছি যে রাজ্যের প্রতি দারুণ ভাবে অবিচার করা হচ্ছে। রাজ্যের জন্য যে বরাদ্দ কৃত টাকা, যেটা ১৯৭৮-৭৯ সালে সংশোধিত বাজেটে ৫৯০৬ কোটি টাকা ছিল সেটা এবারে বেড়ে ৫৯২৩ কোটি টাকা হয়েছে। আর রাজ্যের দেয় ঋণের পরিমাণ যেখানে গতবছর ছিল ৩ হাজার ৩শত ৯১ কোটি ৫৯ লক্ষ টাকা। সেটা এবারে কমে ২ হাজার ২ শত ৫৮ কোটি টাকা হয়েছে। আর পরিকল্পনা বাজেটে ছিল গতবার ৩১১২ কোটি টাকা আর এবছর কমে সেটা হয়েছে ২৩০০ কোটি টাকা। রাজ্যগুলিকে তারা কম করে দিয়েছেন। এই রকম যেখানে অবস্থা সেখানে রাজ্যের পক্ষে কেন্দ্রের কাছে আরও বেশি টাকা চাওয়া ছাড়া উপায় নেই। পশ্চিমবঙ্গের অর্থনৈতিক ব্যবস্থা সম্পর্কে কোনও রকম আলোচনা, কোনও রকম বিচার, কোনও ব্যবস্থাতেই সম্ভব নয় যদি না আমরা সমগ্র ভারতের অর্থনৈতিক প্রেক্ষাপট যেটা সেটা লক্ষ্য না রাখি। পশ্চিমবাংলা ভারতের অর্থনীতিতে একটা অবিচ্ছেদ্য অঙ্গ। আমরা কি দেখছি? আমরা দেখছি, সামগ্রীক ভাবে ধনতান্ত্রিক কাঠামো এবং শুধু তাই নয়, প্রতিদিন ধনীদের নিয়ন্ত্রণ বাড়ছে। এই বাজেটের পূর্ব মুহূর্তে লোকসভায় রাজ্যসভায় যে ইকোনমিক সার্ভে পেশ করা হয়েছিল তার মধ্যে আমরা কি দেখছি? আমরা দেখছি সেখানে স্বীকৃতি দেওয়া হয়েছে। তাঁরা স্বীকার করতে বাধ্য

হয়েছেন যে ধনীদের প্রভাব বাড়ছে, ধনীদের নিয়ন্ত্রণ বাড়ছে। সিমেন্টের কথা বলা হয়েছে এবং সিমেন্ট উৎপাদন বৃদ্ধির জন্য বড় বড় শিল্পপতিদের হাতে অধিকাংশ লাইসেন্স দেওয়া হয়েছে। স্বীকার করা হয়েছে যে অর্থনৈতিক উন্নয়নের যে হার, যে গ্রোথ রেট সেটা কমে গেছে এবং কয়েকদিন আগে যে হিসাব বেরিয়েছে তাতে দেখেছি যে একই ধারা চলেছে এবং দেখা গেছে যে কয়টা পরিবারের সম্পদ দিনের পর দিন বাড়ছে। ১৯৭২ সালের তুলনায় ১৯৭৬ সালে টাটা, বিড়লা, মফতলাল, সিংহানিয়া ইত্যাদি এদের সম্পদের পরিমাণ কি ভাবে বেড়েছে সেটা দেখুন। ১৯৭২ সালে টাটার যেখানে ছিল ৬৪১.৯৩ কোটি টাকা সেখানে ১৯৭৬ সালে বেড়ে হয়েছে ৯৮০.৭৭ কোটি টাকা। বিড়লার যেখানে ১৯৭২ সালে ছিল ৫৮৯.৪২ কোটি টাকা সেখানে ১৯৭৬ সালে বেড়ে হয়েছে ৯৭৪ কোটি টাকা। মফতলাল-এর যেখানে ১৯৭২ সালে ছিল ১৮৩.৭৪ কোটি টাকা সেটা বেড়ে হয়েছে ২৫৬.৫৪ কোটি টাকা। সিংহানিয়ার যেখানে ১৯৭২ সালে ছিল অ্যাসেটের পরিমাণ ১২১.৪৫ কোটি টাকা সেখানে ১৯৭৬ সালে বেড়ে হয়েছে ২৪১.২৩ কোটি টাকা। এই রকম অবস্থার মধ্যে দিয়ে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার উল্লেখ করতে বাধ্য হচ্ছি কারণ এর যে প্রেক্ষাপট তাতে আমাদের পশ্চিমবঙ্গের অর্থনৈতিক উন্নয়নের পথ খুঁজে বার করতে হবে। গতকাল যে কেন্দ্রীয় বাজেট পেশ করা হয়েছে তাতে বলা হয়েছে যে শহর থেকে গ্রামের দিকে ফিরে যাওয়া হয়েছে। গ্রামে গঞ্জে মানুষের উন্নতি করা কিন্তু কোন মানুষের উন্নতি করা? গ্রামের নিচুর তলার সাধারণ মানুষের উন্নতি? কিন্তু তা নয়। গ্রামের যাঁরা অবস্থাপন্ন কুলক শ্রেণী, বড় জোতদার আছে তাঁদের? গ্রামের পাম্পসেট, ডিজেল, সার ইত্যাদি দিলে এই শ্রেণীরই সুবিধা হয়। আর কেরোসিনের দাম বাড়লে, বিড়ির দাম বাড়লে, কাপড় কাচা সাবানের দাম বাড়লে সাধারণ গরীব মানুষের ক্ষতি হয়। বিস্কুটের দাম বাড়লে তাদের ক্ষতি, পরিবহনের দাম বাড়লে তাদের ক্ষতি, নিত্য ব্যবহার্য জিনিসের দাম বাড়বে পরিবহনের খরচ বাড়লে, এটা তাদের ক্ষতি। তাই আজকে সামগ্রিক ভাবে জনতা পার্টির যে কেন্দ্রীয় সরকার যে অর্থনীতি অনুসরণ করছে, এটা শিল্পপতিদের এবং গ্রামের বড় অবস্থাপন্ন কৃষক, গ্রীন রেভলিউশনের সুযোগ যারা বেশি করে লাভ করেছে তাদের জন্য। আর নিচের তলার গরীব তারা মার খাচ্ছে। আজকে অর্থনৈতিক উন্নয়ন বাধা প্রাপ্ত হচ্ছে। এমন একটা অদ্ভুত অবস্থায় এসে পৌঁছেছে যার জন্য বিখ্যাত অর্থনীতিবিদ ডাঃ ব্রহ্মানন্দকে প্ল্যান ফর ফিউচার লেস ইকনমিতে বলতে হয়েছে যে ১৯৯০ সালে গিয়ে এমন একটা অবস্থায় পৌঁছবে, নো গ্রোথ স্টেজে গিয়ে পৌঁছবে। অনিয়ন্ত্রিত জনসংখ্যা, ক্রমবর্ধমান যান্ত্রিকীকরণ, বেকার সমস্যা বৃদ্ধি এবং মূল্য বৃদ্ধি, আয়ের বৈষম্য-এর ফলে এই জায়গায় গিয়ে আমরা পৌঁছোব। এর থেকে পরিত্রাণের উপায় কি? এমন একটা উন্নয়নের পথ নিতে হবে যেখানে শিল্প এবং কৃষির মধ্যে একটা সামঞ্জস্য ব্যবস্থা থাকবে। শহর এবং গ্রাম, এই দুই-এর মধ্যে একটা সামঞ্জস্য বিধানের ব্যবস্থা, এবং সবচেয়ে বড় কথা—উন্নয়ন বড় কথা নয়, উন্নয়নের লাভ কে পাবে? প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে নানা ভাবে কৃষিতে উন্নয়ন হয়েছে, কিন্তু তার লাভ তো নিচের তলার মানুষের জন্য আসেনি। তাই আজকে নুতন করে যে উন্নয়নের একটা দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে, যার মধ্যে পশ্চিমবঙ্গ এসে যাবে। তাতে জনসংখ্যা নিশ্চয়ই নিয়ন্ত্রণ করতে হবে। জোর জুলুম করে নয়। এটা যদি ঠিক ভাবে করতে হয় তাহলে নিরক্ষরতা দূরীকরণের দিকে নজর দিতে হবে। যে কোনও বাজেটে এর প্রতিফলন হতে বাধ্য। শিল্পায়নের উপযুক্ত পদ্ধতি

আমাদের নিজেদের খুঁজে বার করতে হবে। উপযুক্ত কৃষি উন্নয়নের ব্যবস্থা করতে হবে, মূল্যায়ন করতে হবে এবং তার পাশাপাশি তথ্য সংগ্রহ করতে হবে। আজকে পার্সপেকটিভ প্ল্যানিং ছেড়ে দিয়ে রোলিং প্ল্যানিং-এ এনে প্রতি বছর পাল্টে পাল্টে স্বার্থ সিদ্ধি করবার জন্য যে ব্যবস্থা, এটা সেই অবস্থাপন্ন লোকেদের জন্য করেছে, তার বিরুদ্ধে প্রতিবাদ করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা এখানে পূর্বেও উত্থাপিত হয়েছে এবং আমাদের বর্তমান বাজেট যা অর্থমন্ত্রী মহাশয় পেশ করেছেন, এবার গ্রামের দিকে অনেক বেশি নজর দেওয়া হয়েছে। কারণ গ্রামের উন্নয়ন যেখানে অধিকাংশ মানুষ বাস করেন, সেটাকে বাদ দিয়ে সামগ্রিক ভাবে উন্নয়ন হতে পারে না এবং আমাদের গরীব মানুষ গ্রামাঞ্চলেই বেশি এবং এই উন্নয়নের স্ট্রাটেজি কি হবে, কাদের দিয়ে আমরা উন্নয়নের কাজ করব? অতীতের কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্ট ব্যর্থ হয়েছে। সাধারণ মানুষকে তার সঙ্গে যুক্ত না করে অফিসারদের দিয়ে কাজ করানোর চেষ্টা হয়েছে। এই ব্যাপারে অধ্যাপক রজনী কোঠারীর মন্তব্য উল্লেখযোগ্য, যেটা তিনি তাঁর ডেমক্রাটিক কোয়ালিটি অ্যাণ্ড সোশ্যাল চেঞ্জ—এই বইতে আলোচনা করেছেন। রাজনৈতিক ক্ষমতার বিকেন্দ্রীকরণ না করতে পারলে সাধারণ মানুষের হাতে অর্থনৈতিক ক্ষমতা কখনও আসবেনা। এই যে ধ্যান, ধারণা, চিন্তা, তার প্রতিফলন আমরা পশ্চিমবাংলায় দেখেছি। পঞ্চায়েত ব্যবস্থায় যে নূতন কাজ হচ্ছে তার মধ্যে দিয়ে গ্রামীণ উন্নয়ন পরিকল্পনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রামীণ উন্নয়নের যে পরিকল্পনা করব, কৃষি হোক, শিল্প হোক, মৎস চাষ হোক, পশুপালন হোক, সেটা গ্রামের সাধারণ মানুষকে নিয়ে তাদের দিয়ে করাতে হবে এবং এই ব্যাপারে সমবায়ের গুরুত্ব অত্যন্ত বেশি। সমবায় সমিতি আজকে কৃষিতে, শিল্পে, এসে গেছে। তাই পঞ্চায়েত এবং সমবায়, এই দুটোকে নিয়ে যুক্ত ভাবে আজকে গ্রামের উন্নয়নের দিকে আমাদের নজর দিতে হবে এবং সেই কাজ যদি আমরা করতে পারি, কৃষির পাশাপাশি ক্ষুদ্র ও কুটির শিল্পের উপর যদি গুরুত্ব দিতে পারি তবে আমরা গ্রামীণ অর্থনীতির উন্নয়ন করতে পারব এবং বেকার সমস্যার সমাধান করতে পারব। কৃষিতে কিছুটা উন্নতি হয়েছে পশ্চিমবাংলার, ভাল ফসল হয়েছে, তথাপি যান্ত্রিকীকরণ ও বৈজ্ঞানিকীকরণ এর অনেক সুযোগ আছে। পাশাপাশি যদি ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নতি করতে না পারি তাহলে কৃষিতে আমরা হাত দিতে পারব না। ভূমি সংস্কারের কথা এখানে নানা ভাবে উল্লেখিত হয়েছে। আজকে ভূমি সংস্কারের অত্যন্ত বেশি প্রয়োজন আর এক দিক থেকে, যদি নিচের তলার মানুষের হাতে, ভূমিহীন মানুষের হাতে জমি—তাদের হাতে আয় তুলে না দিতে পারি তাহলে শিল্পের প্রসার কি করে হবে? শিল্পজাত দ্রব্য কিনবে কে? আজকে শিল্পে যে অচলাবস্থা তার কারণ মাল পড়ে থাকে, কেনবার লোক থাকে না, ক্রয় ক্ষমতা নেই, শতকরা ৪০/৪৫ ভাগ মানুষ দারিদ্র সীমার নিচে বাস করে। এই নিচের তলার মানুষ, এদের যদি আমরা ভূমি সংস্কারের মধ্যে দিয়ে ক্রয় ক্ষমতা না বাড়াতে পারি, এই ব্যবস্থা কিছুতেই হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে যে সমস্ত কাগজ পত্র দেওয়া হয়েছে তার মধ্যে পশ্চিমবঙ্গে বিভিন্ন যে সমস্ত সরকারি প্রতিষ্ঠান রয়েছে, পাবলিক আণ্ডারটেকিং রয়েছে তার দারুণ লোকসানের কথা। আমরা দেখতে পাচ্ছি, এতদিন ধরে এই ভাবে চলে এসেছে, কংগ্রেস আমলে এক একটা সরকারি প্রতিষ্ঠানে কোটি কোটি টাকা খরচ করা হয়েছে, লোকসান হয়েছে, এটাকে বন্ধ করতে হবে, থামাতে হবে। এই যে একটা ধরে নেওয়া হয়েছে, সরকারি প্রতিষ্ঠানে লোকসান চলবে, ভর্তুকিতে চলবে। এই জিনিস চলতে

পারে না। সরকারি প্রতিষ্ঠানে কেন লাভ হবে না; ঠিক ভাবে যদি আমরা চালাতে পারি অবশ্যই লাভ হবে, এর জন্য সামগ্রিক নীতি আজকে বিচার করতে হবে, নতুন করে পাল্টাতে হবে, এই জিনিস কিছুতেই চলতে পারে না, এর পরিবর্তন দরকার।

[5-20 – 5-30 P.M.]

মাননীয় সভাপতি মহাশয়, অর্থমন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি যে, তিনি মাদক দ্রব্যের উপর করের পরিমাণ বাড়িয়েছেন। ঘোড়দৌড়ের উপর তিনি করের পরিমাণ বাড়িয়েছেন, ক্যাবারে নৃত্যের উপর করের পরিমাণ বাড়িয়েছেন। এসব জিনিস আমাদের অবশ্যই নিয়ন্ত্রণ করতে হবে। কিন্তু আমি জোরের সঙ্গে বলতে চাই যে, এগুলিকে তুলে দেবার কথা আমাদের ভাবতে হবে এবং সেইভাবে অর্থনীতিকে পরিচালিত করতে হবে। আজকে আমরা এগুলি একেবারে তুলে দিতে পারছি না, কিন্তু অপসংস্কৃতির বিরুদ্ধে আমাদের অভিযান চালিয়ে যেতে হবে। কলকাতার ঘোড়দৌড়ের মাঠ বন্ধ করে দেওয়া উচিত। আমি বার বার বলেছি যে, আমাদের রাজ্যে এখানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের মতো একটা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস নেই, আর কলকাতার বুকের উপর এত বড় একটা মাঠ পড়ে থাকবে? এটাকে তুলে দিয়ে আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস করতে পারি। সুতরাং এই সব জিনিস চলতে দেওয়াকে আমরা কখনই সমর্থন করি না, সমর্থন করতে পারি না। কর বৃদ্ধি করে এই সব জিনিসকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করা হয়েছে, তাই আমি অর্থমন্ত্রীকে সাধুবাদ দিই। কিন্তু সামগ্রিকভাবে এগুলি বন্ধ করে দেওয়ার ব্যবস্থা করা দরকার।

আমি আর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের চা শিল্পের সম্পর্কে এই বাজেটের মধ্যে উল্লেখ আছে। শিলিগুড়ি নিলামের উপর থেকে বিক্রয় কর তুলে দেওয়া হয়েছে, কলকাতা নিলামের উপর বিক্রয় কর কমিয়ে দেওয়া হয়েছে। এটা করার জন্য আমি আগেই বলেছিলাম, মাননীয় অর্থমন্ত্রী এটা করেছেন বলে আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। পশ্চিমবঙ্গের চা শিল্প একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ শিল্প এবং এটা ভারতবর্ষেরও একটা গুরুত্বপূর্ণ শিল্প। এটা বিশেষ করে কেন্দ্রের আওতায় তাই রাজ্য সরকারের এদিকে খুব একটা নজর এত দিন পড়েনি, কিন্তু রাজ্য সরকারের এদিকে নজর দেওয়ার দরকার আছে। এখান থেকে আমরা বছরে ২৫ কোটি টাকা পাই, আরও পাবার সম্ভাবনা আছে। জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলায় ২৯৭টি চা-বাগান রয়েছে, সেখানে ২.৫ লক্ষ শ্রমিক কাজ করে, এই শিল্পের উন্নতির সঙ্গে সঙ্গে এই সংখ্যা আরও বাড়বে। এরা ছাড়াও আরও বেশি মানুষ এই শিল্পের উপর নির্ভরশীল। পশ্চিমবঙ্গের বিশেষ করে উত্তরবঙ্গের অর্থনীতি এই শিল্পের উপর নির্ভরশীল। ভারতবর্ষ যে মোট চা রপ্তানি করে তাতে পশ্চিমবঙ্গের স্থান আসামের পরেই। ভারতের মোট উৎপাদনের ২৫ ভাগ পশ্চিমবঙ্গে উৎপাদন হয়। ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গে ৫৭ মিলিয়ন কে. জি. চা উৎপন্ন হয়েছে। আমাদের দার্জিলিং-এর চা-এর চেয়ে ভাল চা পৃথিবীর কোথাও উৎপন্ন হয় না। কিন্তু আজকে চা-এর বাজারে একটা সঙ্কট দেখা দিয়েছে এবং বিশ্বের বাজারে আজকে আমাদের এই সঙ্কটের সম্মুখীন হতে হচ্ছে। সুতরাং আজকে এই শিল্পের উন্নতি বিশেষ করে দরকার। আজকে আসামের টৌকলাই মতো পশ্চিমবঙ্গেও শিক্ষা কেন্দ্র তৈরি করা দরকার। টি বোর্ড চা বাগানের উন্নতির জন্য অর্থ বরাদ্দ

করছে, কিন্তু সেটা যথেষ্ট নয়, রাজ্য সরকারকেও এ বিষয়ে এগিয়ে আসতে হবে। চা-উৎপাদন বাড়লে আমাদের কৃষি আয় বাড়বে এবং কৃষি আয় বাড়লে বর্ধিত আয় রাজ্য সরকারের হাতেও আসবে। তাই এ বিষয়ে বিশেষ করে নজর দেওয়া উচিত। পশ্চিমবঙ্গ সরকারের একটা প্রতিষ্ঠান রয়েছে, পশ্চিমবঙ্গ চা উন্নয়ন পর্ষদ বা ওয়েস্ট বেঙ্গল টি ডেভেলপমেন্ট কর্পোরেশন'। আসাম টি ডেভেলপমেন্ট কর্পোরেশন ২১টি বাগান নিয়ে অনেক ভাল কাজ করছে। আর এখানে এরা ২-টি মাত্র বাগান নিয়ে কাজ করছে, জলপাইগুড়ির তোর্ষার কাছে সম্প্রতি কিছু জমি দেওয়া হয়েছিল, কিন্তু তা যথেষ্ট নয়। এদের কাছে আরও বাগান দেওয়া হোক, আরও ভাল করে কাজ করতে দেওয়া হোক। ডুয়ার্সে ১০/১৫ একর জমি আছে এবং সেই জমি পড়ে আছে, সেখানেও করা যায়। সেখানে এটা সমবায়ের ভিত্তিতে করতে পারলে আরও বহুলোককে সেখানে কাজ দেওয়া যাবে, বহু লোকের কাজ হবে, বেকার সমস্যার কিছুটা সমাধান হবে। এর ফলে প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে পশ্চিমবঙ্গের অর্থনীতির উন্নতি হবে এবং রাজ্য সরকারের যে টাকার প্রয়োজন সেই টাকাও আসবে। তাই আমি সামগ্রিকভাবে চা-শিল্পের সমস্যার প্রতি দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিক্রয় কর যে বাড়িয়েছেন সেটা ঠিক আছে কিন্তু আমি প্রস্তাব করি কোচিনে যেমন করেছে ফার্স্ট ট্যাক্স অন দি সেলস আকাউন্ট সেটা গঠন করা যায় কিনা সে সম্বন্ধে বিবেচনা করুন। এর থেকে কিছু অর্থ আসতে পারে। আমি পরিশেষে এই কথা বলব অনেক অসুবিধার মধ্যে পশ্চিমবঙ্গের অর্থনীতি এগিয়ে চলেছে যার প্রতিফলন আমরা দেখতে পাই একেবারে নিচু তলার সাধারণ মানুষ, শহরের সাধারণ মানুষের সুযোগ-সুবিধার জন্য চেষ্টা করা হচ্ছে। সামগ্রিকভাবে গত বছর আমাদের আয় বৃদ্ধি হয়েছে ৮.৮৯ ভাগ। ১৯৬৪-৬৫ সালে এইভাবে এত আয় বৃদ্ধি হয়নি। মাথা পিছু আয় বৃদ্ধি হয়েছে শতকরা ৬.৫৬ ভাগ যেটা স্বাধীনতার পর কখনও এত আয় বাড়েনি। এতে কি প্রমাণ করে? এতে প্রমাণ করে বামফ্রন্ট সরকার যে অর্থনীতি চলেছে সেই নীতি ঠিক পথে চলেছে। এই ধনতান্ত্রিক কাঠামোর মধ্য থেকে, আর্থিক সম্পদ সীমাবদ্ধ হওয়া সত্ত্বেও কিভাবে আমাদের সম্পদ বেড়েছে তা লক্ষ্যণীয়। এবং এর দ্বারা নিচের তলার মানুষেরা সুযোগ পাবে এইটাই প্রমাণ করে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবশরণ ঘোষ ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আগামী আর্থিক বছরের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি তাঁকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। অর্থনৈতিক দুরবস্থার মধ্যে এই বাজেট পেশ হয়েছে এবং সমাজ বিশেষ করে মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত এবং গরিব মানুষের স্বার্থের দিকে লক্ষ্য রেখে এই বাজেট রচিত হয়েছে। আমি প্রথমেই উল্লেখ করতে চাই যে, বামফ্রন্ট সরকার নির্বাচনের সময়ে যে সমস্ত প্রতিশ্রুতি জনসাধারণকে দিয়েছিলেন তা খুব অল্প সময়ের মধ্যেই পালন করা সম্ভবপর হয়েছে এই দ্বিতীয় পূর্ণাঙ্গ বাজেটে। বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের আমি স্মরণ রাখতে বলি এত অল্প সময়ের মধ্যে প্রদত্ত প্রতিশ্রুতির অনেকগুলি পালন করা সম্ভব হয়েছে যা বিগত ৩০ বছরের কংগ্রেস আমলে পালন করতে পারেন নি। তারা জনসাধারণকে বহু প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু তা পূরণ করতে সক্ষম হননি। প্রথমেই ধরা যাক, বেকার ভাতা প্রসঙ্গ। নিশ্চয়ই পশ্চিমবাংলায় বেকার ভাতা ব্যবস্থা চালু হওয়ার আগেই অন্যান্য প্রদেশে

*বেকার-ভাতা ব্যবস্থা চালু ছিল কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে এটা নতুন। একথা বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা অস্বীকার করতে পারবেন না। বিগত ৩০ বছরে কংগ্রেসি প্রশাসনে এবং* অর্থনৈতিক ব্যবস্থার পরিণতিতে সারা পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ বেকার সৃষ্টি হয়েছে। শুধু বেকার সৃষ্টি করেই তাদের কাজ শেষ হয়নি তারা সেই বেকারদের দিয়ে অনেক অন্যায় কাজ, অনেক অসামাজিক কাজ—সমাজের বিরাট অংশের যে যুবশক্তি যাদের মধ্যে সৃজনীশীল অনেক ক্ষমতা আছে, যারা দেশকে অনেক কিছু দিতে পারে সেই যুবশক্তিকে তারা পঙ্গু করে রেখেছিলেন এবং নোংরা কাজ করিয়েছিলেন। মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা বলছেন যে ৫০ টাকা করে বেকার ভাতা দিতে তাদের কর্মক্ষমতাকে নষ্ট করা হচ্ছে। ৫০ টাকা বেকার ভাতা দেওয়া নিশ্চয়ই কম—এটা আমি মনে করি।

[5-30 – 5-40 P.M.]

এর মধ্যে দিয়ে বেকারদের মধ্যে একটা বিরাট প্রত্যাশা জাগানো হয়েছে। বামফ্রন্ট সরকার তাদের দুরবস্থার কথা চিন্তা করে তা দূর করার জন্য পদক্ষেপ হিসাবে বেকারভাতা চালু করেছেন। অর্থমন্ত্রী দাবি করেছেন বেকারভাতার অর্ধেক অংশ কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। আমার মনে হয় জনতা দলের উষ্মার কারণ এখানে। আমি একটা প্রস্তাব করছি যে এই ভাতার পরিমাণ সম্পর্কে ১০০ টাকা করা উচিত এবং এর অর্ধেক অংশ কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করা উচিত। এই দাবি সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে বেকার যুব শক্তিকে সংগঠিত করে সরকার থেকে আন্দোলন গড়ে তোলা উচিত যাতে কেন্দ্রীয় সরকার বাধ্য হন অর্ধেক পরিমাণ অংশ দিতে, এটা শুধুমাত্র আন্দোলন বা দাবি এই পর্যায়ে না রেখে সরকারকে উদ্যোগী হতে হবে যাতে কেন্দ্রীয় সরকার এই দাবি পূরণ করতে পারেন। আমি গ্রামাঞ্চল থেকে নির্বাচিত প্রতিনিধি। গ্রামের মানুষের কথা কংগ্রেসিরা অনেক বলেছেন। ১৯৬২ সালে আমি বিধানসভায় এসেছিলাম, তার পর থেকে কংগ্রেসের অনেক বাজেটের বই বিভিন্ন ভাবে আমার হাতে আসে। কিন্তু কোনও বাজেটের বইতে দেখিনি ক্ষেত মজুরদের মজুরি বৃদ্ধি সরকার উদ্যোগ নিয়ে করেছেন। সরকারি ক্ষেত্রগুলোতে মজুরি বৃদ্ধি করার ফলে আমি মনে করি এর প্রতিক্রিয়া বেসরকারি ক্ষেত্রেও ঘটবে। অবশ্য এর প্রতিক্রিয়া আমরা লক্ষ্য করছি। এবার ফুড ফর ওয়ার্কে মজুরি বৃদ্ধি করা হয়েছে এবং গ্রামাঞ্চলে ক্ষেতমজুররা যেখানে কাজ করেন তার কিছু কিছু জায়গায় বর্ধিত হারে মজুরি কৃষকরা পেয়েছেন। কাজেই আমি মনে করি সরকারি ক্ষেত্রে হলেও বেসরকারি ক্ষেত্রে এর প্রতিক্রিয়া ভাল ভাবে দেখা দেবে। সরকারি কর্মচারিদের মহার্ঘভাতা যে হারে বৃদ্ধি করেছেন তাতে ৮৮ পয়সা হারে বৃদ্ধি করা হয়েছে। আমি মনে করি এটা আরও বৃদ্ধি করা উচিত। কারণ গ্রামাঞ্চলে ক্ষেত মজুরদের মজুরি আইন অনেক বেশি থাকলেও তারা তা পায় না। যেমন অর্গানাইজড ইণ্ডাস্ট্রি চিনি শিল্পে আখের ক্ষেতে কয়েক হাজার কৃষক যারা কাজ করে তারা ৮ ঘন্টা কাজ করার পর দেড় টাকা থেকে দু' টাকা পায়।

সরকারি ক্ষেত্রে বৃদ্ধি হলেই বেসরকারি ক্ষেত্রে তার প্রতিক্রিয়া ভাল হবে বলে আমার বিশ্বাস। বিরোধীপক্ষরা কোনও ভাল জিনিসই এই বাজেটের মধ্যে দেখতে পাচ্ছেন না। সরকারি কর্মচারিদের ক্ষেত্রে কেন্দ্রীয় হারে যে মহার্ঘভাতা বৃদ্ধি করা হয়েছে সর্বনিম্ন ২২ টাকা

ভাতা সেটাও তাঁরা উড়িয়ে দিচ্ছেন। আগামী বছরে যদি দ্রব্যমূল্য বৃদ্ধি হয় এবং যদি সেখানে মহার্ঘভাতা বৃদ্ধি করার প্রয়োজন হয় তাহলে সেটা কেন্দ্রীয় হারেই হবে এ বিষয়ে সন্দেহ নেই। সরকারি কর্মচারিদের এই দাবি এই সরকার নীতিগতভাবে স্বীকার করেছেন, এই প্রসঙ্গে আমি একটি প্রস্তাব রাখছি যে মহার্ঘভাতা নির্ধারণ করার যে পদ্ধতি আছে যেটা কংগ্রেস রাজত্ব থেকেই চালু হয়ে আসছে তার পরিবর্তন করা দরকার। কারণ যারা বেশি মাইনে পায় মহার্ঘভাতার ক্ষেত্রে এমন ব্যবস্থা করা আছে যাতে তাদেরই বেশি হবে এবং যারা কম মাইনে পায় তাদের পরিমাণ কম হবে। এই ব্যবস্থার পরিবর্তন হওয়া দরকার। বাজারে জিনিস কিনতে গেলে যে বেশি মাইনে পায় আর যে কম মাইনে পায় উভয়কেই একই দামে জিনিস কিনতে হবে। সেইজন্য যে প্রাইস ইনডেক্সের ভিত্তিতে ডি. এ.র ফরমূলা ধরা হয় সেটা পরিবর্তন হওয়া দরকার। আশা করি মন্ত্রী মহাশয় এদিকে দৃষ্টি দেবেন। শিক্ষার ক্ষেত্রে বলব মাত্র দুবছরের মধ্যেই প্রথম বছরে ক্লাশ এইট পর্যন্ত বেতন মকুব করা হয়েছিল এবং পরবর্তী পর্যায়ে ক্লাশ টেন পর্যন্ত সমস্ত শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বেতন মকুব করা হয়েছে। এটা শুধু শহরে বড়লোকদের জন্য নয় গ্রামাঞ্চলের কৃষক মজুরের ছেলেরাও বিনি পয়সায় শিক্ষার সুযোগ পাবে। এই যে এতবড় একটা পরিবর্তন এটা তাঁরা দেখতে পাচ্ছেন না।

[5-40 – 5-50 P.M.]

পরিশেষে মাননীয় অর্থমন্ত্রীর কাছে একটি বিশেষ বিষয়ে দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ জানাব। আমি অর্থনীতির মারপ্যাঁচ বুঝি না, সে জ্ঞান আমার নেই, কিন্তু একটা জিনিস সাধারণ মানুষ আমরা যেটা লক্ষ্য করি সেটা হচ্ছে যখনই কোনও বাজেট পেশ করা হয় সেই বাজেট পেশ করার আগে সাধারণ মানুষের প্রয়োজনীয় দ্রব্যের দাম একবার বেড়ে যায়। বাজেট পেশ করার এক দুই মাস আগেই মানুষের ভোগ্য পণ্যের দাম বেড়ে যায়। আবার বাজেটে কর ধার্য করার পর আর একবার সেইসব জিনিসের দাম বেড়ে যায়। এই দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করার জন্য সরকারের তৎপর হওয়া উচিত। বর্তমানে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন সেই বাজেট পেশ করার আগে জিনিসের দাম একবার বেড়েছে, বাজেটে ট্যাক্স ধার্যের দরুন জিনিসপত্রের দাম আবার বাড়বে। এই মূল্য বৃদ্ধি প্রতিরোধের জন্য যদি আমরা বলি যে কেন্দ্রীয় সরকার দায়ী তাহলে এই দায়ী বলে দায় শেষ করা উচিত নয় বলে আমি মনে করি। কেন্দ্রীয় সরকারের বাজেটের ফলে জিনিসপত্রের যে দাম বাড়বে পশ্চিমবঙ্গ সরকারের উচিত সেই মূল্য বৃদ্ধি রোধ করার জন্য সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা।

পরিশেষে মাননীয় চেয়ারম্যান, স্যার, বিরোধী পক্ষের উদ্দেশ্যে তাঁদের চরিত্র বিশ্লেষণে একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে—এক গ্রামে একজন পেটুক ব্রাহ্মণ ছিল। বিভিন্ন নিমন্ত্রণ সভায় নিমন্ত্রণ খেতে গেলে খেতে বসে খাওয়ার বিভিন্ন রকম ত্রুটি বের করতেন। তিনি বিশ্ব নিন্দুক ছিলেন, কোথাও ঝাল হয়নি, কোথাও নুন হয়নি নানা রকম বলতেন। এই রকম একটা নিমন্ত্রণ সভায় খেতে বসেছেন, সমস্ত রান্না খাব ভাল হয়েছে, কোন রকম ত্রুটি হয়নি, তখন পাশের বন্ধুরা জিজ্ঞাসা করছেন, ঠাকুর মহাশয়, রান্না কেমন হয়েছে বলুন, আজকে কি ত্রুটি হল বলুন। তিনি তো দেখলেন সত্যই কোনও ত্রুটি নেই, কি বলব, তখন তিনি বললেন এত ভাল ভাল নয়। বিরোধী পক্ষ হচ্ছে তাই। তাঁরা

যখন খারাপ জিনিস খুঁজে পেলেন না তখন তার ভেতর দিয়ে এত ভাল নয় সেই বক্তব্য রেখে বিরোধিতা করার জন্য বিরোধিতা করলেন। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, ঘাটতি বাজেট এক্সপার্ট অর্থ মন্ত্রী ডাঃ অশোক মিত্র যে বাজেট বিধানসভায় পেশ করেছেন এই বাজেট গ্রামের মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষকে সম্পূর্ণভাবে নিরাশ করে অন্ধকারের মধ্যে ঠেলে দিয়েছে। একথা আমি কেন বলছি স্যার, আপনি জানেন, আমি আজকেও লক্ষ্য করলাম, অনেক দিন ধরে লক্ষ্য করছি যে সরকার পক্ষের সদস্যরা সমর্থন করার নাম করে শুধু সমর্থন করছেন, সমর্থন করতে হবে বলে সমর্থন করছেন, কোনও যুক্তি দিয়ে সমর্থন করার চেষ্টা করছেন না। ফ্রম দি বিগিনিং অব হিজ কেরিয়ার অ্যাজ দি ফাইনান্স মিনিস্টার অব ওয়েস্ট বেঙ্গল তিনি যে কয়টি বাজেট পেশ করেছেন, ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০ সব কয়টি বাজেট ঘাটতি বাজেট। এবং তাঁর দূরদৃষ্টির অভাব দারুণ রয়েছে। আমি বরাবরই লক্ষ্য করেছি তিনি ঘাটতি বাজেট পেশ করেন এবং ১৯৭৭/৭৮ সালে দেখেছি ৩গুণ হয়েছে, ১৯৭৮/৭৯ সালে দ্বিগুণ হয়েছে এবং ১৯৭৯/৮০ সালে সেটা ১০ গুণ হবে কিনা বুঝতে পারছি না। এই ঘাটতি বাজেট পেশ করে তিনি সেটা পূরণ করবার জন্য করের বোঝা চাপিয়েছেন এবং মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত এবং গরিব মানুষদের কাছ থেকে কর এনে সেই ঘাটতি মেটাবার চেষ্টা করেছেন। তিনি অবশ্য সেটা বলেননি, তবে আমি ওখান থেকেই শুরু করছি। আমাদের অর্থমন্ত্রী প্রায়ই একটা কথা বলেন, আর্থিক স্বচ্ছলতা পশ্চিমবঙ্গ সরকারের নেই। আমি তাঁর মতো পণ্ডিত নই, কিন্তু একটা কথা জানি কাট ইওর কোট অ্যাকর্ডিং টু ইওর ক্লথ। আর্থিক স্বচ্ছলতা নেই, ক্ষমতা নেই অথচ আর্থিক দায়িত্বভার হাতে নিয়েছেন। নিজের ক্ষমতা নেই, মাঝে মাঝে শুধু কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে ওখানে গিয়ে চরণ সিংয়ের চরণ ধরে কিছু আদায় করে কাজ শেষ করছেন। আমি লক্ষ্য করেছি তিনি এমন এমন ঘোষণা করেন, এমন এমন আর্থিক দায়িত্ব গ্রহণ করেন যেটা তার ক্ষমতার বাইরে। তাঁর ইকনমিক্স-এর সঙ্গে আমার ইকনমিক্স নাও মিলতে পারে। আমি জানি গ্রাম বাংলার মানুষের সঙ্গে তাঁর কোনও যোগাযোগ নেই। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি এই সৌখিনবাবুটি গ্রামবাংলার কয়টা মানুষের সঙ্গে মিশেছে, তাদের দুঃখের কথা কতটা বুঝেছে? কাজেই তাঁর কোনও অভিজ্ঞতা নেই বলে এরকম একটা বাজেট তিনি পেশ করেছেন। তিনি যে করের বোঝা চাপিয়েছেন তাতে তিনি হয়ত বলবেন এই করের বোঝা গ্রামের মানুষকে, মধ্যবিত্ত মানুষকে, নিম্ন মধ্যবিত্ত মানুষকে কষ্ট দেবেনা। উনি হয়ত একটা বিরাট ইকনমিক ল্যাঙ্গোয়েজ দিয়ে এটা বোঝাবার চেষ্টা করবেন। উনি এই যে এতবড় ৩৭ পাতার একটা বাজেট পেশ করলেন এটা পেশ করার কোনও দরকার ছিলনা, ওঁর মূল বক্তব্য দুটো প্যারায় শেষ করা যেত। গভর্নমেন্টের এত টাকা খরচ করে, প্রিনটিং-এ এত টাকা খরচ করে এতবড় বাজেট বিবৃতি পেশ করার কোনও দরকার ছিলনা। উনি এই যে করের বোঝা চাপিয়েছেন তাতে দেখছি বিক্রয়কর এক পারসেন্ট বেড়েছে। আমি অনেক বড়বড় অর্থনীতিবিদদের সঙ্গে আলোচনা করেছি এবং তাঁরা বলেছেন এই যে বিক্রয়কর বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। এর বোঝা মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত লোকের উপর পড়বে ইনডাইরেক্টলি। উনি এই যে পেশাকর আদায় করছেন এটা কোন স্তরের লোকের গায়ে গিয়ে

পড়বে? যাঁদের উনি সেন্ট্রাল ডি. এ. দিলেন তাঁদের গায়ে গিয়ে এটা পড়বে, যারা স্বল্প পুঁজি নিয়ে ব্যবসা করে তাদের গায়ে গিয়ে পড়বে ইনডাইরেক্টলি। আমি ভদ্রলোকের আউটলুকিং জানিনা, আমি তাঁকে বুঝতে পারছিনা এবং দিনের পর দিন তাঁর হাবভাব দেখে অবাক হচ্ছি। তারপর, লক্ষ্য করুন এবং উনি বলেছেন গ্রামবাংলার মানুষের স্বার্থে এবং প্রশাসনের স্বার্থে দেশি মদ, গাঁজা, ভাং ইত্যাদির উপর থেকে বিক্রয় কর তুলে নিয়েছেন। কোন প্রশাসনের স্বার্থে এটা তিনি করলেন আমি বুঝতে পারছিনা। গ্রাম বাংলার মানুষের কোন স্বার্থে তিনি ভাংয়ের উপর থেকে বিক্রয়কর তুলে দিলেন, দেশি মদ-এর উপর থেকে লাইসেন্স ফি তুলে দিলেন? এতে গ্রামবাংলার মানুষের কি সুবিধা হবে?

[5-50 – 6-00 P.M.]

এতে রাজনৈতিক সুবিধা হবে। গ্রামের মানুষদের ইনডাইরেক্টলি উনি বলছেন, গ্রামের মানুষ যাদের মধ্যে যন্ত্রণার জ্বালা আছে সেই যন্ত্রণার সুযোগ নিয়ে মার্কসিস্ট রাজনীতি করুন, গ্রামের গরিব মানুষদের ইনডাইরেক্টলি বলছেন তোমরা আরও গাঁজা আরও ভাং খাও, আরও মদ খাও, আমরা কর তুলে নিয়েছি, তোমরা বুদ হয়ে থাকো, কোনও কিছু বুঝবার চেষ্টা করোনা। আমাদের ভুল ত্রুটি তোমরা বুঝবার চেষ্টা করোনা, মার্ক্সের ভুল থিয়োরি তোমরা বুঝবার চেষ্টা করোনা, তোমরা অন্ধকারে থাক, আমরা রাজনীতি করি আমাদের ভোট দাও আমাদের সরকারে নির্বাচিত কর। এই হচ্ছে উদ্দেশ্য, এটাই ইনডাইরেক্টলি বলতে চান মনে হয়। কেন এটা উঠিয়ে দিলেন আমি জানিনা, উনি এর বিশ্লেষণ দেবেন। আমি এই করের ব্যাপারে দু'একটি কথা বলে সমালোচনা করতে চাই। উনি রেসের কথা নিয়ে অনেক কথা বলেছেন। রেস তুলে দেবার সিদ্ধান্ত উনি নিতে পারছেন না, ওঁর বন্ধুবান্ধবরা যায় কিনা আমি জানিনা, তাঁর বড়লোক বন্ধুরা যেতে পারেন তাতে আমার আপত্তি নেই, উনি যতদিন দায়িত্বে আছেন করুন, কিন্তু, স্যার, ১৯২২ সালের আইন অনুসারে উনি বেটিং-এর উপর কর কমিয়ে দিলেন, এই যে বেটিং-এর উপর করটা কমিয়ে দিলেন—১২ পারসেন্ট বোধ হয় রেসের উপর করটা কমিয়ে দিলেন। অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি স্যার, বেটিং-এর উপর করটা ১৯৭৮-৭৯ সালে কি স্বার্থে কমালেন, গ্রাম বাংলার মানুষের তাতে কতটুকু সুবিধা হবে? ওঁর বন্ধুরা সুবিধা পাবে, শহরের ফ্যাশানেবল বাবুরা সুবিধা পাবে, সৌখিন বাবুরা সুবিধা পাবে, যাঁরা বেটিং করেন এই ট্যাক্স কমিয়ে দেবার ফলে তারা প্রচুর পরিমাণে বেটিং করবে, গ্রামবাংলার মানুষের কি সুবিধা হবে একথা আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে জিজ্ঞাসা করছি। স্যার, একদিকে কর কমিয়ে দিচ্ছেন আর একদিকে কর চাপাতে হবে বলে চাপিয়ে দিচ্ছেন, মানুষকে যুক্তি দিয়ে বুঝাচ্ছেন না। তিনি করের বোঝা যেভাবে মানুষের উপর চাপিয়ে দিচ্ছেন এর সঙ্গে আমরা একমত নই। আমি অর্থমন্ত্রী মহাশয়কে—যদিও এটা ঘাটতি বাজেট, তাহলেও কয়েকটি সাজেশন দিচ্ছি, তিনি নেবেন কিনা জানিনা, তিনি বলেছেন ঘাটতি বাজেটের জন্য কর আদায় করা দরকার। স্যার, উনি স্বীকার করেছেন, এটা আমার কথা নয়, এখানে আপনাদের ইকনমিক রিভিউ ১৯৭৮-৭৯, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল দেখুন, এখানে নির্মল বাবুও স্বীকার করেছেন যে স্টেট গভর্নমেন্টের যেগুলি আণ্ডারটেকিং চলছে, মিল কারখানা যেগুলি স্টেট গভর্নমেন্ট নিয়েছে, প্রত্যেকটা জায়গায় ক্ষতিতে চলছে। স্যার, আমি স্ট্যাটিসটিক্স দিচ্ছি পশ্চিমবঙ্গের, অর্থমন্ত্রী মহাশয় বিষয়টা একটু গভীর মনযোগের সঙ্গে লক্ষ্য করুন। উনি

কর আদায় করছেন তাহলেও টোটাল যে লোকসানটা উনি দেখাচ্ছেন সেটা আমি হিসাব করে দেখাচ্ছি যে টোটাল লোকসান আপনাদের সমস্ত কেন্দ্রে ২৭ কোটি টাকার মতো। এই ২৭ কোটি টাকা যে লোকসান হচ্ছে এই লোকসান মেক আপ করার মতো কোনও অর্গানাইজেশন আর নেই। উনি যদি কর না বাড়িয়ে এটা আদায় করার জন্য বেশি জোর দিতেন, যদি বলতেন নতুন একটা অর্গানাইজেশন সেট আপ করলাম যে অর্গানাইজেশন এই লোকসানগুলি মেক আপ করবার জন্য সুপারভাইস করবে যাতে সরকারি সংস্থাগুলিতে লোকসান না হয়, এই ২৭ কোটি টাকা লোকসান মেক আপ করবে তাহলে আমার মনে হয় উনি আরও বেশি লাভবান হতেন। জানিনা উনি এটা নেবেন কিনা কিন্তু এর মধ্যে একটা নূতন চিন্তা আছে। স্যার, আমি আবার দায়িত্ব নিয়ে বলছি প্রডাকশন ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯ আপনি যদি দেখেন, এটা হচ্ছে এগ্রিকালচারাল প্রডাকশন, পোলট্রি প্রডাকশন, মিল্ক প্রডাকশন, এই সব জায়গায় যদি লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮এ এগ্রিকালচারাল প্রডাকশন ইন থাউজান্ট হেক্টারে বলছি, দুটি উদাহরণ দেব, যে সেটা কমেছে কি রকম। রাইস ১৯৭৬-৭৭ এ ৫২০৪.৫, ১৯৭৭-৭৮এ ৫৪১৪.৪, হুইট ১৯৭৬-৭৭এ চাষ হত ৫১৫.২, এটা কমে হল ১৯৭৭-৭৮এ ৪৮৪.৪, ছোলার কালটিভেশন-এর এগ্রিকালচারাল এরিয়া ১৯৭৬-৭৭ সালে ছিল ৯৮.৭, সেটা কমে গেল অর্থমন্ত্রী আসবার পর, এই বামফ্রন্ট সরকার আসবার পর ৮৯.২,

সেটা স্যার, কমে গেল এই বামফ্রন্ট সরকার আসার পরে। আমি ইন থাউজেণ্ড হেক্টারস বলছি। এইটটি নাইন পয়েন্ট টু হয়েছে, যে হিসাব দিয়েছেন। অমনি করে কাল্টিবেল এরিয়া কমে গেছে প্রডাকশন অব হুয়িট কাল্টিভেশন ইন থাউজেণ্ড টন হিসাব দিচ্ছি—১৯৭৬-৭৭ সালে যেখানে ছিল ১০৫১.২ সেটা কমে গিয়ে এদের আমলে দাঁড়াল ১০৩৬.৫। এই প্রডাকশন তো বাড়াতে হবে। প্রডাকশন অব মিল্কে দেখুন। সেখানেও কমে গেছে, যেখান থেকে ইনকামগুলি আসে সেখানেই কমে গেছে। প্রডাকশন অব মিল্ক পার ডে ইন লিটার বলছি, ১৯৭৬-৭৭ সালে যেখানে ছিল ১৩৬৪৮, সেটা কমে প্রায় হাফে চলে এল,—৭৫৫০ লিটারে গিয়ে দাঁড়াল। গরু ছিল ডেয়ারিতে ৪৪০১টি সেটা কমে গিয়ে দাঁড়াল ২৭৭৮-এ। অর্থমন্ত্রী কিন্তু এদিকে নজর নাই। প্রডাকশন কমে যাচ্ছে, রাজস্ব আদায় কমে যাচ্ছে, সেদিকে তাঁর কোনও লক্ষ্য নাই, তিনি করের বোঝা চাপিয়ে দিচ্ছেন। আমি অর্থমন্ত্রীকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি আপনি তো ৩ বছর ধরে ঘাটতি বাজেট পেশ করলেন, একবার আপনাকে অনুরোধ করি যাননা গ্রাম বাংলায়, গ্রামের মানুষ কি বলে শুনবেন, তারা বলে আসুননা গ্রামবাংলায় একবার ডাঃ মিত্র, দেখব তিনি কত সৌখীন মানুষ, আপনি আপনার পরিচয় দিয়ে যাবেন না, শুনবেন তারা আপনাকে কিভাবে বিচার করার চেষ্টা করছে। আমরা তেমনি ভাবে লক্ষ্য করে দেখব প্রতিটি জায়গায় কি হেলথ সেন্টারে কি হাসপাতালে যেখানে আমরা বেডের সংখ্যা বাড়িয়েছিলাম, সেখানে এঁরা কমিয়ে যাচ্ছেন, অবস্থা ক্রমশই ডেটিরিয়োরেট করছে। আমাদের কংগ্রেস সরকার তো কিছুই করেনি বলেন, প্রতি বছর ইকনমিক রিভিউ সেন্টার করে বার করতে পারেন, তাদেরই হিসাব আমরা প্রতি বছর গড়ে দু' হাজার করে বেড বাড়িয়েছি। আপনারা আসার পরে একটাও বাড়েনি। কিন্তু এদিকে আপনাদের এতটুকু নজর নাই। রাজস্ব আদায়ের দিকে, প্রডাকশন বাড়ানোর দিকে এতটুকু নজর নাই। আমি

মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি যে আপনি গ্রামবাংলার মানুষের কথা চিন্তা করুন এবং তাদের কথা বিবেচনা করে দেখুন এখন কয়েকটি জায়গায় তাদের কিছুটা সুবিধা দিতে পারেন কিনা। মদের উপর ট্যাক্স বাড়ান, ভাঙের উপর ট্যাক্স বাড়ান, বেটিং ট্যাক্স বাড়ান বিক্রয়কর যদি কিছু কমিয়ে দেন তো গ্রামের লোক সুবিধা পেতে পারে। এগ্রিকালচারাল হেডে প্রভিসন বেশি করুন, ডীপ টিউবওয়েল, লিফট ইরিগেশন এবং রিভার লিফ্টের ক্ষেত্রে কিছু ছাড় দেওয়া উচিত। তাহলে আপনাদের আমলেই—পশিচমবাংলার লোকে তো আর চিন দেশে বা রাশিয়াতে যেতে পারেনা, কিছু সুযোগ সুবিধা পাবে। তাই এদের কিছু সুখ সুবিধা বাড়িয়ে দিন। এগ্রিকালচারাল হেডে বাড়িয়ে দিন এবং পুলিশ হেডে কমিয়ে দিন। পুলিশ বাজেটে কত টাকা ধরেছেন বাজেটে? প্রডাক্টিভ ডিপার্টমেন্টে যা রেখেছে তার তুলনায় পুলিশ খাতে প্রায় ডবল টাকা ধরেছেন। এগুলি চিন্তা করুন। এগুলি আপনার চিন্তায় কেন আসবেনা? আমি এগুলি রেক্টিফাই করার জন্য অনুরোধ করছি। আমি আশা করি অর্থ মহাশয় অর্থনীতির কথা চিন্তায় আনবেন, তিনি বড় বড় বই পড়ে মাথায় থিওরী ঢুকাবেননা, বাস্তববাদী হবেন, গ্রাম বাংলার কথা চিন্তা করবেন, গ্রামবাংলার লোক একদম সুযোগ সুবিধা পাচ্ছেনা। তারপর আপনাদের স্বচ্ছলতা নেই, সেন্ট্রাল ডি এ দিয়ে দিলেন।

[6-00 – 6-10 P.M.]

কোনও আপত্তি নেই আমার। কিন্তু কত বড় ভাঁওতা একটু লক্ষ্য করে দেখুন। কত ইনজাসটিস একটু দেখুন। নিচের আয়ের মানুষের জন্য এরা নাকি চিন্তা করে। এই সরকারি কর্মচারী বন্ধুদের যারা উপরতলায় আছেন তাদের বিরুদ্ধে আমার কোনও বক্তব্য নেই। কিন্তু আমি বামফ্রন্টের মুখোশ খুলে দিতে চাই। যারা ২৩৫ টাকা পর্যন্ত মাইনে পায়, যে গরিব বন্ধু মাইনে পায় তাদের আমরা সমহারে গ্রান্ট দিতে দিতে সেন্ট্রাল হারে ডি. এ. পর্যন্ত পৌঁছে দিয়েছিলাম। কোনও ইনজাসটিস করি নি, সমান হারে দিয়েছি। এরা ২৩৫ টাকা যারা মাইনে পায় তাদের দিয়েছে মাত্র ২২ টাকা। নিচের তলার মানুষও সংগ্রাম করছে বাঁচার জন্য, কিন্তু এরা উপরতলার মানুষ যারা সংগ্রাম করছে তাদের জন্য অশোকবাবুরা বেশি চিন্তা করেন, উপরতলার মানুষদের একেবারে-এ ফ্ল্যাটলি দিচ্ছেন, তাদের সব সুযোগ-সুবিধা দিচ্ছেন। আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করছি, উনি চিন্তা করুন, আজকে সরকারি কর্মচারিদের ক্ষেত্রে উনি এমন ইনজাসটিস, এমন অসম বন্টন করলেন কোন যুক্তিতে। কেন করেছেন? এটা কি এই কারণে করেছেন যে গত নির্বাচনে আপনি ধরে নিয়েছেন যে নিচের তলার সমস্ত কর্মচারিরা রাজনৈতিভাবে আপনাদের সমর্থন করে নি। নিচের তলার সমস্ত কর্মচারী আপনাদের ভাঁওতায় সাড়া দেয়নি। উপরতলার কিছু কিছু মুষ্টিমেয় কর্মচারী হয়তো আপনাদের ভাঁওতায় সাড়া দিয়েছেন, রিগিং করতে সুবিধা করে দিয়েছেন, তাই এই সুবিধা দিয়েছেন। আর নিচের তলার কর্মচারিরা সে সুবিধা করে দেয় নি বলে এই রকম করেছেন। এইটা চিন্তা করেই কি মাননীয় অর্থমন্ত্রী সেন্ট্রাল হারে ডি. এ. দেওয়ার সময় এই রকম ব্যবস্থা করেছেন তেমনি প্রাইমারি স্কুলের টিচারদের সম্বন্ধে একটা ধাঁধা দিয়েছেন। কি ধাঁধা? প্রাইমারি টিচাররা যা পাবে সেটা আমাদের দু-তিন জায়গায় আলোচনা করে গিয়ে বুঝতে হবে। ছোট্ট করে বুঝেছি, আমি মহম্মদ সোহরাবদা এবং অনেক হেড মাস্টারের কাছে বুঝেছি, প্রাইমারি টিচাররা ছোট্ট কথা ২২ টাকা করে পাবে। প্রাইমারি টিচাররা তারা দেশের ভবিষ্যৎ তৈরি করছে, তাদের জন্যও

করতে গিয়ে স্বার্থের কথা চিন্তা করেছেন। এদের নির্বাচনে কাজে লাগাতে পারবেন না, তাই এদের জন্য এত কম টাকা বরাদ্দ। **(জনৈক সরকার পক্ষের সদস্য ঃ—কংগ্রেস কি করেছিল?)** কংগ্রেস যা করেছে তার হিসাব দিতে গেলে রাত ভোর হয়ে যাবে। আর আপনারা দু' বছরে যে কুকীর্তি করেছেন তার হিসাব দিতে গেলেও ভোর হয়ে যাবে।·মাননীয় চেয়ারম্যান মহাশয়, শেষের কথা বলি, ওঁরা ঘোষণা করেছেন, চিৎকার করে বলেছেন, সরকার পক্ষের সদস্যরা বলেছেন আমরা আনন্দের সঙ্গে ঘোষণা করছি, ক্লাশ এইট পর্যন্ত সমস্ত অবৈতনিক করে দিয়েছি, আগামী ১৯৮০ সালের জানুয়ারি থেকে ক্লাশ টেন অবধি সমস্ত অবৈতনিক করে দেব। এই প্রতিশ্রুতি দিয়েছেন, কিন্তু একটা কথা কি চিন্তা করেছেন এই যে অবৈতনিক করে দিয়েছেন, আপনাদের ক্ষমতার বাইরেও করছেন। কিন্তু যে স্কুলে ছাত্ররা পড়তে যাবে সেই স্কুলে ছাদগুলো ভেঙ্গে পড়ছে, সেই স্কুলের বিল্ডিং ভেঙ্গে পড়ছে। অবৈতনিক বিদ্যালয়ে গিয়ে অবৈতনিক ছাত্ররা পড়বে কি গিয়ে গাছতলায়। মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে এই স্কুল বিল্ডিং তৈরির জন্য কোনও অর্থ দেখতে পেলাম না। মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে গ্রামবাংলার রাস্তার জন্য কোনও স্বীকৃতি পাই নি, মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে স্বাস্থ্য কেন্দ্র সম্বন্ধে গ্রামবাংলার কোনও স্বীকৃতি পেলাম না, গ্রামবাংলার মানুষের অন্য কোনও সহানুভূতি, অর্থমন্ত্রীর বাজেটে গ্রামবাংলার বিদ্যুতের জন্য কোনও সুবিধা পাই নি এবং বিদ্যুৎ উৎপাদনের কথা যেটা সমস্ত প্রোডাকশনের সেন্ট্রালাইজড হয়ে আছে, কল কারখানা বলুন, আর সমস্ত জায়গা বলুন, আজকে বিদ্যুৎ নির্ভর করছে সেন্টার হিসাবে। সেইটা আজকে চরমভাবে নেমে গিয়েছে। জেনারেশনটা কমে গিয়েছে। ডিস্ট্রিবিউশন লাইন ভেঙ্গে পড়েছে, ডিস্ট্রিবিউশন লাইন ঠিকমতো নেই। অর্থমন্ত্রীর বাজেটে আমি দেখতে পেলাম না আজকে বিদ্যুৎ ব্যবস্থার পূনর্বিন্যাস করার জন্য চিন্তা করেছেন। উনি কি চিন্তা করেন তার আগা-মাথা নেই। উনি চিন্তা করেছেন নিজের মনে। কোন মানুষের জন্য উনি চিন্তা করেছেন? উনি চিন্তা করেছেন নিজের জন্য, আর শহরের কিছু সৌখিনবাবুদের জন্য। গ্রাম বাংলার মানুষের জন্য কিন্তু চিন্তা করেন নি। অর্থমন্ত্রীকে আমি শেষ কথা বলছি, আজকে এই বিদ্যুৎ বিভাগের অসম বন্টন, এত অসম নীতি থাকা সত্ত্বেও, আজকে কোনও কোনও জায়গায় বিদ্যুৎ ব্যবস্থার উন্নতির নামে বামফ্রন্ট সরকার একটা দুর্নীতি করেছেন, বিরোধী দলের নেতা কাশীকান্ত মৈত্র একটা কমপ্লেন করেছেন। লাস্ট কথা, আমি অর্থমন্ত্রীকে বলছি, উনি মুখ্যমন্ত্রীকে বলুন, যদি ওঁনার সাহস থাকে যে আজকে বিদ্যুতের যেখানে চরম অবস্থা, যেখানে গ্রাম বাংলার শিল্প কারখানা ভেঙ্গে পড়ছে। গ্রাম বাংলার মানুষ এবং শিল্প কারখানা আজ বিদ্যুতের অভাবে ভেঙ্গে পড়েছে, দিন দিন বেকারীর সংখ্যা বিদ্যুতের অভাবে বেড়ে যাচ্ছে এবং এই বিদ্যুতের জন্য চুরি ছিনতাই বেড়ে যাচ্ছে একথা জানেন যে অন্ধকারে তাদের খুব সুবিধা হয়েছে। আর এখানে যে কথা কাশীবাবু বললেন যে গ্লোবাল টেণ্ডার তিনি লণ্ডন থেকে নিয়ে এলেন এখানে লোয়েস্ট টেণ্ডার না নিয়ে নেগোশিয়েশন করে একটা ইংল্যাণ্ডের ফার্মকে ২০ কোটি টাকার টেণ্ডার দিয়েছেন। আমাদের কাছে সংবাদ আছে যে এই জায়গায় কয়েক কোটি টাকা লেনদেন হয়েছে। এ সম্বন্ধে অর্থমন্ত্রী মুখ্যমন্ত্রীকে বলুন একটা তদন্ত করার জন্য এই আবেদন আমি রাখছি। স্যার, এই বাজেটে একটা কাজের কথা নেই। কাজ করব না অথচ দুর্নীতি করে যাব এটা তো স্যার সমর্থন করা যায় না। তাই অর্থমন্ত্রী আজকে এই যে বাজেট এনেছেন এটা গ্রাম বাংলার মানুষের বিরোধী বাজেট মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তদের বিরোধী বাজেট। এই বাজেট ঐ

পুঁজিপতি বড়লোকদের স্বার্থে হয়েছে। তাই এই বাজেটকে সম্পূর্ণভাবে অসমর্থন করছি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের বামফ্রন্ট সরকারের অর্থ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করি এবং সমর্থন করি এই কারণে যে তাঁর এই যে বাজেট এটা সুদূর প্রসারী এবং জনগণের পক্ষে মঙ্গলদায়ক। আমি ১৯৬২ সাল থেকে এই সভায় আছি। কেবল স্যার, ওঁদের সাজানো বিধানসভায় আমি ছিলাম না। এই বাজেট বিরোধীদের বাজেট। কারণ বিরোধী পক্ষরা আক্রমণ করেন আর আমরা সেটা ডিফেণ্ড করি। আজকে বিরোধী পক্ষরা যে বক্তৃতাগুলি করলেন সেই বক্তৃতাগুলির মধ্যে আমি যেটুকু বুঝেছি একজন বললেন এই বাজেট কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগেই ১৬ পাতা ভর্তি। আর একজন বলেছেন শুধু তাই নয়, এই বাজেট বক্তৃতা নাকি ভারতবর্ষের ঐক্যের প্রতি একটা আঘাত এবং এই যে যুক্তরাষ্ট্র কাঠামো আমাদের দেশে আছে তার প্রতি আমরা নাকি হুমকি দিচ্ছি এবং বলেছেন যে পশ্চিমবাংলা যেন অঙ্গ রাজ্য নয় এটা একটা স্বতন্ত্র রাষ্ট্র। আমাদের অর্থ মন্ত্রী নাকি পূর্বাঞ্চলের রাষ্ট্রগুলিকে উস্কানি দিচ্ছে কেন্দ্রের বিরুদ্ধে। এই সব শুনে আমি ভাল করে মন দিয়ে বাজেট বক্তৃতাটি পড়লাম। তিনি ফাস্ট বলেছেন "অর্থ কমিশনের আরেকটি সুপারিশ রাজ্য সরকারদের বিশেষ করে আমাদের নিরাশ করেছে। অনেক রাজ্য অর্থ কমিশনের কাছে এই মর্মে বক্তব্য রেখেছিল যে রাজস্ব উদ্বৃত্ত ও ঘাটতির হিসাবনিকাশ করার সময় রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারে নিযুক্ত সমপর্যায়ের কর্মচারিদের বেতন ও ভাতার মধ্যে সমতা আনা একান্ত আবশ্যক।" তারপর তিনি বলেছেন "এই অর্থ কমিশন এই প্রস্তাব গ্রহণযোগ্য বলে মনে করেন নি"। এখন এই কথাটা কি করে কেন্দ্র রাজ্য সম্পর্ককে ফাটল ধরানো হয় বিদ্রোহ করা হয় সেই কথাটা আমি বুঝতে পারছি না। আর এক জায়গায় তিনি বলেছেন "বিদ্যুৎ সমস্যার কোনও স্থায়ী সমাধান নাই"। আর একজায়গায় তিনি বলেছেন "বর্তমান যোজনায় নূতন কয়েকটি প্রকল্প সংযুক্ত করার প্রস্তাব আমরা রেখেছি। কোলাঘাটের ২১০ মেগাওয়াট বিশিষ্ট তিনটি ইউনিটও তাতে ধরা। দুর্ভাগ্যক্রমে কেন্দ্রীয় সরকার আমাদের প্রস্তাবে সায় দেন নি। আর এক জায়গায় তিনি অনুরোধ করেছেন "কেন্দ্রীয় সরকারের কাছে সঙ্গে সঙ্গে অনুরোধ রেখেছি যে, ফরাক্কায় প্রস্তাবিত ১,১০০ মেগাওয়াট শক্তিবিশিষ্ট বড় তাপবিদ্যুৎ কেন্দ্রটির কাজ দ্রুত গ্রহণ করে ১৯৮৩ সালের মধ্যে শেষ করা হোক।"

[6-10 – 6-20 P.M.]

এই কয়েকটি কথা আমি দেখেছি—এতে কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে বিদ্রোহ, বিপ্লব কোথায় আছে? আর একটা কথা তিনি বলেছেন। কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচিতে কেন্দ্রীয় সরকার সম্প্রতি একটি নির্দেশ দিয়েছেন, ফতোয়া দিয়েছেন যে এই কর্মসূচি অনুযায়ী যে গম সরবরাহ করা হচ্ছে তা যদি কৃষি জমি থেকে বালি সরানোর কাজে, বন্যা বিধ্বস্ত এলাকায় ব্যবহৃত হয় তাহলে মানুষের গৃহ নির্মাণের কাজে ব্যবহার করা যাবে না। সেটার আমরা প্রতিবাদ করেছি। এটা কেন হবে? কেন্দ্রীয় সরকার তাহলে তা আমাদের কি দেন? গম দেন এবং আমরা টাকা দিই। কেন্দ্রীয় সরকার যে ফতোয়া দিয়েছেন আমি অনুরোধ করব এটাকে অগ্রাহ্য করুন। কাজের বিনিময়ে খাদ্য এই কর্মসূচিতে যদি কৃষি জমি থেকে বালি সরানোর

কাজে বন্যা বিধ্বস্ত এলাকায় ব্যবহৃত না হয় মানুষের গৃহ নির্মাণ কাজে ব্যবহৃত না হয় তাহলে কিসে ব্যবহার হবে? দেখা যাবে কেন্দ্র আমাদের কি করে? ইলেকট্রিক সম্বন্ধে ওরা বলেছেন। ইলেকট্রিসিটি নাকি ভয়ঙ্কর খারাপ হয়ে গেছে। হ্যাঁ, হয়েছে—কি করা যাবে, কিছুই করা যায় নি। আর একটি কথা ওরা বলেছেন। সাঁওতালদিতে নাকি সব কংগ্রেসি এবং নকশালী ইউনিয়ন আছে, এই অজুহাতে ওদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে, তাই ইলেক্ট্রিসিটির অবস্থা এত খারাপ। আমরা এই কথা বলিনি। আপনারাই ঐ চাঁদদের ঢুকিয়ে লিখেছেন সেজন্যে কিছুটা সাবটেজ হচ্ছে। এর মধ্যে যে যন্ত্রগুলি ছিল সেগুলি ঠিকমতো মেনটেন করেন নি এবং আপনারাই এই যন্ত্রগুলি খুব খারাপ ভাবে Oventions করে ব্যবহার করেছেন। তারই ফল আমাদের ভুগতে হচ্ছে। এটা আপনারা জেনে রাখবেন—আপনারাই অবৈধ সন্তানের জন্মদাতা, আর পিতৃত্বের বোঝা আমাদের ঘাড়ে চাপিয়ে দেবেন, এতো হয় না। তার দায়িত্ব আপনাদেরই নিতে হবে। তারপরে গ্যাস টারবাইন সম্পর্কে বলা হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি জন ব্যারেল অ্যাণ্ড কোম্পানি সব চেয়ে লোয়েস্ট টেণ্ডার দিয়েছিল, তাকেই দেওয়া হয়েছে। Global tender নিয়ে এর ভিতরে চুরি চামারি নেই। আমরা আপনাদের মতো চুরি চামারি করি না। একজন বলেছেন সমস্ত স্টেট আণ্ডারটেকিং-এ লস হচ্ছে। হবে না কেন? আপনারা যেসব ব্যবস্থা ও জিনিস রেখে গেছেন তাতে তো লসই হবার কথা এবং আরও লস হবে। এখন আরও বেশি হবে, কেন না জনতা সরকার ডিজেলের উপর ট্যাক্স বাড়িয়েছেন। এর দায় দায়িত্ব কে নেবে? হয় আরও লোকসান বাড়বে, না হয় ভাড়া বাড়াতে হবে।

তারপর এখানে বলা হয়েছে যে, আমরা যে বৃত্তি কর করেছি তারজন্য ভয়ানক অন্যায় কাজ আমরা করেছি এবং মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্তদের উপর এরজন্য ভয়ানক চাপ পড়বে। আমি বলব, এটা সম্পূর্ণ বাজে কথা। কারণ সেখানে ৫০০ টাকা পর্যন্ত কোনও কর নেই। ৫০১ টাকা থেকে ৭৫০ টাকা পর্যন্ত যাদের আয় তাদের দেয় করের পরিমাণ হবে মাসে দু টাকা। আর যাঁদের মোট মাসিক আয় ৭৫১ টাকা থেকে ১০০০ টাকার মধ্যে তাদের ক্ষেত্রে এই করের পরিমাণ হবে মাসিক ৪ টাকা। যাঁদের মোট মাসিক উপার্জন ১০০১ টাকা থেকে ১২৫০ টাকা তাঁদের দিতে হবে মাসিক ৬ টাকা এবং ১২৫১ টাকা থেকে ১৫০০ টাকা যাঁদের উপার্জন তাঁরা দেবেন মাসে ১০ টাকা। যাঁদের মোট মাসিক উপার্জন ১৫০১ টাকা থেকে ২০০০ টাকা পর্যন্ত তাঁদের ক্ষেত্রে এই করের পরিমাণ হবে মাসিক ১৫ টাকা এবং মাসিক উপার্জন যাদের ২০০১ টাকা বা তদূর্ধ্ব তাঁদের দিতে হবে মাসে ২০.৮৩ টাকা। আমি শেষে মনে করি, শেষের slab যেটা হল এটা অত্যন্ত কম, এটা আরও বাড়ানো উচিত। কিন্তু এখানে আমাদের ক্ষমতা নেই। ক্ষমতা নেই মানে আমাদের পবিত্র সংবিধানের ২৮৬ ধারাতে বাড়ানোটা আটকে যায়। তারপর আমি বলব, আমাদের সাফল্যগুলি হয় আপনারা দেখতে পান না, বা আপনারা পড়েন না, অথবা বোঝেন না। আমরা কি বলেছি? আমরা বলেছি, "রাজ্যের সমগ্র জনসংখ্যার এক-চতুর্থাংশের বেশি তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত। তাঁদের অবস্থার মোড় ফেরাবার জন্য পুস্তক অনুদান, ছাত্রাবাস নির্মাণ, প্রয়োজনীয় অর্থের মূল অংশের সংস্থান, আদিবাসী এলাকায় রাস্তাঘাট, উন্নয়ন, সমবায় সমিতি গঠন প্রভৃতি কয়েকটি বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।" এগুলি কি অন্যায় কাজ হয়েছে? তারপর ওরা বলেছেন, বিক্রয় করের হার বাড়ানোর প্রস্তাব করে অন্যায় করা হয়েছে। সেখানে আমরা কি করেছি? সেখানে

গ্রামোফোন ও তার যন্ত্রাংশ, গ্রামোফোন রেকর্ড, প্রসাধন দ্রব্যসমূহ, কফি এবং রাবার ফোম, কফি, সিন্থেটিক রেজিন ও প্লাস্টিক ফোমজাত তোষক ও গদি এগুলিতে বাড়ানো হয়েছে। এটাতে কোন মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত ক্ষতিগ্রস্ত হবেন? আপনারা হতে পারেন কিন্তু তাঁরা হবেন না। তারপর বলেছেন, ক্যাবারের উপর যে ট্যাক্স করা হয়েছে সেটা ঠিকমতো হয়নি, এটাকে বন্ধ করে দেওয়াই উচিত। এই প্রসঙ্গে আমি বলব, আমরা এটা বন্ধ করতে পারি না, এটা আমাদের সীমিত ক্ষমতার বাইরের ব্যাপার আপনারা যে বলেন পবিত্র সংবিধান সেই সংবিধানে আটকায় তাই আমরা পারি না। সেখানে ১৪ নং অধ্যায়ে বলা হয়েছে যে The State shall not deny to any person equality before the law or The equal protection of the laws within the territory of India. তারপর আবার বলা হচ্ছে, All citizens shall have the right to practise any profession, or to carry on any occupation, trade or business. কাজেই আমরা বন্ধ করতে পারি না। আপনারা কেন্দ্রকে বলুন না সংবিধানের এই ধারাগুলি তুলে দিতে। তা যদি পারেন তাহলে আমরাও নিশ্চয় ক্যাবারে তুলে দিতে পারব। তারপর স্যার, আমাদের সীমিত ক্ষমতার মধ্যে আমরা যে ট্যাক্স বাড়িয়েছি সে সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। সেখানে আমরা কি বাড়িয়েছি? সেখানে ঘোড়দৌড়ের মাঠে প্রবেশ মূল্যের উপর ১০ পারসেন্ট বাড়াতে বলেছি। ক্যাবারের উপর ১৫ পারসেন্ট থেকে ৩০ পারসেন্ট আর যারা বাহিরে ক্যাবারে নাচ করেন বা করান তাদের উপর সেন্ট পারসেন্ট। এটাতে কি আমরা খুব অন্যায় করেছি? এতে সুনীতিবাবুদের অসুবিধা হতে পারে কিন্তু সাধারণ মানুষের হতে পারে না। তারপর একজন বক্তা সেলস ট্যাক্সের ব্যাপারে বলে গেলেন। সেখানে তামাক, টেক্সটাইল, সুগার এই তিনটির উপর ভলেনটারিলি ছাড় দেওয়া হয়েছিল। কেন হয়েছিল? টোবাকোর যারা হোলসেলার, বিগ মার্চেন্ট, টেক্সটাইলের যারা রাঘববোয়াল এবং সুগার মিলের যারা মালিক তাদের সঙ্গে কংগ্রেসের বোঝাপড়া ছিল, গোপন আঁতাত ছিল সেইজন্য করা হয়েছিল, রাজ্য ও কেন্দ্রের কংগ্রেসি সরকারদের ঘৃনীত কারবারে।

[6-20 – 6-30 P.M.]

এবং আমরা বলছি, দয়া করে সেটা ফিরিয়ে দিন। যদি ফিরিয়ে না দেওয়া হয় তাহলে আইনসঙ্গত ব্যবস্থা নেওয়া হবে। আমাদের আইন সঙ্গত যে রাইট আছে যদি ফিরিয়ে নিতে চাই, সেটাতে নাকি হুমকি। এই ঘৃনীত আইন পাস হয়েছিল ১৯৫৬ সালে। ১৯৫৬ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ঐ কয়টা আইটেমে অর্থাৎ টোব্যাকো, টেক্সটাইল, সুগার তাতে মাত্র টেন টাইমস বেড়েছে এবং এগুলি কেন্দ্রের হাতে ছিল। অন্যগুলো যেগুলো আমাদের হাতে যেগুলি আছে তাতে ৩০ টাইমস বেড়েছে। এটাকে আপনারা সমর্থন করবেন না? তাহলে আপনারা সোজাসুজি বলুন যে না, আমরা চাই না। আর জনতা পার্টির যাঁরা হাসছেন তাঁরা কি দয়া করে উত্তর দেবেন, আপনাদের কেন্দ্রের সরকার কি করেছেন? আপনাদের সরকার সুতা, কাপড় কাচা সাবান, কেরোসিন তেল, বিড়ি, দেশলাই, ইনল্যাণ্ড লেটার, খাম, রেপসিড অয়েল, সোয়াবীন, ইত্যাদি জিনিসের উপর ট্যাক্স বাড়িয়েছেন। আপনাদের রেলের বাজেটে বাড়িয়েছেন। প্রত্যেক দিন যে সমস্ত ডেইলি প্যাসেঞ্জার যাতায়াত করেন তাদের আপনারা বিপদের মুখে ফেলে দিয়েছেন। আমি বিশেষ করে জনতা বন্ধুদের বলব যে আপনারা

*নিজেদের চরকায় তেল দিন এবং সেন্টারকে বলুন এই জিনিসের উপর ট্যাক্সের বোঝা বাড়াচ্ছেন কেন? তারপর মরিচঝাঁপী নিয়ে অনেক ঝাপা ঝাপি হয়েছে এবং একজন অত্যন্ত* খারাপ কথা বলেছেন। তিনি মরিচঝাঁপি সম্পর্কে বলেছেন, এখানে অনেক লোক আছেন যারা হিন্দি ভাষাভাষী তাদের তাড়িয়ে দেওয়া হচ্ছে না কিন্তু বঙ্গ ভাষাভাষীদের কেন তাড়িয়ে দেওয়া হচ্ছে? আমি মনে করি এটা অত্যন্ত খারাপ কথা এবং এটা বলার অধিকার তাঁদের নেই এবং এটা ভারতবর্ষের সংহতি বিরোধী যে ভদ্রলোক সকাল বেলায় সি. পি. এম. এঁর খিস্তি করে ব্রেক ফাস্ট করেন, দুপুর বেলায় লাঞ্চ করেন এবং রাত্রি বেলায় সি. পি. এম-কে গালাগালি না দিলে ঘুম হয়না, সেই প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ও বলেছেন যে মরিচঝাঁপি থেকে লোকদের দণ্ডকারণ্যে পাঠিয়ে দেওয়া উচিত আর এখানে এরা তার বিরোধিতা করছেন। তারপর বলা হয়েছে যে চাকুরিজীবীদের মাইনা বাড়ানো হয়েছে অথচ সর্বহারা চাষীদের কিছুই দেওয়া হয়নি। তারা পড়ে দেখেন না যে ফার্টিলাইজারের উপর ১০ পারসেন্ট ট্যাক্স কমানো হয়েছে, পাওয়ার টিলারের উপরে ১০ পারসেন্ট ট্যাক্স কমানো হয়েছে। আপনাদের আমি হুসিয়ার করে দিচ্ছি, আপনারা মরিচঝাঁপি নিয়ে বঙ্গ ভাষাভাষী, হিন্দি ভাষাভাষী এবং শিডিউল্ড কাস্টের সুড়সুড়ি দিয়ে যে গণ্ডগোল বাধাবার চেষ্টা করছেন, তাতে বামফ্রন্টকে ভাঙ্গা যাবেনা। স্যার, মরিচঝাঁপি নিয়ে আর কারও লাভ হোক আর না হোক রাই চরণ বারুই এবং সতীশ মণ্ডল প্রভৃতি দালালদের লাভ হবে। আজকে যে লক্ষ লক্ষ টাকার বন সম্পদ নষ্ট করা হচ্ছে, এই সরকারি টাকার ক্ষতিপূরণ কে দেবে? আমি বামফ্রন্ট সরকারকে অনুরোধ করব অবিলম্বে তাদের দণ্ডকারণ্যে পাঠিয়ে দেওয়া হোক। উনারা বলেছেন, আমরা নাকি দলবাজি করছি, হ্যাঁ করছি। কারণ পঞ্চায়েত নির্বাচনে শতকরা ৭০ জন লোকেরও বেশি আমাদের ভোট দিয়েছে আমাদের দুর্ভাগ্য পঞ্চায়েত নির্বাচনে অনেক জায়গায় বামফ্রন্ট শরিকদলেরা এক হতে পারেনি, আমাদের দুর্ভাগ্য যে ভোট ভাগাভাগি হয়েছে। কিন্তু তবুও বামফ্রন্টের শরিকরাই পাশ করেছে, আপনারাই বলুন না শতকরা ৭০/৮০ জনের জন্য কাজ করব না? আপনারা বলছেন দলবাজি করছি? মুর্শিদাবাদ জেলার অতীশচন্দ্র সিনহা মহাশয় তো এখানে আছেন, তাঁকে আমি প্রশ্ন করছি তিনিই বলুন, তাঁরই কেন্দ্রের ওঁদের প্রধান আছেন পঞ্চায়েতে, সেখানে সি. পি. এম. পার্টি থেকে এক মাস ধরে লঙ্গরখানা চালিয়ে এসেছে বন্যার সময়, সরকার থেকে কোনও সাহায্য না নিয়ে, সেটা কি ওঁরা ভুলে গেছেন? এর সঙ্গে সরকারের কোনও সম্পর্ক ছিলনা, এটা কি উনি অস্বীকার করতে পারেন? এটা যদি দলবাজি হয়, এই রকম দলবাজি আমরা নিশ্চয়ই করব। আমি আবার এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৭৯-৮০ সালের জন্য যে বাজেট এখানে পেশ করেছেন ৪০ পৃষ্ঠা ব্যাপী একটা বক্তৃতার মাধ্যমে, মাননীয় অর্থমন্ত্রী সেই বাজেট বক্তব্যে, বিকৃত তথ্য, অপপ্রচার প্রভৃতির মাধ্যমে বিগত এক বছরের সরকারের কাজের ব্যর্থতা ঢাকতে চেষ্টা করেছেন। মাননীয় অর্থমন্ত্রী পঃবঙ্গে জনসাধারণের মনে ধাঁধাঁর সৃষ্টি করতে চেয়েছেন। তিনি যেন এমন একটা ধরনের সৃষ্টি করতে চাইছেন যে সমস্ত কর্মসূচি পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৯-৮০ সালের বাজেটে অন্তর্ভুক্ত করেছেন, সেই ধরনের কর্মসূচি ভারতবর্ষে আগে আর কোথাও হয়নি। ধারণাটা হল, মাধ্যমিক পর্যন্ত অবৈতনিক

করা, সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়া, ইত্যাদি ইত্যাদি। কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে জানাতে চাই, যে কাজটা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ১৯৭৯-৮০ সালে গ্রহণ করেছেন, অন্যান্য জনতা প্রদেশে এবং আমাদের প্রতিবেশি রাজ্য বিহার, আসামে যাদেরকে আপনারা প্রতিক্রিয়াশীল বলেন, সেই জনতা সরকার এক বছর পূর্বেই মাধ্যমিক পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালু করেছে, তারা কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়া চালু করেছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা রাজ্য সরকারি কর্মচারিদের দিয়েছেন এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলি যারা সরকারি অনুদান পায়, সেই সব প্রতিষ্ঠানের কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়ার কথা এক জায়গায় বলেছেন। তাঁর বক্তব্যের মধ্যে প্রচুর অসঙ্গতি রয়েছে। বাজেট বক্তৃতার ১৭ পাতায় দেখুন, সেখানে বলা হয়েছে, শিক্ষক সহ বেতন কমিশনের আওতা ভুক্ত সরকারি সাহায্য প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান সমূহের সমস্ত কর্মচারীও ১৯৭৯ সালের ১লা এপ্রিল থেকে অতিরিক্ত মহার্ঘ ভাতা পাবেন বলেছেন, এখানে কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতার কথা নেই। আবার আপনি দেখুন ৩১ পৃষ্ঠায়, সেখানে বলা হয়েছে, ভারত সরকারকে বিশেষ ভাবে অনুরোধ করব, সরকারি কর্মচারী ও অন্যান্যদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিতে গিয়ে আমাদের উপর যে বাড়তি চাপ পড়ল, তার সম্পূর্ণ আর্থিক দায়িত্ব তাঁরা গ্রহণ করুন। আবার ১৭ পৃষ্ঠায় বলছেন, সরকারি সাহায্য প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান সমূহের সমস্ত কর্মচারীও ১৯৭৯ সালের ১লা এপ্রিল থেকে অতিরিক্ত মহার্ঘ ভাতা পাবেন। অর্থমন্ত্রী কেন্দ্রের কাছে আর্জি করছেন, সর্বশ্রেণীর সরকারি অনুদানপ্রাপ্ত কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়ার জন্য সাহায্য চাইছেন, আর রাজ্য সরকারি কর্মচারিদেরই কেবল অতিরিক্ত মহার্ঘ ভাতা দেওয়া হচ্ছে।

[6-30 – 6-40 P.M.]

আমি উদাহরণ স্বরূপ মাননীয় অর্থমন্ত্রীর বিকৃত তথ্যর কথা তুলে ধরছি, ধরুন কারও যদি ৯০০ থেকে ১০০০ টাকা মাইনে হয় সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানে তাহলে তার বর্তমান ডি. এ. আছে ১৪৯ টাকা; আর কেন্দ্রীয় হার অনুযায়ী তার হওয়া উচিত ৩৬৩ টাকা, অতএব তার ২১৪ টাকা বাড়া উচিত। কারণ ৩৬৩ টাকা থেকে ১৪৯ টাকা বাদ দিলে ২১৪ টাকা পাওনা হয়। কিন্তু বর্তমানে সরকারি অনুদান প্রাপ্ত বেসরকারি সংস্থার ডি. এ. হচ্ছে ৯০০ টাকা থেকে ১০০০ টাকা যাদের বেতন তাদের ১১০ টাকা। তাদের যদি সরকারি কর্মচারিদের মতো অতিরিক্ত ২১৪ টাকা ডি. এ. দেওয়া হয় তাহলে তাদের দেওয়া হচ্ছে ৩২৪ টাকা এবং এক্ষেত্রেও কেন্দ্রীয় হারের ডি. এ.-র সমান হচ্ছে না, কিন্তু রাজ্য সরকার ফর্মান জারি করেছেন যে, সরকারি অনুদান প্রাপ্ত প্রতিষ্ঠানে ৯০০ টাকা এবং তদুর্ধে যাদের বেতন তাদের ২০৮ টাকা বেশি দেওয়া হবে না। তাহলে যে সমস্ত বেসরকারি প্রতিষ্ঠানগুলি আছে, যেখানে সরকারি অনুদান দেওয়া হয় তাদের কোথায় কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়া হচ্ছে সরকারি অনুদান প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিও কেন্দ্রীয় হারের মহার্ঘ ভাতা হতেও

বঞ্চিত। অথচ কেন্দ্রের কাছে জানানো হচ্ছে এবং এমন একটা ধারণার সৃষ্টি করা হচ্ছে যে, রাজ্য সরকারের সরকারি কর্মচারী এবং যে সমস্ত প্রতিষ্ঠান রাজ্য সরকারের সাহায্য পায় তাদের সবাইকেই যেন ঐ কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়া হচ্ছে এবং সেই মর্মে কেন্দ্রের কাছ থেকে টাকা চাওয়া হয়েছে। এই যে হিসাবের কারচুপি রয়েছে, এই যে অসঙ্গতি রয়েছে এই রকম অসঙ্গতি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার বহু জায়গাতেই রয়ে গেছে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি আজকে তিনি কয়েকটি বিরাট বই, ৫/৬ কে. জি. ওজনের বই প্রকাশ করেছেন তাতে ভুরি ভুরি হিসাব দেওয়া আছে, কতগুলি প্রোগ্রাম দেওয়া আছে। ঠিক এমন করেই তিনি গত বছরে ১৯৭৮/৭৯ সালের বাজেট উপস্থিত করতে গিয়ে আমাদের কাছে এই রকম কতগুলি বই দিয়েছিলেন এবং তাতে আমরা দেখেছিলাম যে, তিনি বিভিন্নভাবে বিভিন্ন দপ্তরের টাকার বরাদ্দ চেয়েছিলেন, কিন্তু তিনি সেই সমস্ত বরাদ্দ চেয়ে ১৯৭৮ সালে যে সমস্ত প্রকল্প চালু করবার প্রতিশ্রুতি এই বিধানসভায় তাঁর বাজেট বই-এর মধ্যে দিয়ে উপস্থিত করেছিলেন সেগুলি তিনি শেষ করতে পেরেছেন কিনা বলতে পারবেন? অথবা তিনি কি বলতে পারবেন যে সেই প্রকল্পগুলির এমনও অনেক কাজ এখন পর্যন্ত শুরু করতে পেরেছেন? আমি যদি বলি মাননীয় অর্থমন্ত্রী যে, এমন সমস্ত প্রকল্প আছে যে প্রকল্পের জন্য লক্ষ লক্ষ টাকা ধরা আছে, অথচ সেই প্রকল্পের কাজে বিগত ১ বছরে হাত পর্যন্ত দেওয়া হয়নি, তাহলে কি ভুল বলা হবে? অথচ আমরা লক্ষ্য করছি কোটি কোটি টাকার বাজেট বরাদ্দ চাওয়া হয়ে তা খরচ দেখানো হচ্ছে এবং সেই সমস্ত টাকা খরচ করে আবার সাপ্লিমেন্টারি বাজেট উপস্থিত করা হচ্ছে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের জন্য। যখন বাজেট উপস্থিত করা হচ্ছে তখন বিভিন্ন প্রকল্পের জন্য টাকা চাওয়া হচ্ছে, অনেক প্রকল্পে হাত দেওয়াই হচ্ছে না। অথচ আলাদীনের আশ্চর্য্য প্রদীপের মতো সেই সমস্ত টাকা শেষ হয়ে গিয়ে আবার অতিরিক্ত টাকা সাপ্লিমেন্টারি বাজেটে চাওয়া হচ্ছে। আমরা জানি না। সেই টাকা কোথায় যাচ্ছে, কোনও দলের দপ্তরে যাচ্ছে অথবা কোনও লোকের ব্যক্তিগত পকেটে যাচ্ছে? আজকে সে বিষয়ে আমাদের সন্দেহ দেখা দিয়েছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম পশ্চিমবাংলার মানুষের কাছে খুবই উৎসাহ ব্যাঞ্জক হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী আপনার কাছে আমার প্রশ্ন, আপনি ফুড ফর ওয়ার্কের কথা এখানে উপস্থিত করেছেন, কিন্তু একবারও কি বলেছেন যে, এই ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম আমাদের দেশে প্রথম চালু করে কেন্দ্রের জনতা সরকার। এবং তার জন্য কেন্দ্রীয় সরকারকে একবারও কি ধন্যবাদ জানিয়েছেন? এটা আজকে শুধু পশ্চিমবাংলায় চালু নেই, ভারতবর্ষের সমস্ত রাজ্যে যখন ভূমিহীন কৃষকরা, ক্ষেতমজুররা বছরের মধ্যে ৪/৫ মাস কেবল কাজ পান তাদের বাকি সময় কাজের জন্য কেন্দ্রীয় সরকার এদের ফুড ফর ওয়ার্কের মাধ্যমে কর্মে নিযুক্ত করছেন? কিন্তু দুঃখের বিষয় আজকে সরকার পক্ষের একজনও একবারও বললেন না যে, কেন্দ্রীয় সরকারের অনুদানের ফলেই আজকে পশ্চিমবাংলায় এই প্রোগ্রামের দ্বারা পঞ্চায়েতের মাধ্যমে এত লোককে ঐ সময়ে কর্মে নিযুক্ত করা সম্ভব হয়েছে। অথচ মাননীয় অর্থমন্ত্রী আপনি একথা বলেছেন যে, বন্যার ক্ষতিগ্রস্ত মানুষের ঘর-বাড়ি করবার জন্য

ফুড ফর ওয়ার্কের টাকা থেকে যে দাবি আমরা কেন্দ্রের কাছে করেছিলাম সেই দাবি কেন্দ্র নাকচ করে দিয়ে ব্যাভিচার করেছে। মাননীয় অর্থমন্ত্রী আপনার কাছে আমি জিজ্ঞাসা করি যে, আপনি কি একবারও বলেছেন কেন্দ্রের কাছে যে এত ঘর-বাড়ি নষ্ট হয়েছে, এত জমিতে বালি পড়েছে, তার জন্য কত ফুড ফর ওয়ার্কের মাধ্যমে টাকা চাইছি? কেবলমাত্র বন্যার ক্ষয়-ক্ষতির হিসাবের ভিত্তিতে আলাদাভাবে টাকা চেয়েছেন? আপনি ফুড ফর ওয়ার্কের কাজের সঙ্গে বন্যার ক্ষয়-ক্ষতি এক করে ফেলেছেন। ফুড ফর ওয়ার্কের সঙ্গে বন্যার কোনও সম্পর্ক নেই। যে রাজ্যে বন্যা হয়নি সেখানেও কেন্দ্রীয় সরকার ফুড ফর ওয়ার্কের জন্য টাকা এবং গম দিয়েছেন। সুতরাং বন্যার জন্য রাজ্য সরকারকে এটা দেওয়া হয়নি। কেন্দ্রীয় সরকার পরিষ্কার বলে দিয়েছে, "যে খাতে টাকা এবং গম দিয়েছি সেই খাতে ঐ টাকা এবং গম খরচ করা।" বালি ওঠানোর জন্য বা ঘর-বাড়ি তৈরির জন্য যদি টাকা এবং গমের দরকার হয়, তাহলে তার জন্য কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই আলাদা ভাবে দেবেন বলেছেন। কিন্তু আপনারা কি তার জন্যে ফুড ফর ওয়ার্কের ভিত্তিতে গম ও টাকা চেয়েছেন? কিন্তু এই প্রকল্প বহির্ভূত ফুড ফর ওয়ার্কের জন্য যে টাকা, যে গম রাজ্য সরকারকে দিয়েছেন তার থেকে যদি টাকা এবং গম অন্য প্রকল্পে নেন এবং তাতে যদি কেন্দ্র বাধা দেয় তাহলে কি সেটা অপরাধ হবে? এই প্রসঙ্গে আমি যদি জিজ্ঞাসা করি আজকে আপনাদের দফাওয়ারি বাজেট পেশ করার কি দরকার আছে? ভূমি রাজস্ব খাতে, কৃষি খাতে, সেচ খাতে, স্বাস্থ্য খাতে প্রভৃতি খাতে দফাওয়ারি বাজেট পেশ করার দরকার কি আছে? থোক টাকা ফেলে দেবেন। আগামী ১ বছরে সারা পশ্চিমবাংলার জন্য ৯০০ কোটি টাকা থোক দিয়ে দিলাম। যেখানে যেমন খুশি ইচ্ছা সেখানে টাকা দিয়ে দিন। সুতরাং দফাওয়ারি বাজেট কেন? ধরুন, সেচ খাতে যে টাকা ধরা আছে সেই টাকা থেকে যদি এখন পূর্ত দপ্তর বলে যে আমার রাস্তা নষ্ট হয়ে গেছে ঐ সেচ খাত থেকে আমাকে টাকা দিন—আপনি দেবেন? কিম্বা যদি স্বাস্থ্য দপ্তর চায়—আপনি দেবেন? আপনি দিতে পারবেন না। তেমনি কেন্দ্রীয় সরকারের রাজ্য সরকারকে টাকা দেওয়ার জন্য তার বিভিন্ন দপ্তরে টাকা ভাগ ভাগ করে দেওয়া আছে। এখন আপনি যদি ভুল তথ্য পরিবেশন করে বিভিন্ন দপ্তর থেকে টাকা নেন তাহলে কেন্দ্রের ওপর যে ব্যাভিচারের দোষ চাপিয়েছেন, সেই ব্যাভিচারের দায়ে নিজে লিপ্ত হতে পারছেন না? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গতবারের বাজেট বক্তৃতায় বলেছিলেন যে শিল্পপতিদের দিন-রাতের ঘুম কেড়ে নেবেন। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত ৩টি বাজেট এই বিধানসভায় উপস্থিত করেছেন—আমি জিজ্ঞাসা করি শিল্পপতিদের রাতের তো দূরের কথা দিনেরও ঘুম কাড়তে পেরেছেন কি? কাড়তে পারেন নি। আজও পর্যন্ত আরবান সিলিং করতে পারেন নি, আজও পর্যন্ত শহরের সম্পত্তির সীমা নির্দ্ধারণ করতে পারেন নি শহরে কোটি কোটি টাকার সম্পত্তির উপর কিছুই ব্যবস্থা নেননি। এবং তা করতে গেলে আপনার নিজের আঁতে ঘা লাগবে, মুখ্যমন্ত্রীর আঁতে ঘা লাগবে অনেক নেতা যারা আপনাদের দিকে বসে আছেন তাঁদের আঁতে ঘা লাগবে কেননা এদের অনেক সম্পত্তি কলকাতা শহরে আছে। ৩টি বাজেট উপস্থাপিত

করা হল কিন্তু আজও পর্যন্ত শিল্পপতি তো দুরের কথা কলকাতার একটাও বড় লোকের চোখের ঘুম কেড়ে নেবার ব্যবস্থা করতে পারেন নি। আপনারা মুখেই শিল্পপতিদের কথা বলেন কিন্তু আসলে একচেটিয়া পুঁজিপতিদের বিশেষ করে বিড়লা গোষ্ঠীদের স্বার্থ রক্ষার্থে আপনারা মদত দেবার চেষ্টা করছেন। আজকে যদি মুখ্যমন্ত্রীর নির্বাচন এলাকা বিচার করে দেখি তাহলে দেখতে পাব তাঁর প্রথম নির্বাচনী এলাকায় 'কামারহাটি' বিড়লা জোনের অন্তর্ভুক্ত সেখানে বিড়লার টেক্সম্যাকো কারখানা আছে। এবার যদি সাতগাছিয়ায় যাই সেই নির্বাচনী এলাকাও বিড়লাপুরের অন্তর্গত। সুতরাং তিনি যে বিড়লার মদতে নির্বাচিত হয়ে আসছেন তা নিঃসন্দেহে বলা যায়। তাই আমি জানি ওনারা যতই বলুক না কেন একচেটিয়া পুঁজিপতিদের, শিল্পপতিদের চোখের ঘুম কেড়ে নেবেন সেটা ভাঁওতা ছাড়া আর কিছুই নয়। আপনারা খালি বৈপ্লবিক কথা বলে ছোট ছোট চাষীদের সর্বনাশ করতে চান এবং ছোট ছোট নিম্ন মধ্যবিত্ত চাষীদের তাদের জমি থেকে উচ্ছেদ করে দিয়ে আপনাদের দল বাড়াতে চান। কেন্দ্রীয় সরকার ডিজেলের উপর, কেরোসিনের উপর ট্যাক্স বাড়িয়েছে। এবং এগুলোর উপর ট্যাক্স বাড়লে নিশ্চয়ই সাধারণ মানুষের কষ্ট হবে, সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা বাড়বে—এটা আমরা বুঝি। কিন্তু ডিজেল বলুন, পেট্রোল বলুন কিম্বা কেরোসিনই বলুন ভারতবর্ষে কতটুকু উৎপন্ন হয়? ওপেক কানট্রি থেকে এই ক্রুড অয়েল কিনে আনতে হয়। ওপেক কান্ট্রিগুলি এই ক্রুড অয়েলের দাম বাড়িয়ে দিয়েছে। আজকে এইযে দাম বেড়েছে তা কেন্দ্রীয় সরকারকে বাধ্য হতে হয়েছে এই ট্যাক্স চাপাতে এবং এই ট্যাক্স চাপিয়ে কেনা দামের সমতা রক্ষা করার চেষ্টা করা হয়েছে। ভারতবর্ষে এই প্রথম একটা বাজেট হল যেখানে কৃষকদের চাষের কাজে ব্যবহৃত অনেক দ্রব্যের ওপর ট্যাক্স কমিয়ে ছাড় দেওয়া হয়েছে। আপনারা তো বলছেন যে কৃষকদের সুবিধার জন্যই ব্যবস্থা করে দেওয়া হয়েছে। কৃষকদের যদি আপনারা বলেন কৃষক হচ্ছে কুলাক তাহলে কেন আপনারা মিনিকীট সরবরাহ করেন? তাহলে সেই মিনিকীট কারা ব্যবহার করেন? বড়চাষীরাই ব্যবহার করেন? তবে আপনারাও কেবল গ্রামের কুলাকদেরও সাহায্য করছেন?

[6-40 – 6-50 P.M.]

সারের উপর ট্যাক্স কমালে কুলাকদেরই অসুবিধা হয়, জলসেচ ব্যবস্থা করলে কুলকাদের সুবিধা হয়? সার এবং জল কেবল বড় চাষীরাই ব্যবহার করেন, গরিবরা করেন না? কিন্তু মানুষ আপনাদের একদিন বিচার করবেন। তাই কেন্দ্রীয় সরকার যে বাজেট উপস্থিত করেছেন তাতে তেলের কথা বাদ দিলে আর সমস্ত জিনিস যেগুলির উপর ট্যাক্স ধার্য হয়েছে তার সবগুলিতে গ্রামের মানুষকে বেশি আঘাত করবেনা—শহরের বাবুদেরই আঘাত করবে। এর সঙ্গে আমরা দেখছি প্রমোদবাবু বড় বড় চেম্বার অফ কমার্সের সঙ্গে সুর মিলিয়ে বলছেন এ বাজেট সমর্থনযোগ্য নয়। অর্থমন্ত্রী মহাশয় ৮৩ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। কেন্দ্রীয় সরকার আয়করের উপরে অতিরিক্ত কর এবং বিক্রয় করের উপর অতিরিক্ত কর থেকে ১০০ কোটি টাকা রাজ্য সরকারকে অতিরিক্ত দিচ্ছেন। শুধু তাই নয় ন্যাশনাল

ডেভেলপমেন্ট কর্পোরেশন প্রধানমন্ত্রীর ফরমূলা অনুযায়ী ২ কোটি টাকা অতিরিক্ত দিচ্ছেন। আমাকে এই বাজেটের বই ছাপাবার পর এই অতিরিক্ত ব্যয় ১০৩ কোটি রাজ্য সরকার পাচ্ছেন। তাহলে আমরা কি আশা করব এই ১০৩ কোটি টাকা পাবার পর আমাদের ৮৩ কোটি টাকা আর ঘাটতি থাকবে না, বরং উদ্বৃত্ত বাজেটে পরিণত হবে। অতএব রাজ্যে যেসব অত্যাবশ্যকীয় জিনিসের উপর কর ধার্য করা হয়েছে তা তিনি প্রত্যাহার করে নেবেন। অর্থাৎ সমস্ত কর প্রত্যাহার করে নিয়ে অর্থমন্ত্রী আবার উদ্বৃত্ত বাজেট হিসাবে ঘোষণা করবেন। আশা করি আগামীকাল এর উত্তর তিনি দেবেন। এই বাজেট তিনি নূতন কিছুই কথা বলেন নি। আবার বলেছেন ১২০০ স্কুলের কথা। কিন্তু হাজার স্কুলই তো এখনও হলনা। আবার যখন নির্বাচন আসবে তখন বলবেন ১২০০ স্কুল করে গ্রামের অর্থনীতি গড়ে তুলব এবং বেকারদের চাকরির ব্যবস্থা করব। কিন্তু গ্রামের অর্থনীতির উপর জোর দিতে গেলে কুটির শিল্পের উপরে জোর দিতে হবে। কিন্তু যেখানে ৯০০ কোটি টাকার বাজেট হয়েছে সেখানে পুলিশ খাতে বরাদ্দ ৬৩ কোটি টাকা অথচ কুটির শিল্প যাতে বরাদ্দ করেছেন মাত্র ৬ কোটি টাকার মতো। গ্রামের অর্থনীতির উন্নতি করতে গেলে কুটির শিল্পের উপর জোর দিতে হবে, তাকে অনুদান দিতে হবে। সেখানে এই মাত্র ৬ কোটি টাকায় কি হবে তা জানি না। এ থেকেই বোঝা যাচ্ছে গ্রামের উন্নতি কতটুকু তাঁরা চান। সেজন্য উপাধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে বলতে চাই অর্থমন্ত্রী যতই সদিচ্ছার কথা বলুন না কেন আসলে তাঁর কোনও সদিচ্ছাই নেই। অর্থাৎ আসলে এর মধ্যে দিয়ে তিনি তাঁর রাজনৈতিক ফয়দা লুটতে চাইছেন জনসাধারণের মঙ্গল নয়। সেজন্য তাঁর এই বাজেটকে সমর্থন করতে পারছি না এবং এই বাজেটের দ্বারা সাধারণ মানুষের কোনও কল্যাণ হবে না। এই বাজেট গতানুগতিক ছাড়া আর কিছুই নয়।

**শ্রী শুভেন্দু চৌধুরি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই বাজেটকে আমি সম্পূর্ণ রূপে সমর্থন করছি। কাশীবাবু সেদিন বিরোধিতা করতে গিয়ে বলেছেন যে এই বাজেট দেখে লজ্জা নাকি লজ্জা পাবে। তাহলে কেন্দ্রীয় বাজেট দেখে তিনি কি বলবেন লজ্জা লজ্জা পেতে ভুলে গেছে? সুতরাং যাঁরা আজ বিরোধিতা করছেন তাঁরা আয়নায় নিজেদের চেহারাটা একবার দেখুন। দীর্ঘদিন ধরে কেন্দ্রে ও রাজ্যে বাজেট করা হচ্ছে কিন্তু এত ভাল কি আগে হয়েছিল? কেন্দ্রে যে বাজেট পেশ করা হয়েছে যা দেখে সাধারণ মানুষ কাঁদছে। সুনীতি বাবু ডাঃ মিত্রকে গ্রাম বাংলায় যেতে বলেছেন, রজনীবাবু বলেছে গ্রামে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে। গ্রাম বাংলার মানুষ হিসেবে আমরা যারা হাটে, বাজারে, ট্রামে, বাসে, চলাফেরা করি আমরা জানি সেখানে সাধারণ মানুষ এই বাজেটকে অভিনন্দন করছে। গ্রামের সুদখোর, মহাজনরা এবং শহরের সৌখিন বাবুরা যাদের অসুবিধা হচ্ছে তারাই একে সমর্থন করতে পারছে না এবং ওদের মধ্যেই বিরূপ প্রতিক্রিয়া দেখা গিয়েছে। কিন্তু যাদের সঙ্গে আমরা নিত্য মেলামেশা করি তারা একে সমর্থন জানিয়েছে। কংগ্রেসিদের বাজেটকে সমর্থন জানাতো বড়লোকেরা। কিরণময় বাবু বলেছেন পশ্চিমবাংলার আগে বিহার এবং অন্যান্য পার্শ্ববর্তী রাজ্যগুলি কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিয়েছে। এটা তো ভাল কথা এবং এতে তো আমরা

নিন্দা করছি না। সাত্তার সাহেব বললেন ফ্ল্যাট বেড়েছে—অর্থাৎ কেউ পাবে ২২ টাকা কেউ ২০৮ টাকা। সমতা যাতে আনা যায় সেটা আমাদের দেখতে হবে। যাইহোক কেন্দ্রীয় হারে মহার্ঘভাতার যে দাবি সরকারি কর্মচারিদের ছিল তা এতদিনে পূরণ হল।

[6-50 - 7-00 P.M.]

গ্রামের লোকের জন্য নাকি কিছু দেওয়া হয়নি এই রকম কথা বলা হয়েছে। কিন্তু আমরা জানি গ্রামের চৌকিদার, তহশীলদার, দফাদার, ক্ষেত মজুর এদের জন্য দেওয়া হয়েছে। এরা যা মাইনে পায় সেই তুলনায় আমরা তাদের কিছু দেবার চেষ্টা করেছি, এবারে ২২ টাকা করে তাদের দেওয়া হয়েছে। আমরা একথা বলছি না যে তাদের যা দেওয়া হয়েছে সেটা বড় কিছু দেওয়া হয়েছে, পরে তাদের বেশি করে দেওয়া যায় কিনা সেটা আমরা দেখব। তারা আগে যা নগন্য মাইনে পেত সে তুলনায় এখন অনেকটা ভাল পাবে, এজন্য গৌরবের কিছু নেই। ক্ষুদ্র চাষী, বর্গাদার, ক্ষেত মজুর ২০০ টাকা কম আয় বিশিষ্ট লোক আইনগত সাহায্য পাবে। তারা যখন কোর্টে যেত, তাদের বিরুদ্ধে যখন মামলা হত তখন সেই মামলা লড়তে পারত না পয়সার অভাবে। আমরা এখন থেকে তাদের আইনগত সাহায্য দেওয়ার কথা বলেছি। বিরোধী পক্ষ গ্রাম বাংলার জন্য বুক ফাটা হাহাকার করছেন, গ্রাম বাংলার জন্য কিছু করা হয়নি এই কথা বলছেন। গ্রাম বাংলার জন্য আমরা ২০০ কোটি টাকা রেখেছি, এই ২০০ কোটি টাকা গ্রাম বাংলার উন্নয়নের জন্য খরচ হবে। স্কুলের কথা বলা হয়েছে যে স্কুল নাকি এখানে হয়নি। আমি মালদহ জেলার স্কুলবোর্ডের মেম্বার হিসাবে বলতে পারি যে মালদহ জেলায় বিদ্যালয় হয়েছে। সেখানে কংগ্রেসি বন্ধুদের আমলে ১৯৭৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত একটা বিদ্যালয়ও হয়নি। সেখানে স্কুল স্যাংশন্ড হয়েছিল, অ্যাপ্রুভ্যালও এসেছিল, কিন্তু এক একটা বিদ্যালয় চালু করার জন্য ৫/৭ হাজার টাকা করে ঘুস নেওয়ার চেষ্টা করা হয়েছিল। ফলে সেখানে বিদ্যালয় করতে পারেনি। তারপর বিহারের মনিহারী সিটিয়া মাস্টারের ফেক সার্টিফিকেট নিয়ে ৫/৭ হাজার টাকা করে ঘুস নিয়ে যাদের ফাইভ সিক্সের বিদ্যে তাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। তারপর স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডে বরকত সাহেবের দয়ায় অনেকে চাকরি করছে। তাদের সার্টিফিকেট বাঞ্চাল করে দিয়ে তাদের চাকরি বাতিল করা হোক এই দাবি করছি এবং এই ব্যাপারে একটা তদন্তের দাবি করছি। তাঁরা বলেছেন দশম শ্রেণী পর্যন্ত বিদ্যালয় হয়নি, আমরা বলছি দশম শ্রেণী পর্যন্ত বিদ্যালয় হয়েছে, মাস পয়লা বেতন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এগুলি কি অন্যায় করা হয়েছে? আর একটা কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে একটা ব্যাপারে আমার অভিযোগ আছে। আমার স্যার ক্যাবারে নাচ দেখার ইচ্ছা ছিল। আমরা স্যার মালদহে থাকি, সেখানে গম্ভীরা নাচ দেখি। আমার ইচ্ছা ছিল সেখানে থেকে লোক নিয়ে এসে সুনীতি বাবুদের সাথে ক্যাবারে নাচ, ঘোড় দৌড় দেখব। কিন্তু সেটা হচ্ছে না, কারণ, মাননীয় অর্থমন্ত্রী এমন একটা ট্যাক্স বসিয়ে দিলেন যে সুনীতি বাবুদের সাথী হতে

পারলাম না। বিরোধী পক্ষ বলেছেন অপসংস্কৃতিকে লিগ্যালাইজ করে দিয়েছে ক্যাবারে নাচের উপর ট্যাক্স বসিয়ে। আমরা অপসংস্কৃতিকে চেক করার ব্যবস্থা করেছি, সেজন্য ট্যাক্স বসিয়েছি। সংবিধানের ৯১৪ আর্টিকেলে বলা আছে এই জিনিস বন্ধ করা যায় না। সেজন্য এটাকে চেক করার ব্যবস্থা করেছি। কাশী বাবু বলেছেন পুলিশ খাতে নাকি টাকা বাড়িয়েছি। আমরা কি করব, এখানে গান্ধীজীর রাম রাজত্ব তৈরি করতে পারিনি, কাশী বাবু, সুনীতি বাবুদের মতো যেদিন রাম রাজত্ব হবে সেদিন পুলিশ উঠিয়ে দেব, তখন পুলিশ খাতে আর টাকা ব্যয় করব না। তারপর মরিচঝাঁপির দরদের কথা উঠেছে। কাশী বাবু মরিচঝাঁপির কথা বলতে গিয়ে বলেছেন মরিচঝাঁপি থেকে ফেরবার পথে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সেখানে টিফিন করেছেন, ডিনার করেছেন, আর সেখানে একজন বুড়ি শাকও জোটাতে পারেননি, তারজন্য তিনি ব্যথা পেয়েছেন। আমি জিজ্ঞাসা করি মরিচঝাঁপির ব্যথাতে তাঁরা কি তাঁদের খাওয়া বন্ধ করেছিলেন? জ্যোতি বাবু কি করেছেন না করেছেন সেইসব কথা বলে বামফ্রন্ট সরকারকে খাটো করা যাবে না, এই কথা বলে বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, বীরেনবাবু বক্তৃতা দিয়ে চলে গেলেন। তিনি বক্তৃতা করবার সময় আমার সম্পর্কে কিছু কটাক্ষপাত করেছেন এবং আমার এলাকায় তাঁর দলের সম্পর্কে প্রশংসা বাক্য প্রয়োগ করেছেন। কিন্তু আমি আপনারা মাধ্যমে সকল সদস্যকে জানাতে চাই যে, এর আগে বন্যার পর যখন বিধানসভা বসেছিল তখন আমি এই নিয়ে প্রশ্ন তুলেছিলাম এবং রাধিকাবাবুকে চ্যালেঞ্জ জানিয়েছিলাম যে আমার এলাকায় বন্যার পর কি সাংঘাতিক দলবাজি চলছে এবং কি কাণ্ড কারখানা চলছে। রাধিকাবাবু আমার চ্যালেঞ্জ অ্যাক্সেপট করেননি। আজকে দেখছি প্রচণ্ড দলবাজির সরকার ৮০ কোটি ৩০ লক্ষ টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। আমি লক্ষ্য করেছি বছরের পর বছর তারা ঘাটতি বাজেট পেশ করছেন এবং সেই ঘাটতির পরিমাণ ক্রমশই বেড়ে যাচ্ছে এবং আমি জানিনা এই সরকারের মেয়াদ শেষ হলে এই ঘাটতির পরিমাণ কোথায় গিয়ে দাঁড়াবে। আমরা জানি পরিকল্পনা খাতে যে টাকা আসে সেই টাকা থেকে এটা চলে যায়। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি ষষ্ঠ পরিকল্পনার আয়তন সরকার এখনও ঠিক করতে পারেননি—ঝগড়া চলছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে এবং বার্ষিক পরিকল্পনার বরাদ্দও এখনও ঠিক হয়নি। কিন্তু তার থেকে যদি এই ৮০ কোটি ৩৪ লক্ষ টাকা চলে যায় তাহলে পশ্চিমবাংলার কোনও উন্নতি হবেনা। আমরা দেখতে পাচ্ছি গত দুবছর এই সরকারের আমলে দলবাজি ছাড়া এবং কোথাও খাদ্যের বিনিময়ে কাজ এছাড়া আর কিছুই হয়নি। আমরা দেখছি প্রাইমারি স্কুল হয়নি, শ্যালো টিউবওয়েল হয়নি, এক কিলোমিটার রাস্তা হয়নি। এই সমস্ত উন্নয়নমূলক কাজ যার সম্বন্ধে অনেক বাগাড়ম্বর করেছেন অর্থমন্ত্রী তাঁর এই বাজেট ভাষণে তার কোনওটাই আমরা পশ্চিমবাংলায় দেখিনি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমরা এই বাজেট ভাষণে নানা রকম অসঙ্গতি দেখতে পাচ্ছি। বাজেট বক্তৃতার দ্বিতীয় পৃষ্ঠার এক জায়গায় বলেছেন, 'বন্যা সত্ত্বেও, দেশের অন্যান্য অঞ্চলের মতো আমাদের রাজ্যেও কৃষি উৎপাদনে সন্তোষজনক অগ্রগতি

সম্ভব হয়েছে'। তারপর, ১৯ পাতায় আবার বলছেন, 'এই বন্যার ফলে প্রায় ২৮ লক্ষ একর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে, খরায় উত্তরবঙ্গের জেলাগুলিতে ক্ষতিগ্রস্ত হয়েছে আরও ৪ থেকে ৫ লক্ষ একর জমির ফসল'। একদিকে বলছেন বন্যা সত্ত্বেও প্রচণ্ড ফসল হয়েছে, আবার বলছেন বন্যার ফলে বিরাট ক্ষতি হয়েছে। তাহলে কোনটা সত্য এবং কোনটা মিথ্যা? কিন্তু আমি গ্রামবাংলার চিত্র জানি যে, কৃষক যারা উৎপাদন করে তারা দাম পাচ্ছেনা। ধান, পাট, গম, আলু সব জিনিসের দাম অত্যন্ত কম এবং দেখেছি উৎপাদন করবার জন্য যে ব্যয় হয় সেই দামও তারা বিক্রি করবার সময় পায়না। এর ফলে সুবিধা হয়েছে ক্রেতাদের কারণ তারা কম দামে জিনিসপত্র পাচ্ছে। কাজেই দাম যে কমেছে তারজন্য এই বামফ্রন্ট সরকারের কোনও কৃতিত্ব নেই। এরজন্য মূলত দায়ী পশ্চিমবাংলার গ্রামের মানুষ এই বন্যায় বিধ্বস্ত হয়ে গেছে, তাদের বাড়িঘর নেই, তারা সর্বস্বান্ত হয়ে গেছে এবং তার ফলে তাদের ক্রয় ক্ষমতা নেই। কাজেই তারা ধান, গম, আলু কি করে কিনবে এবং তার ফলেই এর দাম কমে গেছে। আমি মনে করি জিনিসের এই দাম কমার ব্যাপারে বামফ্রন্ট সরকারের কোনও কৃতিত্ব নেই।

[7-00 – 7-10 P.M.]

দ্বিতীয় কথা, আমি একটু আগেই বলেছি আপনাদের এই বাজেট ভাষণে অর্থমন্ত্রী মহাশয় কেন্দ্রের বিরুদ্ধে অনেক বিষোদ্গার করেছেন, বহু কথা ব্যয় করেছেন, কেন্দ্র সম্বন্ধে নানা কথা বলেছেন যে কেন্দ্র থেকে টাকা পাওয়া যাচ্ছেনা পরিকল্পনার জন্য। আমরা যে পরিকল্পনা করছি সেই পরিকল্পনা মতো কেন্দ্র টাকা দিচ্ছেনা। তাঁরা নাকি ৫১৭ কোটি টাকার মতো বাৎসরিক পরিকল্পনা করেছেন অথচ কেন্দ্রীয় সরকার নাকি বলেছেন মাত্র ৩৭০ কোটি টাকার মতো তোমরা এই বৎসর পরিকল্পনা কর। যাতে ৩৭০ কোটি টাকার বেশি পান সেটা আমরাও চাইব পশ্চিমবঙ্গের স্বার্থে কিন্তু কেন্দ্রীয় সরকারকে বুঝিয়ে সেইটুকু বাড়তি টাকা যদি না আনতে পারেন তাহলে তার যে ব্যার্থতা সেই ব্যার্থতার দায়িত্ব তো আপনাদের বহন করতে হবে, এর থেকে এড়াবার কোনও পথ নেই। আমরা যখন ছিলাম ১৯৭২ সালে তখন ৪র্থ পরিকল্পনায় ছিল মাত্র ৩৭১ কোটি টাকা সারা ৫ বৎসরের মধ্যে। আমরা সেই ৩৭১ কোটি টাকাকে বাড়িয়ে ১২ শত কোটি টাকা ৫ম পরিকল্পনায় করতে সক্ষম হয়েছিলাম, আমরা সেই পরিমাণের চার গুণ বাড়িয়েছিলাম। কিন্তু অত্যন্ত আশ্চর্য ও দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে ৬ষ্ঠ পঞ্চ বার্ষিকী পরিকল্পনাতে মাত্র বাড়িয়ে ২১ শত কোটি টাকা করেছেন, যদিও আপনারা বলছেন যে আমরা আরও বেশি করতে চাচ্ছি কিন্তু উপর থেকে নাকি কেন্দ্রীয় সরকার মাত্র ২১ শত কোটি টাকা স্যাংশন করেছেন। অর্থাৎ ৫ম পঞ্চ বার্ষিকীতে যা হয়েছিল তার ২ গুণও হয়নি, ২ গুণ হলে ২৪ শত কোটি টাকা হত আপনারা ২১ শত কোটি টাকা মাত্র পেয়েছেন ৬ঠ পঞ্চ বার্ষিকী পরিকল্পনাতে। আপনারা চেয়েছেন ৪।। হাজার কিন্তু যদি আপনারা কেন্দ্রের কাছ থেকে না আনতে পারেন তাহলে সেই ব্যার্থতার দায়িত্ব এই সরকারকে নিতে হবে এবং আমরা মনে করি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পয়সা আনতে

আপনারা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আপনারা ওখানে গিয়ে চরণ সিংএর অনেক গুণগান করছেন অথচ আমরা দেখছি যে আপনারা টাকা পয়সা খরচ করতে পারছেন না, হিসাবও দিতে পারছেন না। কেন্দ্রীয় সরকার বলেছেন যে আপনারা হিসাব দিলে আরও টাকা দেবেন। কিন্তু পঞ্চায়েতের মাধ্যমে যে টাকা আপনারা ব্যয় করেছেন, এই পঞ্চায়েতের না আছে লোক, না আছে কিছু, এই টাকা কোথায় কিভাবে ব্যয় হয়ে যাচ্ছে, কার পকেটে চলে যাচ্ছে তার কোনও হিসাব নেই। এই হিসাব আপনারা কেন্দ্রকে কোনও দিন দিতে পারবেন বলে মনে হয়না। এই হিসাব যদি না দিতে পারেন তাহলে কেন্দ্রের কাছ থেকে কোনও অর্থও পাবেননা। কেন্দ্র দিচ্ছেনা দিচ্ছেনা আপনারা বলছেন, হয়তো দিচ্ছেনা, আরও বেশি দিলে আমরা খুশি হব পশ্চিম বাংলার স্বার্থে আমি একটু আগেই বলেছি কিন্তু দেখছি একটাও স্কুল হয়নি দুই বৎসরের মধ্যে, একটাও হাসপাতালের বেড বাড়েনি, নানা রকম উন্নয়নমূলক কাজ—টিউব ওয়েল, ডিপ টিউবওয়েল, যা সব চেয়ে বেশি প্রয়োজন তার কোনওটা করে উঠতে পারেননি। আজকে গ্রামের দিকে যদি আপনারা নজর দিতে না পারেন তাহলে পশ্চিম বাংলার উন্নতি হবেনা। কেবল কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিয়ে আপনারা ভাবছেন সরকারি কর্মচারিদের হাতের মধ্যে আনবেন। এখন কো-অর্ডিনেশন কমিটিব দৌরাত্ম্য দিন দিন যেরকম ভাবে বাড়ছে তাতে সুষ্ঠুভাবে পরিকল্পনা বা সুষ্ঠুভাবে প্রশাসন চালানো বিপদজনক হয়ে যাচ্ছে এবং অনেক বড় বড় অফিসার তাঁরা নিজেদেরকে অসহায় মনে করছেন। বন্যার সময় মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়েছিলেন হয়তো ভুল করে যে কো-অর্ডিনেশন কমিটিই একমাত্র যারা কাজ করছে খুব ভাল করে, তখন অন্যরা যারা ছিল তারা যখন এর প্রতিবাদ করে তখন মুখ্যমন্ত্রী বাধ্য হয়ে বলছেন যে না, অন্যান্য সরকারি কর্মচারী তারাও কিছু কিছু কাজ করছে। কাজেই আমরা দেখছি যে কেবল দলবাজি, পার্টিবাজি চলছে এবং কোনও উন্নয়নমূলক কাজ পশ্চিম বাংলায় হচ্ছে বলে আমরা মনে করতে পারছিনা। উপরোক্ত এই বাজেটে আমরা দেখছি কি, প্রায় ৩৭ কোটি টাকার মত কর বাড়িয়ে দিয়েছেন অর্থমন্ত্রী মহাশয়। সেলস ট্যাক্স বাড়িয়েছেন, ১৯৫৪ সালের আইনে সেলস ট্যাক্স ৭ পারসেন্ট ছিল সেটা ৮ পারসেন্ট করেছেন, এর ফলে জিনিসপত্রের দাম বেড়ে যাবে এবং গ্রামের মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষ যারা তারা ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হবে বলে আমি মনে করি। এবং তারপরে এখন যেটা করেছেন সেটা হচ্ছে ব্যবসা এবং পেশা বা বৃত্তির উপর ধার্য করেছেন। ৫০০ টাকার উপর হলে স্ল্যাব অনুসারে করেছেন এবং এইভাবে ২৫০ টাকা পর্যন্ত কর দিতে হবে। এটা অত্যন্ত নিন্দনীয় বলে আমি মনে করি। তার কারণ এটা সাধারণ মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত যারা অল্প পুঁজি নিয়ে ব্যবসা করে, সাধারণ চাকুরিজীবী তাদের উপর এই করভার এসে পড়ছে, তাতে তারা বিব্রতবোধ করবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। অন্য দিকে কি দেখছি? পুলিশ খাতে খরচের বোঝা ক্রমশ বেড়ে যাচ্ছে। একজন বললেন রাম রাজত্ব যেদিন স্থাপন করতে পারব, সেদিন পুলিশকে উঠিয়ে দেব। এই সমস্ত অবাস্তব কথা বলে এই বিধানসভাকে বিভ্রান্ত করার কোনও মানে হয়না। আমি জানি রাজ্য চালাতে গেলে পুলিশ সব সময় রাখতে হবে। এখন যাঁরা সরকারে

আছেন, তাঁরা যখন বিরোধী পক্ষে ছিলেন, এমন কি মুখ্যমন্ত্রী যখন বিরোধী দলের নেতা ছিলেন, তখনও যদি পুলিশ খাতে খরচ বাড়ানোর কথা হত, তখন তাঁরা কি চরম বিরোধিতাই না করতেন, এটা আমরা দেখেছি যখনই পুলিশ খাতে খরচ বাড়ানোর প্রস্তাব এসেছে তখন সেই কংগ্রেস সরকারের আমলে তার সম্পূর্ণ বিরোধিতা তাঁরা করেছেন। অথচ তাঁদের আমলে এখন দেখছি দিনের পর দিন পুলিশ খাতে খরচ বেড়ে যাচ্ছে। অথচ ২৮শে ফেব্রুয়ারির আনন্দবাজার কাগজে দেখলাম এক দিকে পুলিশরে খরচ বাড়ছে অন্য দিকে খুন এবং ডাকাতিও বেড়ে যাচ্ছে। তাঁরা একটা হিসাব দিয়েছেন, পুলিশ কমিশনার সুধাংশু সিংহ-এর কাছ থেকে পাওয়া যে তথ্য তাঁরা দিয়েছেন তাতে দেখছি ১৯৭৮ সালে খুন হয়েছে কলকাতায় ৯৭টি আর ডাকাতি হয়েছে ৪০টি, ১৯৭৭ সালে এই সংখ্যা ছিল এই—হত্যাকাণ্ড ৬৪টি এবং ডাকাতির সংখ্যা ১৯টি, মঙ্গলবার পুলিশ কমিশনার শ্রী সুধাংশু সিংহ এই তথ্য জানান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই তথ্য আমরা পশ্চিম বাংলায় দেখছি—অথচ পুলিশ খাতে দিন দিন খরচ বেড়ে যাচ্ছে।

৩০ কোটি টাকা সরকারি কর্মচারিদের দিয়েছেন তাতে আপত্তি নাই কিন্তু এই ৩০ কোটি টাকা নিয়ে যদি আলু চাষীদের সাহায্য করতেন, পাট চাষীদের সাহায্য করতেন, পাট উৎপাদনকারীদের সাহায্য করতেন তাহলে ভাল হত। চাষীরা আলু উৎপাদন করতে গিয়ে যে খরচ করেছিল, সেই খরচই তারা তুলতে পারছে না। জানিনা পরের বছর আপনারা কতটুকু চেষ্টা করবেন, যদি করেন তাহলে মনে করব গ্রামের প্রতি আপনাদের দৃষ্টি আছে, এখন সেই দৃষ্টিভঙ্গি বাজেটে দেখতে পাচ্ছিনা।

আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব। আপনি জানেন সীমিত সাংবিধানিক কাঠামোর কথা এঁরা প্রায়ই বলে থাকেন, এই সীমিত সাংবিধানিক কাঠামোর মধ্যে সমবায়ের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এটা কি কেউ অস্বীকার করতে পারবেন? আমরা এটা জানি যে সমবায়কে সত্যই যদি শক্তিশালী করা যায় তাহলে পুঁজিবাদী ব্যবস্থার মধ্যেও যেসব ত্রুটি আছে সেগুলি থাকা সত্ত্বেও সাধারণ গরিব মানুষের জন্য অনেক কিছু করতে পারা যায়। কিন্তু গত দু' বছরে আমরা লক্ষ্য করলাম ১৯৭৭ সালের জুন মাসে যেখানে সমবায়ের অনাদায় ছিল শতকরা ২০ ভাগ, সেই অনাদায় ক্রমশঃ বাড়তে বাড়তে শতকরা ৮০ ভাগের কাছাকাছি গিয়ে পৌঁছাবে। এই যদি অবস্থা হয়, তাহলে স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী ঋণ সমবায় আন্দোলনের মাধ্যমে চাষীদের দেবার তাঁদের সদিচ্ছার স্বরূপ দেখতে পাচ্ছি। এই বছর আপনাদের দেবার কথা ছিল ৮০ কোটি টাকা, সেখানে বদলে করলেন ৫৭ কোটি টাকা। আমি এখানে ভবিষ্যদ্বাণী করে রাখতে চাই যে আগামী বছর এই ৫৭ কোটি টাকা ও আপনারা দিতে পারবেন না। কারণ মানুষের ঋণ আদায় দেবার যে মনোভাব তা ক্রমশ দূরে চলে যাচ্ছে। তার জন্য যে ব্যবস্থা, আন্দোলনে যে শক্তি দেবার দরকার, সেই শক্তি দিতে সরকার সমর্থ হচ্ছেন না। কাজেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটে দেখছি হতাশা,

এতে সাধারণ মানুষের কোনও উন্নতি হবেনা এবং এটা লক্ষ্য করে এই বাজেটকে সমর্থন করতে পারছিনা। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[7-10 – 7-20 P.M.]

**শ্রী খগেন্দ্রনাথ সিংহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে ১৯৭৯-৮০ সালের বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের বন্ধুরা আমাদেব অর্থমন্ত্রীর বাজেটের বিরোধিতা করতে গিয়ে বহু কথা বলেছেন। জনতা দলের নেতা কাশীকান্ত মৈত্র মহাশয় তিনি বলেছেন এই বাজটে নাকি সাধারণ মানুষের জন্য কিছু করতে চাওয়া হয় নি। তিনি বলেছেন এই বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী নাকি শুধু কেন্দ্রের বিরুদ্ধে উস্মা প্রকাশ করেছেন। আমি তাঁদের অনুরোধ করব এটা চিন্তা করতে একদিকে তাঁরা বলছেন যে কেন্দ্রের বিরুদ্ধে আমাদের অর্থমন্ত্রী শুধু উস্মা প্রকাশ করেছেন, আবার সেই সঙ্গে তাঁরা বলছেন এই বাজেটে সাধারণ মানুষের জন্য কিছু বলতে চাওয়া হয় নি। আমাদের অর্থমন্ত্রী কেন্দ্রের কাছে আমাদের নায্য দাবিগুলো রেখেছেন। কিন্তু আমাদের যেখানে প্রয়োজন ৫৩১ কোটি টাকা সেখানে তাঁরা বরাদ্দ করেছেন আমাদের জন্য ৩৭০ কোটি টাকা। আমরা যেখানে পশ্চিমবাংলার সাধারণ মানুষের জন্য কিছু করতে চাই, আমরা আমাদের সীমিত আর্থিক ক্ষমতার কিছু করতে সেখানে পারি না। স্বভাবতই আমরা আমাদের ন্যায্য দাবি কেন্দ্রের কাছে জানাই। আমি জনতা বন্ধুদের বলব, আসুন, পশ্চিমবাংলার জন্য যাতে কিছু করতে পারি সেইজন্য আমাদের আরও বেশি আর্থিক ক্ষমতার দরকার, আরও বেশি অর্থ দরকার। জনসাধারণের জন্য কান্নাকাটি করবেন, চিৎকার করবেন, অথচ কেন্দ্রের কাছে বেশি অর্থ দাবি যখন করবো তখন বলবেন কেন্দ্রের বিরুদ্ধে উস্মা প্রকাশ করছেন। জানি না, তাঁরা এইটা কি ধরনের রাজনীতি করেন। বিরোধী সদস্যরা বলেছেন যে গ্রামের মানুষের জন্য এই বাজেটে কিছু রাখা হয় নি। তাঁরা নিশ্চয় বাজেট বক্তৃতা শুনেছেন এবং পড়েছেন। যদি পড়ে থাকেন তাহলে দেখবেন অন্যান্য বাজেটের তুলনায় কত বেশি কৃষি খাতে এবং গ্রামীণ বিকাশের ক্ষেত্রে টাকা বরাদ্দ করা হয়েছে। যেমন কৃষি এবং সংশ্লিষ্ট খাতে গত বছর যেখানে ছিল ৬৪ কোটি টাকা, সেখানে এই বছর ধরা হয়েছে ১০৬ কোটি টাকা। গ্রামীণ বিকাশের ক্ষেত্রে যেখানে গত বছর ছিল ১৯ কোটি টাকা সেখানে এই বছর ধরা হয়েছে ২৭ কোটি টাকা। সেচ উন্নয়নের যেখানে গত বছর ছিল ৬৪ কোটি টাকা সেখানে এইবার ধরা হয়েছে ৬৪ কোটি টাকা এবং বিদ্যুতের ক্ষেত্রে গত বছর যেখানে ছিল ১১৬ কোটি টাকা সেই জায়গায় এইবার ধরা হয়েছে ১৬৪ কোটি টাকা। অনুরূপভাবে ১৬ কোটি টাকার জায়গায় ২৭ কোটি টাকা ধরা হয়েছে। এইগুলো তাঁরা দেখতে পাচ্ছেন না। এই বাজেটে সাধারণ মানুষের জন্য নাকি কিছু করা হয় নি। আপনাদের কেন্দ্রীয় বাজেটে সাধারণ মানুষের জন্য কি করেছেন? কেরোসিনের দাম বাড়িয়েছেন, সোডার দাম বাড়িয়েছেন, সাবানের দাম বাড়িয়েছেন। এইগুলো কি সাধারণ মানুষ ব্যবহার করে না।

কাজেই আপনারা নিজেদের মুখ আয়নায় দেখুন। আপনারা তো সাধারণ মানুষের কথা বলেন, কিন্তু আপনারা কি করেন সাধারণ মানুষের জন্য? কংগ্রেস দলের শ্রী সত্যরঞ্জন বাপুলি মহাশয় বলেছেন, এই বাজেটে কেন্দ্রের সাথে বিরোধ করা হচ্ছে এবং কেন্দ্র পূর্বাঞ্চলের রাজ্যগুলি যে কিছু করছে না—এই কথা ছাড়া আর কিছু নাকি এই বাজেটে নেই। সঙ্গত কারণে আমাদের অর্থমন্ত্রী কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ রেখেছেন যে, "পূর্বাঞ্চলের রাজ্যগুলির যোজনা বরাদ্দ-এর অঙ্ক যেমন বছরের পর বছর ধরে কম ধরা হয়েছে, ব্যাঙ্ক ও অন্যান্য অর্থসংস্থানকারী প্রতিষ্ঠান থেকে দাদন তথা বিনিয়োগও পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে ঢিমেতালা থেকেছে। একটা-দুটো উদাহরণ দিচ্ছি। ১৯৬৯-৭৬ এই সাত বছরে ব্যাঙ্কের মাথাপিছু দাদন দেওয়া হয়েছে উড়িষ্যায় ২৪ টাকা, আসামে ৪০ টাকা, ত্রিপুরায় ১৯ টাকা, বিহারে ৩৮ টাকা, পশ্চিমবঙ্গে ১৪৬ টাকা, কিন্তু পাঞ্জাবে ৩৪৬ টাকা, মহারাষ্ট্রে ৩০৮ টাকা, তামিলনাড়ুতে ২০৩ টাকা।" কিন্তু পাঞ্জাবে ৩৪৬ কোটি মহারাষ্ট্রে ৩০৮ কোটি এই ভাবে পশ্চিম অঞ্চলের রাষ্ট্রগুলিতে বেশি বেশি টাকা দেওয়া হয় এবং পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে কম কম দেওয়া হয়। যারা বেশি পাচ্ছে আমি তাদের বিরুদ্ধে কিছু বলছি না। আমরা চাইছি তাদের সমান টাকা দিতে হবে। রজনীকান্ত দোলুই মহাশয় বাজেট আলোচনা করতে গিয়ে পঞ্চায়েতের কথা টেনে আনলেন। তিনি বলেছেন এই পঞ্চায়েতগুলি নাকি তাদের কাছে আপদের সৃষ্টি হয়েছে। খুব স্বাভাবিক কথা পঞ্চায়েতগুলি তাদের কাছে আপদেরই সৃষ্টি হয়েছে। কারণ ১৫/১৮ বছর ধরে সেখানে কোন নির্বাচনই ওনারা করেন নি এবং তার কারণ কায়েমী স্বার্থের লোকরা সেখানে বসেছিলেন এবং তাদেরই তো লোক ওঁরা। আমরা আমাদের প্রতিশ্রুতিমতো এক বছরের মধ্যেই আমরা পঞ্চায়েত নির্বাচন করেছি। আজকে এই পঞ্চায়েতগুলি গ্রামের উন্নয়নে উদ্যোগী হয়েছে এবং ইতিমধ্যে পঞ্চায়েতগুলি গ্রামের মানুষের সমর্থন লাভ করেছে। আজকে আমরা বেশ ভাল করে দেখতে পাচ্ছি যে জনতা পার্টি কিংবা কংগ্রেস পার্টি অবাধে গ্রামের লোকের কাছ থেকে দূরে সরে যাচ্ছে। স্বভাবতই পঞ্চায়েতগুলিকে তারা আপদ বলে মনে করতে পারেন। বিরোধী পক্ষ বার বার ট্যাক্সের কথা বলেছেন। কিন্তু অর্থ মন্ত্রী যে ট্যাক্স চাপিয়েছেন সাধারণ মানুষের জীবনে তার কোন আঁচ লাগে নি। কিন্তু কেন্দ্রীয় সরকার যে কর চাপিয়েছেন সেটা সাধারণ মানুষের উপর পড়েছে। আমাদের অর্থ মন্ত্রী যাদের রোজগার বেশি তাদের উপর ট্যাক্স বসিয়েছেন। এই বাজেটে আমাদের অর্থমন্ত্রী একটি ঘোষণা করেছেন যে ১৯৮০ সালের জানুয়ারি থেকে ক্লাশ টেন পর্যন্ত ফ্রি করে দেবেন। আমি কংগ্রেস দলের বন্ধুদের জিজ্ঞাসা করি তাঁরা দীর্ঘ ৩০ বছর রাজত্ব করেছেন—কিন্তু এটা তাঁরা করতে পারেন নি একটি ক্লাশ অবৈতনিক করতে পারেন নি। কিন্তু আমাদের বামফ্রন্ট সরকার তা করতে পেরেছেন। এই জন্য আমি অর্থ মন্ত্রীর এই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-20 – 7-29 P.M.]

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী এই যে বাজেট

পেশ করেছেন সেটা ৪০ পৃষ্ঠার একটি বক্তৃতা। তিনি একজন অর্থনীতিবিদ অভিজ্ঞ লোক আর্থিক সমস্যা তিনি বোঝেন। কিন্তু গ্রামের কৃষকদের জন্য এই বাজেটে কিছুই করেন নি। তিনি সব শহরের জন্য বিনিয়োগ করেছেন। গ্রামের মানুষদের জন্য গ্রামের কৃষকদের জন্য কি দিয়েছেন? পুরোপুরি অর্থ ভাণ্ডার তিনি শহরের মানুষদের জন্য বিনিয়োগ করেছেন। আমরা ভরসা নিয়ে বসে আছি কিন্তু কোথাও কিছুই নাই। জানি না মুখ্যমন্ত্রীর বক্তব্য সত্য কি মিথ্যা অর্থমন্ত্রীর বক্তব্য সত্য কি মিথ্যা। অর্থমন্ত্রী বললেন যে বন্যার সময় কিছু কিছু বাড়ি ভেসে গেছে হাজার হাজার মানুষের জীবন হানি হয়েছে। মুখ্যমন্ত্রী আমাদের উত্তরে বললেন মাত্র ৮১৩ জন লোক মারা গিয়েছে। এখানে অর্থমন্ত্রী বলছেন অজস্র মানুষ মরেছে। এটা সত্য, নাকি মুখ্যমন্ত্রী সেদিন যে বক্তব্য রেখেছেন সেটা সত্য—সেটা তিনি নিশ্চয় তার জবাবি ভাষণে বলবেন। আমাদের রাজ্য এবং অন্য রাজ্যের সঙ্গে যুক্ত হয়ে কেন্দ্রের কাছে দাবি করেছেন, বলেছেন। কিন্তু অন্য কোন কোন রাজ্য এর সঙ্গে আছে সেটা তিনি বলতে পারলেন না। কংগ্রেস শাসিত রাজ্যের সঙ্গে হাত মিলিয়ে নিশ্চিত কেন্দ্রের উপর অনাচার, ব্যাভিচার ইত্যাদি এই সমস্ত ভাষা প্রয়োগ করতে সাহস পেয়েছেন। নিশ্চয় জনতা শাসিত কোনও রাজ্য আপনাদের সঙ্গে হাত মেলায় নি। তিনি অনেক জায়গায় ধমক দিয়েছেন কেন্দ্র যদি রাজি না হয় তাহলে আমরা নোটিশ করে আদায় করব। আমি তাকে একটি তথ্য দিচ্ছি। তিনি সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিয়ে তাদের কাছ থেকে বাহবা নিচ্ছেন। আমি তাকে ১৯৬৯-৭০ সালের একটি তথ্য দিচ্ছি। ঐ সময় অজয়বাবু মুখ্যমন্ত্রী ছিলেন এবং বর্তমান মুখ্যমন্ত্রী তিনি হোম মিনিস্টার ছিলেন। সেদিনকার একটি কথা আমি তুলে ধরছি। সেদিন বলেছিলেন কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেবার ফলে অতিরিক্ত ৯ কোটি টাকা ব্যয় হবে এবং এই বইতে সেই ব্যয় ভার দেখানো হয়েছে। সেদিন সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের হারে মহার্ঘ ভাতা দেওয়া হয়েছিল এবং তাদের সমতুল্য করে দেওয়া হয়েছিল। তাই যদি হয়ে থাকে তাহলে আজকে যে বক্তব্য রেখেছেন, এই দুটোর মধ্যে কোনটা ঠিক সেটা একটু দেখা দরকার। আজকের কথা নয়, ১৯৬৯/৭০ সালের কথা। আজকে আপনার কেন্দ্রের বিরুদ্ধে অনেক কথা বলছেন। সেদিনকার ঐ বাজেটে ছিল কেন্দ্রের কাছ থেকে যত টাকা ঋণ নেওয়া হয়েছিল তা পরিশোধ করতে হবে এবং ৫২ কোটি ৪৮ হাজার টাকা শোধ করা হয়েছিল। আর তার সুদ বাবদ ৩১ কোটি ৪৪ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। ইন্দিরা গান্ধী কেন্দ্রে ছিল বলেই সেদিন শোধ দিয়েছিলেন। আজকে তো ঋণ শোধ দেবার প্রশ্ন নেই, ঋণ নেবার প্রশ্ন এবং অনুদান নেবার প্রশ্ন—তাহলে আজকে অযথা কেন্দ্রের বিরুদ্ধে এই বিষোদ্গার কেন? তাই এই বিষয়ে আপনাদের একটু চিন্তা ভাবনা করতে অনুরোধ জানাচ্ছি। কেন্দ্র অন্য রাজ্য সরকারের সঙ্গে কথা বলুক। আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে বসব না, কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে বসুক এবং কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গে বসে তাদের সিদ্ধান্ত করুক যে কোন খাতে কত টাকা আমরা নেব— এই রকম ঔদ্ধত্যপূর্ণ ভাষা ব্যবহার করতে তিনি সাহস পেয়েছেন। তিনি কেন্দ্রের বিরুদ্ধে হুঁশিয়ারি

দিয়েছেন—তোমরা এসো আমাদের কাছে, কোন খাতে কত টাকা আমাদের লাগবে সেই পরামর্শ অনুযায়ী জানিয়ে দেব, তোমাদের দিতে হবে—এই কথা বলার তিনি সাহস রেখেছেন। তিনি কি জানেন না যে কেন্দ্র তার নিজস্ব গতি এবং শক্তিতে চলে? যতটুকু অনুদান দেবার কেন্দ্র নিশ্চয় তা দেবে এবং দেয়ও এবং আমরা নিই, নিতে বাধ্য। কিন্তু অসঙ্গত দাবি হলে সেটা হয় না। গ্রামের মানুষ সম্পর্কে বলা হয়েছে আমরা অনেক হাসপাতাল নির্মাণ করে দেব। আমি অন্য জায়গার কথা বলব না, কিন্তু মেদিনীপুর জেলায় গত ২ বছরে আপনারা ক'টি হাসপাতাল করেছেন?

তিনটি বাজেট পাস হতে চলল, গত দু' বছরের বাজেটেও একটি হাসপাতাল করতে পারেন নি সরকার। তাহলে কি এগুলি শুধু কাগজে কলমে থাকবে, তা ছাড়া আর কিছু হবে না? স্যার, এইসমস্ত অপদার্থতা ঢাকবার জন্য ওরা এইরকম ৪০ পৃষ্ঠাব্যাপী বাজেট ভাষণ রেখেছেন। ওরা বলেছিলেন, প্রতি বছর দুশো কিলোমিটার করে নতুন রাস্তা করবেন কিন্তু কোথায় সেই রাস্তা? এক মাইল রাস্তাও হয়নি। স্যার, আমাদের তমলুক মহকুমার কথা আমি আপনাকে বলতে পারি যে সেখানে এক কিলোমিটার পাকা রাস্তাও সরকার করতে পারেননি অথচ তারা বলছেন দুশো কিলোমিটার রাস্তা করবেন। যত টাকাই আসুক না কেন ওরা সেই গদ ধরে রেখেছেন যে এই রাস্তা তারা করবেন। তারপর ঐ নরঘাট সেতুর কথাটা বোধ হয় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ভুল করে বাদ দিয়ে গেছেন। বাজেট বক্তৃতায় অন্যান্য সেতুর কথা আছে কিন্তু নরঘাট সেতুর কথা নেই। গল্প হলেও সত্যি, শুনে রাখুন, আমরা অর্থমন্ত্রীর কাছে গিয়েছিলাম এই নরঘাট সেতুর ব্যাপারে কথা বলতে, তিনি বলেছিলেন, না, এটাতে আমাদের কিছু চিন্তা নেই। আমি বলেছিলাম, তাহলে কার চিন্তা? তিনি বলেছিলেন, এটা পঞ্চায়েত করবে। অর্থাৎ নরঘাট সেতু পঞ্চায়েত করবে। একটা হাস্যকর কথা তিনি বলেছিলেন। তিনি অর্থনীতি বিশারদ অর্থমন্ত্রী, তিনি বাজেট পেশ করেছেন কিন্তু সেই বাজেট বই-এর মধ্যে এই নরঘাট সেতুর কথা নেই। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে সেকথা ছিল এবং বলা হয়েছিল অবিরাম গতিতে—দ্রুত গতিতে কাজ এগিয়ে চলছে, যদিও ১৯৭৭ সাল থেকে সেই কাজ বন্ধ হয়ে আছে। যতীনবাবু সেখানে যাবেন বলেছিলেন কিন্তু যান নি। তিন তারিখে যাবেন বলেছিলেন আমাকে, পরে সেটা পরিবর্তন করে ১৩ই জানুয়ারি যাবেন বলেছিলেন কিন্তু তিনি যান নি। জানি না ভয়ে যান নি কিনা। ওরা বলেছেন, গ্রামের জন্য ওরা অনেক দিয়েছেন। স্যার, আপনি জানেন, কেন্দ্রীয় সরকারের কাছে অনেক আবেদন-নিবেদন করা হয়েছিল, অনেক ঝড় বয়ে গিয়েছিল হলদিয়াতে পেট্রো-কেমিক্যালস করার ব্যাপারে। তারপর হলদিয়াতে পেট্রো-কেমিক্যালস করার জন্য এই সরকারকে দায়িত্ব দেওয়া হল, লাইসেন্স দেওয়া হল কিন্তু আজ পর্যন্ত পেট্রো-কেমিক্যালস করা তো দূরের কথা সেখানে জমি পর্যন্ত অধিগ্রহণ করার ক্ষমতা এই সরকারের হয়নি। সেখানেও পার্টিবাজি চলছে। তারপর স্যার, মেদিনীপুরে বিশ্ববিদ্যালয় হবার কথা হয়েছিল কিন্তু এই বাজেট বরাদ্দের মধ্যে মেদিনীপুরের বিশ্ববিদ্যালয় সম্পর্কে কোনও অর্থ ধরা হয়নি। সেটা হবে কিনা তাও

লেখা হয়নি। স্যার, মেদিনীপুরের যে ঐতিহ্য, মেদিনীপুরের যে সংগ্রামী ভূমিকা সেসব ভুলে গেলে চলবে না। মেদিনীপুরকে অবাঞ্ছিত করে রেখে, অবহেলিত করে রেখে কখনও সরকার চলতে পারে না। যে মেদিনীপুরের জন্য দেশ স্বাধীন হয়েছে সেই মেদিনীপুরকে অবহেলিত করে রেখে কখনও দেশ উন্নত হতে পারে না। সেই মেদিনীপুরের বিশ্ববিদ্যালয়-এর যে দাবি সেই দাবি এখানকার সরকার বাতিল করে দিলেন কিন্তু সেখানে ভারত সরকার বলেছে। স্যার, ৪০ পৃষ্ঠাব্যাপী যে ব্যয়বরাদ্দের ভাষণ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় রেখেছেন আমি তার বিরোধিতা করছি এবং বাজেটের বিরোধীতা করছি। জয়হিন্দ।

**Mr. Deputy Speaker :** The House stands adjourned till 1 P.M. on Friday, the 2nd March, 1979.

### Adjournment

The House was accordingly adjourned at 7.29 P.M. till 1.00 P.M. on Friday, the 2nd March, 1979 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 2nd March 1979 at 1.00 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 12 Ministers, 4 Ministers of State and 158 Members.

[1-00 — 1-10 P.M.]

### Adjournment Motions

**মিঃ স্পিকার ঃ** আজকে কোনও প্রশ্নোত্তর বা উল্লেখ নেই। আমি আজ সর্বশ্রী জন্মেজয় ওঝা, এ. কে. এম. হাসানুজ্জামান, প্রদ্যোৎকুমার মোহান্তি, এবং রজনীকান্ত দোলুই এঁদের কাছ থেকে চারটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী ওঝা মরিচঝাঁপির উদ্বাস্তুদের সম্পর্কে বিভ্রান্তিকর প্রচার এবং তাঁদের উপর নির্যাতনের কথা আলোচনা করতে চেয়েছেন। গত ৮।২।৭৯ তারিখে শ্রী সামসুদ্দিন আহমেদ মরিচঝাঁপিতে উদ্বাস্তুদের উপর নির্যাতনের বিষয় একটি মুলতুবি প্রস্তাব দিয়েছেন। কোনও বিষয়ে দৈনন্দিন পরিস্থিতির পরিবর্তনের সঙ্গে সঙ্গে নূতন নূতন মুলতুবি প্রস্তাব দেওয়া যায় না। তাছাড়া গত ৯.২.৭৯ তারিখে মরিচঝাঁপি সম্পর্কে সভায় বিস্তৃত আলোচনা হয়েছে।

দ্বিতীয় প্রস্তাবে শ্রী হাসানুজ্জামান জবর দখল মসজিদ ইত্যাদি উদ্ধারে সরকারের অসম্মতির কথা আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি এখন এমন জরুরি নয় যে এর জন্য সভার কাজ মুলতুবি রাখা যেতে পারে।

তৃতীয় প্রস্তাবে শ্রী মোহান্তি ৮০, ৮০এ, এবং ৮০বি বাস রুটের বাস ওয়ার্কার্স ইউনিয়নগুলিকে কিছু ব্যক্তি কর্তৃক জোরপূর্বক দমন করার সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি আইন ও শৃঙ্খলা জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে।

চতুর্থ প্রস্তাবে শ্রী দোলুই রাজ্যে ট্যাক্সি ধর্মঘট এবং পেট্রোল পাম্পের প্রতীক ধর্মঘটের কথা আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি এমন জরুরি নয় যে এর জন্য সভার কাজ মুলতুবি রাখা যেতে পারে।

উপরোক্ত কারণে আমি চারটি মুলতুবি প্রস্তাবে আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে সদস্য মহাশয়রা ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলো পড়তে পারেন। শ্রী ওঝা ও মোহান্তির প্রস্তাব দুটির মধ্যে আমি শ্রী মোহান্তিকেই অনুমতি দিচ্ছি। কারণ শ্রী ওঝার বিষয়টি পূর্বেই সভায় আলোচিত হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এটা পড়ে দিচ্ছি।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সার্বিক উন্নয়নের একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবি রইল বিষয়টি হল—

কোনও কোনও রাজনৈতিক নেতৃবৃন্দের বিবৃতি, জনসংযোগ এবং চব্বিশ পরগনা জেলা প্রশাসনের সংবাদ প্রচারের ফলে মরিচঝাঁপি সম্পর্কে নানা বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। অন্য দিকে লাঠি, গুলি, টিয়ার গ্যাস, হত্যা, নারী নির্যাতন, পাইকারী গ্রেপ্তার, অবরোধের দ্বারা ওদের বশ করতে না পেরে স্থানীয় লোকদের উত্তেজিত করে তাদের উপর নির্যাতন বৃদ্ধির কৌশল অবলম্বন করা হয়েছে এই অবরোধ তুলে, উদ্বাস্তুদের সঙ্গে এখানে থাকা বা দন্ডকে ফিরে যাওয়া সম্পর্কে আলোচনায় বসা প্রয়োজন।

**শ্রী প্রদ্যোৎকুমার মোহান্তি ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল — ৮০, ৮০এ, ৮০বি রুটের বাস ওয়ার্কার্স ইউনিয়ন একটি রেজিস্টার্ড ইউনিয়ন। গড়িয়াতে এদের রেজিস্টার্ড অফিস। এই ইউনিয়নের সম্পাদক ভীত হয়ে পদত্যাগ করেছেন। সিটুর লোক মারাত্মক অস্ত্রসস্ত্র নিয়ে এই ইউনিয়ন দখল করার চেষ্টা চালাচ্ছে। ইউনিয়ন সদস্যদের চাঁদা দিতে বারণ করছে এবং ইউনিয়ন চালু রাখা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। এই রাজ্যে ট্রেড ইউনিয়ন অধিকার বাহত হচ্ছে ও আইন শৃঙ্খলার অবনতি হয়েছে।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** গত আমার ৪৭ নং প্রশ্নোত্তরের সময় সরকার তরফ থেকে বলা হল যে আইনানুগ কোনও ব্যবস্থা নেওয়া সম্ভব নয়, আমি সরকারের কাছে জিজ্ঞাসা করছি, তাহলে এই দায়িত্বটা কার? এই রকম করলে কি সেকুলারিজম থাকবে?

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল — স্পেয়ার পার্টসের দাম বাড়ার ফলে কলকাতায় অনির্দিষ্ট কালের জন্য ট্যাক্সি ধর্মঘট শুরু হয়েছে। পেট্রোল পাম্পও খোলা থাকছে না। হাই স্পীড ডিজেল এর দাম বাড়ার ফলে আগামী রবিবার থেকে বাস, মিনিবাস, ট্যাক্সি, ট্রাক ও পেট্রোল পাম্পগুলি এক সাথে ধর্মঘটের সামিল হওয়ার কথা ভাবছে। পশ্চিমবঙ্গে পরিবহন ব্যবস্থার এক সাংঘাতিক সঙ্কট ঘনিয়ে আসছে। এই ধর্মঘটের ফলে গ্রামীণ অর্থনীতির উপরও এক চরম আঘাত পড়বে। পশ্চিমবঙ্গের মানুষকে এই অবর্ণনীয় কষ্টের হাত থেকে মুক্তি দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অসহনীয় অবস্থা কলকাতায় যা বিরাজ করতে যাচ্ছে, এই পরিপ্রেক্ষিতে আমি মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে আমি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী অশোককুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি একটা স্টেটমেন্ট করতে যাচ্ছেন, এটা চলবে কি না?

**মিঃ স্পিকার :** এই রকম ভাবে স্টেটমেন্ট করবেন না, এটা চলে না।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আমি স্টেটমেন্ট করছি না, আমি শুধু পরিবহন মন্ত্রী মহাশয়কে একটা বিবৃতি দেওয়ার জন্য রিকোয়েস্ট করছি।

## Calling Attention To Matters Of Urgent Public Importance

[1-10 — 1-20 P.M.]

**অধ্যক্ষ মহোদয় :** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা :—

| | |
|---|---|
| ১। মেদিনীপুর জেলায় কিছু সংখ্যক বিদ্যালয়ে পুষ্টি প্রকল্পের অধীন শিশুদের মধ্যে রুটি বিতরণ ব্যবস্থা। | : শ্রী বলাইলাল দাস মহাপাত্র। |
| ২। বি. কম কোর্সের কলেজের অভাব। | : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার। |
| ৩। খুন ইত্যাদি ঘটনা বৃদ্ধি সম্পর্কে মুখ্যমন্ত্রীর নীরবতা। | : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার। |
| ৪। বিধানসভাকে না জানিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয় নিয়ে তদন্ত কমিশন গঠনের সিদ্ধান্ত। | : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার। |
| ৫। পেট্রোল ও ডিজেলের প্রস্তাবিত মূল্যবৃদ্ধির জন্য যানবাহনের অনিশ্চয়তা। | : শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান। |
| ৬। আন্দোলনের ফলে ধর্মঘট। | : শ্রী কৃষ্ণনাথ রায় এবং শ্রী সামসুদ্দিন আহমেদ। |
| ৭। ডায়মন্ড হারবারে হোটেলে মহিলার মৃতদেহ। | : শ্রী কৃষ্ণদাস রায় এবং শ্রী সামসুদ্দিন আহমেদ। |

৮। রেশনে রেপসিড সরবরাহ বন্ধের আশঙ্কা। : শ্রী রজনীকান্ত দোলুই।

৯। মেদিনীপুর কেশপুর ব্লকের গ্রাম পঞ্চায়েতগুলিতে দলবাজি। : শ্রী রজনীকান্ত দোলুই।

১০। ক্রমবর্দ্ধমান চুরি, ডাকাতি, খুন ইত্যাদির ফলে মানুষের নিরাপত্তার অভাব। : শ্রী রজনীকান্ত দোলুই।

১১। পূজার সময় ভয়ানক বিদ্যুৎ ঘাটতির আশঙ্কা। : শ্রী রজনীকান্ত দোলুই।

১২। ২২।১২।৭৮ এ উত্তরপাড়া থানা এলাকায় জনৈক বলাই হাজরার খুন। : শ্রী রজনীকান্ত দোলুই।

১৩। ১৩ই ফেব্রুয়ারি ক্যানিং স্ট্রিটের ২টি গাড়ি থানা থেকে উধাও। : শ্রী রজনীকান্ত দোলুই।

১৪। গণতান্ত্রিক আন্দোলনে মেদিনীপুরের ময়নাতে কংগ্রেস(ই) কর্মীদের উপর সি পি. এম.-এর হামলা। : শ্রী রজনীকান্ত দোলুই।

১৫। উৎপাদিত সব্জীর মূল্যের অধোগতি ও চাষীদের ক্ষতি। : শ্রী রজনীকান্ত দোলুই।

১৬। কলকাতার পরিবহনের দুরবস্থা। : শ্রী রজনীকান্ত দোলুই।

১৭। মুর্শিদাবাদ লালবাগে জগৎ শেঠের টাঁকশাল ও লকারের সন্ধান। : শ্রী রজনীকান্ত দোলুই।

18. Resentment among the Tannery Workers on the recent orders of the Labour Department. : Shri Sumanta Kumar Hira.

19. Alleged reign of terror at Porulda in Midnapur district : Shri Krishnadas Roy and Shri Rajani Kanta Doloi.

20. Alarming expansion of foreign espionage in and around Calcutta. : Shri Sandip Das.

21. Rising prices of essential commodities. : Shri Rajani Kanta Doloi.

22. Principals 'procession to Writers' Buildings : Shri Rajani Kanta Doloi.

23. Taxi strike in Calcutta To-day. : Shri Rajani Kanta Doloi.

24. Arrest of Mr. Martin of Mc. Lood Company. : Shri Rajani Kanta Doloi.

**অধ্যক্ষ মহাশয় ঃ** আমি মেদিনীপুর জেলার কিছু সংখ্যক বিদ্যালয়ে পুষ্টি প্রকল্পের অধীন শিশুদের মধ্যে রুটি বিতরণে অব্যবস্থা বিষয়ের উপর শ্রী বলাইলাল দাস মহাপাত্র কর্তৃক আনীত নোটিশটি মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** ১২ তারিখে উত্তর দেওয়া হবে।

## STATEMENT ON CALLING ATTENTION

**অধ্যক্ষ মহাশয় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে ট্রান্সমিশন লাইনের অভাবে হলদিয়ায় প্রস্তাবিত গ্যাস টারবাইন বসানো সত্ত্বেও বিদ্যুৎ সরবরাহে অনিশ্চয়তার অভিযোগ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি। শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ও শ্রী জন্মেজয় ওঝা ১২ই ফেব্রুয়ারি, ১৯৭৯ তারিখে উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে আমি গ্যাস টারবাইন এবং হলদিয়া থেকে কলকাতায় বিদ্যুৎ আসার ব্যাপারে একটি বিবৃতি দিচ্ছি।

বর্তমানে কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় ৫০-১৫০ মেগাওয়াট পর্যন্ত বিদ্যুৎ ঘাটতি রয়েছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার মোট ১০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ৫টি গ্যাস টারবাইন সেট বসানোর সিদ্ধান্ত নিয়েছেন। স্বল্প সময়ে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করবার একমাত্র উপায় হল গ্যাস টারবাইন সেট বসানো যেগুলি এক বছরের মধ্যে চালু করা যায়। তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলি চালু করতে কমপক্ষে ৪-৫ বছর সময় প্রয়োজন।

কলকাতার নিকটস্থ কসবায় ২টি হলদিয়ায় ২টি এবং শিলিগুড়িতে একটি সেট বসানোর সিদ্ধান্ত হয়েছে। কসবায় গ্যাস টারবাইন কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পর্ষদের মূল ট্রান্সমিশন লাইনের সহিত যোগ করার কাজ চলছে। হলদিয়া থেকে কলকাতায় সরাসরি বিদ্যুৎ পরিবহনের জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের কোনও লাইন বর্তমানে নাই। কিন্তু

এই কেন্দ্রটি নির্বাচিত করার সময় স্থির করা হয়েছে যে বর্তমানে ডি. ভি. সি. লাইনের মাধ্যমে হলদিয়া থেকে কলকাতা পর্যন্ত বিদ্যুৎ আনা হবে। এই সঙ্গে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদের কোলাঘাট-হাওড়া ২২০ কে. ভি. লাইনের কাজ চলছে। হলদিয়া থেকে ডি. ভি. সি. লাইনের মাধ্যমে বিদ্যুৎ পরিবহনের ব্যাপারে ডি. ভি. সি.-র সহিত বোঝাপড়া হয়েছে।

আশা করা যায় কসবা ও হলদিয়ায় ও শিলিগুড়িতে গ্যাস টারবাইন কেন্দ্র থেকে বিদ্যুৎ উৎপাদন আগস্ট মাস, ১৯৭৯ নাগাদ শুরু হবে।

হলদিয়া ও কসবায় উৎপাদিত বিদ্যুতের সাহায্যে কলকাতা ও পার্শ্ববর্তী এলাকার বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতির উন্নতি হবে বলে আশা করা যায়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় জানাতে চাইছি — যদিও আজকে মেনশন নেই তবুও আপনি আমাকে যে সময় দিয়েছেন তারজন্য আমি কৃতজ্ঞ। কোতলপুরের কাঁটাশী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রী শান্তিনাথ পাত্র আজ বিষ্ণুপুর হাসপাতালে মৃত্যুমুখী। কি তার অপরাধ? সি. পি. এম. দলের কৃষক সম্মেলনের জন্যে একশত একান্ন টাকা চাঁদা দিতে অসামর্থতা প্রকাশ করা। এরই জবাবে ঐ দলের একটি গুন্ডা বাহিনী লাল ঝান্ডাসহ ২২।২।৭৯ তারিখে একজন নব নির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধির নেতৃত্বে শ্রী পাত্রের এবং ঐ বিদ্যালয়ের অপর দুজন শিক্ষকের উপর চড়াও ও তারপরই শিক্ষকদের মারধোর করেছে। গ্রামের লোক হাসপাতালে তাদেরকে রিমুভ করেছে। আমি এই ব্যাপারে একটি হ্যান্ড বিল পেয়েছি এবং সেটা আপনাকে দিচ্ছি। আপনি দয়া করে ব্যবস্থা গ্রহণ করবেন।

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী বিনয় ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন সেই সম্বন্ধে আমি দু-চারটি কথা বলতে চাই। আমরা সাধারণ ভাবে বাজেট পর্যালোচনা করি গত বছরের বাজেট পারফরমান্স এবং এই বছরের বাজেটের দৃষ্টিভঙ্গির উপর দিয়ে বেস করে আমরা সমালোচনা করি। কিন্তু বাজেটের দুই-তৃতীয়াংশ পড়ে মনে হল যেন আমরা ভানুমতির খেল দেখছি। কোথাও আমাদের অর্থ মন্ত্রী যেন সমস্ত পূর্বাঞ্চলের বাজেট পেশ করেছেন বলে মনে হচ্ছে, কোথাও বা সমস্ত ভারতবর্ষের সমস্ত স্টেটের মুখপাত্র হয়ে তিনি গদা হস্ত হয়ে সেন্ট্রালের বিরুদ্ধে সংগ্রামে লিপ্ত হয়ে পড়ছেন আবার কোথাও বা দেখছি যে তিনি কেন্দ্রের সঙ্গে সহযোগিতা করবার জন্য তার প্রসস্থ হাত বাড়িয়ে দিচ্ছেন।

[1-20 — 1-30 P.M.]

এটা একটা অদ্ভুত ব্যাপার। তারপর যেসব জায়গায় তিনি বলেছেন লোকসান হচ্ছে

আর্থিক সমস্যার সমাধান করতে পারেন নি, সেইসব জায়গায় সমালোচনা অন্তর্হিত আছে, সেইজন্য সেইসব বিষয় বলবার কিছু নেই। তিনি যেসব জায়গায় নূতন ট্যাক্স ধার্য করেছেন তার ২-১ জায়গার সম্বন্ধে বলেছেন আমরা আইন করে এমন ব্যবস্থা করব যাতে করে ইন্সিডেন্টস অফ ট্যাক্স ক্রেতার উপর না পড়ে, আজ পর্যন্ত এমন কোনও আইন হয় নি যাতে করে ইন্সিডেন্টস অফ ট্যাক্স অন্য জায়গায় শিফট করেছে। এইসব কথার মধ্যে দুটি জায়গায় তিনি কৃতিত্বের দাবি করে বলেছেন বন্যার মোকাবিলা এবং কৃষিক্ষেত্রে — বনবিভাগের উপরও দু-একটি কথা বলেছেন এবং দু-একটি জায়গায় কিছু কিছু আলোকপাত করেছেন। আমি প্রথমে বন্যা সংক্রান্ত ব্যাপারে বলব। সরকার রাজ্যপালকে দিয়ে বলিয়েছিলেন যে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষক ও ভাগচাষীর সাহায্যার্থে গত কয়েক মাসের মধ্যে বীজ, সার এবং কীটনাশক ঔষুধ ১৫ লক্ষ টন বিতরণ করা হয়েছে কিন্তু অর্থমন্ত্রী [**] বলেছেন বীজ, সার ইত্যাদির মিনিকীট চাষীদের মধ্যে প্রচুর পরিমাণে বিতরণ করা হয়েছে, ফলে গত বছর ৪৫ লক্ষ একরের চেয়ে এ বছর ৬৯ লক্ষ একরে রবি ও গ্রীষ্মের ফলন আশা করা যাচ্ছে। তিনি কোনও স্ট্যাটিস্টিক দেন নি, আমি এটা পরিসংখ্যান দিয়ে বলছি আজ পর্যন্ত ১৫ লক্ষ মিনিকীট গিয়ে পৌছায় নি। আমি খুব দূরের এক্সজামপল দিচ্ছি না, কলকাতার খুব কাছের জায়গার কথাই বলছি। আমি ভাঙ্গরের কথাই এখানে বলি।

**মিঃ স্পিকার ঃ** উনি মিথ্যা ভাষণ যেটা বলেছেন, This should be shown off from the record.

**শ্রী বিনয় ব্যানার্জি ঃ** ভাঙ্গরে ৫০০ মিনিকীট ভাঙ্গর লার্জ সাইজ কো-অপারেটিভ সোসাইটিতে পড়ে আছে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** স্যার, আমার একটা প্রিভিলেজ হচ্ছে ওঁর ঐ কথাটা আপনি এক্সপাঞ্জ করতে বলেছেন, কিন্তু ওঁর উচিত উইথড্র করা।

**শ্রী বিনয় ব্যানার্জি ঃ** এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসার বলেছেন —

The allotment of miniket seeds and summer vegetable seeds vide P. A. O's Memo. No. 172(29) dt. 25.1.79 and 108(29) dt. 17.1.79 respectively may kindly be treated as surrendered as per resolutions of Panchayet Samity on 23.2.79.....

এটা আপনাদের ডিপার্টমেন্টেরই খবর, এমন কি চীফ মিনিস্টারের এলাকা বজবজ টুতে পঞ্চায়েত রেজলিউশন করে মিনিকীট ফেরৎ দিয়ে দিয়েছে। মূল মিনিকীট এখন পর্যন্ত চাষীর কাছে যায় নি। যেসব ভেজিটেবল মিনিকীট গেছে সেসব ও তারা ফেরৎ দিয়ে দিচ্ছে। যেমন জয়নগর ও মুখ্যমন্ত্রীর জায়গা বজবজ টু থেকে ফেরৎ এসেছে অসময়ে দেওয়া হয়েছে বলে। মিনিকীট কিভাবে দিলেন সেটা একটু চিন্তা করা দরকার। মিনিকীট কি এবং তার ডেফিনেশন কি সেটা জানা দরকার, —

---

** Note Expunged as order by the chair

A minikit contains all the materials that are required for cultivation, that is, it contains fertilizers; pesticides, etc.

তিনি একটা কথা বলেছেন যে ফেব্রুয়ারি থেকে ১৯৭৮ সালের জানুয়ারি পর্যন্ত রাসায়নিক সারের পরিমাণ ছিল ১৭৮.১৪৬ এই স্ট্যাটিস্টিক্স একটা জালিয়াতি। ইকনমিক রিভিউতে যে সীড টেবল ফাইভ টু টেন দেওয়া হয়েছে। আমি যেটা বলছি তার দলিল আমার কাছে আছে। তা ছাড়া ফার্টিলাইজার মিনিকীট এল. পি. কে. যার সাধারণ রেশিও ২১১ এটা ভাল ৪১১ তেও হয়। বছরে প্রথম থেকে ৬ মাস আপনাদের পি স্টকে ছিল না। সকলের আগে 'কে' ছিল না। এছাড়া আছে অ্যাডালট ভ্যাজাল ফার্টিলাইজার। আপনি যখন খানাকুলে গিয়েছিলেন তখন সমস্ত চাষীরা ঘেরাও করে আপনাকে এই ভ্যাজাল সার দেখানোয় আপনি একটা এনকোয়ারির ব্যবস্থা করেছিলেন, সেই এনকোয়ারিতে কি হল তা কেউ জানে না। এ. সেনগুপ্ত, অনিল অ্যান্ড কোম্পানি, পি-১৩ মিশন রো, তখন বললেন —

With the full knowledge of the Government.

এটা অ্যাডালটারেটেড করা হয়েছে। মন্ত্রী মহাশয় বলেছেন যে প্রায় ৮০ লক্ষ একর জমি বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে।

[1-30 — 1-40 P.M.]

এটা হচ্ছে ১২.১০.৭৮ তারিখের প্রিলিমিনারী রিপোর্টের খবর। তারপর সমীক্ষা করা সম্ভব ছিল না। কিন্তু পরে দেখা গেল যে এর এক তৃতীয়াংশ কম পড়ে যাচ্ছে অর্থাৎ এক তৃতীয়াংশ বেশি ধরা হয়েছে। সেই ফলস স্ট্যাটিস্টিক্স আমাদের কাছে বাজেটে পরিবেশিত হয়েছে। আর যেসব জিনিসের কোনও দরকার নেই সেইসব জিনিস নিয়ে অত্যন্ত হৈ চৈ করা — পার্লামেন্টের মাননীয় সদস্য শ্রী জ্যোতির্ময় বসু হঠাৎ বললেন যে ধানের অভাব, তিনি বিহারে হৈ চৈ আরম্ভ করলেন, উড়িয়া থেকে ২০০ মেট্রিক টন ধানের তিনি ব্যবস্থা করলেন। তারপর এর বিরাট পাবলিসিটি দেওয়া হল। ঠিক এই সময়ে যে সময়ে তিনি হৈ চৈ করছেন সেই সময়ে বজবজ পঞ্চায়েত নাম্বার ১, সেই পঞ্চায়েত সমিতির মাধ্যমে ধান ফেরৎ দেবার প্রস্তাব করে পাঠান। এই সম্বন্ধে গভর্নমেন্ট ডিপার্টমেন্ট কি বলছে সে সম্বন্ধে দু-একটা কথা আমি পড়ছি। এটা লিখেছেন —

R. B. Saha, sub-Divisional Agricultural Officer, Alipore (Sadar),

To the Joint Director of Agriculture, Alipore Range,

17, S. P Mukherjee Road, Calcutta - 25.

In reference to your memo. as above, I am to inform you that there is no dearth of Boro Paddy Seeds in Alipore Sub-division. There was an allotment of 160 - M. Ts. of seeds under Minikit Schemes and 15. 8 M. Ts. of seeds under Community Nursery Scheme. The total

quantity of Paddy seeds have already been made available to the cultivators at Block Level. In addition to the departmental supply of Paddy seeds normal trade channel has also imported sizeable quantity of suitable varieties of H. Y. V. Boro Paddy seeds.

In the course of my tours to the blocks of my sub-division I ascertained from A. E. Os. and farmers that there was no livelihood for boro cultivation to suffer for dearth of seeds

However, as instructed by you over phone, I contacted some of the prominent M. L. As. such as Shri Niranjan Mukherjee, Shri Sundar Naskar and discussed the matter with them. They also share my views and are of opinion that there is no necessity for importing any further quantity of Boro Paddy seeds from Orissa at this stage.

এই হচ্ছে আপনার ডিপার্টমেন্টের খবর। সেইজন্য যে ফলস স্ট্যাটিস্টিক্স বলেছি সেটা একটুও অসত্য কথা বলি নি। অর্থমন্ত্রী বলেছেন যে সেন্ট্রালি স্পন্সোর্ড স্কীমের অবসান ঘটানো দরকার, এটা ঘটানো অত্যন্ত প্রয়োজন, না হলে লুটেপুটে খাওয়ার সম্ভাবনা খুব কম। তার কারণ সেন্ট্রাল গভর্নমেন্টকে একটা হিসাব দিতে হয়। আমি এই সম্বন্ধে একটা তথ্য আপনাদের কাছে তুলে ধরছি। ২৫.৪.৭৭ তারিখে পশ্চিমবঙ্গ সরকার সেন্ট্রাল গভর্নমেন্টকে অনুরোধ করলেন —

Under the scheme of Pilot project of amendment of Acid soils of Midnapore for the benefit of 6000 hectors.

টাকা চাই, টাকা এল, সবই চুপচাপ করে বসে থাকল, কিন্তু মুশকিল হল কি আমাদের বঙ্কিম মাইতি মহাশয় শুনেছিলেন যে সয়েল অ্যামেন্ডমেন্টের টাকা এসেছে, কিন্তু কোথাও কাজ  দেখতে পেলেন না। তাই তিনি জিজ্ঞাসা করলেন একটা প্রশ্ন মন্ত্রী মহাশয়কে যে কোথায় কাজ হচ্ছে?

তিনি বললেন কাজ আরম্ভ হয়ে গেছে। এদিকে কেন্দ্রীয় সরকারের তাগাদা আসতে লাগল এবং তখন মন্ত্রী মহাশয় অনন্যোপায় হয়ে বাজেটের শেষ দিন টেলেক্স করে কেন্দ্রীয় সরকারকে জানালেন ৫ হাজার জমির অ্যাসিড সয়েল অ্যামেন্ডমেন্ট হয়ে গেছে। কিন্তু সেদিন পর্যন্ত টাকা তোলা হয় নি, শেষের দিনে টাকা তোলা হল এবং সেই টাকা তুলে কি করল, না অ্যাগ্রো ইন্ডাস্ট্রিস কর্পোরেশনের হাতে সব টাকা তুলে দিলেন। তারা অনেক দিন বিনা লাইসেন্সে ব্যবসা করেছে এবং অন্যান্যদের কম দাম থাকা সত্ত্বেও তাদেরই দেওয়া হল। সে নিজে ম্যানুফ্যাকচার করে না, এই প্রদেশ, ওই প্রদেশ থেকে কিছু মাল নিয়েছে। এই হল তার অবস্থা। তারপর, সেই পরিমাণ টাকা আবার ১৯৭৮/৭৯ সালে এসে হাজির হল, কিন্তু সেই টাকা আজ পর্যন্ত স্পর্শ করা হল না। অ্যাগ্রো ইন্ডাস্ট্রিস কর্পোরেশন যাদের দেবার ক্ষমতা

নেই তাদেরই দেওয়া হল এবং এই যে দেওয়া হল এটা অত্যন্ত সন্দেহজনক ব্যাপার। এসব কথা ছেড়ে দিয়ে এবারে আমি অর্থমন্ত্রীর কথা বলি। তিনি বলেছেন, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না। আমি তাঁকে বলছি, আপনি আচরি ধর্ম পরকে শেখাও। আপনি জানেন বোম্বের যে অকট্রয় ডিউটি সেটা বোম্বে স্টেট গভর্নমেন্টের হাতে নয় — দিস ওয়াজ হ্যান্ডেড ওভার। ঠিক ওই রকম মাদ্রাজ এবং দিল্লিতে রোড ট্যাক্সের ওই একই অবস্থা এবং অ্যামিউজমেন্ট ট্যাক্সের অবস্থাও তাই। বোম্বে, মাদ্রাজ, বাঙ্গালোর প্রভৃতি জায়গায় এমপ্লয়মেন্ট ট্যাক্স রয়েছে। অর্থমন্ত্রী বলছেন, কেন্দ্রীয় সরকার টাকা দাও, টাকা দাও। কেন্দ্রীয় সরকার যদি টাকা দেয় তাহলেই বা কি হবে? আপনার মানসিকতা ডেভেলপ করা দরকার। তারপর, আর একটা জায়গায় দেখলাম মুখ্যমন্ত্রী পুলিশ খাতের ব্যয় বরাদ্দ বাড়িয়েছেন। পুলিশ খাতে যে টাকা বাড়িয়েছেন তার একমাত্র কারণ দেখছি পুলিশ কমিশনার বলেছেন তাঁর স্টেটমেন্টে খুন, রাহাজানি, মারামারির সংখ্যা বেড়েছে। স্যার, ট্রেজারি থেকে অস্ত্রসস্ত্র চলে গেছে এই খবর আজ পর্যন্ত আমরা পাই নি। কিন্তু এখন দেখছি এইসব অস্ত্রসস্ত্র চলে যাচ্ছে এবং এগুলি কোথায় গেল তার কোনও হদিশ নেই। এর কারণ হচ্ছে সরকার এবং পুলিশের চোখের সামনে আজকে কলকাতায় বিভিন্ন অস্ত্রাগার তৈরি হয়েছে এবং তারা এয়ার রাইফেল তৈরি করছে। এটা করতে হলে কেন্দ্রীয় সরকারের পার্মিশন চাই এবং তার জন্য পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে লিখতে হয়।

[1-40 — 1-50 P.M.]

সেই পার্মিশন পেলে অস্ত্রাগার নির্মাণের পার্মিশন পাওয়া যায়, আমি কতকগুলি নাম বলে দিচ্ছি দেখবেন কলকাতার বুকের উপর অস্ত্র তৈরি করবার ব্যবস্থা করা হয়েছে এবং সেটা আপনাদের জ্ঞাতসারেই হচ্ছে। আমি নাম বলে দিচ্ছি।

M/s. Susanta Das & Brothers,
3, Banerjee Para Road,
Behala, Calcutta - 61.

M/s. United Trading Agency,
15A, Paluar Bazar Road, Calcutta - 15.

M/s. Jolly & Co.,
89, Becharam Chatterjee Road,
Behala, Calcutta - 34.

M/s. Hunter Enterprise,
33/6B, Nazir Lane, Kidderpore.

Also repairs fire arms without any licence

M/s. Tom Industries,
10, Rabindra Sarani, Calcutta - 1.
&
29, Robert Street, Calcutta - 12.

M/s. G. C. Das & Co.,
171/C, Dharmatolla Street, Calcutta - 13.
&
2, Maikel Dutta Street, Kidderpore

M/s. I. S. W. gums Private Ltd.,
10, K. K. Roy Chowdhury Road, Behala.

Shri Sakti Das,
22, Ramgopal Pal Lane,
Behala.

M/s. G. N. W. Products,
21/2, Chanditala Main Road, Behala.

M/s. Ashok Industries,
Narua, Chandannagore, Hooghly.

M/s. A. Mico Industries,
Bhupen Bose Avenue, Calcutta.

এছাড়া আরও আছে, এরা দেশের মধ্যে অস্ত্র তৈরি করছেন, সরকারের অলিখিত অনুমোদন ছাড়া এবং সরকারের সাহায্য ছাড়া সমর্থন ছাড়া এটা কিছুতেই সম্ভব নয়। অস্ত্র চুরি যাচ্ছে আবার সেটা জমা হচ্ছে আবার অস্ত্র তৈরি হচ্ছে সুতরাং এই বাজেট অসত্য স্ট্যাটিস্টিক্সের উপর রাখা হয়েছে, সুতরাং এই বাজেট সমালোচনা করা আমাদের পক্ষে সম্ভব নয়, যদি কেউ করেন তাহলে তিনি মুর্খের স্বর্গে বাস করছেন।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হাতে একখানা বই রয়েছে

তাতে ৩৯ পৃষ্ঠা আছে, এর মধ্যে ১৩ পৃষ্ঠা ব্যাপী আমি শুধু জেহাদের শুর শুনছি। কেন্দ্র দিচ্ছে না, শুধু এই জেহাদ, অবশ্য এক জায়গায় তিনি বলেছেন সকলেই জানেন গত ২৭ বছরে পরিকল্পনার নামে অনেক কিছু করার কথা বলা হয়েছে, তৎ-সত্ত্বেও গোটা দেশের আর্থিক অগ্রগতির হার শোচনীয়। এই দীর্ঘ সময়ে মাথা পিছু বার্ষিক আয় বৃদ্ধির হার শতকরা একের বেশি হবে কিনা সন্দেহ। এটা তিনি স্বীকার করেছেন।

উন্নতি যতটুকু ঘটেছে তাতে বিভিন্ন অঞ্চলে রাজ্য শ্রেণীতে অসমভাবে হয়েছে। কারণ অতি সরল। তিনি বলতে চাচ্ছেন জেহাদ, জেহাদ কেন বলতে চাচ্ছেন? রাজ্যের সামাজিক, রাজনৈতিক কাঠামোর কথা যদি ছেড়েও দিই, অগ্রগতির হতাশাজনক হার এবং তার অসম বন্টন অন্যতম মূল হেতু বলা যেতে পারে এই সময়ে গড়ে ওঠা কেন্দ্র-রাজ্য সম্পর্কের চরিত্র। স্যার, এখানেই জেহাদের শুরু, আবার তিনি বলছেন, এই চরিত্র গড়ে উঠেছে সংবিধানের বিশেষ কয়েকটি ধারার ফলে, এবং দীর্ঘকাল কেন্দ্রে যাঁরা ক্ষমতায় আসীন ছিলেন তাঁদের সংবিধানকে সঙ্কীর্ণ স্বার্থে ব্যবহার করার ফলে — সংবিধান যেখানে লেখা আছে সেখানে কি করে সঙ্কীর্ণ স্বার্থে ব্যবহার করা যায় আমি জানি না, তিনি আবার উচ্চারণ করছেন, যদি এই কেন্দ্র রাজ্য সম্পর্কের পরিবর্তন করে সম্পদ বিন্যাসের এবং প্রশাসনিক সিদ্ধান্তের ক্ষমতা আশু বিকেন্দ্রীভূত করা না হয়, তাহলে অবস্থা আয়ত্তের বাইরে চলে যাবে বলেই আমাদের আশঙ্কা। ফলে দেশের বিভিন্ন অংশে ভারসাম্য নষ্ট হবে, সামাজিক ও রাজনৈতিক বিক্ষোভও ঘনীভূত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি সুর শোনা যাচ্ছে? জেহাদের সুর শোনা যাচ্ছে। আবার তাঁর কথার মধ্যে কিছু যৌক্তিকতা না আছে তা নয়, তিনি এখানে পরিসংখ্যান দিয়ে বলেছেন এই রাজ্যের চাহিদা পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রয়োজনে ৪,৫০০ কোটি টাকা কিন্তু ১৯৭৮-৮৩ সাল পর্যন্ত বরাদ্দ হয়েছে মাত্র ২১০০ কোটি টাকা। তিনি পরিসংখ্যান দিয়ে বুঝাবার চেষ্টা করেছেন তাতে কিছু যুক্তি আছে, ১৯৭৯-৮০ সালের জন্য চেয়েছিলেন ৫৩১ কোটি টাকা কিন্তু কমিশনের মতে নাকি দাঁড়িয়েছে মাত্র ৩৭০ কোটি টাকা। অবশ্য এই কথা যদি সত্য হয় এবং তিনি একথাও বলেছেন যে এমন রাজ্য আছে যার লোকসংখ্যা পশ্চিম বাংলার চেয়ে কম তাকে নাকি দ্বিগুণ দেবার কথা হয়েছে, সত্য যদি এইগুলি হয় নিশ্চয়ই সেখানে আমরাও অর্থমন্ত্রীর সঙ্গে আছি কিন্তু যুদ্ধ করে নয়। বিকেন্দ্রীভূত করে হোক, রাজনৈতিক সমন্বয় করে হোক, কিন্তু বিচ্ছিন্নতাবাদ যদি এর সঙ্গে দেখি তাহলে তার সঙ্গে আমরা নেই। আবার আর এক জায়গায় বলা হয়েছে, ৭ম কমিশনের যে প্রতিবেদন তাতে দেখতে পাচ্ছি ১৯৭৯-৮৪ সাল পর্যন্ত কেন্দ্রীয় রাজস্ব আনুমানিক ৮০,১২৬ কোটি টাকা কিন্তু তা থেকে রাজ্যগুলিকে হস্তান্তর করার টাকার পরিমাণ মাত্র ২০,৯০৫ কোটি টাকা। অর্থাৎ এক চতুর্থাংশ, এটাতে অর্থমন্ত্রী মহাশয়ের সঙ্গে আমরা নিশ্চয়ই সহযোগিতা করতে প্রস্তুত আছি কিন্তু যুদ্ধংদেহী মনোভাব নিয়ে বা রাজনৈতিক কোনও উদ্দেশ্য সাধনের জন্য নয়। বাজেটে এবং কাগজে আমরা বড় বড় হরফে লেখা দেখছি যে কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়া হবে, নিশ্চয়ই হোক, সকলে পাক, কিন্তু আমরা নূতন একটা জিনিস দেখতে পাচ্ছি যেটা স্থানীয় কর্তৃপক্ষ করছেন প্রফেশনাল ট্যাক্স। প্রফেশনাল ট্যাক্স বলতে স্টেট লেভেলে আমরা দেখি নি ও স্বায়ত্ব শাসন যেগুলি থাকত তারা কিছু কিছু এই ট্যাক্স আদায় করত।

[1-50 — 2-00 P.M.]

কিন্তু এখানে যে হার দেখছি তাতে এক হাতে যেমন দিলেন তেমনি অন্য হাতে কুড়িয়ে নিলেন। এই বইয়ের ভিতর দেখছি ৫০১ থেকে ৭৫০ টাকা মাসিক আয় হলে তাকে দিতে হবে, কর ২ টাকা মাসে, ৭৫১ থেকে ১০০০ টাকা উপার্জন হলে মাসে দিতে হবে কর ৪ টাকা, ১০০১ থেকে ১২৫০ টাকা মাসিক আয় হলে তাকে দিতে হবে, মাসে ৬ টাকার কর, ১২৫১ থেকে ১৫০০ টাকা আয় হলে কর দিতে হবে ১০ টাকা, ১৫০১ থেকে ২০০০ টাকা পর্যন্ত আয় হলে মাসে দিতে হবে কর ১৫ টাকা আর ২০০১ টাকার উর্ধ্বে মাসিক উপার্জন হলে তাকে দিতে হবে ২০.৮৩ টাকা বা বছরে ২৫০ টাকা। এখন এই যে আয়ের পরিমাণ কিভাবে ধরবেন? সেটা কি বেসিক পে ধরে না কি সব কিছু ধরে যে গ্রস ইনকাম হয় তার উপর? যদি বেসিক পে ধরে ট্যাক্স করেন তাহলে এক কথা, আর যদি সব কিছু ধরে আয় ধরা হয়, তাহলে সেটা অন্য কথা। এ বিষয়ে খুলে না বলে আমাদের বিভ্রান্ত করেছেন। যদি ধরা হয় যে সমস্ত কিছু ধরেই এই আয়, তাহলে অধিকাংশ সরকারি কর্মচারীকেই এবং বিভিন্ন বে-সরকারি সংস্থাতে বা এই রকম যেখানে কাজ কর্ম করে সেই সব বিভিন্ন কর্মচারিদের সকলকেই এই করের বোঝা বহন করতে হবে। এতে দেখা যাচ্ছে ন্যূনতম বছরে ২৪ টাকা করে কর দিতে হচ্ছে, তার উপর যারা তাদের স্ল্যাব অনুযায়ী কর দিতে হবে এবং প্রত্যেকের ঘাড়েই এই করের বোঝা পড়ছে। এটা একটা নূতন জিনিস বলে এত বললাম।

তারপরে আমি গতানুগতিক পুরানো সেলস ট্যাক্স সম্বন্ধে বলি। বিভিন্ন গ্রুপ আছে, সেটা কি গ্রুপ ওয়াইজ হবে? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কোন গ্রুপের কোন ধারায় কি কি দ্রব্য পড়ছে সেটা উল্লেখ করেন নি। হয় প্রত্যক্ষ না হয় পরোক্ষ কর বৃদ্ধি করলেন, সেটা কার ঘাড়ে গেল? প্রত্যেক মানুষের ঘাড়েই পড়বে, সাধারণ মানুষ — মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, নিম্ন শ্রেণীর সাধারণ মানুষ যারাই কেনা বেচা করে, যে শ্রেণীর আপনারা প্রতিনিধি বলে বলেন, তাদেরকে বহন করতে হচ্ছে। আপনি এক দিকে বলছেন বহন করার ক্ষমতা নাই, অপর দিকে তাদের ঘাড়ে কর চাপানো হচ্ছে। ট্যাক্সের বহরের কথা এখানে আলোচনা হয়েছে, সে বিষয়ে আমি বেশি আলোচনা করতে চাই না। আমি এবার চলে আসছি রুগ্ন শিল্পের ব্যাপারে, যাকে আপনারা সিক ইন্ডাস্ট্রি বলেন। এই সিক এরা কেন হয়েছে? ডাক্তার না থাকলে সিক হয়। কথা আছে প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর, এটা বহুল প্রচলিত কথা। মাননীয় সরকারে যারা অধিষ্ঠিত আছেন, তাঁরা এই রোগ হয়ে যাবার পরে কেন ধরছেন? রোগ হওয়ার কারণ নিরূপণ করে তার কেন ব্যবস্থা করছেন না? রাষ্ট্রায়ত্ত শিল্প যেগুলি — পাবলিক আন্ডার টেকিং সেগুলিই আবার রুগ্ন বেশি এবং সেগুলির পরিচালনা আপনারাই করছেন সরকারি কর্তৃত্বে এবং আমার ধারণা এই অধিকাংশই সরকারি পরিচালিত সিক ইন্ডাস্ট্রি সরকারই এর দেখাশুনা করছেন। এই ব্যাপারে বলা হয়েছে একটা অনুসন্ধান কমিটি করা হয়েছে, যা হবে। কিন্তু আমার আশঙ্কা হচ্ছে — আমি প্রশ্নোত্তরের সময় শুনছিলাম রিলিফের ব্যাপারে কমিটি করা হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যখন জানতে চাওয়া হল কাকে কাকে নিয়ে এই কমিটি করা হয়েছে, তিনি বললেন — আমি সি. পি. এম.-

এর ৫ জন এম. এল. এ.-কে নিয়ে কমিটি করে দিয়েছি, যদি কমিটির মানে এই হয়, তবে এই সিক ইন্ডাস্ট্রি সিকই থেকে যাবে। এই সিক হাতুড়ে ডাক্তারের হাতে পড়বে। ফলে সিক ঘোড়ার একটা পা কাটতে আর একটা পা কেটে বসবে। এই রকম করলে কিছু হবে না। আমি তাই মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি, যদি আপনার সদিচ্ছা থাকে এই সিক ইন্ডাস্ট্রি বা পাবলিক আন্ডারটেকিংকে বাঁচাতে চান, তাহলে সবাইকে নিয়ে, সকলের সঙ্গে পরামর্শ করে কাজ করুন। যেভাবে রিলিফ ডিপার্টমেন্টে করেছেন, সেই ভাবে করলে কিছু হবে না।

(**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** কাকে নিতে হবে?)

কেবল বীরেন্দ্র বাবুকে নিয়ে কমিটি করলে কিছু হবে না।

তারপরে আমি কৃষির ব্যাপারে আসছি। কৃষি সম্বন্ধে বলতে গেলে আগে বলতে হয় বিদ্যুতের কথা। মাননীয় অর্থমন্ত্রী তো বড় বড় কথা বলছেন, কেন্দ্র এই করছে না, টাকা দিচ্ছে না, অমুক করছে না তমুক করছে না, কিন্তু তাঁর সামর্থের ভিতর কতখানি কি করতে পারবেন বা করেছেন? এই যে বিদ্যুত সঙ্কট যা এগ্রিকালচারে অন্যতম সহায়ক তার সম্বন্ধে কি ব্যবস্থা করছেন? শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এবং রিভার লিফট — এগুলি সবেরই ইলেক্ট্রিফিকেশন হয়েছে। পাওয়ারের অভাবে আজকে জল পাওয়া যাচ্ছে না। তবুও উনি বিদ্যুৎ সম্বন্ধে বললেন না। কৃষির বিভিন্ন পরিকল্পনার কথা বলার চেষ্টা করেছেন, উন্নয়ন কেমন করে হবে ইত্যাদি ইত্যাদি বলেছেন। বইটার অনেক জায়গায় ফ্লাপ লাগানো আছে, সময়ের অভাব, তাই সেখানে যাচ্ছি না। জল যেখানে পাওয়া যাচ্ছে না, বিদ্যুৎ যেখানে নেই সেখানে কৃষির উন্নয়ন কি করে হবে। বিদ্যুৎ যাতে করে কৃষকদের অভাব না হয় এই ব্যবস্থা তার জন্য করলাম এই রকম কোনও কথা নেই, বিদ্যুৎ সম্বন্ধে পরিষ্কার করে কিছু বলেন নি। আর যেগুলো আছে, কি আর বলব, খুঁটিনাটি অনেক কথাই বলতে হয়। যখন বিভিন্ন দফাওয়ারী আলোচনা হবে তখন সেগুলো বলব। মাননীয় কৃষিমন্ত্রী কমল বাবু আছেন, আপনি দেখবেন ডিপ টিউবওয়েল অপারেটরেরা মাঠ থেকে চলে যায় পাওয়ার নেই, আবার যেখানে ডিজেলে চলে সেখানে ডিজেল নেই, কেরোসিন নেই। আপনি সীডস ইত্যাদি যা দিচ্ছেন তাতে কাজ হবে না। কারণ জল পাবে না। মাননীয় অর্থমন্ত্রীর সাথে কথা বলে যাতে বিদ্যুৎ এবং ডিজেলের ব্যবস্থা হয় তার চেষ্টা করুন। অর্থমন্ত্রীর বক্তৃতায় এই সম্পর্কে কোনও লেখা নেই। ভূমি সংস্কারের মতো বড় জিনিস নেই। কিন্তু ভূমি সংস্কারের নামে নূতন একটা কথা আমদানি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলেছিলাম এর আগে অপারেশনের কথা শুনতাম হাসপাতালে। কারও চোখ অপারেশন হবে, কারও হাত অপারেশন হবে বা কারও অন্য কিছু অপারেশন হবে — এইসব শুনতাম। কিন্তু বর্গা অপারেশন একটা কথা বলে বর্গা অপারেশনের নামে যারা কোনও দিন জমি চিনল না, যারা কোনও দিন চাষবাস জানে না, যারা কেবলমাত্র লাল ঝান্ডা নিয়ে স্লোগান দিয়েছে তারা আজকে বেনামী বর্গাদার সেজে সত্যিকার বর্গাদারকে হটিয়ে দিচ্ছেন। বলছেন, অপারেশন বর্গার মাধ্যমে ল্যান্ড রিফর্মস করবেন। কিন্তু প্রকৃত বর্গাদার তারা ভেসে গেল আর যারা কোনও দিন জমি দেখে নি, একজন বাবু বললেন এই জমিটা কার, সে বলল তার, মালিক জানল না, এর নাম হল বর্গা অপারেশন। আজকে না বুঝে করছেন। কিন্তু পরবর্তীকালে বুঝতে পারবেন, একদিন

তাদের কাছে যেতে হবে, চোখের জলে আপনাদের নাইতে হবে তাদের কাছে এই বর্গা অপারেশনের জন্য। আজকে বর্গা অপারেশনের নামে দলবাজি এবং দলের ক্যাডারদের পকেট ভর্তি হচ্ছে। আজকে বর্গা হচ্ছে পার্টির লোক। সে তো চাষ করতে পারবে না। সে আবার বর্গাদার ঠিক করবে এবং বলবে, তুমি অর্ধেক পাবে এবং আমি অর্ধেক পাব। গ্রামে গিয়ে দেখুন এই অবস্থা। নিশ্চয় বর্গা হওয়া ভাল। বর্গা রেকর্ড না হলে ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া যায় না। কিন্তু যেভাবে হচ্ছে তাতে লাভ হবে না। অপারেশন শব্দটা হাসপাতাল থেকে জমিতে চলে এসেছে এবং এইটা মনে করে সেদিন বলেছিলাম কৃষকের বাপের অপারেশন হচ্ছে। জমি হল কৃষকের বাপের যে অল্প সম্পদশালী যে সত্যিকার বর্গাদার চাষ আবাদ করে খাচ্ছিল সেখানে আর একটা গুন্ডা বসানো হচ্ছে।

[2-00 — 2-10 P.M.]

সুতরাং সেই কৃষক কাঁদতে আরম্ভ করল কারণ তার বাপ মারা গেছে কারণ জমি যাওয়া মানেই তার বাপ চলে যাওয়া। আপনারা বর্গা অপারেশন-এর নামে যা আরম্ভ করেছেন তার ফল আপনারা ভুগবেন এই কথায় আপনারা নিশ্চিন্ত হয়ে থাকেন। তারপর স্ট্রাইক লক আউট সম্পর্কে কতকগুলি হিসাব দিয়েছেন। অর্থমন্ত্রী বলেছেন যে এ বছর ১৬৫টি ক্ষেত্রে ধর্মঘট হয়েছে ২০২টির ক্ষেত্রে লক আউট হয়েছে এবং বলছেন এটা বেশি নয়। আর শ্রমিকদের কি অবস্থা হয়েছে সেটা তো বলেন নি। এই যে দীর্ঘকাল ধরে চটকল ধর্মঘট হল এবং সেই ধর্মঘটের ফলে কি ক্ষতি হল কত শ্রমিকের জীবন নির্বাহ করার ব্যাপারে কি অবস্থা হল এবং মালিকদের দীর্ঘ সূত্রতার ফলে তাদের তেল দিয়ে আপনারা পারেন নি এই সব কথা কিছু মন্ত্রী মহাশয় বললেন না তো এবং এই ধর্মঘটের ফলে শ্রমিকরা কি অবস্থার মধ্যে ছিল সেই হিসাব তো দিলেন না এবং তাদের ক্ষতিপূরণ মালিকরা কিছু দিল কিনা এ সম্পর্কে তো কিছু বললেন না। এটা খুবই দুঃখের কথা। এই ব্যাপারে শুধু শ্রমিকরাই জড়িত নয়, কৃষকরাও জড়িত। তাদের হাজার হাজার টাকার পাট ঐ মালিকদের ঘরে এমনি তুলে দিয়ে এসেছে। তারপর শিক্ষার ব্যাপার। এটা একটা গোলমেলে ব্যাপার। মনে হচ্ছে পশ্চিম বাংলায় আর কোনও শিক্ষা প্রতিষ্ঠান চলবে না বিশ্ববিদ্যালয় চলবে না কলেজ চলবে না। কি করে চলবে? দেখা যাচ্ছে কলেজে অধ্যক্ষ নেই — এমন অনেক কলেজ আছে, দেখা যাচ্ছে এক একটা স্কুলে জোড়া জোড়া হেড মাস্টার — এ একবার চাবি দিয়ে আসছে, আবার আর এক হেড মাস্টার গিয়ে তিনি চাবি দিয়ে আসছেন। পরীক্ষার ব্যাপার — বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দিয়ে ছেলেরা রেজাল্ট পাচ্ছে না। তাদের পরীক্ষা না দেবার একটা প্রবণতার বাড়িয়ে দেবার সুযোগ করে দিচ্ছে। নির্বাচিত লোকদের সরিয়ে দিয়ে সেখানে নূতন করে কাউন্সিল তৈরি করছেন দলের লোকদের নিয়ে। কি করে চালাবেন ইউনিভার্সিটি। আবার একটা বিল দেখছি যে কলেজ অধিগ্রহণ করা হবে। আমরা দেখেছি অধিগ্রহণ করার পর প্রশাসনের লোককে সেখানে অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করা হয়। কিন্তু আমরা দেখছি সেখানে দলের লোককে প্রশাসনে নিযুক্ত করছেন। আগে দেখেছি প্রশাসক নিযুক্ত হত সরকারি অফিসার এমন দেখছি দলের লোকদের সেই সব প্রশাসনে নিয়োগ করছেন এবং এই রকম অ্যাডমিনিস্ট্রেটরের সংখ্যা শত শত হয়ে গেছে — স্কুলের ম্যানেজিং কমিটিতে শত শত

আপনাদের পার্টির লোককে বসিয়ে দিয়েছেন। আজকে শিক্ষা ব্যবস্থা একেবারে নষ্ট হতে চলেছে। এর আগে প্রাথমিক স্তরে একটা পরীক্ষা দিতে হত এবং তার ফলে ছেলেরা পড়াশুনা করত। কিন্তু গতবার থেকে তা তুলে দেওয়া হয়েছে এবং তার ফলে আজকে কি অবস্থা কোথায় শিক্ষার মান নেমে আসছে? আপনারা এটা চান — কেন না অশিক্ষিত থাকলে আপনাদের ভাঁওতা দেবার সুবিধা হবে তাই আপনারা এই রকমভাবে পরীক্ষা না দেবার প্রবণতা সৃষ্টি করছেন। ইংরাজি আর থাকবে না। যা হোক ছেলেদের মধ্যে একটা ধর্মীয় মনোভাব সৃষ্টি হত সেখানে আপনারা ৯।১০ ক্লাশে যে ক্লাশিক্যাল ল্যাঙ্গোয়েজ সংস্কৃত ছিল সেটা বন্ধ হয়ে গেল। একটা ধর্মীয় মনোভাবের সৃষ্টি হত তা থেকে কিন্তু বীরেন্দ্র বাবুরা মার্কসিস্ট তো তাই ওটা তুলে দিলেন।

সুতরাং শিক্ষা ব্যবস্থা তুলে দেবার মতো অবস্থায় এসেছে। সেকেন্ডারি, প্রাইমারি স্কুল সম্বন্ধে তিনি কিছু বলবার চেষ্টা করেছেন। ১৯৭৭ সালে ১ হাজার ১৯৭৮ সালে এক হাজার এবং এবারে ১২০০ প্রাইমারি স্কুল করবেন বলছেন — তাহলে মোট কত হচ্ছে? ৩ হাজার ২০০ স্কুল। স্যার, ভদ্রলোকের এক কথা হওয়া উচিত। স্যার, এই স্কুলগুলো যদি হত তাহলে এক একটি স্কুলে ৩টি করে শিক্ষক ধরলে মোট ৯ হাজার ৬০০ জন শিক্ষকের কর্মসংস্থান হত। এটা কি শুধু কথার কথা? তিনি বারে বারে খালি বাজেটে বলছেন এত স্কুল হবে — কিন্তু হচ্ছে কোথায়? এমন কোনও সভ্য বলতে পারেন কতগুলো স্কুল হয়েছে, কতজন প্রাইমারি শিক্ষককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে — একটি স্কুলও হয় নি, একজন শিক্ষককেও অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেকার ভাতার কথা ছেড়েই দিলাম। এই বেকার ভাতার ব্যাপারটি একটু গোলমেলে হয়ে গেছে। এই হিসাবটা ঠিক বোঝা যাচ্ছে না। বলা হচ্ছে ১।। লক্ষ ছেলেকে বেকার ভাতা দেওয়া হবে। তারপরে বলছেন ১ লক্ষ ৪৫ হাজার ছেলেকে দেওয়া হল। এই দেড় লক্ষ দেড় লক্ষ করে প্রোপোরশনটা তো বেড়েই যাচ্ছে। ৩ লক্ষ হবে কিনা আমি ঠিক বুঝতে পারছি না। এই সংখ্যাটা ক্রমশ ক্রমশ আরও বেড়েই যাবে। আপনি আর বেকার ভাতা বলতে পারবেন না। ১।। লক্ষ বেকার ভাতার টাকা লুঠতে দিতে হবে। এই লুঠতে দিতে গেলে তখন কিন্তু কিছুই পাবে না, আপনার জামা ছিঁড়ে নেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীর ভাষণের এক জায়গায় জেহাদের সুর পাচ্ছি। এই জেহাদ সম্বন্ধে আমি একটি কোটেশনের মাধ্যমে ব্যাপারটি তুলে ধরছি। তিনি বলছেন, "কেন্দ্র রাজ্য সম্পর্কের পরিবর্তন করে সম্পদ বিন্যাসের এবং প্রশাসনিক সিদ্ধান্তের ক্ষমতা আশু বিকেন্দ্রীভূত করা না হয়, তা হলে অবস্থা আয়ত্বের বাইরে চলে যাবে বলেই আমাদের আশঙ্কা। ফলে দেশের বিভিন্ন অংশে ভারসাম্য নষ্ট হবে, সামাজিক ও রাজনৈতিক বিক্ষোভও ঘনীভূত হবে"। আমি আপনার মাধ্যমে বলতে চাই তিনি এই রকম সব হেঁজিবেজি সব কথা বলে বাজেট বিশ্লেষণ করেছেন। আপনি যখন এই বাজেট থেকে বেরিয়ে যাবেন, তখন আপনাকে সবাই ঘিরে ধরবে, এই সব হেঁজিবেজি গোলমেলে ব্যাপারের জন্য। তাই এই বাজেটকে কিছুতেই সমর্থন করা যায় না — আমি এর সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রখ্যাত অর্থনীতিবিদ মাননীয় অর্থমন্ত্রী

মহোদয়কে আমি অভিনন্দন জানাচ্ছি থার্ড কনজিকিউটিভ ডেফিসিট অ্যান্ড হেভিলি ডেফিসিট বাজেট প্রেজেনটেশনের জন্য। মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রীকে অধিকতর অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে এই বাজেট শুধু ডেফিসিট অ্যান্ড হেভিলি ডেফিসিট বাজেট নয়, এখানে সর্বোচ্চ পরিমাণে কর ধার্যের প্রস্তাব করা হয়েছে অবাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাকে জিজ্ঞাসা করি আপনি ফ্যাক্টস প্রেজেন্ট করেন নি কেন? আপনি বাজেটে বলেছেন ৮০ কোটি টাকা ডেফিসিট। আমি আপনাকে চার্জ করি আপনি অঙ্কের কারচুপি করেছেন। আপনি নিজেই বলেছেন পরিকল্পনা রাখতে চান ৫৩১ কোটি টাকার, প্ল্যানিং কমিশন দিতে চায় ৩৭০ কোটি টাকা। রাজ্যের স্বার্থে আপনি ৫৩১ কোটি টাকার পরিকল্পনা রাখতে চাইছেন। এতে যদি আপনি স্টিক করতে চান তাহলে ১৬১ কোটি টাকারও অধিক ডেফিসিট হবে — কিসের জন্য? আমি আপনাকে আরও জিজ্ঞাসা করি — আপনি বলেছেন ৩০ কোটি টাকা মহার্ঘ ভাতা দিতে লাগবে যদি কেন্দ্রীয় হারে ডি. এ. দিতে চান।

[2-10 — 2-20 P.M.]

আপনি এই ৮০ কোটি টাকার মধ্যে ৩০ কোটি টাকা দেখান নি কেন? আপনি স্কুলের শিক্ষকদের এবং অশিক্ষক কর্মচারিদের ২২ টাকা করে অনুদান দিতে চেয়েছেন কিম্বা এমন ভাবে দিতে চেয়েছেন যেন সরকারি কর্মচারিদের সম পর্যায়ে পাওনা এদের দাঁড়ায়। তাহলে অধিকতর কম বেশি আরও ৩০ কোটি টাকা আপনাকে বরাদ্দ রাখতে হয়। সবগুলি যদি যোগ করি — ৮০ কোটি, ৩০ কোটি এবং প্ল্যানের ১৬১ কোটি তাহলে আপনার ৩০০ কোটি টাকা এসে যায় ডেফিসিট। মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় যে ফাইনান্সিয়াল স্টেটমেন্ট দিয়েছেন, আমরা দেখছি স্যার, State Exchequer has been divided into three components.

রাজ্যের যে কন্সোলিডেটেড ফান্ড, উনি যে রেভিনিউ রিসিপ্ট দেখাতে চাইছেন, আমরা দেখছি — Expectation right from 1970-71.

একচুয়াল যা আছে তার কতগুণ বৃদ্ধি আপনি ধরেছেন। আপনি ল্যান্ড রেভিনিউতে প্রস্তাব রেখেছেন, আপনি কি মনে করেন আপনার — Farm holding tax is a panacea for all evils in the budget art of politics is to put if in a lesser evil.

মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় তাই রাজ্যের স্বার্থ, দেশবাসীর স্বার্থ ভুলে গিয়ে — He has chosen a lesser evil path.

আপনি যে বাজেট পেশ করেছেন তাতে আপনাকে জিজ্ঞাসা করি, রাজ্যের যে মূল সমস্যা — মৌলিক সমস্যা, দারিদ্র, আপনি নিজেও দেখেছেন, আপনি তো অ্যানালিসিস করেছেন, ভারত সরকারের দায়িত্বে আপনি ছিলেন এবং আমরা গর্ববোধ করি বাঙালি হিসাবে আপনি সেখানে ছিলেন বলে, কিন্তু জিজ্ঞাসা করি রাজ্যের যে মূল সমস্যা বেকারী

তার ফিঞ্জ পর্যন্ত আপনি স্পর্শ করতে পেরেছেন? রাজ্যের যে মূল সমস্যা দারিদ্র — Below poverty line one third of the population.

২০০ টাকার কম কনজামশন — আপনি কি বলতে পারেন ২৫১ টাকা কনজামশন হবে? রাজ্যের যে মূল প্রবলেম নিরক্ষরতা, আপনার কোনও প্রোগ্রামের মধ্যে কোথায় কোন প্রোগ্রামটা, কোন ব্যয়টা আজকে রাজ্যের দুর্বিষহ নিরক্ষরতা দূর করবে? আপনার কাগজে আপনি বলেছেন, ৩৩.০৫ পারসেন্ট লিটারেসী, এখানে এটা কমে গেল কেন? এখানে যে এটা কমে গেল তার কারণ আছে। স্যার, আপনি যদি দেখেন উনি যে বইটা এখানে প্রেজেন্ট করেছেন তাতে দেখবেন সেখানে সেটা আছে। কতকগুলি মেজারে রাজ্যের শুধু সম্পদ বৃদ্ধি করে নয়, বন্টন ব্যবস্থা ন্যাশনালাইজ করে নয়, যে যে ব্যবস্থার সুফলগুলি আজকে মানুষের কাছে পৌঁছায় না — Such as family welfare planning.

আমি জিজ্ঞাসা করতে চাই আজকে পশ্চিমবঙ্গ সরকার .....

**(শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় : আপনারা এতদিন কি করে গিয়েছেন?)**

স্যার, ওঁকে বলি, বাজেট তো পড়েছ, আমি ভেবেছিলাম পরে বলব কথাটা, অর্থমন্ত্রী বোধ করি বীরেন্দ্র বাবুকে ডাইরেক্ট ট্যাক্সেশন থেকে অব্যাহতি দিয়েছেন, তাই ৩৪ পৃষ্ঠায় দেখি, দেশি মদ, পচাই, গাঁজা, ভাং, আফিং-এর উপর থেকে বিক্রয় কর তুলে নিয়ে আনুপাতিক হারে অন্তঃশুল্ক পুনর্বিন্যাস করার ব্যাপারটি কিছুদিন যাবৎ রাজ্য সরকারের বিবেচনাধীন। তাই বলি, বীরেন্দ্র বাবুর চিৎকারের কোনও কারণ নেই, আপনার অনুরোধ অর্থ মন্ত্রী মহাশয় অন্তত রেখেছেন। কিনতে গিয়ে ট্যাক্স আপনাকে আর দিতে হবে না, অন্তঃশুল্কের মাধ্যমে তা লাগবে। তারপর স্যার, মাননীয় অর্থ মন্ত্রীকে জিজ্ঞাসা করি, আপনি পার ক্যাপিটা ইনকাম বাড়িয়েছেন বলে যে দাবি করেছেন এবং স্টেট ইনকাম দাবি করেছেন সর্বোচ্চ, আপনাকে বলি পপুলেশনকে যদি ধরে রাখতে না পারেন আপনার পার ক্যাপিটা ইনকাম এবং ন্যাশনাল ইনকাম ডাইলিউট হতে বাধ্য এবং পরিকল্পনার যে ফলগুলি যেটা অ্যাডহক— আপনারা যখন প্লেনামে বসেন তখনও এটা আলোচনা করেন এবং জনতা যারা কংগ্রেসকে পরাজিত করে ভারতবর্ষের দায়িত্ব নিয়েছে তারাও আজকে স্বীকার করে — যেটাকে তারা মূল হাতিয়ার হিসাবে নিয়েছিল ঐ নাসবন্দী, আজকে এর প্রয়োজন আছে, ইউ ক্যান নট ডিনাই। আজকে আমি আপনাকে জিজ্ঞাসা করি, কোনও ম্যাজিকের বলে, কি জন্যে এর ফিগারটা এত বেশি ফল করল? স্যার, আমরা দেখছি, ১৯৭৬/৭৭ সালে ৮ লক্ষ ৮২ হাজার ৫৯১ জন আর ঠিক আপনারা যখন দায়িত্ব নিলেন — ১৯৭৭/৭৮ তখন হল ৩৫ হাজার ৮২৬ জন স্টেরিলাইজেশন।

আরও জিজ্ঞাসা করি আজকে আই. ইউ. ডি.-তে ২৭ হাজার ৬৮৬ — আপনি এড়িয়ে যাবার চেষ্টা করবেন না অশোক বাবু আজকে সঞ্জয় গান্ধীর বিরুদ্ধে সব বিষোদ্গার

করলেই প্রকৃত সমস্যার সমাধান হবে না, কাম টু রিয়েলিটি অ্যান্ড ফ্যাক্ট। আজকে আমরা দেখেছি আই. ইউ. ডি., ৭১২৪ — আমি জিজ্ঞাসা করতে চাইছি, আপনারা কেন এই পরিকল্পনাকে অ্যাবানডন করেছেন? কি কারণে, কোনও ম্যাজিকে, কার স্পর্শ বলে আজকে এই ব্যবস্থা পরিত্যাগ করা হল? শুধু কি তাই, আমরা দেখেছি যে আপনাদের কথার মধ্যে অনেক ফারাক হয়ে থাকে আপনার কথা থেকে অনেক পিছিয়ে চলে যান। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে যে বক্তব্য রেখেছেন, তাঁর রাজনৈতিক বক্তব্যের সঙ্গে আমরা এক মত নই। কিন্তু পশ্চিম বাংলার প্রয়োজনে, পশ্চিম বাংলার অর্থনৈতিক প্রয়োজনে যে অসুবিধা এবং দাবিগুলি রয়েছে তার সঙ্গে দায়িত্বশীল বিরোধী দল হিসাবে সহযোগিতা নিশ্চয়ই করার অবকাশ আছে। আমি জিজ্ঞাসা করি, আপনি সুতো, লোহা, কয়লা এগুলি প্রাইস অ্যান্ড ফ্রেইট ইকোয়ালাইজেশনের কথা বলেছেন, এটা তো আজকের কথা নয়। আজকে ইন্ডাস্ট্রিয়াল পলিসি যাঁরা ফ্রেম করেন, ইন্ডাস্ট্রিয়াল পলিসি যাঁরা ডিক্লিয়ার করেন, পশ্চিম বাংলার এই সুবিধা অনেক আগেই তাঁরা হরণ করেছেন। এঁরা দায়িত্বে আসার আগে আমরা যখন আন্দোলন করেছিলাম, আপনাকে আমি বলছি, আমি যে দপ্তর পরিচালনা করেছিলাম সেখানে দেখবেন যে এই দুর্বিসহ বৈষম্যের বিরুদ্ধে পেপার তৈরি করে রেখে এসেছি। আজকে আমরা দেখছি যে ডেলিবারেট পারসুইং অব ইন্ডাস্ট্রিয়াল পলিসি, সেখানে ডেলিবারেট পারসুইং অব এনোমেলাস ইন্ডাস্ট্রিয়াল পলিসির জন্য পশ্চিম বাংলায় যে অসুবিধা হয়ে গেল, শুধু তাই নয়, এটা এগ্রেভোটেড হল। আজকে এই দীর্ঘ ৩৯ পাতা বাজেট বক্তৃতার মধ্যে যে প্রস্তাবগুলি আপনি রেখেছেন তাতে বিড়লাকে কি টাচ করার কোনও উপায় রেখেছেন? কমল বাবু মাঝে মাঝে বলেন যে ৮টি ফ্যামিলি সব নিয়ন্ত্রণ করেন আজকে তিনি আমার কথায় বলে উঠলেন যে ওরে বাবা। তিনি আমার কথায় বাবা ডাকবেন এটা আশা করি নি। আমি তাঁকে জিজ্ঞাসা করছি যে এই ৮টি ফ্যামিলিকে টাচ করার কোনও উপায় এখানে আছে? আপনি বলেছেন যে আমার সীমাবদ্ধ ক্ষমতা। আজকে দারিদ্র বন্টন করে আপনি দেশের ইগালিটারিয়ান কিম্বা সোসালিস্টিক প্যাটার্ন আনতে পারবেন না। সোসালিস্টিক কথাটা যদি বাদও দিই তাহলে সেই প্যাটার্নও আনতে পারবেন না। সম্পদ যেখানে কেন্দ্রীভূত হচ্ছে সেই সম্পদ আপনাকে কাটাতে হবে। কাজেই সেই প্রবণতা, সেই প্রস্তাব কোথায়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় হালিম সাহেব, জুডিসিয়াল মিনিস্টার, উনি আমার বন্ধু লোক কিছু বলতে শঙ্কা বোধ করি। কিন্তু আমার জিজ্ঞাসা করতে ইচ্ছা করে এঁরা বোধ হয় ব্যালেন্সটা করতে পারছেন না। এঁরা মার্কসবাদ বিপ্লবকে বিশ্বাস করে এসেছেন এঁরা বিপ্লবকে বিশ্বাস করেন। আজকে মাল্টি পার্টি সিস্টেমে গণতন্ত্রের ফ্রেম ওয়ার্কে বলছেন যে আমাদের ক্ষমতা সীমাবদ্ধ। বিপ্লবের জন্য কোনও সীমা থাকে না। হালিম সাহেব, যদি সাহস থাকে, হিম্মত থাকে, আত্মত্যাগ থাকে, প্রবণতা থাকে তাহলে আপনারা বিপ্লব করুন। আজকে দেখা যাচ্ছে এক দিকে রাজ্যের মৌলিক সমস্যা, আর এক দিকে যাঁদের হাতে অর্থ, যাঁরা মনোপলিস্ট তাদের গায়ে হাত দিতে পারছেন না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি প্রেমিসেস পাল্টে দিয়েছেন, আপনি গ্রামের কথা বারবার বলেছেন এবং স্ট্যাটিস্টিক্স দিয়ে বলেছেন যে ২৫ পারসেন্ট মানুষ এখন মোটামুটি শহরে বাস করে কিম্বা আর্বানাইজড এরিয়াতে বাস করে। বাকি ৭৫ পারসেন্ট

মানুষের কথা কতটুকু আপনি ভেবেছেন, যাঁরা গ্রামে বাস করে? এই যে এগ্রিকালচারাল লেবারার — কমল বাবু প্রবীণ সদস্য এবং তিনি ট্রেড ইউনিয়ন লীডারও বটে।

[2-20 — 2-30 P.M.]

জুট মিল-এর ওয়ার্কারদের সাইমালটেনাসলি দালালী উনি করেছেন। ওঁদের জিজ্ঞাসা করি, কাগজে যেটুকু দেখেছি জুট মিলে যারা কাজ করে তাদের মিনিমাম মাইনে হচ্ছে ৪৭৫ টাকা। আমি জানি মাননীয় সরকার পক্ষের অধিকাংশ সদস্যরা আমার কথা শুনে শান্ত হয়ে রয়েছেন, কিন্তু দু-একজন যাঁদের দাঁত চুল পেকে গেছে তাঁরা একটু উত্তেজিত হয়ে পড়ছেন। আজকে আমি জিজ্ঞাসা করি, আপনারা বলছেন যে আপনারা দরিদ্র শ্রেণীকে রিলিফ দিতে চান। কিন্তু ৭৫ পারসেন্ট লোক যেখানে বাস করছে, সেই প্রেমিসেস আপনাদের যেতে হবে। আপনি শুধু কনফাইন্ড রেখেছেন শহরে। যারা জুট মিলে কাজ করে, তারা ৪৭৫ টাকা মাইনে পায়, অথচ হাওড়া স্টেশনে নেবে দেখবেন, "করতবা, ঠেলতবা', আর যতীন বাবু যদি থাকেন তাহলে অধিকতর ঠেলার প্রয়োজন হয়, কারণ ওঁকেও ঠেলতে হয়। আজকে জিজ্ঞাসা করি, যেখানে কনজামশন ইজ লেস দ্যান ২০০ রুপিজ ফর মেজর ৫০ পারসেন্ট অব দি রুর‍্যাল পপুলেশন, ৭৫ পারসেন্ট অব দি পপুলেশন যেখানে বাস করে, তাদের আপনি কি প্রটেকশন দিয়েছেন? আমি আশা করি, লেবার ডাইরেক্টরেট তার টেন্ট্যাক্লস বাড়িয়ে — ঐ অর্গানাইজড মাস, যারা এগ্রিকালচারাল লেবারার, যাদের আপনারা ক্রমশ বাড়াচ্ছেন — কাদের বাড়াচ্ছেন? যাদের সামান্য কিছু ছিল, তারা আজকে পার্টির জন্য সব দিতে বাধ্য হচ্ছে। আজকে তাই দেখছি এগ্রিকালচারাল লেবারার ৩৯ লক্ষ। আজকে তাদের পাওনা কি ভাবে অ্যাশিয়োর করতে চান — লেবার ডাইরেক্টরেটের খরচ রহস্যজনক ভাবে কমে গেছে। আপনি কি টেন্ট্যাক্লস কি অর্গানাইজেশন দিয়ে আজকে এই বৃহৎ ওয়ার্কার্স অ্যান্ড লেবারারদের অ্যাশিয়োর করতে চান। আপনি এক জায়গায় বলেছেন ৮৮ পয়সা নাকি তাদের বাড়ছে। আপনি কি মিন করেছেন, আপনার সরকারি খামারে, স্টেট সিড ফার্ম যেগুলো আছে সেখানে ওয়ার্কারদের ৮৮ পয়সা করে দিলে আজকে পিজ্যান্ট ওর্য়াকার, যারা এগ্রিকালচারাল লেবারার তারা রিলিফ পাবে, এই রকম কোনও অ্যাশিয়োরেন্স আপনি দিতে পারেন নি। আপনি হয়ত বলবেন, হাইকোর্ট এবং সীমাবদ্ধ ক্ষমতা, কিন্তু রাজ্য সরকারের যে রিপোর্ট ছিল তার সার্টেন পোর্শনের অ্যালোকেশনের কোনও ব্যবস্থা হয়েছে কি? হয় নি। সুপারভিসনের কোনও ব্যবস্থা আপনি করেন নি। প্রায়ই বলেন পঞ্চায়েতকে আপনারা মিডিয়াম করবেন। আপনারা বিরাট বিরাট পরিকল্পনা দিয়ে বলছেন, সব নাকি পঞ্চায়েত করবে। আপনাকে এর আগে প্রশ্ন করেছিলাম এবং আমি আজকেও জিজ্ঞাসা করি, গ্রাম পঞ্চায়েত, জেলা পরিষদ, অঞ্চল পঞ্চায়েত-এ প্ল্যানিং এর জন্য এবং সুপারভিসনের জন্য, একজিকিউশনের জন্য এখনও পর্যন্ত কি মেশিনারি আছে? জেলা পরিষদে আছে কুল্যে একটি ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার। কেউ বা ওভারসিয়ার থেকে প্রোমোশন নিয়ে এই দায়িত্বে আছেন, আজকে প্ল্যানিং কারা করবে? প্ল্যানিং এর ভায়াবিলিটি কারা দেখবে? কস্ট বেনিফিট রেশিও কারা অ্যাসেস করবে? সেই প্রশ্ন তো আপনাকে আমি করতে পারি। আমি আরও আপনাকে জিজ্ঞাসা করতে চাই, গ্রামের মানুষ, গ্রামের পেজ্যান্ট, টেকনিক্যাল লেবারার, যাদের ঠিকাদার হয়ে আজকে মন্ত্রিত্বের আসনে

বসেছেন, তাদের কথা তো বেমালুম ভুলে গেছেন। শুধু কি তাই, আপনি নিজে উল্লেখ করেছেন আপনার এই বাজেট বক্তৃতায়, শ্রেণী বৈষম্য এখানে আছে। কংগ্রেস সরকার ইনিশিয়েট করেছিল, ইন সার্টেন এরিয়ায়, সেটাকে অ্যাক্সিলারেট করা, ইম্প্রুভ করার কি প্রস্তাবনা আপনার আছে? ঝাড়গ্রাম শুধু অনুন্নত এলাকা নয়, এন্টায়ার নর্থ বেঙ্গল অনুন্নত এলাকা, এই অঞ্চলের বৈষম্য, রিজিয়নাল ইমব্যালেন্স দূর করার জন্য কি অ্যালোকেশন আছে? আমরা তো ভারতবর্ষের মধ্যে এই দাবি করতে পারি, ক্যালকাটা এবং গ্রেটার ক্যালকাটার ইন্ডাস্ট্রিয়াল এরিয়া বাদ দিলে এন্টায়ার পশ্চিমবঙ্গের যে চেহারা, বিহারের দুর্গম স্থানেও সেই একই চেহারা, অরুণাচল, নাগাল্যান্ড, মিজোরামেরও সেই চেহারা। তা যদি হয়, এই এরিয়ার শিল্পায়নের, এই এরিয়ার সারপ্লাস ম্যান পাওয়ারকে কাজে লাগানোর জন্য আপনি কোনও ব্যবস্থা করতে পারেন নি। আজকে তাদের জন্য আঞ্চলিক বৈষম্য দূর করার চেষ্টা কোথাও করেন নি। স্বীকার করেছেন প্রবলেম আছে। আপনাদের কি প্রস্তাবনা সেটা আজকে মানুষ জানতে চায়।

আজকে এটুকুও রাখেন নি টু ব্রিং অ্যাবাউট রিজিওনাল ব্যালান্স ইনসটেড অফ রিজিওনাল ইমব্যালান্স, আজকে এই অভিযোগ আপনার সামনে আমি তুলছি। আজকে আপনাকে বিদ্যুতের কথা জিজ্ঞাসা করছি, বিদ্যুৎ আজকে সর্ব শক্তিমান, বিদ্যুতের ক্ষমতা প্রায় ভগবানের ক্ষমতার সমান হয়ে গেছে — হরিপদ বাবু বললেন বামপন্থী এম. এল. এ.-দের ক্ষমতা ভগবানের কাছাকাছি চলে গেছে — আপনি পুরোনো নথি খুলে দেখবেন ১৯৬৭-৬৮ সালে যখন চতুর্থ পরিকল্পনার কার্যকাল তখন আপনারা টাকা সারেন্ডার করেছিলেন, আজকে বামফ্রন্টের পূর্ব পুরুষ তখনকার যুক্তফ্রন্ট ৩০৫ কোটি টাকার পরিকল্পনা করেছিল, লেট ইট বি রেফার্ড টু দি কমিটি অফ প্রিভিলেজ, আই অ্যাকসেপ্ট দি চ্যালেঞ্জ, ৩০৫ কোটি টাকার পরিকল্পনা করেছিল। তাহলে আজকে আপনাদের ফর্মুলা অনুযায়ী ১২ কোটি টাকার বেশি দাবি করবার আপনাদের হক নেই। ইট ইজ ডিউ টু দি কংগ্রেস রেজিম আজ ২৫.০০ কোটি টাকার পরিকল্পনার দাবি করতে পারছেন। যখন সিক্সটি ইউনিট অফ দুর্গাপুর হওয়ার দাবি উঠেছিল এবং যার জন্য খরচ হত মাত্র ২৮ কোটি টাকা, ১১০ মেগাওয়াটের জন্য, তখন ইউ হ্যাভ রিফিউজড। গো টু দি আরকাইডস অ্যান্ড ফাইন্ড আউট দি রেকর্ডস। আমি সামান্য কিছুর সঙ্গে জড়িত ছিলাম, আমি এগুলি দায়িত্ব নিয়ে বলতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওঁদের কাছে জিজ্ঞাসা করছি যে, ওঁরা বলছেন ৮৪ সালে ফারাক্কার ফাস্ট জেনারেশন আসবে, কিন্তু ইন্টারমিডিয়েট পিরিয়ডের জন্য কি করেছেন? আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে এবং কলকাতায় ডিউরিং আওয়ার রেজিম শর্টফল ছিল অলওয়েস কিলো ১০০ মেঃ ওঃ, ইট নেভার এক্সিডেড ডিউরিং আওয়ার রেজিম। আজকেই আপনি যে স্টেটমেন্ট করলেন তাতে আপনি বললেন যে, শর্টফল দাঁড়িয়েছে অ্যাবাভ ১০০ মেঃ ওঃ তার মানে জেনারেশনের যে অবস্থা আমরা রেখে গিয়েছিলাম তাকে আপনারা সেই অবস্থায় রাখতে পারেন নি। কারণ কি? একটাই, সেখানে আপনারা পলিটিক্যালাইজেশন করতে চেয়েছিলেন, আজকে সেই জন্য আপনারা বিদ্যুতের জেনারেশন ব্যাহত করেছেন এবং এর ফলে আজকে শিল্প কৃষি প্রভৃতি ক্ষেত্রে সমধিক সঙ্কট দেখা দিয়েছে। আমি শুধু তাই মনে করছি না, আমি মনে করছি ডেলিবারেটলি ক্যাপিটাল এখানে কন্ট্রোল করা হচ্ছে, ডেলিবারেটলি এখানে কোনও লগ্নি হচ্ছে না, মিডিয়াম ইন্ডাস্ট্রি হচ্ছে না। আজকে এখানে মিডিয়াম ইন্ডাস্ট্রি হচ্ছে

না, লার্জ স্কেল ইন্ডাস্ট্রি হচ্ছে না, আর কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রির তো ত্রাহি ত্রাহি অবস্থা। আপনাকে চ্যালেঞ্জ করি, ১ লক্ষ ইউনিট ছিল, যেটা আগে ছিল ২১ হাজার ইউনিট ইন দি ইয়ার ১৯৭১-৭২, ইয়ার্স আফটার দি দেন ইউনাইটেড ফ্রন্ট আমরা ১ লক্ষ ইউনিট এখানে রেখে গিয়েছিলাম। এখানে আরও বাড়াবার পোটেনশিয়ালিটি ছিল, কিন্তু আপনাকে জিজ্ঞাসা করি দেড় বছর কিম্বা দু' বছরে আপনারা কোনও ইনফ্রাস্ট্রাকচার করেছেন? ফাইনান্সিয়াল ইনস্টিটিউশনের সাপোর্টে আপনার স্মল স্কেল ইন্ডাস্ট্রি কোনও একটি সেক্টরেও সেট আপ করেছেন? কিম্বা যে ইন্ডাস্ট্রিজগুলি আছে সেগুলির ইনস্টলড ক্যাপাসিটি পর্যন্ত ইউটিলাইজ হচ্ছে কি? না, হচ্ছে না। কারণ সেখানে মূলধন এবং বাজারের প্রসঙ্গ তো রয়েছেই, তার সঙ্গে আর একটা বড় ক' ণ হচ্ছে বিদ্যুতের অভাব, তারা বিদ্যুৎ পায় না। অথচ বিড়লার কারখানায় কখনই বিদ্যু' বন্ধ হয় না। রহস্যজনকভাবে দেখতে পাই কাশীপুরের পাওয়ার লুমে বিদ্যুৎ যায় না। কিন্তু অপর দিকে কেশোরাম রেয়ন ফ্যাক্টরি, ত্রিবেনী টিস্যু ইত্যাদি জায়গায় কখনই বিদ্যুৎ বন্ধ হয় না। সিলেক্টেড ১২/১৩টি কারখানায় কখনই বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয় না। অপর দিকে আমরা দেখতে পাচ্ছি স্মল স্কেল ইন্ডাস্ট্রিসগুলির ত্রাহি ত্রাহি অবস্থা। হাসপাতালে সার্জেন বিদ্যুতের অভাবে অপারেশন করতে পারছে না বা অপারেশন করার সময় বিদ্যুৎ ফল করছে, স্কুলের পরীক্ষা দেবে ছাত্র, কিন্তু পড়তে পারছে না বিদ্যুৎ বন্ধ। এগুলি আজকে আমরা দেখতে পাচ্ছি। আপনাদের প্রশাসনিক ব্যর্থতা, প্রশাসনিক অপদার্থতার জন্য আজকে এই অবস্থার সৃষ্টি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা আগেই বলেছি যে, ইললিটারেসি ইজ অ্যাবাভ ৩৩ পারসেন্ট, মন্ত্রী মহাশয় বলেছেন লিটারেট ৩৩.০৫ পারসেন্ট তাহলে বাকি ইললিটারেট। কেন্দ্র যে অ্যাডাল্ট এডুকেশনের কথা বার বার বলছে, সেই অ্যাডাল্ট এডুকেশনের জন্য কতটুকু সুযোগ পশ্চিম বাংলায় রয়েছে? মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেটের মধ্যেও তা অনুক্ত এবং কি পরিকল্পনা গ্রহণ করছেন, আগামী থ্রি ইয়ার্স টু দি ভাস্ট মাসেস-এর জন্য আপনারা কি ব্যবস্থা করতে চান, সেই ব্যবস্থার কথাও এখানে আজকে অনুক্ত রয়েছে।

[2-30 — 2-40 P.M.]

আপনারা প্রাইমারি স্কুল করবার কথা ঘোষণা করলেন কিন্তু একটাও চোখে দেখি নি — দেখতে পাবে কিনা সন্দেহ এবং যদিও হয় তা সি. পি. এম.-র ক্যাডার দিয়ে পরিচালনা করবেন — সেটাও অ্যাকসেপ্টেড কিন্তু কিছু তো করুন। আজকে আমরা দেখতে পাচ্ছি ইউনিভার্সিটিতে হায়ার এডুকেশনে সর্বত্র নৈরাজ্য চলছে — You politicians have dominated the education every field.

আজকে ক্যালকাটা ইউনিভার্সিটি শুধু প্রো-ভাইস-চ্যান্সেলর দিয়ে পরিচালনা করছেন। আজকে সরকারের যে নীতি তার টাইম বাউন্ড প্রোগ্রাম আমরা জানতে চাই। এডুকেশনের ব্যাপারে আপনারা কি প্যানাসিয়া দিচ্ছেন তা জানতে চাই। আজকে বড় বড় ক্যাপিটালিস্ট অন্য জায়গায় মাইগ্রেট করে চলে যাচ্ছে আপনাদের নৈরাজ্যে এবং প্রচ্ছন্ন সহায়তায় —

তাহলে এখানে যে অ্যানসিলারি প্রভিসন্স দেওয়া হয়েছে — ডেয়ারি ডেভেলপমেন্ট, অ্যানিম্যাল হাসবানডারি, ফিশারিস, পিগারি, প্রভৃতি এগুলির প্রতি মনোনিবেশ করছেন বলে তো মনে হয় না বা কিভাবে হবে তা তো বুঝতে পারছি না — সব কি বন্যা? ঐ যে কি বলে যা কিছু হারায় সবই বলে কেষ্টা ব্যাটাই চোর — এর কিছুই বন্যা দিয়ে প্রতিকারের সমাধান খুঁজে পেতে চাচ্ছেন? — আজকে কেন মাছের দাম বেড়েছে? — আজকে আপনারা বলছেন কেন্দ্রীয় সরকার কসমেটিক, ডিজেল, পেট্রোল প্রভৃতির দাম বাড়িয়েছে কিন্তু আমার জিজ্ঞাসা কেন কাঁচা আনাজের দাম বেড়েছে? — মেক্সিকো থেকে ট্রলার নিয়ে আসা হল মাছ ধরবার জন্য তাহলে কেন মাছের দাম বাড়ছে? সর্বত্র দ্রব্য মূল্য বৃদ্ধিতে নাভিশ্বাস উঠেছে — এই অবস্থা আপনারা করেছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি বাজারে সব জিনিসের দাম আগুন। আপনারা আর্টিফিসিয়ালি উর্দ্ধগতি রাখার জন্য সাহায্য করছেন — কিছু ট্যাক্স প্রপোজালের জন্য হচ্ছে এই যুক্তি আমি মানতে বাধ্য নই। আজকে আলু চাষীরা বাজারে দাম পাচ্ছে না — বন্ধুবর কৃষিমন্ত্রী মহাশয় আছেন — তিনি তো বলেছিলেন আমরা এমন একটা রাজত্ব নিয়ে আসব যখন চাষীরা কাপড় জামা পড়ে চাষাবাদ করবেন — আজকে তিনি সেকথা ভুলে গেছেন বোধ হয় — আজকে চাষীরা কঠিন অবস্থার মধ্যে রয়েছে। মিনিকিট দিয়ে আজকে এই সমস্যার সমাধান করতে পারবেন না। এই বন্যার পরে ৭ পারসেন্ট শর্ট টার্ম এগ্রিকালচারাল লোন অনাদায়ি হয়েছে। আজকে এই সিদ্ধান্ত নিতে হবে সরকারকে যে ৪ একরের কম যাদের জমি আছে তাদের ঋণের দায় দায়িত্ব সরকারকে বহন করতে হবে। শুধু সময় মতন ঋণ নয় তাদের ইনপুটস এবং ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স দিতে হবে বাই ওয়ে অফ সাবসিডি। তা না হলে বাংলার কৃষককুল বাঁচবে না। অকট্রয় ডিউটি আমরা করেছিলাম। আজকে যে কাজ আমরা করতে পারি নি সেই কাজগুলি আপনারা করুন। আমরা যে কাজগুলি করে এসেছি যার উদ্বোধন আপনি করেছেন —

**(মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তীকে উদ্দেশ্য করিয়া)**

সেই কাজগুলি একটু দেখাবেন — মিনিমাম কার্টসিটুকু রাখবেন — অবশ্য সেই শিক্ষা আপনাদের নেই।

এই বাজেটের অর্থনৈতিক দাবিগুলির সঙ্গে আমরা অনেকাংশে সহযোগিতা করতে প্রস্তুত কিন্তু এই বাজেটের মধ্যে যেসব রাজনৈতিক বক্তৃতা রাখা হয়েছে তাতে আমরা মনে করি যে এমন কোনও কর্মসূচি বা বক্তব্য রাখা উচিত নয় যাতে ভারতবর্ষের সংহতি ব্যাহত হতে পারে। আপনি যে সুরে গাইতে আরম্ভ করলেন নজরুল বৃটিশের বিরুদ্ধে যে বিষের বাঁশী রচনা করেছিলেন সেই সুরে অপসুর করে আপনি কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার আরম্ভ করলেন। আজকে ভারতবর্ষের ফেডারেল স্ট্রাকচার পশ্চিম বাংলাকে বঞ্চনা করলে আপনার সঙ্গে আমরা আছি কিন্তু আজকে এমন কোনও রাস্তা গ্রহণ করা উচিত নয় যাতে ভারতের ঐক্য এবং সংহতি ক্ষুন্ন হতে পারে। কেন্দ্রের যে বাজেট প্রেজেনটেশন করেছে তাতে তারা মিডল ক্লাশকে এলিমিনেট করতে চাইছে। আমাদের এখানে অশোক বাবুও সেই রকম চেষ্টায় আছেন প্রফেশনাল ট্যাক্স চালু করে। সেই জন্য বলছি আপনি এটা রিভাইজ করুন যেমন

টি অকশনের বেলায় করলেন। আজকে আপনার এই প্রস্তাব মিডল ক্লাশকে হিট করবে সেই জন্য প্রফেশনাল ট্যাক্স যেটা এনেছেন সেটা রদ করুন। সর্বশেষে উনি যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্য সমর্থন না করে, কর বৃদ্ধির যে প্রস্তাব করেছেন সর্বতো ভাবে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তরুণ সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এইমাত্র যিনি বক্তৃতা করলেন জয়নাল সাহেব তার সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। ব্যক্তিগত ভাবে কারও বিরুদ্ধে বলা আমার স্বভাব নয়, কিন্তু ধৈর্যের একটা সীমা আছে। তাঁর কাছ থেকে যদি মার্কসবাদ শিখতে হয় তাহলে এর চেয়ে আত্মহত্যা করা ভাল। তাঁর অনেক রকম চেহারা ছিল যা এখনও আছে, কেউ বলেন তিনি মুসলীম লীগ করতেন, তারপর হলেন কংগ্রেস এখন কোন কংগ্রেস জানি না — সকালে একরকম, বিকালে একরকম। সুতরাং তাঁর কাছ থেকে আমরা মার্কসবাদ শিখতে আসি নি। এই বাজেট সমর্থন করে যেটা বলতে চাই তা হচ্ছে আমরা কোনও সময় বলি নি আমরা যদি সরকার গঠন করতে পারি তাহলে দেশের সমস্ত মৌলিক সমস্যা সমাধান করতে পারব, সমাজতন্ত্র গড়তে পারব।

[2-40 — 2-50 P.M.]

নির্বাচনের আগে আমরা যেকথা বলি মন্ত্রী সভায় এলে আমরা তা প্রতিপালন করি, এখন বলছি ভারতবর্ষের কয়েকটা প্রদেশে আমাদের যদি সরকার হয় — যেমন ত্রিপুরায় হয়েছে এবং এখন যদি নির্বাচন হয় তাহলে আরও অনেক প্রদেশে হবে তখন কিন্তু এই সংবিধানের মাধ্যমে সমাজতন্ত্র গড়তে পারব না। আমরা জনসাধারণের সঙ্গে বেইমানী করি না, তার সামান্য একটা উদাহরণ দিচ্ছি, স্মল স্কেল ইন্ডাস্ট্রি বলে একটা দপ্তরে বোধ হয় তিনি দায়িত্বে ছিলেন সেখানে যে পাওয়ারলুম কো-অপারেটিভ ছিল তার জন্য সরকার একটা আইন করে মিনিমাম ওয়েজ অ্যাক্ট ঠিক করে দিলেন — যেটা ৩০ বছরে ওঁরা করতে পারেন নি। কিন্তু ওঁরা হাইকোর্টে একটা কেস করে দিলেন। এইটাই হচ্ছে ওঁদের চরিত্রের প্রমাণ। সুতরাং আমরা যা কথা বলি তা আমরা রাখি। এর আগের দিন সাত্তার সাহেব বলেছিলেন, ছেড়ে দিলেই হয় — চুরি করার জন্য আমরা ওঁদের ছেড়ে দেব না। জনসাধারণ যদি আমাদের ভোট দেয় তাহলে আমরা সরকারে থাকব এবং এই সরকার গঠনে জনসাধারণ আমাদের যে দায়িত্ব দিয়েছেন তার জন্য তাঁদের আমরা সেলাম জানাই। সুতরাং আমরা যদি সরকার গঠন করতে পারি আমাদের কাজ হবে জনসাধারণের যতটুকু সম্ভব রিলিফ দেওয়া এবং জনসাধারণকে নিয়ে তাদেরই জন্য আন্দোলন গড়ে তোলা। এই সরকার অক্ষরে অক্ষরে তা পালন করছে বলেই ওদের জ্বালা ধরছে, ওঁদের সময়ে হত কি যে যদি একজন বামপন্থীকে মারতে পার, তাহলে এক বোতল মদ পাবে, যদি একটু জোরে মারতে পার তাহলে ৫ টাকা পাবে, যদি তার চেয়েও বেশি মারতে পার তাহলে ১০০ টাকা পাবে এবং যদি সি. পি. এম.-র কোনও কর্মীর মেয়েকে যদি ধর্ষণ করতে পার বা তাকে খুন করতে পার তাহলে চাকরি পাবে। এই রকম ওরা করেছিল গীতা চ্যাটার্জির উপর, আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম আমরা যদি সরকার গঠন করতে পারি তাহলে আমরা এইসব জিনিস বন্ধ করব

যেটা আমরা করেছি। আপনারাই আপনাদের বিধানসভার সদস্যকে মেরেছিলেন। কিন্তু এখন এমন ভাবে চেঁচাচ্ছেন মনে হচ্ছে কিসের মায়ের বড় গলা? আমরা বলেছিলাম গণতন্ত্র প্রতিষ্ঠা করব, সমস্ত রাজনৈতিক দলের শোভাযাত্রা, সংগঠন করবার অধিকার দেব, তা আমরা দিয়েছি। জোর গলায় বলতে পারি বামপন্থী সরকার আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম বেকার ভাতা দেব, দিয়েছি। বেকার ভাতা দেওয়ার ফলে আজকে যুবকদের ক্ষেপানো মুশকিল হয়ে যাচ্ছে কারণ, আমরা জানি পশ্চিমবঙ্গের যুবক ধর্ষণকারী নয়, পশ্চিমবঙ্গের যুবক কখনও অসামাজিক কাজে লিপ্ত হতে চায় না। কারণ, এই পশ্চিম বাংলায় জন্মগ্রহণ করেছেন নেতাজী সুভাষচন্দ্র, জন্মগ্রহণ করেছেন মুজাফর আহমেদ, জন্মগ্রহণ করেছেন সূর্য সেন, কাজী নজরুল ইসলাম। তাঁদের রক্ত পশ্চিম বাংলার যুবকদের ধমনীতে প্রবাহিত হচ্ছে। তাদের ঐতিহ্য জয়নাল সাহেবদের ঐতিহ্যের মতো নিজেদের মা বোনদের উপর মদ খেয়ে ধর্ষণ অত্যাচার নয়, তাদের ঐতিহ্য সূর্য সেনের ঐতিহ্য। সেজন্য বারে বারে আপনাদের রাগ হচ্ছে কেন বেকার ভাতা দেওয়া হচ্ছে। বেকার ভাতা দেওয়া মানে লোকের উপকার করা নয় .....

**শ্রী আব্দুস সাত্তার ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় সদস্য সরকার পক্ষের লোক আমরা জানি, তাঁরা যে যে ভাল কাজ করেছেন তা নিশ্চয়ই বাজেট বক্তৃতায় তিনি তুলে ধরবেন। কিন্তু বাজেট বক্তৃতা করতে গিয়ে তিনি ধর্ষণ অপারেশনের কথা কেন বলছেন? গতকাল কেতুগ্রামে অনশনরত আমাদের দলের লোকেদের উপর তাঁদের লোকেরা মেরেছে, খুন করেছে, সেটা কি উনি জানেন না — আজকে উনি ধর্ষণের কথা বলতে এসেছেন।

**শ্রী তরুণ সেনগুপ্ত ঃ** সাত্তার সাহেব, আপনি জেনে রাখুন নির্বাচনের ২ দিন বাদে পশ্চিমবঙ্গে যে যুবক খুন হয়েছিল আপনাদের লোক দ্বারা তার নাম হচ্ছে রঞ্জন মজুমদার, আমাদের পার্টির লোক। এখনও আপনাদের লোক খুন করছে, খুন করবার চেষ্টা করছে, কিন্তু পারছে না, এই খবর আমরা রাখি। যাই হোক, মাননীয় স্পিকার মহাশয়, আমি যে কথা বলছিলাম এঁরা একটা প্রশ্ন তুলেছেন যে আমরা নাকি কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছি। জয়নাল সাহেব অনেক বক্তব্য বললেন, বলার পর বললেন রাজনৈতিক কারণে সমর্থন করতে পারি না, কিন্তু অর্থনৈতিক ব্যাপারে অনেক মিল আছে। কোন জায়গায় মিল সেটা আপনি অনুভব করেছেন মন্ত্রী থাকা অবস্থায়। কেন্দ্র কিভাবে আপনার সঙ্গে কি করেছে সেটা আপনি জানেন। ডাঃ বিধানচন্দ্র রায় একদিন মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি মাঠে ময়দানে বক্তৃতা দিতে যান নি, কিন্তু তিনি অনেকবার বলেছেন কেন্দ্র আমাদের প্রতি বিমাতৃসুলভ ব্যবহার করছে। নেতাজী সুভাষচন্দ্রের জ্যেষ্ঠ ভ্রাতা শরৎচন্দ্র বসু পদত্যাগ করেছিলেন, পদত্যাগ করার প্রধানত এটাই কারণ ছিল যে ইংরাজ আমলে পশ্চিমবঙ্গ যে সুযোগ সুবিধা পেত কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সেই সুযোগ সুবিধা কেটে নেওয়া হয়েছিল। বলা হয়েছিল কংগ্রেস কেন্দ্রীয় নেতার তরফ থেকে যে পশ্চিমবঙ্গ হচ্ছে প্রিভিলেজড স্টেট। বলা হয় নি একথা? বলা হয়েছে এবং বলার পর পশ্চিমবঙ্গ যে যে সুযোগ সুবিধা পেত কেন্দ্রের তরফ থেকে সমস্ত কিছু কেটে দেওয়া হয়েছে। এ তো আপনারাই বলেছেন, আমরা বরং একটু পরে বলছি। আমরা আত্ম-সমালোচনা করছি, পরে বলছি। আমরা প্রদেশের সম্পর্কে যেটা বলছি,

সুনীতি বাবুরা জেনে রাখুন, সেটা শুধু পশ্চিমবঙ্গের জন্য বলছি না, সমস্ত প্রদেশের সম্পর্কে বলছি।

[2-50 — 3-30 P.M.] (Including Adjournment)

সমস্ত প্রদেশের জন্য বলছি। সুতরাং আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রের এই বিমাতৃসুলভ মনোভাব শুধু পশ্চিম বাংলার ক্ষেত্রেই নয়, উড়িষ্যা, বিহার এবং অন্যান্য প্রদেশের ক্ষেত্রেও রয়েছে। জনতা দলের সদস্যরা বললেন কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করা হচ্ছে। আপনাদের জনতা দলের মুখ্যমন্ত্রী যাঁরা বিহার এবং উড়িষ্যায় রয়েছেন তাঁরা কি বলেছেন? তাঁরাও তো বলেছেন কেন্দ্র যে রকম ব্যবহার করছে তাতে কেন্দ্র-রাজ্য সম্পর্কের ব্যাপারটার ক্ষেত্রে প্রতিকার হওয়া উচিত। উড়িষ্যার মুখ্যমন্ত্রী বলেছেন, জ্যোতি বাবু যেভাবে বলেছেন আমি সেইভাবে বলছি না, কিন্তু তিনিও তো বলেছেন, 'জ্যোতি বাবু অতি উত্তম কথা কহিলেন'। বিহারের মুখ্যমন্ত্রী, আপনাদের দলের লোক, তিনিও বলেছেন, ইয়েস, আমি বলছি জ্যোতি বাবু যা বলেছেন সেটা ঠিক কথা। তবে তিনি মার্কসবাদি কায়দায় বলেছেন, আমি গান্ধীবাদি কায়দায় বলছি। ভারতবর্ষের রাষ্ট্রপতি নিজে বলেছেন, স্টেটকে পাওয়ার দেওয়া উচিত। কোথায় অর্থমন্ত্রী জেহাদ ঘোষণা করেছেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে? আমরা আমাদের কাজের মধ্য দিয়ে শুধু শ্রমিক এবং কৃষককে সংবিধান, আইন আদালত চেনাতে চাই না, আমরা এর মধ্যে বুদ্ধিজীবীদেরও আনতে চাই। আমাদের অর্থমন্ত্রীকে ইন্দিরা গান্ধী ব্যবহার করতে চেয়েছিলেন। কিন্তু তিনি সৎ নাগরিক পশ্চিম বাংলার শিক্ষিত সুসন্তান, তিনি বামপন্থী দলের কার্য কারণ দেখে আমাদের সঙ্গে এসেছেন। সুতরাং এসব কথা বলে কোনও লাভ হবে না।

যাই হোক মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে ওদের আর বেশি জ্বালা ধরাতে চাই না, তবে এটা জেনে রাখুন যে আমাদের এই সরকার যা বলছেন তা করবেন এবং করছেন। কথায় বলে হাতি চলবে হাজার চিৎকার করলেও হাতি চলবে আমরাও সেইরকম এগিয়ে যাব। তারা যতই চেঁচামেচি করুন। এই কয়েকটি কথা বলে এই বাজেট কে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, অন এ পার্সোনাল এক্সপ্লানেশন। আমার ধারণা ছিল মার্কসবাদি কমিউনিস্ট পার্টি একটা অসাম্প্রদায়িক দল, কিন্তু এখন দেখছি একটা কঠোর কম্যুন্যাল মনোভাব ওদের মধ্যে রয়েছে। তরুণ সেনগুপ্ত মহাশয়ের বক্তৃতায় তার নগ্ন প্রকাশ হয়েছে। তার যদি হিম্মত থাকে আমি তাঁকে চ্যালেঞ্জ করছি, আমি কোনওদিন মুসলিম লীগ করি নি। চিরদিন কংগ্রেসে ছিলাম। আমি জীবনে কোনওদিন মুসলিম লীগ করি নি, উনি বলেছেন যে উনি কংগ্রেসে ছিলেন, ঐ বিশ্বাসঘাতক মীরজাফরদের জন্যই কংগ্রেসের এই ভরাডুবি হয়েছে। এই কুলাঙ্গার মার্কসবাদি কমিউনিস্ট পার্টি এবং মুসলিম লীগের জন্যই আজ দেশ বিভাগ হয়েছে, আমি তাঁকে চ্যালেঞ্জ করছি যে প্রমাণ করুন, আর না হয় পদত্যাগ করুন।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)

[3-30 — 3-40 P.M.] (After Adjournment)

**শ্রী সরল দেব ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণ সমর্থন করতে গিয়ে দু-চারটি কথা বলতে চাই। আমি গভীর ভাবে বিরোধী দলের বক্তব্য অনুধাবন করবার জন্য চেষ্টা করছিলাম। অথচ বিগত ৩০ বৎসর ধরে কংগ্রেসি কেন্দ্র ও রাজ্য সরকারের ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন। অথচ তিন দিনের বক্তৃতায় যে অভিজ্ঞতা হল তাতে জোলো বক্তৃতা ছাড়া আর কিছুই মনে হল না এবং আমার জনতা দলের বন্ধু যাঁরা ঘাটতি বাজেটের জন্য অর্থমন্ত্রী মহাশয়কে সমালোচনা করছেন, কিন্তু গত ২৮ তারিখে কেন্দ্রের উপপ্রধান মন্ত্রী এবং অর্থমন্ত্রী চরণ সিং যে বাজেট পেশ করেছেন তাতে দেখতে পাচ্ছি ১৩৫৫ কোটি টাকা ঘাটতি হবে এবং ৬৬৫ কোটি টাকার নূতন কর ধার্য করছেন। কিসের উপর কর ধার্য করছেন? সূতা, কেরোসিন, কাপড়, ইত্যাদি যেসব জিনিস সাধারণ মানুষ ব্যবহার করেন। ডিজেল, পেট্রোল ইত্যাদি যার জন্য আপনারা জানেন পরিবহনের খরচ বাড়বে, সাধারণ জিনিসের দাম বাড়বে, জন জীবন বিপর্যস্ত হবে। তারপর রেলের ভাড়া তাঁরা বৃদ্ধি করেছেন। আমি যখন ট্রেনে যাচ্ছিলাম তখন প্যাসেঞ্জাররা বলছিল যে এপ্রিল মাস থেকে ভাড়া বাড়ছে যার মান্থলি টিকিট ছিল ৭ টাকার তাহা এখন ডবল হয়েছে, সেখানে কিন্তু জনতা দলের বন্ধুরা কোনও মন্তব্য করলেন না। উপরোক্ত তাদের সংসদ সদস্য সমর গুহ বললেন চরণ সিং-এর বাজেট প্রগতিশীল বাজেট। অদ্ভুত কথা। আমাদের পশ্চিমবঙ্গে ১৯৬৩ থেকে ১৯৭৬ সাল অবধি মাথা পিছু সেখানে আয় ছিল ৬.৫৬ শতাংশ, সেটা ১৯৭৭-৭৮ সালে বেড়ে আজ ৮.৯৯ শতাংশ হয়েছে। আপনারা দেখুন ১৯৫০ সালে যখন সংবিধান রচিত হয়, এবং তাতে বলা হয় ৬ থেকে ১৪ বৎসর বয়স্ক বালক বালিকাদের আমরা অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করব। কিন্তু তাঁরা তা করেন নি। গ্রেট ব্রিটেনের সম্পর্কে একটা উদাহারণ দিই, সেখানে এই ধরনের কথা বলবার জন্য সেই সময় প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন লর্ড প্রোফিউমো, তিনি পার্লামেন্টে অসত্য বলার জন্য তাকে পদত্যাগ করতে হয়েছিল, আর আমাদের দেশে মিথ্যা কথা বলবার জন্য তৎকালীন কংগ্রেস নেতাদের প্রোমোশন হয়েছে। কারণ আমরা বিপ্লবের মধ্যে দিয়ে ক্ষমতায় আসি নি, বারবার আমরা বলেছি সংবিধানের সীমাবদ্ধতা এবং পুঁজিবাদী সংবিধানের চৌহদ্দির মধ্যে দিয়ে আমরা এখানে এসেছি সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আমাদের পশ্চিমবঙ্গে ৬ থেকে ১১ বৎসর বয়স্ক বালক বালিকাদের সংখ্যা যেখানে ৭১.৬ লক্ষ, তার মধ্যে আমাদের সরকার ঘোষণা করেছেন যে ৫৯.৯৩ শতাংশ ৬ থেকে ১১ বৎসর বয়স্ক ছেলে মেয়েদের আমরা শিক্ষা ব্যবস্থা করব, ১০ম শ্রেণী অবধি অবৈতনিক শিক্ষা ব্যবস্থার কথা ঘোষণা করেছেন।

কিন্তু আমি একটা ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব, শিক্ষকরা হচ্ছে জাতির জনক, তাঁদের ক্ষেত্রে অবিচার হয়েছে। আমরা সরকারি কর্মচারিদের মহার্ঘ ভাতা দিয়েছি এটা

অভিনন্দনযোগ্য, কারণ আমাদের নির্বাচনী প্রতিশ্রুতি ছিল, কিন্তু শিক্ষক, শিক্ষিকা এবং অশিক্ষক কর্মচারিদের হাউস রেন্ট এবং মেডিক্যাল অলাউয়েন্স সম্পর্কে আপনার বক্তব্যের মধ্যে কোনও কিছু উল্লেখ নাই—থাকা উচিত ছিল, আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে সংশোধিত আকারে এই ব্যাপারে বক্তব্য রাখবার জন্য অনুরোধ জানাই। সঙ্গে সঙ্গে আমি এই কথা বলতে চাই যে আমাদের বিরোধী দলের নেতারা বলেছেন পশ্চিম বাংলার কৃষিমন্ত্রী কৃষি ব্যবস্থাকে বিপর্যস্ত করে দিয়েছেন। এ বিষয়ে কোনও তথ্য কিন্তু তাঁরা দিলেন না। আমরা দেখছি ১৯৭৬-৭৭ সালে যেখানে উৎপাদন ছিল ৯০ লক্ষ টন, ১৯৭৭-৭৮ সালে হয়েছে ৯২ লক্ষ টন এবং ১৯৭৮-৭৯ সালে হয়েছে ৯৬ লক্ষ টন। এদিকে গত বন্যায় ১২টি জেলার ২৮ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়েছে, মিনিকিট বিনা পয়সায় বিতরণের ভিতর দিয়ে বিগত বছর যেখানে ৪৫ লক্ষ একরে রবি শস্য এবং গ্রীষ্মকালীন ফসল হয়েছিল, সেখানে এ বছর ৬১ লক্ষ একর টার্গেট করে সেই ফসল হচ্ছে। তবু কিন্তু জয়নাল সাহেবরা কৃষি ব্যবস্থাতে যে উন্নতি হয়েছে সেটা দেখতে পাচ্ছেন না। কেবল সমালোচকের দৃষ্টিভঙ্গি নিয়ে বিরোধিতা করার জন্যই একথা বলছেন। সমবায় ব্যবস্থার দিকে যদি তাকাই তবে দেখতে পাব এর আগে লং টার্ম লোনে দেওয়া হয়েছিল ১০ কোটি টাকা, সেটা ১৯৭৮-৭৯ সালে তাহা বাড়িয়ে করা হয়েছে ২০ কোটি টাকা, আগে গ্রামে জোতদাররাই এই টাকা পেত, আমাদের সরকার ঠিক করেছেন না গরিব চাষী ও প্রান্তিক চাষীদের সেই সুযোগ দেবেন। শর্ট টার্ম লোনে এর আগে সমবায়ে ছিল ৪৭ কোটি টাকা, ১৯৭৮-৭৯ সালে আমরা সেখানে ৫৭ কোটি টাকা দেবার ব্যবস্থা করেছি। তবুও ওঁরা বলবেন কোনও কিছু করা হয় নি। তারপরে আমাদের পশ্চিম বাংলায় আন-এমপ্লয়মেন্ট অ্যালাউয়েন্স, বেকার ভাতা আমরা চালু করেছি, ভারতবর্ষে জনতা শাসিত প্রদেশে এইরূপ এই ব্যবস্থা চালু হয়েছে। সুতরাং বাহবা পাবার জন্য যে এটা করা হয়েছে তা নয়। আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব যে কর্মসংস্থানের জন্য আমাদের একটা সুস্পষ্ট নীতি থাকা উচিত বলে মনে করি। কারণ আমাদের দেশে পশ্চিম বাংলায় দেখতে পাচ্ছি — Pressure of new job opportunities has to be made out by the industrial sector. আমরা দেখছি During the year, 1970-71 the working class population in the State declined from 32% to 28.0% অর্থাৎ শ্রমিক সংখ্যা কমে যাচ্ছে। প্রপোরশনেটলি এগ্রিকালচারাল সেক্টারের দিকে তাকালে জানা যাবে যে এই পিরিয়ডে ৪৬.২ পারসেন্ট থেকে কমে এসে দাঁড়িয়েছে ৪২.৫১ পারসেন্ট। সুতরাং পশ্চিম বাংলায় আমরা কি দেখতে পাচ্ছি? Nearness to steel industry and the good port of Calcutta and the net work of railways and other transport communications. ফলে শিল্প বিকাশের উপযুক্ত পরিবেশ বিদ্যমান থাকা সত্ত্বেও পশ্চিম বাংলায় শিল্পের উন্নতি আমরা দেখতে পাচ্ছি না। কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পর থেকে গ্র্যাজুয়েলি ডিকেয়িং হতে শুরু হইয়াছে সেদিন কেন্দ্রে রাজ্যেও কংগ্রেস সরকার ছিল। আজকে জয়নাল সাহেবরা বড় বড় কথা বলছেন। একটা জিনিস দেখুন, মহারাষ্ট্রে বসে, বা বোম্বেতে বসে, মাদ্রাজে বসে আমরা এখানে পশ্চিম বাংলায় যে দামে কয়লা পাচ্ছি, সেই দামে সেখানেও তারা কয়লা পাচ্ছে। কিন্তু মহারাষ্ট্রে তুলোর যে দাম, মিল মালিকরা পায় সে দামে কিন্তু কলকাতায় আমরা পাই না। তার ফলে পশ্চিম বাংলার সূতা কল আজকে সিক হয়ে যাচ্ছে। ইতিমধ্যেই আমরা ১৮টি মিলকে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের অধীনে

আনতে বাধ্য হয়েছি এবং সেখানে প্রতি বছর ১২ কোটি টাকা করে লোকসান হচ্ছে। সেজন্য বলছিলাম জয়নাল সাহেবরা আগে কোনও কথা বলেন নি। আজকে জ্যোতি বসু মহাশয় যখন বললেন মোর পাওয়ার টু দি স্টেটস, তখন সেটা তিনি ডিসইন্টিগ্রেশনের জন্য বলছেন না, বলছেন ভারতবর্ষকে আরও শক্তিশালী করার জন্য। আজকে যদি এই অসম বন্টন সারা রাজ্যে চলে তবে দেশ শক্তিশালী হবে না। দিল্লিকে বিউটিফাইং করলেই দেশ শক্তিশালী হয়ে উঠবে না, আজকে রাজ্যকে শক্তিশালী করলে দেশ শক্তিশালী হয়ে উঠবে, ভারতবর্ষ শক্তিশালী হয়ে উঠবে। আমি যে কথা বলছিলাম — ওঁরা বিগত ৩০ বছর ধরে এই ব্যাপারে একটা কথাও বলেন নি।

[3-40 — 3-50 P.M.]

গত ১৯৭২ সালে এরা ক্ষমতায় আসবার পর যখন আমরা ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে এই দাবি তুলে ধরেছিলাম সেদিন ডঃ দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় এবং জয়নাল আবেদিন সাহেব ক্ষীণকণ্ঠে সেইসব কথা বলেছেন। আমি জানি দিল্লিতে শ্রীমতী গান্ধী বা ওদের শ্রীমার সামনে বলেছেন কিনা। কিন্তু Triparite মিটিংএ জয়নাল আবেদিন সাহেব বা দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়কে ক্ষীণকণ্ঠে বলতে শুনেছি, ইকুয়ালাইজেশন অফ ফ্রেইট অ্যান্ড প্রাইস এর কথা। পশ্চিম বাংলায় মানুষ যেভাবে ধীরে ধীরে এগ্রিকালচার সেক্টার থেকে সরে যাচ্ছে সেটা চিন্তার কথা। পশ্চিম বাংলায় যেখানে ২.৬৮ শতাংশ জমি সেখানে জনসংখ্যা হচ্ছে ৪.০৯ শতাংশ। তথাপি কৃষির দিকে নজর দিতে হবে। অপর দিকে Pressure of new job seekers. এটা বেড়েই চলেছে। সেইজন্য ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে ডেভেলপমেন্ট দরকার ছিল। আমরা হলদিয়া প্রোজেক্ট নিয়েছি। ইতিমধ্যে আই. ও. সি. 1st phase complete হইয়াছে। Fertilizer is under construction. ইতিমধ্যে ফার্টিলাইজারের কাজ শুরু হয়েছে। হলদিয়াতে আমরা সবে হাত দিয়েছি। হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স, তারাতলা ইলেকট্রনিক কমপ্লেক্স হচ্ছে সুতরাং নূতন গভর্নমেন্ট বামফ্রন্ট গভর্নমেন্ট এই কাজগুলো করার চেষ্টা করছে। কিন্তু তার দ্বারা আমরা একথা মনে করি না, পশ্চিম বাংলার বিরাট, বিপুল বেকার বাহিনীর সমস্যার সমাধান হবে। কারণ এই বিপুল বেকার বাহিনী আমরা দেড় বছরে সৃষ্টি করি নি। দীর্ঘ ৩০ বছর ধরে কংগ্রেস অপশাসনের ফলে এই চেহারা এসে দাঁড়িয়েছে। পশ্চিম বাংলার প্রতি কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাবের আমি এখন কয়েকটি উদাহরণ দিয়ে দেখাতে চাইছি। কেন্দ্রের যেসব ফাইন্যান্সিয়াল ইনস্টিট্যুশন আছে গত কয়েক বছরে বিশেষ করে কংগ্রেস আমলে ১৯৭২ সালে যখন কংগ্রেসের রমরমা অবস্থা তখন আমাদের কিরূপ আচরণ করেছে একটু দেখতে হবে। আমরা জানতাম সূর্য পূর্ব দিকেই উদিত হয়। কিন্তু এখন থেকে জানলাম সূর্য পশ্চিম, উত্তর, দক্ষিণ, পূর্ব সব দিকেই উদিত হয়। তিনি এশিয়ার মুক্তি সূর্য শ্রীমতী ইন্দিরা গান্ধী। আমরা সেদিন কি দেখেছি, ফাইন্যান্সিয়াল ইনস্টিট্যুশনগুলো ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে ফাইন্যান্সিয়াল লোন দেওয়ার ক্ষেত্রে পূর্ব ভারতে একটা শোষণ চালিয়েছে। কেন্দ্র পশ্চিম এবং উত্তর ভারতের রাজ্যগুলিতে ভালভাবে বেশি লোন দিয়েছেন, আর শোষকের ভূমিকা নিয়েছে বিশেষ করে বিহার, উড়িষ্যা, আসাম এবং পশ্চিম বাংলায়। এই রকম ভাবে কেন্দ্রের শোষণ কেন্দ্র ছিল পূর্ব ভারত তথা বাংলা, বিহার, উড়িষ্যা ও আসাম প্রভৃতি। একটা উদাহরণ দিয়ে

বোঝাতে চাইছি, —

During the seven year period of 1969-76 the per capita credit finance was Rs. 24/- for Orissa, Rs. 40/- for Assam, Rs. 19/- for Tripura, Rs. 38/- for Bihar, Rs. 46/- for West Bengal while it was Rs. 346/- for Punjab, Rs. 308/- for Maharastra, Rs. 203/- for Tamil Nadu.

এইসব ফাইন্যান্সিয়াল ইনস্টিট্যুশনগুলো এইভাবে বিমাতৃসুলভ ব্যবহার করছে তখনকার কেন্দ্রীয় সরকারের অঙ্গুলি হেলনে। আবার দেখুন, —

Per capita investment during the same period was Rs. 16/- for Assam, Rs. 23 for Orissa, Rs. 5/- for Tripura, Rs. 14 for Bihar, Rs. 70/- for West Bengal while it was Rs. 52/- for Guzrat and Rs. 55/- for Haryana.

তাহলে বুঝে দেখুন সেদিন কি অবস্থা ছিল। সেদিন জয়নাল আবেদিন সাহেব পশ্চিম বাংলার মন্ত্রী ছিলেন, শ্রীমতী গান্ধীর চরণ সেবা করতেন। সেদিন তাদেরই শাসনের সময়ে পশ্চিম বাংলায় বিরাট বেকার বাহিনী তৈরি হয়েছিল সেই বিরাট বেকার বাহিনী আজ বিস্ফোরণের মুখে এসে দাঁড়িয়েছে। সেদিন এইসব কথা তারা কেন্দ্রকে শোনাতে পারেন নি। সেদিন যদি কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতেন তাহলে সমস্যার অনেকখানি সমাধান হতে পারত। বিরোধী দল জনতা দলের বন্ধুরা একটা কথাও বললেন না কেন্দ্রের বাজেট সম্বন্ধে। কেন্দ্রীয় বাজেট সম্বন্ধে ওঁরা বলেছেন জনসাধারণের স্বার্থে হয়েছে। আর পশ্চিম বাংলার ঘাটতি সম্বন্ধে বললেন হিসাবের কারচুপি, জাগলারি অফ অ্যাকাউন্টস এবং অনেক ব্যক্তিগত কথা বললেন। আমি ব্যক্তিগত কথায় যেতে চাই না, আমি বলতে চাই, পশ্চিম বাংলার বিরাট বিপুল বেকার বাহিনী আজকে বিস্ফোরণের মুখে এসে দাঁড়িয়েছে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে এই কথা বলতে চাই, আপনার এই বাজেট ভাষণের মধ্য দিয়ে বিরাট বিপুল বেকার বাহিনী সম্বন্ধে যেকথা বলেছেন সেটা পরিষ্কার নয়, অস্পষ্ট। এই সম্পর্কে সুস্পষ্ট বক্তব্য রাখা দরকার। কারণ আজকে তারা বিস্ফোরণের মুখে এসে দাঁড়িয়েছে। যে কোনও মূহুর্তে বিস্ফোরণ ঘটতে পারে।

কেন না আমরা একটা বিস্ফোরণের মুখে এসে দাঁড়িয়েছি। কারণ আজকে পশ্চিম বাংলায় বণিক সম্প্রদায় মানি ডাইভারসিফাই করে দিয়ে কারখানাগুলিকে সিক করে দিচ্ছে এবং সেই টাকা নিয়ে তারা অন্য জায়গায় কারখানা করছে। ওঁরা বলছেন পশ্চিম বাংলার অর্থনৈতিক অবস্থা খুব খারাপের দিকে আমরা ফাঁকি নিয়ে যাচ্ছি। বিভিন্ন দিক থেকে কর বসানো হয়েছে যার ফলে সাধারণ মানুষ মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্তদের উপর চাপ পড়ছে। একথা ঠিক যে আমরা মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্তদের উপর কর বসাতে চাই না এবং আমরা চোলাই

মদের উপর কর বসিয়ে দিয়েছি ক্যাবারে ড্যান্সের উপর কর বসিয়েছি। নিশ্চয় মধ্যবিত্ত মানুষরা এ কাজ করে না। সেইজন্য আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই প্রসঙ্গে আমি কয়েকটি সাজেশন রাখছি এবং এই কথা বলব যে পশ্চিম বাংলা অন্যান্য রাজ্যের তুলনায় ঘনবসতিপূর্ণ। তাই বিভিন্ন জেলা এবং মহকুমা শহরে যাতে আমাদের ভবিষ্যত বংশধররা ছেলে মেয়েরা যাতে খেলাধুলা করতে পারে তার জন্য স্টেডিয়াম করবার ঘোষণা এর মধ্যে থাকা উচিত ছিল। গতকাল আমার দলের পক্ষ থেকে শ্রী নির্মল বসু মহাশয় বলে গিয়েছেন যে ঐ রেস কোর্স যেখানে জয়নাল সাহেবদের বন্ধুরা গিয়ে আনন্দ ভোগ করেন সেটা দখল করে নিয়ে ছেলে মেয়েরা যাতে সেখানে খেলাধুলা করতে পারে সেই রকম প্রভিসন তিনি করুন। এটা অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটে থাকা উচিত ছিল। এই প্রসঙ্গে আমি আপনার মারফৎ এই কথা বলব যে আমাদের বামফ্রন্ট সরকারের সঙ্গে ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন কর্পোরেশন বিমাতৃসুলভ ব্যবহার করছে। যখন জয়নাল বাবুরা ক্ষমতায় ছিলেন আই. আর. সি.-কে টেক ওভার করা হয় বহু বহু ছোট ছোট কারখানা এখন তারা বলছে যে,

Yearly output must be one crore of rupees and workers. involvement.

তা না হলে, হবে না। ফলে দেখা যাচ্ছে অনেক কলকারখানা এইভাবে বন্ধ হয়ে যাচ্ছে। বামফ্রন্ট সরকার বিরোধী কাজ কেন্দ্রের আই. আর. সি. করে যাচ্ছে এবং এইরূপ বিমাতৃসুলভ মনোভাবের জন্য পশ্চিম বাংলায় বহু বন্ধ শিল্প দরজা খুলতে পারছে না। এ সম্পর্কে অর্থমন্ত্রী মহাশয়ের সুস্পষ্ট বক্তব্য থাকা দরকার ছিল। পরিশেষে পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেবার জন্য আবার ধন্যবাদ জানিয়ে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণ রূপে সমর্থন করি। তার কারণ আজকে সমাজতান্ত্রিক দেশের বাজেট রচনা করা সম্ভব কিন্তু যে দেশে বর্তমানে আমরা বাস করি সেই দেশের সমাজ ব্যবস্থা ধনতান্ত্রিক কাঠামোর উপর দাঁড়িয়ে রয়েছে এবং এই কাঠামোর উপর দাঁড়িয়ে থেকে আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা নিশ্চয় সমর্থনযোগ্য এবং এই বাজেটের মধ্য দিয়ে তিনি যে দিক দেখার চেষ্টা করেছেন সেটা হচ্ছে যে এই বাজেটে মূলত সাধারণ মানুষের স্বার্থের প্রতিফলন আছে কিনা। আমরা নিশ্চয় দেখতে পাচ্ছি যে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে সাধারণ মানুষের স্বার্থের প্রতিফলন রয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে কিভাবে তিনি সাধারণ মানুষের জন্য তার চিকিৎসার জন্য তার শিক্ষার জন্য কিভাবে ব্যয় করা হয়েছে।

[3-50 — 4-00 P.M.]

আজকে তা বন্যার স্বার্থে ব্যয় করা হয়েছে। বাজেটের অর্থ সাধারণ মানুষের স্বার্থেই ব্যয় করা হয়েছে, বাজেট বক্তৃতার মধ্য দিয়ে অর্থমন্ত্রী এই কথা বারে বারে বলবার চেষ্টা করেছেন। এতে এটাই প্রমাণিত হয় যে তিনি একজন বিরাট অর্থনীতিবিদ এবং এই বাজেট ভাষণের মধ্য দিয়ে তিনি নিজেকে আর একবার বিরাট অর্থনীতিবিদ হিসাবে প্রমাণ করে গেলেন। কারণ, এর আগে বহু অর্থমন্ত্রী অর্থনীতিবিদ হিসাবে বাজেট বক্তৃতা উপস্থাপিত করেছেন, কিন্তু ডঃ অশোক মিত্র যে বাজেট উপস্থাপিত করেছেন তাতে কতকগুলি বিশেষ দিককে দেখানোর চেষ্টা তিনি করেছেন। তিনি কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলেছেন। এই সম্পর্কে তিনি খুব জোরালো কথা বলেছেন। কংগ্রেস আমলে যিনি অর্থমন্ত্রী ছিলেন ডঃ শঙ্কর ঘোষ, তিনি শুধু একটু জোরালো কথা বলেছেন, কেন্দ্রের বিরুদ্ধে কিছু বলবার চেষ্টা করেন নি। কিন্তু ডঃ অশোক মিত্র তাঁর বাজেট বক্তৃতার মধ্য দিয়ে আমাদের অসুবিধাগুলি কোথায় আছে এবং এই অসুবিধার জন্য পশ্চিম বাংলার মানুষ আজকে কোথায় এসে দাঁড়িয়েছে সেগুলি তিনি তীব্র ভাষায় তুলে ধরবার চেষ্টা করেছেন। কংগ্রেস ও বিরোধী পক্ষের বন্ধু যারা আছেন তাদের মধ্যে অনেকে মন্ত্রীও ছিলেন। তাদের এই কথা মনে রাখতে হবে যে তারা দীর্ঘ ৩০ বছর ধরে দেশ শাসন করেছেন। পাঁচ পাঁচটি পাঁচশালা পরিকল্পনা হয়েছে। এই পরিকল্পনার ফলে দেশে কোটি কোটি বেকার তৈরি হয়েছে। সত্যিকারে যদি সুষ্ঠু পরিকল্পনা করা হত এবং দেশের স্বার্থে যদি অর্থ দেওয়া হত তাহলে আজকে দেশের এই অবস্থা হতে পারত না, বিরোধীদের এই কথা জানা উচিত। অর্থমন্ত্রী তিনি তাঁর বাজেট বক্তৃতায় আর একটি দিক তুলে ধরবার চেষ্টা করেছেন জোরালো বক্তৃতার মধ্য দিয়ে যা এতদিন পর্যন্ত কোনও অর্থমন্ত্রীই কেন্দ্রকে বোঝাতে পারেন নি — তিনি তাঁর যুক্তিতে যা বলেছেন সপ্তম অর্থ কমিশনকে তা স্বীকার করতে হয়েছে। তিনি যে বক্তব্য রেখেছেন এই কথা স্বীকার করতেই হবে এটা সঠিক বক্তব্য। সরকারের ভাল দিকগুলি বিরোধী পক্ষের সদস্যরা বলবার চেষ্টা করেন নি। বিরোধিতা করার অর্থ এই নয়, যে যা কিছু ভাল দিক আছে সেটারও বিরোধিতা করতে হবে। মনে হচ্ছে যেন সমস্ত কিছু বিরোধিতা করবার জন্যই বিরোধিতা করছেন। বিরোধী পক্ষের সদস্যরা কর সম্পর্কে বলবার চেষ্টা করেছেন। আপনারা একবার চিন্তা করে দেখুন, দেশের গরিব মানুষের উপর কর বসানো হয় নি। তাছাড়া কর বসানো না হলে দেশ কি ভাবে চলবে? বিরোধী পক্ষের বন্ধুরা তো এমন কোনও সঠিক পরিকল্পনা রাখেন নি যে কাদের উপর কর বসানো যেতে পারে — এই রকম সুস্পষ্ট বক্তব্য বিরোধী পক্ষ থেকে তোলবার চেষ্টাও করেন নি। অন্য দিকে বর্গা অপারেশন সম্পর্কে বলবার চেষ্টা করেছেন। অনেকে এই ব্যাপারে আতঙ্কিত হয়ে উঠেছেন। বিভিন্ন ভাবে অপারেশন বর্গার যে কাজ চলেছে আমি মনে করি আজকের দিনে সরকারের দিক থেকে এটা একটা বৈপ্লবিক কাজ ছাড়া আর কিছুই নয়। কারণ দিনের পর দিন বিরোধী পক্ষের বন্ধু ও কংগ্রেসি বন্ধুরা বড় বড় জোতদারদের মদত দিয়েছেন, গ্রামের গরিব মানুষের উপর শোষণ, অত্যাচার করেছেন। কংগ্রেসি রাজত্বের সুযোগ নিয়ে তারা বর্গাদারদের জমি থেকে উচ্ছেদ করে দিয়েছেন। আজকে সেই সমস্ত জায়গায় দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার অপারেশন বর্গার যে কাজ করছেন, সেটা সত্যিই প্রশংসনীয়। এই সরকার অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা করেছেন।

সরকার প্রতিশ্রুতি দিয়েছেন ১৯৮০ সাল থেকে নবম ও দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করবেন, বিগত ৩০ বছরে কংগ্রেস সরকার এই কথা বলতে পারেন নি। কাজেই তারা নিশ্চয় এটাকে জোরালো ভাবে সমর্থন জানাবেন, আশা করতে পারি। সরকারি কর্মচারিদের দীর্ঘ দিনের যে দাবি কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের হারে মহার্ঘ ভাতা দিতে হবে — এর জন্য তাদের যে আন্দোলন, সেই আন্দোলনের রায় আজকে প্রকাশ করেছেন — সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের হারে তিনি মহার্ঘ ভাতা দিয়েছেন, এটা নিশ্চয় প্রশংসনীয় দিক। অন্য দিকে আমি অর্থমন্ত্রীর কাছে আবেদন রাখতে চাই স্কুলের শিক্ষক যারা সরকারি কর্মচারিদের মতো দীর্ঘদিন ধরে চিকিৎসা ভাতা ও বাড়ি ভাড়া ভাতার জন্য লড়াই করছেন, তাদের এই দাবিও যেন অর্থমন্ত্রী স্বীকার করে নেন — আমি এই অনুরোধ তাঁর কাছে জানাব।

অন্য দিকে যাত্রার উপর সরকার যে কর বসাচ্ছেন সে ব্যাপারে অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব, গ্রামাঞ্চলে যে সমস্ত যাত্রা অনুষ্ঠান হয় তার দিকে সরকার তাকান। গ্রামে স্যার, আজকাল আর যাত্রা হয় না, মনসা মঙ্গল হয় না কারণ দিনের পর দিন ধরে গ্রামের অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়েছে। গত ৩০ বছর ধরে গ্রামের অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়ার ফলে সেখানে আজকে আর আনন্দ উৎসব হয় না। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব, গ্রামে যে সমস্ত যাত্রা অনুষ্ঠান হয় প্রস্তাবিত কর তাদের ক্ষেত্রে ছাড় দেওয়া সম্ভব কিনা ভেবে দেখবেন। গ্রামে যাতে যাত্রা উৎসব হতে পারে আশা করি সরকার সেটা দেখবেন। কর আদায়ের পদ্ধতি সম্পর্কে বলতে চাই যে উক্ত কর টিকিটের উপর না বসিয়ে শো ট্যাক্স হিসাবে অথবা মোট এগ্রিমেন্টের উপর বসানো যায় কিনা ভেবে দেখবেন। এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণ রূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী বিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন আমাদের রাজ্যের বাজেট নিয়ে আলোচনা করছি ইতিমধ্যেই কেন্দ্রের বাজেট প্রকাশিত হয়েছে এবং সারা দেশে হৈ হৈ পড়ে গিয়েছে, বেশির ভাগ মানুষই স্তম্ভিত হয়ে গিয়েছে। সেখানে অসংখ্য কর বৃদ্ধি প্রায় সকল জিনিসের দাম বাড়বে, তার উপর আবার সরাসরি ট্যাক্স বৃদ্ধি। সেখানে একমাত্র সারের দাম, ডিজেলের দাম কিছু কমবে, কিছু লোক তার দ্বারা নিশ্চয় লাভবান হবেন কিন্তু সামগ্রিক ভাবে দেশের উপর একটা ভয়ঙ্কর রকমের আঘাত আসছে। এই বাজেটকে প্রতিক্রিয়াশীল বাজেট বলা যায়। এই পরিপ্রেক্ষিতে আমরা এখন আমাদের এই রাজ্যের বাজেট নিয়ে আলোচনা করছি। আমাদের এই রাজ্যের বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে প্রথমেই আমি বলব, মাননীয় অর্থমন্ত্রীকে একটি বিষয়ে আমি পূর্ণ সমর্থন জানাই, সেটা হল আমাদের পশ্চিমবঙ্গের আগামী বছরের প্ল্যানিং। ৫৩১ কোটি টাকার প্ল্যানিং তারা করেছেন, তবে কি প্ল্যান করেছেন তা আমরা জানি না। কিন্তু কমপক্ষে এটা নিশ্চয় প্ল্যানিং কমিশনের গ্রহণ করা উচিত। এটা ঠিকই যে আমাদের সারা দেশে দুঃখ দুর্দশার কোনও সীমা পরিসীমা নেই, সারা দেশই পশ্চাৎপদ, তবুও তার ভেতরে নিশ্চয় রাজ্য হিসাবে আমাদের এটা বলবার আছে যে আমরা বিগত ১৫/২০ বছরের মধ্যে অন্য অনেক রাজ্যের তুলনায় পিছিয়ে গিয়েছি। তবে এই প্ল্যানিং হয়ে গেলেই যে আমাদের সর্বাঙ্গীন উন্নতি হয়ে যাবে তা নয়, লোকের সব দুঃখ দুর্দশা দূর হয়ে যাবে তাও নয়, তবুও আমাদের রাজ্যের আপেক্ষিক

উন্নতির জন্য এই প্ল্যানিং-এর বিশেষ প্রয়োজন এবং আমি আশা করি আমাদের আইনসভা সর্ব সম্মতিক্রমে এই দাবিকে সমর্থন করবে। আর একটি বিষয়ে গভর্নমেন্টের সিদ্ধান্তকে সকলেই অনুমোদন করেছেন, স্বাগত জানিয়েছেন, আমিও জানাই, সেটা হচ্ছে, আমাদের রাজ্যে শিক্ষাকে ১০ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করা হবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই সূত্রে একটি কথা বলেছেন যে বিশ্ববিদ্যালয়গুলির ক্ষেত্রে কর্তৃপক্ষ নূতন ভাবে নির্বাচিত করবার জন্য নূতন আইন আনা হবে। কিন্তু আমি বলি, বহুবার তো এই বিধানসভায় আলোচনা হয়েছে যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ বা অন্যান্য শিক্ষা সংক্রান্ত কর্তৃপক্ষ যে সব সুপারসিডেড হয়েছে এবং অ্যাডমিনিস্ট্রেটার নিযুক্ত হয়েছে সেখানে যথেষ্ট দিন পার হয়ে গিয়েছে, সেখানে সেই সমস্ত গণতান্ত্রিক ভিত্তিতে পুনর্গঠিত হওয়া উচিত। আর এই সুপারসেশন চলা উচিত নয় বা অ্যাডমিনিস্ট্রেটার দিয়ে সেগুলি চালানো ঠিক নয়। যাই হোক, এখন করের ব্যাপারে কয়েকটি কথা বলি। এখানে যে প্রত্যক্ষ কর আয়ের উপর উনি বসিয়েছেন সেখানে আমি অনুরোধ করব, প্রথম দুটি স্তরকে এই করের আওতা থেকে বাদ দেওয়া হোক।

[4-00 — 4-10 P.M.]

এই যে আয়ের উপরে কর, সেখানে চরণ সিং সারচার্জ বসিয়েছেন। আবার ইনকাম ট্যাক্স সেখানে ১০ হাজার টাকা পর্যন্ত ছাড় আছে এবং ১১ হাজার টাকার উপর সারচার্জ বসিয়েছেন। আমাদের এখানে ৫ শত টাকা আয় হলে কর বসবে বলা হয়েছে। আমি যতদূর জানি, আমাদের যাঁরা মজুর, সেই মজুররা অনেক আন্দোলন করে, জিনিসপত্রের মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে অনেক আন্দোলন করে, লড়াই করে তাদের ন্যূনতম মজুরি বাড়িয়ে যে জায়গায় এনেছেন সেখানে ইঞ্জিনিয়ারিংয়ে যাঁরা আছেন ৭৫০ টাকা ন্যূনতম মজুরি, একজন অদক্ষ শ্রমিক যে জুটে আছেন, একজন আধা দক্ষ শ্রমিক সকলকে এটা দিতে হবে এবং যাঁদেরকে নিম্ন মধ্যবিত্ত বলি, যাঁরা সেম স্কিলে কাজ করেন বা বিভিন্ন ধরনের আয় করেন এই রকম প্রফেশনে আছেন তাঁদের উপর এই কর পড়বে। এখন যদি এটা ধরে নেই বিশেষ করে গ্রামে পঞ্চায়েত আইনে এই ধরনের কর বসানোর সুযোগ আছে এবং কিছু কিছু বসছে, এবারে বাকি সকলেই বসাবে এবং পঞ্চায়েতের আয় বাড়াবার জন্য যে স্কোপ আছে সেই অনুসারে বাড়বে। গ্রাম এবং শহরে মিলিয়ে আমি বলছি যে নিচের দিকে যে দুটি স্লাব আছে, সেই দুটি স্লাবে এই কর-এর জাল থেকে বাদ দেওয়া আছে। এই যে অতিরিক্ত চাপ, এটা যদি আমরা স্মরণ রাখি যে চরণ সিংয়ের বাজেটে সব জিনিসের দাম বাড়ছে, জীবনযাত্রা আরও কঠিন হয়ে পড়ছে মধ্যবিত্তদের পক্ষে, শ্রমিক শ্রেণীর পক্ষে, সেই অবস্থাতে শ্রমিকদের উপর, নিম্ন মধ্যবিত্তদের উপর এই নূতন কর এই ভাবে বসানো ঠিক হচ্ছে না। এই সূত্রে অর্থমন্ত্রী বন্যার কথা বলেছেন এবং বন্যায় ত্রাণের জন্য যে টাকা খরচ হয়েছে সেটাও বলেছেন। আমি জানি না কেন তিনি সেটা এই সূত্রে এখানে বললেন। আমরা সকলে একমত যে বন্যার জন্য যে টাকা খরচ হচ্ছে, হবে, হয়েছে বা হওয়া দরকার সেটা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। পশ্চিমবঙ্গের এই যে দাবি, এটা আমাদের সকলের দাবি, এটা দিতে হবে। তিনি এই সঙ্গে করটাকে যুক্ত করছেন কেন আমি জানি না। কেন্দ্রীয় সরকার আমাদের কত টাকার প্রতিশ্রুতি দিয়েছিলেন, কত টাকা খরচ হয়েছে রিলিফের জন্য সেটাও মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বলা

উচিত ছিল। কিন্তু তাছাড়াও আমি এই কথা বলব যে যত টাকা খরচ হোক সেটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করা দরকার। তার জন্য এই করের সঙ্গে লিঙ্ক আপ করা উচিত নয়। আমি প্রধানত কৃষি এবং শিল্প সম্পর্কে আলোচনা করতে চাই। এই কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন, আমি তাঁকে মনে করিয়ে দেব যে ১৯৭৭ সালে যখন তিনি প্রথম বাজেট পেশ করেন তখন আমি বলেছিলাম যে আমাদের দেশের বড় ধনিক শ্রেণী, বড় পুঁজিপতি যাঁরা আছেন, তাঁদের উপর ভরসা করা চলে না শিল্প বিস্তারের ক্ষেত্রে। এখন উনি বলছেন যে মাল্টি ন্যাশনালরা বা মনোপলিস্টরা যে টাকা লুঠ করছেন তার সামান্য অংশও আমাদের এখানকার শিল্প বিস্তারের জন্য নিয়োগ করে নি এবং করছে না। তাহলে আজকে তাঁদের সম্পর্কে গড় মনোভাব নেওয়া উচিত এবং বিভিন্ন দিক থেকেই নেওয়া উচিত। আমি তাঁর বিস্তৃত আলোচনা করতে চাইছি না। আমি শুধু বলতে চাই যে তাঁরা মাসের পর মাস কারখানা বন্ধ করে রাখলেও সেই কারখানা নেওয়া হয় না কেন এবং আরও নানা দিক থেকে বলা যায় যে তাঁদের কাছে নরম মনোভাব আমাদের সরকার দেখাচ্ছেন। শ্রমিকদের সামান্যতম দাবিটুকুও তারা মানেন না। বহু দিন লড়াই করার পর শ্রমিকরা যখন মৃত্যু মুখে, তাও বহু রগড়ে জুটের স্ট্রাইক ৪৮ দিন পার হবার পরে তাঁরা একটা আপোষ করছে।

জুটের স্ট্রাইক হবার পর ইঞ্জিনিয়ারিং এর সমস্ত ইউনিয়ন যখন স্ট্রাইক করবার জন্য প্রস্তুত হলেন তখন ইঞ্জিনিয়ারিং-এ মীমাংসা হয়েছে। কটনের ব্যাপারে এখনও মীমাংসা হয় নি। সুতরাং তারা আমাদের দেশ থেকে লুঠ করছে, আমাদের শ্রমিকদের কাছ থেকে লুঠ করছে, আমাদের কৃষকদের কাছ থেকে লুঠ করছে নানা ভাবে, সুতরাং তাদের প্রতি নরম মনোভাব দেখাবার কোনও কারণ নেই। কিন্তু এই সূত্রে বলতে চাই, তারা যে সমস্ত বজ্জাতি করছে, তাদের কলকারখানা নিয়ে নেওয়া হয়েছে এবং ন্যাশনালাইজ করা হয়েছে। কিন্তু তার সঙ্গে একটা কথা জড়িয়ে আছে, আমাদের যে সমস্ত রাষ্ট্রায়ত্ব শিল্প আছে, সেই শিল্পগুলোর পারফর্মেন্স খুব খারাপ, এটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন, সরকারি অর্থ ড্রেন হয়ে যাচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকার থেকে যে পুঁজি নিয়োগ করা হয়েছে, সেই পুঁজি থেকে আয় হওয়া দরকার, আয়ের পর উদ্বৃত্ত থাকা দরকার। তার পরিবর্তে ক্রমান্বয়ে ঘাটতি হচ্ছে, এবং সেই ঘাটতি দিনের পর দিন বাড়ছে। আমি বলব, লেফটফ্রন্ট গভর্নমেন্ট আসার পর এই বামফ্রন্ট সরকার এই অবস্থার উন্নতি করবেন, এটা সকলেই আশা করেছিল। বামফ্রন্ট সরকারের প্রভাব আমাদের রাজ্যের শ্রমিক, কর্মচারী বেশির ভাগ উপর আছে, তাদের ইউনিয়নের প্রভাব আছে এবং আমাদের রাজ্যের প্রগতিশীল এবং সৎ বুদ্ধিজীবীর অভাব নেই, তাহলে এই পারফর্মেন্স কেন? আমাদের স্টেট সেক্টারের ইন্ডাস্ট্রিগুলোর এই পারফর্মেন্স বদলায় নি কেন? যা অতীতে চলছিল, এখনও তাই চলছে, অবস্থা বরং আরও খারাপ হয়েছে এবং লস আরও বাড়ছে। এটা এই বামফ্রন্ট সরকারের পক্ষে মোটেই উপযুক্ত হয় নি বলে আমি মনে করি। কি করে করা যেতে পারে সে সম্বন্ধে ভাবা উচিত, খুব সিরিয়াসলি ভাবা উচিত। স্টেট সেক্টারে যে সব শিল্প বাণিজ্য আছে তার আয় যদি না বাড়ানো যায়, দুর্নীতি যদি বন্ধ না করা যায়, ওয়েস্টেজ যদি বন্ধ না করা যায়, এফিশিয়েন্সি যদি না বাড়ানো যায় এবং ওয়ার্কার এবং এমপ্লয়িদের এফেক্টিভলি ম্যানেজমেন্টে জড়িত না

করা যায়, তাদের সুপারভিসন, তাদের কন্ট্রোল ম্যানেজমেন্টের উপর যদি না আনা যায় তাহলে যে সমস্ত শিল্প আমাদের রাষ্ট্রায়ত্ত করা দরকার, সে সম্বন্ধে লোকের মনে সন্দেহ হবে — আপনারা শিল্প নিলে অলাভজনক হয়ে যাবে, সুতরাং যারা স্টেট সেক্টারে বিশ্বাস করেন তাদের দিক থেকে নিশ্চয়ই এই দাবি সকলে করবেন, সরকারি দলের হোক বা বিরোধী দলের হোক। বামফ্রন্ট সরকার নিশ্চয়ই চেষ্টা করবেন, যাতে আগামী বছর এই সমস্ত সরকারি ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলোতে, সরকারি কলকারখানাগুলোতে লোকসান না হয়। লোকসান বন্ধ করা, তারপর কয়েক বছরের মধ্যে লাভজনক করা, তার জন্য কি রিঅরগানাইজেশন দরকার, সেটা নিশ্চিত করা এবং তার জন্য যদি একটা এক্সপার্ট কমিশন দরকার হয়, সেই কমিশন গঠন করা কিছু বিশেষজ্ঞ এবং কিছু রাজনীতিবিদ নিয়ে, এই ব্যবস্থা করা দরকার। এই ব্যাপারে একটা সর্বাত্মক তদন্ত হওয়া দরকার যাতে এই অবস্থার উন্নতি করা যায়। আমি এই বিষয়ে আর বিশেষ কিছু বলছি না। আমি এখন কৃষি সম্বন্ধে বলতে চাই। কৃষি উৎপাদন হয়েছে অর্থমন্ত্রী বলেছেন। আমি লক্ষ্য করেছি যে কৃষি বিভাগ কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য গুরুত্ব সহকারে চেষ্টা করেছেন। এছাড়া বিভিন্ন কারণে হয়ত উৎপাদন বৃদ্ধি হয়ে থাকতে পারে, যদিও এই বিষয়ে সুনিশ্চিত হওয়া খুব মুশকিল, চারটি সংস্থা থেকে আমরা কৃষি বিষয়ে তথ্য পেয়ে থাকি। আমি বরাবর দেখেছি এই চারটি সংস্থার তথ্যের মধ্যে খুব গরমিল থাকে। আজ পর্যন্ত একটা ব্যবস্থা হল না এই চারটি সংস্থা — একটি কেন্দ্রীয় সংস্থা, আমাদের তিনটি সংস্থা যারা কৃষি বিষয়ে কো-অর্ডিনেট করে খানিকটা নির্ভরযোগ্য তথ্য পাওয়ার ব্যবস্থা করেছেন। নির্ভরযোগ্য তথ্য পাওয়ার কোনও ব্যবস্থা নেই। কিন্তু কৃষি উৎপাদন বৃদ্ধি হয়েছে, অথচ বলছেন যে শিল্প এবং বাণিজ্যে তার ধাক্কা লাগে নি। অভ্যন্তরীণ বাজারের ক্ষেত্রে তার ধাক্কা লাগে নি। কৃষি উৎপাদন যদি বৃদ্ধি হয়ে থাকে তাহলে কৃষকদের আয় কি বৃদ্ধি হয়েছে? কৃষিজাত পণ্য কৃষকরা যে দরে বাজারে বেচেছে গত বছর এবং এই বছর, সেটা কি তাদের পক্ষে রেমুনারেটিভ প্রাইস হবে?

[4-10 — 4-20 P.M.]

তাদের খরচ পুষিয়েও উদ্বৃত্ত থাকার মতো সেই দর তো পাচ্ছেনই না। বামফ্রন্ট সরকারের সবচেয়ে বেশি যদি কোথাও গাফিলতি হয়ে থাকে তা হল গরিব চাষীদের, ছোট চাষীদের, মাঝারি চাষীদের পণ্যের যে প্রাথমিক বাজার সেই বাজারে ন্যায্য দরে ব্যবস্থা না করা এবং নিজেদের গভর্নমেন্ট থেকে ক্রয় করবার ব্যবস্থা না করা বা ন্যায্য মূল্যের সংস্থা তৈরি না করা। তাদের ন্যায্য মূল্য না দেওয়ায় আমরা জানি কৃষকরা যে উৎপাদন বাড়িয়েছে তার একটা বড় মুনাফা তাদের কাছ থেকে লুটে নিয়ে যাচ্ছে মিডিল ম্যানরা এবং বড় ব্যবসায়ীরা, তাদের মুনাফা বাড়ছে, কিন্তু উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে কৃষকদের আয় বাড়ে নি। সুতরাং কৃষি উৎপাদন বাড়ার সঙ্গে সঙ্গে অভ্যন্তরীণ বাজারে কৃষক কি দাম পেল, না পেল সেটা দেখা খুব দরকার। দ্বিতীয়ত আমাদের পশ্চিম বাংলার কৃষকরা যেসব জিনিসগুলি কেনে সেই জিনিসগুলির বেশির ভাগ আমাদের পশ্চিম বাংলাতেই যোগান দেবার মতো শিল্প আছে কিনা দেখা দরকার। কারণ কৃষকের আয় বৃদ্ধি হলেই অভ্যন্তরীণ বাজারের শিল্পের প্রতি তার ধাক্কা লাগবে। সুতরাং পশ্চিম বাংলার কৃষকের আয় বৃদ্ধি হলে পশ্চিম বাংলার শিল্পে তার

ধাক্কা লাগাতে গেলে পশ্চিম বাংলার কৃষকের যে আয় তার সঙ্গে পশ্চিম বাংলার শিল্পের একটা যোগাযোগ থাকা দরকার। সেটা ভাল করে অনুসন্ধান করা উচিত এবং প্রয়োজন হলে আমাদের শিল্পকে রিস্ট্রাকচারিং করা দরকার। এসব জিনিস ভাবা দরকার। আমি জানি, আমি খুব ভাল বুঝি এই রকম পশ্চাৎপদ দেশে পুঁজিপতি ব্যবস্থা যা আছে তাতে এখানে উন্নতির সুযোগ খুবই সীমাবদ্ধ, এ বিষয়ে আমি সম্পূর্ণ এক মত। কিন্তু সেই সীমাবদ্ধ সুযোগের মধ্যে একটা বামফ্রন্ট সরকার কি করতে পারে তা দেখবার আশা লোকে করছে, তারা দেখছে সীমাবদ্ধ সুযোগের মধ্যে ম্যাক্সিমাম করছে কিনা। কিন্তু আমি বলব এ বিষয়ে বামফ্রন্ট সরকার মনোযোগ দেন নি এবং ব্যবস্থাও কিছু করে নি।

তৃতীয় কথা হচ্ছে কৃষি উৎপাদন যদি বৃদ্ধি হয়ে থাকে তাহলে তার ডিস্ট্রিবিউশন কি রকম হয়েছে? আমরা লক্ষ্য করছি এর মুনাফা মিডিলম্যানরা এবং বড় ব্যবসায়ীরা লুটে নিয়ে যাচ্ছে। আমি আগেই বলেছি যে কৃষকরা তাদের উৎপন্ন দ্রব্যের দাম ন্যায্য ভাবে পাচ্ছে না। আর একটা কথা বলছি তাদের ডিস্ট্রিবিউশন কি ঠিক মতো হচ্ছে? গ্রামে যারা খুব গরিব — ক্ষেত মজুরদের কথা অর্থমন্ত্রী বলেছেন যে, বিভিন্ন সংগঠনের আন্দোলনের ফলে তাদের কিছু মজুরি বৃদ্ধি হয়েছে, এটা আমরা মানি। আমি ইতিপূর্বে বলেছি এবং বলছি যে, হ্যাঁ ক্ষেত মজুরদের কিছু মজুরি বৃদ্ধি হয়েছে। কিন্তু কত হয়েছে? ৫ টাকার জায়গায় ৫.৫০ টাকা হয়েছে। কিন্তু মরশুমের সময়েও ৮ টাকা ১০ পয়সা কটা ক্ষেত মজুর পেয়েছে বা পায়? এমন কি সাড়ে ৭ টাকা কটা ক্ষেত মজুর পেয়েছে বা পায়? আর মরশুম যখন নেই তখন কত পায়? আর ভাগ চাষী অথবা গরিব চাষীর অবস্থা কি? একথা ঠিক যে গভর্নমেন্ট থেকে কিছু কাজ দেওয়া হচ্ছে। উনি বলেছেন প্রায় ১০ লক্ষ লোককে কাজ দেওয়া হয়েছে, মোট হিসাবে প্রায় ৪০ লক্ষ দিন কাজ দেওয়া হয়েছে। হতে পারে কাজ দেওয়া দরকার, আরও অনেক কাজ দেওয়া দরকার। কিন্তু তারা কত মজুরি পেয়েছে? সরকারি কাজের জন্য কত মজুরি পায়, এটা বোঝা দরকার। আমি ঘুরে ফিরে দেখছি না যে, গ্রামের যারা গরিব তাদের খুব একটা উন্নতি হয়েছে। আর একটা কথা আমি এ বিষয়ে বলতে চাই সেটা হল বন্যার সূত্রে উনি বলেছেন সেচ বিভাগের বরাদ্দ বেড়েছে, বন্যার ত্রাণের ব্যাপার নিয়ে আমি আলোচনা করতে চাই না, সে বিষয়ে খুব ব্যাপক অভিযোগ আছে, পক্ষপাতিত্বের এবং দুর্নীতির অভিযোগ আছে, কিন্তু তা সত্ত্বেও গভর্নমেন্ট বিপুল সাহায্য করেছে, অনেক লোকের উপকার করেছে।

কিন্তু ভবিষ্যত বন্যা নিয়ন্ত্রণের কথা যেটা নিয়ে আজ পশ্চিম বাংলার লোক এত উদ্বিগ্ন সেটার কি হল? — আমরা কাগজে পড়লাম কেন্দ্রীয় সরকার বিপুল পরিমাণ টাকা বন্যা নিয়ন্ত্রণের জন্য ধার্য করেছেন এবং পশ্চিম বাংলার সরকার একটা প্ল্যান করে রেখেছেন যে তারা ২৫০ কোটি টাকা থেকে ৩০০ কোটি টাকা দাবি করবেন। বন্যা নিয়ন্ত্রণ এবং জলসেচ-এর ব্যাপারে যে সমস্ত পরিকল্পনা তৈরি হয়ে আছে সেগুলি হাতে নেওয়া হবে কিনা তার জন্য বিভিন্ন জায়গায় মানুষ ক্ল্যামার করছেন। আমার কনস্টিটিউয়েন্সিতে তমলুক মাস্টার প্ল্যান আছে, তার চেয়েও বেশি মাস্টার প্ল্যান আছে, দক্ষিণ দামোদর, নিম্ন দামোদর পরিকল্পনা [illegible]চড়া হয়ে পড়ে আছে — মুর্শিদাবাদ জেলায় ড্রেনেজের সমস্যা, ২৪ পরগনা জেলায়

ড্রেনেজের সমস্যা, হুগলি জেলায় ড্রেনেজের সমস্যা — বিভিন্ন জেলায় বন্যায় এটা হাই লাইট করেছে। তার জন্য কিভাবে কত টাকা খরচ করা হবে তা আমি জানি না — সেচ মন্ত্রী যখন তার বাজেট পেশ করবেন তখন জানতে পারব। কিন্তু বন্যা নিয়ন্ত্রণ এবং আর যে পরিকল্পনাগুলি নেওয়া হয়েছে তার কি হচ্ছে — ছোটখাট পরিকল্পনা যেমন আপার কংসাবতী সিদ্ধেশ্বরী ড্যাম-এর যে পরিকল্পনা আছে সেগুলি আরম্ভ করা দরকার। তা ছাড়াও বড় পরিকল্পনা হাতে নেওয়া দরকার। বিদ্যুৎ উৎপাদনের জন্য এবং জলসেচ মিলিয়ে — আমি বলব হিমালয় থেকে যে নদী নেমে আসে — সমগ্র পশ্চিম বাংলায় যে বিদ্যুতের প্রয়োজন তা জুগিয়েও সারপ্লাস হয়ে যাবে যদি তিস্তার যে পরিকল্পনা আছে এবং তোর্সার যে পরিকল্পনা আছে সেই পরিকল্পনা কার্যকর করা হয়। তিস্তা মহানন্দা জলসেচ পরিকল্পনা, কিন্তু তিস্তা পরিকল্পনা যেটা, সেটা এটা নয়, সেটা অনেক টাকার পরিকল্পনা। তার চেয়েও কম তোর্সা পরিকল্পনা সেখানে যদি ড্যাম তৈরি করার কথা চিন্তা করা হয় তাহলে এতে বিদ্যুৎ তৈরি হয় এবং সেখানে এত বিদ্যুৎ তৈরি হবে যে পশ্চিম বাংলার বিদ্যুৎ সঙ্কটের সমাধান করতে পারে, সেই সঙ্গে বন্যা নিয়ন্ত্রণও হতে পারে, কিছু সেচ হতে পারে। সেই সব পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে কেন্দ্রের প্রোগ্রামে অন্তর্ভূক্ত করা দরকার। আমি সে সম্বন্ধে আলোচনা দেখলাম না। পশ্চিম বাংলায় এই যে বন্যা হয়ে গেল এবং বন্যা হওয়ার পর এই যে বন্যা নিয়ন্ত্রণের প্রশ্ন এবং জলসেচের প্রশ্ন যে গুরুত্ব পাচ্ছে সেই দিকে আপনি কোনও আলোকপাত করতে পারেন নি। সারা ভারতে যেসব বড় বড় পরিকল্পনা নেওয়া হয়েছে তার মধ্যে পশ্চিমবঙ্গের কয়েকটি পরিকল্পনা অন্তর্ভুক্ত হওয়া দরকার এবং এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের উদযোগী হওয়া দরকার। মোটের উপর আমি বলব লক্ষ্যণীয় কোনও পরিবর্তন আমাদের পশ্চিম বাংলার অর্থনীতিতে হয়েছে বলে কেউই বলবেন না বা সাধারণ মানুষের জীবনে লক্ষ্যণীয় কোনও পরিবর্তন হয়েছে বলে কেউ বলবেন না — সেটা হয়ত এত সহজে সম্ভব নয় কিন্তু বামফ্রন্ট সরকার কতকগুলি জিনিস হাতে নিন যেটা বামফ্রন্ট সরকারের যোগ্য হবে। কতকগুলি জিনিস ব্রেক থ্রু করবে বললেও করা যাবে না। সাধারণ ভাবে অর্থনীতিকে ব্রেক থ্রু করা যাবে না কিন্তু কতকগুলি সেক্টরে সীমাবদ্ধ ভাবে ব্রেক থ্রু করা যায় এবং তার চেষ্টা করা হচ্ছে। এবারে আমি বলি, যে ট্যাক্স বসিয়েছেন — সেটা প্রথম দুটি ব্রাকেটের উপর (সারির উপর) ট্যাক্স ছেড়ে দিন এবং সাধারণ ভাবে যেগুলি ভাল কাজ করছেন স্বভাবতই সেইগুলি মানুষ সমর্থন করবেন কিন্তু লোকে যা আশা করে বামফ্রন্ট সরকারের কাছ থেকে সেটা বুঝতে হবে। অন্যান্য সরকারের কাছ থেকে যে আশা করেছে তার থেকেও বেশি আশা করে বামফ্রন্ট সরকারের কাছ থেকে এবং সেইদিক থেকে আপনাদের অনেক ঘাটতি আছে এবং সেই ঘাটতিগুলি আত্মসমালোচনামূলকভাবে লক্ষ্য করা উচিত এবং তা পূরণ করা উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 P.M.]

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বাজেটকে সমর্থন করছি। এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি আমাদের পশ্চিম বাংলায় বামফ্রন্ট নির্বাচনের সময় যে ৩৬ দফা কর্মসূচি ঘোষণা করেছিলেন তাকে কার্যে রূপদান করার ক্ষেত্রে

এটা একটা দৃঢ় পদক্ষেপ। আমাদের দেশ কৃষি প্রধান দেশ। সুতরাং ভারতবর্ষের অর্থনীতি কৃষির সঙ্গে জড়িত। ভারতবর্ষ তথা পশ্চিমবাংলা অর্থনৈতিক যে দূরবস্থা এর জন্য দায়ী বিশেষ করে গ্রামীণ অর্থনীতি আজ বিপর্যস্ত। এর কারণ হচ্ছে বিগত সরকার যে অর্থনীতির প্রয়োগ করেছেন তার ফলে গ্রামগুলি শ্মশান হয়ে গেছে এবং গ্রামের জমিগুলি কেন্দ্রীভূত হয়েছে গ্রামের ১০ ভাগ মানুষের থেকে ৪ ভাগ মানুষে — এবং এই জরুরি অবস্থার সময়ে অনেক জমি থেকে ভাগ চাষীদের উচ্ছেদ করে তাদের ক্ষেত মজুরে পরিণত করা হয়েছে, এই রকম একটা বিপর্যয়ের মুখে দাঁড়িয়ে এই সরকার যে বাজেট উত্থাপন করেছেন এবং তার মধ্যে যে দৃঢ় আত্মপ্রত্যয় ফুটে উঠেছে তা অভিনন্দনযোগ্য। এই বাজেটের মধ্যে দিয়ে গ্রামের অর্থনীতিকে পুনর্গঠনের চেষ্টা করা হচ্ছে এবং সেই চেষ্টা ভূমি সংস্কারের মাধ্যমে করা হচ্ছে। বর্গা অপারেশন এবং ভূমি সংস্কারের যে সমস্ত আইন আছে তার মাধ্যমে জরুরি অবস্থার সময় যে সমস্ত বর্গাদাররা জমি হারিয়েছিল তারা আবার যাতে সেই জমিগুলি পায় তার ব্যবস্থা করা হয়েছে। গ্রামের প্রায় অর্ধেক মানুষ শোষিত ও নিগৃহীত। যাদের পেটে দু' বেলা অন্ন নেই, পরণে বস্ত্র নেই এই সমস্ত ক্ষেত মজুর যারা বছরে ৩ মাসের বেশি কাজ পায় না তাদের যাতে কাজের পরিমাণ বাড়ে তার ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে যে মজুরি আইন আছে তাকে কার্যকর করার জন্য আইনগত ব্যবস্থার সঙ্গে সঙ্গে সংগঠনগুলিতে আন্দোলন করার কথা বলা হয়েছে। সরকারি প্রকল্পের মাধ্যমে তাদের কাজ দেবার ব্যবস্থাও করা হয়েছে। এইভাবে গ্রামের অর্থনীতিকে পুনর্গঠনের জন্য সরকার যে চেষ্টা করছেন তা বিরোধী পক্ষ দেখতে পাচ্ছেন না কারণ ওঁরা গ্রামের সেই মহাজন ও সুদখোরদের সঙ্গে জড়িত। ওঁরা বাজেটের মধ্যে পুঁজিবাদের সুর দেখতে পেয়েছেন। ওঁরা কি আশা করেছিলেন পশ্চিমবঙ্গে একটা বিপ্লবী বাজেট হবে? আমরা মানুষকে এই কথাই বলেছিলাম যে আমরা একটা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যাচ্ছি যে ক্ষমতার মধ্যে দিয়ে বৈপ্লবিক কিছু পরিবর্তন করতে পারব না তবে আমরা চেষ্টা করব পশ্চিম বাংলার জনসাধারণকে যতখানি সম্ভব সুযোগ সুবিধা দেওয়ার। সেজন্য আপনারা দেখেছেন গত বন্যার সময় বাজারি পত্রিকাগুলো এবং বিরোধী পক্ষরা চেষ্টা করেছিলেন গেল, গেল রব তুলে, এবং আশা করেছিলেন যে এখানে মহামারী, দুর্ভিক্ষ দেখা দেবে ও কলকাতায় দলে দলে লোক চলে আসবে।

কিন্তু পশ্চিম বাংলার জনসাধারণ তাঁদের সে আশাকে ধুলিসাৎ করে দিয়েছে, তারা এই বন্যার বিরুদ্ধে সংগ্রাম করেছে এবং সরকার তাদের এই পুনর্গঠনের কাজে বিভিন্ন ভাবে সাহায্য করেছেন। সেইজন্য একটা মানুষ শহরে আসে নি বা বিনা ঔষুধে একটা মানুষও মারা যায় নি। আপনার মাধ্যমে বলতে চাই যে বামফ্রন্ট সরকার যে সমস্ত কর্মসূচি এই বাজেটের মধ্যে দিয়ে উত্থাপন করেছেন সেইগুলি বিরোধী পক্ষরা দেখতে পান নি। আমাদের দেশ খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হয়েছে, বিশ্বনাথ বাবু বলেছেন খাদ্য উৎপাদন বেড়েছে কিন্তু তার ফল কৃষকের হাতে কতখানি গেছে এই কথাটা নিশ্চয় আমাদের চিন্তা করতে হবে। কেউ কেউ বলেছেন আবহাওয়া ভালর জন্য এটা হয়েছে, কিন্তু ১৯৭৫-৭৬ সালে বা তার আগে এসব জিনিস কেন হয় নি? আসল কথা হচ্ছে এই সরকার যেভাবে বিভিন্ন উপায়ে কৃষকদের সাহায্য করেছেন তার ফলেই এই রেকর্ড পরিমাণ উৎপাদন সম্ভব হয়েছে, কিন্তু এটা তাঁরা দেখতে পাচ্ছেন না ভূমি সংস্কার করে ভূমিহীনদের জমি দেবার যে নীতি সরকার গ্রহণ করেছেন এবং

বর্গা আপারেশনের যে নীতি গ্রহণ করেছেন তার ফলেই এইসব জিনিস হয়েছে। ছাত্র সমাজের বহু দিনের দাবি ছিল বিনা বেতনে পড়ার, এই ব্যবস্থা করার ফলে গরিব মানুষের ছেলেরাই এর সুযোগ পাবে কিন্তু ওঁরা এসব দেখতে পাচ্ছেন না। আজকে শিল্পের ক্ষেত্রে যে মন্দা ভাব এসেছে সেটা শুধু পশ্চিম বাংলার ক্ষেত্রেই নয়, সারা ভারতবর্ষের ক্ষেত্রেই দেখা দিয়েছে। এর জন্য দায়ী জাতীয় অর্থনীতি, অর্থাৎ গ্রামের মানুষদের দারিদ্রের শেষ সীমায় নিয়ে গিয়ে শিল্পের তেজি ভাব করা যায় না, সেইজন্যই ভারতবর্ষে শিল্পজাত সামগ্রী ভরতুকি দিয়ে বিদেশে রপ্তানির চেষ্টা করা হচ্ছে। এইভাবে শিল্পকে দেখানো যায় না, ভারতবর্ষের মানুষ আজ দুবেলা খেতে পায় না, সেইজন্য ভূমি সংস্কারের মাধ্যমে তাদের যদি আর্থিক সমস্যা সমাধান করা যেত তাহলে শিল্পকে চাঙ্গা করা যেত এবং বেকাররা চাকরি পেত। এই ব্যবস্থা যাঁদের গ্রহণ করার প্রয়োজন ছিল ৩০ বছর ধরে শাসন ক্ষমতায় থেকেও তাঁরা এই কাজ করতে পারেন নি। কারণ হচ্ছে যে টাটা, বিড়লার সঙ্গে তাঁদের গাঁটছড়া বাঁধা ছিল সেইজন্যই প্রকৃত ভূমি সংস্কার তাঁরা করতে পারেন নি, এবং গোটা অর্থনীতিতে একটা পঙ্গুত্বের ভাব এনে দিয়েছে।

[4-30 — 4-40 P.M.]

সুতরাং আজকে তাঁরা যে আশা করেছিলেন পশ্চিমবঙ্গের শিল্প চাঙ্গা হয়ে উঠবে, বৈপ্লবিক বাজেট পেশ করা হবে এটা আমার কাছে অত্যন্ত অবাস্তব বলে মনে হয়েছে। আমাদের বামফ্রন্ট সরকার যে কর্মসূচি ঘোষণা করেছিলেন সরকারি কর্মচারিদের ক্ষেত্রে সেটা সাফল্যের সাথে রূপ দেওয়া গেছে। আজকে বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার একটা দৃঢ় পদক্ষেপ। আর একটা কথা এই প্রসঙ্গে বলা দরকার সেটা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গের অর্থনীতিকে চাঙ্গা করবার জন্য মাননীয় অর্থমন্ত্রী ৫৩১ কোটি টাকার বাজেট পেশ করেছেন। সে ক্ষেত্রে প্ল্যানিং কমিশন বলছেন এতখানি নয়, এতখানি হলে চলবে না। আমরা পশ্চিম বাংলাকে এগিয়ে নিয়ে যেতে চাই, পশ্চিমবঙ্গের কলকারখানা কিছুটা গড়ে তুলতে চাই, পশ্চিমবঙ্গের গ্রামীণ অর্থনীতিকে পুনর্গঠিত করতে চাই, সেজন্য পরিকল্পনার বিভিন্ন খাতে একটু বেশি অর্থ বরাদ্দ করতে চাই, তারজন্য ৫৩১ কোটি টাকার বরাদ্দ রেখেছি, কিন্তু সেই বাজেটকে তাঁরা সমর্থন করতে পারছেন না, তাঁরা গত বছরের বাজেট অপেক্ষা নামিয়ে নিয়ে আসতে চাইছেন। এটা থেকেই বোঝা যায় কেন্দ্রীয় সরকারের মনোভাব কি পশ্চিমবঙ্গের প্রতি। বিগত কয়েক বছর কেন্দ্রে যাঁরা শাসন ক্ষমতায় ছিলেন তাঁরা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যে পদক্ষেপ নিয়েছিলেন জনতা সরকারও তাঁদের মতো একই নীতি গ্রহণ করে চলেছেন। অর্থাৎ পশ্চিমবঙ্গ এবং পূর্বাঞ্চলের রাজ্যগুলি যে দীর্ঘদিন ধরে বঞ্চিত হচ্ছে সেই বঞ্চনার পথে তাঁরা চলেছেন। আমরা একথা বলতে চাই পশ্চিমবঙ্গকে পুনর্গঠিত করবার জন্য বিরোধী দলেরও দায়িত্ব আছে, কর্ত্তব্য আছে। আমরা আশা করব বিরোধী পক্ষ আমাদের সুরে সুর মিলিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করবেন পশ্চিমবঙ্গকে পুনর্গঠিত করবার জন্য আরও অধিক অর্থ দিতে হবে। আমরা বন্যার ক্ষয়ক্ষতির জন্য যে পরিমাণ টাকা চেয়েছিলাম তা পাই নি। কিন্তু বাজেটের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি তাঁরা টাকা

আরও কমানোর কথা বলেছেন। আমরা যখন বলছি কেন্দ্রীয় সরকারকে তাঁর দায়িত্ব পালন করতে হবে তখন দেখতে পাচ্ছি কিছু বন্ধু চিৎকার করছেন গেল গেল, জাতীয় সংহতি ক্ষুন্ন হতে চলেছে। অত্যন্ত আশ্চর্যের কথা, জাতীয় সংহতি অ্যাবস্ট্যাক্ট থিং, নীতি থাকবে না, প্রিন্সিপল থাকবে না, শুধু জাতীয় সংহতি বলে চিৎকার করলে হবে? দীর্ঘ দিন ধরে পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ত্রিপুরা রাজ্যগুলিকে বিভিন্ন ক্ষেত্রে বঞ্চনা করে যাওয়া হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে ব্যাঙ্কের যে আমানত জমেছে তার একটা ক্ষুদ্র অংশ পশ্চিমবঙ্গকে দেওয়া হচ্ছে। এল. আই. সি.-ও তাই করছে, অন্যান্য অর্থ প্রতিষ্ঠানের ক্ষেত্রেও তাই করা হচ্ছে। আমাদের দিনের পর দিন বঞ্চনা করে যাবে, লুঠ করে যাবে আর আমরা জাতীয় সংহতি বলে নীরবে বসে থাকব এটা হতে পারে না। জাতীয় সংহতি যদি দৃঢ় করতে হয় তাহলে প্রত্যেকটি প্রদেশের প্রতি সুবিচার করতে হবে, যার যতটুকু প্রাপ্য তাকে দিতে হবে। মাননীয় অর্থমন্ত্রী দৃঢ়তার সঙ্গে দীর্ঘ দিন ধরে যেভাবে বঞ্চনা করা হয়েছে তার বিরুদ্ধে সোচ্চার হয়েছেন এবং বিনয়ের সাথে অনুরোধ করেছেন কেন্দ্রকে তাঁর নীতি পরিবর্তন করার জন্য। সুতরাং আজকে যাঁরা জাতীয় সংহতির কথা বলছেন তাঁরা যদি প্রকৃতপক্ষে জাতীয় সংহতিকে শক্তিশালী করতে চান তাহলে পশ্চিমবঙ্গ তথা পূর্ব ভারতের যে ন্যায্য প্রাপ্য সেটা যাতে পাওয়া যায় তারজন্য আমাদের সাথে একসঙ্গে গলা মিলিয়ে কেন্দ্রের কাছে দাবি করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে আমাদের বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন সেই বাজেটের ফলে আমরা দেখেছি পশ্চিম বাংলার গ্রামে গঞ্জে কলে কারখানায় সাধারণ মানুষের মধ্যে একটা অভূতপূর্ব সাড়া সৃষ্টি হয়েছে।

অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় আপনারা এটা দেখেছেন যে, সাধারণ মানুষকে শোষণ, নির্যাতন বা অতিরিক্ত করের বোঝায় জর্জরিত করবার কোনও পরিকল্পনা নেই। বিরোধী দলের নেতা কাশী বাবু বলেছেন, আমরা নাকি পলায়নমুখী। আমি তাঁকে বলতে চাই, পলায়ন করবার জন্য আমরা বিধানসভায় আসি নি। আমরা একটা বিরাট পরিবর্তনের দায়িত্ব নিয়ে এখানে এসেছি এবং গোটা ভারতবর্ষের বিরাট পরিবর্তনের লক্ষ্য নিয়ে এসেছি। আমরা সেই লক্ষ্য পূরণ করবার জন্য ধাপে ধাপে এগুতে চাই এবং দেশকে পুনর্গঠিত করতে চাই। আমরা পালিয়ে যাবার জন্য আসি নি, বরং দেখছি আপনারাই পালিয়ে যাচ্ছেন। আমি আপনাদের দেখাচ্ছি, আপনারা আপনাদের প্রতিশ্রুতি পালন করছেন না, নির্বাচনের সময় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা আপনারা ভঙ্গ করছেন এবং যে বাজেট আপনারা কেন্দ্রে উপস্থিত করেছেন তাতে সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষ এবং মেহনতি মানুষের সঙ্কটকে বাড়িয়ে তুলেছেন। প্রত্যেকটি ক্ষেত্রে আপনারা যেভাবে ট্যাক্স ধার্য করেছেন তাতে সাধারণ মানুষ ভীষণ ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তার প্রকাশ আমরা কলকাতার পথে ঘাটে দেখতে পাচ্ছি সাধারণ মানুষের মধ্যে। আপনারা যেভাবে আমাদের সমালোচনা করছেন তাতে আমি আপনাদের বলব, আপনারা নিজেদের দলকে সামলান এবং আপনারা যে রাস্তা নিয়েছেন সেটা ঠিক রাস্তা নয়। এইভাবে চলার জন্য দেশের মানুষ কংগ্রেসকে নিক্ষেপ করেছিল। আপনারাও যদি সেইভাবে চলেন তাহলে সাধারণ মানুষ আপনাদের ছাড়বে না। রেলওয়ে বাজেটে আপনারা সাধারণ মানুষের ঘাড়ে একটা বিপুল বোঝা চাপিয়েছেন এবং সাধারণ বাজেটে দেখছি তার

চেয়েও বেশি বোঝা চেপেছে। আপনারা এইভাবে গরিব মানুষদের ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছেন এবং বামফ্রন্ট সরকার তাদের বাজেট উত্থাপন করে সেই বাজেটের মাধ্যমে মানুষকে যেটুকু অংশ দেবার চেষ্টা করেছে আপনারা অপর দিক থেকে সেটা কেটে নেবার চেষ্টা করেছেন। বামফ্রন্ট সরকারের কর্মসূচি কার্যকর করবার জন্য যে বাজেট পেশ করা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাজি হাফিজুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট এখানে পেশ করা হয়েছে তা বেশি ক্ষতিগ্রস্ত করেছে গ্রামের মধ্যবিত্ত মানুষকে। আমরা দেখছি ইনডাইরেক্ট ট্যাক্স এবং অন্যান্য ট্যাক্স বসিয়ে কেন্দ্রীয় সরকার আমাদের সর্বনাশের রাস্তায় নিয়ে গেছেন। আমাদের বাঁচতে গেলে প্রথম প্রয়োজন অন্ন এবং বস্ত্র। চাষের ক্ষেত্রে দেখছি কৃষক আজকাল ভাল ফসল পাচ্ছে বটে, কিন্তু চাষের যে অবস্থা তাতে দেখছি কৃষক মাঠে গিয়ে ঘুরে বেড়াচ্ছে কিন্তু সে এক ফোঁটা জল পাচ্ছে না কারণ ইলেকট্রিক নেই, ভোল্টেজ নেই।

(**শ্রী কমল গুহ ঃ** কোথায়?)

আমাদের মুর্শিদাবাদ জেলায় পাওয়ার নেই এবং তার ফলে জল আসছে না এবং এই জল আসছে না বলে ধান, গম ইত্যাদি শুকিয়ে যাচ্ছে। কখনও হয়ত কিছু জল আসছে দেখে চাষী জমিতে বীজ ফেলল কিন্তু তারপরই দেখা গেল, জল আসা বন্ধ হয়ে গেছে। এর ফলে চাষীর ক্ষতি হল এবং সচরাচরই এই জিনিস হচ্ছে। টিউবওয়েল যেগুলি অকেজো হয়ে গেছে সেগুলি মেরামতের কোনও ব্যবস্থা নেই এবং নূতন টিউবওয়েল হয়েছে কিনা আমার সন্দেহ আছে। টিউবওয়েল যা কিছু হয়েছিল সে ওই আমলেই হয়েছিল এবং তারই ফলে উৎপাদন বেড়েছে। অর্থাৎ বেশি ফলন যেটা হয়েছে সেটা ওই সময়েই হয়েছিল।

[4-40 — 4-50 P.M.]

এখন যেটা বলতে চাচ্ছি যেসব জমিতে বন্যার পর বালি পড়েছিল সেই বালি সরাবার কোনও ব্যবস্থা করা হয় 'নি, এই বাজেটের মধ্যেও কোনও বক্তব্য রাখা হয় নি, যেসব জমিতে ওয়াটার লগ হয়েছিল বন্যার সময় তার জল বের করে দেবার কোনও ব্যবস্থাই আমরা দেখতে পাই নি, এই দিকে যদি নজর না দেওয়া হয় তা হলে চাষের কোনও উন্নতি হবে না। এখন সর্বাপেক্ষা যে বড় সমস্যা যে চাষী ফসলের দাম পাচ্ছে না, চাষীর যদি একটা গরু মারা যায় তাহলে দু' গুণ, তিন গুণ ফসল তাকে বিক্রি করতে হবে গরু কেনবার জন্য। ১৫/২০ মণ ধান বিক্রি না করলে একটি গরু কিনতে পারবে না। অর্থকরী ফসলে একদম সর্বনাশ হয়ে গেছে। স্যার, চাষীর পক্ষে লাঙ্গল হচ্ছে সবচেয়ে প্রয়োজনীয় জিনিস একটি লাঙ্গল কিনতে গেলে ১০০ টাকার কম হয় না। তাহলে বুঝতে পারছেন যে কয় মণ ফসল বিক্রি করলে সে তার অত্যন্ত প্রয়োজনীয় লাঙ্গল কিনতে পারে। সুতরাং চাষীর যে অবস্থা সে সম্বন্ধে এই বাজেটের মধ্যে কোনও কিছুর উল্লেখ নেই। চাষীর ফসলের দাম কিভাবে বাড়ানো যায় সে সম্বন্ধেও কোনও উল্লেখ নেই অথচ নিত্য প্রয়োজনীয় জিনিস,

কাপড় ইত্যাদির দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে। তাহলে সাধারণ চাষী, মার্জিন্যাল চাষী এবং ক্ষুদ্র চাষী তারা কি দিয়ে এইসব জিনিসপত্র কিনবে? তারপরে স্যার, গ্রামের স্বাস্থ্যের অবস্থা অত্যন্ত শোচনীয়, গ্রামের যে প্রাইমারি হেলথ সেন্টার আছে সেখানে কোনও ডাক্তার নেই, কমপাউন্ডার দিয়ে চালানো হচ্ছে, কবিরাজ দিয়ে চালানো হচ্ছে। ঔষুধপত্র নাই, সামান্য একটু সোডিবাইকার্ব কিনতে হলে তাও শহরে যেতে হয়, গ্রামের গরিব মানুষ যদি অসুস্থ হয়ে পড়ে তাহলে তাকে জেলা হাসপাতালে পাঠানোর জন্য অ্যাম্বুলেন্স দরকার হয় সেই অ্যাম্বুলেন্স সব সময় পাওয়া যায় না এবং পাওয়া গেলেও ৫০/৬০ টাকা খরচা দিতে হয়। এই সরকার একটি নূতন হাসপাতাল করতে পারেন নি। অথচ এরা গরিব মানুষের বন্ধু, এঁরা বলেন যে গরিব মানুষেরা তাঁদের বন্ধু আজকে একটা প্রাইমারি হেলথ সেন্টার কি সাবিসিডিয়ারী হেলথ সেন্টার তাদের কি দূরবস্থা, সেখানে কোনও ঔষুধপত্র পাওয়া যায় না ডাক্তার নাই, ডিসপেনসারী বন্ধ অথচ এঁরা অনেক কথাই বলেন। মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে ধাপ্পা অসত্য ভাষণ ছাড়া কিছুই নাই। ১৯৭৬ সালের পর আপনারা নূতন হাসপাতাল কয়টি করেছেন? ১৯৭৬ সাল পর্যন্ত ৩৭টি হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্র ৬২টি ছিল, মোট শয্যা সংখ্যা ছিল ৬৭৮৭টি। ১৯৭৭ সালে আপনারা মাত্র একটি হাসপাতাল করেছেন এবং শয্যা সংখ্যা মাত্র ৮৪১টি। এইভাবে আপনারা স্বাস্থ্য কেন্দ্রের ব্যবস্থা করেছেন। তারপর শিক্ষা সম্বন্ধে বলি। শিক্ষা ব্যবস্থায় অরাজকতা চলছে এবং আমাদের পক্ষে অনেকেই বলেছেন যে শিক্ষা ব্যবস্থা প্রায় শেষ হয়ে গেল। আর একটা কথা বলি, ভুমি সংস্কারের নাম করে তাঁরা কি করছেন? বর্গা অপারেশন। একজন মাননীয় সদস্য বলে গেলেন যে বর্গাদারদের তাড়িয়ে দেওয়া হয়েছিল কিন্তু এখন এই বর্গা অপারেশনের নামে দলবাজি করা হচ্ছে। কোনও কালেও যে লোক সেখানে বর্গাদার ছিল না তাকে নিয়ে এসে বসানো হচ্ছে, যার গরু ছিল না, লাঙ্গল ছিল না, সেও বর্গাদার হচ্ছে। এইজন্য এই বাজেটকে আমি উন্নয়ন মূলক বাজেট বলতে পারছি না, এটা অবনয় মূলক বাজেট এবং সেইজন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ চার দিন ধরে বাজেট সম্পর্কে আলোচনা চলছে। আমাদের সরকার পক্ষের সদস্যরা এর মধ্যে দেখতে পেয়েছেন আশার আলো, এর মধ্যে দেখতে পেয়েছেন সাহস, এর মধ্যে দেখতে পেয়েছেন বৈপ্লবিক চিন্তা ধারা। আনন্দিত হয়েছেন অনেকেই। সরকারি কর্মচারিদের মাইনে বাড়িয়ে দিয়েছেন, তারা আনন্দিত হয়েছেন, শিক্ষকদের বাড়িয়েছেন, তাঁরাও আনন্দিত হয়েছেন, অন্য যারা শিল্পে নিযুক্ত আছেন, রুগ্ন ও যেগুলি চলছিল না সেগুলি অধিগ্রহণ করেছেন, তাদের লস মেক আপ করতে যাচ্ছেন ৭০-৭৫ কোটি টাকা, এই লস পূরণ করার জন্য ভর্তুকী দিচ্ছেন, তারাও খুশি, আর ট্রাম বাসে ১৩ কোটি ও ১৭ কোটি টাকা লস হবে তাদেরও ভর্তুকী দিচ্ছেন, তারাও খুশি। কিন্তু এদের সংখ্যা কত? তার সঙ্গে সঙ্গে আরও অনেকেই সুখী হবেন যারা ক্যাবারে নাচ দেখতে যাবেন, তারা প্রথমে ভেবেছিলেন যে বৈপ্লবিক সরকার আসছে নাচ দেখতে পারবেন কিনা, কিন্তু পরে দেখা গেল, না না ঠিক আছে ঠিক আছে, তারা পাশ্চাত্য বুর্জুইস সহজেই আশ্বস্থ করতে পেরেছেন। সুতরাং তাদের অসুবিধা আজকে কিছু নেই। তাছাড়া যারা গাঁজা খায় তারা সুখী, যারা ভাং খায় তারা সুখী, কারণ তাদের উপর কর বাড়ছে না ববং একটু

কম এবং তাদের সঙ্গে সঙ্গে যাঁরা ঐ তিন দিক আলোকিত করে বসে আছেন তাঁরাও সুখী। কিন্তু এদের সংখ্যা কত? এদের সংখ্যা শতকরা ২৫ ভাগ, আর ৭৫ ভাগ থাকে গ্রামে, তাদের জন্য কি দিয়েছেন? মন্ত্রী মহাশয়ের বিশাল বাজেটের মধ্যে তাদের স্থান কতটুকু? ৩৪০৫ কোটি টাকা ব্যয়ের যে বাজেট সেই ব্যয়ের কত ভাগ দিচ্ছেন এদের? ওদের জন্য দিচ্ছেন ভর্তুকী, হরির লুঠ আর এই ৭৫ ভাগকে দিয়েছেন একটু একটু হরিতকী।

[4-50 — 5-00 P.M.]

তাদের জন্য দিয়েছেন? জলসেচের জন্য ৬৪ কোটি টাকা এবং আরও কিছু কিছু দেবেন। সেগুলি কিন্তু আবার ফিরে আসবে শহরে এবং তার বেশির ভাগই যাবে অবৈধ ভাবে কন্ট্রাক্টারদের পকেটে, কিছু যাবে সরকারি কর্মচারিদের পকেটে অবৈধ ভাবে এবং সেগুলি দিয়ে শহরে বাড়ি গাড়ি হবে, ফ্রিজ হবে আরও কত কিছু হবে। এটাই হচ্ছে আপনাদের গ্রামের জন্য দরদ। সেজন্য আপনারা খুশি। সেজন্যই চরণ সিংয়ের বাজেট দেখে তাঁর চরণাঘাতে আপনারা আঁতকে উঠছেন। হবেই তো চরণ সিং তো আর ২৫ ভাগের জন্য বাজেট করেন নি। সারা ভারতবর্ষে যে লবি সৃষ্টি হয়েছে তার কাছে এখানকার বৈপ্লবিক অর্থমন্ত্রী আত্ম সমর্পণ করতে পারেন, কিন্তু চরণ সিং আত্ম সমর্পণ করেন নি। তিনি তাই ৭৫ ভাগকে জাগাবার জন্য গ্রামীণ শিল্পকে জাগাবার জন্য টাকা ধরেছেন বৃহৎ শিল্প গোষ্ঠীর বিরোধিতা করে। তিনি গ্রামীণ শিল্প গোষ্ঠীকে টাকা দিচ্ছেন, সারের দাম কমিয়েছেন, আরও কত কিছুর দাম কমিয়েছেন। একথা সত্য যে প্রতি বছর কিছু ট্যাক্স বাড়াতে হয়, প্রয়োজনও বটে, দেশ রক্ষার জন্যও। অনেকে অনেক কিছু বলেছেন, কিন্তু আমরা জানি পূর্ববঙ্গে একটা কথা আছে — কাওয়ার মাংস কাওয়া খায় না, কিন্তু আমরা দেখছি কমিউনিস্টরা কমিউনিস্টদের আক্রমণ করছে। কাম্পুচিয়াকে আক্রমণ করছে ভিয়েতনাম, আবার ভিয়েতনামকে আক্রমণ করল চিন। এদের সারা পৃথিবীকে আক্রমণ করার সম্ভাবনা আছে। সেজন্য দেশ রক্ষার প্রয়োজনে বেশি টাকা বরাদ্দ করতে হবে। তারপর এতদিন পর্যন্ত যারা অবহেলিত বঞ্চিত ছিল তাদের কিছু দাবি আছে। এতদিন দেশ স্বাধীন হয়েছে, কিন্তু দেখা গেছে এ যাবৎ অধিকাংশ টাকাই গেছে অসাধু লোকদের হাতে, আজকে যদি এই অবহেলিতদের জন্য কিছু টাকা ধরা হয়ে থাকে তাতে আঁতকে উঠবার কি আছে? আপনারা না জনদরদী? কৃষক দরদী? এতে আঁতকে উঠবার কি আছে? সেজন্যই বলছিলাম আপনারা যে এই বাজেটকে বৈপ্লবিক বলছেন, তাতে সেই রকম কিছু নেই। আর উনি তো ইন্দিরা গান্ধীর আমলের লোক, তিনি তো তাঁকে নানা রকম উপদেশ দিয়েছিলেন, কিন্তু চলে এসেছেন তাঁরা রিগিং করেছেন বলে, আপনারা যদি রিগিং করেন তো আবার তিনি পালিয়ে যাবেন। তিনি আগে সুভাষবাদি ফরওয়ার্ড ব্লকে ছিলেন, তারপরে গেলেন কংগ্রেসে, এখন জনতা পার্টিতে আসতে পারেন, আমরা অবশ্য নেব কিনা সে বিষয়ে সন্দেহ আছে। আমি আপনারদের বলছি এই বাজেটের মধ্যে বৈপ্লবিক কি আছে? উনি বলেছেন ১ কোটি ২৬ লক্ষ লোককে রেশনের আওতাভুক্ত করেছেন, কি দরকার আছে? সারা ভারতবর্ষে যেখানে নিয়ন্ত্রণ নাই সেখানে এখানে চার দিক ঘেরাও করে কি করে রাখতে পারবেন? এই তো দেখে এলাম অ্যাসেম্বলির সামনে হাইকোর্টের সামনে ঢালাও চাল বিক্রি হচ্ছে, কি করে বন্ধ করতে পারছেন? বৈপ্লবিক

হত, যদি এই নিয়ন্ত্রণকে একেবারে তুলে দিতে পারতেন। আমার আবেদন যে তুলে দিন। এটাকে বৈপ্লবিক বলা হচ্ছে এই বলে যে ১৯৮০-৮২ সালের মধ্যে ১০ লক্ষ ৪ হাজার শিশুকে শিশু বিদ্যালয়ে আনবার ব্যবস্থা করবেন। আমি কি জিজ্ঞাসা করতে পারি কেমন করে আনবেন? এখন পর্যন্ত অনেক গ্রামেই বিদ্যালয় আছে, সেই গ্রামের সব শিশুরা কি বিদ্যালয়ে যেতে পারে? তারা যেতে পারে না কারণ তাদের পেটে খাবার নাই, কি খেয়ে তারা যাবে? এখন পর্যন্ত আমরা দেখছি যে সমস্ত শিশুদলের স্কুলে পড়া উচিত ছিল, তারা হয় মাহিন্দরের কাজ করে, না হয় রাখালের কাজ করে না হয় বাড়ির চাকরের কাজ করে, আর না হয় ভিক্ষা করে। তাদের জন্য আপনি কি চিন্তা করছেন?

তাদের জন্য কি তিনি কিছু চিন্তা করেছেন? তাঁর এই বাজেটকে সাহসী বাজেট বলতাম, বৈপ্লবিক বাজেট বলতাম যদি এই আন্তর্জাতিক শিশু বর্ষে সেই সমস্ত শিশুদের জন্য রেসিডেন্সিয়াল স্কুল করতে পারতেন রামকৃষ্ণ মিশনের মতো যেখানে সরকার থেকে খাবার দেওয়া হবে, বইপত্র দেওয়া হবে, যেখানে তাদের বুদ্ধি বিকাশের পথ খুলে যাবে। তাহলে কি করেছেন? সেটা বললে অমনি হৈ হৈ করে উঠবেন। মরিচঝাঁপিতে দন্ডকারণ্যের উদ্বাস্তুদের কথা। এদের সম্পর্কে তাঁর বাজেট বইয়ের মোট ৩৯ পৃষ্ঠার মধ্যে দেড় লাইন আছে এবং তার মধ্যে তিনি কি বলতে চেয়েছেন। তিনি বলতে চেয়েছেন অভূতপূর্ব বন্যা হয়ে গেল, হঠাৎ খরচ করতে হল এবং দন্ডকারণ্য থেকে এল উদ্বাস্তু তাদের জন্য খরচ করতে হল। তাদের জন্য কত খরচ করেছেন তার হিসাব নেই। তবু ধরে নিতে পারি অনেক খরচ করেছেন। কারণ আমরা সেখানে দেখছি হাজার হাজার টিয়ার গ্যাসের সেল আনা হয়েছে এবং সেগুলো আনা হয়েছে আমেরিকা থেকে, আনতে খরচ হয়েছে নিশ্চয় এবং সেজন্য দাম দিতে হয়েছে। গুলি আনা হয়েছে, সেজন্য দাম দিতে হয়েছে। তারপর দেখছি সেখানে মোতায়েন এক হাজার পুলিশ। পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে ডাকাতি, খুন, রাহাজানি চলছে, সমস্ত থানা বলছে, হ্যান্ড শর্ট, কিছু করতে পারছি না, সেখানে একটা ছোট্ট দ্বীপে তাদের ঘিরে রাখবার জন্য এক হাজার পুলিশ রাখা হয়েছে। শুধু তাই নয় কয়েক মাস ধরে ২শো স্টীমার ভাড়া করেছেন, তার জন্য খরচ হবে। আমরা দেখছি গতকাল একটা প্রেস নোট দেওয়া হয়েছে। তাতে কি লেখা আছে, যে খবর দিয়েছে সেটাই প্রকাশিত হচ্ছে। ওখানে শিডিউল্ড কাস্ট আছে কিনা আমরা বলতে পারব না। শিডিউল্ড কাস্ট আছে কিনা কেন বলতে পারবেন না। রাম বাবুকে জিজ্ঞাসা করলে তিনি বলতে পারতেন। রাম বাবু ভাল করেই জানেন। রাম বাবু দরদী লোক, সাহসী লোক। তিনি সেখানে গিয়েছিলেন। তিনি তাদের আসতে উৎসাহিত করেছিলেন। তিনি সতীশ মন্ডল এবং অন্যান্যদের এম. এল. এ. হোস্টেলের ঘরে ১০/১৫ দিন রেখে কথাবার্তা বলেছেন। তিনি বলতে পারতেন সেখানকার চরম লাঞ্ছনার কথা। সেগুলো তুলে ধরতে পারতেন। সেদিন মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন দন্ডকারণ্যের উদ্বাস্তু যারা মরিচঝাঁপিতে আছে তারা দন্ডকারণ্যে ফেরৎ—না একথা যদি আমরা প্রধানমন্ত্রীকে বলতে যাই তাহলে প্রধানমন্ত্রী আমাদের বলে দেবেন গেট আউট। আমি তাঁকে বলতে পারি তাঁদের দলের ওটা হতে পারে, তাঁদের দলে ওই রকম আছে। কোনও সাধারণ কর্মী কিছু বলতে পারেন না। সেখানে প্রমোদ বাবুর কাছে যদি ছোটখাট নেতা দেখা করতে যান তাহলে তাকে দরজার বাইরে থেকে ফিরে আসতে হতে পারে বা এক ধমকের চোটে হয়ত কাপড়

চোপড়েও কিছু হতে পারে, কিন্তু আমাদের দল গণতান্ত্রিক দল, সেখানে ওরকম কিছু হয় না। আমরা দরকার হলে প্রধানমন্ত্রীকে মধ্যপ্রদেশের কথা বা উড়িষ্যার কথা বলতে পারি। সেখানে রামবাবু গিয়েছিলেন, সেখানে যে ব্যবস্থায় রাখা হয়েছিল তা আপনারা জানেন, আমরাও জানি এবং আপনারা যারা গিয়েছিলেন তারাও জানেন। সেখানে কি রকম ব্যবস্থায় রাখা হয়েছিল শুনুন। বলা হয়েছে তাদের জমি দেওয়া হয়েছিল। জানেন কি রকম জমি দেওয়া হয়েছিল। উদ্বাস্তুদের নাম করে কোটি কোটি টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আনা হয়েছে। তারপর কি করা হয়েছে, পাহাড়ের ঢালু জমি তিন ভাগে ভাগ করা হয়েছে। এক ভাগ নিচে সেখানে জঞ্জাল, সেখানটা উর্বর, সেটা রাখা হয়েছে স্থানীয় লোকদের জন্য, সন অফ দি সয়েলের জন্য রিজারভ করা আছে। উপরের জমি কিছু হয় না। মাঝের জমিতেও বিশেষ কিছু হয় না। সেই জমিগুলো দেওয়া হয়েছিল উদ্বাস্তুদের। আমাদের সেকথা বলবার সৎ সাহস আছে। তারপর এমন জঘন্য অত্যাচার কখনও কখনও হয়েছে তার কোনও সীমা নেই।

[5-00 — 5-10 P.M.]

সেখানে সমস্ত মেয়েদের তাদের বাপ মায়েদের সামনে থেকে টেনে নিয়ে গেছে। তাদের উপর নানা রকম অত্যাচার করেছে, পুলিশ দিয়ে তাদের উপর মারপিট করা হয়েছে। রাম বাবু তো দরদী লোক এবং খুব সাহসী লোক। তিনি তো বুঝেছিলেন যে তাদের উপর অত্যাচার হয়েছে তাঁর কি বলা উচিত ছিল না। নাই বা রইল মন্ত্রিত্ব আগে মনুষ্যত্ব তারপর তো মন্ত্রিত্ব, মানুষের স্বার্থে পার্টি, পার্টির স্বার্থে মানুষ নয়। তার কি এ ব্যাপারে কিছু করা উচিত ছিল না? ওঁরা যদি ভাবেন মুখ্যমন্ত্রী বললে আমরা ভয় পেয়ে যাব তাহলে ভুল করবেন। আমাদের সুশীল ধাড়া পার্লামেন্টে তাদের প্রতি যে অত্যাচার হয়েছে সেই অত্যাচারের কাহিনী বলেছেন। আমি মুখ্যমন্ত্রীকে বলব আপনি একটু সহৃদয় হোন এবং অসহায় মানুষগুলোর প্রতি গুলি টিয়ার গ্যাস ছুঁড়ে নির্যাতন করে তাড়াবার চেষ্টা না করে তাদের গিয়ে বলুন। আপনারা বলছেন ওখানে শিডিউল্ড কাস্ট আছে কিনা তা আপনারা জানেন না। আমরা জানি ওখানে চ্যাটার্জি, ব্যানার্জি, ঘোষ, বোস, মিত্র, গুহ এইসব নেই ওখানে আছে মন্ডল, দাস বাউরি। তারা কিছুই চায় না তারা চাকুরি চায় না। তারা মাছ ধরে আপনাদের দিতে চায় তারা ওখানে নুন তৈরি করতে চায়। আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিতাম সাধুবাদ দিতাম যদি তিনি তাদের দরদী হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে বলতে পারতেন যে পশ্চিম পাঞ্জাবের উদ্বাস্তুদের জন্য সেখানে কোটি কোটি টাকা দেওয়া হয়েছে এখানের জন্য টাকা দিন। জনতা সরকারের কাছ থেকে ২৩ লক্ষ টাকা নিয়ে এলেন সে টাকা উধাও হয়ে গেল। আপনারা উদ্বাস্তুদের জন্য টাকা নিয়ে আসুন এবং এখানে আনেক জায়গা পড়ে আছে তাদের জন্য এখানে একটা ইন্ডাস্ট্রি কর্ণার করতে পারত। এখানে তাদের নিয়ে একটা মস্ত চারণ ক্ষেত্র করতে পারতেন। কেন আপনারা তা করলেন না কেন আপনারা বললেন না যে যাতে তারা ঠিক ভাবে থাকতে পারে একটা স্বাধীন মানুষ যেভাবে থাকে সেইভাবে যাতে তারা থাকতে পারে তার জন্য আপনাদের ব্যবস্থা করতে হবে। আপনারা এটুকু করতে পারতেন কিন্তু তা আপনারা করেন নি। আর একটা কথা বলে আমি শেষ করব আপনারা বলছেন আপনারা

আমাদের থেকে সহানুভূতি চেয়েছিলেন। কিন্তু আপনারা কি করছেন তা আপনারা কি জানেন না? আপনারা কি জানেন যে ঐসব স্কুল বোর্ডে কি হচ্ছে। আপনাদের বুকে হাত দিয়ে বলুন কি করেছেন আপনারা সেখানে। আপনারা বন্যা ত্রাণ করতে গিয়ে কি করেছেন। আমি সেদিন সোনারপুরে গিয়েছিলাম। একটা স্বেচ্ছাসেবী দল যখন ত্রাণের কাজ করছিল তখন আপনাদের এক নেতা তাদের কি বলেছিলেন যে অমুক অমুক নির্বাচিত প্রধানকে আপনারা আপনাদের ত্রাণের সামগ্রী দেবেন না কেননা ওরা সি. পি. এম.-এর লোক নয়। আপনাদের যারা কৃষক সমিতি করছে তাদের হাতে দিন এবং ওঁদেরই প্যাডে লিখিত চিঠি আমি দেখেছি। এর চেয়ে জঘন্য জিনিস আর কি হতে পারে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রেণুপদ হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আগের বারে বাজেটে যে সমস্ত বক্তৃতা দিয়েছেন তার সঙ্গে অনেক পার্থক্য আছে। তিনি আগের বাজেটে যে সুরে কথা বলেছিলেন এবারে তার থেকে অনেক নরম সুরে কথা বলেছেন। আমরা দেখেছি তিনি প্রথম যখন বাজেট পেশ করেছিলেন তখন বলেছিলেন আমার এই বাজেট কার্যকর হলে নীরব বিপ্লব হবে, একটা আমূল পরিবর্তন হবে। তার ফল আমরা দেখেছি। পরের বাজেটে তিনি বলেছিলেন আমার এই বাজেটের ফলে পুঁজিপতিদের রাতের ঘুম কেড়ে নেওয়া হবে। সেই বক্তব্যের কি প্রতিফলন হয়েছে আমরা তাও দেখেছি। এবারের বাজেটে যে বক্তব্য রেখেছেন আমি তার কয়েকটি বিশেষ অংশ সম্পর্কে বলব। তিনি গরিবদের সম্পর্কে অনেক কথা বলেছেন। আমরা দেখছি জিনিসপত্রের দাম যেভাবে বেড়েছে সেটা তিনি আদৌ স্বীকার করেন নি। তিনি তার বক্তব্যের মধ্যে বলেছেন নুন, কেরোসিন, কয়লার দাম আদৌ বাড়ে নি। তিনি তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন, "নুন, কেরোসিন, কয়লা ইত্যাদির সরবরাহ অব্যাহত রাখার জন্য অবিশ্রান্ত চেষ্টা করে যাওয়া হয়েছে, যার ফলে বিধ্বংসী বন্যা সত্ত্বেও অত্যাবশ্যক জিনিসপত্রের দাম আদৌ বাড়ে নি"। আমি মনে করি তিনি যে কথা বলেছেন 'আদৌ বাড়ে নি' এটা সত্য নয়। আমার বিশ্বাস সরকার পক্ষে যারা আছেন এবং বিরোধী পক্ষে যারা আছেন তারা সকলেই এই কথার সঙ্গে একমত হবেন না। আপনারা সকলেই জানেন জিনিসপত্রের দাম এক বছরে অনেক বেড়েছে। গ্রামের সাধারণ মানুষকে ২০/২২ টাকা মণ দরে কয়লা কিনতে হচ্ছে। এই সরস্বতী পূজার সময় আমরা দেখেছি কেরোসিন তেল ৪ টাকা লিটার দরে বিক্রি হয়েছে। আমরা দেখেছি অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়েছে। সিমেন্টের কথা বলেছেন। সিমেন্টের দাম যা নির্দ্দিষ্ট করা আছে তার থেকে অনেক বেশি দামে বিক্রি হয়েছে। আমার বিশ্বাস অর্থমন্ত্রীর এই বাজেট বক্তব্যের সঙ্গে কেউ একমত হবেন না। আমরা দেখেছি এর আগে বলা হয়েছে ব্যবসায়ীদের লাভ করতে দেওয়া হয় নি, তারা লাভ করতে পারে নি। কিন্তু এক বছরের মধ্যে তারা কোটি কোটি টাকা লাভ করেছে। ব্যবসায়ীরা যে এতে কোটি কোটি টাকা লাভ করল এদের সম্পর্কে একটি কথাও নেই, বরং তাদের আড়াল করা হয়েছে — কালোবাজারি, মুনাফাখোর, আড়তদারদের আড়াল করে রাখা হয়েছে। আমার মনে হয় পুঁজিপতিরা এতে খুশিই হবে, কালোবাজারি, মজুতদাররা এতে খুশিই হবে। কিন্তু দেশের সাধারণ মানুষ এর দ্বারা খুশি হবে না। গরিব লোক, ক্ষেত মজুরদের কাজের কথা বলা হয়েছে। পশ্চিম বাংলায় ৩২ লক্ষ ৭২ হাজার ক্ষেত মজুর আছে, ৩৪ লক্ষ বর্গাদার আছে। এই ৩৪ লক্ষ বর্গাদারের

মধ্যে অনেকে ক্ষেত মজুরের কাজ করে, এর থেকেই তারা জীবিকা নির্বাহ করে থাকেন। সরকার ফুড ফর ওয়ার্ক, ইরিগেশন ওয়ার্ক, রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীম ইত্যাদি যে সমস্ত কাজ কর্ম দিয়েছেন তার দ্বারা তিনি বলেছেন ১০ লক্ষ মতো শ্রমিকের ৪ মাসের কাজ হবে।

[5-10 — 5-20 P.M.]

যদি ১০ লক্ষ লোক ৪ মাস কাজ পায় তাহলে এই যে বিপুল সংখ্যক শ্রমিক রয়েছে, যে ক্ষেত মজুর রয়েছে তাদের কোনও কাজের ব্যবস্থা হয় নি। তার আগে আমরা বলতাম এবং আপনারা সকলে জানেন যে তিন মাসের বেশি তাদের কাজ থাকে না, সেখানে যারা কৃষি মজুর তাদের সারা বছর কাজ দেবার ব্যবস্থা করতে হবে। এখানে আমরা দেখতে পাচ্ছি যে তাদের ৪ মাসের মতন এবং একটা ন্যূনতম সংখ্যক শ্রমিকের কাজের ব্যবস্থা হয়েছে বলে বলা হচ্ছে। যদি সত্যিকারে এদের কাজের ব্যবস্থা হয় তাহলে নিশ্চয় গ্রামের মানুষ খুশি হবে। এই প্রসঙ্গে আরও বলতে চাই যে তাদের যে মজুরি দেবার ব্যবস্থা সরকার থেকে আছে সেটাও যে ন্যূনতম মজুরি সরকার থেকে বেঁধে দেওয়া হয়েছে তার থেকেও অনেক কম। আর একটি কথা বলেই আমি শেষ করব। প্রত্যেকটা হাসপাতালে, হেলথ সেন্টারে, প্রাইমারি হেলথ সেন্টারে ঔষুধ পাওয়া যায় না। সেখানে চিকিৎসার সুষ্ঠু ব্যবস্থা নেই, পানীয় জলের সর্বত্র সেইভাবে ব্যবস্থা করা যায় নি, স্যানিটেশনের ব্যবস্থাও করা যায় নি। সেখানে আমরা দেখছি, গত বছর যেখানে ৩৪ কোটি ৮৪ টাকা বরাদ্দ ছিল এ বছর সেখানে সেটা কমে ৩০ কোটি ৮৩ লক্ষ টাকা করা হয়েছে। এখানে ৪ কোটি টাকা কম করা হয়েছে। জনসাধারণের যে দুর্দশা ছিল চিকিৎসার ব্যাপারে, স্বাস্থ্যের ব্যাপারে সেই দুর্দশা আরও বেড়ে যাবে। আমি মনে করি পুলিশ খাতের ব্যয় কমিয়ে এই সমস্ত খাতে ব্যয় বৃদ্ধি করা উচিত। আরও অন্যান্য বিষয় আমার বলবার ছিল কিন্তু সময়ের অভাবে বলতে পারলাম না। এই বিষয়গুলি সরকারের কাছে রাখলাম। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী নানুরাম রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেট অবাস্তব, ভিত্তিহীন এবং নৈরাশ্য জনক। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বক্তৃতার মাধ্যমে কেন্দ্রের প্রতি উষ্মা প্রকাশ করেছেন, জেহাদ ঘোষণা করেছেন। তিনি পশ্চিম বাংলার পঞ্চায়েতে কি রকম কাজকর্ম হয়েছে সে সম্বন্ধে গদ গদ হয়ে অনেক কথা বলেছেন, পঞ্চমুখ হয়ে বলেছেন। গ্রামে পঞ্চায়েতে কি রকম কাজকর্ম হচ্ছে সে বিষয়ে আমি মনে করি তিনি কোনও খবর রাখেন না। স্যার, আমি গ্রামের মানুষ, আমি জানি সেখানে কি রকম কাজকর্ম হচ্ছে। গত বিধ্বংসী বন্যার পর লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে গৃহ নির্মাণ অনুদান বাবদ কিন্তু আমার জিজ্ঞাস্য, পশ্চিম বাংলায় আজ পর্যন্ত কতগুলি গৃহ নির্মাণ করা হয়েছে জানাবেন কি? স্যার, সেখানে লক্ষ লুক্ষ টাকা শিল্প অনুদান দেওয়া হয়েছে — বিড়ি শিল্প, চাটাই শিল্প, ঢেঁকি শিল্প ইত্যাদিতে টাকা দেওয়া হয়েছে। কয়েকদিন আগে কাগজে দেখলাম হাসকিং মিলের লাইসেন্স অনুমোদন করার জন্য প্রধানকে ক্ষমতা দেওয়া হয়েছে, মালিকরা তার বিরুদ্ধে কেস করেছে। আমার মনে হয় স্যার, নূতন হাসকিং মিলের লাইসেন্স দেবার আর কোনও প্রয়োজন নেই, কারণ, পশ্চিম বাংলায় যে ভাবে ঢেঁকির জন্য অনুদান দেওয়া

হয়েছে তাতে করে আর হাসকিং মিলের দরকার হবে না। পশ্চিম বাংলার কোনও জেলায় কতগুলি ঢেঁকি আছে আমি জানি না, আশা করি মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণের সময় সে তথ্য রাখবেন। স্যার, গ্রাম বাংলায় যে শিল্প অনুদান দেওয়া হয়েছে সেখানে হয়ত দেবার কথা ২৫০ টাকা কিন্তু দেওয়া হয়েছে ১৫০ টাকা, ১০০ টাকা পার্টির চাঁদা হিসাবে রাখা হয়েছে। তা ছাড়া এমন সমস্ত লোককে এটা দেওয়া হয়েছে যারা লেখাপড়া জানে না — নিরক্ষর। গ্রামের শিক্ষিত লোকদের এটা দেওয়া হয় নি, যারা নিরক্ষর, টিপ দিয়ে নেবে, সই করতে পারবে না তাদেরই দেওয়া হয়েছে। তারপর ঐ অপারেশন বর্গা তো সারা পশ্চিম বাংলায় ভীতির সঞ্চার করেছে। স্যার, বামফ্রন্টের সদস্য শ্রী বিশ্বনাথ চৌধুরি মহাশয় নিজেই স্বীকার করেছেন যে এই অপারেশন বর্গা গ্রামে ভীতির সঞ্চার করেছে। স্যার, এটা অপারেশন বর্গা নাম না দিয়ে অপারেশন বর্গা নাম হওয়া উচিত। এই বর্গারা স্যার, জানে না কোনও মাঠে কোনও জমি তার নামে দেওয়া হয়েছে। তাকে জিজ্ঞাসা করলে সে বলতে পারবে না যে সেই জমিতে সে কি ধান চাষ করেছে।

আপনারা আইন করেছেন যে নিজেদের হাতে চাষ করতে হবে, তা না করলে জমি থাকবে না। এরপর দেখা যাবে যে যাঁদের স্বামীরা অক্ষম, অচল, তাঁদের মহিলাদেরও চাষ করতে হবে। এবারে আমি কৃষি সম্পর্কে বলতে চাই। মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় এখানে রয়েছেন, উনি আমার এলাকায় গিয়েছিলেন এবং সেখানে হাজার হাজার জমিতে বালি পড়েছে সেটা দেখেছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটে কোথাও এ কথা বলা হয় নি যে বালি কি ভাবে পরিষ্কার করা হবে। আলুর ব্যাপারে দেখা যাচ্ছে যে এক বিঘা আলু চাষ করতে ১৫ থেকে ১৬ শত টাকা খরচ হয়। আর সেখানে আলুর মূল্য ১২ শত টাকা পড়ছে এবং এর ফলে আলুর চাষীদের ৪ শত করে টাকা লোকসান দিতে হচ্ছে। আপনারা সব সময়ে বলেন যে আপনারা চাষীদের বন্ধু। কিন্তু গ্রামের শতকরা ৭০ ভাগ চাষীর কথা এই বাজেটে কোথাও বলা হয় নি। শিক্ষা ক্ষেত্রে বলেছিলেন যে প্রথম বছরে এক হাজার প্রাথমিক বিদ্যালয় করা হবে, তারপর দ্বিতীয় বারে বললেন, আরও এক হাজার হবে, তৃতীয় বারে বললেন, আরও ১২ শত করা হবে এবং মোট ৩২ শত করার কথা বলেছেন। সেখানে আমি জানি না শূন্য দুটি বাদ দিয়ে ৩২টিও অনুমোদন পেয়েছে কি না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই যে যাঁরা ডেপুটেশনে চাকুরি করছিলেন তাঁদের একটা স্থায়ী ব্যবস্থা করবেন। আমি আপনার কাছে জানতে চাই যে যাঁরা ডেপুটেশনে চাকুরি করছিলেন, তাঁরা ইন্টারভিউ দিয়ে পাশ করে চাকুরিতে বহাল হয়েছিলেন। কাজেই তাদের যদি স্থায়ী না করা, হয় তাহলে তারা অসুবিধার মধ্যে পড়ে যাবে। কারণ তাঁদের অনেকের হয়ত সরকারি চাকুরির বয়স সীমা পার হয়ে গেছে। তারাও তো আমাদের দেশের নাগরিক। তারপর ফ্লাড নিয়ে অনেক কথা বলা হয়েছে। আমাদের আরামবাগে বন্যার জন্য যে ক্ষতি হয়েছে সেখানে কোনও উন্নয়ন করা হয় নি। এখানে একজন মাননীয় সদস্য বললেন এবং দুজন প্রাক্তন মন্ত্রীর নাম উল্লেখ করে বলেছেন যে স্বর্গীয় বিধানচন্দ্র রায় এবং প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, এই দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করতে পারেন নি, আমাদের সরকার করেছেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যকে বলতে চাই যে তিনি বোধ হয় ব্যাকরণ পড়েন নি — করিয়াছে, করিয়াছিল এবং করা হবে — ৮০ তে করা হবে, এই বাজেট

করা হবে না। আপনারা রাস্তা করবেন বলেছিলেন কিন্তু কয়টা রাস্তা করছেন? আজকে পরিবহন সমস্যা সম্পর্কে এই কথা বলতে চাই যে এই বৃহত্তর কলকাতার বুকে সাধারণ বাস, স্পেশ্যাল বাস, দোতলা বাস আছে এবং ট্রামকেও রাষ্ট্রায়ত্ত করেছেন কিন্তু তবু মানুষকে . বাসে বাদুরের মতো ঝুলে যেতে হচ্ছে। আপনার বাজেট বক্তৃতায় কোথাও দেখলাম না যে বাস বাড়ানো হবে কিন্তু এই জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে। মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় গত সেশনে একটা বিল পেশ করেছিলেন এবং সেই বিলে উল্লেখ ছিল বিধানসভার সদস্যদের আর কুপন দিতে হবে সেখানে আইডেনটিটি কার্ড দেখালেই হবে। কিন্তু সেটা এই কলকাতার মধ্যে সদস্যরা যদি যাতায়াত করেন তাহলে আইনডেনটিটি কার্ড দেখালে হবে কিন্তু দুরপাল্লার বাসে সেই ব্যবস্থার কোনও উল্লেখ করেন নি। মাননীয় মন্ত্রী মহাশয় বোধ হয় ভুল করেছেন দুরপাল্লার বাসের কথা উল্লেখ না করে, এর পর হয়ত আবার দেখব যে দুরপাল্লার বাসেও বিধানসভার সদস্যরা যেতে পারবে সেই রকম আর একটা বিল আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পুলিশ একটা মারাত্মক জিনিস। এই পুলিশ খাতে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ৬৩ কোটি টাকা খরচ করছেন। আমার মনে হচ্ছে ৬৩ কোটি টাকা কেন, ৬৩ টাকাও আপনাদের বরাদ্দ করা উচিত নয়। আপনারা সারা পশ্চিম বাংলায় যে সি. পি. এম. কর্মীর পুলিশ-এর জন্ম দিচ্ছেন, তারাই তো প্রশাসন চালাচ্ছে। আপনারা জানেন না, রানা দত্ত চৌধুরিকে হত্যা করা হয়েছে? আপনারা জানেন না ওখানকার এস. পি.-কে কিভাবে সাসপেন্ড করা হয়েছে? আরামবাগের ও. সি.-কে তাঁর গায়ে মদ ঢেলে দেওয়া হয়েছে, তাঁর টুপি খুলে নেওয়া হয়েছে, তিন দিনের মধ্যে তাঁকে বদলি করা হয়েছে। এই সব কে করেছে? এই যে চুরি, ডাকাতি, খুন, জখম হচ্ছে, এই ব্যাপারে যাদের ধরে নিয়ে যাওয়া হচ্ছে, কোর্ট কাছারি ইত্যাদি জায়গায় গিয়ে বলা হচ্ছে যে আমরা হচ্ছি সি. পি. এম.-এর গুন্ডা, ও. সি. থেকে আরম্ভ করে এস. পি. পর্যন্ত আমাদের হাতে আছে, এগুলি আপনারা করবেন না। খুন করতে গেলে আগে থেকে বলে যায় যে আমরা খুন করতে যাচ্ছি আপনারা যাবেন না। আজকে আপনারা এই রকম অবস্থার সৃষ্টি করেছেন। সেই রানা দত্ত চৌধুরিকে খুন করার সময় বলেছিলেন যে আমাদের নাম করলে পুলিশ আসবে না।

**মিঃ স্পিকার ঃ** এটা কি গভর্নরের বক্তৃতার উপর বলছেন না, বাজেটের উপর বলছেন?

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই যে, আপনারা আসার পর বলেছিলেন যে ২ শত কিলো মিটার পাকা রাস্তা তৈরি করবেন। কিন্তু আমার মনে হয় ২ কিলো মিটার পাকা রাস্তাও পশ্চিম বাংলায় তৈরি হয় নি এবং একটা ব্লকও তৈরি হয় নি।

[5-20 — 5-30 P.M.]

মরিচঝাঁপিতে নিরপরাধ অভুক্ত মানুষকে গুলি করে মারা হয়েছে, নৃশংস ভাবে হত্যা করা হয়েছে, মহিলাদের উপর পাশবিক অত্যাচার করা হয়েছে, তার কারণ তারা তফসিলি জাতি, শিডিউল্ড কাস্ট, সেখানে জ্যোতি বসুর মতো বসুরা নেই, অশোক মিত্র-র মতো মিত্ররা

নেই, শম্ভু ঘোষের মতো ঘোষরা নেই আর বামফ্রন্টের নেতা প্রমোদ দাশগুপ্তের মতো দাশগুপ্তরা নেই, সেখানে ঘোষ, বোস, মিত্র নেই, এই হচ্ছে তাদের অপরাধ। অথচ এই তফসিলি জাতির ভোটেই তাঁরা এখানে এসেছেন। এই তফসিলিরা এর জবাব দেবে, তার বেশি দেরি নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, আমাদের অর্থমন্ত্রী তো অর্থনীতির ডক্টরেট, তিনি এখানে যে বাজেট পেশ করেছেন, তার জন্য তাঁকে আর একটা ডক্টরেট দেওয়া হোক। এই বলে এই বাজেট বরাদ্দকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত চার দিন ধরে এবং ১৫ ঘন্টা সময় জুড়ে ৫০ জন মাননীয় সদস্য — ৪৯ জন নয়, ৫১ জন নয়, ৫০ জন মাননীয় সদস্য বাজেটের উপর তাঁদের বক্তব্য রেখেছেন। অনেকে প্রশ্ন তুলেছেন, আমি সেইগুলোর যথা সম্ভব উত্তর দেবার চেষ্টা করব। কিছু কিছু প্রশ্ন থেকেও কথাবার্তা বলা হয়েছে, সেইগুলো জবাব দেওয়া আমার পক্ষে সম্ভব নয়, সুতরাং সেইগুলো জবাব দেবার আমি চেষ্টা করব না, সেটা আগে বলে রাখছি। আর একটা জিনিস বলা প্রয়োজন — এটা ভাল হত যদি কাশী বাবু থাকতেন। জয়নাল আবেদিন সাহেব থাকেন, আমি তাঁর কাছে খুব কৃতজ্ঞ, বরাবর দেখি উনি থাকেন। কিন্তু কাশী বাবু একজন মাননীয় বিরোধী দলের নেতা, উনি কিন্তু কোনও দিন থাকেন না। আমাদেরও যে কিছু বক্তব্য থাকতে পারে, ওঁর বক্তব্যের পর, সেটা শোনবার জন্য থাকেন না। প্রায়ই ওঁর আচরণে তা দেখি। ওঁর আচরণ দেখে গ্রীক পুরাণের নায়ক নার্সিসাস, তাঁর কথা মনে পড়ে যায়, তার চেহারাটা ভাল ছিল, তিনি হ্রদের ধারে গিয়ে বসতেন, হ্রদের ধারে ঝুঁকে পড়ে তিনি তাঁর চেহারাটা দেখতেন, আর ভাবতেন আমার চেহারা কি সুন্দর, কত সুন্দর। কাশী বাবুও সেই রকম, আমি কত ভাল বলি — কিন্তু অন্যের যে কিছু বক্তব্য থাকতে পারে তাঁর বক্তব্যের উপর — এই ভাবে নার্সিসাসের যে পরিণাম হয়েছিল, ঐ বেশি ঝুঁকে দেখতে গিয়েছিলেন বলে জলে গড়িয়ে পড়ে গিয়েছিলেন, তারপর তার জীবনান্ত ঘটেছিল। এটা বলা দরকার এই কারণে, কারণ উনি থাকলে ভাল হত, তিনি অনেকগুলো প্রশ্ন তুলেছেন এবং যে কথাগুলো উঠেছে, আমি পর্যায়ক্রমে সব কথার জবাব দেবার চেষ্টা করব। বলা হয়েছে, এত বেশি কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে কেন এই বাজেট বক্তৃতায়। আমি বলেছিলাম, এটার অত্যন্ত প্রয়োজন আছে, এটা খুব প্রাসঙ্গিক, এটা পশ্চিম বাংলার মানুষের, এবং আমি বলছি ভারতবর্ষের মেহনতি মানুষের জীবন মরণ এর সমস্যার সঙ্গে ভীষণ ভাবে জড়িত এই কেন্দ্র রাজ্য সম্পর্ক। এখন আমরা বলি, এই কাঠামোর ভিতর, এই সামন্ততান্ত্রিক, ধনতান্ত্রিক কাঠামোর ভিতর অর্থনৈতিক মুক্তির কোনওরকম সম্ভাবনা নেই, পূর্ণ মুক্তির সম্ভাবনাও নেই। আমরা বারবার এই কথা বলছি, এই কাঠামো ভাঙ্গতে হবে। কিন্তু সেই সঙ্গে আমরা এটাও বলছি, আমরা গত ৩০/৩২ বছরের ইতিহাস যদি দেখি, এই যে ব্যবস্থা, এই যে কাঠামো, এই কাঠামোর ভিতরে থেকেও অনেক কিছু করা যেত, সাধারণ মানুষের আর্থিক উন্নতি বাড়াবার জন্য। আমরা অনেক ধনতান্ত্রিক দেশে দেখেছি, যেখানে এই ৩২ বছরে গড়পড়তা বার্ষিক আয়ের বৃদ্ধির হার ৫/৬/৭ পারসেন্ট এবং তার তুলনায় ভারতবর্ষে কোনওক্রমে মাত্র ১ শতাংশ। এটা একটা মারাত্মক ব্যাপার। এটা কেন হল? আমাদের চাইতে খারাপ অবস্থায় ছিল অনেক অনেক দেশ, তারা আমাদের ছাড়িয়ে

গেছে। অথচ আমরা কিছু করতে পারি নি। ভারতবর্ষে এই যে অঞ্চলে অঞ্চলে বৈষম্য বেড়েছে, একটা রাজ্য এগিয়ে গেছে, আর একটা রাজ্য এগোতে পারে নি। এই যে শতকরা এক ভাগ আয় বেড়েছে এবং তাও এত অসম ভাবে বন্টিত হয়েছে, এটা হওয়া উচিত নয়।

আমাদের কেন্দ্র রাজ্য বিন্যাস যদি অন্য রকম হত, কেন্দ্রের যদি আলাদা ক্ষমতা থাকত এবং রাজ্যের হাতে যদি আরও একটু ক্ষমতা থাকত তাহলে সাধারণ মানুষকে আমরা যা বলছি যে, আমরা আপনাদের কাছাকাছি আছি সেই অনুযায়ী রাজ্য সরকারের পক্ষে সাধারণ মানুষের ইচ্ছা সম্বন্ধে আর একটু সচেতন হয়ে কাজ করা যেত। কিন্তু আজকে সেই কাজ করা যাচ্ছে না। আর বিগত কয়েক বছর ধরে এই সমস্ত ব্যাপার নিয়ে আমরা কথাবার্তা বলতে পারি নি, কারণ একটা স্বৈরাচারী বা প্রায় স্বৈরাচারী ব্যবস্থার মধ্যে আমরা এত দিন ছিলাম, কেন্দ্রে কংগ্রেস, রাজ্যে রাজ্যে কংগ্রেস, কেউ আলাদা করে কথা বলতে পারত না। কেন্দ্রে যাঁরা বিরাট ব্যক্তিত্ব নিয়ে ছিলেন তাদের বিরুদ্ধে রাজ্যের কংগ্রেস টু শব্দটি পর্যন্ত করতে পারত না। এখন অবস্থার পরিবর্তন হয়েছে, আমরা বসে কথা বলতে পারছি, আগে আমরা বসে কথা বলতে পারতাম না, আজকে আমরা বসে কথা বলছি। আমি এখানে যেদিন বাজেট পেশ করেছিলাম সেদিন সন্ধ্যাবেলা জাতীয় উন্নয়ন পর্ষদের বৈঠকে যোগ দিতে দিল্লিতে গিয়েছিলাম, সেখানে আমি আমার বাজেট বক্তব্যের ৫০টি কপি নিয়ে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রীদের এবং রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের দিয়েছিলাম। তার একটু পরেই রাজস্থানের মুখ্যমন্ত্রী আমার কাঁধ চেপে ধরে বললেন, আপনারা এত কৃপণ কেন? হোয়াই আর ইউ সো মাইজার? এই রকম সব ইন্টারেস্টিং এবং ইম্পর্টেন্ট ব্যাপার এর মধ্যে ঢুকিয়েছেন, অথচ মাত্র এই কয়খানা কপি নিয়ে এসেছেন? এই একই কথা গুজরাটের মুখ্যমন্ত্রীও বলেছেন। আমাদের এই অর্থনৈতিক অবস্থার মধ্যে কাঠামো পাল্টানো যায় না, কিন্তু কেন্দ্র রাজ্য সম্পর্ক কিছুটা পাল্টানো যায়। কেন্দ্রীয় যোজনার পরিমাণ কমিয়ে দিয়ে, রাজ্যের যোজনা বাড়াতে হবে, আমাদের এই দাবি। আমাদের এই দাবির পক্ষে সব চেয়ে বড় সমর্থন এসেছে গুজরাটের কাছ থেকে, সমর্থন এসেছে রাজস্থানের কাছ থেকে, সমর্থন এসেছে বিহারের মুখ্যমন্ত্রী কর্পূরী ঠাকুরের কাছ থেকে। এমন কি কর্ণাটকের ইন্দিরা পন্থী কংগ্রেসের কাছ থেকেও সমর্থন এসেছে। সুতরাং এর পেছনে একটা ব্যাপক সমর্থন আছে। আমরা বলছি এ ব্যাপারে আলোচনা করা দরকার। আমরা বলছি একটা বিতর্ক হোক, আমাদের কথা আপনারা বুঝুন, আপনাদের কথা আমরা বুঝি। আপনারা জানেন আমরা বলেছি সেন্ট্রালি স্পন্সর্ড স্কীম আমরা চাই না, এটা তুলে দিন, তুলে দিয়ে সেই টাকাটা রাজ্যগুলিকে দিয়ে দিন। আমরা গত ২/৩ মাস ধরে কেন্দ্রের সঙ্গে কথাবার্তা বলেছি, কিন্তু এখনও পুরোপুরি সফল হইনি। তবে তাঁরা এখন বেশ কিছু পরিমাণ অর্থ সেন্ট্রালি স্পন্সর্ড স্কীম থেকে ছেড়ে দিতে রাজি আছেন। আমরা তাদের বুঝিয়েছি যে, একটা গ্রামে কৃষকদের কৃষি কাজের জন্য কখন সেচের জল দরকার, কখন তারা বীজ পাবে, তা কি ঐ কেন্দ্রে বসে তাঁরা ঠিক করে দেবেন? এই অবস্থা কখনই চলতে পারে না। কমল বাবুর হয়ত কৃষি সংখ্যা তত্ত্বের ব্যাপারে কোনও কিছুর প্রয়োজন হল, তাহলে সেখানে কি কেন্দ্রের নির্দেশ অনুযায়ী ইন্ডিয়ান স্টেটিস্টিকাল ইনস্টিটিউট যা কলকাতায় আছে সেখান থেকে বিশেষজ্ঞ নিয়োগ করতে হবে, কেন্দ্রের নির্দেশের জন্য অপেক্ষা করতে হবে কেন্দ্র আমাকে বলে দেবেন তবে হবে সেই জন্যই আমরা বলছি সেন্ট্রালি স্পন্সর্ড

স্কীম তুলে দেবার কথা। ফুড ফর ওয়ার্কে আমরা নিশ্চয়ই গম পাচ্ছি। কিন্তু বন্যার পর যে অবস্থা হয়েছে তাতে পুনর্গঠনের কাজের জন্য যে টাকার প্রয়োজন আমাদের সেই টাকা নেই এবং যথেষ্ট টাকাও আমরা কেন্দ্রের কাছ থেকে পাচ্ছি না। সেই জন্য আমরা আজকে এখানকার অবস্থার কথা ওঁদের বোঝাবার চেষ্টা করছি। আমাদের গরিব মানুষগুলির ক্ষেতে বালি ঢুকে গেছে, সেগুলি সরাতে হবে, তাদের ঘর বাড়ি নষ্ট হয়ে গেছে, সেগুলি তৈরি করে দিতে হবে, আমাদের পয়সা নেই। আমরা তাদের বলছি যে, তোমরা তোমাদের নিজেদের জমি পরিষ্কার কর, তোমাদের আমরা গম দেব। সুতরাং এ জিনিস দিল্লিতে বসে ঠিক করা যায় না, কিন্তু আমরা পারি। সুতরাং এসব কাজের জন্যও এই যে ব্যবস্থা আছে এটা পাল্টাতে হবে। আমরা আমাদের মানুষের কাছাকাছি আছি, আমরা বুঝতে পারি। এর মধ্যে বাদ বিসম্বাদ প্রশ্ন নেই। কেন্দ্রও কিছু কিছু বুঝেছে। দিল্লিতে বসে, কৃষি ভবনে বসে বা উদ্যোগ ভবনে বসে রাজ্যগুলিকে অর্ডার দিয়ে এটা করা, সেটা করা করে এই সমস্যার সমাধান করা যায় না। কিন্তু ব্যাপারটা হচ্ছে মন্ত্রী বা আমলার ক্ষমতার মায়া যে কাটানো যায় না, সুতরাং এই ধরনের বাধা একটু থাকবে, কিন্তু আসতে আসতে সয়ে যাবে এবং আমাদের কথা ভাববেন। অবশ্য এরপর ওঁরা ২ হাজার কোটি টাকা দিতে রাজি হলেন। এই অবস্থায় রাজ্যে রাজ্যে ঐ ২ হাজার কোটি টাকা নিয়ে মারামারি কাটাকাটি হোক, সেটা আমরা চাই না। কোনও ফর্মুলায় আমাদের রাজ্য বেশি পাবে, বা ঐ সব ফর্মুলায় অমুক রাজ্য আর একটু বেশি পাবে, এই নিয়ে রাজ্যে রাজ্যে একটা সংঘাতের সৃষ্টি হতে পারে। সেই জন্য আমরা কেন্দ্রের কাছ থেকে যে ২ হাজার কোটি টাকা পাওয়া গিয়েছে সে বিষয়ে আমাদের পরিষ্কার বক্তব্য রেখেছি। আমরা বলছি যে ঐ ফর্মুলায় পশ্চিম বাংলা একটু বেশি পাবে বা অন্য ফর্মুলায় কিছু কম পাবে এই জিনিস আমরা বলতে চাই না, এতে জাতীয় সংহতি নষ্ট হচ্ছে, যেখানে জাতীয় সংহতি নষ্ট হবে সেখানে পশ্চিম বাংলা যাবে না। আমরা কখনই বলব না যে আমাদের অমুক ফর্মুলায় দাও আমরা বেশি পাব।

[5-30 — 5-40 P.M.]

সুতরাং আমি জাতীয় সংহতিকে নষ্ট করছি না। জাতীয় সংহতি যাতে সঙ্ঘবদ্ধ ভাবে হয় তার জন্য আমরা চেষ্টা করছি কিন্তু এখন এসব বলার সময় নয়, আমাদের অনেক কথা আছে। দুটি ব্যাপারে যখন আমাদের সঙ্গে মোটামুটি বোঝাপড়া হয়ে গেল তখন প্রধানমন্ত্রী শ্রী মোরারজী দেশাই বললেন যে, তিনি আমাদের মত মেনে নিলেন। কাজেই আমাদের সম্বন্ধে প্রতিটি রাজ্যের সহিত কতখানি সম্ভব এইসব ব্যাপারে তা বলা নিষ্প্রয়োজন। যে ফর্মুলাটা হয়েছিল তাতে শ্রী মোরারজী দেশাই বলেছিলেন —

The formula obviously disappointed some of the states like Maharastra, Gujarat and Punjab but West Bengal which had spear headed the campaign for an end of Centrally Sponsored Schemes and in a large measure found recognition for its views, accepted the out come of the NDC labours gracefully.

সুতরাং এই ফর্মুলাটা পড়ে বোঝা যাচ্ছে পশ্চিম বাংলা সম্বন্ধে যে, না, এরা একটা নীতির জন্য লড়াই করছে। সুতরাং আমার কিছু বলবার নেই কিন্তু আমরা নীতির জন্য লড়াই করে যাব। যে মুহূর্তে মোরারজী দেশাই রায় দিলেন আমরা মেনে নিয়েছিলাম কিন্তু তার পরক্ষণেই আমি মোরারজী দেশাইকে বললাম এই ব্যাপারে, — ১৫ মিনিট ধরে বাক-বিতন্ডা হল — সেখানে আমি বললাম আপনি প্রধানমন্ত্রী, আপনাকে ভাবতে হবে — যেখানে পাঞ্জাবের গড়-পড়তা উপার্জন অধিক সেখানে উড়িষ্যা প্রভৃতি কয়েকটি রাজ্যে উপার্জন অধিক কম — এই যে আঞ্চলিক বৈষম্য তার মূল হয়ত রাজ্য সরকারগুলির গলদে হতে পারে, হয়ত বে-সরকারি বিনিয়োগ যেভাবে হয়েছে তার কারণও হতে পারে কিন্তু এটা ভেবে দেখুন, কেন্দ্রের বিনিয়োগ, কেন্দ্রের অর্থ ব্যয় তাঁদের হয়ত দায়-দায়িত্ব আছে — কেন্দ্রের টাকা অঞ্চলে অঞ্চলে কিভাবে ব্যয় করা হয়েছে সেটা দেখুন। তখন প্রধানমন্ত্রী বললেন এটা হচ্ছে পার্লামেন্টের ব্যাপার — ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে এটা আলোচনা হতে পারে না। আমি বললাম আমরা রাজ্যগুলির প্রতিনিধি, আপনি কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি — এখানে যদি আলোচনা না করি তাহলে কোথায় আলোচনা করব। তর্কের মীমাংসা হল না — সেই মিটিং হল না। কিন্তু আমরা যখন বেরিয়ে এলাম মধ্যাহ্ন ভোজের জন্য তখন প্রধানমন্ত্রী আমাকে ডেকে নিয়ে পাশে বসালেন এবং বললেন আমি খুব খুশি যে তর্ক করছে — এগুলি আলোচনা হোক এটা আমি চাই যদিও আমার মতের সঙ্গে তোমার মত মিলবে না। সুতরাং আপনাদের প্রধানমন্ত্রী আমাকে বলেছেন যে আলোচনা হোক — আমি এর বেশি বলতে চাই না। কেন্দ্র সম্বন্ধে সাধারণ মানুষের মনকে বিষিয়ে দেব সেই প্রশ্ন আসে কোথায়? এটা নীতির প্রশ্ন — আমরা এখনও কেন গরিব, পূর্বাঞ্চল কেন এগুতে পারে নি — সেই সমস্ত নিয়ে আলোচনা করা দরকার। আমি এই জিনিসটা বুঝতে পারি না — আসামে জনতা দলের মুখ্যমন্ত্রী আছেন, বিহারে জনতা দলের মুখ্যমন্ত্রী আছেন, উড়িষ্যায় জনতা দলের মুখ্যমন্ত্রী আছেন তাহলে আমি পূর্বাঞ্চলের কথা বলতে পারব না — এটা কোনও দেশের রীতি? আমার একটি গল্প মনে পড়ে গেল — ২৫ বছর আগে আমার এক বন্ধুর বাড়িতে গিয়ে কড়া নেড়ে জিজ্ঞাসা করলাম, পরমেশ বাড়ি আছ? একটি ধবধবে ৬ বছরের মেয়ে বেরিয়ে এসে বললে, পরমেশ বাড়ি আছে, উপরে আছে, চান করছে, আপনি একটু বসুন। আমি বসে কি করব ভাবছি, এমন সময়ে আমি জিজ্ঞাসা করলাম খুকী তোমার নাম কি? গম্ভীর ভাবে জবাব দিল — এটা আমার বাড়ি, তোমার নাম কি? কাশীকান্ত বাবু বললেন বিহার আমাদের রাজ্য, আসাম আমাদের রাজ্য — সুতরাং আপনার বলবার কি অধিকার আছে? উড়িষ্যায় গরিব মানুষ আছে, বিহারে গরিব মানুষ আছে, গোটা ভারতবর্ষে গরিব মানুষ আছে — এই বামফ্রন্ট সরকার গোটা ভারতবর্ষের কথা ভাবে — যেমন ভাবে পূর্বাঞ্চলের কথা তেমনি অন্যান্য রাজ্যের কথাও ভাবে। আমরা যে ভাবি তার জন্য বিহারের মুখ্যমন্ত্রী আমাকে জড়িয়ে ধরেছিলেন আর উড়িষ্যার শ্রী বিজু পট্টনায়ক তিনি সম্বর্ধনা জানিয়েছেন।

আরেকটি কথা মনে করিয়ে দিচ্ছি আসামে গৌহাটির পৌর নির্বাচনের ফলাফল কি হয়েছে সেটা একটু দেখবেন। কাশী বাবু বললেন কেন্দ্রের বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে, বাইরে থেকে এখানে আমানত সংগ্রহ করছে, সমস্ত অবাঙালিরা এসে তাদের বিরুদ্ধে কেন স্টেপ নিচ্ছেন না? আপনাদের জানা দরকার গোটা দেশে যা আইন ব্যবস্থা আছে তাকে ব্যাঙ্কিং

কিম্বা ডিপোজিট এগুলি কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করেন, আমরা বার বার বলেছি পূর্বাঞ্চলের যাতে বাড়তি বিনিয়োগ হয় তাই নিয়ে ব্যবস্থা করা উচিত। আপনাদেরই একজন গতকাল বললেন অবাঙালি সমস্ত এসে গেছে তাদের জন্য কিছু করছেন না, আমরা বলছি জয়প্রকাশ নারায়ণ একজন অবাঙালি তাকে আমরা শ্রদ্ধা জানাই, ঠিক তেমনি একজন দিন মজুর যে কলকাতা জীবিকার জন্য এসেছে তাকেও আমরা শ্রদ্ধা জানাব এবং বলব আমাদের দরিদ্র দেশে আমরা সকলে মিলে ভাগ করে সমস্ত জিনিস নেব। সুতরাং বাঙালি অবাঙালির প্রশ্ন করবেন না। এ বিষয়ে কেন্দ্রীয় আইন পরিবর্তন করতে বলুন, আমরা যদি বলতে চাই তাহলে বলবেন কেন্দ্রের বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন। আর একজন অ্যাডিশনাল ডিউটিস অফ এক্সাইজ সম্বন্ধে বলেছেন এটা কি ব্যাপার সেটা জানা দরকার। সংবিধান বলছে সেল ট্যাক্স যেটা আদায় করবার অধিকার রাজ্যগুলোর তার মধ্যে সবচেয়ে শাঁসালো তিনটা জিনিস যা থেকে আমরা সেল ট্যাক্স আদায় করতে পারতাম তা হচ্ছে তামাক, সিগারেট, চিনি এবং জামাকাপড়। ১৯৫৬ সালে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে বললেন তিনটে ব্যাপার খুবই গুরুতর এবং সেল ট্যাক্স কালেক্ট করার পক্ষে মূল্যবান যে তিনটি দ্রব্য বিভিন্ন রাজ্যে বিভিন্ন রকম করের হার থাকায় অনেক অসুবিধা হচ্ছে বলে তোমরা স্বেচ্ছায় তোমাদের সংবিধানগত অধিকার কেন্দ্রের হাতে অর্পণ কর। আমরা সেল ট্যাক্সের পরিবর্তে অ্যাডিশনাল ডিউটিস অফ এক্সাইজ তামাক, সিগারেট, চিনি এবং জামাকাপড়ের উপর বসাব এবং তা থেকে যে রাজস্ব সংগ্রহ করব তা রাজ্যগুলিকে দেব। ১৯৫৭ সালে আইন করে রাজ্যগুলির এই অধিকার কেড়ে নেওয়া হল। এই আইন করার ক্ষমতা ও রাজস্ব সংগ্রহ করবার ক্ষমতা কেন্দ্রের আছে আমাদের রাজস্বের অভাব অথচ কেন্দ্র তার কথা রাখলেন না। এটা শ্রেণী চরিত্রের ব্যাপার; অর্থাৎ কিভাবে মিল মালিক বা মালটিন্যাশনাল মালিকদের খুশি করা যায় সেই চেষ্টাই দেখা হল। এই ৩টে জিনিসের উপর আর করের হার বাড়ে নি। ১৯৫৭ সাল থেকে ১৯৭৭ সাল আমাদের পশ্চিম বাংলায় বিক্রয় কর থেকে সংগ্রহ বেড়েছে ৩০ গুণ, আর কেন্দ্রের কাছ থেকে বেড়েছে মাত্র ১০ গুণ, অর্থাৎ এই জিনিসগুলির উপর কর করবার ক্ষমতা যদি আমাদের হাতে থাকত তাহলে আরও ৩ গুণ রাজস্ব আমরা বাড়াতে পারতাম যেটা আমরা পারছি না। আমরা উন্নয়ন মূলক কাজ করতে চাই, তার জন্য টাকার দরকার, কিন্তু কেন্দ্র অনেক চুক্তি ভঙ্গ করেছে। ১৯৭০ সালে একটা চুক্তি হয়েছিল যে দুই বছরের মধ্যে আমরা করের হার তুলে দেব ১০.৮ পারসেন্ট — সে কথা তাঁরা রাখেন নি — সেটা কমে গিয়ে ৬.৫ পারসেন্ট হয়েছে।

[5-40 — 5-50 P.M.]

সেজন্য কেন্দ্রকে বলেছি আমরা এক বছর সময় দিচ্ছি এবং ১৯৭০ সালে যেকথা বলেছিলেন সেকথা রাখবার যদি চেষ্টা না করেন তবে আমরা নোটিশ দিচ্ছি সুপ্রীম কোর্টে যাব। আমরা স্বেচ্ছায় যে অধিকার কেন্দ্রের কাছে দিয়েছি কেন্দ্র যেহেতু তার কথা রাখেন নি সেখানে আমাদের অধিকার আমরা ফিরে পাব কিনা এটা একটা সংবিধানগত প্রশ্ন। জয়নাল আবেদিন সাহেবদেরই একজন লোকসভার সদস্য তিনি আমাকে যে চিঠি দিয়েছেন সেটা আমি পড়ছি।

First of all I must thank you for the Note presented to the Govt. of India by the West Bengal Govt. in the National Development Council meeting. The Note has been very useful. Shri Charan Singh, Deputy Prime Minister and Finance Minister, Govt. of India, had to agree on almost all the points. Proposals and facts stated therein helped considerably for placing the view points of the West Bengal Govt. for their inclusion in the Seventh Finance Commission.

এটা স্বতোপ্রণোদিত হয়ে তিনি দিয়েছেন। এখানে কলকাতায় বসে একটা হীনমন্য অবস্থায় আছেন এবং সমস্ত গেল গেল এই রব তুলে আপনারা আক্রমণ করছেন, কিন্তু যাঁরা অন্যান্য রাজ্যে আছেন তাঁরা এইসব জিনিস যুক্তি দিয়ে দেখছেন। সুতরাং আপনারা যে ধরনের কথা বলছেন যুদ্ধ ঘোষণা ইত্যাদি তা শুনলে লোকে হাসবে। কাশী বাবু বললেন আমরা নাকি ফ্রেট ইকোয়ালাইজেশনের কথা বলি নি একথা আমি বাজেটে বলেছি গতবার এবং তার আগের বারও বলেছি, অনেকে বলেন ডাঃ রায় একজন বিচক্ষণ মুখ্যমন্ত্রী ছিলেন, তাঁর সময়কার একটা কথা বলি ১৯৫৭ সালে টি. টি. কৃষ্ণমাচারী যখন তাঁর আঞ্চলিক গত স্বার্থে কয়লা, এবং ইস্পাতের দাম এক করে দিলেন তখন পশ্চিম বাংলার স্বার্থে ডাঃ রায় এর প্রতিবাদ করেন নি, আমার শ্রদ্ধাভাজন শচীন চৌধুরি তিনি নিজে পয়সা খরচ করে বোম্বে থেকে এসে ডাঃ রায়কে বোঝাতে চেষ্টা করেছিলেন যে এর ফলে পূর্বাঞ্চলের সর্বনাশ হয়ে যাবে এবং আপনি আপনার ব্যক্তিগত প্রভাব জহরলালের উপর দিন যাতে এই জিনিস না করা হয়, কিন্তু তিনি তা করেন নি, আমি সরকারে ঢুকে ৬টি বণিক সভাকে ডেকে বললাম যে ১৯৫৬-৫৭ সালে যখন ফ্রেট ইকয়ালাইজেশন হয়েছিল তখন আপনারা কে কি বলেছিলেন সেটা একটু জানাবেন, ৬ জনের মধ্যে একটি মাত্র চেম্বার ন্যাশনাল চেম্বার অফ কমার্স একটা ছোট চিঠি প্রতিবাদ করে দিয়েছিলেন — বাকি ৫টা কোনও কথাই বলেন নি। কারণ ওঁরা চিরাচরিত একচেটিয়া আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধি। সেইজন্য ওঁদের এতে কিছু যায় আসে না। ওঁরা ভাবেন পশ্চিম বাংলাকে শোষণ করে অন্যত্র গিয়ে ব্যবসা করা যায় তাতে পশ্চিম বাংলার কিছু যায় আসে না, এসব জিনিস একটু আলোচনা করা দরকার। আর একটা জিনিস বলছি সেটা হচ্ছে ভারত সরকারের আমি মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ছিলাম, ইকনমিক সার্ভেতে আমি চুরি করে ঢুকিয়ে দিয়েছিলাম পশ্চিমবঙ্গের কথা। চুরি করার কারণ ওখানে একটা মানসিকতা ছিল পশ্চিমবঙ্গ সম্পর্কে। আমি সেই ১৯৭১ সালে এই কথাটা ঢুকিয়ে দিয়েছিলাম —

About a third of the registered establishments coming under the Companies Act are located in West Bengal; on a rough reckoning, close to a quarter of the aggregate industrial out put of the country emanates from the Eastern States. The continued state of uncertainty in West Bengal, in particular, and in the Eastern region in general, there fore, calls for special examination. The under lying issues holding up the progress in the Eastern States encompass much more than industrial unrest or law and order, industrial investment, and pricing policies pursaed

in the past would also need to be reviewed.

সুতরাং এইগুলি নিয়ে আলোচনা করা দরকার এবং এইগুলি নিয়ে কথা বলতে গেলেই জাতীয় সংহতির কথা উঠে .....

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ বাপুলি, আমি যখন চেয়ারে বসি তখন একটা কনভেনশন করেছি যে একজন মাননীয় সদস্য যখন বক্তব্য রাখেন সেই সময় আমি পয়েন্ট অব অর্ডার শুনব না।

I follow this convention. After the Minister finishes his speech I will allow you to raise your point of order.

আমি আপনার পয়েন্ট অর্ডার পরে শুনব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমি আপনার অ্যাটেনশন ড্র করছি যে, যে পয়েন্টে আমি পয়েন্ট অব অর্ডার রেজ করব সেটা সঙ্গে সঙ্গে বলতে হবে, দিস ইজ দি রুল।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনার কথা আমি বুঝেছি। কিন্তু আমি যখন চেয়ারে থাকি সেই সময়ে আমি একটা কনভেনশন করে দিয়েছি, আপনার নিশ্চয়ই সেটা মনে আছে।

**Shri Satya Ranjan Bapuli :** But, Sir, there is a rule for raising point of order.

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** পয়েন্ট অব অর্ডারের যে রুল আছে সেটা কি একজ্যাক্ট পয়েন্টে থাকে? আপনার কি পয়েন্ট অব অর্ডার আছে বলুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে মাননীয় অর্থমন্ত্রী একটা বই থেকে বলার সময় বললেন আমি চুরি করে এটা ঢুকিয়েছি। উনি যে ঢুকিয়েছিলেন সেটার কি প্রমাণ আছে?

Is there any proof that the Finance Minister has incorporated this thing ? He is misleading the House.

**Mr. Deputy Speaker :** What is your point of order ?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** উনি একটা বই থেকে কোট করলেন এবং সেটা উনি ঢুকিয়ে

দিয়েছেন বললেন। সেটা যে ওনার লেখা বইতে এটা তো নেই। উনি হাউসকে মিসলিড করেছেন ভুল তথ্য দিয়ে।

**Mr. Deputy Speaker :** There is no point of order. Please take your seat.

**ডঃ অশোক মিত্র ঃ** কেন্দ্র রাজ্য সম্পর্কে প্রচুর বলা হল, বলা হবে, দেশের মানুষকে শোনাব, শোনাব শোনাব। কারণ, দেশের মানুষের, সাধারণ মানুষের মরণ বাঁচনের প্রশ্ন এর সঙ্গে জড়িত। মাননীয় সদস্যদের পছন্দ হোক বা না হোক আমরা বলে যাব। তারপর বেকার সম্বন্ধে জনতা দল এবং কংগ্রেস দলের মধ্যে এই ধরনের ঐক্য আছে — (১) এই বাজেট পড়ে নাকি কেউ বুঝতে পারবে না যে বেকার সমস্যা নিয়ে আমরা কি করছি।

[5-50 — 6-00 P.M.]

দুনম্বর কথা বলেছেন, গ্রামের ইম্প্রুভমেন্টের জন্য কিছু করা হচ্ছে না, সমস্ত টাকা আমরা শহরে দিচ্ছি। আমি আপনাদের বলছি সমস্ত জিনিস নিয়ে আমরা আলোচনা করছি কারণ আমাদের যে অর্থনৈতিক সঙ্কট সেটা একটা জাতীয় সঙ্কট।

**Mr. Deputy Speaker :** According to the schedule allocation of time order, the present discussion is to end at 5.52 P. M. But I find that some more time will be required by the Hon'ble Finance Minister. Therefore, under rule 290 of the rules of procedure and conduct of business in the West Bengal Legislative Assembly I seek the sense of the House for extension of time of this business by half an hour.

**(Voices — Yes)**

I hope the House will agree to it. So, the time is extended by half an hour.

**ডঃ অশোক মিত্র ঃ** আমি আপনাদের বলছি এই ব্যাপার নিয়ে কোনও রকম ভ্রান্তি থাকার সম্ভাবনা নেই। গোটা দেশের বেকার সমস্যার সমাধান করবেন এটা বাতুলের প্রস্তাব। এটা শুধু এই রাজ্যের সমস্যা নয় বা অন্য একটা প্রদেশের সমস্যা নয়, এটা গোটা দেশের সমস্যা। তবে আমরা মনে করি এই যে কাঠামো রয়েছে তাকে ভেঙ্গে চুরে ফেলতে না পারলে এই দেশের সঙ্কটের সমাধান সম্ভব নয়। তবে যে অবস্থার মধ্যে আমরা রয়েছি তার মধ্যে দাঁড়িয়ে আমরা কি করতে পারি সেটা আমাদের দেখতে হবে। আমরা একটু বাড়তি টাকা হাতে পেলে শিল্পকে নূতন করে বিন্যাস করব, ছোট এবং বড় শিল্পকে নূতন করে বিন্যাস করব। আমরা কিছু টাকা হাতে পেলে সেটা গ্রামে পৌছে দেব, গ্রামের সাধারণ মানুষ, বর্গাদার, ছোট চাষী, মাঝারি চাষীর হাতে পৌছে দেব যাতে করে তাদের প্রচেষ্টায় ছোট ছোট

সেচ প্রকল্প, রাস্তাঘাট ইত্যাদি হতে পারে। এতে উৎপাদন বাড়বে এবং কর্মসংস্থানের সুযোগ হবে এবং গ্রামের মানুষ গ্রামের সাধারণ মানুষ একটু বেশি টাকা খরচ করতে পারবে। বেকার সমস্যার সমাধান হবার ব্যাপারে আমরা বলেছি আঞ্চলিক বৈষম্য ঘোচানো যায় না। তবে আমরা প্রত্যেক জেলায় ছোট এবং মাঝারি শিল্প গঠনের চেষ্টা করব একথা আপনাদের বলতে পারি। আর একটা কথা আপনাদের জানাচ্ছি, আমরা সরকারি উদ্যোগে বড় বড় ঠিকাদারদের জমানা শেষ করবার চেষ্টা করছি এবং আমরা তাদের উপর কর বসিয়েছি। যারা নিজেদের উপর নির্ভর করে ব্যবসা করতে চান তারা গভর্নমেন্টের কাছ থেকে সুযোগ পাবে। টেন্ডার কমিটি করা হয়েছে এবং টেন্ডার সিস্টেমকে আমরা পাল্টাচ্ছি এবং আমরা দেখছি সাধারণ মানুষের জন্য একটু বাড়তি ব্যবস্থা করা যায় কিনা। আগে ছিল ১০/১৫ পারসেন্ট একজনকে দিতে হত সেলফ এমপ্লয়মেন্ট স্কীম-এ। কিন্তু একজন বাঙালির ছেলের পক্ষে ১৫/২০ হাজার টাকা জমা করা সম্ভব হত না। আমরা সেখানে বলেছি শতকরা ৫ ভাগ প্রার্থীরা দেবেন এবং শতকরা ২০ ভাগ পর্যন্ত আমরা দেব। অর্থাৎ আমরা একটু একটু চেষ্টা করছি। তবে একথা বলছি যে, দায়িত্ব নেবার সাহস নেই, ক্ষমতা নেই। আমরা আশা করছি ১০ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারব ১৯৭৯/৮০ সালে এবং আগামী বছর আরও লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারব। ১৯৭৩ সালে পরিকল্পনা খাতে খরচ হয়েছিল ২৩২ কোটি টাকা। ১৯৭৭/৭৮ সালে ওঁরা রেখে যান ২৪৫ কোটি টাকা এবং আমরা সেটা বাড়িয়ে করেছি ৩১৭ কোটি টাকা।

আগামী বছরের জন্য আমরা ৫৩১ কোটি টাকা দিচ্ছি। কেন দিচ্ছি, কারণ, আমরা দাবি করি এর বেশির ভাগ টাকা যাবে গ্রামাঞ্চলে নানা খাতে এবং আমরা এটাও দাবি করি আজকে থেকে ২/৩ বছর আগের অবস্থার সঙ্গে যদি তুলনা করেন তাহলে দেখবেন গ্রামাঞ্চলে অন্ততঃ এ বছর দুশো কোটি থেকে ২৫০ কোটি টাকা পৌঁছাবে। পশ্চিম বাংলার গ্রামের লোক এর আগে এত টাকা দেখেন নি এবং বিশেষ করে তার প্রমাণ পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে আমরা দেখেছি এবং পঞ্চায়েতের মাধ্যমে এর কিছুটা ফল পাবেন। আপনাদের এতেই উষ্মা, কারণ হল গুণগত কিছু পরিবর্তন হয়েছে — গ্রামাঞ্চলে ২/৩/৪ গুণ টাকা পৌঁচ্ছাছে। আগে পৌঁছাত জোতদার, মহাজনদের হাতে কিন্তু এখন পৌঁচ্ছাছে না। যাদের আপনারা ছোট লোক বলেন তাদের হাতে গিয়ে পৌঁচ্ছাছে। তারা আমাদের ভাই। আমি খবরের কাগজে দেখেছি, আপনারা নালিশ তুলেছেন এই বলে বামফ্রন্ট সরকার ছোট লোকদের লাই দিচ্ছে, মাথায় তুলে নাচ্ছে এই সাধারণ মানুষদের নিয়ে .....

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, উনি গ্রামের মানুষদের ছোট লোক বলছেন, তারা ছোট লোক নয়, অশোক বাবুর চেয়ে ভদ্রলোক।

**(তুমুল হট্টগোল)**

**ডঃ অশোক মিত্র ঃ** আমি বলি নি, আপনারা বলেছেন। খবরের কাগজে এই খবর বেরিয়েছে আপনারা তার প্রতিবাদ করেন নি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** কারও উদ্দেশ্যে তিনি কিছু বলেন নি। আপনারা বসুন, মিঃ বাপুলি, ইউ টেক ইয়োর সিট। উনি কি বলছেন সেটা আমি শুনেছি। কারও দিকে কোনও উদ্দেশ্য করে তিনি বলেন নি, উনি এটা জেনারেল ডিসকাশনে বলেছেন। এটা ঠিক নয়। মিঃ বাপুলি, আপনি বসুন, প্লিজ টেক ইয়োর সিট।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বক্তৃতা দেবার সময় বললেন, আমরা, যারা ছোট লোক আপনারা বলতেন তাদের কাছে আমরা টাকা পৌঁছে দিচ্ছি। উনি যেটা বলছেন সেটা আমরা কখনও বলি নি। উনি দিল্লিতে থাকতেন, উনিই ওদের ছোট লোক বলে জানেন, আমরা তাদের ছোট লোক বলে মনে করি না। আমরা গ্রাম বাংলার লোক। উনি ছোট লোক বলে তাদের জানতেন, দিল্লিতে থাকতেন .....

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ওরকম কথা বলবেন না, উনি সে রকম কথা বলেন নি।

[6-00 — 6-10 P.M.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি অ্যাটেনটিভলি ওনার স্পিচটা শুনেছি। ওনার স্পিচে কোনওরকম অ্যাসপারশন নেই। আপনারা এরকম করবেন না। সুনীতি বাবু আপনি বসুন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, ওঁকে ওটা উইথড্র করতে হবে।

**Mr. Deputy Speaker :** No, no question of withdrawal. His expression is not unparliamentary at all. Please take your seat. Dr. Mitra, you go on.

(গোলমাল)

**ডঃ অশোক মিত্র ঃ** তারপর অন্য যে প্রশ্ন উঠেছে, যে ঘাটতি বাজেট, সেই ঘাটতি বাজেট প্রসঙ্গে .....

(গোলমাল)

**Mr. Deputy Speaker ·** Mr. Bapuli, please take your seat. You are to maintain the decorum of the House. When I am on my legs you must take your seat. I have allowed the Finance Minister to speak but even then you are interrupting the debate. It is very strange.

**(Shri Suniti Chattaraj, Shri Satya Ranjan Bapuli and**

**several other members of the Opposition Benches voices to speak simultaneously — Noise and interruptions)**

আমি যেটুকু বাংলা বুঝতে পারি তাতে আমি এইটুকু বুঝেছি যে ছোট লোক মানে — It does not mean any person, it means the poor class.

**(Voices : No, no, he must withdraw)**

**ডাঃ অশোক মিত্র ঃ** কাগজে বেরিয়েছে, আপনারা প্রতিবাদপত্র দেন না কেন। আপনাদের নামে কাগজে বেরিয়েছে, ১০ দিন আগে, আপনারা দেখেন নি?

**(গোলমাল)**

আমার বক্তব্যটা শুনুন, আমি বলছি যে আপনাদের সম্পর্কে .....

**(গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ বাপুলি, আপনি আমার চেয়ে বেশি বাংলা জানেন, বেশি বাংলা বোঝেন। আপনি ওনার পুরো সেনটেন্সটা দেখবেন, আপনি বুঝতে পারবেন যে ছোট লোক means the poor class.

(Noise and interruptions)

**(গোলমাল)**

I am here to decide. I know that his utterance is not in that sense which you people understand. Mr. Bapuli, during the speech I cannot allow you to interrupt any more. Please take your seat.

**ডঃ অশোক মিত্র ঃ** এই ব্যাপারে

..... **(গোলমাল)** .....

আমি বলি নি, আপনারা বলেছেন .....

**(Noise)**

**Mr. Deputy Speaker :** Mr. Bapuli, I am here to decide .....

**(Noise and interruptions)**

**শ্রী অশোক বসু ঃ** স্যার, আপনি বহুবার রুলিং দিয়েছেন, তবু ওঁরা গোলমাল করছেন, আপনি ওঁদের তাড়িয়ে দিন যদি আপনার কথা না শোনে।

**(তুমুল গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নো মোর ডিস্কাশন, আই কান্ট অ্যালাউ দিস।

**শ্রী অশোক বসু ঃ** আপনি অনেকবার রুলিং দিয়েছেন। .....

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্লিজ টেক ইয়োর সীট।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কথাতে বিরোধী পক্ষ ব্যথিত হন এটা আমার অভিপ্রেত নয়। আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি, তাঁদের নাম নিয়ে এই ধরনের একটি মন্তব্য একটা খবরের কাগজে ছাপা হয়েছে ১০/১২ দিন আগে, এখনও পর্যন্ত তাঁদের দিক থেকে কোনও প্রতিবাদ আমি দেখি নি। সুতরাং বলছি তাঁরা যদি মনে করেন যে এই ধরনের কথা, তাঁদের তরফ থেকে কেউ বলেন নি, আমি অনুরোধ করব এই কথার প্রতিবাদে ঐ পত্রিকার কাছে .....

(**বিরোধী পক্ষের জনৈক সদস্য ঃ** কোন কাগজ?)

আনন্দবাজার পত্রিকা, বরুণ সেনগুপ্ত, তাঁর কাছে লিখে পাঠিয়ে দেবেন। আপনাদের নাম করে বলেছেন .....

**(গোলমাল)**

**(শ্রী সুনীতি চট্টরাজ এখানে কিছু বলতে উঠলেন)**

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আফটার ইয়োর রুলিং যদি সেই রুলিং ওঁরা ভাইওলেট করতে থাকেন, তাহলে বিরোধী দলকে একথা বুঝিয়ে দিতে হবে যে ইউ আর সুপ্রীম ইন দি হাউস।

**Mr. Deputy Speaker :** I am looking into the matter. Please take your seat.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** যেহেতু এই হাউসে শ্রী অমলেন্দ্র রায় বললেন যে এদের বার করে দিন, আমার কথা হচ্ছে যদি তিনি এই কথা উইথড্র না করেন, আমরা শুনব না, আমরা চলে যাব।

**Mr. Deputy Speaker :** I am not a man to be dictated. Please take your seat.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, এই কথাটা উইথড্র করতে বলুন,

... **(নয়েজ)** ...

কথাটা উইথড্র করতে হবে,

... **(নয়েজ)** ...

গ্রামের লোক ছোট লোক নয়।

... (নয়েজ) ...

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** স্যার, আমি দেখছি কোনও একটা বিষয় নিয়ে হাউসে তুমুল হুজ্জতি হচ্ছে। আপনি রুলিং দিয়েছেন। মাননীয় অর্থমন্ত্রী উনার এক্সপ্রেশন দিয়েছেন। এর বিরুদ্ধে আর বেশি আলোচনা চলতে পারে না। কিন্তু কয়েকজন মাননীয় বিরোধী সদস্য ইচ্ছাকৃত ভাবে যদি হাউসের প্রসিডিংস চালাতে বাধা দেন, তাহলে আমার যতদূর মনে হয় সে সম্পর্কে যে রুল আছে, এটাতে নজির আছে, তাঁদের অধিকার নাই এইভাবে প্রসিডিওর অব বিজিনেসে বাধা দেবার, এই যদি ওঁরা করতে থাকেন, আপনার যে ক্ষমতা আছে, সেই ক্ষমতা — প্রয়োগ করে, সুষ্ঠু ভাবে যাতে হাউস চালানো সম্ভব হয়, আপনি সেই চেষ্টা করুন।

[6-10 — 6-20 P.M.]

**Dr. Zainal Abedin :** I rise on a point of order, Sir.

আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি রুল ৩২৮ এর প্রতি, আপনি দেখুন। আপনি নিজে শুনেছেন, আপনি ব্যাখ্যা দিয়েছেন। আজকে মাননীয় অর্থমন্ত্রী যে বক্তব্য রেখেছেন তার একটা ব্যাখ্যা আপনি দেওয়ার চেষ্টা করেছেন যে ছোট লোক মানে উনি গরিব মিন করতে চেষ্টা করেছেন এবং উনি নিজে বলেছেন যে আমি তা মিন করি নি। কাগজে উনি দেখেছেন, আনন্দবাজার কাগজে নাকি বরুণ সেনগুপ্ত কি মিন করেছেন সেইটাই বিরোধী দলের মুখে উনি আরোপ করার চেষ্টা করেছেন।

He cannot use such word. Under rule 328, sub-rule (vii) he cannot use such word. If he still insists on it we have no other alternative but to boycott the House.

আপনি যে ব্যাখ্যা দিয়েছেন উনি তা গ্রহণ করেন নি। উনি অন্য রকম বলেছেন।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি মনে করি উনি আন পার্লিয়ামেন্টারি বলেন নি। এটা ঠিক নয়। হাউস চলতে দিন। ফাইন্যান্স মিনিস্টারের সব কথা আমি পুরো শুনেছি। কোনও ব্যাড ইনটেনশন নেই, আন পার্লিয়ামেন্টারি কথা নেই। ডঃ মিত্র বলুন।

(তুমুল গোলমাল)

**ডঃ অশোক মিত্র ঃ** ঘাটতি বাজেট সম্বন্ধে অনেক কথা হয়েছে। এখন আমার তো

একটু লজ্জাই করছে। কারণ চরণ সিং মশাই .....

**(জনৈক কংগ্রেস (এস) দলের সদস্য :** আপনার লজ্জা নেই। লজ্জা থাকলে প্রত্যাহার করতেন।)

আপনারা বলেছেন, আমি বলি নি। আপনারা আমাদের দেশের গরিবদের অপমান করেছেন। এখন দেখুন এই বছর তেরোশো কোটি টাকার উপর ঘাটতি বাজেট হয়েছে, আগামী বছরের জন্য ওদের পৌনে দুশো কোটি টাকার ঘাটতি বাজেটের পরিমাণ করা হয়েছে। সুতরাং, আমি বারবার করে বলেছি, যতক্ষণ কেন্দ্র রাজ্য সম্পর্কের পরিবর্তন না হচ্ছে ততক্ষণ গরিবদের জন্য আমরা টাকা খরচ করে যাব এবং তার জন্য যদি ঘাটতি করতে হয় ঘাটতি করব। এটা বারবার বলেছি, কেন্দ্রীয় সরকারকে আবার বলব। কর প্রসঙ্গে মাননীয় বিরোধী দলের সদস্যরা ইচ্ছাকৃত ভাবে দু-এক জায়গায় অসত্য উক্তি করেছেন যে আমি কর বাড়িয়েছি। প্রথম কথা বিক্রয় কর বাড়ে নি। যারা বলেন বিক্রয় কর বাড়ানো হয়েছে তারা ভুল বলছেন। তার কারণ, আমি কি করেছি। সারচার্জ তুলে দেওয়া হয়েছে, অ্যাডিশনাল সারচার্জ তুলে দেওয়া হয়েছে। তা থেকে শতকরা পয়েন্টটা বাড়িয়ে দিয়েছি শতকরা এক ভাগ আমাদের যাতে ক্ষতি না হয়। সুতরাং সারচার্জ, অ্যাডিশনাল সারচার্জ অ্যাডমিনিস্ট্রেটিভ কারণে তুলে দেওয়া হয়েছে। সাত থেকে আট হয়েছে — এক নম্বর। দু' নম্বর ওঁরা বলেছেন, গাঁজা, ভাঙ ইত্যাদির উপর কর তুলে দেওয়া হয়েছে। শতকরা ২১ ভাগ কর বাড়ানো হয়েছে। বাজেটে লেখা আছে যে কর বাড়ানো হবে। তিন নম্বর যে কর ধরা হয়েছে ঠিকাদারদের উপর কর কিংবা বড় ডিলারদের উপর কর আমরা লিখে দিয়েছি সামনেই দামের সঙ্গে যোগ করা চলবে না। উড়িষ্যা হাইকোর্ট, তামিলনাড়ু হাইকোর্টের এই রকম বিধান আছে।

আমি একটু আগে বলেছি যে বড় ঠিকাদারদের উপর আমরা কর বসিয়েছি। এখন এটা যদি আপনাদের পছন্দ না হয় তাহলে আমরা নাচার। তার পর অপসংস্কৃতি দূরীকরণের ব্যাপারে আপনারা বলেছেন যে ক্যাবারের ব্যাপারটা আপনারা তুলে দিলেন না কেন? আমরা তা পারি না সংবিধানের ১৪ নং ধারা ১৯ বি ধারাতে আছে যে আমরা কারও বৃত্তি কেড়ে নিতে পারি না। যা আইন আছে তাতে আমরা অশ্লীলতা আটকাতে পারি আমরা কর চাপাতে পারি। ঐ বৃত্তি আমাদের পছন্দ নয় তাই কর চাপাব এবং কর চাপানোও হয়েছে। তার পর ঘোড়দৌড় ব্যাপারে যে কথা বলেছেন। আমরা এই প্রথম ৩০ বছরে কংগ্রেস যা করে নি আমরা করেছি। এই কলকাতা শহরে ঘোড়দৌড়ের উপর সরকারের কোনও রকম অধিকার ছিল না। কত টাকা চুরি হচ্ছে কোথায় টাকা যাচ্ছে এ সব কিছুই জানার ব্যবস্থা ছিল না। এটা আমরা এবার করে দিয়েছি এক ধরনের টিকিট বিক্রির ব্যবস্থা — দেখা যাক কোথায় গিয়ে পৌঁছায়। আমরা বৃত্তির উপর প্রফেশন্যাল কর বসিয়েছি। কাশীকান্ত বাবু বলেছেন এটা সংবিধান বৈধ কিনা তাতে ওনার সন্দেহ আছে। সংবিধানের ২৭৬ ধারাটা পড়ে দেখবেন এবং এটা ২৭৬ ধারা অনুযায়ী হয়েছে এবং সেখানে পরিষ্কার নির্দেশ দেওয়া হয়েছে। সুতরাং এই ব্যাপারে কোনও রকম মতদ্বৈত থাকার কারণ নেই। সংবিধানে বলেছে এই

ধরনের কর বসানো যেতে পারে। অন্য আর একজন বলেছেন দুটি মিউনিসিপ্যালিটি কর বসিয়েছেন আবার আর একটা কর বসাচ্ছেন এটা বৈধ কিনা। হ্যাঁ এটা বৈধ — পাঞ্জাব হাইকোর্টের এবং সুপ্রীম কোর্টের রায়ে আছে যে এই দুই ধরনের কর বসানো যেতে পারে অতএব কর বসানো হয়েছে। আর আমরা এটা প্রথম বসাচ্ছি না। গুজরাটে জনতা পার্টি সরকারে আছেন সেখানে এই কর আছে, মহারাষ্ট্রে জনতা পার্টি এবং কংগ্রেস দলের যুক্ত সরকার আছে সেখানেও এই কর আছে। বিশ্বনাথ বাবু বলে গেলেন কিন্তু বিশ্বনাথ বাবুর মুখ্যমন্ত্রী যেখানে আছেন ঐ কেরালাতেও এই কর বহু বছর ধরে আছে এবং আমরা করের যে মাত্রা ধার্য করেছি তা অন্যান্য রাষ্ট্রের তুলনায় কম। মহারাষ্ট্রে ৪০০ টাকা থেকে কর ধার্য করা হয়েছে ৪০০ টাকা থেকে ৫০০ টাকার মধ্যে ২ টাকা কর দিতে হয় ৫০০ থেকে ৬০০ টাকার মধ্যে ৪ টাকা দিতে হয় ৬০০ থেকে ৭০০ টাকায় ৮ টাকা কর দিতে হয়। সুতরাং এখানে করের মাত্রা অনেক কম এবং আজকে আমি আবেদন করব এই কর দেবার জন্য। আজকে পশ্চিম বাংলায় ৫০০ টাকার নিচে মাসিক আয় এর লোক সংখ্যা হচ্ছে শতকরা ৮৫ থেকে ৯০ জন। তাই আমি তাঁদের অনুরোধ করব আসুন এই টাকায় গ্রামে আমরা কিছু বাড়তি টাকা পৌছে দিই। আপনাদের কাছে আবেদন করব মাসিক দু' টাকা ধরে দিন যাতে আমরা গ্রামে আরও একটু বাড়তি টাকা পৌছে দিতে পারি। আমার এই আবেদনে সাড়া আসবে এই বিশ্বাস আমার আছে। এখানে বার বার একটি কথা বলতে চাই যে আমরা কেন্দ্রীয় হারে সরকারি কর্মচারিদের মহার্ঘ ভাতা দিয়েছি। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা মনে করেছি যে শিক্ষক এবং শিক্ষা কর্মীদের জন্যও কিছু করতে হবে। ইন্দিরা গান্ধীর পতনের পর তিন বার আমরা শিক্ষক এবং শিক্ষা কর্মীদের বেতন বৃদ্ধি করেছি। দু' বছর আগে তারা যা পেত এখন তারা গড়ে ১০০ টাকা করে বেশি পাচ্ছে। এতে আমরা সন্তুষ্ট নই। এবার আমরা তাদের ধরে দিয়েছি। কেন্দ্রীয় হারে ভাতা পাবার ব্যাপারে সরকারি কর্মচারিরা যে স্তরে যত টাকা বাড়তি পেয়েছে সেই স্তরে শিক্ষক ও শিক্ষা কর্মীদের ততটুকু টাকা প্রতিটি স্তরে তারা পাবেন। কিন্তু তাতেও আমরা সন্তুষ্ট নই। আমরা আরও দেব। গত ৩০ বছরে কংগ্রেস যা দেয় নি আগামী তিন বছরে আমরা তা পুরোপুরি পূরণ করে দেব। কারণ ওঁদের জীবিকার হার কংগ্রেস যে স্তরে নিয়ে গিয়েছে সেটা খুবই লজ্জাকর। আজকে স্বাধীনতার ৩০/৩২ বছর পরেও তাদের এই অবস্থা। নিশ্চয় স্বীকার করবেন যে এই ৩০/৩২ বছরের বকেয়া এখনই দেওয়া সম্ভব নয় তবে আমরা নিশ্চয় চেষ্টা করব। আমরা বেতন কমিশনের রায়ের জন্য অপেক্ষা করছি রায় বেরুলে আমরা আরও বাড়তি ব্যবস্থা করব।

[6-20 — 6-28 P.M.]

**মিঃ ডেপুটি স্পিকার :** এই ডিসকাশনের জন্য আধ ঘন্টা টাইম বাড়ানো হয়েছিল, কিন্তু ১৫ মিনিট হাউসে গোলমাল হওয়ার জন্য এটা কমপ্লিট হচ্ছে না। ৬-২০ মিঃ এর টাইম শেষ হয়ে যাচ্ছে। তাই আমি হাউসের টাইম আরও ১৫ মিনিটের জন্য বাড়িয়ে দিতে চাই সংশ্লিষ্ট নিয়ম অনুযায়ী। আমার মনে হয় হাউস এটা এগ্রি করবে। অতএব আরও ১৫ মিনিটের জন্য টাইম বাড়িয়ে দেওয়া হল।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাষ্ট্রীয় সংস্থা সম্পর্কে অনেক অনেক মূল্যবান কথা বলেছেন। ঘাটতি হচ্ছে এবং আমরা এই বিষয়ে খুব সচেতন আছি। এই ঘাটতি হওয়া উচিত নয়। আমরা বিশেষজ্ঞ কমিটি বসিয়েছি কি করে এই ঘাটতি কমানো যায়। কিন্তু ১৭ হাজার কর্মীকে বিদ্যুৎ পর্ষদে ঢোকানো হয়েছে, তারা কাজ কর্ম কিছুই করছেন না। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে ৫/৬ হাজার কর্মীকে রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থায় ঢোকানো হয়েছিল। যাই হোক, আমি আর এই বিতর্কের মধ্যে যেতে চাই না। কিন্তু এই সব কথা দেখে শুনে তারপর ব্যবহার করবেন। আমরা বলছি খরচ কমে যাবে, উপার্জন বাড়বে, লাভের মুখ যাতে দেখতে পারা যায় সেই ব্যবস্থা করা হচ্ছে। আমরা বাড়তি যতটুকু লাভ করতে পারব ততটুকুই এখানে ঢালতে পারব। কিন্তু আমি একটি কথা না বলে পারছি না, কেন না কেন্দ্রীয় বাজেটে যা উপস্থিত করা হয়েছে সেই ব্যাপারে আমি জানি এখানে প্রত্যেকেরই একটা শ্রেণী চরিত্র আছে, আমাদেরও আছে। আমরা গরিব মানুষের পক্ষে হয়ত কেন্দ্রীয় নেতৃত্বের মধ্যেও আছে এবং তাঁরা হয়ত গ্রামের একটা বিশেষ শ্রেণীর স্বার্থে এবং খানিকটা সুবিধা দিয়েছেন সে বিষয়ে আমাদের যা বলবার সেটা আমরা রাজনৈতিক পটভূমিতে বলব। কিন্তু পশ্চিম বাংলার জনজীবনে কয়েকটি বিশেষ সিদ্ধান্তে বিপর্যয় আনবে, সেই সম্পর্কে আমাদের কিছু বলতে হয়। ডিজেল, দেশলাই, কেরোসিন তেলের উপর দাম বাড়ছে। তারপরে পেট্রোলের উপর দাম বাড়ছে। পরিবহন ব্যবস্থা, ট্যাক্সি পরিবহন ব্যবস্থায় কি উপায় হবে? আমি অন্য কোনও প্রসঙ্গে যেতে চাচ্ছি না। সুতরাং আমরা রাজ্য সরকারের তরফ থেকে অত্যন্ত বিনীত ভাবে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে এই আবেদন রাখব যে আর একবার অন্তত ৩/৪টি বিষয় সম্বন্ধে বিবেচনা করুন — এটা আমরা লিখিত ভাবেও দেব।

(**ভয়েস ঃ শ্রী সন্দীপ দাস ঃ** দেশলাইকে ধরছেন কেন?)

সন্দীপ বাবু যখন রাগ করছেন তখন দেশলাইটাকে আমি ছেড়ে দিচ্ছি। আমরা লিখিত ভাবে কেরোসিন, ডিজেল, পেট্রোলের বিষয়টি বিবেচনার জন্য দেব — আমরা যখন এই আবেদন কেন্দ্রীয় মন্ত্রীর কাছে রাখব তখন নিশ্চয় সভার সকলেই এই বিষয়ে সমর্থন থাকবে। আমি শুধু আর একটি মাত্র অনুরোধ করব যে আমরা অনেক কিছু করবার চেষ্টা করছি। পশ্চিম বাংলায় আমরা একটা নূতন প্রচেষ্টা শুরু করেছি। দুটি জায়গায় ধাক্কা পড়েছে — গ্রামাঞ্চলে, আর কেন্দ্র রাজ্য সম্পর্কের বিষয় — প্রধান গ্রামের ধাক্কাটাই চোখে পড়েছে। এই সম্বন্ধে আমরা গর্বিত। পঞ্চায়েতের যে নেতৃত্ব সেই নেতৃত্ব সম্বন্ধে আমরা গর্বিত। কারণ আমরা বিশ্বাস করি এত বড় একটা সামাজিক পরীক্ষা এর আগে গোটা ভারতবর্ষে আর হয় নি। আমরা গ্রামে আরও টাকা দেব, সাধারণ মানুষের জন্য আরও টাকা দেব, গরিব মানুষের জন্য আরও টাকা দেব, ক্ষেত-মজুরদের আরও টাকা দেব, ছোট চাষীদের আরও টাকা দেব, বর্গাদার, গরিব শিক্ষকদের আরও টাকা দেব এবং এদের সহায়তায় পঞ্চায়েতের নেতৃত্বে আমরা দেশের বর্তমান কাঠামোর মধ্যে যতটুকু উন্নতি করা সম্ভব, সেই উন্নতির মুখে নিয়ে যাব এই বিশ্বাস রাখি — নমস্কার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, আপনাদের আমি কয়েকটি কথা বলতে

চাই। আপনারা জানেন, গত ৭ তারিখ থেকে এই বাজেট অধিবেশন চলছে এবং আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর পেশ করা বাজেটের উপর সাধারণ আলোচনার জবাব শেষ করলেন, এর পর দফাওয়ারী আলোচনা আরম্ভ হবে। মাননীয় সদস্যগণ, আমি ৪ তারিখে ইন্ডিয়া থেকে বাইরে যাচ্ছি — লন্ডনে টোয়েন্টি এইটথ কমওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সে যোগদান করার জন্য আপনাদের সকলের সহযোগিতা নিয়েই আমি সেখানে যাচ্ছি। ২৪ তারিখ পর্যন্ত সেখানে কনফারেন্স হবে। ৫ তারিখ থেকে ২৪ তারিখ পর্যন্ত আমি লন্ডনে থাকব তারপর ফ্রান্স, সৌদি আরব, মক্কা মদিনা হয়ে আবার এখানে এসে উপস্থিত হব। আমি আশা করি, বাজেট যে সময় চলবে সেই সময়েই আমি এসে যাব। বাজেটের শেষ দিনে যে খাওয়া হয় আপনারা প্রার্থনা করুন যেন আমি এসে তাতে যোগদান করতে পারি।

**Shri Satya Ranjan Bapuli :** Sir, we hope for your safe landing.

## ADJOURNMENT

The House was then adjourned at 6.28 P.M. till 1 P.M. on Monday, the 5th March, 1979 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 5th March 1979 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 9 Ministers, 1 Ministers of State and 140 Members.

**Held over Starred Questions**
**(to which written answers were laid on the Table)**

[1-00—1-10 P.M.]

**রামপুরহাটে টিউটোরিয়াল হোমের অবৈধ কার্যকলাপ**

***১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট শহরের 'জ্ঞানতীর্থ' নামে একটি টিউটোরিয়াল হোম স্থানীয় মাধ্যমিক বিদ্যালয়সমূহের বাৎসরিক পরীক্ষার ফলাফল ও ছাত্রছাত্রীদের পরবর্তী শ্রেণীতে উন্নয়নের ব্যাপারে অন্যায় প্রভাব বিস্তার করিয়া থাকে;

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিকারের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণের কথা ভাবিতেছেন কি; এবং

(গ) ভাবিয়া থাকিলে, কি ধরনের ব্যবস্থা গৃহীত হইবে?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ রকম কোনও তথ্য সরকারের জানা নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা সীমিত হওয়ার ফলে রামপুরহাটের ছাত্রদের শিক্ষালাভের অসুবিধা**

***২১।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র সংখ্যা অনধিক ৭৫০ জনের মধ্যে

সীমাবদ্ধ রাখার বিধানের ফলে রামপুরহাট শহর ও পার্শ্ববর্তী অঞ্চলের বহু ছাত্রছাত্রী রামপুরহাট শহরে তিনটি মাধ্যমিক (২টি বালক ও ১টি বালিকা) বিদ্যালয় থাকা সত্ত্বেও শিক্ষালাভের সুযোগ পর্যন্ত পাইতেছে না; এবং

(খ) সত্য হইলে, রামপুরহাটের উক্ত তিনটি মাধ্যমিক বিদ্যালয়কে ছাত্রসংখ্যার ঊর্ধ্বসীমা হইতে অব্যাহতি দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

**শিক্ষা (প্রাথমিক মাধ্যমিক এবং গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ ধরনের কোনও বাধ্যবাধকতা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## Starred Questions
## (to which oral answers were given)

[1-00—1-10 P.M.]

### নদীয়া জেলার বগুলা শ্রীকৃষ্ণ কলেজের ম্যানেজিং কমিটি পুনর্গঠন

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয় জেলার বগুলা শ্রীকৃষ্ণ কলেজের (গভর্নমেন্ট স্পনসর্ড) "ম্যানেজিং কমিটি" পুনর্গঠনের কারণ কি;

(খ) পূর্বতন কমিটির বিরুদ্ধে কি কোনও অভিযোগ ছিল; এবং

(গ) থাকলে তা কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) স্পনসর্ড কলেজের পরিচালক সমিতির গঠন ভবিষ্যতে কিরূপ হইবে তাহা নির্ধারণ সাপেক্ষে পুরাতন পরিচালক সমিতিগুলি বাতিল করিয়া জেলা শাসক অথবা মহকুমা শাসক অথবা একজন শিক্ষাবিদকে পরিচালক সমিতির কার্যভার অর্পণ করা হইয়াছিল। পরিচালক সমিতির গঠন কিরূপ হইবে তাহা নির্ধারিত হওয়াতে অন্যান্য স্পনসর্ড কলেজের সহিত বগুলা শ্রীকৃষ্ণ কলেজের পরিচালক সমিতিও পুনর্গঠিত করিয়া আদেশ দেওয়া হইয়াছে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে প্রশাসক কাকে নিযুক্ত করা হয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** প্রশাসক নিযুক্ত ছিলেন কিন্তু নতুনভাবে আমরা পরিচালনা সমিতি গঠন করার পরে প্রশাসক এখন নেই। সেখানে এখন নতুন পরিচালনা সমিতি কার্যভার গ্রহণ করেছেন।

## মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে পরিদর্শক প্রেরণের নীতি

***২০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৩।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক এবং গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোন কোন অনুমোদন প্রার্থী উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে পরিদর্শক প্রেরণ করা হইবে, তাহা কিভাবে ও কোন নীতির ভিত্তিতে বাছাই করা হইয়া থাকে?

**শ্রী পার্থ দে ঃ** কয়েকটি সাধারণ নীতির ভিত্তিতে পরিদর্শনের জন্য বিদ্যালয় বাছাই করা হয়। যেমন

১) আঞ্চলিক প্রয়োজন।

২) বিদ্যালয় স্থাপনের তারিখ অপেক্ষাকৃত পুরাতন বিদ্যালয় অগ্রাধিকার পাইয়া থাকে।

৩) শিক্ষায় অনগ্রসর আদিবাসী তফসিলি জাতি অধ্যুষিত অঞ্চল ও পার্বত্য অঞ্চলের বিদ্যালয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হয়।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে পরিদর্শক দল আপনারা পাঠিয়েছেন তাতে কোন কোন ব্যক্তি সেই পরিচালক মণ্ডলীতে সংযুক্ত আছে এবং কিভাবে?

**শ্রী পার্থ দে ঃ** কোন কোন ব্যক্তি বলতে পারব না। তবে পরিদর্শকের যে দল গঠন করা হয়েছে সেটা গঠন হিসাবে আমি বলে দিচ্ছি। প্রতি জেলায় নিম্নলিখিত সভ্য লইয়া পরিদর্শক দল গঠিত হয়েছে—

(১) জেলার শিক্ষা পরিদর্শক মাধ্যমিক, আহ্বায়ক।

(২) মধ্যশিক্ষা পর্ষদের মনোনীত একজন সদস্য।

(৩) মাদ্রাসা এডুকেশন বোর্ডের মনোনীত একজন সদস্য এবং

(৪) পশ্চিমবঙ্গ সরকারের মনোনীত একজন সদস্য।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই পশ্চিমবঙ্গে কটা উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে, এবং কটাকে অনুমোদন দেওয়ার জন্য ব্যবস্থা করা হয়েছে?

**শ্রী পার্থ দে ঃ** নোটিশ দিন জানিয়ে দেব। তবে এইটুকু বলতে পারি সব জেলাতেই পরিদর্শন করা হয়েছে। নির্দিষ্ট কোনও প্রশ্ন থাকলে নোটিশ দেবেন জানিয়ে দেব।

**শ্রী সন্দীপ দাস ঃ** সমস্ত শিক্ষক প্রতিষ্ঠানের প্রতিনিধি কি পরিদর্শক দলে রাখা হয়?

**শ্রী পার্থ দে ঃ** পরিদর্শক দলে শিক্ষক সংগঠনের প্রতিনিধি রাখার কোনও প্রশ্ন

কোনওদিন ছিল না, আজকেও নেই।

**শ্রী বিমলকান্তি বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কি জানা আছে—যে গাইড লাইন ঠিক করে দেওয়া হয়েছে স্কুল পরিদর্শনের ব্যাপারে, সেটা কুচবিহার জেলায় মানা হচ্ছে না ওল্ড স্কুল এবং স্কুল ইন অনস্কুল্ড এরিয়া পার্টিকুলার?

**শ্রী পার্থ দে ঃ** এই সম্পর্কে আমি কোনও অভিযোগ পাইনি, অভিযোগ পেলে দেখব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, তিনি বললেন যে মাধ্যমিক বোর্ড অব এডুকেশন থেকে একজন মনোনীত ব্যক্তি থাকবেন ঐ পরিদর্শক মণ্ডলীতে। সেকেন্ডারি এডুকেশন তো এখন সুপারসিডেড এবং অ্যাডমিনিস্ট্রেটার নিযুক্ত আছেন, তাহলে কি অ্যাডমিনিস্ট্রেটারের মনোনীত একজন এই পরিদর্শক মণ্ডলীতে আসবেন?

**শ্রী পার্থ দে ঃ** বোর্ডের পরিচালন ব্যবস্থা আইনানুগভাবে প্রতিষ্ঠিত আছে, বোর্ড থেকে যে নমিনিকে পাঠানো হবে, তিনিই হচ্ছেন বোর্ডের মনোনীত প্রতিনিধি।

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** এই যে কমিটি গঠন করা হয়েছে, এটা প্রথমে কখন গঠন করা হয়েছিল?

**শ্রী পার্থ দে ঃ** ওটা গঠিত হয়েছে ২৬শে এপ্রিল ১৯৭৮।

**শ্রী বিমলকান্তি বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কুচবিহার জেলায় যে ইন্সপেকশন টিম রয়েছে, তাতে ডি. আই. রয়েছে আর দু'জন কোন সংগঠন থেকে রিপ্রেজেন্ট করছে? কোনও শিক্ষকদের প্রতিষ্ঠান থেকে প্রতিনিধি রয়েছে কি? যদি না হয়ে থাকে তাহলে বাকি দু'জন রিপ্রেজেন্টেটিভ কোথা থেকে এল?

**শ্রী পার্থ দে ঃ** আমি আগেই বলেছি, এই দলে কোনও সংগঠনের কেউ কোনও প্রতিনিধিত্ব করছে না। ডি. আই. আছেন, আর দু'জন যে আছেন, এর মধ্যে একজন বোর্ডের নমিনি, তাকে বোর্ড মনোনীত করেছেন এবং আর একজন সরকার থেকে মনোনীত করা হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মেদিনীপুর জেলায় যে পরিদর্শক দল গঠিত হয়েছে, তাতে ডি. আই. ছাড়া আর কে কে আছে, বলবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** নোটিশ দেবেন জানিয়ে দেব।

[1-10—1-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি যে তিনজন প্রতিনিধির কথা বললেন তাতে আমরা বিভিন্ন জেলার যে সংবাদ পাচ্ছি তাতে দেখছি যে, একজন বাদে বাকি দু'জন এ. বি. টি. এ. বলে যে সংগঠন আছে তার প্রতিনিধিত্ব করছে, এটা কি আপনি জানেন?

**শ্রী পার্থ দে ঃ** এটা আমি প্রথমে আপনার কাছ থেকেই শুনছি, আমার এরকম কিছু জানা নেই।

## গ্রামীণ ও লীড ব্যাঙ্কগুলির কার্যকলাপ

*২০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯১।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের গ্রামীণ ও "লীড" ব্যাঙ্কগুলির গ্রামাঞ্চলের কার্যকলাপ সম্পর্কে নিয়মিত খোঁজখবর রাখার জন্য রাজ্য সরকারের কি ব্যবস্থা রহিয়াছে; এবং

(খ) এ পর্যন্ত ঐ ব্যাঙ্কগুলি গ্রামবাসীদের চাহিদা ও সমস্যা মিটাইতে কতটা সক্ষম হইয়াছে?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) ব্যাঙ্ক ব্যবস্থা কেন্দ্রীয় বিষয়, গ্রামাঞ্চলে তাদের কার্যকলাপের বিশদ বিবরণ দিতে ব্যাঙ্কগুলিকে রাজ্য সরকার বলতে পারেন না। তবুও রাজ্য ও জেলা স্তরে গঠিত কয়েকটি সংস্থার মাধ্যমে রাজ্য সরকার গ্রামাঞ্চলে ব্যাঙ্কগুলির ঋণদানের কার্যকলাপের খোঁজখবর যথাসম্ভব রাখেন। জেলা স্তরে, লীড ব্যাঙ্কের একজন প্রতিনিধিকে আহ্বায়ক করে "Lead Bank Scheme" অনুযায়ী জেলা পরামর্শ কমিটি গঠিত হয়েছে। তাছাড়া রাজ্য সরকার জেলাশাসককে সভাপতি করে প্রতি জেলায় "Coordination Committee for Financial Institutions" গঠন করেছেন। এই কমিটিগুলির সভায় ব্যাঙ্ক ও রাজ্য সরকারের কর্মচারিরা কৃষি, কুটির ও ক্ষুদ্র শিল্প, পশুপালন, মৎস্যচাষ ইত্যাদির ক্ষেত্রে ব্যাঙ্ক প্রভৃতি প্রতিষ্ঠানের ঋণদানের ব্যবস্থা সম্পর্কে নিয়মিত আলোচনা করে থাকেন।

(খ) ১৯৭৭ সালের ডিসেম্বর মাসের শেষে গ্রামীণ ও প্রায় শহর শাখাগুলিতে ব্যাঙ্কগুলির জমা ও ঋণদানের পরিমাণ ছিল নিম্নরূপ ঃ —

(কোটি টাকায়)

| | (১) | (২)<br>জমা | (৩)<br>ঋণ দান | (৪)<br>ঋণ জমার শতাংশ হিসাবে |
|---|---|---|---|---|
| ১। | গ্রামীণ | ১২৩.০ | ৩৫.৯ | ২৯.১ |
| ২। | প্রায়-শহর | ৩৩৬.৩ | ৭১.৯ | ২১.৪ |
| ৩। | মোট | ৪৫৯.৩ | ১০৭.৮ | ২৩.৫ |

দেখা যাচ্ছে যে গ্রামাঞ্চলে পাওয়া জমার অধিকাংশই ওখানে লগ্নি হয়নি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে, এই গ্রামীণ ব্যাঙ্ক বা লীড ব্যাঙ্ক-এর যে স্কীম দেওয়া হয়েছিল তার উদ্দেশ্য ছিল রুর‍্যাল ইনডেটেডনেস ক্ষতম করার জন্য এবং স্মল, মার্জিনাল অ্যান্ড মিডিয়াম ফার্মাসদের ঋণ দেওয়া হবে, ল্যান্ডলেস লেবারদের ঋণ দেওয়া হবে, আর্টিজেনসদের ঋণ দেওয়া হবে, তাদের ক্রেডিট সাপ্লাই করা হবে এ সবের জন্য, কিন্তু একসল কাজগুলি লীড ব্যাঙ্ক স্কীমে গ্রহণ করা সত্ত্বেও, গ্রামীণ ব্যাঙ্ক হওয়া সত্ত্বেও ঠিক ঠিক মতো হচ্ছে না, তারা ঋণ পাচ্ছে না, এটা কি আপনি জানেন?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি মাননীয় সদস্যর সঙ্গে সম্পূর্ণ এক মত যে, যে যে উদ্দেশ্য নিয়ে লীড ব্যাঙ্ক করা হয়েছিল সেই সেই উদ্দেশ্য অন্তত পশ্চিমবাংলার ক্ষেত্রে এবং বড় করে বলতে পারি যে, পূর্বাঞ্চলের ক্ষেত্রে আদৌ সফল হয়নি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আমরা পঞ্চায়েতকে প্রভূত ক্ষমতা দিয়েছি, তা ছাড়াও এরিয়া অ্যাপ্রোচ প্ল্যানিং আছে এবং আর একটা জিনিস আমরা বলছি যে, ডিসেন্ট্রালাইজড প্ল্যানিং টেকনিকে এখানে কাজ হবে, এই সমস্ত উদ্দেশ্য যদি সফল করতে হয় তাহলে রুর‍্যাল ব্যাঙ্কিং-এর যে রিস্ট্রাকচারিং-এর দরকার আছে সে সম্পর্কে রাজ্য সরকার কোনও ব্যবস্থা নিচ্ছেন কি, তা না-হলে এগুলি সব বানচাল হয়ে যাবে?

**ডঃ অশোক মিত্র ঃ** আমরা পঞ্চায়েত আইন সংশোধন করে এই ব্যবস্থা করেছি যাতে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ ব্যাঙ্কের কাছ থেকে ঋণ গ্রহণ করতে পারে। কিন্তু মাননীয় সদস্যকে আমি আর একবার আমার বাজেট বিবৃতিটি অবহিত করে বলছি যে, পুরো ব্যাপারটাতেই একটা রাজনৈতিক বিতণ্ডা আছে। আমরা যদি কেন্দ্রের সঙ্গে আলোচনা করে সমগ্র ব্যাঙ্কিং ব্যবস্থাকে গ্রামমুখী করতে না পারি তাহলে এখানে নতুন করে শাখা বাড়িয়ে কিম্বা পঞ্চায়েত আইন পাল্টিয়ে কিছুই করা যাবে না। সুতরাং আমি মাননীয় সদস্যদের আহ্বান করছি যে, আসুন আমরা সবাই মিলে একটু বেশি করে মেজাজ খারাপ করি।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** পূর্বাঞ্চলের হিসাবটা আপনি দেবেন কি, এবং তার ভিত্তি কি?

**ডঃ অশোক মিত্র ঃ** সেই সমস্ত সারাংশ আমার বাজেট বিবৃতিতে আছে।

### বিষ্ণুপুরে পশুচিকিৎসালয় স্থাপন

***২০৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১১।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর শহরে কোন পশু চিকিৎসা কেন্দ্র খোলার কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত পশুচিকিৎসা কেন্দ্রের জন্য কোনও জমি সরকার দখল করেছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) বিষ্ণুপুর শহরে একটি সরকারি পশুচিকিৎসা হাসপাতাল চালু আছে। হাসপাতালটি একটি ভাড়া করা বাড়িতে অবস্থিত।

(খ) হ্যাঁ।

**শ্রী অনিল মুখার্জি ঃ** বাঁকুড়া জেলায় আর কোনও থানায় এইরূপ কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** আমার বাজেট যখন উত্থাপিত করব তখন সেইসব পরিকল্পনাগুলির কথা বলব।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** কবে এই পরিকল্পনা অনুযায়ী কাজ আরম্ভ ও শেষ হবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** ভাড়া বাড়ি বাদ দিয়ে নিজস্ব বাড়িতে হাসপাতাল এবং কর্মচারিদের বাসস্থানের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে এবং যাতে শীঘ্র কাজ আরম্ভ হয় তার জন্য ব্যবস্থা অবলম্বন করছি।

**অর্গানাইজড বিদ্যালয়ের অনুমোদন**

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪।) **শ্রী নানুরাম রায় ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক এবং গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় অর্গানাইজড বিদ্যালয়গুলিকে অনুমোদন দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, (১) কতদিনে এবং কতগুলি বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হইবে ও (২) কতজন শিক্ষক নিয়োজিত হইবেন বলিয়া আশা করা যায়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** এইরকম ধরনের অর্গানাইজ বিদ্যালয় আছে কি?

**শ্রী পার্থ দে ঃ** হ্যাঁ, আছে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনারা কেন এই সমস্ত বিদ্যালয়গুলিকে অনুমোদন দিচ্ছেন না?

**শ্রী পার্থ দে ঃ** আমাদের পশ্চিমবাংলার গ্রামের বিদ্যালয়ের অভাব আছে এবং এমন অনেক জায়গা আছে যেখানে বিদ্যালয় নেই। আমাদের গৃহীত ধারণা হিসাবে তাতে এটা কার্যকর করার চেষ্টা করা হচ্ছে যে স্কুল হবার মতো শিশু যেখানে আছে সেইখানেই বিদ্যালয় থাকবে, সেই হিসাবে প্রত্যেকটি গ্রামে বিদ্যালয় থাকা দরকার, সেইজন্য আমরা ঠিক করেছি যে, সমস্ত বিদ্যালয়হীন গ্রামে বিদ্যালয় করব। তবে যেখানে শিশুদের সংখ্যা বেশি হবে সেখানে যদি প্রয়োজন হয় তাহলে বাড়িতে স্কুল হবে, কিন্তু এইগুলি পরিকল্পনামাফিক করতে হবে, একটা পদ্ধতি খুব বেশিভাবে আমাদের এখানে চলছিল তা হল স্কুলের প্রয়োজনে স্কুল না করে কিছু অল্প বয়স্ক ছেলেমেয়ে তাদের প্রয়োজনে স্কুল হয়েছিল, সেইজন্য দুটো অসুবিধা হচ্ছিল—একটা হচ্ছে শিক্ষার মূল উদ্দেশ্য ব্যহত হচ্ছিল এবং দ্বিতীয়টা এইরকমভাবে পরিকল্পনাহীন হবার ফলে স্কুল গড়ে উঠছিল অথবা স্কুল নেই এইরকম প্রতিষ্ঠা করবার চেষ্টা করছিল কিন্তু তাদের অনুমোদন দেবার ব্যাপারে রেষারেষি হচ্ছিল। এই রেওয়াজটা আগের সরকার চালু করেছিলেন, ফলে খুব ভুল বোঝাবুঝি হচ্ছিল, সেইজন্য আমরা ঠিক করেছি বিদ্যালয় করবার প্রয়োজন যেখানে থাকবে সেইখানেই এটা হবে।

[1-20—1-30 P.M.]

জেলা স্কুলবোর্ড বিদ্যালয় করে দেবেন, দরকার হলে সরকারি ভান্ডার থেকে স্কুল করে দেওয়া হবে এবং বাড়ি করে দেওয়া হবে এবং সেখানে যারা শিক্ষকতা করবেন তাদের নিয়োগ প্যানেলের মাধ্যমে করা হবে।

**শ্রী [illegible] মৈত্র ঃ** যেসব গ্রামে স্কুল নেই, সেখানে যদি অর্গানাইজ স্কুল থাকে তাহলে কি অনুমোদন দেওয়া হবে?

**শ্রী পার্থ দে ঃ** সাধারণ নিয়মের ভিত্তিতে সব হবে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** অর্গানাইজ স্কুলগুলির সম্বন্ধে কলকাতা হাইকোর্টের যে একটা রায় হয়েছিল সেটা জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** নোটিশ দিলে জানাব।

**মহঃ সোহরাব ঃ** স্কুললেস ভিলেজে সেখানে যদি স্কুল থাকে তাহলে সেই স্কুল অনুমোদন পাবে কিনা, না আর একটা করা হবে?

**শ্রী পার্থ দে ঃ** সেটা আমি বলতে পারছি না।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** যতগুলি আনস্কুল ভিলেজ আছে সেখানে কত বছরের মধ্যে আশা করা যাচ্ছে স্কুল তৈরি হয়ে যাবে?

**শ্রী পার্থ দে ঃ** আশা করা যাচ্ছে এই বছরের মধ্যেই হবে।

**শ্রী [illegible] মৈত্র ঃ** আনস্কুল ভিলেজে যে স্কুল তৈরি হয়ে আছে সেই স্কুলগুলি [illegible]নিশন পাবে কিনা?

**শ্রী পার্থ দে ঃ** রিকগনিশনের প্রশ্ন নেই, তবে যেখানে বিদ্যালয় নেই সেখানে একটা বিদ্যালয় হবে। সেই গ্রামের লোকেরা যদি বলেন আপনারা যদি স্কুল করেন আমরা একটা বাড়ি দেব, তাহলে আমরা তা নেব, কিন্তু রিকগনিশনের প্রশ্ন ওঠে না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কোনও একটা গ্রামে ৭ বছর ধরে স্কুল হয়ে আছে, কিন্তু তার পাশে সি. পি. এম. ওয়ার্কাররা আরেকটা তৈরি করেছে এ খবর আপনার কাছে আছে কিনা, এবং যদি থাকে তাহলে আমি জানতে চাই প্রথমে যে স্কুলটা ৭ বছর ধরে চলছে সেটা রিকগনিশন পাবে কিনা?

**মিঃ স্পিকার ঃ** দি মিনিস্টার হ্যাজ অলরেডি সেইড যে, কোন গ্রামের কথা বলছেন সেটা জানালে তিনি উত্তর দেবেন। তাছাড়া তিনি একথাও বলেছেন যে, থাকলেও রিকগনিশনের ব্যাপারে কোনও প্রশ্ন ওঠে না।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্কুললেস ভিলেজ যেখানে রয়েছে সেখানে নতুন করে স্কুল দেওয়া হবে স্কুল বোর্ডের মাধ্যমে এবং প্যানেল তৈরি করে চাকুরি দেওয়া হবে। আমার প্রশ্ন হচ্ছে অনেক বেশি স্কুললেস ভিলেজ যদি থাকে একটা কনস্টিটিউয়েন্সীতে তাহলে সেখানে জনপ্রতিনিধিদের মতামত নেবার ব্যবস্থা করেছেন কিনা স্কুলের স্যাংশনের ব্যাপারে?

**শ্রী পার্থ দে ঃ** স্কুল বোর্ড কনস্টিটিউয়েন্সীর ভিত্তিতে চিন্তা করে না এটা পরিষ্কার করে বলা দরকার। তারপর এটা ধরে নেবার ব্যাপার নয়। পশ্চিমবাংলার কতগুলি গ্রামে স্কুল নেই তার একটি সংখ্যাতত্ত্ব রয়েছে। তার মধ্যে ভুল থাকতে পারে, যেমন ২৪ পরগনা জেলায় ভুল আছে। আমাদের বক্তব্য হচ্ছে স্কুলহীন গ্রামে স্কুল হবে এবং দ্বিতীয় কথা হচ্ছে আমরা যে বোর্ড কমিটি করেছি সেখানে এম. এল. এ.রাও রয়েছেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, সার্ভে অনুযায়ী এখন পর্যন্ত পশ্চিমবাংলায় কতগুলি আনস্কুলড ভিলেজ রয়েছে এবং কতগুলির মঞ্জুরি দিয়েছেন?

**মিঃ স্পিকার ঃ** সংখ্যাতত্ত্বের এই প্রশ্ন আসে না।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** ছাত্র—শিক্ষকের অনুপাত যেটা রয়েছে সেটা বাড়ানো হবে কি?

**শ্রী পার্থ দে ঃ** এটা এই প্রশ্ন থেকে আসে কি?

**শ্রী সন্দীপ দাস ঃ** এটা যদি মন্ত্রী মহাশয়ের গোচরে আনা যায় যে একটা অর্গানাইজড স্কুলকে স্বীকৃতি দেওয়া হয়নি অথচ আর একটা অর্গানাইজড স্কুলকে স্বীকৃতি দেওয়া হয়েছে তাহলে তারজন্য তিনি ব্যবস্থা অবলম্বন করবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** নিশ্চয়ই করব।

### মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ও অধ্যাপক পদের যোগ্যতার মান

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** শিক্ষা (উচ্চতর)

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মহাবিদ্যালয়গুলির অধ্যক্ষ ও অধ্যাপক পদে নিয়োগের ক্ষেত্রে যোগ্যতার মান কমানো হচ্ছে; এবং

(খ) সত্য হলে, ঐ ধরনের নিয়োগের ক্ষেত্রে বর্তমান ও পূর্বের যোগ্যতার মানের পার্থক্য কিরূপ হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) বেসরকারি (স্পনসর্ডসহ) কলেজের অধ্যক্ষ ও অধ্যাপক নিয়োগের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার মানের পুনর্বিন্যাস করা হইয়াছে মাত্র।

(খ) পার্থক্যের প্রশ্ন ওঠে না। উল্লেখ থাকে যে বিশ্ববিদ্যালয় মঞ্জুর কমিশনের সুপারিশ অনুযায়ী নির্দ্ধারিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার মানের সহিত সমতা রাখিয়া এই পুনর্বিন্যাস করা হইয়াছে। ইহার ফলে অপেক্ষাকৃত অধিক সংখ্যক প্রার্থী আবেদন করিবার সুযোগ পাইবে; কিন্তু নির্বাচনের ক্ষেত্রে উচ্চতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেবার নির্দেশ সরকার বলবৎ রাখিয়াছে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন, মহাবিদ্যালয়ের অধ্যক্ষ এবং অধ্যাপক পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার মানের পুনর্বিন্যাস করা হয়েছে। এটা কিভাবে করা হয়েছে বলবেন কি?

[1-30—1-40 P.M.]

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি প্রশ্নোত্তরে বলেছি, শিক্ষাগত মান কোথাও কমানো হয়নি, শুধুমাত্র যোগ্যতার মানকে পুনর্বিন্যাস করা হয়েছে। আমি কয়েকটা দৃষ্টান্ত দিলেই জিনিসটা পরিষ্কার হবে। যেমন, অধ্যক্ষদের ক্ষেত্রে আগে মিনিমাম এইজ ছিল ৪৫, আমরা সেটাকে ৪০ করেছি এবং ম্যাক্সিমাম এইজ ৫৩। টিচিং এক্সপেরিয়েন্স ১০ বছর, অ্যাকাডেমিক কোয়ালিফিকেশন্স কতগুলি আমরা বিকল্প রেখেছি, যেমন (ক) ম্যাট্রিক অথবা হায়ার সেকেন্ডারি অথবা এস. এফ., পি. ইউ., বি. এ., বি. এসসি., বি. কম. অনার্স গড়ে শতকরা ৫০ ভাগ নম্বর, এম. এ., এম. এসসি., এম. কম. শতকরা ৫০ ভাগ নম্বর এবং তারসঙ্গে রয়েছে এম. ফিল., পি. এইচ. ডি. or evidence of equivalent public work of their standard within 5 years failing which they will not able to earn future increment. এর বিকল্প আছে ম্যাট্রিক, হায়ার সেকেন্ডারি, এস. এফ, পি. ইউ., ইউ. ই. শতকরা ৪৫ ভাগ বি. এ., বি. এসসি., বি. কম. অনার্স শতকরা ৪৫ ভাগ নম্বর, এম. এ., এম. এসসি., এম. কম. শতকরা ৫০ ভাগ নম্বর এবং ডক্টরেট ডিগ্রি মাস্ট। বিকল্প রয়েছে ম্যাট্রিক, হায়ার সেকেন্ডারি এস. এফ., পি. ইউ., ইউ. ই. ৪৫ পারসেন্ট, বি. এ., বি. এসসি., বি. কম. পাস এম. এ., এম. এসসি. এম. কম. ফার্স্ট ক্লাশ অর্থাৎ সিক্সটি পারসেন্ট এবং ৫ বছরের মধ্যে এম. ফিল বা পি. এইচ. ডি. হতে হবে। এখানেও বিকল্প রয়েছে ম্যাট্রিক থেকে পি. ইউ.

র্যন্ত ৪৫ পারসেন্ট, বি. এ., বি. এসসি. বি. কম., অনার্স ৪০ পারসেন্ট, এম. এ., এম. ্সসি., এম. কম. ৫০ পারসেন্ট। টিচিং এক্সপেরিয়েন্স যদি ডক্টরেট ডিগ্রি না থাকে তাহলে ।৫ বছর। এটা হল অধ্যক্ষদের যোগ্যতা। আগে যে মান ছিল সেটা আমরা কমাইনি। ইউ জি সি ১৯৭৭ সালের ২৮শে অক্টোবর একটা সার্কুলার পাঠান এবং তাতে আমাদের বলেন ্ম. এ., এম. এসসি., মিড পয়েন্ট, বিট্যুইন ফার্স্ট ক্লাশ অ্যান্ড সেকেন্ড ক্লাশ ফিফটি পারসেন্ট বে এবং অনার্স সম্বন্ধে কিছু বলেননি। কিন্তু আমরা এম. এ.-তে বিকল্প ৫০ পারসেন্ট রখেছি এবং সাধারণভাবে বি. এ.-তে ৪৫ পারসেন্ট রেখেছি এবং অধ্যক্ষদের ক্ষেত্রে আমরা শক্ষাগত যোগ্যতা কমাইনি।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই পুনর্বিন্যাসের ফলে পশ্চিমবাংলার তগুলি মহাবিদ্যালয়ে অধ্যক্ষ নেই এবং কতগুলি পোস্ট খালি হয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আমরা এই পুনর্বিন্যাস সম্প্রতি করেছি এবং এর আগে ৭০টি দ খালি ছিল। আগে ছিল সমস্ত পরীক্ষায় ৫৫ ভাগ নম্বর পেতে হবে এবং অল থ্রু ক্টরেট ডিগ্রি মাস্ট। তবে এই পুনর্বিন্যাস করবার ফলে আমরা আশা করছি উপযুক্ত অধ্যক্ষ াব। আমরা কলেজ সার্ভিস কমিশন-এর মাধ্যমে অধ্যক্ষ এবং অধ্যাপক নিয়োগের সিদ্ধান্ত রেছি। আমরা এখান থেকে কলেজ সার্ভিস কমিশনের আইন পাস করেছি এবং সেই আইন ষ্ট্রপতির অনুমোদন লাভ করেছে। কাজেই আমরা আশা করি বিজ্ঞাপন দেবার পর আমরা পযুক্ত প্রার্থী নিয়োগ করতে পারব।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী যদি অনুগ্রহ করে যোগ্যতার মানের পুনর্বিন্যাসের ষয়টি আমাদের মধ্যে সার্কুলেট করে দেন তো ভাল হয়।

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আমি সার্কুলেট করে দেব।

**শ্রী মহম্মদ সোহরাব :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই পুনর্বিন্যাসের ফলে াগে যেটা অল থ্রু ৫৫ পারসেন্ট ছিল এখন এটাকে ৪৫ বা ৫০ করা হচ্ছে, এতে ক্ষকতার মান নেমে গিয়েছে বলে কি মন্ত্রী মহাশয় মনে করেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এমস্ এ কোথায়ও কিন্তু ৫০ করা হয়নি। ইউ. জি. সি.র সর্ব ষ সার্কুলার অনুযায়ী সব জায়গায় মিড পয়েন্ট রাখা হয়েছে, ৪০ পারসেন্ট অ্যান্ড ৬০ ারসেন্টই রাখা হয়েছে। অনার্স সম্পর্কে ইউ. জি. সি. কোনও নির্দেশ দেয়নি কারণ ভারতবর্ষের ন্যান্য রাজ্যে অনার্স চালু নেই, এখানে অনার্স চালু আছে এবং সেই ভিত্তিতে বিভিন্ন ায়গায় ৪৫ পারসেন্ট এবং বি. এ. ও বি. এসসি. পাশের ক্ষেত্রে ডক্টরেট মাস্ট রাখা য়েছে। সেই হিসাবে আমরা মনে করি যে শিক্ষকতার মান কোথায়ও নেমে যায়নি।

### জুলাই ১৯৭৭ ও জানুয়ারি, ১৯৭৯-তে পশ্চিমবঙ্গে কনজুমার্স প্রাইস ইনডেক্স

***২১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান :** অর্থ বিভাগের ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাসে ও ১৯৭৯ সালের জানুয়ারি মাসে পশ্চিমবঙ্গে কনজুমার্স প্রাইস ইনডেক্স কত ছিল; এবং

(খ) উক্ত কনজুমার্স প্রাইস ইনডেক্স-এর সহিত সামঞ্জস্যমূলকভাবে মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষকদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে?

**শ্রী অশোক মিত্র ঃ**

(ক) জুলাই, ১৯৭৭—২৬৫

নভেম্বর, ১৯৭৮—২৮৭

(উভয় ক্ষেত্রেই Base Year—1960 = 100) জানুয়ারি ১৯৭৯-এর মূল্যসূচক সংখ্যা জানা নেই।

(খ) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষকদের বেতন বৃদ্ধির বিষয়টি বেতন-কমিশনের বিবেচনাধীন।

এর সঙ্গে যোগ করা প্রয়োজন যেটা মনে হচ্ছে সেটা হচ্ছে এই বেতন কমিশনের অন্তর্বর্তী রায় অনুযায়ী ১লা এপ্রিল ১৯৭৮ থেকে সমস্ত পর্যায়ে শিক্ষকদের মহার্ঘভাতা বাড়ানো হয়েছে এবং আমার বাজেট বিবৃতি অনুযায়ী আগামী ১লা এপ্রিল থেকে ভাতা বাড়ানো হবে।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** আমার প্রশ্ন মহার্ঘভাতার ক্ষেত্রে নয়। যখন প্রাইস ইনডেক্স ১৯৭৭ সালের তুলনায় ১৯৭৯ সালের জানুয়ারি মাসে বেড়ে গিয়েছে এটার সঙ্গে সামঞ্জস্য রেখে মধ্যবিত্ত শিক্ষকদের মূল বেতন যেটা সেটা বাড়াবার কথা সরকার বিবেচনা করছেন কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** সমস্ত ব্যাপারটাই নীতির প্রশ্ন এবং নীতির ব্যাপারটাই বেতন কমিশনের বিচারাধীন আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কনজিউমার্স প্রাইস ইনডেক্স যা দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ২৬৫ যেটা সেটা ২৮৭ হল অথচ আপনার বাজেট ভাষণে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য আদৌ বাড়েনি বলে আপনি দাবি করেছেন। তাহলে এই মূল্যসূচির ভিত্তিতে আপনার বাজেট বক্তৃতাটা কি অসঙ্গতি হয় না?

**ডঃ অশোক মিত্র ঃ** না, হয় না। কারণ ১৯৭৭-৭৮ সালের গড়পড়তা হিসাব ধরুন এবং ১৯৭৮-৭৯ সালের সঙ্গে গড়পড়তা হিসাব ধরেন তাহলে আমি বাজেটে যা বলেছিলাম সেটাই কনফার্মড হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনি নভেম্বর মাসের হিসাব দিয়েছেন।

**ডঃ অশোক মিত্র ঃ** ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ সালের গড়পড়তা হিসাব ধরলে কোনও গোলমাল হবে না।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাধ্যমিক শিক্ষক ও প্রাথমিক শিক্ষকদের যে ভাতা দেওয়া হচ্ছে সেটা কি কেন্দ্রীয় হারে ভাতা দেওয়া হচ্ছে?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি ইতিমধ্যেই একটা বিবৃতি দিয়েছি এবং কাগজেও প্রেস নোটের মাধ্যমে জানানো হয়েছে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমরা সেটা এখানে জানতে চাই?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি বাজেট বিবৃতিতে এটা পরিষ্কারভাবে উল্লেখ করেছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** আপনার বাজেট বিবৃতিতে দুটি কথা বলা আছে এর কোনটা ঠিক? এক জায়গায় বলছেন কেন্দ্রীয় হারে, আর এক জায়গায় বলছেন অতিরিক্ত হারে।

**ডঃ অশোক মিত্র ঃ** বিবৃতিতে একই আছে। আমি পুরোটা পড়ে দিচ্ছি। আমার কাছে বাংলা বইটা নেই আমি ইংরাজিটা পড়ে দিচ্ছি।

With effect from April 1, 1979 employees of non-Government State-aided organisations, including teachers and others, who are covered by the terms of reference of the Pay Commission, will get as additional dearness allowance absolute amounts which on the average will correspond to what State Government employees on corresponding pay ranges would receive on the equalisation of their dearness allowance with the Central rates.

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আমি ক্যাটিগোরিক্যালি জিজ্ঞাসা করছি তিনি বলুন যে তাঁর বাজেট বিবৃতির পর একজন টিচারের যদি বেসিক পে ৩৫০ টাকা হয় তাহলে তার কত টাকা গেন হবে?

**ডঃ অশোক মিত্র ঃ** এই বিষয় আলাদা সার্কুলার দিয়ে দিয়েছি, প্রেস নোটে দিয়েছি এবং প্রত্যেকটি বিদ্যা প্রতিষ্ঠানে পাঠিয়ে দেওয়া হয়েছে। সুতরাং এই বিষয় কোনও সন্দেহ থাকার কথা নেই।

**কাগজের অভাব পূরণের ব্যবস্থা**

***২১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক এবং গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলায় কাগজের অভাব দেখা দিয়েছে;

(খ) সত্য হলে, এর কারণ কি; এবং

(গ) এই অভাব দূর করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থা সংক্রান্ত কলেজের পাঠ্যপুস্তক ও এর জন্য কাগজের অভাব নেই।

(খ) ও (গ) এ প্রশ্ন ওঠে না।

[1-40—1-50 P.M.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি কেন্দ্রের কাছ থেকে পশ্চিমবঙ্গ সরকার যে কোটা পেতেন, সেটা কি নিয়মিত পাচ্ছেন?

**শ্রী পার্থ দে ঃ** হ্যাঁ, নিয়মিত পাচ্ছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** নিয়মিত যে পরিমাণ পেতেন সেটা কি ঠিক আছে?

**শ্রী পার্থ দে ঃ** বিভিন্ন কোয়ার্টারে ফ্লাকচুয়েট করে ঠিকই কিন্তু মোটামুটি আমাদের যা প্রয়োজন তা পাচ্ছি।

**শ্রী মহঃ সোহরাব ঃ** ২৫ পারসেন্ট, ৩৩ পারসেন্টের জন্য তাহলে কাগজের দাম বাড়ছে না?

**শ্রী পার্থ দে ঃ** কাগজের দাম বাড়া সম্পর্কে প্রশ্ন ছিল না, প্রশ্নটা ছিল কাগজ পাওয়া যাচ্ছে কিনা, তবু এটুকু বলে দিচ্ছি যে দাম এখনও বাড়েনি, পশ্চিমবঙ্গের বিভিন্ন পাবলিশাররা টেক্সট বই ছাপা নিয়ে কিছু সমস্যায় পড়েছেন, তাঁরা এসেছিলেন, তাঁদের সঙ্গে কথা বলেছি, তাঁদের কি কি অসুবিধা দেখবার জন্য একটা কমিটি তৈরি করছি, তারপরে কি হবে না হবে ঠিক হবে।

### হরিণঘাটা দোহশালায় টি বি রোগাক্রান্ত গবাদি পশু

***২১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১৫।) **শ্রী সরল দেব ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হরিণঘাটা দোহশালায় শতকরা ৩০ ভাগ গবাদি পশু টি বি রোগে আক্রান্ত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, তাহাদের সুস্থ গবাদি পশু হইতে পৃথক রাখার কোনও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) ইহা সত্য নহে। তবে হরিণঘাটা দোহশালায় ৮০০ শত পূর্ণবয়স্ক গরুর উপর নিয়মিত পর্যবেক্ষণে ১৯৭৮ সালে পুরো বছরে ৪৫টি গরুর মধ্যে যক্ষ্মা রোগের

বীজাণু ধরা পড়েছে। সুতরাং উক্ত বীজাণু আক্রান্ত গরুর শতকরা হার ৫ ভাগ মাত্র।

(খ) যক্ষ্মা-বীজাণু আক্রান্ত গরুকে সঙ্গে সঙ্গে দোহশালার দূরবর্তী সংরক্ষিত পৃথক ছাউনিতে স্থানান্তর এবং চিকিৎসার বন্দোবস্ত করা হয়।

**শ্রী সরল দেব ঃ** প্রতিটি গরুকে দেখবার জন্য কতজন কর্মচারী নিয়োগ করেছেন জানাবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** প্রশ্নটা এ থেকে আসে না, সম্ভবতঃ শ্রী কৃপাসিন্দু সাহার এ ব্যাপারে একটা প্রশ্ন আছে পরে, সেটাতে আমি এর জবাব দেব।

**মুরারই-এর "নজরুল কলেজ"-এর অনুমোদন**

***২১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫।) **শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, জনগণের প্রচেষ্টায় মুরারই ও নলহাটি থানার মধ্যে স্থাপিত 'নজরুল কলেজ'টিকে আগামী শিক্ষাবর্ষ হইতে অনুমোদন দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী মহঃ সোহরাব ঃ** আপনারা আসার পর পশ্চিমবঙ্গে আর কোনও মহাবিদ্যালয়কে রিকগনিশন দেওয়া হয়েছে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** গত বছর দুটি কলেজকে সরকার অনুমোদন দিয়েছেন—একটা হচ্ছে ধনেখালি, আর একটা হচ্ছে ভদ্রকালি।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** নতুন কলেজ করার সম্পর্কে আমরা জানি ইউ জি সি কলেজের সংখ্যা বাড়াবার জন্য সাধারণভাবে পক্ষপাতী নয়—নতুন কলেজ কোথায় হতে পারে সরকার ঠিক করেছেন কি?

**মিঃ স্পিকার ঃ** প্রশ্নটা হচ্ছে মুরারই কলেজ সম্পর্কে, তবে মন্ত্রী মহাশয় যদি চান তো পলিসি স্টেটমেন্ট করতে পারেন।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওঁনারা দুটো কলেজ শুনে হুগলি জেলা সম্পর্কে মন্তব্য করলেন। এই দুটো কলেজ কিন্তু নতুন নয়। এই দুটো কলেজেই হায়ার সেকেন্ডারি ইউনিট হিসাবে শুধুমাত্র ১১-১২ ক্লাশ পড়ানো হচ্ছিল এবং দুটির পৃথকভাবে বাড়িও ছিল এবং টাকা-পয়সা ছিল। শুধু আপগ্রেড করে ডিগ্রি কলেজ হিসাবে অনুমোদন করা হয়েছে। আর যে প্রশ্ন নির্মলবাবু করেছেন সেটা ইউ. জি. সি.র নতুন পরিকল্পনা কলেজ স্থাপনের জন্য উদ্যোগ গ্রহণ না করার সেই বিষয়ে আমরা সরকারের পক্ষ থেকে বিভিন্ন জেলা শাসককে সার্কুলার পাঠিয়ে জানতে চেয়েছি সেখানে অনুন্নত এলাকাতে কলেজের প্রয়োজন আছে কিনা এবং হলে কি রকম হতে পারে। আমরা এইসব বিষয়ে সুপারিশ

চেয়েছি সেটা এলে পরে বিবেচনা করব।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** এই নজরুল কলেজটাও নতুন নয়। ১১-১২ ক্লাশ হিসাবে চলছিল। সুতরাং এটা কি আপনি দেখবেন।

(নো রিপ্লাই)

**সময়মতো খড় ডেলিভারি না লওয়ায় ডেমারেজ**

***২১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৩।) **শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হরিণঘাটা দোহশালার জন্য ওড়িশা হইতে আসা ১৯ কুইন্টাল "খড়" কাঁচড়াপাড়া রেলওয়ে স্টেশন হইতে সময় মতন ডেলিভারি না লওয়ার জন্য ১৯৭৯ সালের জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে তিনশত টাকা ডেমারেজ দিতে হয়; এবং

(খ) সত্য হইলে, কি কারণে উক্ত দ্রব্য ডেলিভারি লইতে দেরি হয়?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) হ্যাঁ, সত্য। টাকার পরিমাণ ৩ শতের বেশি। ৩৬৭.৪০ টাকা ডেমারেজ দিতে হয়।

(খ) ডেমারেজ দেবার কারণ দেরিতে রেল রসিদ পাওয়া এবং ওয়াগনের লেবেলে প্রাপকের নাম ভুল উদ্ধৃত করা।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি এই যে জিনিস নিতে দেরি হল তারজন্য কোনও অফিসারের ত্রুটি ছিল কিনা?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** অফিসারের কোনও গাফিলতি ছিল না। ২৫-১২-৭৮ তারিখে কাঁচরাপাড়া স্টেশনে পাঞ্জাব সরকার একটা কনসাইনমেন্ট পাঠান। তাতে ১৯.১০ কুইন্ট্যাল ছিল। সেটা যখন আসে সে সময় আমরা রেলের রসিদ পাইনি। রেলের রসিদ তখন আসেনি। আমরা ইনডেমিনিটি বন্ড দিয়ে খালাস নেওয়া চেষ্টা করেছিলাম। কাঁচরাপাড়ায় যেটা এসেছিল সেটাতে ভুল করে লেখা ছিল অ্যাডিশনাল ডাইরেক্টর, Animal Husbandry. সেটা হবে, এডিশন্যাল ডাইরেক্টর, Housing. আমরা ইনডেমনিটি বন্ড দিলেও এই মাল খালাস করতে দেওয়া হয়নি। আমরা যখন রসিদ পেলাম তখন মাল খালাস করা সম্ভব হয়েছে। এই সম্পর্কে আমরা রেলের উর্দ্ধতন কর্তৃপক্ষকে লিখেছি যে এটাতে আমাদের বিভাগের কোনও দায়িত্ব ছিল না, এটা রেলের এবং পাঞ্জাব সরকারের ভুলের জন্য হয়েছে। সুতরাং এটা আমাদের মুক্ত করে দেওয়া হোক। আমরা চীফ কমার্শিয়াল সুপারিনটেন্ডেন্টকে লিখেছি এবং কাঁচরাপাড়ার স্টেশন মাস্টার তাতে সুপারিশ করে দিয়েছেন।

## নির্বাচনের মাধ্যমে জেলা স্কুল বোর্ডের পরিচালক সমিতি গঠন

***২১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৭১।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় নিয়মানুযায়ী নির্বাচনের মাধ্যমে জেলা স্কুল বোর্ডের পরিচালক সমিতি গঠনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) যদি থাকে, তবে কখন এই নির্বাচন অনুষ্ঠানের সম্ভাবনা আছে?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) পশ্চিমবঙ্গে জেলা স্কুল বোর্ডগুলি বাতিল হইয়াছে এখন তাহার স্থলে সরকার মনোনীত সদস্য লইয়া এক একটি বিধিবদ্ধ Ad-hoc Committee গঠন করা হইয়াছে।

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৭৩ সংশোধন করিয়া নির্বাচনের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত (Primary School Council) গঠনের বিষয় চিন্তা করা হইতেছে।

(খ) আইন সংশোধন করিয়া Statutory Rules তৈরি করার পর নির্বাচন অনুষ্ঠিত হইতে পারে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** এই যে আইন সংশোধনের কথাটা বললেন, এই আইন সংশোধন কত সত্ত্বর করার কথা ভাবছেন?

[1-50—2-00 P.M.]

**শ্রী পার্থ দে ঃ** যত শীঘ্র করা যায় তার জন্য চেষ্টা করা হচ্ছে, তবে নানা কারণ আছে যার জন্য সময় লাগছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই অ্যাড-হক কমিটি করতে দু'বছর চলে গেল। বাকি তিন বছরের মধ্যে ওটা হবে তো?

**শ্রী পার্থ দে ঃ** আশা করিতে হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই যে সব অ্যাড-হক কমিটি করা হয়েছে—কি কি ভিত্তির উপর বেস করে এইসব নির্বাচিত কমিটি বাতিল করে অ্যাড-হক কমিটি করা হয়েছে?

**শ্রী পার্থ দে ঃ** সমস্ত কমিটিই হচ্ছে সরকারি মনোনীত কমিটি।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে মেদিনীপুরে প্রাথমিক স্কুল বোর্ড গঠন করা হয়েছে সেখানে বিভিন্ন দলের আনুপাতিক হার ঠিক আছে

কি বিরোধী পক্ষের উপর সুবিচার করা হয়েছে কি অর্থাৎ প্রপার রিপ্রেজেন্টেশন সেখানে হয়েছে কি?

**শ্রী পার্থ দে ঃ** এই যে সব অ্যাড-হক স্কুল বোর্ড গঠন করা হয়েছে সেখানে প্রত্যেকটি দলের যতটুকু মর্যাদা পাওয়া দরকার ততটুকুই দেওয়া হয়েছে এবং আমরা যা করেছি সেটা নজিরবিহীন ঘটনা।

**বিশ্ববিদ্যালয়ের জন্য কলিকাতায় অতিথিভবন নির্মাণ**

***২১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০৩।) **শ্রী নির্মলকুমার বসু ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা শহরে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় একটি অতিথি ভবন নির্মাণের কোনও পরিকল্পনা কি রাজ্য সরকার বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের কমিটির নিকট থেকে পেয়েছেন; এবং

(খ) 'ক' এর উত্তর হ্যাঁ হলে, এই সম্পর্কে রাজ্য সরকার কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) ও (খ) না; তবে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নিকট হইতে অনুরূপ একটি প্রস্তাব খুব সম্প্রতি সরকারের কাছে এসেছে। বর্তমানে উহা পরীক্ষাধীন আছে।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় 'ক' প্রশ্নের উত্তরে বললেন যে প্রস্তাব আসেনি। আমার জিজ্ঞাস্য হচ্ছে সমস্ত বিশ্ববিদ্যালয়গুলির কোনও অতিথি ভবন নেই। এই অতিথি ভবন নির্মাণ করার কোনও প্রস্তাব আছে কিনা? কারণ বর্ধমান, কল্যাণী এই রকম বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভারতবর্ষের বাইরে থেকে বহু এক্সপার্ট আসেন এবং তাদের কলকাতাতে থাকতে হয় এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে কোনও ভাল অতিথি ভবন নেই।

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমি সংবাদপত্রে লক্ষ্য করেছি যে উপাচার্যদের যে কমিটি আছে সেখানে প্রস্তাব গ্রহণ করা হয়েছে যে বিশ্ববিদ্যালয়সমূহে অতিথি ভবন নির্মাণ করার জন্য। কিন্তু সরকারের কাছে এই রকম সুনির্দিষ্ট প্রস্তাব আসেনি। এই প্রস্তাব সরকারের কাছে এলে নিশ্চিতভাবে আমরা সেটা চিন্তা করব। এটা ঠিক যে এই রকম একটা অতিথি ভবনের প্রয়োজনীয়তা আছে।

**চুঙ্গি কর আদায় কেন্দ্র**

***২২০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৪।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চুঙ্গি কর আদায়ের কয়টি কেন্দ্র আছে;

(খ) এই সমস্ত কেন্দ্রে ১৯৭৭-৭৮ সালের জানুয়ারি পর্যন্ত কত টাকা আদায় হইয়াছে;

এবং

(গ) এই কর আদায়ের জন্য ঐ দুই বৎসরে ব্যয়ের পরিমাণ কত?

**ডঃ অশোক মিত্র :**

(ক) পশ্চিমবঙ্গে চুঙ্গি কর আদায়ের মোট ১৬২টি কেন্দ্র আছে।

(খ) এসমস্ত কেন্দ্রে চুঙ্গিকর আদায় হয়েছে নিচের হিসাব :

| ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ |
|---|---|
| টাঃ ১৭,৭৭,৪৮,০০৩ | টাঃ ১৮,৮৩,৭৮,৩৩৪ |
| | (আনুমানিক) |

(গ) কর আদায়ের জন্য ব্যয়ের পরিমাণ —

| ১৯৭৭-৭৮ | ১৯৭৮-৭৯ |
|---|---|
| টাকা ১,৭৮,০০,০০০ | টাকা ৯৩,৮৯,১৮০ |
| | (আনুমানিক) |

**শ্রী জন্মেজয় ওঝা :** এই সমস্ত চুঙ্গি কর তুলে দেবার কেন্দ্রীয় সরকার কোনও প্রস্তাব দিয়েছিলেন কি?

**ডঃ অশোক মিত্র :** এই ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে দু'বার আলোচনা হয়েছিল এবং সেখানে আমাদের বক্তব্য ছিল যে এটা তুলে দিলে আমাদের যে ক্ষতি হবে সেটা আমাদের দিয়ে দিলে আমরা ওঁদের কথা মেনে নেব। তার পর থেকে কোনও প্রস্তাব আসেনি।

**শ্রী জন্মেজয় ওঝা :** কেন্দ্রীয় সরকার কত টাকা ক্ষতিপূরণ দিতে রাজি হয়েছিলেন?

**ডঃ অশোক মিত্র :** একটি পয়সাও দিতে রাজি হয়নি।

**শ্রী জন্মেজয় ওঝা :** এই চুঙ্গি কর যেখানে আদায় করা হয় সেখানে ঐসব অনেক গাড়ি দাঁড়িয়ে থাকার জন্য জ্যামের সৃষ্টি হয় এবং তাতে জনসাধারণের অনেক অসুবিধা হয়। তাই এইসমস্ত গাড়ি দাঁড় করবার জন্য আলাদা পাশে একটা রাস্তা করার কথা মন্ত্রী মহাশয় ভাবছেন কিনা।

**ডঃ অশোক মিত্র :** এইসব ব্যাপারে আমরা সব সময় ভাবনাচিন্তা করি। আমি অনুরোধ করব এইসব ব্যাপারে উনি আমার ঘরে এসে যদি কোনও পরামর্শ থাকে সেটা দেন তাহলে আমরা শ্রদ্ধার সঙ্গে সেটা গ্রহণ করার চেষ্টা করব।

## মেদিনীপুরের বাজকুল মিলনী মহাবিদ্যালয়

***২২২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬২।) শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** শিক্ষা

(উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বাজকুল মিলনী মহাবিদ্যালয় কি গভর্নমেন্ট স্পনসর্ড;

(খ) স্পনসর্ড হইলে, ঐ মহাবিদ্যালয়কে কোন খাতে কত টাকা করিয়া বার্ষিক সাহায্য দেওয়া হয়;

(গ) কিসের ভিত্তিতে মহাবিদ্যালয়সমূহকে আর্থিক সাহায্য দেওয়া হয়;

(ঘ) ঐ মহাবিদ্যালয়ের ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮ এই তিন বৎসরের অডিট রিপোর্ট সরকারি দপ্তরে পৌছাইয়াছে কি; এবং

(ঙ) ইহা কি সত্য যে, ঐ মহাবিদ্যালয়কে ১৯৭৮-৭৯ সালে রসায়ন, গণিত, ইংরাজি ও সংস্কৃত অনার্স খুলিবার অনুমতি দেওয়া হইবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) শিক্ষক ও শিক্ষাকর্মীদের কলেজ স্কেলে বেতন এবং সরকারের নির্ধারিত অনুযায়ী অন্যান্য অনুমোদিত খরচে ঘাটতি বাবদ অনুদান দেওয়া হয়। ইহা ছাড়া শিক্ষকদের নতুন ইউ. জি. সি. স্কেল ও কলেজ স্কেলের পার্থক্যের জন্য, শিক্ষকদের সরকারি দুর্মূল্য ভাতার জন্য এবং শিক্ষাকর্মীদের সরকারি দুর্মূল্যভাতা, বাড়িভাড়া ও চিকিৎসা ভাতার জন্য সরকারি অনুদান দেওয়া হয়। এই সকল খরচের জন্য কোনও নির্দিষ্ট অনুদান ধার্য করা নাই।

(গ) অডিট রিপোর্ট, ব্যয়ের প্রমাণপত্র, ইত্যাদির ভিত্তিতে আর্থিক সাহায্য দেওয়া হয়।

(ঘ) ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭-এর অডিট রিপোর্ট পাওয়া গিয়াছে। ১৯৭৭-৭৮-এর অডিট রিপোর্ট এখনও সরকারি দপ্তরে পৌছায় নাই।

(ঙ) ঐ মহাবিদ্যালয়ে রসায়ন, গণিত ও সংস্কৃতে অনার্স খুলিবার প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে ইংরাজিতে অনার্স খুলিবার কোনও প্রস্তাব এখন নেই।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৭৮-৭৯ সালে ঐ মহাবিদ্যালয়ে রসায়ন, গণিত এবং সংস্কৃতে অনার্স খুলিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। ১৯৭৯-৮০ সালের মধ্যে কি অনার্স খোলা সম্ভব হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমরা এই সম্পর্কে আগেই বলেছি গত বছর লক্ষ্য করেছি ডিগ্রী কোর্সে যে সংখ্যক ছাত্র ভর্তি হয়েছে তার উপর ভিত্তি করে অনার্স খুলতে সাহস করিনি। কারণ বিভিন্ন কলেজে গড়ে ১০ থেকে ১৫ জন ছাত্র ভর্তি হয়েছিল। আমরা আশা

করছি এই বছর ডিগ্রি কোর্সে হয়ত তার চেয়ে বেশি সংখ্যক ছাত্র ভর্তি হবে। সুতরাং ছাত্র ভর্তির উপর নির্ভর করে আমরা কোন কোন বিষয়ে বিভিন্ন কলেজে অনার্স দেব সেটা স্থির করব। সুতরাং সমস্ত কিছু লক্ষ্য করে তারপরে বিবেচনা করব।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** আপনি বললেন মিলনী মহাবিদ্যালয়ে রসায়ন, গণিত, সংস্কৃতে অনার্স খোলবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। ১৯৮০ সালের মধ্যে কি এই বিবেচনা ফলপ্রসূ হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** আপনার প্রশ্নের উত্তর দিয়েছি বিবেচনাধীন আছে। এর অর্থ হচ্ছে এই বছর কি করম ছাত্র ভর্তি হয় বিভিন্ন কলেজে বিজ্ঞান ও অন্যান্য বিভাগে তার উপর নির্ভর করে আমরা সিদ্ধান্ত গ্রহণ করব। সেইজন্য এখনি প্রস্তাব গ্রহণ না করে বিবেচনাধীন রাখা হয়েছে। কারণ গত বছর বিভিন্ন কলেজে ছাত্র ভর্তি অত্যন্ত অল্প দেখেছি সামনের বছর ছাত্র ভর্তির সংখ্যা দেখে আমরা সিদ্ধান্ত গ্রহণ করব।

**বন্যা-ক্ষতিগ্রস্ত সরকারি কর্মচারিদের সি ডি এস-এর টাকা ফেরত**

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৪।) **শ্রী নবকুমার রায় :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যাবিধ্বস্ত এলাকার ক্ষতিগ্রস্ত সরকারি কর্মচারিদের সি ডি এস-এর কেটে রাখা অর্থ ফেরত দেওয়ার জন্য ভারত সরকার কোনও আদেশ দিয়েছেন কি; এবং

(খ) উক্ত অর্থ ফেরত দিবার ব্যবস্থাকে ত্বরান্বিত করার জন্য রাজ্য সরকার কি কোনও আদেশ দিয়াছেন?

**ডঃ অশোক মিত্র :**

(ক) হ্যাঁ। এ বিষয়ে ভারত সরকারের সর্বপ্রথম নির্দেশ তাঁদের অর্থ দপ্তরের ১৮-৯-৭৮ তারিখের পত্র মারফৎ রাজ্য সরকারে গৃহীত হয়।

(খ) ইতিমধ্যে রাজ্য অর্থ দপ্তরের ৪টি পরিপত্রের (সার্কুলার) মাধ্যমে বন্যায় ক্ষতিগ্রস্ত রাজ্য সরকারি কর্মচারিদের সি. ডি. এস-এর টাকা ফেরত দেবার ব্যবস্থাকে ত্বরান্বিত করার জন্য রাজ্য সরকারের সমস্ত বিভাগ ও শাখাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আজ পর্যন্ত সি. ডি. এস.এর কত টাকা ফেরত দেওয়া হয়েছে বলবেন কি?

**ডঃ অশোক মিত্র :** আজ পর্যন্ত বোধ হয় ২০ হাজার ২৬৮ জন কর্মচারীকে এই টাকা ফেরত দেওয়া হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত সরকারি কর্মচারিরা ৩১শে জানুয়ারি পর্যন্ত যে টাকা ফেরত পেয়েছেন তার হিসাব হল এই—আসল ২৩ লক্ষ ৬৭ হাজার ৩১.৮৭ টাকা, আর সুদ হিসাবে পেয়েছেন ৩ লক্ষ ৪৪ হাজার ৩৮১.১১ টাকা। সব মিলিয়ে ২৭ লক্ষ

১১ হাজার ৪১২.৯৮ টাকা।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন কতকগুলি ক্ষেত্রে এখন পর্যন্ত টাকা ফেরত দেওয়া হয়নি, ডিসিসন পেন্ডিং আছে?

**ডঃ অশোক মিত্র ঃ** খুব বেশি পড়ে নেই। আপনি যদি এটা জানতে চান তাহলে আলাদা করে আমার ঘরে একদিন আসুন, আমি দেখিয়ে দেব। এই মুহূর্তে এটা আমার কাছে নেই।

[2-00—2-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী রজনীকান্ত দোলুই, মোহম্মদ সোহরাব, কিরণময় নন্দ এবং হরিপদ জানা (ভগবানপুর) এদের কাছ থেকে চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম মুলতুবি প্রস্তাবে শ্রী দোলুই নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধিতে জনসাধারণের দুর্দশার কথা আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি এমন জরুরি নয় যার জন্য সভার কাজ মুলতুবি রাখা যেতে পারে। তাছাড়া প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। দ্বিতীয় প্রস্তাবে শ্রী সোহরাব স্বাস্থ্য দপ্তরে দুর্নীতি ও অযোগ্যতার কথা আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি সাম্প্রতিক কোনও ঘটনা নয়। তাছাড়া সদস্য মহাশয় বাজেট বিতর্কের সময় এ সম্পর্কে আলোচনা করার যথেষ্ট সুযোগ পাবেন। তৃতীয় ও চতুর্থ প্রস্তাব দুটিতে শ্রী নন্দ ও শ্রী জানা যথাক্রমে পশ্চিমবঙ্গে রাজনৈতিক কর্মীদের উপর হামলা সম্পর্কে এবং মেদিনীপুর জেলার ভগবানপুর থানার কিছু দুর্বৃত্তের বে-আইনি কার্যকলাপ সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। উভয় ঘটনাই আইনশৃঙ্খলার সঙ্গে জড়িত, প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। উপরোক্ত কারণে আমি চারটি মুলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যরা ইচ্ছা করলে মুলতুবি প্রস্তাবগুলি পড়তে পারেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখতে চাইছেন। বিষয়টি হল ঃ "পশ্চিমবঙ্গের সর্বত্রই নিত্য ব্যবহার্য জিনিসের দাম বেড়ে চলেছে। আন্তর্জাতিক শিশুবর্ষে বিস্কুট, চকোলেট ও চুইঙ্গামের দামও যথেষ্ট পরিমাণে বাড়িয়েছেন। মানুষের নিত্য প্রয়োজনীয় প্রতিটি জিনিসের অগ্নিমূল্য, সারা পশ্চিমবঙ্গের মানুষকে আজ এক অতীব ভয়াবহ অবস্থার মধ্যে ফেলেছে।" স্যার, এখানে আমি গ্রামাঞ্চলের কথা বলেছিলাম কিন্তু আপনি বাদ দিয়ে দিয়েছেন, কাজেই সেগুলি পড়তে পারা যাবে না। স্যার, আমি দামও দিয়ে দিয়েছিলাম। আমি বলেছিলাম কেরোসিন দু'টাকা লিটার হিসাবে বিক্রি হচ্ছে। পেস্ট কিনতে গেলে এক টাকা বেশি দিতে হচ্ছে। সানলাইট সাবানগুলি দু'টাকা করে বিক্রি হচ্ছে। স্যার, এসব কথা আমরা এখানে আলোচনা করব, না কোথায় করব বলুন?

(ভয়েস ঃ লোকসভায় বলুন)

লোকসভায় কেন, এখানেই বলতে হবে। স্যার, অন্তত মাননীয় মুখ্যমন্ত্রী বা খাদ্যমন্ত্রী

হাউসে একটা স্টেটমেন্ট করুন।

**মিঃ স্পিকার ঃ** আপনার রিকোয়েস্ট রেখে চিফ মিনিস্টারকে রিকোয়েস্ট করে বলে পাঠাচ্ছি।

**শ্রী মহম্মদ সোহরব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারনের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ "বর্তমান সরকার শাসন ক্ষমতায় আসার পর সরকারের বিভিন্ন দপ্তরের দুর্নীতি, অপশাসন ও অযোগ্যতা বৃদ্ধি পেয়েছে। রাজ্য সরকারের সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স থেকে কোটি কোটি টাকার ঔষধ বিভিন্ন হাসপাতালে পাঠানো হয় এবং এই সমস্ত ঔষধ বিভিন্ন সংস্থা সরবরাহ করে। গত কয়েকমাসে এই সমস্ত সরবরাহকৃত ঔষধের মধ্যে কয়েক কোটি টাকার ঔষধ সরকারি নির্দেশেই ব্যবহারের অযোগ্য বলে ঘোষিত হওয়া সত্ত্বেও উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশে ঐ সমস্ত ঔষধ নির্মাণ সংস্থাগুলির কাছ থেকেও লক্ষ লক্ষ টাকার ঔষধ কেনা হচ্ছে।"

**শ্রী কিরণময় নন্দ ঃ** স্যার, পশ্চিমবাংলায় আবার স্বৈরতন্ত্র মাথা চাড়া দিয়ে উঠছে। রাজনৈতিক কর্মীদের ফিরে পাওয়া গণতান্ত্রিক অধিকারগুলির উপর হামলা শুরু হয়েছে। বিভিন্ন স্থানে জনতা দলের কর্মীদের উপর সি. পি. আই. এম. উৎপীড়ন করে বিরোধী দলগুলির প্রচার, জনসভা প্রভৃতি বন্ধ করে দিতে চাইছে। মেদিনীপুর জেলার ইটাবেড়িয়া গ্রামপঞ্চায়েতে জনতা দলের কর্মী শ্রী দুর্গাপদ ভট্টাচার্যকে রাস্তার উপর কয়েক ঘন্টা আটক রেখে তার উপর দৈহিক নির্যাতন করা হয়। তার অপরাধ তিনি ঐ অঞ্চলের সি. পি. আই.(এম)-এর কিছু কীর্তি 'বজরপুরের কাহিনী' নামক প্রচারপত্রের মাধ্যমে বিলি করেছিলেন। পুরুলিয়ার এক জনতা কর্মী নিমাই কর্মকার জনসভায় প্রচার করার সময় সি. পি. এম.এর কর্মীদের আক্রমণে সাংঘাতিকভাবে জখম হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা ঃ —

১। ২৪-২-৭৯ তারিখে বর্ধমান শহরে ছাত্রদের উপর সমাজ বিরোধীদের হামলা—শ্রী সুনীল বসু রায়

২। কলকাতায় যানবাহনের অনিশ্চয়তা—শ্রী রজনীকান্ত দোলুই

৩। নিত্য ব্যবহার্য জিনিসপত্রের মূল্যবৃদ্ধি রোধে ব্যবস্থা—শ্রী রজনীকান্ত দোলুই

৪। বাতিল ঔষধ সরকার কর্তৃক ক্রয় ও ব্যবহারের অভিযোগ—শ্রী রজনীকান্ত দোলুই ও শ্রী হাবিবুর রহমান

৫। বর্ধমানে দুই দল ছাত্রের সংঘর্ষে ছাত্র আহত, মেডিক্যাল কলেজ বন্ধ—শ্রী রজনীকান্ত দোলুই ও শ্রী মহঃ সোহরাব

৬। ব্যান্ডেল—দেবানন্দপুর রাস্তায় বিবাহিতা যুবতী হত্যা—শ্রী মহঃ সোহরাব

৭। কেশব সেন স্ট্রিটের ফুটপাথে জনৈক অসীম দাস নামক যুবকের মাথায় গুলি—শ্রী মহঃ সোহরাব

৮। প্রফুল্লচন্দ্র সেন ও জনতা কর্মীর পুরুলিয়ার জনসভায় আক্রান্ত হওয়ার ঘটনা—শ্রী কিরণময় নন্দ

৯। Attack on the house of one Shri Salil Das Pattyanaik of Village Porulda, P.S., Belda, Dist.-Midnapore—Shri Pradyot Kumar Mahanti

10. Reign of terror at Porulda in Belda P.S., Dist.-Purulia—Shri Krishnadas Roy.

11. Reported attack on taxi drivers—Shri Anil Mukherjee

12. Taxi Strike in Calcutta—Shri Amalendra Roy.

আমি ছাত্র সংঘর্ষের বিষয়ের উপর শ্রী সুনীল বসু রায়, শ্রী রজনীকান্ত দোলুই, শ্রী মহঃ সোহরাব এবং শ্রী অনিল মুখার্জি কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** এই সম্পর্কে চিফ মিনিস্টার ৯ই মার্চ স্টেটমেন্ট দেবেন।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই কথা বলতে চাই, আপনি জানেন যে এটা একটা আন্তর্জাতিক শিশুবর্ষ এবং এই সময়ে সারা পৃথিবীর বিভিন্ন প্রতিষ্ঠান শিশুদের কায়িক, শারীরিক এবং মানসিক উন্নতির জন্য নানা রকম প্রচেষ্টা করছেন। আমাদের পশ্চিমবাংলায় আমি কাগজে দেখেছি যে মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভার প্রসঙ্গে শিশুমেলার উদ্বোধন করেছেন এবং এই উদ্বোধন করেছেন একটা ফানুস উড়িয়ে। আমরা তাঁর ছবি দেখলাম চিত্রাঙ্কণরত হাসিমুখ এক শিশুর পাশে স্নেহসিক্ত মেয়ের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঠিক সেই সময়ে পশ্চিমবঙ্গের একটা বিশেষ স্থানে প্রতিদিন অসংখ্য শিশু অকাল মৃত্যু বরণ করছে। খাদ্যের অভাবে, চিকিৎসার অভাবে এই অবস্থা ঘটছে। আরও দুঃখের কথা, আন্তর্জাতিক সেবা প্রতিষ্ঠান ডেড ক্রস ঐ শিশুদের জন্য বিশেষ করে ঐ অঞ্চলে যেতে চেয়েছিল খাদ্য নিয়ে, ঔষধ নিয়ে কিন্তু তাঁদের যেতে দেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, হয়ত এমন হতে পারে ঐ শিশুদের পিতামাতা কারও কারও চোখে অপরাধী কিন্তু শিশুরা নিষ্পাপ, তাদের কোনও অপরাধ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, অনেকের হয়ত অভিপ্রায় এই শিশুদের পিতামাতা এখান থেকে চলে যান। কিন্তু সেই বন্ধুদের এটাও কি অভিপ্রায় যে যাঁরা চলে যাবে তাঁদের শিশু সন্তানদের সঙ্গে নিয়ে যেতে পারবে না, তাদের মৃতদেহ সেখানে শায়িত রেখে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এমন একটা শিশু হত্যাকাণ্ড কোনও সভ্য সরকার সংগঠিত করতে পারে না। তাই, আপনার কাছে প্রার্থনা জানাচ্ছি এবং প্রতিকার চাইছি।

[2-10—2-20 P.M.]

## MENTION CASES

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে বসে বসে একটা চিঠি পেলাম, খুব একটা মারাত্মক ঘটনা। গণআদালত—দু-হাজার টাকা জরিমানা দিতে পারেনি বলে একজনের এক বিঘা জমি সি. পি. এম. রেজিষ্ট্রি করে নিয়েছে, একাধিক মানুষ এই ব্যাপারে একটা মাস পিটিশন করেছে। নাহারগুদা গ্রামে এই জিনিস হয়েছে, পি. এস.—বেলদা, জেলা—মেদিনীপুর। তারা একটা মাস পিটিশন দিয়েছে। এখানে আইনমন্ত্রী আছেন, তিনি তো সম্প্রতি মেদিনীপুর ঘুরে এসেছেন, তিনিই এই বেআইনি গণআদালতগুলোতে উৎসাহ জানিয়ে এসেছেন কি না জানি না। সভ্য দেশে এই জিনিস কি করে চলতে পারে বুঝতে পারছি না। মুন্সেফ কোর্টে কেস করেছে, কেস নং হচ্ছে—মুন্সিফ কোর্ট কেস নং ৬৬ অব ১৯৭৭, কিন্তু এখানে দেখছি ওকে ধরে একটা বেড়ার মধ্যে বন্দি করে প্রচণ্ড মারধোর করেছে। আমি আপনার মাধ্যমে, মন্ত্রী সভার কাছে অনুরোধ জানাচ্ছি, যাতে এই ব্যাপারে সদিচ্ছা প্রণোদিত হয়ে তদন্ত করা হয় এবং প্রকৃত তথ্য জনসমক্ষে উদ্‌ঘাটিত করা হয়।

**মিঃ স্পিকার ঃ** এই ব্যাপারটা তো মেনশন আওয়ারে বলতে পারতেন।

**শ্রী ছেদিলাল সিং ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুট নং ১২, ১২এ, ১২বি-এ শ্রমিকরা বোনাস এবং অন্যান্য দাবি-দাওয়া নিয়ে গত ৩রা ফেব্রুয়ারি থেকে স্ট্রাইক করে আসছে। এই একটা রুটের লক্ষ লক্ষ মানুষ এর ফলে একটা অসহনীয় অবস্থার মধ্যে পড়েছে, কারণ এই এলাকায় আর অন্য কোনও যানবাহনের ব্যবস্থা নেই। ফলে দুর্ভোগ ভোগ করছে। সেইজন্য এই ব্যাপারে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই পরিস্থিতির মীমাংসা হয় ঐ এলাকার যাত্রী সাধারণের এই দুর্ভোগের নিরশন হয়।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসায় সাধারণ মানুষ আশা করেছে যে অন্তত প্রশাসন থেকে কিছু দুর্নীতি চলে যাবে। এবং এই পশ্চিমবাংলায় বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র এবং হসপিটাল থেকে যে ওষুধ পাচার হয় এবং দীর্ঘদিন ধরে দেখছি হসপিটাল এবং হেল্থ সেন্টারের ওষুধ চোরাবাজারে পাচার হয়ে বিক্রি হয় এবং এটা এখনও চলছে। বিশেষ করে আমি বাঁকুড়া জেলায় দেখেছি বা বিভিন্ন যে সব অভিযোগ পেয়েছি, তাতে উপলব্ধি করছি যে এই জিনিস এখনও চলছে। বাইরে যাতে এইরকমভাবে পাচার হয়ে গিয়ে বিক্রি না হয়, তার প্রতিরোধ করার জন্য একটা সেল গঠন করুন এবং

এটা ধরবার ব্যবস্থা করুন। একটা চেকিং এর ব্যবস্থা করুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কয়েক সপ্তাহ হল হাওড়া স্টেশনে, শিয়ালদহ স্টেশনে, ডায়মণ্ডহারবার স্টেশনে, লক্ষ্মীকান্তপুর স্টেশনে, বারাসত স্টেশনে প্রায় ২৩০টি ওয়াগান চাল ট্রেডাররা আটক করে রেখেছে।

স্টেটসম্যান পত্রিকাতেও এই সংবাদ বেরিয়েছে গত শনিবারে। আমি বিষয়টির প্রতি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, বিপুল পরিমাণ চাল এইভাবে আটকে পড়ে থাকার ফলে চালের মূল্য বৃদ্ধি পাবে। আমি তাই এই সমস্ত ব্যবসায়ীদের প্রতি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঞ্চানন দিগপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে আমি হাউসে উল্লেখ করছি এবং বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

কয়েক বছর আগে আরামবাগ মহকুমা হাসপাতালটি স্থাপিত হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় সেখানে কয়েকবার গিয়েছেন। এই হাসপাতালের বেডের সংখ্যা ২৫০, কিন্তু সাধারণত সেখানে ৪০০-৪৫০ রোগী থাকে। সেখানে একজন মাত্র মেডিসিনের ডাক্তার আছে, সেখানে আরও একজন ডাক্তার প্রয়োজন। এই অঞ্চল ছাড়াও বিভিন্ন জেলা থেকে, মেদিনীপুর, বাঁকুড়া এবং বর্ধমান জেলা থেকেও রোগীরা এখানে আসে। এখানে অপারেশনের সার্জেনও মাত্র একজন আছেন, সেখানে আরও একজন সার্জেন বিশেষ করেই দরকার। এছাড়াও এখানে অধিকাংশ সময় লোড শেডিং থাকে, একটি জেনারেটর যাতে সেখানে যায় তার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি। তারপর রোগীদের বিছানাপত্র সেখানে সব নষ্ট হয়ে গেছে, যাতে সেখানে কিছু বিছানা পাঠিয়ে দেওয়া হয় তার জন্যও আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। পরিশেষে আমি বলব যে, এই হাসপাতালে ওষুধপত্রও খুব কম আছে, অধিকাংশ ওষুধ রোগীদের বাইরে থেকে কিনে নিতে হয়। যাতে সেখানে বেশ কিছু পরিমাণ ওষুধ সরকারবাহাদুর পাঠাবার ব্যবস্থা করেন তার জন্যও আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আমার বক্তব্যও শেষ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এখন গ্রামাঞ্চলে কেরোসিন তেল এবং ডিজেল নেই বললেই চলে, কোথাও পাওয়া যাচ্ছে না, যদি বা কোথাও পাওয়া যাচ্ছে তো সেখানে লিটার প্রতি ৩ টাকা বা ৪ টাকা দাম চাওয়া হচ্ছে, ফলে লোকেদের জীবন-যাত্রার যেরকম অসুবিধা হচ্ছে, সেরকম আবার কৃষি ক্ষেত্রে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। কয়েক দিন ধরে ডিজেলের অভাবে সমস্ত পাম্প সেটগুলি বন্ধ হয়ে আছে এবং ধানের জমি সব শুকিয়ে যাচ্ছে। সেন্ট্রাল গভর্নমেন্টের বাজেটের ফলে কিছু ট্যাক্স বাড়তে পারে, কিন্তু সে তো এপ্রিল মাস থেকে, এখনই সাপ্লাই বন্ধ থাকবে কেন? এটা কখনই হতে পারে না এবং দাম ৩ টাকা সাড়ে তিন টাকা চাইবে, এটাও হতে পারে না। এই বিষয়টির প্রতি বিভাগীয় মন্ত্রী

মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, সস্তা দামে চাষীদের মধ্যে যাতে কেরোসিন তেল এবং ডিজেল সরবরাহ করা যায় তার ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য বিভাগে কি ধরনের দুর্নীতি চলছে এবং সেখানে কি ধরনের অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হয়েছে সে সম্পর্কে আমি হাউসের এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষের জীবন নিয়ে যেখানে সমস্যা সেখানে মানুষের জীবন নিয়ে আমাদের স্বাস্থ্যমন্ত্রী খেলা করছেন। আমরা দেখছি অযোগ্য বলে বিবেচিত ওষুধ হাসপাতালে পাঠানো হচ্ছে। বহু লক্ষ টাকার ওষুধ অযোগ্য বলে বিবেচিত হবার পরও যে সমস্ত কোম্পানি ঐসব ওষুধ সাপ্লাই করেছিল তাদের আবার ওষুধ সাপ্লাই দেবার জন্য অর্ডার দেওয়া হচ্ছে। একজন প্রাক্তন মহারাজের কোম্পানির বহু অযোগ্য ওষুধে ছাতা পড়ে যাচ্ছে, অথচ তাকে আজকে ব্ল্যাক-লিস্টেড না করে আবার অর্ডার দেওয়া হচ্ছে। এইরকম বহু দুর্নীতি স্বাস্থ্য দপ্তরে চলছে। আজকের খবরের কাগজেও বেরিয়েছে এই সব দুর্নীতির সংবাদ এবং ওখানে টাকা পয়সারও নাকি লেন-দেন চলছে। তাই আপনার মাধ্যমে আমি এ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর একটি বিবৃতি দাবি করছি এবং তাঁর কাছে আবেদন জানাচ্ছি যে, তিনি বলুন ঐ প্রাক্তন মহারাজ কে এবং কেন তাকে অযোগ্য ওষুধ দেওয়া সত্ত্বেও আবার অর্ডার দেওয়া হচ্ছে?

এবং কিছু কিছু বাতিল হওয়া ওষুধ সরবরাহ করা হচ্ছে। সেন্ট্রাল মেডিক্যাল স্টোরে যেসব ওষুধ নষ্ট হয়ে গেছে সেসব সরবরাহ করা হচ্ছে। এ বিষয়ে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছ থেকে বিবৃতি আশা করি।

[2-20—2-30 P.M.]

**শ্রী রাজকুমার মণ্ডল ঃ** স্যার, প্রেমচাঁদ জুটমিলে প্রায় সাড়ে চার হাজার শ্রমিক কাজ করত, ২ বছর হল সেটা বন্ধ হয়ে আছে, কারখানার মালিকের এটা চালু করবার কোনও চেষ্টা নেই বলে শ্রমিকরা অশেষ দুঃখ-কষ্টের মধ্যে দিন যাপন করছে। তাই অনুরোধ করছি সরকার যাতে শীঘ্র এই কারখানা অধিগ্রহণ করে চালু করার চেষ্টা করেন তাহলে শ্রমিকরা কাজ পায় এবং তাদের দুঃখ-দুর্দশাও দূর হয়।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** স্যার, বর্ধমান জেলার কেতুগ্রাম থানায় গঙ্গাটিকুরির ঘটনাকে কেন্দ্র করে কিছু কিছু কংগ্রেসি এবং কাগজওয়ালারা সি. পি. এম.এর নামে যে অপবাদ ছড়াচ্ছে তার প্রতিবাদে আমি কিছু বলতে চাই। সেখানে ২৫-২-৭৯ তারিখে কংগ্রেস(ই)) প্রভাকর মণ্ডল এবং তার কিছু চেলাচামুণ্ডারা সেখানে অনশন করেছিলেন, কিন্তু তাদের ঘরোয়া বিবাদের জন্য নিজেদের মধ্যে গোলমাল করে প্যান্ডেল নষ্ট করে দিয়ে আমাদের নামে দো' চাপাচ্ছে, এর বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১২+২ উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম চালু হবার পরে পশ্চিমবাংলায় জয়েন্ট

এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে রাজ্যের ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে ভর্তির ব্যবস্থা করা হয়েছে তাতে একাদশ শ্রেণী বা তার সমতুল পরীক্ষায় পাশ যারা করেছে তারা কোন পরীক্ষা দিতে পারছে না অথচ অন্যান্য রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের পরিচালনায় যে সমস্ত আই. আই. টি. আছে যেমন মাদ্রাজ, কানপুর, খড়গপুর, প্রভৃতি তারা সেখানে একাদশ শ্রেণী বা সমতুল ছেলেদের পরীক্ষা দেবার সুযোগ দিচ্ছে। ঠিক একই অবস্থা মেডিক্যাল কলেজে ভর্তির ব্যাপারেও দেখা দিয়েছে। তাই আপনার মাধ্যমে আবেদন করছি যেসব ছাত্র একাদশ শ্রেণী বা তার সমতুল পাশ করেছে তারা যাতে রাজ্যের ইঞ্জিনিয়ারিং ও মেডিক্যাল কলেজে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দেবার সুযোগ পায় তার ব্যবস্থা আপনি করুন।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্যার, হাওড়া জেলার পাঁচলা ব্লকে নানারকম সরকারি উন্নয়নের কাজ বন্ধ হয়ে আছে, উদাহরণ স্বরূপ সি. এম. ডি. এ. ঐ এলাকায় রাস্তা বা জল সরবরাহের কাজ অর্ধ সমাপ্ত করে ফেলে রেখে দিয়েছে। ইরিগেশন ডিপার্টমেন্ট কানানদীর উপর যে বাঁধ করছিল সেটাও অর্ধ সমাপ্ত অবস্থায় ইরিগেশন ডিপার্টমেন্টের কন্ট্রাক্টররা ফেলে রেখে দিয়ে চলে গেছে, স্বাস্থ্য বিভাগের থেকে সেখানে দুটো হাসপাতাল উদ্বোধন করা হল কিন্তু ইন্ডোর খুলছে না।

বিদ্যুৎ বিভাগের টাকা মঞ্জুর হওয়া সত্ত্বেও সেখানে কাজ হচ্ছে না। আর. টি. এ. থেকে ৬৯/৬২ মঞ্জুর করা সত্ত্বেও আজ পর্যন্ত বাস মঞ্জুর হল না।

**শ্রী হবিবুর রহমান ঃ** স্যার, আপনার মাধ্যমে বারবার সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও সি. পি. এম.এর নির্যাতন বেড়েই চলেছে। আপনার মাধ্যমে আরেকটি দুঃখজনক ঘটনার উল্লেখ করছি। মেদিনীপুর জেলার দাঁতন দু'নম্বর ব্লকে মুরুণ্ডা গ্রামের একজন গরিব চাষী গত ২৭-২-৭৯ তারিখে সকাল ৮-৯টায় ঐ গ্রামেরই একজন কংগ্রেসি সলিলবাবুর কাছে জানান যে সে দীর্ঘদিন ধরে একটা জমি বর্গাচাষ করে আসছে কিন্তু সেইদিন সি. পি. এম.-এর লোকেরা জোরপূর্বক সেই জমি নিয়ে নিয়েছে। সলিলবাবু গ্রামের কয়েকজন লোক নিয়ে সেখানে যান এবং যাঁরা জোরপূর্বক চাষ করছিল তাদের বিরত হতে বলেন। কিন্তু তারা সলিলবাবুকে অশালীন ভাষায় গালাগালি করে এবং লাঠি, সড়কি এবং সাইকেলের চেন দিয়ে মারধোর করেন, তাঁরা যখন দেবমন্দিরে বসে সভা করছিলেন তখন কিছুক্ষণের মধ্যেই গ্রামসভার প্রধান ২০০০ জনতা লাঠি, সড়কি, বল্লম ইত্যাদি নিয়ে তাদের আক্রমণ করায় তারা সেখান থেকে ভয়ে পালিয়ে যায়, শুধু তাই নয় সলিলবাবু এবং ওখানকার হাইস্কুলের প্রধান শিক্ষক সরোজবাবুকে ঘেরাও করে। সেই স্কুলের ছেলেরা বাধাদান করায় তারা তখন খানিকটা নিরস্ত্র হয়, কিন্তু তারা সেখানকার কংগ্রেসিদের বাড়ি জানালা দরজা এমন কি রান্নাঘর পর্যন্ত ভাঙচুর করে। শুধু তাই নয়, সেখানকার দেবমন্দিরও ভাঙচুর করেছে। এই বিষয়টা থানায় জানানোর পর থানা থেকে লোক সন্ধ্যা ৭টার সময় গ্রামে এলেন কিন্তু যারা ভাঙচুর করল তাদের কিছু না বলে সি. পি. এম. প্রধানের চাপে পড়ে কংগ্রেসিদের গ্রেপ্তার করে। তারা দেবমন্দির ভাঙচুর করল পুলিশ তাদের যদি গ্রেপ্তার না করে তাহলে আমাদের নিরাপত্তা কোথায়?

**মহঃ সোহরাব ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি বিধবা ভদ্রমহিলার করুণ কাহিনী

মুখ্যমন্ত্রীর কাছে পেশ করছি। এটা হচ্ছে বীরেন রায়ের এলাকা মুর্শিদাবাদের নবগ্রামের ব্যাপার। গভর্নমেন্ট ডিউটিতে কোনও এমপ্লয়ী যদি মারা যায় তাহলে তার পরিবারকে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে। এই ভদ্রমহিলার স্বামী একজন প্রাথমিক শিক্ষক ছিলেন তিনি গত নির্বাচনে পোলিং অফিসার হিসাবে ভোটের কাজ করতে গিয়ে ভোটকেন্দ্রেই মারা যান, তাঁর নাম হচ্ছে মনমোহন খামারু, তাঁর স্ত্রী শ্রীমতী শেফালি খামারু এই বিষয় নিয়ে অনেক দরখাস্ত করেছেন—যে দরখাস্ত এ. ডি. এম. ডিপার্টমেন্টে পাঠিয়েছে—কিন্তু আজ পর্যন্ত কোনও কমপেনসেশন তাঁকে দেওয়া হয়নি। আপনার মাধ্যমে এই দরখাস্তটা দিয়ে দিচ্ছি এবং অনুরোধ করছি তাঁকে যেন সত্ত্বর কমপেনসেশন দেওয়া হয়, কেননা গভর্নমেন্টের কাজ করতে গিয়েই তিনি মারা গেছেন।

[2-30—2-40 P.M.]

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং সভার সামনে পেশ করতে চাই। পুরুলিয়াতে আমাদের জনতা দলের নেতা লোকসভার সদস্য মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের একটা জনসভা হওয়ার জন্য জনতা দলের কর্মী নিমাই কর্মকার যখন প্রচার কার্য করতে গিয়েছিলেন সেই সময় সি. পি. এম.এর কর্মীরা এবং তাদের সমর্থকরা তাকে আক্রমণ করে এবং তার প্রচার কার্যে বাধা সৃষ্টি করে। যখন নিমাই কর্মকার তার বিরুদ্ধে প্রতিবাদ করে তাতে সি. পি. এম.এর কর্মীরা তাকে আক্রমণ করে এবং তার মাথায় ডাণ্ডা দিয়ে মারে এবং তার মাথা ফেটে যায় এবং তাকে স্থানীয় হাসপাতালে আশংকাজনক অবস্থায় ভর্তি করা হয়। স্যার, সি. পি. এম.এর অগণতান্ত্রিক কাজে প্রতিবাদ করলে তারা তাদের চিরাচরিত প্রথায় আক্রমণ করে, সেটা ভালই হোক আর মন্দ হোক তাদের মনোমতো না হলেই তারা আক্রমণ করে। আজ গ্রামাঞ্চলে তাদের দৌরাত্ম বেড়েই চলেছে। গ্রামাঞ্চলে তারা নতুন করে বর্গাচাষীর সৃষ্টি করে নানাভাবে অত্যাচার করছে। হিমঘরে আলু রাখার ব্যাপারে বিভিন্ন বিষয়ে সি. পি. এম.এর কর্মীরা এক টাকা করে নিচ্ছে, তারপর পারমিশন দিচ্ছে হিমঘরে আলু রাখার জন্য। এইভাবে তারা সুপরিকল্পিতভাবে অত্যাচার চালিয়ে যাচ্ছে। স্যার, পুরুলিয়ায় প্রফুল্ল সেন মহাশয় বক্তৃতা দেবেন, সেই মিটিং-এ প্রচার কার্যে বাধা দেওয়া হচ্ছে। এইরকম আশ্চর্যজনক ঘটনা যদি পশ্চিমবাংলায় ঘটতে থাকে তাহলে গণতন্ত্র এরা কোথায় নিয়ে যাবে—গণতন্ত্র কিভাবে রক্ষিত হবে? এরই পরিপ্রেক্ষিতে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে এই সি. পি. এম. দস্যুদের উপযুক্ত পানিশমেন্টের ব্যবস্থা করুন, অন্তত একটা তদন্তের ব্যবস্থা করুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে মথুরাপুর থানার নানুয়া গ্রামে সি. পি. এম.এর গুণ্ডারা ৩/৪টি বাড়িতে আগুন লাগিয়ে দেয় এবং একজনকে হত্যা করে। তার ফলে মথুরাপুর থানার পুলিশ সি. পি. এম.এর বিরুদ্ধে তদন্ত করে দু'জনকে অ্যারেস্ট করে। তারপর জয়নগর থেকে সি. পি. এম. নেতা এসে থানার ও.সি.কে তাদের ছেড়ে দিতে বলে। কিন্তু সেই ও.সি. তাদের কথা না শোনার জন্য যে ও.সি. ২৮-

২৯ দিন আগে এই থানায় জয়েন করেছিলেন তাকে এবং থানার সমস্ত লোকদের ট্রান্সফার করে দেন, যেহেতু সি. পি. এম.এর নেতাদের কথা শোনেনি বা না শুনে দু'জনকে অ্যারেস্ট করেছে সেইজন্য তাদের বদলি করে দেওয়া হয়। এইভাবে যদি প্রশাসন চলতে থাকে তাহলে পশ্চিমবাংলায় কোথাও কারও কিছু নিরাপত্তা আছে? আমি মাননীয় হালিম সাহেবকে বলছি তিনি কেন্দ্রকে লিখুন যে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির লোকেরা যদি অপরাধ করে তাহলে সেটা অপরাধ নয়, অন্য কেউ করলে অপরাধ হবে। সেই জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি পুলিশ প্রশাসনকে পার্টির কব্জায় নিয়ে আসবেন না।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় এর আগেও আমি বাস চলাচল সম্বন্ধে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করেছি। স্যার, ৭৯এ, ৭৯বি, ৭৯সি বাস বাড়ানোর কথা বলেছিলাম কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। অবিলম্বে যদি বাস না বাড়ানো হয় তাহলে জনসাধারণের কষ্টের লাঘব হবে না। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের আবার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কয়েকটা দুর্ভাগ্যজনক সংবাদের উপর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে সংবাদ আসছে যে মরিচঝাঁপি থেকে যদি কোনও মানুষ বাহিরে আসে বিশেষ করে যুবক তাহলে তাকে গ্রেপ্তার করা হচ্ছে। স্যার, আমরা এমন কোনও কথা জানি না যে সেখান কোনও বিধি নিষেধ জারি করা হয়েছে—অথচ সংবাদ পাচ্ছি যে রুজিরোজগারের জন্য কিম্বা অন্য কোনও কারণে হোক কেউ যদি সেখান থেকে বাহিরে আসে তাকে গ্রেপ্তার করা হচ্ছে। তারপর মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে অর্থনৈতিক অবরোধ তুলে নেওয়া হয়েছে কিন্তু কার্যত আমরা দেখছি অবরোধ চলছে। আজকে মরিচঝাঁপিতে খাদ্য নিয়ে কেউ যেতে পারে না এবং মানুষ খাদ্য বা অন্য কিছু কিনে নিয়ে যেতে পারে না। সেখানে অবরোধ চলছে। তারপর মাননীয় স্পিকার মহাশয়, আগেই আমি শিশু মৃত্যুর কথা বলেছি—মরিচঝাপিকে কেন্দ্র করে সরকার কি ধরনের নীতি আমাদের রেখেছেন এই কথাই আমি আপনাদের কাছে বলছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমারও মেনশন ঐ হরিপদবাবুর একই মেনশন, আমি শুধু এখানে একটা কথা বলতে চাই যে সুন্দরবনে মরিচঝাঁপিতে মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশশাহী প্রবর্তন করেছেন সেটা যেন তিনি তুলে নেন। এই অনুরোধ আমি করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। যেহেতু আজকে কৃষি বাজেট সেজন্য আমি অনুরোধ করব যেন তিনি তার বক্তব্যে এই সম্পর্কে কিছু বলেন। স্যার, আজকে আলুর দাম পড়ে গিয়েছে সেজন্য পশ্চিমবঙ্গের আলুচাষীরা মাথায় হাত দিয়ে বসে পড়েছে। আজকে মহারাষ্ট্রে সেখানে তুলোর দাম পড়ে যাওয়াতে সেখানে সরকার তুলো চাষীদের সাবসিডি দিচ্ছেন সেই রকম আজকে পশ্চিমবঙ্গে আলুচাষীরা তাদের আলুর দাম পাচ্ছে না এবং সেজন্য তাদের যেন সরকার সাবসিডি দেবার ব্যবস্থা করেন। এই অনুরোধ মন্ত্রী মহাশয়কে করছি।

**মিঃ স্পিকার** : আলু চাষীর ব্যাপার নিয়ে এখানে অনেকবার আলোচনা হয়েছে এবং দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং মেনশনও করা হয়েছে এবং বাজেটে আলোচনা হয়েছে সুতরাং একই ব্যাপার নিয়ে বার বার এই হাউসে উত্থাপন করবেন না।

## Voting on Demands for Grants

### Demand No. 52

**Major Heads** : 305—Agriculture, 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings), and 705—Loans for Agriculture (Excluding Public Undertakings).

**Shri Kamal Kanti Guha** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 56,90,18,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "305—Agriculture, 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings), and 705—Loans for Agriculture (Excluding Public Undertakings)."

### Demand No. 53

**Major Heads** : "306—Minor Irrigation, 307—Soil and Water conservation, 308—Area Development, 506—Capital Outlay on Minor Irrigation, Soil conservation and area Development and 706—Loans for Minor Irrigation, Soil conservation and Area Development."

**Shri Kamal Kanti Guha** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 63,91,72,000/- be granted for expenditure under Demand No. 53, Major Heads : "306—Minor Irrigation, 307—Soil and Water conservation, 308—Area Development, 506—Capital Outlay on Minor Irrigation Soil conservation and Area Development and 706—Loans for Minor Irrigation, Soil conservation and Area Development."

[2-40—2-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই দাবি পেশ করতে চাই যে, মুলখাত ৫২ নম্বর-এর অন্তর্ভুক্ত "৩০৫—কৃষি", ৫০৫—কৃষিখাতে মূলধন বিনিয়োগ (সরকার পরিচালনাধীন সংস্থাসমূহ বাদে), ৭০৫—কৃষিঋণ (সরকার পরিচালনাধীন সংস্থাসমূহ বাদে) বাবদ ব্যয়ের জন্য মোট ৫৬ কোটি ৯০ লক্ষ ১৮ হাজার টাকা এবং মুলখাত ৫৩ নম্বরের অন্তর্ভুক্ত ৩০৬ ক্ষুদ্র সেচ, ৩০৭ ভূমি ও জল সংরক্ষণ, ৩০৮—এলাকা উন্নয়ন, ৫০৬—ক্ষুদ্র সেচ, ভূমি সংরক্ষণ ও এলাকা উন্নয়ন ঋণ বাবদ ব্যয়ের জন্য মোট ৬৩ কোটি ১১ লক্ষ ৭২ হাজার টাকা অর্থাৎ কৃষিখাতে সর্বমোট ১২০ কোটি ৮১ লক্ষ ৯০ হাজার টাকা মঞ্জুর করা হোক। কৃষি সম্পর্কিত যে সকল প্রকল্প ও কার্যক্রম রাজ্য সরকারের

অন্যান্য বিভাগ কর্তৃক রূপায়িত হয়ে থাকে, সেই বাবদ ২৯ কোটি ২৬ লক্ষ ৫ হাজার টাকাও প্রস্তাবিত উপরোক্ত ব্যয় বরাদ্দের অন্তর্ভুক্ত। অধ্যক্ষ মহাশয়, আমি সবটা পড়ছি না, আমার কৃষি দপ্তরের মূল কয়েকটি কথা তুলে ধরছি। কৃষি ক্ষেত্রে ব্যয় বরাদ্দ রাখতে চেয়ে এবং আপনাদের অনুমোদন চাইতে গিয়ে প্রথমেই দেখবেন এর ২ পৃষ্ঠায় আছে, "গ্রাম বাংলার দুর্বলতর কৃষক সম্প্রদায়ের সার্বিক কল্যাণের উদ্দেশ্যে বর্গাদার এবং প্রান্তিক চাষী, যাদের বয়স ৬০ বৎসরের উর্দ্ধে যাঁরা চাষের কাজে অক্ষম হয়ে পড়েছেন, যাঁদের ভরণপোষণ করবার কেউ নেই, আগামী বৎসর থেকে তাঁদের পেনশন দেবার কথা আমরা চিন্তা করছি।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এবার লক্ষ্য করে দেখেছেন যে এই বৎসর বার বার তিনবার বন্যার পর আমাদের কৃষি উৎপাদন বেড়ে গেল। এই ব্যাপারে কৃষক সমাজের জীবনমুখী সংগ্রাম এই উৎপাদনের অন্যতম কারণ। সঙ্গে সঙ্গে সরকারের তরফ থকে সময়মতো সাহায্য পৌঁছে দেওয়া হয়েছে, ঋণ, সার ইত্যাদি। এই প্রচেষ্টার ফলে আজকে উৎপাদন প্রায় গত বৎসরের সমান সংখ্যক হয়ে পড়েছে এবং আমরা মনে করছি এই বন্যা যদি আমাদের সর্বনাশা কারণ না হত তাহলে গত বৎসরে আমাদের উৎপাদন আরও বেড়ে যেত। আমরা কতকগুলি লক্ষ্য স্থির করেছি, ১৯৭৭-৭৮ সালে আউশ, আমন ও বোরো ধান চাষ হয়েছিল ১৩.৮২ লক্ষ হেক্টর অর্থাৎ ৩৪ লক্ষ একর জমিতে।" ১৯৭৭-৭৮ সালে আমন ধানের আওতায় মোট জমির প্রায় এক-পঞ্চমাংশে অধিক ফলনশীল আমন ধানের চাষ হয়ে ছিল। ঐ বছরে আউশ, আমন ও বোরো ধান চাষ হয়েছিল মোট ১৩.৮২ হেক্টর-এ অর্থাৎ ৩৪ লক্ষ একরেরও বেশি জমিতে। অনুকুল আবহাওয়া, কৃষি কর্মীদের উন্নত প্রযুক্তি কৌশল প্রয়োগে অক্লান্ত প্রচেষ্টা এবং কৃষক সম্প্রদায়ের ঐকান্তিক সহযোগিতায় ১৯৭৭-৭৮ সালে এই রাজ্যে মোট ৭৫.১২ লক্ষ টন চাল উৎপাদিত হয়ে এক সর্বকালীন রেকর্ড স্থাপিত হয়। উৎপাদনের এই ধারা অব্যাহত রেখে ১৯৭৯-৮০ সালে ২০ লক্ষ হেক্টরে অধিক ফলনশীল ধান চাষের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। প্রত্যাশিত উৎপাদনের পরিমাণ হবে ৮৩.১৫ লক্ষ টন।" এই ৭ পাতার শেষের দিকে দেখবেন গমের ব্যাপারে বলা হয়েছে, "গত ১০ বৎসরের মধ্যে প্রায় ৭৯ হাজার হেক্টর থেকে ৬ লক্ষ হেক্টর জমিতে অধিক ফলনশীল গমের চাষ প্রসারিত হয়েছে। গমের মোট উৎপাদনও ৭০ হাজার মেট্রিক টন থেকে প্রায় ১২ লক্ষ টনে পৌঁছেছে। এই ১০ বৎসরের মধ্যে হেক্টর প্রতি গড় উৎপাদনের হার ৯ কুইন্টাল থেকে বেড়ে ২১ কুইন্টাল হয়েছে। গমের মোট উৎপাদন আরও বাড়াবার জন্য ১৯৭৯-৮০ সালের জন্য লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৭.৫ লক্ষ হেক্টর জমিতে যার প্রত্যাশিত উৎপাদন হবে প্রায় ১৩ লক্ষ টন।"

আমি মোটামুটি এর সাথে সামঞ্জস্য রেখে আমরা ক্ষুদ্র সেচ এবং সারের ব্যবহার যাতে বাড়ে সেদিকে আমরা লক্ষ্য করেছি, ক্ষুদ্র সেচের দিকে আমরা জোর দিয়েছি এবং এই ক্ষুদ্র সেচের মধ্যে আছে ডীপ টিউবওয়েল, রিভার লিফ্‌ট, শ্যালো টিউবওয়েল, পুষ্করিণী উন্নয়ন এবং অন্যান্য ছোট প্রকল্প, সেই ব্যাপারগুলি আমরা দেখছি। একটা জিনিস আপনারা লক্ষ্য করে দেখবেন আমি যেখানে ১৩ পৃষ্ঠায় প্রথমেই বলেছি, ক্ষুদ্র সেচ, মাইনর ইরিগেশন-এর আগে ৫০ ভাগ কৃষককে দিতে হত, সেটা এবার সরকার ব্যবস্থা করেছেন ৭৫ ভাগ ব্যয়

সরকার বহন করবেন আর ২৫ ভাগ যাঁরা উপকৃত হবেন, তাঁদের দিতে হবে। এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যদের বলছি—আগেকার দিনে আমি বলেছি আলু উৎপাদনের ব্যাপারে, আলু চাষের সমস্যার ব্যাপারে একটা বক্তব্য রেখেছিলাম যে আমরা চেষ্টা করছিলাম—সরকার বিদেশে যে আলু রপ্তানি করবেন সেই আলু যাতে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে কেনেন, সেই ব্যাপারে এখন আমরা নিজেরাও উদ্যোগ করেছি যে সরকারের তরফ থেকে এটা স্থির করেছি, আমরা ১০ হাজার টন আলু ৫০ টাকা কুইন্টাল দরে গ্রাম থেকে চাষীর ঘর থেকে কেনবার। এই প্রসঙ্গে বলে রাখা দরকার যে আমাদের উৎপাদন এতে বেড়ে যাবে এবং এই উৎপাদন বাড়লে, আমাদের এই ধনতান্ত্রিক কাঠামোর ভিতর উৎপাদনকারী কৃষকরা মার খায়, এটা আমরা জানি, সেজন্য আমাদের রাজ্য সরকারের হাতে সেই ধরনের ব্যবস্থা বা অর্থ সঙ্গতি নাই তবুও চেষ্টা করছি যেমন সবেতে ভর্তুকি দেবার ব্যবস্থা করেছি, কিছু সর্ষে কেনবার ব্যবস্থা করেছি ৫০ টাকা দরে, (সর্ষের দাম দু'টাকা কমে গেছে) এবং এখন থেকে আমরা চেষ্টা করছি যাতে যে কোনও শস্য কৃষকের ঘর থেকে কেনা যায়। আপনারা দেখবেন এই বইয়ের মধ্যে বলা আছে যে আমরা বীজ কর্পোরেশন, সীড কর্পোরেশন এই আর্থিক বছর থেকেই চালু করছি এবং এই বীজ কর্পোরেশন আমাদের চালু করার পরে, বীজ হিসাবে আমরা অধিক মূল্য দিয়ে ন্যায্য মূল্য দিয়ে কৃষকের ঘর থেকে অধিক পরিমাণে কেনবার চেষ্টা করব এবং এতে পশ্চিমবঙ্গের কৃষকেরা বীজ হিসাবে কিছুটা বেশি দাম পাবে। সেদিক থেকে পশ্চিমবঙ্গে তাড়াতাড়ি বীজ কর্পোরেশন চালু করবার ব্যবস্থা করার চেষ্টা করছি। আর একটা ব্যাপার—অনেকদিন ধরে পশ্চিমবঙ্গের কৃষক সমাজের পাশে দাঁড়িয়ে কৃষক সমিতিগুলি তাদের অর্থনৈতিক মুক্তির জন্য লড়াই করছে, সেই কৃষক সমাজ এবং কৃষক সমিতিগুলির দাবি ছিল ফসল বিমা চালু করা হোক। আমরা সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাথে অনেক লেখালেখি করে অনুমতি পেয়েছি যে আমরা আমন ফসলে ফসল-বিমা চালু করতে পারব, কিন্তু আমরা কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি আলু, পাট এবং আউসেও যাতে ফসল বিমা চালু করতে পারি, সেজন্যে আমাদের অনুমতি দেওয়া হোক। আমরা আগামী বছর এখানে পরীক্ষামূলকভাবে এখানে তা করার চেষ্টায় আছি, আমাদের সেই ধরনের মেশিনারি নাই এবং যে ধরনের শর্ত আরোপ করা হয়েছে তাতে বিরাট কাঠামো তৈরি করতে হবে এই ফসল বিমা চালু করার জন্য। আমাদের বর্তমানে যে প্রশাসন যন্ত্র রয়েছে, তার ভিতর ফসল বিমা চালু করতে চাই, প্রতি দুটো ব্লকে আপাতত নির্দিষ্ট করে আমরা কাজ শুরু করব এবং পরবর্তী বছর থেকে পশ্চিমবঙ্গের প্রতি ব্লকে আমরা এই ফসল বিমা চালু করে দেব। আমরা আশা করছি কেন্দ্রীয় সরকার অন্যান্য ফসলের ব্যাপারেও আমাদের অনুমতি দেবেন। এবং এই ব্যাপারে ফসল বিমা চালু করার ব্যাপারে কৃষকদের যে ক্ষতি হবে, যে ক্ষতিপূরণ পাবে সেই ক্ষতিপূরণের ২৫ ভাগ রাজ্য সরকার বহন করবেন, এই আশ্বাস আমরা কেন্দ্রীয় সরকারকে দিয়েছি ফসল বিমাতে যে প্রিমিয়াম দিতে হবে কৃষককে তার ২৫ ভাগ রাজ্য সরকার বহন করবেন।

[2-50—3-35 P.M. including adjournment]

বাকি ৫০ ভাগ কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে দেওয়া হবে। অর্থাৎ যে কৃষক কৃষিবিমার আওতায় আসবেন তাঁকে নিজে থেকে কোনও প্রিমিয়াম প্রথমে দিতে হচ্ছে না। এইভাবে আমরা এগোতে চাইছি। ত্রুটি আমাদের আছে। আমরা একথা বলতে পারব না যে ত্রুটিহীনভাবে

আমাদের কাজ চলছে। পশ্চিমবাংলার কৃষি সমস্যা ব্যাপক এবং জটিলতর। বছরের পর বছর শতাব্দী ধরে এই সমস্যা জমা রয়েছে। কিন্তু আমরা বলব নিশ্চয় আমরা ত্রুটিমুক্ত করার চেষ্টা করছি। তা সত্ত্বেও ত্রুটি থেকে যাচ্ছে। আমি সদস্যদের সহযোগিতা আশা করব। আমি আবেদন করব আমাদের পক্ষে যাঁরা আছেন তারা তো করবেনই, বিপক্ষে যাঁরা আছেন তাঁরাও সহযোগিতা করে পশ্চিমবাংলার কৃষি সমস্যাকে দ্রুত সমাধান করতে দেবেন। এবং আমার এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করবেন।

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, ৫৩ নং গ্রান্টে আমাদের কৃষিমন্ত্রী যে দাবি পেশ করেছেন তারই সমর্থনে আমি আপনার মারফৎ মাননীয় সদস্যদের কাছে কয়েকটি কথা উত্থাপিত করতে চাই। সুন্দরবন অনুন্নত এলাকা। তার লোকসংখ্যা ১৯৭১ সালে ছিল ২২ লক্ষের মতো অনুমান করা যায়। এর এলাকার পরিমাণ ৬ লক্ষ স্কোয়ার কিলোমিটার। এইসব নিয়ে অনুন্নত সুন্দরবন গঠিত। এর মধ্যে ৩৫ হাজার কিলোমিটার এমব্যাঙ্কমেন্ট দিয়ে ঘিরে রাখা হয়েছে যাতে সমুদ্রের নোনা জল এর চাষাবাদকে নষ্ট করে দিতে না পারে এবং বর্ষাকালে আকাশ থেকে যে জল সুন্দরবনে পড়ে, তার ৫০ ভাগ জল কৃষিকাজে লাগে এবং ৫০ ভাগ সমুদ্রে চলে যায়। তাই সুন্দরবন অনুন্নত এলাকা এবং দু'দিক দিয়ে পিছিয়ে আছে এবং পশ্চাৎবর্তী এলাকা হিসাবে সুন্দরবন রয়েছে। আমরা জানি আমাদের সরকারের তেমন আর্থিক ক্ষমতা নেই যে, যে টাকা প্রয়োজন তা সরকার খরচ করতে পারবেন। তাই যতটা পারা যায় এর উন্নয়ন কাজে আমাদের সাহায্য করার জন্য কেন্দ্রীয় সরকারকে আমি লিখি এবং কেন্দ্রীয় সরকার তার ইন্ডিয়ান কাউন্সিল ফর এগ্রিকালচারাল রিসার্চ তার লোক পাঠান এবং তাঁরা এসে সেই সব পশ্চাৎবর্তী এলাকায় অনুসন্ধান করেন কিভাবে সাহায্য করা যায়। কেন্দ্রীয় সরকার যে ইন্ডিয়ান কাউন্সিল ফর এগ্রিকালচারাল রিসার্চ অ্যাশোসিয়েশন থেকে লোক পাঠান, তার যে গভর্নিং বডির ডাইরেক্টর জেনারেল ডঃ স্বামীনাথন তিনিও সুন্দরবন পরিদর্শন করেন এবং তারপর আমি তাঁর সঙ্গে আলোচনা করি এবং বলি আপনি তো পরিদর্শন করে গেলেন, সুতরাং সুন্দরবন উন্নয়নের জন্য কিছু ব্যবস্থা করে দিন। তিনি সুন্দরবনের মাটি যেহেতু লবণাক্ত বেশি সেহেতু সেখানে কয়েকটি সেন্টার ওপেন করার প্রতিশ্রুতি দেন এবং নিমপুটে এদের আগে একটা সেন্টার ছিল, আমার অনুরোধের পর সেখানে একটি সেন্টার করেছেন। আমাদের ওখানে ২৭টি বিকাশ কেন্দ্র রয়েছে। তার যে কর্মী বা অফিসার তাদের বৈজ্ঞানিক ব্যাপারে এরা ক্লাশ নেন। এর পরেও তাকে অনুরোধ জানিয়েছি সুন্দরবন উন্নয়নের জন্য শুধু আমাদের অফিসারদের ক্লাশ করলেই হবে না এই এলাকার কৃষকদের ক্লাশ নেওয়া দরকার যাতে তারা বুঝতে পারে কি চাষ করলে এবং সীডস করলে এখানে ভালভাবে ফসল হবে। তাছাড়া, ব্যাপকভাবে যে পোকা-মাকড় যে ফসল নষ্ট করে দেয় তার প্রতিকারের জন্য কৃষি বিজ্ঞান কেন্দ্র খুলতে হবে।

সেই হিসাবে তারা জয়নগরে একটি কৃষি বিজ্ঞান কেন্দ্র খুলেছেন যার সমস্ত খরচ তারা গ্রহণ করেছেন এটা তাঁরা আমাদের চিঠিতে জানিয়েছেন। সেখানে সমস্ত কৃষিজীবী মানুষরা শিক্ষা গ্রহণ করবে তাদের ট্রেনিং-এর ব্যবস্থা করবেন এবং সেখানে একটি ক্লাশ খোলা হয়েছে আরও দুটি ক্লাশ করা হবে। এর পরে আমরা তাঁদেরকে অনুরোধ জানাই যে কাকদ্বীপে একটি কৃষি বিজ্ঞান কেন্দ্র খোলার জন্য যেখানে ৬/৭টি থানা যুক্ত রয়েছে। এই কিছু দিন

আগে আমরা তাদের চিঠি পেয়েছি—তাঁরা রাজি হয়েছেন এবং কাকদ্বীপে কৃষি বিজ্ঞান কেন্দ্র খোলা হবে যেটা কৃষি বিভাগের অন্তর্ভুক্ত থাকবে। এবং তার জন্য তাঁরা জায়গা চেয়েছেন। আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টের সেখানে কিছু জায়গা আছে আরও কিছু জায়গা লাগবে যে জায়গাটি ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে নিতে হবে। অবশ্য আমরা সে ব্যবস্থা করব। এই কাকদ্বীপের এই প্রযুক্তি কৃষি বিজ্ঞান কেন্দ্রে লোকের কৃষি সম্বন্ধে ভাল শিক্ষা হবে এই ভরসা আমরা রাখি। শুধু তাই নয়, তারা আমাদের আবার জানায় যে আমাদের নগদ টাকা দেবার ক্ষমতা নাই। এই সেদিন ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্টকে চিঠি লিখি। সেখানকার প্রেসিডেন্ট এবং প্রোজেক্ট অফিসার ঐ সুন্দরবন দেখে গেছেন। তারপর তাঁরা আমাদের একটা প্রোজেক্ট রিপোর্ট তৈরি করতে বলেন। আমরা ২৪ কোটি টাকার একটা প্রোজেক্ট রিপোর্ট তৈরি করেছি এবং তাদের বলেছি আমাদের এত কোটি কোটি টাকা খরচ করবার ক্ষমতা নেই আপনারা বিভিন্ন জায়গায় এর জন্য অনেক টাকা খরচ করছেন আমাদের এই সুন্দরবনের জন্য আপনাদের সাহায্য করতে হবে। সেখানকার প্রেসিডেন্ট প্রোজেক্ট অফিসার, বাংলাদেশে যাবার সময় সুন্দরবনে গিয়েছিলেন এবং তার সঙ্গে আমাদের কৃষি বিভাগের সচিব শ্রী ঘোষ অন্য একজন সেক্রেটারি ডাঃ লাহিড়ীকে ও অন্যান্য অফিসারদেরও ওঁদের সঙ্গে সেখানে পাঠাই। তারা ২৪ কোটি টাকা দেবে এই কথা বলেছেন। সেখানে একটি কমিটি করা হয়েছে আমি তার চেয়ারম্যান হিসাবে আছি। এই কমিটিতে কৃষি মন্ত্রী আছেন, অ্যানিম্যাল হাসব্যান্ডারী মন্ত্রী, ফিশারিজের মন্ত্রী, বন উন্নয়ন বিভাগের মন্ত্রী আছেন। এই কয়েকজনকে নিয়ে আমি ঐ কমিটি করেছি। আমরা আশা করছি যে এ বছরের মধ্যে আমরা অনেক এক ফসলী জমিকে দু'ফসলী করতে পারব। এবং আমরা চেষ্টা করব ঐ সুন্দরবন অঞ্চলে সুগার মিল করা যায় কিনা। ওখানে মিষ্টি আলুর চাষ হতে পারে। আমরা ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে রিসার্চ অফিসার পাঠিয়েছিলাম। তিনি বলেছেন যে এই চাষের পক্ষে সুন্দরবন ভাল জায়গা এটা এখানে হতে পারে। এছাড়াও আমরা আই. এস. সি.র সঙ্গে পরামর্শ করেছি। তারা বলেছে ঐ সুন্দরবন অঞ্চলে মিষ্টি আলুর চাষ যাতে ভাল হয় তার জন্য সাহায্য দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। সুন্দরবন এলাকার লোনা জল যেখানে সেই সাগর থানা এলাকায় একটা ফ্যাক্টরি করার ব্যাপারে তাঁরা আমাদের সাহায্য করবেন এই প্রতিশ্রুতি তাঁরা আমাদের দিয়েছেন।

আমি আর বিস্তৃতভাবে বলতে চাই না, বাজেট বইতে সব কিছু দেওয়া আছে। আমি শুধু আপনাদের কাছে এইটুকু বলতে চাই ১৯৭২-৭৩ সালে সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠিত হয়। সেই সময় কংগ্রেস গভর্নমেন্ট সুন্দরবন উন্নয়নের জন্য মাত্র ১ লক্ষ টাকা বরাদ্দ করেন এবং ১৯৭৬-৭৭ সালে তারা যখন চলে যান সেই সময় ৬০ লক্ষ টাকা বরাদ্দ করেন। ১৯৭৭ সালে আমরা ক্ষমতায় এসেই রিভাইজড বাজেট তৈরি করি এবং সেই ৬০ লক্ষ টাকাকে বাড়িয়ে ১ কোটি ২০ লক্ষ টাকা করি। এই বছর আমরা সেই টাকাকে আরও বাড়িয়ে ২ কোটি ২০ লক্ষ টাকা করেছি। আগেকার খরচের বিস্তৃত হিসাব যদি আপনারা জানতে চান তাহলে জবাব দেবার সময় আমি সেই হিসাব আপনাদের কাছে পেশ করব। আমি শুধু একটি কথা বলতে চাই আপনারা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ৬টি মাত্র স্লুইস গেট তৈরি করেছিলেন। সেই জায়গায় আমরা ১৯৭৭-৭৮ সালে ৫৫টি স্লুইস গেট

করেছি এবং ১৯৭৮-৭৯ সালে ১০৭টি গ্রহণ করেছি এবং তার মধ্যে ইতিমধ্যেই ৭৯টি হয়েছে, আরও ২৮টি বাকি আছে। আমি স্পিকার মহাশয়ের মারফৎ আপনাদের কাছে অনুরোধ করছি আপনারা এই ২ কোটি ২০ লক্ষ টাকা ব্যয় মঞ্জুরিটি অনুমোদন করবেন এবং এটা করলে আমরা আরও অনেক বেশি কাজ করতে পারব। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। ১৯৭৭-৭৮ সালে আমরা শতকরা ৫০ ভাগ অনুদান দিয়ে ১৮ হাজার কৃষককে সাহায্য করেছি, যার ফলে ৯৯ হাজার ৭ একর জমিতে রবিশস্য দুটি ফসল অন্তত হতে পারছে। ১৯৭৮-৭৯ সালে ৩০ হাজার ২০৩ জন কৃষককে ৫০ শতাংশ হেল্‌প দিয়েছি, যার ফলে ১৪ হাজার ৫৮৫ একর জমিতে দুটি ফসল হতে পারছে। কোন কোন বিষয়ে আমরা কত কি সাহায্য চাষীদের দিয়েছি তার ডিটেলস রিপোর্ট আমার কাছে আছে, আপনারা যদি এই বিষয়ে জানতে চান তাহলে জবাব দেবার সময় এই বিষয়ে বিস্তারিতভাবে বলতে পারব। আশা করি ১৯৭৮-৭৯ সালের জন্য আমি যে ২ কোটি ২০ লক্ষ টাকার বাজেট বরাদ্দ রেখেছি সেটা আপনারা সর্বসম্মতিক্রমে অনুমোদন করবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে মন্ত্রী মহাশয়ের জ্ঞাতার্থে একটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় আজকে একটি খুব ভাল কথা ঘোষণা করেছেন। কাকদ্বীপে একটি কৃষি বিশ্ববিদ্যালয় তৈরি করার কথা বলেছেন। আমি আপনার ইনফর্মেশনের জন্য বলছি রায়দীঘিতে একজন লোক এই কৃষিবিশ্ববিদ্যালয় করার জন্য ১৮ বিঘা জমি ও ৫০ হাজার টাকা দেবেন বলেছেন। আপনি জায়গা খুঁজছেন, অথচ রায়দীঘি হচ্ছে সুন্দরবনের মাঝখানে, কাকদ্বীপ একেবারে ধারে পড়ে যাচ্ছে—কাজেই আপনি যদি রায়দীঘিতে করার কথা চিন্তা করেন তাহলে ১৮ বিঘা জমি ও ৫০ হাজার টাকা পাচ্ছেন। আমার মনে হয় এটা করলেই আপনার সুবিধা হবে, কারণ আপনি জায়গা ও টাকা দুইই পাচ্ছেন।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আবার আমরা ৩-৩৫ মিনিটে মিলিত হব।

[At this stage the House was adjourned till 3-35 p.m.]

(After recess)

[3-35—3-45 P.M.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু আগে যে বক্তব্য রেখেছি সেখানে একটি সংশোধনী আছে, আপনার অনুমতি নিয়ে আমি সেটা বলে দিচ্ছি। ফসল বিমার ব্যাপারে আমি বলেছিলাম রাজ্য সরকার প্রিমিয়ামের ৫০ শতাংশ বহন করবে, কিন্তু ওটা ৫০ শতাংশ হবে না, ওটা হবে ২৫ শতাংশ।

**মিঃ স্পিকার ঃ** সমস্ত ছাঁটাই প্রস্তাব নিয়মানুগ এবং বৈধ এবং যথারীতি উত্থাপিত হয়েছে বলে ধরে নেওয়া হচ্ছে। এখন বিতর্ক।

**Demand No. 52**

**Shri Krishnadas Roy :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Shri A. K. M. Hassan Uzzaman :** —do—

**Shri Shamsuddin Ahmad :** —do—

**Shri Balai Lal Das Mahapatra :** —do—

**Shri Balai Lal Das Mahapatra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

**Demand No. 53**

**Shri A. K. M. Hassan Uzzaman :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Krishnadas Roy :** —do—

**Shri Shamsuddin Ahmad :** —do—

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন সে সম্পর্কে বক্তব্য বলার আগে আমাকে স্বীকার করতেই হচ্ছে অন্তত গ্রামবাংলার প্রতিনিধি হিসাবে যে কৃষক এবং কৃষির সমস্যা নিয়ে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে ভূমিকা করেছেন তার সাথে আমি সম্পূর্ণ একমত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানকার অধিকাংশ লোকই শতকরা ৮০ ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল এবং তাদের অধিকাংশই দারিদ্র্যসীমার নিচে বাস করে। এদের জন্য কিছু করতে হবে এবং সে সম্পর্কে তিনি কিছু চিন্তাভাবনা করছেন সেইজন্য তাঁকে অজস্র ধন্যবাদ দিচ্ছি। আমি তাঁকে প্রথমেই সাধুবাদ জানাই এইজন্য যে তিনি বলেছেন, গ্রামবাংলার দুর্বলতর কৃষক সম্প্রদায়ের সার্বিক কল্যাণের উদ্দেশ্যে বর্গাদার এবং প্রান্তিক চাষী, যাঁদের বয়স ৬০ বৎসরের উর্দ্ধে, যারা চাষের কাজে অক্ষম হয়ে পড়েছেন, যাঁদের ভরণ-পোষণ করবার কেউ নেই, আগামী বছর থেকে তাঁদের পেনশন দেবার কথা চিন্তা করছি।' কিন্তু এই সাথে তাঁকে একটা কথা বলি যে, এখানে বলা হয়েছে, "যাদের ভরণ-পোষণ করার কেউ নেই" এটার জন্য যে কি হবে সেটা বলা মুশকিল, হয়ত এমনও দেখা যাবে যে জেলার মধ্যে ১ জন বা দু'জন পেল। বার্ধক্য ভাতার ক্ষেত্রেও স্যার, আমরা দেখেছি এইরকম কথা আছে যে, যার কেউ কোথাও নেই। স্যার, আমাদের এই পশ্চিমবাংলায় কারুর কেউ কোথায় নেই এমন বিশেষ খুঁজে পাওয়া যায় না—সেখানে হয়ত কারুর ছেলে মেয়ে আছে অথবা মেয়ের ছেলে আছে এই রকম হয়, কেউ না কেউ আছেই। এর ফলে কিন্তু সবাই ফাঁকিতে পড়ে যাবে, কেউ সুযোগ পাবে না বলেই আমাদের মনে হচ্ছে বা আশঙ্কা হচ্ছে। তারপর তিনি বলেছেন, যেটা আমরা অনেককাল থেকে দাবি করে আসছিলাম যে শস্যবিমা চালু করা হচ্ছে। আমি এরজন্য ধন্যবাদ জানাই। তিনি বলেছেন, ১৭টি জেলার প্রতিটির দুটি করে ব্লকে একটা চালু করা হবে। তাহলে দেখা যাচ্ছে মাত্র ৩৪টি ব্লকে এটা

চালু হবে। স্যার, আমাদের ৩৩৫টি ব্লক আছে, সবগুলিতে আগামী বছর কি করে চালু করবেন বুঝতে পারছি না, সে সম্পর্কে আমাদের আশঙ্কা থেকে যাচ্ছে। এ বছর যদি ৩৪টার পরিবর্তে আরও বেশিকে নিতে পারেন তাহলে সুবিধা হবে বলে আমি মনে করি। এই ব্লকের প্রসঙ্গে একটি কথা না বলে পারছি না। এখানে বলা হয়েছিল যে, যে ব্লকগুলির বিভাজন এখনও হয়নি—এরকম ৬টি ব্লক আছে—সেগুলির বিভাজন তিনি করে দেবেন। তিনি আশ্বাসও দিয়েছিলেন যে পঞ্চায়েতের নির্বাচনের পর করে দেবেন কিন্তু সেটা এখনও হল না। হয়ত এটা অন্য দপ্তরের মধ্যে চলে গিয়েছে কিন্তু সেটা এখনও হল না। স্যার, এই প্রসঙ্গে বলি, ভারতবর্ষের অন্যান্য রাজ্যে দেখেছি, ভারত সরকারও স্বীকার করেছেন যে এক লক্ষ জনসংখ্যার ভিত্তিতে এক একটি ব্লক হবে।

সেইদিক থেকে ওড়িশার গ্রামীণ জনসংখ্যা ২ কোটি ৮ লক্ষ লোকের জন্য ৩১৪টি ব্লক আছে, তামিলনাড়ুতে ৩ কোটি ৩০ লক্ষ গ্রামীণ লোকের জন্য ৩৭৪টি ব্লকে আছে এবং পশ্চিমবাংলায় ৩ কোটি ৫৮ লক্ষ লোকের জন্য ৩৩৫টি ব্লক আছে। কাজেই আজকে যদি তিনি এটা করতে পারতেন তাহলে ভাল হত। এর ফলে যে ৬টি বড় বড় ব্লক এখনও বিভক্ত হয়নি তারা আরও অনেককাল ধরে অবহেলিত এবং বঞ্চিত হবে। কারণ একটা নিয়ম আছে এবং সেই নিয়মের দ্বারা পরিচালিত হয়—যেখানে এক লক্ষ লোকের ব্লক আছে তার জন্য ৩টি হাসপাতাল আবার ২ লক্ষ লোকের জন্যও ৩টি হাসপাতাল, একইরকম ঔষধের পরিমাণ একই রকম কাঠামো সব কিছু এক কিন্তু এরিয়া ডাবল। এইভাবে ৬টি ব্লক দীর্ঘদিন ধরে বঞ্চিত এবং অবহেলিত হয়ে চলেছে, তার কোনও সুরাহা করেননি। তারপর আমাদের কৃষি মন্ত্রীর দপ্তর এই সমস্ত দপ্তরের মধ্যে পরিধিতে বিশাল, এটাকে বৃহদায়তন সাম্রাজ্য বলা যেতে পারে। এই বৃহদায়তন সাম্রাজ্যের মধ্যে আমরা দেখেছি একটা অচলায়তনের সৃষ্টি হয়েছে। তাঁর বিভাগ বহু এবং এই বহু বিভাগের মধ্যে সমন্বয় কোথায় আছে আমরা জানি না। এবারে দেখছি যে একজন উচ্চ পদস্থ পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারী, শ্রী সত্যব্রত সেন, তিনি তো বলেই ফেলেছেন যে আর নাকি উচ্চ ফলনশীল চাষের দরকার নেই, ইরিগেশনের দরকার নেই, রাসায়নিক সারের দরকার নেই। পশ্চিমবঙ্গ সরকার এটা মেনে নেবেন কি জানি না, তবে বাজেটে দেখছি যে তাঁরা এটা মেনে নেননি। তবে তিনি এই ধরনের মন্তব্য করেছেন কেন সেটা আমরা বুঝতে পারলাম না। তবে একটা বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রীর বাজেটে উল্লেখ থাকলে ভাল হত—এখানে দেখা যাচ্ছে যে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বামফ্রন্টের সরকার বিরাট আন্দোলনে নামবেন—এবং সেই ব্যাপারে কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত ছিল। সেটা হচ্ছে উত্তর বাংলার কৃষকরা দুই হাত তুলে কেন্দ্রীয় সরকারকে আশীর্বাদ করছেন এবং যে তামাকের দাম ছিল গত বছর ৬০ টাকা থেকে ৭০ টাকা সেখানে এই চরণ সিংয়ের কৃষি বাজেট প্রকাশ হবার পরে একসাইজ তুলে দেবার পর, এই তামাকের ব্যবসার মনোপলি তুলে দেবার পরে, সেই তামাকের দাম হয়েছে ১৫০ টাকার মতো। এবং সেখানে আর মনোপলি নেই, সেই মনোপলির কাছে আর চাষীদের আত্মসমর্পণ করতে হচ্ছে না, এতে কৃষকদের খুবই সুবিধা হয়েছে। তাঁরা দুই হাত তুলে কেন্দ্রীয় সরকারকে আশীর্বাদ করছে। এই জিনিসটা তিনি উল্লেখ করলে ভাল হত। যাই হোক, যে কথা বলছিলাম, তাঁর যে বৃহদায়তন সাম্রাজ্য সেটা একটা অচলায়তন মনে হচ্ছে। আমরা

দেখেছি যেখানে উনি উল্লেখ করেছেন, ভূমি সংরক্ষণের প্রয়োজন আছে, এই ভূমি সংরক্ষণের জন্য তিনি বিশেষ ব্যবস্থা অবলম্বন করেছেন। কিন্তু কি করেছেন, কি ফল হয়েছে, সেটা আমাদের জানা উচিত ছিল। কেন না, কয়েকদিন আগে জেনেছি যে যমুনা নদীতে প্রবল বন্যা হয়ে যাচ্ছে। তার কারণ কি? তার কারণ হিমালয়ের যে উচ্চ অংশ সেখানে প্রচুর গাছ নষ্ট করা হচ্ছে এবং তার ফলে আবহাওয়াটা অন্য রকম হয়েছে। পশ্চিমবাংলার ক্ষেত্রেও সেই রকম হয়েছে। পশ্চিমবাংলার তরাই অঞ্চলে এবং যেখানে নেপালের সীমান্ত, সেই নেপাল থেকে দেড় লক্ষ লোক এসে পশ্চিমবাংলায় এবং তার আশেপাশে বসে গেছে এবং সেখানে একটা বিরাট বনভূমি ধ্বংস করে তাঁরা বসতি স্থাপন করেছেন। এইভাবে যদি তরাই অঞ্চলে বৃক্ষ ছেদন হয় এবং তার জন্য কোনও ভূমি সংরক্ষণের ব্যবস্থা না হয় তাহলে এখানেও তাই হবে। উত্তরবঙ্গ ঘন ঘন বন্যা হবে, ভূমি ক্ষয় হবে, চাষের ক্ষতি হবে, এটা আমরা বলতে পরি। তেমনি পশ্চিমবঙ্গের পশ্চিম অংশে যেখানে বনভূমি আছে সেখানেও যথেচ্ছভাবে বন কাটা হচ্ছে।

[3-45—3-55 P.M.]

দক্ষিণাঞ্চলের কথা বলি, মরিচঝাঁপির কথা ছেড়ে দিন, সুন্দরবনের যে বিরাট এলাকা, যেটা প্রভাস বলেছেন যে সুন্দরবন এলাকার উন্নয়নের জন্য বিশেষ ব্যবস্থা চাই। তার সঙ্গে সঙ্গে তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, ওখানে যে বিরাট বিরাট এমব্যাঙ্কমেন্ট আছে, খাল আছে, এমব্যাঙ্কমেন্ট ও খালপাড়গুলোর ধারে বহু গাছ ছিল, সেই গাছগুলো ধ্বংস করে দেওয়া হয়েছে। তার পরিণাম খুব সুদূরপ্রসারী হয়ে পড়েছে। গাছ কাটার ফলে মাটির স্যালাইনিটি বৃদ্ধি পেয়েছে, মাটির উর্বরতা কমে গেছে, এদিকে আমাদের লক্ষ্য দেওয়া উচিত। এবারে আমি বীজ সম্পর্কে বলি, পশ্চিমবাংলায় ২১০টি বীজ খামার আছে এটা কৃষিমন্ত্রী স্বীকার করেছেন এবং ক্রমাগত আরও বাড়ছে তাও বলেছেন। ২১০টি বীজ খামারে কত বীজ উৎপাদন হচ্ছে আর পশ্চিমবাংলায় বীজের প্রয়োজন কত? বীজের যখন প্রয়োজন চাষীরা যখন তা পাচ্ছে না। পশ্চিমবাংলার বাইরে থেকে বীজ আমদানি করতে হচ্ছে। এখানে কেন বীজ পাওয়া যায় না? আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং অন্যান্য সদস্যদের লক্ষ্য করতে অনুরোধ করছি রিপোর্ট অব দি কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অব ইন্ডিয়া, এই রিপোর্ট যদি দেখেন তাহলে দেখতে পাবেন, এই বীজ খামারগুলোতে কি কাজ কারবার চলছে। এই বছরের রিপোর্ট আছে এই—যে কৃষি খামারগুলো আছে, এইগুলোতে যে বীজ উৎপাদন হয়—এই খামারগুলো নো প্রফিট নো লস-এ চলার কথা, অবশ্য সরকারি কর্মচারিদের বেতন অন্য দপ্তর থেকে দেওয়া হয়, তার খরচ ওখানে ধরা নেই। সেখানে আয় যা হচ্ছে, সেই তুলনায় তার ব্যয় হচ্ছে ডবলেরও বেশি। সেখানে যে বীজ উৎপাদন হচ্ছে তার দাম নেওয়া হচ্ছে ডবল। এই খামারগুলো থেকে সময় মতো বীজ পাওয়া যায় না, যদিও বা কোথাও কোথাও পাওয়া যায়, সেইগুলো দেখা যাচ্ছে, জার্মিনেশনের অযোগ্য। মালদহ জেলায় যে কৃষি খামার আছে, তার অবস্থা কি দেখুন, তার চারিপাশে একটা বেড়া দেওয়ার দরকার, এখানে ডিরেক্টারের কাছে চিঠি লেখা হয়েছে, কোনও ফল পাওয়া যায়নি, যার ফলে সেখানে কি হচ্ছে, সেই খামারের চারপাশের গরু, ছাগল ঢুকে পড়ে ফসল যেগুলো খামারে তোলা হয়েছে, সেইগুলো নষ্ট করে দিচ্ছে। ওখানকার থ্রাসিং প্লেস, যেখানে বিভিন্ন ধরনের বীজ

একসঙ্গে মিশে গিয়ে চাষের অনুপোযোগী হয়ে পড়ছে। এই ব্যাপারে কেন প্রতিকার হচ্ছে না? তেমনি বাঁকুড়া জেলার শুশুনিয়ায় যে জেলা বীজ খামার আছে, সেখানেও একই জিনিস চলেছে। ঐ ফার্মের অনেক জমি এখনও রিক্ল্যামেশন হয়নি, বারে বারে ডিরেক্টারের কাছে চিঠি আসছে, কিন্তু কোনও ফল পাওয়া যায়নি। ওখানে যে থ্রাসিং প্লেস আছে তার কিছুটা ঢাকা এবং কিছুটা অঢাকা। ঢাকা অংশটা অন্য কাজে লাগানো হয়, অঢাকা অংশটা অপর্যাপ্ত, সেখানে সব বীজ একসঙ্গে মিশে চাষের অনুপোযোগী হয়ে যায়। এই বছর বলা হয়েছে যে বন্যার জলে বীজ নষ্ট হয়ে গেছে। কিন্তু সমস্ত বীজ খামার তো বন্যায় ভিজে নষ্ট হয়ে যায়নি। এই জিনিস হচ্ছে সম্পূর্ণরূপে দপ্তরের খেয়াল খুশি এবং তাদের অনবধনতার জন্য। এবার সারের কথা বলি, এখন চাষের জন্য দরকার সার, সারের কি অবস্থা দেখুন। কৃষিমন্ত্রী বলেছেন যে সারের ব্যবহার বেড়ে চলেছে, সার বেশি পাওয়া যাচ্ছে, সার বেশি দেবেন, সব বুঝলাম। কিন্তু শেষ পর্যন্ত দেখছি কলকাতায়, রাইটার্স বিল্ডিং এবং জেলা দপ্তরে দপ্তরে যে চক্র সৃষ্টি হয়েছে, সেই চক্রব্যূহ ভেদ করে বীরেনবাবুর এলাকায় বা কারোর এলাকায় যথা সময়ে সার পৌছয় না। তাই দেখেছি, যখন সুপার ফসফেট দরকার, তখন সুপার ফসফেট পাওয়া যায় না।

রাইটার্স, বিল্ডিংস-এ গিয়ে ঘুরে ঘুরেও কিছু জানা যায় না। অথচ মন্ত্রী মহাশয় জানতে চাইলে বড় বড় অফিসাররা এমন কথা বলে দেবেন যে ব্যাপারটা জলবত তরলং, কোনও অসুবিধাই হচ্ছে না ব্যবসায়ীরা, ডিলাররা যথা সময়ে গিয়েই সার পেয়ে যাবে। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায় সেই সার পাওয়া যায় না, যথা সময় পৌছয় না। সার যথা সময়ে না পাওয়ার ফলে চাষীদের খুবই অসুবিধা হয়। তারপর আমি আরও বলছি যে, সুপার ফসফেট পাওয়া যায় না। তারপর পটাস সার যেটাকে বেসিক সার বলা হয় এবং যেটার জন্য বরাদ্দ ছিল এবং যেটা বিতরণের ভার ছিল, সেটার সম্বন্ধে আপনারা প্রত্যেক এলাকায় খোঁজ নিয়ে দেখতে পারেন, আমি আমার এলাকায় দেখেছি যে সময় মত পৌছয় না। যেটা ডিসেম্বরে পৌছনোর কথা ছিল, সেটা পৌছল গিয়ে ফেব্রুয়ারি মাসে। [illegible] এই সার দেবার কথা ছিল ডিসেম্বর মাসে এবং এর পর রোপণে অন্তত ১ মাস সময় লাগে, কারণ এটাকে মাঠের সঙ্গে মিশে যেতে দিতে হয়। কিন্তু এই সার যথা সময়ে না পৌছনোর ফলে ঐ কাজ করা যায়নি ফলে অনেকেই সার নেয়নি, ডিলারদের কাছে এখন সেই সার পড়ে আছে, অনেক ডিলার সেই সার তুলে মাথায় হাত দিয়ে বসে আছে। তারপর ডিলারদের আর একটা বিপদ হচ্ছে বস্তাতে যে পরিমাণ থাকবার কথা তার ১০ শতাংশ, ২০ শতাংশ নেই, অনেক জায়গায় ৫০ শতাংশ পর্যন্ত নেই, কোনও বস্তাতেই ১০০ শতাংশ পুরো নেই। এই যদি অবস্থা হয় তাহলে কবে সার বিতরণ হবে, আর কবেই বা চাষীরা চাষ করবে? কিভাবে যে কাজ হবে তা আমি বুঝতে পারছি না। তারপর কৃষিমন্ত্রী যেটা বলেছেন সেটা অত্যন্ত উৎসাহের কথা যে, তিনি প্রচুর পরিমাণে মিনিকিট দিয়েছেন এবং মিনিকিট দেওয়া হয়েছে গরিব, প্রান্তিক, বর্গাদার ইত্যাদি চাষীদের জন্য। কিন্তু কার্য ক্ষেত্রে কি দেখা যাচ্ছে? মিনিকিট কোথায় গিয়ে পৌছল, কেমন করে পৌছল দেখতে হবে। এগুলি পরীক্ষা করে দেখা যাচ্ছে যে, চাষ করবার জন্য মিনিকিট দেওয়া হয়েছিল, কিন্তু তা দিয়ে চাষ হয়নি অধিকাংশ ক্ষেত্রেই। চাষীরা কেউ বলছে বীজ পাইনি, আবার কেউ বলছে ঠিক সময়ে পাইনি, কেউ বলছে জারমিনেসন হয়নি, কেউ

বলছে সেচ পাইনি। আমরা দেখতে পাচ্ছি মোটামুটি এমন সব লোকেদের দেওয়া হয়েছে যারা চাষের সঙ্গে যুক্ত নন। আবার দেখা যাচ্ছে অনেক ক্ষেত্রে মিনিকিট হরির লুটের বাতাসার মতো দেওয়া হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার জন্য যে মিনিকিট বিতরণ হবার কথা, দেখা যাচ্ছে সেই মিনিকিট পশ্চিমবাংলার সর্বত্র দেওয়া হয়েছে, যেখানে বন্যা হয়নি সেখানেও দেওয়া হয়েছে। এইভাবে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্যের জন্য যেটা ব্যাপকভাবে দেওয়া যেত সেটা হরির লুটের বাতাসার মতো বিতরণের ফলে বন্যা এলাকার লোকেরা ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি জানি বর্ধমান জেলার মঙ্গলকোটে, যেখানে জনতা পার্টির সভাপতি চন্দ্রশেখর গিয়েছিলেন, যেখানে বন্যায় ১৮ জন লোক মারা গিয়েছে, বহু গবাদি পশু মারা গিয়েছে, আলু সেখানে ভাল হয়, সেখানে আলু বীজ পৌঁছয়নি। অথচ তার আগেই মালদহ জেলার যেখানে বন্যা হয়নি, যেখানে আলু চাষ হয় না সেখানে আলুর মিনিকিট পৌঁছে গিয়েছে এবং বিতরণ করে দেওয়া হয়েছে। আজকে এটা হচ্ছে, হয়ত মাননীয় মন্ত্রী মহাশয় এটা জানেন না, তাঁর হয়ত নজরে পড়েনি, কিন্তু এটা হচ্ছে। দল ঠিক রাখবার জন্য, পঞ্চায়েতের মাধ্যমে দলবাজি করবার জন্য এইভাবে মিনিকিট বিতরণ করা হয়েছে, কৃষি বা কৃষকদের উন্নতির জন্য নয়। আজকে এটা মন্ত্রী মহাশয়ের লক্ষ্য করে দেখা উচিত। তারপর মাইনর ইরিগেশনের ব্যাপারটা আপনাদের লক্ষ্য করে দেখা উচিত। তারপর মাইনর ইরিগেশনের ব্যাপারটা আমি আপনাদের এনকোয়ারি করে দেখবার জন্য অনুরোধ করছি। মাইনর ইরিগেশন নিয়ে কি বলা হচ্ছে, কি হচ্ছে ভাল করে এটা দেখা উচিত। আমরা জানি সেচ ছাড়া চাষ হয় না, তার জন্য কেন্দ্রীয় সরকারের একই মন্ত্রীর অধীন সেচ দপ্তর এবং কৃষি দপ্তর আছে। আমাদের নদী-নালা খালবিলের দেশ, এখানে আলাদা করবার দরকার আছে, এটা আমরা বুঝি। কিন্তু কৃষি দপ্তরের সঙ্গে সেচ দপ্তরের সমন্বয় এবং সহযোগিতা থাকা উচিত। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এদের মধ্যে সহযোগিতা নেই, সমন্বয় নেই, বন্যার সময় এটা আরও প্রকটভাবে প্রকাশ পেয়েছিল। যেখানে জল ছাড়ার দরকার ছিল, সেখানে যথা সময়ে জল ছাড়া হয়নি, যখন দারুণ বিপদ ঘনিয়ে এসেছে উপর্যুপরি প্রচণ্ড জল ছাড়া হয়েছে, ফলে বন্যার ব্যাপকতা বেড়েছে। সুতরাং দেখা গিয়েছে উভয় দপ্তরের মধ্যে সামান্য সহযোগিতারও একান্ত অভাব। তারপর যেটুকু মাইনর ইরিগেশন আমাদের কৃষি দপ্তর দেয় বা যে টিউবওয়েলগুলি বসায় সেগুলির ক্ষেত্রে আমরা কি দেখছি?

[3-55—4-05 P.M.]

আপনারা এ. জি.র রিপোর্টটা ভালভাবে দেখলে এইসব জিনিস জানতে পারবেন। গাইঘাটা ব্লকে মাইনর ইরিগেশনের মাধ্যমে যে ডিপ টিউবওয়েল হয়েছে তার দ্বারা ধনী চাষীরাই উপকৃত হয়েছে। কৃষি উন্নতির ফল যদি এটা হয় তাহলে এটা পরিবর্তন করতে হবে। ভূগর্ভস্থ জল কিভাবে ব্যবহার করতে পারা যায় সেটা ভালভাবে লক্ষ্য না করার জন্য এবং যথেচ্ছভাবে শ্যালো টিউবওয়েল করার জন্য ভূগর্ভস্থ জলের টান পড়েছে। যার ফলে দেখা যাবে কিছুদিন বাদে সেখানে আর বিন্দুমাত্র জল নেই। আপনাদের দপ্তরে বড় বড় সব বৈজ্ঞানিকরা থাকেন, যাঁরা গ্রামে যান না তাঁদের দ্বারা বোঝা সম্ভব নয় যে সেখানে কি হচ্ছে কি হচ্ছে না এর ফলে কৃষি এবং কৃষক উভয়েই ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমার এলাকার কথা জানি ৫টা টিউবওয়েল হয়েছে তার একটাও চলেনি। একটা গতবছর চালানো হয়েছিল কিন্তু

সেটাও বন্ধ হয়ে গেছে এগুলোর কোনওটার ঘরবাড়ি নেই, কোনওটার অপারেটর নেই, মেদিনীপুর জেলার অধিকাংশ টিউবওয়েল নিষ্ক্রিয়। এর ফলে চাষ কোথাও হয়নি, বিশেষজ্ঞরা ভালভাবেই জানেন। তাঁরা সরকারকে উপদেশ দিতে পারেন এবং জনসাধারণের কাছে সেই প্রস্তাব নিয়ে যেতে পারেন। ভূগর্ভস্থ জল সীমিত, সেইজন্য সেইসব এলাকায় গম, তৈলবীজ যাতে চাষ করতে পারে তার ব্যবস্থা করা উচিত। কিন্তু কৃষকরা সেখানে ধান চাষ করছে, যেটা রাশ টানা দরকার। অর্থাৎ বৈজ্ঞানিকভাবে কাজের উপদেশ দেওয়া দরকার। কয়েকদিন ধরে কেরোসিন, ডিজেল তেল পাওয়া যাচ্ছে না, এর ফলে অনেক ডিপ ও শ্যালো টিউবওয়েল বন্ধ হয়ে আছে। আবার যেগুলো ইলেকট্রিকের দ্বারা চলে সেখানে প্রায়ই লোডশেডিং চলছে। এর ফলে কৃষকরা মার খাচ্ছে। আবার কোথাও কোথাও দেখা যায় ডিপটিউবওয়েলের সামান্য যন্ত্রপাতি নষ্ট হয়ে গেছে কিন্তু তার মেরামতের কোনও ব্যবস্থা নেই। অপারেটর যারা আছে তারা সামান্য একটু কাজ করে দিয়েই জলে যায়, চলে সরবরাহের দিকে তাদের কোনও লক্ষ্য নেই। তাদের কাজ হচ্ছে চাকরি রক্ষা করা এবং গ্রামে এসে শাসক দলের তোষামোদ করা। এরপর আমি মাটি পরীক্ষার সম্বন্ধে কিছু বলতে চাই, এই ব্যবস্থাটা অত্যন্ত অপ্রতুল, যারা মাটি পরীক্ষা করতে দেন তাঁদের সকলকে প্রায় একই উত্তর দেওয়া হয়। এ যেন একটা রেডি অ্যানসার, উনি বলেছেন ৭০ বছর অধিক বয়স্ক লোকেদের সাহায্য দেবেন কিন্তু আমি আপনার মাধ্যমে ওঁকে অনুরোধ করছি, বন্যা ও খরা এলাকার লোক বা যেসমস্ত জায়গার দরিদ্র লোকেরা কৃষিঋণ নিয়েছে তাদের সেই ঋণটা সরকার থেকে একেবারে মুকুব করে দিন, এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন তার উপর আলোচনা করার আগে আমি মুখ্যমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কারণ দেরি হলেও তিনি বুঝতে পেরেছেন যে সরকারি কর্মচারিরা কাজ করে না, গতকাল কো-অর্ডিনেশন কমিটির ষষ্ঠ কনফারেন্স হয়ে গেল তাতে তিনি বলেছেন আপনারা অফিসে এসে কাজ করুন, ফাঁকি দেবেন না। এটা থেকে বোঝা গেল যে অফিসে কর্মচারিরা কাজ না করে ফাঁকি দেন, সুতরাং তাদের এই হুঁশিয়ারি দেবার জন্য তাঁকে আমি ধন্যবাদ দিচ্ছি। কৃষিমন্ত্রীর সঙ্গে আমরা একমত যে পশ্চিমবাংলায় অর্থনৈতিক কাঠামোর বনিয়াদ কৃষির উপর নির্ভরশীল। এর জন্য যেসব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেসব কংগ্রেসি আমলেই গ্রহণ করা হয়েছিল। নতুন কিছু চিন্তাধারা এর মধ্যে নেই। আমরা দেখেছি রেকর্ড ফলনের কথা তিনি বলেছেন, এমনকি ইন্দিরা গান্ধীও বহুবার রেকর্ড ফলনের কথা বলেছিলেন এটা নতুন কিছু কথা নয়। ডাক্তার বিধানচন্দ্র রায় ও শ্রী পি. সি. সেন বিধানসভায় যখন খাদ্য পলিসি, কৃষি পলিসির সম্বন্ধে বলতেন তখন তাঁরা এর বিরোধিতা করেছিলেন কিন্তু এখন সেইসব তাঁরা মেনে নিচ্ছেন। পি. সি. সেন যখন রেশন ব্যবস্থার কথা বলেছিলেন তখন তাঁরা তার বিরোধিতা করেছিলেন কিন্তু এখন সেই ব্যবস্থা মেনে নিয়েছেন, লেভির বিরুদ্ধে বলেছিলেন যা এখন তাঁরা মেনে নিচ্ছেন, তখন ফুড হ্যাবিট পরিবর্তনের কথা বলা হয়েছিল কিন্তু সেই সময়ে তাঁরা বলেছিলেন গম খাওয়ানো চলবে না, কিন্তু এখন এঁরাই গমের ফলন বাড়াবার চেষ্টা করছেন, মরিচঝাঁপির কথায় বলি যখন দণ্ডকারণ্যে পাঠাবার কথা হয়েছিল ডাঃ রায়ের আমলে তখন ওঁরা বলেছিলেন যে উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে রাখা যাবে না।

[4-05—4-15 P.M.]

তখন যেকথা বলেছেন এখনও সেকথা বলছেন। আমি জানি না এই মার্কসবাদের অন্তরালে কি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় গ্রামাঞ্চলের বর্গাদারদের কথা বলেছেন কৃষিমন্ত্রী। গ্রামাঞ্চলের এই বর্গা অপারেশনের কথা আমরা উল্লেখ করেছি কিন্তু সেই আলোচনা ফলপ্রসূ হয়নি। এতে কৃষির উপর যথেষ্ট এফেক্ট হচ্ছে। আমরা দেখছি বড় এবং মাঝারি চাষীরা চাষে মন দিচ্ছে না এবং তার ফলে কৃষির উৎপাদন ব্যাহত হচ্ছে। আমরা লক্ষ্য করেছি নিজেদের দলের বর্গাদারদের বসিয়ে দেওয়া হচ্ছে জোর করে এবং যারা প্রকৃত বর্গাদার তাদের উঠিয়ে দেওয়া হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে প্রকৃত বর্গাদারদের জন্য যদি ব্যবস্থা না করেন তাহলে উৎপাদন ব্যাহত হবে। মজুরি বৃদ্ধি আন্দোলন আমরা অস্বীকার করি না, কিন্তু দেখছি এটা করতে গিয়ে চাষীদের ধান কাটতে দেওয়া হচ্ছে না এবং তার ফলে ফসল নষ্ট হচ্ছে। কাজেই এগুলি বন্ধ করা দরকার, কেননা এতে উৎপাদনের দিক থেকে ক্ষতি হচ্ছে। আমি অনুরোধ করছি কৃষিমন্ত্রী যেন তাঁর কলিগদের সঙ্গে আলোচনা করে এর একটা ব্যবস্থা করেন। কৃষিমন্ত্রীর বাজেটে দেখছি বিভিন্ন পাম্প সেট, টিউবওয়েল, রিভার পাম্প, ডিপ টিউবওয়েল ইত্যাদি বসানো হচ্ছে। কিন্তু দুঃখের কথা নতুন কারখানা যেখানে পাম্প সেট তৈরি হবে সেটা কিন্তু এখনও পর্যন্ত হল না। এটা এখনও মহারাষ্ট্র এবং কেরালা থেকে আমাদের আনতে হচ্ছে। মন্ত্রী মহাশয়ের নিজের ডিপার্টমেন্ট আছে কাজেই তাঁকে নতুন কিছু করতে হবে। পুরানো ত্রুটি-বিচ্যুতি দূর করবেন এটা ঠিক কথা, কিন্তু নতুনও কিছু করতে হবে। এই সমস্ত পাম্প সেটের যন্ত্রপাতি যাতে আমাদের বাইরে থেকে কিনতে না হয় সেই ব্যবস্থা করতে হবে। কিন্তু এইসব জিনিস তাঁর বক্তব্যের মধ্যে নেই। এক ফসলা জমিকে ২/৩ ফসলা করা হচ্ছে কিন্তু তা সত্ত্বেও দেখছি আমাদের প্রোডাকশন বাড়ছে না। এর কারণ হচ্ছে আমাদের সেচের জন্য অ্যাসিওর্ড ওয়াটার নেই এবং এই যে নেই তার কারণ হল ১ বছরের মধ্যে শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এনারজাইজ হয়নি। এই এক বছরের মধ্যে গ্রামে কোনও বিদ্যুৎ গিয়েছে কিনা আমি জানি না। কলকাতার জন্য ৫ কোটি টাকা খরচ করে প্রশান্তবাবু তিলোত্তমা নগরী তৈরি করছেন, এখানে আপনারা স্টেডিয়াম করছেন, ফ্লাইওভার করছেন এবং আরও নতুন কিছু কিছু করছেন। কিন্তু গ্রামাঞ্চলের কৃষকদের ছেলেপুলেদের জন্য কি করা হচ্ছে? গ্রামে বিদ্যালয় নেই, জলের অভাব, রাস্তাঘাট নেই এবং এমন কি পানীয় জলের অভাব পর্যন্ত রয়েছে। এই সমস্ত অসুবিধা গ্রামে যা রয়েছে তা দূর করবার জন্য আপনারা কি করেছেন? আমি জানতে চাই, কৃষকের ছেলেমেয়েদের শিক্ষা দেবার জন্য কি ব্যবস্থা করা হয়েছে? কৃষকদের উন্নতির জন্য কি ব্যবস্থা করা হয়েছে সেটা এগ্রিকালচার মিনিস্টার বলুন। দুর্গাপুর ফার্টিলাইজার-এর যে অবস্থা তাতে দেখছি ২ লক্ষ টন সার সেখানে পচেছ। পেট্রো-কেমিক্যাল ইন্ডাস্ট্রির কথা বলা হয়েছে। ইন্ডাস্ট্রিস মিনিস্টার বার বার বলেছেন আমরা সেখান থেকে সার পেতে পারি। কিন্তু দেখছি এই দেড় বছরে সেখানে একটা ইটও পোঁতা হল না। গ্রামাঞ্চলে কৃষকদের জন্য স্থায়ী চাকুরির প্রস্তাব, তারা সারা বছরে ৩/৪ মাস আইডিল হয়ে বসে থাকে সে সম্বন্ধে কোনও বক্তব্য কোনও কনস্ট্রাকটিভ আলোচনা কৃষিমন্ত্রীর বক্তব্যের মধ্যে নেই। স্যার, চাষীরা উৎপাদন করছে, তারা তাদের উৎপাদিত দ্রব্যের ন্যায্য দাম পাচ্ছে না, একথা অনেকেই এখানে বলেছেন। স্যার, এক বিঘা আলু চাষ করতে গেলে

১৩৩০ টাকা খরচ হয়, সেখানে সার লাগে ৪৫০ টাকা, জল ৪০০, লাঙ্গল ২০০, লেবার ২৫০ টাকা এই টাকা তাদের খরচা হয় আর এখন আলুর দাম বাজারে ১৩ টাকা থেকে ১৫ টাকা মণ বিক্রি হচ্ছে এবং এক বিঘা জমিতে ম্যাক্সিমাম আলু হয় ৬০/৭০ মণ। তাহলে টাকার অঙ্কে সেটা দাঁড়াচ্ছে ৯৬০ টাকা আর চাষের খরচা পড়ছে ১৩৩০ টাকা, কাজেই আজকে কৃষকের এই চাষে লস হয়ে যাচ্ছে, সে ব্যাপারে যদিও কৃষিমন্ত্রী রিয়েলাইজ করেছেন এবং তিনি বলছেন তিনি চেষ্টা করবেন আলু কিনে রাখতে এবং কবে সেটা করবেন তখন এইসব আলু পচে যাবে। তিনি বলেছেন হিমঘর আছে, কিন্তু যেভাবে উনি কিনতে চাচ্ছেন তাতে খরচ উঠবে বলে মনে হয় না। পশ্চিমবাংলায় ১৭৬টা হিমঘর আছে, তিনি এর সংখ্যা বাড়াবেন বলেছেন কবে বাড়াবেন জানি না কিন্তু এখন চাষী মার খাচ্ছে যাতে চাষীরা ফসলের ন্যায্য দাম পায় এবং মার না খায় সে ব্যবস্থা এখনই করতে হবে। স্যার, অন্যান্য রাজ্যে আলুতে সাবসিডি দিয়ে আলু চাষীদের উৎসাহিত করা হচ্ছে **(কমল গুহ ঃ কোথায় দিচ্ছে?)** মহারাষ্ট্রে দিচ্ছে, তবে আপনারা কেন সাবসিডি দিয়ে চাষীদের উৎসাহিত করবেন না। ধানের কথা বলছি স্যার, যদিও বন্যাতে অনেক উৎপাদন নষ্ট হয়েছে কিন্তু দু'ফসলী জমিতে উৎপাদন হচ্ছে বটে কিন্তু আমার আশঙ্কা আছে ধানের দাম কমে যাবে। আমনের পর আসছে হাই ইলডিং শস্যের বীজের কথা, এই সমস্ত হাই ইল্ডিংগুলির ক্ষেত্রে দাম কমে গেলে চাষী ক্ষতিগ্রস্ত হবে কিন্তু মন্ত্রী মহাশয় এ সম্বন্ধে কিছু বলেননি, আশা করি তিনি তাঁর জবাবি ভাষণে বলবেন যে ধান কিভাবে সংরক্ষণ করবেন। পাটের কথা বলতে গিয়ে তিনি বলেছেন আড়াইশো টাকা কুইন্টাল প্রতি দাম এইভাবে তিনি কমিশনকে জানিয়েছেন, আমি তাঁকে অনুরোধ করব বিধানসভায় পাটের মূল্য নিয়ে আলোচনা হোক এবং অলপার্টি কমিটি করে চলুন কেন্দ্রের কাছে যাই সেখানে গিয়ে দাবি করি কমপক্ষে আড়াইশো টাকা কুইন্টাল করেছেন সেটা যেটা উনি বলেছেন সেটা রাখা হোক। এইভাবে যদি সকল পার্টি মিলে আমরা দাবি করি তাহলে পাট চাষী উপকৃত হবে। এবারে পাটকলে ধর্মঘট হওয়ার ফলে বিভিন্ন পাট নিয়ে ফাটকা বাজারে খেলছে। এবং পাট যাঁরা বিক্রি করেছেন তাঁদের কাছ থেকে মহাজনরা কিনে নিয়েছে কিন্তু পাটচাষীরা তাঁদের ন্যায্য মূল্য পায়নি। আবার অনেক পাটচাষীরা তাদের পাট বিক্রি করতে পারেনি। যারা পাট বিক্রি করেছে তারা ন্যায্য মূল্য পায়নি। এখন অবস্থা যা দাঁড়িয়েছে যে ভবিষ্যতে কৃষকরা আর পাট চাষ করবে কিনা সে বিষয়ে তারা চিন্তা করছে। কাজেই মন্ত্রী মহাশয়ের কাছে অ্যাসিওরেন্স চাই আপনি চাষীদের অ্যাসিওরেন্স করুন তারা কিভাবে পাটের ভাল দাম পাবে। ন্যায্য দাম পাবে।

[4-15—4-25 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জমি নিয়ে গণ্ডগোলের কথা বললেন, বর্গাদারদের কথা বললেন, জমি নিয়ে বেশি গণ্ডগোল হয়, জমি নিয়ে গণ্ডগোল হলে সেখানে আমাদের চাষের নিশ্চয়ই ক্ষতি হবে একথা নিশ্চয়ই সকলে স্বীকার করবেন। কিন্তু যেভাবে আজকে সি. পি. এম.এর জুলুমবাজি চলছে, যেভাবে তারা জমির উপর অত্যাচার করছে, হামলাবাজি করছে, সেখানে প্রকৃত চাষীরা এবং প্রকৃত কৃষকরা মার খাচ্ছে। আমি অনুরোধ করব বামফ্রন্ট সরকার সব কিছু নতুন করে চিন্তা করছেন তখন জমিগুলি সব জাতীয়করণ করে নিন না, জাতীয়করণ করে আপনারা চাষ করুন, চাষ করে চাষীদের যে ন্যায্য পাওনা হবে তা চাষীদের দিয়ে দিন,

চাষীরা যাতে বেঁচে থাকতে পারে তার ব্যবস্থা করে দিন। আমি জানি আমার ওখানে কেশপুরে বহু চাষীর ধান মাঠেই পড়ে আছে, কাটতে পারেনি এবং অনেক চাষী তার ধান তুলে রাখতে পারেনি। এই যে জুলুম হচ্ছে এই জুলুমবাজি বন্ধ করার ব্যবস্থা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, টোমাটো, লেবু, আম ইত্যাদি এইসব ফ্রুটস যা আছে তা প্রসেস করার ব্যবস্থা করতে হবে। তিনি হর্টিকালচার রিসার্চ স্টেশনের কথা বলেছেন, এই টোমাটো, লেবু, আম ইত্যাদির ভাল উৎপাদন হচ্ছে এইগুলিকে হর্টিকালচার রিসার্চ স্টেশনে নিয়ে গিয়ে প্রসেস করার চেষ্টা করা হোক। এই নিয়ে চিন্তাভাবনা করা হোক, এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে অনুরোধ করব। আমাদের আবহাওয়া বদল হচ্ছে, আপনি নিজেও বলেছেন, আমাদের পশ্চিমবঙ্গে একদিকে বর্ষাবহুল এলাকা, অন্য দিকে খরাপ্রবণ ল্যাটারাইট এলাকা এবং উপকূল অঞ্চলে নোনা মাটি এলাকা, এই সমস্ত এলাকা এখানে রয়েছে এখন আবার দেখতে পাচ্ছি আবহাওয়া বদল হচ্ছে। সারা পৃথিবীর আবহাওয়া বদল হয়ে যাচ্ছে, এই পরিবর্তিত আবহাওয়াতে কিভাবে চাষ হবে সেই চাষের সঙ্গে সঙ্গতি রেখে কিভাবে চাষ আমরা করতে পারব, কিভাবে জল পাওয়া যাবে, অন্যান্য জিনিস পাওয়া যাবে এইগুলি চিন্তাভাবনা করতে হবে নতুনভাবে। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখব বন্যাপীড়িত এলাকায় কৃষিঋণের কথা। বন্যাপীড়িত এলাকায় যে সমস্ত কৃষকরা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে—তারা হয়তো চেষ্টা করে ভাল চাষ করেছে কিন্তু কৃষিঋণে তারা অনেকেই জর্জরিত। সেই কৃষিঋণ তাদের মকুব করতে হবে। আপনি আপনার বক্তব্যের মধ্যে কৃষিঋণের কথা বলেননি, কৃষিঋণ মকুব যাতে হয় তারজন্য নিশ্চয়ই চেষ্টা করবেন। আপনারা কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দিয়েছেন, আপনারা অনেকভাবে সাহায্য করছেন এবং বিভিন্ন ধরনের প্রস্তাব এনেছেন, এতে বড় লোকদের অতি বড়লোক করছেন একথা পরে আলোচনার সময় আসা যাবে, এখানে বন্যাপীড়িত এলাকায় কৃষিঋণ মকুব করার জন্য আপনার কাছে রাখছি যে আপনি এর ব্যবস্থা করুন। আর একটা প্রস্তাব রেখেছেন, আপনি বলেছেন নতুন কথা, "
"গ্রামবাংলার দুর্বলতর কৃষক সম্প্রদায়ের সার্বিক কল্যাণের উদ্দেশ্যে বর্গাদার ও প্রান্তিক চাষী যাদের বয়স ৬০ বৎসরের উর্ধ্বে, যারা চাষের কাজে অক্ষম হয়ে পড়েছেন, যাদের ভরণ-পোষণ করবার কেউ নেই, আগামী বছর থেকে তাদের পেনশন দেবার কথা আমরা চিন্তা করছি।" মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন বার্ধক্য ভাতা দেবার যে স্কীম এটা কিন্তু আগের সরকারের আমলেও ছিল। সেখানেও কিন্তু বর্গাদার ও প্রান্তিক চাষী ছিল, সেখানে যারাই ৬০ বৎসরের উর্ধ্বে তাদেরই দেওয়া হত। এখানে আপনি নতুন কিছু করেননি, যেটা ছিল সেটা আজকে আপনি আপনার ভাষণের মধ্যে ঢুকিয়ে দিয়েছেন তাই নতুন হতে পারে। তারপর যে সমস্ত শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, রিভার পাম্প অকেজো হয়ে গিয়েছিল সেই সমস্ত শ্যালো ডিউবওয়েল, ডিপ টিউবওয়েল ও রিভার পাম্প সারাবার কাজ করার ব্যবস্থা এখন হচ্ছে না। এখানে যে ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট আছে, যে সমস্ত এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট আছে সেই ডিপার্টমেন্টে কিছু কাজকর্ম হচ্ছে বলে আমার মনে হয় না। এখানে দেখছি যে যে অফিসার রয়েছে এবং তার বিরুদ্ধে বিভিন্ন ধরনের অ্যালিগেশন রয়েছে, তা সত্ত্বেও তাকে প্রোমোশন দিলেন এবং তিনিও আজ চিফ ইঞ্জিনিয়ারের পোস্টে রয়েছেন। তার কাছে গিয়ে কোনও কাজের কথা বললে তিনি সৎ উত্তর দিতে চান না, তার কাছে কৃষির কথা বলতে গিয়ে আমরা প্রত্যাখ্যাত হয়ে ফিরে এসেছি। এই সমস্ত অফিসার

যাদের বিরুদ্ধে কমিশন হচ্ছে, এনকোয়ারি হবে তাদের কিভাবে প্রমোশন দেওয়া হয়, গভর্নমেন্টের নিয়ম আছে কিনা আপনিই বলবেন, আমি জানিনা যে আমি তাঁকে অনুরোধ করব এই ব্যাপারে বিশেষভাবে চিন্তা করবেন। আমরা দেখেছি যে এই সমস্ত খাতে বহু টাকা সারেন্ডার হয়ে যাচ্ছে, বহু টাকা আপনি খরচ করতে পারছেন না, আপনি এই ব্যাপারে একটু ইনিসিয়েটিভ নেবেন। একটু আগে আমাদের জন্মেজয়বাবু বললেন এই ডিপার্টমেন্ট বিরাট এই ডিপার্টমেন্টের সব জিনিস দেখা হয় তো সম্ভব হচ্ছে না।

অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনে যে ন্যায্যমূল্যে সার দেওয়ার ব্যবস্থা আছে, তা হচ্ছে না এবং অ্যাগ্রো সার্ভিস সেন্টারে যেখানে যুবক ইঞ্জিনিয়ারদের চান্স দেওয়া হয়েছিল সেখানে বিরাট দুর্নীতি হচ্ছে এবং এই করে অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনকে শেষ করে দেওয়া হচ্ছে। এই ব্যাপারে আপনি দেখবেন যাতে এই ধরনের দুর্নীতি না হয়। কি ধরনের যে দুর্নীতি হচ্ছে দেখলেই দেখতে পাবেন। আমরা বক্তব্য শেষ করার আগে কৃষিমন্ত্রীকে ধন্যবাদ জানাব যে তিনি চেষ্টা করছেন এবং আমাদের যে নীতিগুলি ছিল সেসব মেনে নিয়েছেন, আমাদের যে কাজগুলি ছিল সেগুলিই তিনি করে যাচ্ছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ দেব। এবং তাঁর কাছে আশা করব, পশ্চিমবঙ্গের মানুষ আশা করবে, তিনি কৃষি এলাকা থেকে এসেছেন, ভবিষ্যতে সাত্তার সাহেব যে কৃষি বিপ্লব, গ্রীন রিভোলিউশন পশ্চিমবঙ্গে এনেছিলেন, সেই কৃষি বিপ্লব তিনি সম্পূর্ণ করবেন, সেই বিপ্লবকে তিনি অগ্রগতির পথে নিয়ে যাবেন। আজকে তাঁর বাজেট ভাষণে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি দেখেছি তার সমালোচনা করলাম, ভবিষ্যতে তিনি তাঁর বাজেট সংশোধন করলে আমরা সমর্থন করব, কিন্তু আজকে সমর্থন করতে পারছি না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই যে পশ্চিমবঙ্গের সামগ্রিক অবনমনের মধ্যে রুখবার জন্য সতর্কতার সহিত বিগত ৩০ বছরের কৃষি প্রোগ্রাম বা কর্মসূচিগুলি সম্প্রসারিত করে আজকে রাজ্যকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পেরেছেন। আমি অভিনন্দন জানাই সামগ্রিকভাবে অধঃপতন ও অবক্ষয়ের অন্ধকার যুগে পশ্চিমবঙ্গে তখন যা সর্বব্যাপী হয়েছিল, আমরা আনন্দিত, আমরা গর্বিত আজকে মাথা উঁচু করে একথা ঘোষণা করতে পারি যে রাজ্য ডেফিসিট ছিল, এত বিরাট লোকসংখ্যা সত্ত্বেও, পপুলেশন এক্সপ্লোরেশন সত্ত্বেও আজকে স্বয়ং সম্পূর্ণ হয়েছি, এই ফল এদের নিন্দিত কংগ্রেস শাসনের কুফল ছাড়িয়ে আমরা দাঁড়াতে পেরেছি, আজকে আমরা স্বয়ং সম্পূর্ণ হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দফাওয়ারি বাজেট আলোচনাগুলি শুরু হয়েছে, এমন সময় কেন্দ্রীয় সরকারের বাজেটও জানতে পেরেছি, এবং আশা করি কেন্দ্রীয় সরকারের বাজেটের উপর তাঁদের মন্তব্যও এই বাজেটের উপর আলোকপাত করবে। কেন্দ্রীয় বাজেটে কৃষি এবং কৃষককে সুযোগসুবিধা দেওয়া হয়েছে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আজকে ভেবে দেখবার সময় এসেছে পশ্চিমবঙ্গে সেই সুযোগগুলি গ্রহণ করার জন্য কতখানি প্রস্তুতি আছে। আপনি জানেন সুবিধা দিয়েছেন লাইট ডিজেল অয়েলে যন্ত্রচালিত লাঙ্গল, কেমিক্যাল ফার্টিলাইজারে, আমি ঐকথা বলতে চাই যে কিছুদিন পূর্ব পর্যন্ত আমরা দেখেছি সারের ব্যাপারে কেমিক্যাল ফার্টিলাইজারের ব্যবহারে পশ্চিমবঙ্গের স্থান খুব উল্লেখযোগ্য ছিল না।

[4-25—4-35 P.M.]

কিন্তু এই সরকার যে বই বার করেছেন ইকনমিক রিভিউ তাতে একাধিকবার বলেছেন কৃষি ক্ষেত্রে পশ্চিমবঙ্গ আজকে স্বয়ং সম্পূর্ণ হতে চলেছে। আমরা দেখছি সারের কাজে গুণ আরোপ করতে চেয়েছেন, কিন্তু সেখানেও রাজনীতি বাধিয়েছেন সেইজন্য সম্পূর্ণ মূল্যায়ন দিতে চাইছেন না। এরা রৌদ্র করোজ্জ্বল সান সাইন আওয়ারকে পুরো কৃতিত্ব দিতে চায় না। এরা ইরিগেশন—মাইনর, মেজর ইরিগেশন—তাকেও পুরো কৃতিত্ব দিতে চায় না। কিসের কৃতিত্ব অপারেশন বর্গার, যে অপারেশন বর্গা রেকর্ডভুক্ত বর্গাকে কাজ থেকে তুলে দিচ্ছেন। তাদের কল্যাণেই নাকি কৃষিতে স্বয়ং সম্পূর্ণ হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রীকে আর একবার অনুধাবন করতে অনুরোধ করব যে আপনি যে প্রোগ্রাম অনুসরণ করে চলেছেন, সম্প্রসারণ করে চলেছেন, এই প্রোগ্রাম কবে থেকে শুরু হয়েছে। আজকে আমি আনন্দিত এবং আমি তাঁকে অভিনন্দন জানাই যে সবগুলো ওরা বর্জন করতে পারেনি। বর্জন করেনি বলেই একটি মাত্র ক্ষেত্রে এই রাজ্য আজকে মাথা তুলে দাঁড়াতে পারে। ওঁদের আমি এই অনুরোধ করব যে যে আঞ্চলিক বৈষম্য regional disparities—regional imbalances. যে কথা আছে, সেটা দূর করতে কৃষিতে ইনফ্রাস্ট্রাকচারস বিল্ড আপ করতে হবে। আপনি যে বই দিয়েছেন, I invite your attention to page—

আপনি দেখবেন এখানে কতকগুলো ডিস্ট্রিবিউশন অফ শ্যালো, ডিপটিউবওয়েল-এর ক্ষেত্রে বহু জায়গায় বিরাট ডিসপ্যারিটিস আছে। কতকগুলো জায়গায় ড্যাস আছে। জানি না আমার জেলা থেকে এসেছি বলেই ড্যাস পেলাম কিনা। এই আঞ্চলিক বৈষম্য দূর করার জন্য কৃষিতে ইনফ্রাস্ট্রাকচার্স তৈরি করার প্রয়োজন বলে মনে করি। কারণ আমরা জানি আমাদের সঙ্গে একমত হয়ে ঘোষণা করেছেন যে জাতীয় মেরুদণ্ড কৃষি। সেইজন্য আর একবার ধন্যবাদ জানাই। আমরা যদি ফিফটি ফিফটি ধরে নিই তাহলেও ন্যাশনাল ইনকাম জি. ডব্লিউ. পি.র দিক থেকে কৃষির উপর পশ্চিমবাংলা দারুণ নির্ভরশীল যদিও এখানে ইন্ডাস্ট্রিয়াল অ্যাকটিভিটি অনেক আগেই সম্প্রসারিত এবং স্টার্ট হয়েছিল। তথাপি আজকে ইন্ডাস্ট্রির উপর নির্ভর করে পশ্চিমবঙ্গ স্বয়ং সম্পূর্ণ হতে পারে না। অনেকগুলো ফ্যাক্টরস অপারেট করে। আমি সেইজন্য অনুরোধ করব রিজিওনাল ইমব্যালান্স দূর করার জন্য ক্যানেল ইরিগেশন ভালভাবে করার। এটা আপনার একার দায়িত্ব নয়, এখানে প্রভাসবাবু আছেন তাঁরও দায়িত্ব, তিনি আজকে এখানে সুন্দরবন বাজেট উপস্থিত করেছেন, আজকে তাঁরও দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে। আজকে ক্যানেল ইরিগেশন এবং প্রটেকশন অফ ফ্লাড যথাযথভাবে নির্মাণ হওয়া দরকার। যেখানে আজ প্রয়োজন সেখানে তা নির্মাণ হওয়ার প্রয়োজন আছে। কৃষক চাষ করলেই ফসল পায় না। এবার ১৬টা জেলাতে আপনারাই বলেছেন ৭০ লক্ষ একর জমির ফসল ভেসে গিয়েছে। কৃষক ভাইদের ইনসিওরেন্স করেও এই সমস্যা মেটানো যাবে না। এই সমস্যা মেটানো যাবে by meticulous translation of the programme of flood protection embankments. তারপর, বিদ্যুতের সঙ্কট এখানে রয়েছে। বিদ্যুৎ ছাড়া আজকে মডার্ন ইরিগেশন সম্ভব নয়, লিফট ইরিগেশন সম্ভব নয়। দুর্ভাগ্যের বিষয়, বসুর রাজত্বে অন্ধকার নেমে এসেছে। তাই মানুষ আজকে হাসপাতালে বিদ্যুৎ পায় না, সেচ পাম্পগুলো বিকল হয়ে বসে থাকতে দেখেছি। আমি তো একটা দরখাস্ত এই সম্পর্কে

কৃষিমন্ত্রীর করকমলে দিয়েছি। প্রকৃতির কি রহস্য, কি উপহাস। এইবার নর্থ বেঙ্গলে একদিকে বন্যা, একদিকে খরা। এই সময় যে নলকূপগুলো বিকল হয়েছিল, আজকেও তা বিকল। বোরো গেল, গমের মরশুম গেল। অসংখ্য রকম, অসংখ্য ধরনের জীপগাড়ি যাতায়াত করছে, কিন্তু এগুলো মেরামত হচ্ছে না। আমি শুধু একটাই শুনিনি, অনেক জায়গায় দেখেছি। ডিপ টিউবওয়েল ইরিগেশনের ক্ষেত্রে কমান্ড এরিয়ার বিষয়টা বোধ হয় দেখার সময় এসেছে। মূলত এর এই হাল বিদ্যুতের জন্য। যেখানে বিদ্যুৎ নেই, ডিজেল চালিত সেগুলো পুঙ্খানুপুঙ্খরূপে মেন্টেন হওয়া উচিত বলে আমি মনে করি। আর শুধু ইনফ্রাস্ট্রাকচার্স বিল্ড আপ করলেই হবে না, এগুলো রক্ষা করা দপ্তরের কর্তব্য বলে মনে করি। আমার মনে কোনও সন্দেহ নেই যে উৎসাহী বন্ধু কমল গুহ, কৃষিমন্ত্রী এইদিকে যথোচিত দৃষ্টি দেবেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বই আপনার এখান থেকে সাপ্লাই করেছেন সেখানে কি ভেরিয়েশন দেখুন। ১৮ মিলিমিটার বৃষ্টি হওয়ার কথা, হয়েছে ১৪ মিলিমিটার। এতে তো উল্লেখ করেছেন, আমি বুঝতে পারছি না, বোধ হয় আপনার দপ্তরের সচিবও রয়েছেন, আমার জেলাটাকে ইন পেজ-৬৫ অফ ইকনমিক রিভিউতে বলছে গ্যানজেটিক ওয়েস্ট বেঙ্গল। কিন্তু আমার জেলা ওয়েস্ট দিনাজপুর তো সাব-হিমালয়ান রিজিওনে পড়ে। কিন্তু এটা এখানে কেন লেখা হয়েছে বুঝতে পারলাম না। এটা বোধ হয় ভুল হয়েছে। Directorate of Agriculture authority quoted it by mistake or by design. আমি জানি না, এটা মিসটেক বা ডিজাইন। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি, নিশ্চয় উনি এটা সংশোধন করে নেবেন। এটা বড় কথা নয়, কিন্তু স্যার, তার কি ভেরিয়েশন দেখুন ৪১৪ যেখানে অ্যাভারেজ হবার কথা অর্থাৎ ৪১৪ মিলিমিটার যেখানে ক্যানেল ইরিগেশন হবার কথা সেখানে এই বইতে লেখা দেখছি নীল। যেখানে ম্যাক্সিমাম ওয়ান ফোর্থ নর্মাল রেনফল সেখানে ডিপ টিউবওয়েল নাই এগুলি যদি সেখানে অকেজো হয়ে বসে থাকে তাহলে সেখানে কৃষকরা বিপন্ন হবেই এবং তাদের জীবনে বিড়ম্বনার আর শেষ থাকে না। সেইজন্য আমি অনুরোধ করব আপনি যে জাগরণের দৃষ্টি রেখেছেন সর্বদিকে সেখানে এই ইনফ্রাস্ট্রাকচার যেন মেনটেন হয়। কিন্তু একটিও ডিপ টিউবওয়েল সারানো হবে না ডজন ডজন শ্যালো টিউবওয়েল সারানো হবে না অথচ পাখা চলবে লিফ্‌ট ইরিগেশন চলবে না এটা কেন হবে সেকথা আমি আপনার মাধ্যমে জানতে চাই। স্যার, একটা কথা কৃষি মন্ত্রী উল্লেখ করেছেন আলু কেনার কথা। এই সমস্যা শুধু আমাদের নয়। আমরা দেখেছি যে যখনই উৎপাদন বেশি হয় তখনই আমরা প্রাইস লাইনটা নিয়ে কমব্যাট করতে চেয়েছিলাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয় উৎপাদন বেশি হলেই সেটা বিলো প্রাইসে গিয়ে পৌছায়। আপনি আলু কিনে শুধু কৃষককুলকে বাঁচাতে পারবেন না। এই ধরুন তামাক যেটাতে সেন্ট্রাল গভর্নমেন্ট কনসেশন করে দিয়েছে—কিন্তু তাতে তামাক চাষীদের সব দুর্দশা মোচন করতে পারেননি। এই দেখুন পাট চাষীদের ঐ ৪৫ দিন কিংবা ৯৫ দিন জুট স্ট্রাইক হবার দরুন তাদের মেরুদণ্ড ভেঙে গিয়েছে। আজকে প্রত্যেক জায়গায় আমরা দেখছি যে সব ফড়িয়ারা এর মধ্যে রয়েছে তাদের পিছনে বৃহৎ রাঘববোয়াল সিংহ নেপথ্যে বাজার নিয়ন্ত্রণ করে। সেইজন্য যে যে ইতিহাস আপনি এখানে পেশ করেছেন সেটা আশাব্যাঞ্জক নয় কারণ এ ব্যাপারে কোনও কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি। আজকে ফড়িয়াদের ইন্টার-প্লে'র জন্য কৃষককুল মার খেয়ে যায় এবং এখানে সামান্য সংযোজন করতে পারি স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন-এ উৎপাদনের সময় যখন

মালের দাম কম থাকে তখন কৃষকরা সেখানে মাল গুদামজাত করে এবং তার রিসিট নিয়ে ব্যাঙ্কের ফাইন্যান্স তারা গ্রহণ করে। যখন মালের দাম উঁচু হবে তখন উচ্চ মূল্যে বিক্রি করে ব্যাঙ্কের দেনা পরিশোধ করতে পারবে। আজকে দেখছি এই স্কীম অপারেট হয়নি। আজকে সেই স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন কিংবা এই জাতীয় যতগুলি সরকারি এবং বেসরকারি উদ্যোগ রয়েছে সবগুলিই কার্যকর হয়নি। এইসব হিমঘরের পয়েন্টে এসে সুপারভিসন করা যায় না। সেখানে যে দৃষ্টিভঙ্গি, মানসিকতা প্রয়োজন যে সর্বজনীন জাগরণের প্রয়োজন যে দলবাজি বর্জন করা প্রয়োজন তা আজকে নাই। এই দিকে সরকার পক্ষের সমস্ত সদস্যদের সমস্ত সংগঠনকে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাইস রাইজ নিয়ে অনেক সমস্যা আছে, এবং সরকার হয়তো যথোচিত স্টক করেন—আমাদের যেগুলি ডেফিসিট সেগুলি যদি স্টক রাখতে পারেন তাহলে সময়মতো এগুলি কমব্যাট করা যায়, both in cases of imput and in cases of production.

যখন শর্টেজ হয় তখন আর্টিফিসিয়্যাল প্রাইস রাইজ হয় তখন তার ব্যবস্থা নেওয়া যায়। আজকে কেমিক্যাল ফার্টিলাইজারের দাম কমেছে আবার আমরা কোনও কোনও সময়ে দেখেছি যে এই কেমিক্যাল ফার্টিলাইজারের এত বেশি দামে বিক্রি হয় যা কৃষকদের প্রায় নাগালের বাইরে চলে যায়। আপনারা বলছেন সরষের দাম দু'টাকা করে আবার আমরা দেখেছি এই সরষের দাম ৮ টাকা কেজি করে চাষের সময় কিনতে হয়েছে। সেইজন্য যে সিড কর্পোরেশন করার যে সিদ্ধান্ত এই সিদ্ধান্ত উপযুক্ত সিদ্ধান্ত সময়োচিত সিদ্ধান্ত এবং যথপোযুক্তভাবে লক্ষ্য দিয়ে এই সিদ্ধান্তকে কার্যকর করতে হবে। এবং দেখতে হবে কোন কোন সময়ে কোন কোন জাতের সিড প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিজ্ঞান ভিত্তিক কৃষি ব্যবস্থা যদি এই দেশে চালু করতে না পারেন তাহলে কোনও দিনই আমরা কম্পিটিশনে দাঁড়াতে পারব না। সেইজন্য বিজ্ঞানকে কাজে লাগাতে গেলে যেটা বেসিক কথা, যে কথা জন্মেজয়বাবু বলার চেষ্টা করেছিলেন সেই সয়েল টেস্টিংয়ের কথা এসে পড়ে। আপনারা বইতে বলেছেন যে কল অফিস করবেন ইঞ্জিনিয়ারিং যন্ত্রপাতি মেরামতের জন্য। আমি বলি মিনিমাম সয়েল টেস্টিং-এ বাধা কাথায়—ব্লকে কিংবা subdivision wise permanent centre for testing soil and to prescribe required dozes of imputs. এইসব আপনাদের করতে বাধা কোথায়? আমি অনুরোধ করব যষ্ঠ পরিকল্পনা আরম্ভের সময় যে অর্থ বরাদ্দ করা সম্ভব হয়েছে এবং দক্ষ পরিচালনার ফলে এই জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা কৃষিতে প্রয়োগ সম্ভব হবে বলে মনে করি। এই বিজ্ঞানকে সম্প্রসারণ করতে গেলে কৃষিকে আধুনিকীকরণ করে বিজ্ঞানকে সম্প্রসারণ করার জন্য আমার মনে আছে পশ্চিমবাংলায় বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল।

[4-35—4-45 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, কৃষিতে আধুনিক জ্ঞান সম্প্রসারণ করার জন্য, বিজ্ঞান সম্প্রসারিত করার জন্য আমাদের এই পশ্চিমবঙ্গে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল, এই কথা নিশ্চয় আপনার মনে আছে। আমরা বিস্ময়াম্বিত হলাম ৮ই ডিসেম্বর ১৯৭৭ তারিখে অল অন এ সাডেন এই বিশ্ববিদ্যালয়ের উপর বামফ্রন্ট সরকারের একটা

খাঁড়া নেমে এল। এই বিশ্ববিদ্যালয়কে কব্জা করার জন্য একটা অর্ডিন্যান্স পাস করা হল। ফল কি হল? আমরা দেখতে পাচ্ছি ওখানে ২ কোটি রেকারিং ২ কোটি নন রেকারিং—প্রতিটি স্টুডেন্টের পিছনে ২০ হাজার টাকা করে খরচ করা হয়, অথচ স্থায়ী কোনও ভাইস-চ্যান্সেলার, স্থায়ী কোনও রেজিস্টাররা নেই। ৩ দিন আসতে হয় ১৫০ টাকা খরচ করে—ছাত্রদের মোকাবিলা করা যায় না, তারা শিক্ষা পায় না, ট্রেনিং পায় না। ওখান থেকে যে ছাত্রই কম্পিটিশনে যায় তারা প্রত্যেকেই পরাজিত হয়ে যায়। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে দৃষ্টি দিতে অনুরোধ করব যে আপনি বিষয়টি অনুসন্ধান করে দেখুন কেন এই রকম হচ্ছে। কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ক'জন ছাত্র জাতীয় পর্যায়ে প্রতিযোগিতামূলক পরীক্ষায় স্থান পেয়েছে? একজনও পায়নি। ওদিকে কোনও দৃষ্টি দেওয়া হয়? দেওয়া হয় না। ঝাড়গ্রামে আপনি ৪০০ একর জমি নিয়ে রেখেছেন। আমি আনন্দিত মাননীয় কৃষি মন্ত্রী মহোদয় উত্তরবঙ্গে কৃষি বিদ্যালয় করার কথা চিন্তা করছেন। ওখানে উপযুক্ত দৃষ্টি দিয়ে মানুষকে শিক্ষিত করে তুলুন এবং এইভাবে যদি মানুষকে কৃষিতে আধুনিক প্রযুক্তিবিদ্যা প্রয়োগ সম্পর্কে শিক্ষিত করে তোলা যায় এবং এর সদ্ব্যবহার যদি করা যায় তাহলে ফল ভালই হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি দুঃখের সঙ্গে বলছি বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়ের দিকে তেমন নজর দেওয়া হচ্ছে না। মাননীয় প্রভাস রায় মহাশয় সুন্দরবন সম্বন্ধে বলবেন। মাননীয় প্রভাস রায় একজন প্রবীণ মন্ত্রী মহোদয় এবং তাকে একাধিকবার দেখবার সুযোগ আমার হয়েছে। ১৯৬৭ সালে তিনি মন্ত্রী ছিলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি তখন সুন্দরবন সম্বন্ধে কোনও পরিকল্পনা নেওয়া হয়েছিল? আপনারা তখন কেন পরিকল্পনা নিতে পারেননি? আজকের বামফ্রন্ট সরকারের পূর্বপুরুষ ১৯৬৭ সালে সুন্দরবন সম্বন্ধে কোনও পরিকল্পনা নেননি। কারণ, রাজনীতিই ওদের মুখ্য উদ্দেশ্য ছিল। বামফ্রন্ট সরকারের পূর্বপুরুষ তখন যে পরিকল্পনা নেননি, ১৯৭২ সালে বিগত কংগ্রেস সরকার সুন্দরবনের অনুন্নত এলাকা উন্নয়নের জন্য পরিকল্পনা নিয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন প্রভাসবাবুর নেতা জ্যোতিবাবু ১৯৬৭-৬৮ সালে অর্থমন্ত্রী ছিলেন এবং তখন এই রাজ্যে চতুর্থ পরিকল্পনার রচনা চলছিল। চতুর্থ পরিকল্পনার পরিমাণ ছিল ৩০৫ কোটি টাকা এবং সেটাকে বাড়িয়ে ৩১৭ কোটি টাকার বেশি করতে পারেননি। আজকে বলছেন ৩৭১ কোটি টাকা কেন্দ্র দিতে চেয়েছে, আমরা রাজি হইনি। আমরা ৫৩০ কোটি টাকার পরিকল্পনা রূপায়ন করতে চলেছি। ৫৩০ কোটি টাকার পরিকল্পনা যদি আজকে রূপায়িত হয় তাহলে ৬টি স্লুইস গেটের জায়গায় ৭০টি স্লুইস গেট করাটা লজ্জার কথা। আমি আনন্দ পেয়েছি কিছু শিক্ষা কেন্দ্র স্থাপন করতে চেয়েছেন। কিন্তু যেখান থেকে অফার এল কৃষি কলেজ কাকদ্বীপে না হয়ে যদি সাগরদীঘিতে হয়—লোকগুলিকে কংগ্রেস এম. এল. এ. সত্য বাপুলি পাঠিয়েছে তাই ১৮ বিঘা জমি ও ৫০ হাজার টাকা অফার সত্ত্বেও কাকদ্বীপেই হবে—দলবাজির কনসিডারেশন ভোলাতে আজকে কাকদ্বীপেই হবে, যেখানটা একপেশে হবে। ৩৯১টি শিক্ষা কেন্দ্রের কথা ঘোষণা করেছেন। আমি জানি প্রভাসবাবু শিক্ষাকেন্দ্রের বেনামে পার্টি কেন্দ্র করতে চেয়েছেন। কি নিয়োগ প্রথা সিলেকশন হয়েছে জিজ্ঞাসা করতে পারি? আমি আর একবার কমলবাবুকে এই সঙ্গে সতর্ক করে দিতে চাই—আপনি অনেক সম্প্রসারণ করছেন, ইনপুটস সম্পর্কে চিন্তা করছেন—দাবি উঠেছে বন্যা এরিয়া মকুব করে দেবেন। আমি আপনাকে অনুরোধ করব আপনি যতটা পারেন কনসেশন দেবেন বিশেষ করে যারা ফ্লাড অ্যাফেক্টেড, ড্রট অ্যাফেক্টেড এরিয়ায় বাস

করছেন, সেটা উত্তরবঙ্গেই হোক, আর দক্ষিণবঙ্গেই হোক। আপনি যে দুর্দশাগ্রস্ত কৃষকের কথা চিন্তা করছেন এর জন্য আমি আনন্দিত—আপনি এইগুলি আরও সম্প্রসারণ করবেন।

কিন্তু দেখবেন, আপনার নাম নিয়ে, আপনার হাত দিয়ে ঐ সি. পি. এম. নামক পঞ্চায়েত ব্যবস্থা যেখানে রয়েছে সেখানে না যায়। মিনিকিটগুলি কাদের জন্য যায়? এই ব্যবস্থাগুলি আপনাকে তদন্ত করে দেখার জন্য অনুরোধ করছি। মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় তাঁর বাজেট পেশ করতে গিয়ে যেসব নতুন কথা বলবার চেষ্টা করেছেন সেগুলি পুরানো পরিকল্পনার কর্মসূচির সম্প্রসারণ মাত্র। কি সিড কর্পোরেশন, কি ক্রপ ইনসিওরেন্স, কি বার্ধক্য ভাতা—আমার জেলাতেই তো আমি জানি ২১৬ জন পেয়ে থাকে—এগুলি সম্প্রসারণ করেছেন, বর্জন করেননি সেইজন্য কৃষিমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। তাঁকে বলব, এগুলি আরও সম্প্রসারিত হোক—এখানে ক্রপ ইনসিওরেন্স এবং আরও যে ব্যবস্থাগুলি আপনি করেছেন সেগুলি সম্প্রসারিত করুন। শেষ কথা মাননীয় সভাপাল মহাশয়, ভারতবর্ষের মানচিত্রে যদি পশ্চিমবঙ্গকে দাঁড়াতে হয় তাহলে তাঁকে বলব, দীর্ঘ মেয়াদী ব্যবস্থার কথা আপনাকে চিন্তা করতে হবে। আমরা জানি, চাল, ডাল, সরষের তেল এগুলির সমস্যার সমাধান সম্ভব। কিন্তু যেগুলি মার খাচ্ছে deliberate control of the Industrial Policy-এর জন্য যেমন র কটন আজকে কৃষিমন্ত্রীর দীর্ঘ বক্তৃতায় তার উল্লেখ আমি পাইনি। আমরা শুরু করেছিলাম, ফ্রেট ইকোয়ালাইজেশনের প্রশ্নে তো আমরা মার খাচ্ছি সেখানে র কটনের ব্যাপারে যে ক্যান্ডি ১৭ টাকায় গুজরাটে পৌঁছায় সেটা এখানে ৭২ টাকা লাগে পৌঁছাতে। আজকে রেলওয়ে বাজেট বৃদ্ধির ফলে এটা আরও বাড়বে, এখানকার টেক্সটাইল আরও অসম প্রতিযোগিতার মধ্যে গিয়ে দাঁড়াবে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় উদ্যোগী, তাঁকে বলব, আমরা কাকদ্বীপে জিনারী করেছিলাম, প্রভাসবাবুর হতাশ হবার কোনও কারণ নেই, কাকদ্বীপে যে জিনারী আছে সেখানে কটন পরিশোধিত হয়, উপযুক্ত হয় ব্যবহারের জন্য। তাছাড়া সুন্দরবন অঞ্চলে নাকি কটন চাষ সম্ভবপর। ফ্রেট ইকোয়ালাইজেশন যদি সম্ভব না হয় তাহলে আমি বলব, পশ্চিমবঙ্গকে যদি দাঁড়াতে হয় তাহলে দীর্ঘমেয়াদী ব্যবস্থা হিসাবে যে যে এলাকায় কটন চাষ সম্ভব সেখানে কটন চাষের পরিকল্পনা নিতে হবে এবং কৃষকদের তারজন্য যথাযথ সুবিধা দিতে হবে। পরিশেষে স্যার, বলব, অনেক কথা বন্ধুদের কমল গুহ মহাশয় বলেছেন কিন্তু আসল কথাটা বলেননি। আজকে এই যে কৃষিতে সাফল্য সেটা ৩০ বছরের কংগ্রেসি শাসনের ফল—স্বনির্ভরতা। যদি বন্ধুবরের সাহস থাকে তাহলে এটা স্বীকার করবেন। পশ্চিমবঙ্গ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে, আরও অনেক ডেফিসিট মেকআপ করতে চলেছে। কৃষির ব্যাপারে বিরাট, বিপুল যজ্ঞ শুরু হয়েছে, এর জন্য আহ্বান ও উত্তপ্ত অভিনন্দন জানিয়ে আমি শেষ করলাম।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় কৃষি খাতের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আপনার মাধ্যমে ২/৪টি কথা এই সভায় রাখছি। স্যার, কংগ্রেসি সদস্যরা বলে গেলেন যে কংগ্রেস আমলে ৩০ বছর ধরে তারা যেভাবে কৃষিব্যবস্থা করে গিয়েছেন সেটাই নাকি এই বাজেটে আছে। স্যার, ওরা গত ৩০ বছর ধরে কি করে গিয়েছেন সেটা এই বাজেটে আছে যে দেশের শতকরা ৭০ জন লোক এখনও দারিদ্র্যসীমার নিচে বাস করছে। দেশের বেশিরভাগ মানুষের অর্থনৈতিক অবস্থার

হাল এই তারা করে গিয়াছেন। এটা যে হয়েছে তার মূল কারণ হচ্ছে, যারা পরিশ্রম করে, যারা মেহনত করে চাষ করে জমিতে, যারা দেশের সমস্ত লোককে খাদ্য যোগায় তারা গত ৩০ বছর ধরে বঞ্চিত হয়ে এসেছে। যারা ভাগচাষী ফসল তৈরি করেছে আমরা দেখেছি, তাদের হাজারে হাজারে, লাখে লাখে উচ্ছেদ করা হয়েছে। আজকে যখন অপারেশন বর্গার মাধ্যমে বর্গাচাষীদের স্বত্ত্ব রেকর্ড করা হচ্ছে তখন দেখি ওদের তাতে উষ্মা যে কেন ভাগচাষীদের স্বত্ত্ব রেকর্ড করা হচ্ছে। স্যার, এই বাজেটের মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যেটা দেখাতে চেয়েছেন সেটা হচ্ছে, এ বছর ফসলের রেকর্ড ফলন হয়েছে। সেখানে বন্যার যে ক্ষয়ক্ষতি তা পূরণের জন্য বামফ্রন্ট সরকার যেভাবে বর্গাচাষীদের, গরিব চাষীদের, ভাগচাষীদের সাহায্য করেছে—ঋণ, মিনিকিট, সার দিয়ে—তার ফল হিসাবে আমরা দেখছি আজকে আলুর ফলন এইরকম হয়েছে। স্যার, এই রকম আলুর ফলন পশ্চিমবঙ্গে কোনওদিন হয়নি।

[4-45—4-55 P.M.]

এই যে কোল্ড স্টোরেজ আছে, এই কোল্ড স্টোরেজগুলিতে সব আলু রাখা যায়—এখানে শতকরা ৪৫ ভাগ ফলনের আলু মাত্র রাখা যায় কিন্তু ৫৫ ভাগ আলু রাখার কোনও জায়গা নেই। ফলন অতীতকালে কোনও দিন হয়নি। আজকে এই বামফ্রন্ট সরকার তলার মানুষদের সাহায্য করছে। ওদের সময়ে যে ডিপ টিউবওয়েল ছিল সেই ডিপ টিউবওয়েলগুলি সমস্ত বড় বড় জোতদারের জমিতে বসেছে। এস. এফ. ডি. স্কীমে যাঁরা প্রান্তিক চাষী তাদের সাবসিডি দেওয়া হত কেন্দ্রীয় সরকারের পরিকল্পনাতে। সেখানে আমরা দেখেছি তদন্ত করে যে দুর্নীতিতে ভরা, চুরি করে সব ফাঁক করে দেওয়া হয়েছে। সেখানে টিউবওয়েল বসেনি অথচ বিল করা হয়েছে টাকা আদায় করার জন্য এবং সমস্তগুলি বড় জোতদারের স্বার্থে রাখার ব্যবস্থা করা হয়েছে। আজকে বাজেটে বলা হয়েছে যে দু'ফসলা জমি আরও বেড়েছে। আজকে কৃষকদের যদি আর্থিক অবস্থা ফেরাতে হয় তাহলে এক ফসলা জমিকে দো-ফসলা, তিন ফসলা, করতে হবে, সেচের ব্যবস্থা বাড়াতে হবে এবং সেই নির্দেশ এই বইতে আছে। শুধু তাই নয়, আগে ক্ষেতমজুররা বছরে ৬ মাস কাজ পেতেন। আজকে বামফ্রন্ট সরকার এসে জমিতে গ্যারান্টি করে দেবার ফলে যখন দো-ফসলা জমি হয়েছে এবং তার ফলে তারা কাজ পাচ্ছে। ক্ষেতমজুরদের কিছু কিছু অংশ হয়ত ১২ মাস কাজ পাচ্ছে না সেখানে ফুড ফর ওয়ার্ক করে ১২ মাস কাজের ব্যবস্থা করা হয়েছে। এর মূল কারণ হচ্ছে, যাঁরা মেহনত করে, যাঁরা গরিব মানুষ তাঁরা ৩০ বছর ধরে বঞ্চিত হয়ে আসছেন, আজকে বামফ্রন্ট সরকার, তাদের সীমিত ক্ষমতার মধ্যে তাঁদের সাহায্য করার ব্যবস্থা করেছেন। অন্য দিকে ফসলের ন্যায্য দাম হওয়া দরকার, শুধু ফসল করলেই হবে না—আজকে আলু ফলেছে বটে কিন্তু সেই আলুর দাম পড়ে গেছে। এই ফসলের দাম নিয়ন্ত্রণ করেন কেন্দ্রীয় সরকার। আমি রজনীবাবু, আবেদিন সাহেবকে প্রশ্ন করি, তাঁরা তো কেন্দ্রে এবং রাজ্যে ৩০ বছর ছিলেন, তাঁরা কেন সেই যুগে ফসলের ন্যায্য দামের গ্যারান্টি করতে পারেননি? কেন জুট কর্পোরেশনকে দিয়ে গ্রামে গ্রামে কেন্দ্র খুলে পাট চাষীরা যাতে মার না খায় তার জন্য ব্যবস্থা করতে পারেননি? আজকে বামফ্রন্ট সরকার তার সীমাবদ্ধ ক্ষমতা থাকা সত্ত্বেও, সীমাবদ্ধ আর্থিক সঙ্গতি থাকা সত্ত্বেও তারা ব্যবস্থা করছেন এবং তার ইঙ্গিত এই বাজেটে রয়েছে এবং সেটা হচ্ছে শষ্যবীমার ব্যবস্থা। জুট কর্পোরেশনকে দিয়ে পাট কেনার ব্যবস্থা। সেটা হচ্ছে যে চাষী যাতে ফসলের

ন্যায্য দাম পায় তার জন্য সাবসিডি দিয়ে সেখানে ৫০০ টাকা কুইন্টাল দামে আলু কিনে মজুত করে রেশনের মাধ্যমে যাঁরা আলু খায় শহরে এবং চাষীর মধ্যে তাদের দেবার ব্যবস্থা হয়েছে। কাজেই এগুলির মধ্যে দিয়ে যাতে চাষীরা ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করার ইঙ্গিত এই বাজেটে আছে যেটা গত ৩০ বছরেও কংগ্রেসের সময় ছিল না। তাছাড়া অনুন্নত শ্রেণীর, আদিবাসী শ্রেণী যে এলাকায় বাস করে সেখানে যাতে কৃষিতে অর্থনৈতিক পুনর্গঠন হয় তার জন্য আদিবাসী নিবিড় জাতি উন্নয়ন প্রকল্প ৩৩টি ব্লকে করা হয়েছে। তারপর মাটি পরীক্ষা এবং রাসায়নিক সারের কথা বলা হয়েছে। এটা প্রত্যেক ব্লকে ব্লকে হওয়া উচিত এবং সেই জিনিসের ইঙ্গিত এখানে রয়েছে এবং জেলায় জেলায় করার পরে যদি দেখা যায় যে ফল ভাল হয়েছে তাহলে আগামীদিনে প্রত্যেক ব্লকে ব্লকে হতে পারবে সে সম্পর্কে কোনও সন্দেহ নেই। সারের প্রশ্নে আমার বক্তব্য হচ্ছে, এই সার কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রাধীন। এই ব্যাপারে পশ্চিমবঙ্গের কৃষকরা যার জন্য প্রতি বছর এই সারের জন্য মার খাচ্ছে। আগের দিনে সার নিয়ে চোরাকারবারী হত, সারের মধ্যে ভেজাল দিয়ে চাষীদের সর্বনাশ করা হত। এখন সেই সার যাতে নিয়ন্ত্রণ করা যায় বা নিয়ন্ত্রণে আনা যায় তার জন্য চেষ্টা করা হচ্ছে এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা হচ্ছে। যদি কেন্দ্রীয় সরকার সহযোগিতা করেন নিশ্চয়ই রাজ্য সরকার সেটা নিয়ন্ত্রণ করবেন। সিমেন্টের মতো নিয়ন্ত্রণ করে যাতে গ্রামে গ্রামে কো-অপারেটিভের মাধ্যমে, অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজের মাধ্যমে সময় মতো পেতে পারে। যে সমস্ত দুর্নীতিপরায়ণ অ্যাগ্রো ডিলার আছেন সেটা ওদের দলের লোক। সেই সমস্ত টাকা তাঁরা শোধ দেয়নি এবং সেই টাকা নিয়ে গিয়ে তাঁরা বালির খাদের কারবার করেছে অ্যাগ্রো সার্ভিস সেন্টারের কাজ করেছে। সেই সমস্ত অ্যাগ্রো ডিলার যাঁরা আছেন তাদেরকে বাতিল করে দিয়ে নতুন অ্যাগ্রো সার্ভিস সেন্টার করে দিতে হবে।

এবং তাই দুর্নীতি মুক্ত ব্যবস্থা করতে হবে। এই সারের নিয়ন্ত্রণ যদি আমরা করতে পারি তাহলে ফলন বাড়বে এবং তারপর যদি চাষীরা তাদের ন্যায্য মূল্য পায়, গরিব কৃষক, প্রান্তিক চাষীদের অর্থনৈতিক উন্নতি হবে, এই ব্যাপারে সরকার দৃষ্টি দিচ্ছেন, গত ৩০ বছরের কংগ্রেসি আমলে কিন্তু এই জিনিস হয়নি। বিভিন্ন ব্লকে এস. এফ. ডি. এ. স্কীমে আগে দেখেছি, প্রান্তিক চাষীদের নামের যে ছাপা লিস্ট আছে, তাতে বড় বড় জোতদারদের নাম আছে, বড় চাষীদের নাম আছে সেই ছাপা বইতে, আমরা সেইগুলো তদন্ত করে বাতিল করে প্রান্তিক চাষী ছোট চাষীদের নাম ঢোকাতে চাই। ৩ একর জমির মালিকের নাম করে যারা ১০০-১৫০ বিঘা জমির মালিক তাদের নাম লিপিবদ্ধ করা আছে, তারা গত ৩০ বছর ধরে সমস্ত এস. এফ. ডি. এ. স্কীমের সুযোগসুবিধাগুলো গ্রহণ করে আসছে। নতুন দৃষ্টিভঙ্গি হচ্ছে, ঐ যে মিনি কীট বিলি হচ্ছে, সার বন্টন হচ্ছে, ঋণ বন্টন হচ্ছে, সমস্তটা ঐ তলা থেকে গরিব কৃষক, ভাগচাষী, তাদের স্তর থেকে বিলি করা হচ্ছে। যে রেকর্ডেড বর্গাদার নয়, সে যদি এম. এল. এ.র সার্টিফিকেট বা প্রমাণ সাপেক্ষ বস্তু আনে, তাহলেও তাকে পঞ্চায়েতের মাধ্যমে ঋণ দেওয়া হচ্ছে, সার দেওয়া হচ্ছে। সেই কারণেই অপারেশন বর্গার ক্ষেত্রে ওদের এত রাগ। নিচের তলার মানুষ, যারা লাঙ্গল ধরে চাষ করে, তাদের মদত দেওয়া হচ্ছে, তাদের সাহায্য করা হচ্ছে। তার জন্যই আজকে উৎপাদন বাড়ছে। কলকাতায় জমিদারবাবুরা বসে থাকবেন আর জলপাইগুড়ি জেলায় ট্রাকটার দিয়ে মুন্সি দিয়ে তিনি চাষ করাবেন, এতে

উৎপাদন বাড়ানো যায় না। যারা মেহনত করে, যারা যুগ যুগ ধরে বঞ্চিত, সেই সমস্ত ক্ষেত মজুর, ভাগচাষী, কৃষক, জমি হারা কৃষক তাদেরকেই সাহায্য করা হচ্ছে, এই বাজেটে সেই ইঙ্গিত আছে। এটাই হচ্ছে মূল পার্থক্য আগের ৩০ বছরের কংগ্রেসি আমলের সঙ্গে। জন্মেজয় ওঝা বললেন যে প্রফুল্লচন্দ্র সেন মহাশয় নাকি বলেছিলেন যে খাদ্যাভ্যাস পরিবর্তন করতে হবে, তিনি কাঁচকলা খাওয়ার উপদেশ দিয়েছিলেন। যখন প্রফুল্ল সেন মহাশয় গ্রামে যেতেন তখন গ্রামের মানুষ তাঁকে কাঁচকলা এবং কানা বেগুন টাঙিয়ে রেখে দেখাতো। গ্রামের মানুষেরা এইভাবে তাঁকে অভিনন্দন জানাতো, তাঁর কথা গ্রামের মানুষ মানেনি। সেই কাঁচকলা কৃষকদের অবস্থা ফেরাতে পারেনি। তারা আজকে নিজেদের হাতে চাষ করে নতুন ব্যবস্থার মধ্যে দিয়ে রেকর্ড ফলন ফলিয়েছে। সেদিক থেকে আজকে দরকার, যে সমস্ত একচেটিয়া ব্যবসাদার আছে, হিমঘরের মালিক আছে—১৭৬টি হিমঘর পশ্চিমবাংলায়, তারা আজকে ঐ অকৃষক ব্যবসাদারদের দিয়ে একটা বন্ড রাখে, যার ফলে চাষীরা সেখানে আলু রাখার সুযোগ পাচ্ছে না। আজকে দরকার সেইজন্য সমবায় হিমঘর করা। ব্লকে ব্লকে কো-অপারেটিভ হিমঘর করা এবং চাষীরা যাতে তার মেম্বার হতে পারে, তার ব্যবস্থা করতে হবে।

তারা প্রত্যেকে আলু রাখবার সুযোগ পাবে। সেই জন্য গত ৩০ বছরে ওরা যা করে গেছে, সেটা হচ্ছে সমস্ত ব্যক্তিগত মালিকানায় একচেটিয়া পুঁজিপতি এবং বড় বড় জোতদার, বড় জমির মালিক, তাদের স্বার্থ রক্ষার জন্য এই ব্যবস্থা তারা করে গেছেন। বামফ্রন্ট সরকার তার ঠিক উল্টো ব্যবস্থা করেছে। সমবায় হিমঘর প্রচলনের ব্যবস্থা হচ্ছে, সেখানে যাতে বড় জোতদাররা সুযোগ না পায় তার জন্য ডিপ টিউবওয়েলের জন্য যে কমিটি রয়েছে, সেই কমিটিগুলো পরিবর্তন করে, যারা গরিব, প্রান্তিক চাষীদের নিয়ে কমিটি যাতে তৈরি হয়, যাতে তারা জল পায়, তার ব্যবস্থা করার জন্য কৃষিমন্ত্রীর কাছে বলব। ১৯৭৪ সালে ওরা যে অ্যাক্ট তৈরি করে গেছেন, তার সংশোধন প্রয়োজন। সেই অ্যাক্ট সংশোধন করে ভাগচাষী, প্রান্তিক চাষী, রেকর্ডের বর্গাদার, তারা যাতে শ্যালো বা ডিপ টিউবওয়েলের জল পায় তার ব্যবস্থা করতে হবে। এদিক থেকে আমি কিছু প্রস্তাব রাখতে চাই, কৃষিমন্ত্রীর কাছে, এখন যে নিয়ম আছে স্মল ইরিগেশন স্কীমে ৭৫ ভাগ গভর্নমেন্ট সাবসিডি দেবে এবং ২৫ ভাগ লোকাল কন্ট্রিবিউশন, যারা বেনিফিশিয়ারি তাদের দিতে হবে, এই যে সমস্ত পরিকল্পনা, সেইগুলো টেন্ডার মারফৎ হয় এই আমলাদের দ্বারা, তাতে দেরি হয়, দুর্নীতি বাসা বাঁধে। এইগুলো পঞ্চায়েতের মাধ্যমে যাতে করা যায় তার জন্য আমি প্রস্তাব রাখছি। দ্বিতীয় হচ্ছে সার বিক্রয় ও বন্টনের ব্যাপারে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের অধিকার সীমাবদ্ধ। সেইজন্য আমরা দাবি করি, কেন্দ্রীয় সরকার যাতে এই অধিকার দেয়, যাতে রাজ্য সরকার এইগুলো নিয়ন্ত্রণ করতে পারে, সিমেন্টের মতো, তার ব্যবস্থা করতে হবে। অন্যদিকে এস. এফ. ডি. এ. স্কীমে ব্যাঙ্ক মারফৎ প্রান্তিক চাষীরা ঋণ পান, কিন্তু ভাগচাষীরা পান না। এই ব্যাপারে অনেক টালবাহানা করেন। এবারে চুক্তি হওয়া সত্ত্বেও টালবাহানা চলছে। সেদিক থেকে যাতে ব্লকে পঞ্চায়েতের সহায়তায় এই এস. এফ. ডি. এ. স্কীম মারফৎ যাতে ভাগচাষীরা ঋণ পেতে পারে তার জন্য আমি একটা প্রস্তাব রাখছি।

[4-55—5-05 P.M.]

অন্য দিকে দেখা যাচ্ছে আর. এল. এ. এবং ডিপ টিউবওয়েলের জন্য একজন করে

অপারেটর থাকে এবং একজন হেল্পার থাকে। আমি সেখানে আর. এল. আই-এর জন্য দু'জন অপারেটর এবং কমপক্ষে তিনটি করে মেশিন দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। কারণ দুটি মেশিন দিয়ে কাজ করালে এবং একটি মেশিন রিজার্ভে থাকলে কাজ ভালভাবে হবে, দুটি মেশিন অনেক বেশি সেচের ব্যবস্থা করতে পারবে। কিন্তু আজকে একটা মেশিন থাকার ফলে সেই মেশিন মাঝে মাঝে খারাপ হয়ে বসে যায়, এতে চাষের ক্ষতি হয়। তারপর আমরা দেখেছি আর. এল. আই. এবং ডিপ টিউবওয়েলের অপারেটরদের বেশিরভাগ ক্ষেত্রেই স্থায়ীকরণ করা হয় না, অনেকে আছে যারা মাস্টার রোলে কাজ করছে, তাদের স্থায়ীকরণ না হলে তারা কাজে উৎসাহ পাবে না। উৎপাদন বাড়াতে গেলে ফসলের ন্যায্য দামের গ্যারান্টির জন্য সাবসিডির ব্যবস্থা করা দরকার এবং ব্লকে ব্লকে পাট ক্রয় কেন্দ্র খোলা দরকার। এর জন্য যে অসুবিধা হচ্ছে, সেটা হচ্ছে রাজ্য সরকারের সীমাবদ্ধ আর্থিক সঙ্গতি এবং এর জন্যই আজকে ব্লকে ব্লকে ক্রয় কেন্দ্র খোলা যাচ্ছে না। সেইজন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করে টাকা আদায় করে ব্লকে ব্লকে পাট ক্রয় কেন্দ্র খোলার ব্যবস্থা করা দরকার। তারপর আমাদের অ্যাগ্রো সার্ভিস সেন্টারগুলিতে অনেক দুর্নীতি আছে, সেগুলি দূর করে নতুন করে অ্যাগ্রো ডিলার করা দরকার। তারপর মার্কেটিং ফেডারেশন-এর কাছ থেকে থানা মার্কেটিং ইত্যাদির হাত বদল হতে হতে এস. কে. ইউ. এস.এর কাছে সব জিনিসগুলি সার ইত্যাদি আসে, এক্ষেত্রে আমার প্রস্তাব হচ্ছে মার্কেটিং ফেডারেশন থেকে সরাসরি এস. কে. ইউ. এস.এর কাছে দিতে হবে কারণ স্থানীয় যেসব সমবায় সমিতি আছে তারা হাতে কিছুই পায় না, অথবা পেলেও তার লভ্যাংশ ঐ থানা মার্কেটিং-এর হাতেই চলে যায়। তারপর স্টেট ওয়াটার বোর্ড থেকে যে এক্সপ্লোয়েটরি কাম প্রডাকশন স্কীমে যেসব ডিপ টিউবওয়েলগুলি আছে, তার মধ্যে হুগলি জেলায় ১৪টি ডিপ টিউবওয়েল আছে, সেগুলি কৃষি বিভাগ নিচ্ছে না, এগুলি হরিপাল, জাঙ্গিপাড়া, চণ্ডীতলায় আছে, এগুলি কৃষি বিভাগ না নিলে চাষের উন্নতি হবে না, এগুলি কৃষি বিভাগ নিলে যথেষ্ট চাষের উন্নতি হবে। এই কয়টি প্রস্তাব রেখে, এই বাজেটকে সমর্থন করে, আমি সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অরবিন্দ ঘোষাল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকে কৃষি দপ্তরের ব্যয়-বরাদ্দের দাবির উপর আলোচনায় আমাদের বিরোধী পক্ষের সদস্যদের কাছ থেকে কৃষির উন্নতির বিয়ে যে সমর্থন পেয়েছি তাতে মনে হয় বামফ্রন্ট সরকারের কৃষি নীতি—যে নীতির উপর নির্ভর করে বা ভিত্তি করে আমাদের পশ্চিমবঙ্গের ৭৫ ভাগ থেকে ৮০ ভাগ মানুষ রয়েছে, সেই নীতি আমরা সঠিকভাবে গ্রহণ করতে পেরেছি। এই প্রসঙ্গে এছাড়াও কয়েকটি কথা আমি তুলে ধরতে চাই। আমাদের কৃষিমন্ত্রী যেভাবে চাষীদের সেচ, সার এবং অন্যান্য উপাদানগুলি যুগিয়েছেন তার ফলেই আজকে চাষে উৎপাদন বেড়েছে। কিন্তু সেই সঙ্গে আজকে আমাদের কৃষকদের যাতে সমৃদ্ধি হয়, সম্পদ বাড়ে সেদিকেও নজর দিতে হবে, তাহলেই সত্যিকারের সুস্থ কৃষক সমাজ, সফল কৃষক সমাজ গড়ে তোলা যাবে। শুধু উৎপাদন ব্যবস্থা দেখলেই হবে না, তাদের বাসস্থানের ব্যবস্থা, তাদের শিক্ষার ব্যবস্থা এবং তাদের অন্যান্য সঠিক দায়দায়িত্ব পালনের ব্যবস্থাগুলি করে দিতে না পারলে উৎপাদন হয়ত বাড়বে, কিন্তু তাদের সমৃদ্ধি হবে না, সম্পদ বাড়বে না। সেইজন্য আমাদের আরও এগিয়ে যেতে হবে যাতে পশ্চিমবঙ্গে তথা

ভারতবর্ষে একটা সুষ্ঠু কৃষক সমাজ গড়ে তোলা যায়।

সেজন্য যে ব্যবস্থা এতদিন ছিল শিল্প উদ্যোগ এবং কৃষি উদ্যোগ তার পরস্পরের মধ্যে কোনও সম্পর্ক ছিল না, তাই এখন আমরা বুঝতে পারছি কৃষির যে সম্পদ আছে তাকে শিল্প ভিত্তিক করে তুলতে হবে—যেমন পাওয়ার টিলার, পাম্প মেশিন সারের কারখানা ইত্যাদি তৈরি করতে হবে এবং শহরে যে সব যন্ত্রপাতি উৎপাদন হবে তার শতকরা ৫ ভাগ কৃষি ভিত্তিক হওয়া চাই এবং বিদ্যুতের এক ভাগ কৃষির জন্য ব্যয় করা উচিত। এটা করতে পারলেই কৃষক সমাজের উন্নতি সম্ভব হবে। আরেকটা জিনিস দেখুন উৎপাদন বৃদ্ধি হয়েও কৃষক সমাজ তা থেকে লাভ করতে পারবে না, আমাদের যে রাষ্ট্র কাঠামো তাতে উৎপাদন বৃদ্ধি হলে দাম পড়ে যায় এবং এমন কি উৎপাদনের জন্য যে খরচ পড়ে তার চেয়েও কমে যায়, ধান, পাট, আলু ইত্যাদির ক্ষেত্রে এই যুক্তি দেখানো যেতে পারে। সেইজন্য মন্ত্রী মহাশয় বলেছেন সরকারি মার্কেটিংয়ের দ্বারা এটা রোধ করা সম্ভব হবে। আমি মনে করি ২ হাজার একর জমির মাল ধরে রাখতে পারলে সরকারি গুদামে তাহলে এর খানিকটা সুরাহা হবে অর্থাৎ সমস্ত খরচের হিসাব ধরে তার থেকে যদি সেই দাম পড়ে যায় তাহলে তাকে প্রাইস সাপোর্ট দিয়ে সেই মাল সরকারি গুদামে ধরে রাখতে হবে। আরেকটা জিনিস যাকে আমরা নাইটমেয়ার বলি সেই গ্রামের ভিখারি এবং আধা ভিখারি তাদের কথা। জমির উপর চাপ যদি না কমাতে পারি তাহলে কৃষক সমাজের কোনও উন্নতি হবে না, ভূমিহীন প্রান্তিক চাষীর সংখ্যা ৪৫ লক্ষ, এবং পরিবার পিছু ১.৫ শতক জমি দিলে ৪৫ লক্ষ একর জমি দরকার কিন্তু সেই জমি নেই, জমিদারদের জন্য যে শিলিং বাদ দেওয়া আছে সেটা নিলে হয়ত সম্ভব হতে পারে অথচ ভূমিহীন কৃষকের সংখ্যা বেড়েই চলেছে। ১৯৫১ সালে ছিল ১১ লক্ষ, ১৯৬১তে তা হল ১৮ লক্ষ এবং ১৯৭২ সালে ৩২ লক্ষ অথচ এই সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের খাদ্যোৎপাদন বেড়েছে ৪০ শতাংশ। আর ক্ষেত-মজুরের সংখ্যা বেড়েছে ৩৩ ভাগ। অথচ গ্রামবাংলার উন্নতির জন্য বিদ্যুৎ, ব্যাঙ্কের ঋণ কুটির শিল্পের চেহারার পরিবর্তনের দরকার আছে। আমরা হিসাব করে দেখেছি আড়াই একরের যে মালিক তাকে সমস্ত রকম সাহায্য দিলে সে ৫০ কুইন্টাল উৎপাদন করতে পারে। তার মধ্যে ১৫ কুইন্টাল যদি বীজ, সারের জন্য বাদ দিই তাহলে ৮০০ গ্রাম খেতে পারবে এবং বাকি ৮০০ গ্রাম দিয়ে সে শিল্পজাত জিনিস কিনতে পারবে। এইসব পরিকল্পনা না করতে পারলে কৃষক সমাজকে তার দারিদ্র্যতা থেকে মুক্ত করতে পারব না। অধ্যাপক দানডেকর, নীলমণি রাউত বলেছেন যে দারিদ্র সীমার নিচে আছে শতকরা ৪০ জন, আবার বিশ্ব ব্যাঙ্কের আলুওলার যে রিপোর্ট তাতে দেখছি শতকরা ২৫ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নিচে, আমাদের পরিকল্পনা কমিশনের যে রিপোর্ট তাতে শহরাঞ্চলের ৪০.৭১ ভাগ এবং গ্রামাঞ্চলের শতকরা ৪৭.৮৮ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে বাস করে, এই হচ্ছে গ্রামের মানুষের চেহারা। ১৯২৮ সালের রয়্যাল কমিশন প্রান্তিক চাষীর ১১ ভাগ ক্ষেত মজুরে পরিণত হয়েছে এবং তাদের শতকরা ৭০ ভাগ দারিদ্র্য সীমার নিচে বাস করে।

আমাদের দেশে ১০০ লক্ষ একর জমিতে আমন চাষ হয়, ৭৫ লক্ষ একর জমিতে হয় আউশ এবং ৮ লক্ষ একর জমিতে বোরো চাষ করা হয়। এখানে উৎপাদন হারও অনেক বেড়েছে। ১৯৭১-৭২ সালে ছিল ১২.৮২ কুইন্টাল, ১৯৭৩-৭৪ সালে ৯.৮ কুইন্টাল, ১৯৭৪-

৭৫ সালে ১১.৩৬ অথচ সেখানে জাপানে এক একর জমিতে ২০ কুইন্টাল উৎপাদন হয়, আমাদের এখানে উৎপাদন বৃদ্ধি করার যথেষ্ট সম্ভাবনা আছে। গ্রামে যে চারটি শ্রেণী আছে ছোট চাষী, প্রান্তিক চাষী, ভূমিহীন কৃষক এবং ভাগচাষী এরাই সবুজ বিপ্লবের সৈনিক হবে যদি সমস্ত রকম সাহায্য সরকারের তরফ থেকে তাদের দেওয়া হয় এবং তা যদি ৫৫৯০২টি গ্রামে ছড়িয়ে দেওয়া হয় তাহলে তাঁরাই আমাদের দেশকে অন্যভাবে রূপান্তরিত করতে পারবেন, এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-05—5-15 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, কৃষিবিভাগের মন্ত্রী কৃষি সম্পর্কিত যে বক্তব্য এবং গত দু'বছরে কৃষিক্ষেত্রের যে খতিয়ান পেশ করেছেন তাতে কৃষিক্ষেত্রে যে বৈপ্লবিক অগ্রগতি হয়েছে সে সম্পর্কে আমার মনে কোনও সন্দেহ নেই এবং সেই নিঃসংশয় হবার যে স্বীকৃতি সেটা আমি দেখেছি জনতা দলের বক্তার কাছ থেকে, কারণ এই বিভাগ সম্পর্কে কোনও অভিযোগ তাঁরা কিছুই করেন না। জয়নাল সাহেবের বক্তব্য শুনে এটাই মনে হচ্ছে যে এখন তিনি বুঝেছেন মরিচঝাঁপি, বর্গা অপারেশন, খুন, জখম, রাহাজানি ইত্যাদি বলে কোনও কাজ হবে না কারণ পশ্চিমবাংলার মানুষ যত দিন যাচ্ছে ততই তারা বামফ্রন্টের দিকে এগিয়ে আসছে সেই হিসাবে তিনি নতুন লাইন নিয়ে বলতে আরম্ভ করেছেন যে এই সরকারি যেসব কাজ করছে সেইসব আমরাই করে গিয়েছিলাম যেগুলি তারা এখন সম্প্রসারণ করছেন। শেষকালে তিনি কৃষিমন্ত্রীকে উত্তপ্ত অভিনন্দন জানিয়েছেন এবং তারপর তাঁকে যদি আরেকটু সময় দেওয়া হত তাহলে তিনি বলতেন পশ্চিমবাংলায় যে বিদ্যুৎ সঙ্কট সৃষ্টি হচ্ছে তারজন্য ক্যারামতিটা তাঁরাই করে গিয়েছিলেন।

আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না। আমরা খুব সম্প্রতি কেন্দ্রীয় সরকারের বাজেট দেখেছি। কেন্দ্রীয় অর্থমন্ত্রী চরণ সিং যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সম্বন্ধে নিঃসংশয়ে বলা যায় এবং দেশের মানুষ এটা দেখেছে যে এই বাজেটের মধ্যে জনতা সরকারের শ্রেণীগত দৃষ্টিভঙ্গিই পরিস্ফূট হয়ে উঠেছে, এই বাজেট গ্রামের ধনী কৃষকদের স্বার্থ পুষ্ট করবার চেষ্টা করেছে। আমরা কংগ্রেস আমলে দেখেছি তাদের সমগ্র অর্থনীতি পরিচালিত হত ভারতবর্ষের ধনিক এবং বণিক শ্রেণীর স্বার্থ রক্ষা করবার জন্য, গ্রামাঞ্চলের ধনী কৃষকদের স্বার্থ রক্ষা করবার জন্য। আমরা জনতা পার্টিতেও সেই একই দৃষ্টিভঙ্গি পরিচালিত হতে দেখেছি। কিন্তু আমাদের বামফ্রন্টের দৃষ্টিভঙ্গি আলাদা। বামফ্রন্ট গ্রামে গরিব মানুষের প্রতিনিধিত্ব করে এবং শহরে শ্রমিক এবং মধ্যবিত্ত মানুষের প্রতিনিধিত্ব করে। আজকে এখানে কৃষি বাজেটে যে বরাদ্দ রাখা হয়েছে তার মধ্য দিয়ে আমাদের বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া গেছে। মন্ত্রী মহাশয় বলেছেন, আমরা প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীর দিকে তাকিয়ে সমস্ত কর্মসূচিকে রূপ দিতে চাই। এই প্রান্তিক চাষী এবং ক্ষুদ্র চাষীদের ক্ষেত্রে যে সমস্ত কাজ চলছে বা আগামীদিনে যে কর্মসূচি নেওয়া হচ্ছে সেটা রজনীবাবুর ভাষায় 'পার্থক্য তত নয়'', কিন্তু আমরা তা মনে করি না। তারপর, আজকে গ্রামের গরিব মানুষ, মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত মানুষ যাদের দিনযাপনের সুযোগ নেই তাদের দিকে তাকিয়ে এই যে পেনশনের ব্যবস্থা করা

হয়েছে এতে সাধারণ মানুষের প্রতি বামফ্রন্ট সরকারের যে দৃষ্টি রয়েছে সেটাই প্রতিফলিত হয়েছে। আমরা পরবর্তী বাজেটে যেন এই ঘোষণা শুনতে পাই যে, ৬০ বছরের উর্দ্ধের মানুষদের পেনশনের ব্যবস্থা করা হবে এবং তাদের জীবনযাত্রার পক্ষে সহায়ক হয় এরকম একটা টাকার অঙ্কের ব্যবস্থা যেন করা হয়। আজকে আমাদের কৃষির উন্নতি হয়েছে এটা ঠিক। কিন্তু এর সঙ্গে আমাদের মনে রাখতে হবে যে, এই কৃষির উন্নয়নের সঙ্গে মূলতঃ যে জিনিস, যে প্রশ্ন জড়িত রয়েছে সেটা হচ্ছে ভূমি সংস্কার। ভূমি সংস্কারের যদি আমূল পরিবর্তন না ঘটে তাহলে এই আধুনিক যন্ত্রপাতি এবং বিজ্ঞানের প্রয়োগের ফলে, সার প্রয়োগের ফলে যে উৎপাদন বৃদ্ধি হচ্ছে সেটা শ্লথ হতে বাধ্য। ভূমি সংস্কারের আমূল পরিবর্তন না করে কৃষির উৎপাদন বৃদ্ধি এটা চিরকাল সহায়ক হবে না। আমরা জানি গত ৩০ বছর ধরে এবং জনতা দলের শাসনকালেও দেখছি ধনী কৃষকদের স্বার্থ রক্ষা করার জন্য এবং কুলাক ইকনমি গড়ে তোলার জন্য চেষ্টা করা হচ্ছে। ধনী কৃষকের অর্থনীতি যদি ভাঙতে হয় এবং কৃষির উৎপাদন বাড়াতে হয় তাহলে ভূমি সংস্কার করতে হবে এবং বামফ্রন্ট সরকারের চেষ্টায় বিভিন্ন রকম আইন তৈরি করা হচ্ছে কৃষকদের স্বার্থে। কৃষির উৎপাদনের দিকে তাকিয়ে আমি বলব গরিব চাষীদের হাতে জমির বিলি বন্টন করতে হবে। তবে সঙ্গে সঙ্গে একথাও মনে রাখতে হবে যে, এই যে জমিগুলি বিক্ষিপ্তভাবে, খণ্ড খণ্ডভাবে ছড়িয়ে রয়েছে তাকে যদি এক করা না যায় তাহলে আনইকনমিক হয়ে যাবে। কাজেই কৃষি দপ্তরের সঙ্গে ভূমি দপ্তরের যোগাযোগ রেখে যে সমস্ত জমি বিলি বন্টন করা হচ্ছে সেগুলিকে সমবায়ের ভিত্তিতে আনতে হবে এবং তারপর আধুনিক যন্ত্রপাতির ব্যবস্থা করে উৎপাদন বাড়াতে হবে।

[5-15—5-25 P.M.]

কৃষির উৎপাদন বাড়াতে গেলে সেচ ব্যবস্থা এবং বিদ্যুৎ বাবস্থা অঙ্গাঙ্গীভাবে জড়িত। সেচ ব্যবস্থার ক্ষেত্রে আমরা নিঃসন্দেহে যে সেচের সুযোগ পশ্চিমবাংলার সমস্ত জেলায় জেলায় একইভাবে গড়ে উঠেনি, তার ফলে সমস্ত জমিকে শস্যশ্যামলা করে গড়ে তোলা যায়নি একথা ঠিক। অতি অল্প সময় মাত্র দু'বছর বামফ্রন্ট সরকার এসেছেন কিন্তু গ্রাম এলাকায় উষর মরুভূমিতে পরিণত হতে যাচ্ছিল সেক্ষেত্রে এই দু'বছর অত্যন্ত সংক্ষিপ্ত সময়। আমি আশা করব কৃষিমন্ত্রী মহাশয় গভীর নলকূপ এবং নদী উত্তোলন পরিকল্পনার সংখ্যা বাড়াতে হবে। যদি গ্রামাঞ্চলে সেচের ব্যবস্থা করতে হয়। হরিয়ানা এবং পাঞ্জাবের সঙ্গে তুলনামূলকভাবে যদি দেখা যায় তাহলে দেখব সেখানে সেচের সম্প্রসারণ ঘটেছে এবং বিদ্যুৎ চালিত সেচের সম্প্রসারণ ঘটেছে সেটা পশ্চিমবাংলার ক্ষেত্রে হয়নি এটা ঠিক হরিয়ানা এবং পাঞ্জাব উৎপাদন বৃদ্ধি মানে সেখানকার গ্রামের গরিব কৃষকদের উন্নতি হয়েছে, গ্রামাঞ্চলে সমৃদ্ধি ঘটেছে এটা মনে করার কারণ নেই, কারণ সেখানে ধনী কৃষকদের উন্নতি হয়েছে, গরিব কৃষকদের উন্নতি হয়নি। পাঞ্জাব এবং হরিয়ানায় শতকরা ৪০-৫০ ভাগ মানুষ এখন দারিদ্র্য সীমার নিচে বাস করে, সুতরাং তিনি যেভাবে নদী জল উত্তোলন পরিকল্পনা এবং গভীর নলকূপ পরিকল্পনা করছেন তার সংখ্যা আরও বাড়াতে হবে। বিদ্যুৎ ব্যবস্থায় যে সঙ্কট চলছে তা দূর করতে হবে। আমরা জানি বিদ্যুৎ সঙ্কটের যে ভেল যে সংস্থা যার মাধ্যমে একটা দেশের বিদ্যুৎ পরিকল্পনা পরিচালিত হয় কিন্তু সেখানে যে পুরানো যন্ত্রপাতি এবং প্রশাসনিক অচলাবস্থা

রয়েছে সেগুলি প্রথমেই দূর করতে হবে এবং বামফ্রন্ট পার্টি এবং বামফ্রন্ট সরকার সেই সঙ্কট দূর করবার চেষ্টা করছে এবং সেই সঙ্কট দূর করে গ্রামের মাঠে বিদ্যুৎ ছড়িয়ে দিতে হবে। যাতে কৃষিক্ষেত্রে বিদ্যুৎ সম্প্রসারিত হয় সেই কাজ আমাদের করতে হবে। মাননীয় চেয়ারম্যান মহাশয় জনতা দলের বন্ধুরা তাদের বক্তব্য রেখেছেন, আলুর প্রসঙ্গে। পশ্চিমবঙ্গের আলু চাষীদের দুর্দশা সম্পর্কে তাঁরা বলেছেন কিন্তু তাঁরা একথা বললেন না যে কথা তাঁদের বলা উচিত ছিল যে কেন্দ্রের বৈষম্যমূলক মনোভাবই এর কারণ। কেন্দ্র বিমাতৃসুলভ মনোভাব পূর্বতন কংগ্রেস এবং আমাদের বর্তমান জনতা সরকারে পক্ষে তার কোনও ব্যতিক্রম হয়নি। কেন্দ্রীয় সরকার আলু কিনেছেন প্রাইস সাপোর্টিং পলিসি দিয়ে, কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আলু উৎপাদনের দিকে তাঁরা তাকাননি, এখানকার আলু কেনবার তাঁরা কোনও ব্যবস্থা করেননি। এখানকার চাষীদের ন্যায্য দাম পেতে দিলেন না, বিধানসভার অধিবেশন শুরু হবার সময় জনতা দলের বন্ধুরা বলেছিলেন যে বামফ্রন্ট সরকারের সঙ্গে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে আমরা পশ্চিমবাংলার দাবি উপস্থিত করব। কিন্তু এখন বামফ্রন্টের সমালোচনা শেষ হত যদি না মরিচঝাঁপি থাকত। পাটের দরের প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয় স্পষ্ট করে বলেছেন ন্যূনতম দর কিভাবে ধার্য হওয়া দরকার।

পশ্চিমবাংলা বিধানসভায় বেসরকারি প্রস্তাব পাশ করে দিয়ে আমরা বলেছি যে চটকল জাতীয়করণ করতে হবে সেই দাবি আমাদের জোরদার করতে হবে। যদি পাটের উৎপাদকদের উৎপাদনের ক্ষেত্রে ন্যায্য মূল্য দিতে হয়। এই প্রসঙ্গে বিধানসভা থেকে যে দাবি উত্থাপন করা হয়েছে সেই দাবির ভিত্তিতে পশ্চিমবাংলা জুড়ে আন্দোলন করতে হবে সংগঠিত করতে হবে গ্রামে গ্রামে হাজার হাজার লক্ষ, লক্ষ পাটচাষী যারা মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন করছে তাদের সুব্যবস্থা করতে হবে। জাতীয়করণের দাবি দৃঢ়ভাবে করতে হবে তা নইলে যে ৯টি পরিবার পাটকল শিল্পকে নিপীড়ন করছে তাদের হাত থেকে রেহাই পাবে না।

আর একটা কথা যেটা উল্লেখযোগ্য, আখ চাষীদের কথাও বলেছেন। পশ্চিমবঙ্গে আখ চাষ মূলত দুটি জায়গায় কেন্দ্র করে হয়। বীরভূমের আমেদনগর সুগার মিল এবং পলাশী সুগার মিল, আমেদনগর সুগার মিলকে সরকার অধিগ্রহণ করেছেন, পলাশীর ক্ষেত্রে, আমরা জানি ঐ মুর্শিদাবাদ জেলার মানুষ হিসাবে এবং নদীয়া জেলায় মানুষ হিসাবেও আমরা জানি পলাশীতে যে সুগারমিল রয়ে গিয়েছে তার সঙ্গে সাড়ে চার শত বিঘা রয়েছে এবং সেই জমির সমস্তটাই চাষ হয় না। সঙ্গে সঙ্গে আমরা দেখেছি ঐখানে যারা আখ চাষ করেছে, সেখানে কতকগুলি অসাধু লোক এমন একটা অবস্থার সৃষ্টি করেছে যে আখ চাষীরা সেখানে তাদের কাছে অল্প দামে তা বিক্রি করতে বাধ্য হয়। আমরা দাবি করছি যে বামফ্রন্ট সরকারের নেতৃত্বে এই পলাশী সুগার মিলকে অধিগ্রহণ করতে হবে, সরকারি আয়ত্বে আনতে হবে সেই দাবি আজকে উচ্চারণ করতে হবে, নইলে শুধুমাত্র কিছু উপকরণ দিয়ে আখ চাষীদের যে নিশ্চয়তা সেই নিশ্চয়তা প্রতিষ্ঠা করা যাবে না। পরিশেষে যেকথাটা সকলেই বলেছেন সে কথাটা আমিও বলতে চাই, যে সমস্ত নলকূপগুলি আছে, যে সমস্ত রিভার পাম্পগুলি আছে সেইগুলির প্রায়ই অচল অবস্থা হয়ে যায় সেখানে বিদ্যুতের অভাবে তা চালানো যায় না, অথবা সেখানে চাষীর যখন প্রয়োজন তখন সে সেই সাহায্য পায় না, এইদিকে দৃষ্টি দিতে হবে। এখন ঠিক আছে যে মজুররা ৮ ঘন্টা করে জল দেবে কিন্তু এমন

দেখা গিয়েছে দিনের বেলায় বিদ্যুৎ পাওয়া গেল না অতএব তারা বলল যে আমাদের তো সময় হয়ে গিয়েছে, ৮ ঘন্টা পরে আর আমরা কাজ করতে পারব না। আমি কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে যারা এই সমস্ত ডিপ টিউবওয়েল ও রিভার পাম্পে কাজ করে তারা বৎসরের বেশির ভাগ সময় বসে থাকে, ফসলের জন্য যখন দরকার হবে তখন তাদের ৮ ঘন্টা কাজ করতে হবে, এতে আপত্তি করা চলবে না, ৮ ঘন্টা যে কাজ দিনের বেলায় হবে সেই ব্যবস্থা করা চলবে না, চাষের সুয়োগসুবিধা অনুযায়ী কাজ যাতে হয় সেই ব্যবস্থা করতে হবে। পরিশেষে কৃষি মজুরির যে অনিশ্চয়তা সেটা ঠিক করতে হবে যদি গ্রামের জনজীবনে সত্যিকারের সমৃদ্ধি আনতে হয়। আমার বক্তব্য আমি দীর্ঘ করতে চাই না, আমি পরিশেষে মন্ত্রী মহাশয় যে বলিষ্ঠ বক্তব্য উচ্চারণ করেছেন, যেভাবে ভবিষ্যতের আশাবাদ এখানে রেখেছেন, যে প্রত্যয় নীতি ঘোষণা করেছেন, গ্রাম বাংলার ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী তাদের জীবনের মান উন্নয়নের জন্য তিনি যে প্রচেষ্টা চালাচ্ছেন, যে অগ্রগতির উল্লেখ করেছেন, অন্তত দু'বৎসরের যে বৈপ্লবিক ইতিহাস রচনা করেছেন, সেই কারণে মাননীয় কৃষিমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় সভাপাল মহাশয়, কৃষিমন্ত্রী মাননীয় কমল গুহ যে বরাদ্দের দাবি সভার কাছে পেশ করেছেন এখানে সেই সম্পর্কে বলতে গিয়ে আমার কাছে প্রথমেই মনে হচ্ছে যে বরাদ্দের টাকা অত্যন্ত অপ্রতুল। যদিও জানি গত বৎসর টাকা যথাযথ ব্যয় হয়নি, অনেক অব্যবস্থা হয়েছে, তা সত্ত্বেও জাতীয় কৃষিনীতি, জাতীয় অর্থনীতি যা আপনাদের লক্ষ্য তার সঙ্গে সঙ্গতি রেখে বলতে চাই পশ্চিমবাংলার এই ব্যয়-বরাদ্দের জন্য যে টাকা রাখা হয়েছে তা পর্যাপ্ত নয়।

[5-25—5-35 P.M.]

আপনারা অনেকে বক্তব্য রাখতে গিয়ে বিশেষ করে সরকার পক্ষের অনেকে কেন্দ্রীয় বাজেটকে আক্রমণ করেছেন, এস কে বিড়লা, বরকত গনিখান চৌধুরি থেকে আরম্ভ করে প্রমোদ দাশগুপ্ত পর্যন্ত, তাঁরা এই বাজেটকে জনস্বার্থ বিরোধী বলে অভিহিত করেছেন। কিন্তু জাতীয় অর্থনীতি সম্পর্কে যদি আপনারা চিন্তা করেন, তাহলে স্বীকার করতেই হবে কৃষি ও সেচমন্ত্রী শ্রী সুরজিত সিং বার্নালা আগামী ১০ বছরের জন্য যে কৃষি অর্থনীতি উল্লেখ করেছেন, শিল্পমন্ত্রী জর্জ ফার্নাণ্ডেজ যে শিল্পনীতি ঘোষণা করেছেন, তারই যৌক্তিক পরিণতি হচ্ছে চরণ সিং-এর বাজেট। এই বাজেটের মধ্যে দেখবেন জনতা সরকার ক্ষমতায় আসার পরে কৃষিক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছেন, নজিরবিহীন সাফল্য অর্জন করেছেন এবং এ বিষয়ে সন্দেহ নাই যে এই সাফল্যের অর্ধেক হয়েছে সেচ এলাকা বাড়ানোর জন্য। আজকে সেচের ব্যাপারে ভারতবর্ষ পৃথিবীর ইতিহাসে সত্যিকারের রেকর্ড সৃষ্টি করেছে। আজকে জনতা সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হবার পরে এক বছরের মধ্যে সেচ এলাকা ২৮ লক্ষ হেক্টারে পরিণত করেছেন। সব কিছু মিলিয়ে সোভিয়েত রাশিয়ায় সেচ এলাকা বছরে ছিল ১৯ লক্ষ হেক্টর পরিণত করা এটাই ছিল আগে পৃথিবীর রেকর্ড। গত ২৫ বছরে সেচ এলাকা গিয়ে দাঁড়ায় ২৩ লক্ষ হেক্টারে, কিন্তু একটা আর্থিক বছরে সেটা ২৮ লক্ষ হেক্টারে গিয়ে দাঁড়িয়েছে এবং এটা পৃথিবীর ইতিহাসে একটা নজিরবিহীন ঘটনা। সারের ব্যবহারে

দেখবেন, সারের চাহিদা যা সৃষ্টি হয়েছে মাননীয় কৃষি মন্ত্রী বলেছেন, পশ্চিমবঙ্গে সারের চাহিদা কি পরিমাণ বেড়েছে। এই সারের চাহিদা দীর্ঘ দিন ধরেই বেড়ে আছে, কিন্তু সরবরাহ করা যায়নি। ১৯৬৮ সালে বিশ্বভারতীর কৃষি বিভাগ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিভিন্ন গ্রামে একটা সমীক্ষা করে বলেছে প্রান্তিক চাষী এবং ছোট চাষীরা—চাষের উন্নতির জন্য সার ব্যবহারে বেশি আগ্রহী কিন্তু সার সরবরাহ করা যায়নি গত এক বছরে সারের যে চাহিদা বেড়েছে তা প্রায় দ্বিগুণ, সেটাও অভূতপূর্ব। সারের চাহিদা শুধু নাইট্রোজেনে ১৮.৬ পার সেন্ট, ফসফেটে ৩৬.৫ পার সেন্ট এবং পটাসিয়াম ৫৮.৬ পার সেন্ট। এই প্রসঙ্গে এটা মনে রাখতে হবে পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় ভারতবর্ষে সারের দাম অত্যন্ত বেশি ছিল। প্রতিবেশী পাকিস্তানে, শ্রীলঙ্কাতে, দক্ষিণপূর্ব এশিয়ার বিভিন্ন দেশে অনেক কম দামে সার সরবরাহ করা হত। জনতা সরকার ক্ষমতায় আসার পরে গত এক বছরে ৬ বার সারের দাম কমানো হয়েছে, এ বছর কেন্দ্রীয় বাজেটে সারের দাম কত কমানো হয়েছে, সারের উপর ট্যাক্স কত কমানো হয়েছে, আপনারা জানেন। আজকে দেশের কৃষি ব্যবস্থায় উন্নতি ঘটাতে হবে এবং তার জন্য সেচের উপর অগ্রাধিকার দিতে হবে, এ বিষয়ে কোনও দ্বিমত নাই। ন্যাশনাল কমিশন অন এগ্রিকালচার বার বার বলেছেন উন্নত ফার্টিলাইজার এবং সয়েল ব্যবস্থা চাই কিন্তু সব কিছুর উপরে চাই চাষের জল, চাষের জলের যদি ভাল ব্যবস্থা না থাকে তাহলে কৃষি ব্যবস্থা প্রতিষ্ঠিত হতে পারে না। তাই আমাদের জাতীয় অর্থনীতিতে এটা ঘোষণা করা হয়েছে যে দেশে চাষের যে কোনও জমিতেই আমরা যথা সম্ভব উপযুক্ত সেচের ব্যবস্থা করব। উন্নত বীজ সরবরাহ করা হয়েছে। গত এক বছর ধরে বিভিন্ন রাজ্যে যে বীজ পেয়েছে সেটাও অভূতপূর্ব। ইনস্টিটিউশনাল ক্রেডিট ১৯৭৬-৭৭ সালে যা ছিল সেটা গত আর্থিক বছরে ১৯৭৮-৭৯ সালের মধ্যে দু'গুণে পর্যবসিত হয়েছে। এই যে সাফল্য কৃষিক্ষেত্রে ভারতবর্ষের, তার আলোক নিশ্চয়ই পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রেও লাগবে। আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় কৃষিমন্ত্রী সুরজিৎ সিং বার্নালা যে কৃষিনীতি ঘোষণা করেছেন, তাতে আমাদের সামনে তুলে ধরেছেন যে রাশিয়া থেকে আমরা যে গম আমদানি করেছিলাম, এই সরকারের আমলে তার অনেকটা ফেরত দেওয়া হয়েছে এবং ভিয়েতনাম ও মরিশাস প্রভৃতি দেশে খাদ্য রপ্তানি করা হচ্ছে। কিন্তু একথা নির্মম সত্য যে ভারতবর্ষের বহু লোক এখনও না খেয়ে বেঁচে আছে। এ সত্ত্বেও আমাদের যে উৎপাদন ভিত্তিতে পার ক্যাপিটা কনজামশন, এখনও পর্যন্ত ১৫৯ কেজি-এর বেশি বাৎসরিক হিসাবে হয় না।

আমরা ১০ বছরে সেটা সুষম খাদ্যের কথা যদি ভাবি তাহলে অন্তত ১৯০ কেজিতে পরিণত করতে হবে এবং যে জনসংখ্যা দেশের রয়েছে এবং সেটা যেভাবে বাড়ছে সেটা একটু দেখতে হবে। এখন টু পারসেন্ট রেটে বাড়ছে এবং সেটা যদি কমাতে থাকি তাহলে ২/৩ বছরে ১.৮ এবং এই দশকের শেষে ১.৭ হবে। তাহলে আমাদের ১৯৮৮-৮৯ সালে আমাদের কৃষিজাত খাদ্যের যে চাহিদা দাঁড়াবে তাতে আমরা যদি প্রত্যেককে ১৯০ কেজি সুষম খাদ্য দিতে চাই তাহলে রপ্তানি বাদ দিয়ে শুধু ভারতবর্ষের কথা ভাবলে আমাদের ৩৫ ভাগ খাদ্য উৎপাদন বাড়াতে হবে। সেটা করতে হলে যা করা দরকার সেটা চরণ সিংহের বাজেটের মধ্যে সেটা প্রতিফলিত হয়েছে। পি. ভি. সি. পাইপ সেটা কি বড় জোতদাররাই ব্যবহার করবে? তা নয়। আমি বারবার বলেছি, আমাদের দেশের ক্ষুদ্রচাষী, প্রান্তিক চাষী—এরা

উন্নত কৃষি ব্যবস্থায় অনেক বেশি আগ্রহী। কমলবাবু যে বাজেট এখানে পেশ করেছেন তার মধ্যে কয়েকটি ভাল প্রস্তাব আছে। আমি তাকে স্বাগত জানাই। যেমন ৬০ বছর বয়সের বেশি কৃষক তাকে পেনশন দেওয়ার কথা, রাজ্য বীজ নিগমের কার্যক্রম আগামী বছর চালু করার প্রস্তাব দিয়েছেন, শস্য বিমা চালু করার প্রস্তাব দিয়েছেন। এগুলো সাধু প্রস্তাব। এটা সুষ্ঠুভাবে রূপায়ণ করার অনুরোধ জানাব কৃষিমন্ত্রীকে অতীতের ভুলভ্রান্তি বাদ দিয়ে। বিগত বছরের কার্যকলাপ দেখলে দেখতে পাব অনেক ভুল ত্রুটি হয়েছে, পার্টিবাজি হয়েছে। সে সম্পর্কে সব খবর তাঁর দপ্তরে সব সময় পৌঁছেছে কিনা জানি না। আমার কাছে তথ্য আছে দরকার হলে সভাপাল মহাশয়কে দেব। এক নম্বর হচ্ছে, বৈষম্যমূলকভাবে কৃষিঋণ বিতরণ করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনা জেলার তথ্য আমার কাছে আছে। মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর এলাকা সেখানে ১৪ হাজার একর কৃষিযোগ্য জমি আছে। সেখানে কৃষিঋণ পেয়েছে ২.৭০ লক্ষ টাকা। আর যেখানে ৪৫ লক্ষ একর জমি আছে কৃষিযোগ্য সেই প্রবোধ পুরকাইতের এলাকায় কৃষিঋণ দিয়েছেন ৩০ লক্ষ টাকা। এই রকম অবস্থা শ্রী দেবপ্রসাদ সরকারের এলাকাতেও। শুধু এই বৈষম্য এস. ইউ. সি.র ক্ষেত্রে হয়েছে তাই নয়, এস. ইউ. সি.র এলাকাতেই কম দেননি, আর. এস. পি.র এলাকা বাসন্তীতেও কম দিয়েছেন। একই রকম বৈষম্যমূলক হয়েছে। আমার জানা নেই সত্যবাবুর এলাকাতে কতটা বন্যা হয়েছে, কিন্তু কুলতলিতে বন্যা হয়েছে। এই রকম বৈষম্যমূলক আচরণ করা হয়েছে বহু জায়গায়। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ১৮ লক্ষ মিনিকিট বিতরণ করা হয়েছে। কিন্তু আমি দায়িত্বের সঙ্গে বলতে চাইছি মিনিকিট সময় মতো যায়নি এবং বৈষম্যমূলকভাবে বিতরণ করা হয়েছে। বজবজে মিনিকিট সময়মতো না পাওয়ায় ২৫-২-৭৯ তারিখে ফেরত দিয়েছে এবং সার বিতরণের ক্ষেত্রে অনেক রকম কেলেঙ্কারি হয়েছে। এই সম্পর্কে একটা প্রস্তাব West Bengal Junior Administrative Association ২৪ পরগনা ইউনিট নিয়েছে। সেই মিটিং হেল্ড অন ২০-১-১৯৭৯।

[5-35—5-45 P.M.]

No seeds would be distributed beyond the sowing season. The A. E. O's under no circumstances should be forced to distributes poor qualities of seeds and when sowing season is over.

আমি আরও অনেক তথ্য দিতে পারি আমার কাছে সব কিছু তথ্য আছে। সার বিতরণের ক্ষেত্রে প্রিন্সিপ্যাল এগ্রিকালচারার বি. কে. চ্যাটার্জিকে অফিসার স্পেশ্যাল অফিসার (ইন্সপেকশন অ্যান্ড কন্ট্রোল) চিঠি দিয়ে জানিয়েছেন সারের অ্যাকিউট ক্রাইসিস সম্বন্ধে এবং বিভিন্ন জেলায় বিভিন্ন ব্লকে কত সারের চাহিদা সেটাও তিনি জানিয়েছেন। কিন্তু সময় মতো সার সেখানে যায়নি। এটা আমি কৃষি মন্ত্রীর অবগতির জন্য জানাচ্ছি এবং সেই চিঠির মেমো নম্বর হচ্ছে ৩৪০১—কোন এলাকায় কত সার দরকার সেটা তিনি জানিয়েছিলেন কিন্তু যখন দেওয়া হয়েছে তখন তার প্রয়োজন ছিল না এমন কি আপনাদের সি. পি. এম. এলাকাতেও এই অবস্থা হয়েছে—সেই সার কাজে লাগেনি সেটা ডাইভার্টেড হয়ে বজবজ থেকে ভাঙ্গরে চলে গিয়েছে। আমি সমালোচনা করছি এই জন্য যে কৃষি মন্ত্রী এগুলি খোঁজ করে দেখবেন কেন এই অবস্থা। মেদিনীপুর জেলায় পাইলট প্রোজেক্ট নিয়ে ভীষণ কেলেঙ্কারি হয়েছে। আমি বিস্তৃতভাবে [illegible] মধ্যে যেতে চাই [illegible] সাধারণ [illegible] আলোচনার সময় আমাদের দলের

মাননীয় সদস্য বিনয় ব্যানার্জি মহাশয় বিস্তৃতভাবে সেটা বলেছেন। অতীতের কেলেঙ্কারির কথা ছেড়ে দিয়ে আজকে উৎপাদন কিভাবে বাড়াতে পারা যায় তার দিকে মনোভাব রাখতে হবে। কিভাবে উৎপাদন বাড়ানো যায় সেই দিকে জনমত সৃষ্টি করতে হবে মানুষের চেতনা আনতে হবে। নতুন করে আমরা চাষযোগ্য জমি পাব না। আজকে সুষ্ঠু পরিকল্পনা করে বোরোর উপর বেশি জোর দিতে হবে। অনেক জায়গায় আমি দেখতে পাচ্ছি আমাদের কৃষিমন্ত্রী তাঁর বক্তব্যের মধ্যে সেচের জন্য অনেক প্রস্তাব রেখেছেন। কিন্তু এইসব প্রস্তাব পর্যাপ্ত বলে মনে হয় না। সেচের জন্য ছোট ছোট ক্ষেত্রে কি সুবিধা দিতে পারেন সেটা একটু ভেবে দেখবেন। দীর্ঘ দিনের অভিজ্ঞতায় আমরা দেখে আসছি যে ছোট এবং প্রান্তিক চাষীদের ইচ্ছা থাকা সত্ত্বেও সে সেচের জল পাচ্ছে না এবং তার কোনও সমাধান নেই। গভর্নমেন্টকে এত ট্যাক্স দিয়ে সেচের জল নিতে পারছে না। আমি প্রস্তাব রাখি ছোট এবং প্রান্তিক চাষীদের পঞ্চায়েত সমিতির মাধ্যমে ব্লকের মাধ্যমে তাদের সেচের ব্যবস্থা সম্প্রসারণ করতে পারেন কিনা সেটা দেখবেন। সরকার শস্যকর নিতে পারে যেভাবে আয়কর নেওয়া হয় ঠিক সেইভাবে একটা নির্দিষ্ট অবস্থায় সেটা নেওয়া যেতে পারে। যার বাৎসরিক আয় ৩ হাজার কিংবা সাড়ে তিন হাজার কিংবা ৫ হাজার টাকার বেশি সরকার সেখান থেকে শস্যকর নিতে পারেন। এখানে অনেক ছোট ছোট পরিকল্পনার উল্লেখ আছে কিন্তু তার কাঠামো তিনি দেননি যে কিভাবে ছোট সেচ পরিকল্পনাগুলিকে কার্যকর করবেন। তাঁর প্রস্তাবের এক জায়গায় ফার্ম পণ্ড-এর কথা উল্লেখ আছে।

কিন্তু তার বিস্তৃতি কিভাবে ঘটাবেন ইলাবরেটলি মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে রাখেননি। আরও অনেক জিনিস আছে এই ফার্ম পণ্ড-এর সুবিধা যে সব জমি লেভেলের নিচে নেমে যাচ্ছে সেটাকে ঠিকমতোভাবে তৈরি করার কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা বলা উচিত ছিল। দেখা যায় রবি মরশুমে চাষের জন্য জল পাওয়া যায় না।

সবচেয়ে বড় কথা হল যদি মাঠ কুঁয়ার সংখ্যা বাড়ে তাহলে বন্যা নিয়ন্ত্রণও অনেকাংশে সম্ভব হবে। কারণ জলগুলি ওখানে গিয়ে জমা হতে পারে, এটা আপনি বিবেচনা করে দেখবেন এবং এর পাশাপাশি এই ফার্ম পণ্ডে মৎস্য চাষের ব্যবস্থাও করতে পারেন। মাননীয় সদস্য জন্মেজয় ওঝা গ্রাউন্ড ওয়াটার ইরিগেশন প্রবলেম সম্বন্ধে বললেন। এইগুলির জন্য একটি কম্প্রিহেনসিভ পলিসি নিতে হবে। গ্রাউন্ড ওয়াটার অ্যান্ড সারফেস ওয়াটারের উপর নির্ভর করলেই হবে না, গ্রাউন্ড ওয়াটারের ম্যাপ যদি কমপ্লিট হয়ে গিয়ে থাকে তাহলে কোন এলাকায় কতটা গ্রাউন্ড ওয়াটার আছে তার সঙ্গে সারফেস ওয়াটারের সামঞ্জস্য কিভাবে করা যায় তার একটা পরিকল্পনা নিতে হবে। এই ব্যাপারে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে হবে। এই গ্রাউন্ড ওয়াটার অ্যান্ড সারফেস ওয়াটারের মধ্যে সামঞ্জস্য না হলে কৃষি ব্যবস্থায় বিপর্যয় আসতে পারে। ব্লক পর্যায়ে কমিউনিটি সেন্টারের কথা বলেছেন, যন্ত্রপাতি দিয়ে সহায়তা করার জন্য। এখানে ক্ষুদ্র ও ছোট চাষীদের কথাটা বিবেচনা করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। আর একটি কথা বারে বারে আমরা হিমঘরগুলির রাষ্ট্রীয়করণের দাবি জানিয়ে এসেছি। আজকে আপনি যদি এই হিমঘরগুলিকে রাষ্ট্রীয়করণ করতে নাও পারেন তাহলে অন্তত পক্ষে এইগুলিকে সরকারি কর্তৃত্বে আনার চেষ্টা করুন, তা নাহলে হিমঘর নিয়ে ফাটকাবাজি হচ্ছে সেটা চলতেই থাকবে, বন্ধ হবে না। ছোট চাষীরা ওখানে জিনিসপত্র

রাখতে পাচ্ছে না, তারা কোনও রকম সুযোগ পাচ্ছে না। আর একটি প্রস্তাব আমি এই প্রসঙ্গে কৃষি মন্ত্রীর কাছে দিতে চাইছি। পশ্চিমবাংলায় কৃষকের মানসিকতা তৈরির জন্য সরকারি অর্থে একটা এগ্রিকালচারাল কমান্ড তৈরি করা হোক এবং ল্যান্ড রিফর্মস, কো-অপারেটিভ, ফিশারি, ইরিগেশন ইত্যাদি সমস্ত ডিপার্টমেন্টের মন্ত্রীরা এর মধ্যে থাকবেন ফাইন্যান্স ডিপার্টমেন্টও এর মধ্যে থাকবে এবং মুখ্যমন্ত্রী নিজে যদি সেই কৃষি কমান্ডের চেয়ারম্যান হন তাহলেই আমরা বুঝব যে কৃষিতে যথেষ্টভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে এবং এটা হলে জনসাধারণের মধ্যে একটা চেতনা আসবে। বন্যার পরে আমরা দেখলাম অনেক জায়গার জল কমে যাচ্ছে, কিন্তু কৃষকরা তাদের করণীয় কি সেটা জানে না। জল কমে যাবার পরেও জমিতে আর্দ্রতা রয়েছে সেখানে ডাল শস্য বপন করা যেত। অনেক জায়গায় ধান একেবারে নষ্ট হয়ে যায়নি, সেখানে ডাল বীজ বপন করা যেত, যদি সরকার ঠিকমতো ডাল বীজ সরবরাহ করতে পারতেন এবং ধানগাছগুলি কিছু পরিমাণে সারভাইড করলেও পাশাপাশি এটাও হতে পারত। নানা ধরনের তৈল বীজ রয়েছে, এই ব্যাপারে নজর দিতে হবে। দার্জিলিং এলাকায় তেল চাষের জন্য শাল, নিম ইত্যাদি ব্যাপারে আপনাকে যত্নবান হতে অনুরোধ করব। দিঘা এলাকায় কাজু বাদাম চাষের জন্য একটি প্রকল্পের কথা গতবার বাজেট বক্তৃতায় আপনি বলেছিলেন, এবারে তার কোনও উল্লেখ দেখলাম না। এই সম্পর্কে আপনি কি চিন্তা করছেন সেটা আমরা জানতে চাই। আমাদের দেশে মনসুন অনেক খামখেয়ালী আচরণ করছে। উত্তরবাংলায় যেখানে বেশি বৃষ্টি হয় সেখানে কম বৃষ্টি হচ্ছে, দক্ষিণ বাংলায় সীমাহীন বৃষ্টি হয়েছে। এইসব চিন্তা করে যদি সেইরকম বীজ সরবরাহ করতে পারেন তাহলে চাষীরা সময় মতো ক্রপ প্যাটার্ন পাল্টে দিয়ে জমিগুলিকে কাজে লাগাতে পারবে। উত্তরবাংলায় যদি কোনওরকম মনসুনের গণ্ডগোল হয় চাষীরা তখন অন্য বীজ বপন করতে পারবে। দক্ষিণ বাংলায় বিকল্প চাষের ব্যবস্থা হলে চাষীরাও উপকৃত হতে পারবে, এতে খরচ একটু বেশি পড়বে বটে, কিন্তু যে তৈল বীজ বা শষ্য কাজে লাগবে না, সেগুলি খাবার হিসাবে ব্যবহৃত হবে। চাষের ক্ষেত্রে একটা সিকিউরিটি আসবে এবং এতে খুব ভাল ফল পাবেন, আপনাকে এটা বিবেচনা করতে অনুরোধ করছি।

(**শ্রী কমলকান্তি গুহ ঃ** আপনি বলুন না কি কি চাষ হতে পারত?)

[5-45—5-55 P.M.]

বন্যার জল যেখানে কম এসেছে, যে জমিতে আর্দ্রতা আছে সেখানে ডালশস্য কিছু পরিমাণে হতে পারত এবং ধান চাষও সম্পূর্ণ নষ্ট হত না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে বলব, মাননীয় মন্ত্রী মহাশয় পান চাষী এবং ফুল চাষীদের সম্পর্কে কিছু বলেননি, আমার অনুরোধ, তাদের কথা আপনি একটু ভেবে দেখবেন।

**শ্রী দ্বারকানাথ তা ঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি সেটা সমর্থন করছি এবং তা করতে গিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি। স্যার, আগে আমরা দেখেছি এই কৃষি বাজেট সমাজের একটি বিশেষ শ্রেণীর দিকে লক্ষ্য রেখে স্থির করা হত—ঐ ধনী কৃষক, বড় জমির মালিক ইত্যাদির দিকে লক্ষ্য রেখে রচিত হত কিন্তু এবারের বাজেটের উল্লেখযোগ্য দিক

হচ্ছে, সেই দিক থেকে এই বাজেট মুখ ফিরিয়ে নিয়েছে এবং যাদের দিকে কোনওদিন তাকানো হয়নি, যাদের কথা কোনওদিন ভাবা হয়নি—ঐ ভাগচাষী, প্রান্তিক চাষী, গরিব চাষী, তাদের দিকে মুখ ফিরিয়ে, তাদের দিকে নজর দিয়ে এই বাজেট রচিত হয়েছে। স্যার, ঐ প্রান্তিক চাষী, বর্গাচাষীদের জন্য এই বাজেটে সার, বীজ, কৃষি ঋণের বরাদ্দ করা হয়েছে। তবে সবচেয়ে বড় কথা যেটা সেটা হচ্ছে, এখানে পেনশনের কথা উল্লেখ করা হয়েছে। অনেকে এই কৃষকদের পেনশনটা সাধারণ বার্ধক্য ভাতার সঙ্গে এক করে দেখবার চেষ্টা করেছেন কিন্তু তাদের বলব, তা নয়, বাস্তবে এর গুরুত্ব অত্যন্ত বেশি। স্যার, ঐ কৃষক যে সারা জীবন ধরে সমাজের জন্য উৎপাদন করে গিয়েছে, সমাজকে খাইয়ে গিয়েছে, সেবা করে গিয়েছে তার বার্ধক্যের সময় তার কথা যদি সমাজ চিন্তা না করে তাহলে সেটা অন্যায় করা হয়। তাই আজকে আমরা দেখছি, এই বাজেটে তাদের কথা চিন্তা করা হয়েছে এবং এর একটা গুরুত্বপূর্ণ মূল্যও আছে। তারপর স্যার, বিগত বন্যায় পশ্চিমবাংলার উপর যে বিপর্যয় ঘটে গিয়েছে সেখানে বিশেষ করে আমরা দেখেছি কৃষির ক্ষেত্রে তৈরি ফসলের একটা বিরাট অংশ বন্যায় নষ্ট হয়ে গিয়েছে, অনেক জমি কৃষির অনুপোযুক্ত হয়ে গিয়েছে। এতবড় বিপর্যয়ের মুখে দাঁড়িয়ে পশ্চিমবাংলার কৃষক সম্প্রদায় তাদের সেই জমি পুনরুদ্ধারের জন্য বা ফসল তৈরি করার জন্য যেভাবে সংগ্রাম করেছে সেটা সত্যই প্রশংসনীয়, বাজেটে তার কিছুটা প্রতিফলন ঘটেছে। সেখানে বন্যার পরে যে ব্যাপক কৃষি পরিকল্পনা নেওয়া হয়েছে তাতে আমরা দেখেছি মিনিকিট বিতরণ করা হয়েছে বিশেষ করে ঐসব বন্যাবিধ্বস্ত এলাকাতে। সেখানে মিনিকিট, কৃষিঋণ বা অন্যান্য সরকারি সাহায্যকে অবলম্বন করে আমরা দেখেছি বন্যাদুর্গত লোকরা একটা প্রতিরোধের ভূমিকা নিয়ে এগিয়ে এসেছে। সেখানে ব্যাপক ক্ষয়ক্ষতি পূরণ করার জন্য এবং আগামীদিনে নতুন সম্ভাবনা গড়ে তোলার জন্য তারা এগিয়ে এসেছেন, এর প্রতিফলন বাজেটে আমরা দেখেছি। এটা খুবই উল্লেখযোগ্য বিষয়।

এই বাজেটে আমরা দেখছি যে বিনামূল্যে মিনিকিট হিসাবে তেল, ডাল, খাদ্যশস্য, আলু, ধান ইত্যাদি বিলি করা হয়েছে। অনেকে এই মিনিকিটকে ছোট করে দেখাবার চেষ্টা করেছেন বিরোধী পক্ষ থেকে এবং তাঁরা বলেছেন যে এগুলি ঠিকমতো বিলি করা হয়নি, কোনও কাজে লাগেনি, অপচয় হয়েছে ইত্যাদি কথা বলার চেষ্টা করেছেন। কিন্তু প্রকৃতপক্ষে এগুলি যদি না কাজে লাগতো তাহলে সম্ভাবনাময় অবস্থার সৃষ্টি কি করে হল? আজকে ক্ষতিগ্রস্ত চাষীদের বন্যা এলাকায় তাদের ১৭ কোটি টাকা স্বল্প মেয়াদী কৃষি ঋণ দেওয়া হয়েছে। এটাও একটা গুরুত্বপূর্ণ বিষয়। এই বাজেটের মধ্যে আরও যেটা গুরুত্বপূর্ণ বিষয় সেটা হচ্ছে পশ্চিমবাংলায় এই বিপর্যয় হবার পরে কৃষি বাজেটে যে দিকগুলি দেখানো হয়েছে তাকে ১৯৭৯-৮০ সালের যে ব্যয়বরাদ্দ রাখা হয়েছে সেটা আরও একটা নতুন সম্ভাবনাময় দিক। আমরা পশ্চিমবাংলা সম্পর্কে চিরদিন জেনে এসেছি যে এটা একটা খাদ্যে ঘাটতি এলাকা এবং পশ্চিমবাংলায় কোনওদিন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে, স্বয়ম্ভর হবে এই কথা আমাদের ধারণার অতীত ছিল। কিন্তু সেখানে বর্তমান বাজেটে আমরা যে প্রতিফলন দেখছি তাতে আমাদের মধ্যে আশার সঞ্চার হয়েছে এবং সেই সম্ভাবনা খুব বেশি দূরে নেই। ১৯৭৯-৮০ সালের যে ব্যয়বরাদ্দ রাখা হয়েছে তাতে উৎপাদন বৃদ্ধির জন্য ব্যাপক প্রচেষ্টা লক্ষ্য করা যাচ্ছে। এই বছর যে উৎপাদনের হার, যে উৎপাদনের পরিমাণ বাজেটে দেখানো

হয়েছে, আগামী বছরের জন্য যে লক্ষ্য ধার্য করা হয়েছে সেটা আমরা আশা করব সকলের সহযোগিতাতে সফল করতে পারা যাবে। কৃষিপণ্যের মূল্য সম্পর্কে অনেকের অভিযোগের কথা এখানে তাঁরা তুলে ধরেছেন। আজকে কৃষকদের মনে ন্যায্য মূল্য সম্পর্কে যে ধারণা আছে বিশেষ করে আলু, সরিষা ইত্যাদি বিষয়ে তাতে তাঁরা অত্যন্ত আশঙ্কিত। তাঁরা যদি ফসলের ন্যায্য মূল্য না পায় তাহলে তাঁরা মার খাবে এবং আগামীদিনে কৃষিতে যে সম্ভাবনাময় দিনের কথা বলা হয়েছে সেটাতে আঘাত আসবে। বাজেট আমরা দেখেছি এই বিষয়ে সরকার এবং মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করেছেন এবং সেখানে ভর্তুকি দিয়ে কি করে চাষীদের লোকসান পূরণ করা যায় সেই সম্পর্কে তিনি তাঁর বক্তব্য রেখেছেন এবং আলুর ক্ষেত্রে বলেছেন যে সরকার ৫০ টাকা দরে ৫০ হাজার টনের মতো আলু নিজেরা কিনবেন এবং বাইরে কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় যদি আলু পাঠানো যায় তার জন্য চেষ্টা করবেন। সরিষার জন্য তাঁরা ভর্তুকি দেবার চেষ্টা করছেন। আপনি জানেন যে পশ্চিমবাংলায় কিছুদিন থেকে সরিষার তেলের বাজার নিয়ে ভয়ানক খেলা চলছে। সরিষার তেলের বিষয়ে আমাদের অন্য প্রদেশের উপর নির্ভর করতে হয়েছে। এই ২-৩ বছর কিছু কিছু সরিষার চাষ শুরু হয়েছে এবং সাধারণ চাষীদের মনে প্রথম দিকে একটা দৃঢ় প্রত্যয় জেগে উঠেছে। সরিষার ব্যাপক মিনিকিট বিভিন্ন এলাকায় যেগুলি বিলি করা হয়েছে সেই মিনিকিট সংগ্রহ করে তাঁরা উৎপাদন বাড়িয়েছে। বর্ধমান জেলার বিভিন্ন জায়গায় এই সরিষার চাষ বেড়েছে। এই ব্যাপারে তাদের মনে একটা প্রত্যয় জেগে উঠেছে এবং সরকার সহযোগিতার মনোভাব নিয়ে তাঁদের পাশে দাঁড়িয়েছেন যার ফলে এটা সম্ভব হয়েছে। আগামীদিনে এই সরিষার চাষ আরও বাড়ছে। পশ্চিমবাংলা চিরদিন তেলের ঘাটতি রাজ্য সেখানে খানিকটা সুরাহা হবে। এর পর যে কথা বলতে চাই সেটা হচ্ছে বোরো চাষ। আপনারা অনেকে জানেন যে বিগত বন্যা এলাকা বিশেষ করে বর্ধমান জেলার কথা আমি জানি যে সেইসব এলাকায় ব্যাপকভাবে বোরো ধানের চাষ হয়েছে।

[5-55—6-05 P.M.]

কিছু কিছু এলাকা ঘুরে যে অভিজ্ঞতা হয়েছে, মোটামুটি আমার হিসাবেই শুধু বর্ধমান জেলাতেই দেড় লক্ষ একরে বোরো চাষ হয়েছে এবং এখনও কিছু কিছু হচ্ছে। এই যে ব্যাপক এলাকায় চাষ হচ্ছে, এর ফসলের সম্ভাবনা অত্যন্ত ভাল। চাষীরা বন্যার চ্যালেঞ্জ হিসাবে এই বোরো চাষ করেছে এবং তার সম্ভাবনাও খুব উজ্জ্বল। আর একটা বিষয় এখানে উল্লেখ করার আছে, এই বাজেটের মধ্যে মন্ত্রী মহাশয় বলেছেন, সেটা হচ্ছে শস্য বিমার কথা। দীর্ঘকাল ধরে বিরোধী দলে থেকে শস্য বিমা সম্পর্কে সমালোচনা করা হয়েছে এই শস্য বীমা না করার জন্য, এবারে মন্ত্রী মহাশয় শস্য বিমার উল্লেখ করেছেন, খানিকটা ধাপ হিসাবে এগিয়েছেন। অর্থাৎ কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় মন্ত্রী মহাশয় শস্য বিমা চালু করতে চান। এবার একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এটাকে আরও সম্প্রসারিত করা প্রয়োজন, বিশেষ করে বোরো চাষের ক্ষেত্রে। আলু ও ধানের ব্যাপারে তিনি বলেছেন। কিন্তু বোরো চাষ আরও অনেক খরচের চাষ, বোরো চাষ মার খেলে চাষীরা আর্থিক দিক থেকে আমন ধানের চেয়ে বেশি পরিমাণে ক্ষতিগ্রস্ত হবে। সুতরাং এটা শুধু আমনের মধ্যে সীমাবদ্ধ না রেখে বোরো এবং আরও অন্যান্য দিকে সম্প্রসারণ করার প্রয়োজন আছে। ক্ষুদ্র সেচ সম্পর্কে বাজেটে

পরিকল্পনা নেওয়া হয়েছে। বন্যায় যে সমস্ত পাম্প সেট অকেজো হয়ে গিয়েছিল, দ্রুত সেইগুলো মেরামত করার প্রচেষ্টা করা হচ্ছে। কিন্তু এখনও সবগুলো মেরামত হয়নি, যেগুলো মেরামত হয়নি, সেইগুলো দ্রুতভাবে করা প্রয়োজন। কিছু কিছু এলাকা এখনও ক্ষুদ্র সেচ পরিকল্পনা থেকে বঞ্চিত রয়েছে, যেমন বর্ধমান জেলার দুর্গাপুরের পর থেকে ঐ এলাকাটা। ঐ এলাকায় সেই রকম ধরনের ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল ব্যাপক আকারে হয়নি, এখনও যথেষ্ট চাহিদা বাজেটের মধ্যে বলা হয়েছে, বর্তমানে কৃষিতে যন্ত্রপাতির ব্যবহার দ্রুত বেড়ে চলেছে, চাষীরা পাম্প সেট, ট্রাক্টর এইসব ব্যবহার করছে। কিন্তু এইসব মেরামতের জন্য কোনও সুবন্দোবস্ত ছিল না। এবারে বাজেটে দেখছি, প্রতি ব্লক পর্যায়ে একটা করে কল সেন্টার করা হয়েছে, সেখানে একজন করে দক্ষ মিস্ত্রী থাকবে এবং সে সেই এলাকার যন্ত্রপাতিগুলো দ্রুত মেরামতের ব্যবস্থা করবে। এটা একটা ভাল পদক্ষেপ নেওয়া হয়েছে। আর একটা জিনিস দেখছি, জেলাতে একটা বড় ধরনের এইসব যন্ত্রপাতি মেরামতের কারখানা করার কথা এই বাজেটে দেখছি। আর একটা জিনিস যেটা আলোচনা করা প্রয়োজন, সারের ব্যবহার সম্পর্কে। সারের ব্যবহারের সঙ্গে উৎপাদনের একটা সম্পর্ক আছে। বাজেটে দেখছি ১৯৭৭-৭৮ সালে ১.৭৭ লাখ টন রাসায়নিক সার ব্যবহার হয়েছে যা পূর্বের তুলনায় অনেক বেশি। ১৯৭৯-৮০ সালে সেই লক্ষ্যমাত্রা যথেষ্ট পরিমাণে বাড়ানো হচ্ছে। এই রাসায়নিক সারের ব্যবহার বাড়ছে এবং আরও বাড়া প্রয়োজন এটা স্বীকার করে নিয়ে এই সম্পর্কে কিছু আলোচনা রাখা দরকার। রাসায়নিক সারের প্রয়োগ পদ্ধতিটা বৈজ্ঞানিক গবেষণার বিষয়, এটা খুব জটিলভাবে একটা সমীক্ষা করা প্রয়োজন।

আমরা বর্ধমান জেলার চাষীরা দেখেছি নাইট্রোজেন সার ব্যাপকহারে বছরের পর বছর ব্যবহার করার ফলে উৎপাদনের পরিমাণ হ্রাস পেয়েছে এবং মাটির একটা পরিবর্তন ঘটে যাচ্ছে। কাজেই কোন সার কিভাবে কতখানি ব্যবহার করা দরকার তার জন্য একটু গবেষণা হওয়া দরকার এবং এটা সরকারি উদ্যোগে হওয়া প্রয়োজন। চাষীরা খুশিমতো কিছুটা পরীক্ষা করল; এবং তার ওপর আমরা নির্ভর করে থাকতে পারি না। মাটির কি পরিবর্তন ঘটছে, না ঘটছে এবং রাসায়নিক সারের ব্যবহারের ফলে কি অবস্থা হচ্ছে সে সম্পর্কে ব্যাপক গবেষণা হওয়া দরকার এবং এগুলি জানা গেলে আগামী দিনে কৃষকরা ফসলের হার বাড়াতে পারবে। আজকে সেইজন্য এ ব্যাপারে সরকারের সচেষ্ট হওয়া প্রয়োজন। সেই সঙ্গে উন্নতমানের বোরো চাষ বা উচ্চ ফলনশীল যে সমস্ত ফসলের ফলন বাড়ছে তাতে রোগ এবং পোকার উপদ্রবও বাড়ছে, সেইজন্য প্রতিষেধক নানারকম ওষুধপত্রর ব্যবহারও ব্যাপকভাবে বেড়ে চলেছে। কিন্তু চাষীরা নিজেদের উদ্যোগে নিজেদের ইচ্ছামতো ওষুধপত্র প্রয়োগ করছে, অনেক সময় এগুলি বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রয়োগ করা হচ্ছে না। সেইজন্য বিশেষজ্ঞ নিয়ে রোগ প্রতিষেধকের জন্য সরকারি পরিকল্পনা গ্রহণ করা দরকার। যদিও আজকে আমাদের এই দপ্তরের বাজেটের মধ্যে কৃষকদের ট্রেনিং দেওয়ার কথার উল্লেখ আছে এবং কৃষকদের কিছু কিছু ট্রেনিংও দেওয়া হচ্ছে। কিন্তু সেটা আরও ব্যাপকভাবে করা দরকার এবং বিজ্ঞানকে কৃষি ক্ষেত্রে যাতে সঠিকভাবে প্রয়োগ করা হয় তার জন্য সরকারের বিশেষ নজর দেওয়া দরকার। এই কয়টি কথা বলে আমি এই বাজেটকে আর একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-05—6-15 P.M.]

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাংলাদেশকে সুজলা সুফলা শস্য শ্যামলা করার স্বপ্ন রবীন্দ্রনাথ দেখেছিলেন, আর একজন কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত বাংলায় বসে গোবি সাহারা মরুভূমির স্বপ্ন দেখেছিলেন। আমরা আশা করেছিলাম বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবাংলা সুজলা সুফলা শস্য শ্যামলা হয়ে উঠবে। কিন্তু কৃষিমন্ত্রীর এই বাজেট থেকে আমরা অতটা আশান্বিত হতে পারছি না যে, পশ্চিমবাংলার কৃষির উন্নতি হবে। কারণ এটা তৃতীয় বাজেট পেশ করা হল, অথচ এই দু' বছরের মধ্যে দেখলাম না যে, কৃষকদের অবস্থার উন্নতি হয়েছে। এখনো গ্রামে দেখতে পাই কৃষক লেংটি পরে গামছা মাথায় দিয়ে রয়েছে। সেই সমস্ত মুমূর্ষু মানুষগুলি এখনো অর্ধাহারে রয়েছে, তাদের না হয়েছে অবস্থার পরিবর্তন, না হয়েছে তাদের মধ্যে আশার সঞ্চার। কৃষি মন্ত্রী মহাশয় ৬০ বছরের উর্দ্ধের প্রান্তিক চাষী, ভাগচাষী, বর্গাদারদের পেনশন দেবার কথা বলেছেন। ভাল কথা। কিন্তু আমাদের অর্থনীতির যেটা মূল কথা সেটা হচ্ছে আমাদের অর্থনীতি কৃষি ভিত্তিক নয়। কিন্তু শুধু পশ্চিমবাংলা কেন সারা ভারতবর্ষের অধিকাংশ জনগণই কৃষিজীবী। সুতরাং আমাদের অর্থনীতিকে কৃষি ভিত্তিক করতে হবে। আমাদের অর্থনৈতিক কাঠামোকে যদি কৃষি ভিত্তিক না করা যায় তাহলে অবস্থার কোনও পরিবর্তন হবে না। আমাদের দেশে শিল্প ভিত্তিক অর্থনৈতিক ব্যবস্থা চলে আসছে শিল্পে কোটি কোটি টাকা ভর্তুকি দিয়ে। অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র গতবারের বাজেটে বলেছিলেন শিল্পে ১৫৮ কোটি টাকা লস হয়েছে।

আমি গত বছর বাজেটে বলেছিলাম তা যদি হয় তাহলে সেই টাকা কৃষিতে খরচ করা হোক, এ বছর অর্থমন্ত্রীও কিছু বলেননি যে লোকসান বেড়ে গেছে কিম্বা কমে গেছে। মূল কথা হচ্ছে কৃষিতে ভর্তুকি না দিলে কিছু হবে না, কিন্তু সেই কথা এই বাজেটের মধ্যে নেই, ফলে অবস্থা এমন হয়েছে যে আজকে তাঁরা বলছেন যে আলু, পাটের দাম পাওয়া যাচ্ছে না এবং যার জন্য প্রকৃত কৃষিজীবী সে আর কৃষিতে উৎসাহ পাচ্ছে না। মিনিকীট সম্বন্ধে দু-একটি কথা বলি। নর্থ ২৪ পরগনা ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটির মিটিংয়ে শুনে এলাম অফিসাররা বলছেন মিনিকীট অনেক জায়গায় আমরা দিতে পারিনি আবার অনেক জায়গা থেকে চাষীরা ফেরত দিচ্ছে এই বাস্তবটাকে স্বীকার করতে হবে। প্রশ্ন হচ্ছে আজকে এমন অবস্থা হয়েছে কৃষিমন্ত্রী বলেছেন যে কৃষকের কাছ থেকে ৫০ টাকা আলু কিনে নিয়ে ৭০ টাকায় তা বিক্রি করতে হবে তাকে বাঁচাবার জন্য এই কথাটা তিনি হাউসের বাইরে বলেছেন—এটা প্রিভিলেজের ব্যাপার। যাই হোক সারের দাম যদিও বেশি কিন্তু যেটুকু সার, বীজ দেওয়া হয় তা যদি ঠিকসময় দেওয়া হত তাহলে কৃষকের কল্যাণ হত। অর্থাৎ যখন চাষ শেষ হয়ে যায় তখন এটা গিয়ে পৌঁছায়। সরকারের লাল ফিতার ফাঁক দিয়ে বি.ডি.ও.র কাছ থেকে গ্রাম সেবকের কাছে গিয়ে যখন প্রকৃত চাষীর কাছে যায় তখন তার চাষ হয়ে যায়। বীজ ও লোনের ব্যাপারেও সেই একই কথা। এ জিনিস অবশ্য অনেক দিন ধরেই চলছে। লাল ফিতার ফাঁস না কমাতে পারলে কৃষির উন্নয়ন করা সম্ভব নয়। গ্রাম সেবক যারা গ্রামে যায় তাদের গ্রামের সঙ্গে কোনও সম্পর্ক নেই। সুতরাং তাদের দ্বারা প্রকৃত কোনও কল্যাণ হবে না। বি. ডি. ও. অফিসগুলি কৃষি এলাকা থেকে ১০-১৫ মাইল দূরে। গত বাজেট অধিবেশনে আমি এইসব কথা বলেছিলাম এবং আশা করেছিলাম যে এই ব্যবস্থা

পরিবর্তন হবে। কিন্তু আমরা গ্রামে গিয়ে দেখি যে এই অবস্থার কোনও পরিবর্তন দেখছি না। গ্রামের চাষীদের সঙ্গে গ্রাম সেবক কৃষি অফিসারের সংযোগের কোনও ব্যবস্থা নেই। আমি একবার এ. ই. ও.র সঙ্গে চাষ সম্বন্ধে আলোচনা করতে চাইলে ভদ্রলোক কোনও সময়ই দিতে পারলেন না। দু'নম্বর কথা হচ্ছে কৃষিঋণ সম্পর্কে। এই ঋণ অনেক দেওয়া হয়েছে কিন্তু বর্তমানে কৃষক সমাজ ঋণভারে জর্জরিত। সেইজন্য বলছি এই কৃষি ঋণ যদি অর্থের মকুব করে দেন তাহলে নতুন আশা নিয়ে তারা আবার চাষ করতে পারবে। আমাদের দেশে বৈজ্ঞানিক প্রথায় কৃষিকাজ না করলে ব্যাপক কৃষি উন্নতি হবে না। মাটি পরীক্ষা করে কোথায় আই. আর. এইট. হবে কোথায় জয়া হবে বা অন্য কি হবে সেটা না বলতে পারলে কিছুই হবে না। এই পরীক্ষা পদ্ধতি দ্বারা জাপানের কৃষিবিভাগ প্রচুর উন্নতি করেছে। বাংলাদেশেও এই জিনিস চালু করেছে। কিন্তু আমাদের এখানে এই ব্যবস্থা আজও হল না। এর পর বড় জিনিস হচ্ছে সেচ, পশ্চিমবাংলায় ব্যাপক এলাকা এক ফসলী হয়। আমরা ভেবেছিলাম কৃষিমন্ত্রী হয়ত ঘোষণা করবেন একফসলা জমিগুলোকে ২/৩ ফসলা করা হবে।

সুন্দরবন বিষয়ক মন্ত্রী আশার কথা বললেন। কিন্তু দক্ষিণ ২৪ পরগনায় একটা ছাড়া আর কোনও ফসলই হয় না, কারণ এখানে মিনিমাম সেচব্যবস্থা নেই। উত্তর ২৪ পরগনায় ডিপটিউবওয়েল ইত্যাদি হয়েছে কিন্তু আমার কেন্দ্রে এটা ডিপটিউবওয়েল স্যাংশন করেছেন জানি না, যদি না হয়ে থাকে তাহলে বলতে হয় যে বিরোধী দলের সদস্য বলে এ জিনিস হচ্ছে না। মন্ত্রী মহাশয় হয়ত বলবেন এটা ব্যুরোক্র্যাটদের ব্যাপার, আমি ব্যুরোক্র্যাক্ট বা টেকনোক্র্যাট বুঝি না আমি বুঝি ডেভেলপমেন্ট। রাস্তাঘাট, নিয়নলাইট ইত্যাদি করলে কিছু হবে না, বঙ্কিমচন্দ্রের ভাষায় হাসিম সেখ, রামাকৈবর্ত্তর উন্নতি না করতে পারলে কিছুই হবে না। স্মল ইরিগেশন সম্বন্ধে বলব দক্ষিণ ২৪ পরগনায় স্মল ইরিগেশনের অনেক সম্ভাবনা আছে, আমার এলাকায় একটা স্মল ইরিগেশনের জন্য বার বার আবেদন করেছি সেচমন্ত্রী বলেছিলেন বিবেচনা করব, কিন্তু ব্যাপারটা নিয়ে টানাপোড়েন হওয়াতে যখন আমি অ্যাসিওরেন্সে নিয়ে গেলাম তখন আমাকে নয়া বেসিন স্কীম, নোনতা বেসিন স্কীম দেখানো হল এবং বলা হল ১৯৮৪ সালের আগে নয়। কিন্তু আমার সহযোগিরা যখন বললেন জনসাধারণের দুঃখ-দুর্দশার জন্য আপনাকে এখুনি এই ব্যবস্থা নিতে হবে তখন আর কোনও উত্তর হল না। ব্যুরোক্র্যাট এবং টেকনোক্র্যাটদের জন্য আজ আমরা কোথায় গিয়ে দাঁড়িয়েছি সেটা চিন্তা করতে হবে। বিদ্যাধরীর জন্য ৫ লক্ষ টাকা স্যাংশন হয়েছিল শুনছি সেই টাকাও ফেরত যাচ্ছে। যাদবপুর গোয়ালিয়া খাল খানিকটা হয়ে বন্ধ হয়ে গেছে। মন্ত্রী মহাশয়কে বললে তিনি বলেন দেখছি, আর অফিসারদের কাছে গেলে তাঁরা বড় বড় ম্যাপ দেখান। স্কীম বা ম্যাপ দেখে জলনিকাশি বা সেচ ব্যবস্থা হবে না। মন্ত্রী মহাশয়কে বলতে হবে ঐসব এলাকায় খাল হবে কি না? প্রবোধ পুরকায়েতবাবু বললেন যে ভেড়ি এলাকায় যদি বাঁধ দিতে পারেন তাহলে চাষ ও ফিসারির উন্নতি হতে পারে। এ বিষয়ে আপনাদের মতামত জানতে চাই। তারপর কৃষিঋণ দেবার পদ্ধতিটা কি এখনও বুঝতে পারছি না। এ বিষয়ে এম. এল. এ. বা তার প্রতিনিধিদের কোনও মতামত নেওয়া হয় না। বারাসত ১, ২ নং ব্লকে কত টাকা গেল কত লোন গেল সেসব আমরা কিছুই জানি না এই সম্পর্কে যদি আপনি কিছু বলেন তাহলে ভাল হয়। তারপর সি. এ. ডি. পি. এস. এফ. ডি. এ. নিবিড় চাষ পরিকল্পনা

ইত্যাদি কতকগুলি বিশেষ বিশেষ এলাকায় করা হয়, কিন্তু এই সমস্ত স্কীমের বেনিফিট আমরা পাব কিনা তার ক্লারিফিকেশন মন্ত্রী মহাশয়ের কাছ থেকে চাই।

**আব্দুল কাইয়ুম মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। আমাদের দেশে পুঁজিবাদি ও জমিদার জোতদার সম্যক ব্যবস্থা যা আছে তাতে মূল ভূমি সংস্কার ছাড়া কোনওদিনই কোনও উন্নতি হতে পারে না। এই অবস্থার মধ্যে আমরা যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করি না কেন তাতে মূল সমস্যার সমাধান হবে না। এখন আমাদের দেশে জমিদার জোতদার গোষ্ঠীর হাতে সমাজ ব্যবস্থা আছে। এবং তাদের শোষণ ব্যবস্থার ফলে কৃষক ভূমিহীন হয়ে যাচ্ছে ও ক্ষেত মজুর ও গরিব কৃষকের সংখ্যা বেড়েই যাচ্ছে। এর ফলে চাষী যে জমি থেকে উৎখাত হচ্ছে সে আর জমি পাচ্ছে না এবং কৃষি ব্যবস্থা তাতে ব্যাহত হচ্ছে।

[6-15—6-25 P.M.]

তাই আমাদের দেশের জটিল সমস্যা যে ভূমি সেই ভূমির শতকরা ৪০ ভাগ মাত্র ৫টি পরিবার দখল করে বসে রয়েছে যারা হচ্ছে জমিদার এবং জোতদার গোষ্ঠী, যারা এই দেশের খাদ্যনীতি নিয়ন্ত্রণ করেন এবং যাঁরা দেশের খাদ্য কুক্ষিগত করে দেশের মধ্যে নানা রকম সঙ্কট সৃষ্টি করছেন। এই ভূমির বাকি ৬০ ভাগ ছোট চাষী, প্রান্তিক চাষী এবং বর্গাদাররা দখল করে রয়েছে। এই সমস্ত কারণে আমাদের দেশের কৃষি ব্যবস্থার উন্নতি হচ্ছে না। যতদিন পর্যন্ত না জমিদার এবং জোতদারদের হাত থেকে এই সমস্ত জমিগুলি উদ্ধার হচ্ছে ততদিন পর্যন্ত পশ্চিমবাংলার কৃষির উন্নতি হবে না। আমাদের কৃষিমন্ত্রী এই সীমিত ক্ষমতার মধ্যে কিছু কিছু করছেন। কাজেই যদি কেউ মনে করেন অনেক কিছু করা সম্ভব তাহলে বলব সেটা ভুল ধারণা। আমরা জানি অনেক কিছু করার ক্ষমতা আমাদের কৃষিমন্ত্রী বা সরকারের নেই এবং সেটা করবার জন্য যে অর্থের প্রয়োজন সেটাও আমাদের সরকারের হাতে নেই। কাজেই ওই ধরনের চিন্তা করা সঠিক হবে না। তবে যেটুকু প্রচেষ্টা করা হয়েছে সেটা অন্যান্য দেশের তুলনায় অনেক গৌরবান্বিত এটা স্বীকার করতেই হবে। কংগ্রেস বেঞ্চ থেকে বলা হয়েছে আমাদের পথ অনুসরন করছে। তাদের পথ ছিল দেশের মধ্যে অনাহার এবং অর্ধাহার সৃষ্টি করা এবং কৃষককে জমিহারা করা। এসব করলে জনসাধারণ আমাদের এখানে বসতে দিত না। সেই জন্যই আমরা চেষ্টা করছি ব্যাপকভাবে বর্গাদারদের রেকর্ড করাতে। এইসব কারণে তাদের মনে নানা রকম চিন্তার সৃষ্টি হচ্ছে। বর্গাদারদের রেকর্ড করাবার জন্য সরকার যে চেষ্টা করছেন এতে নিশ্চয়ই তাদের মনে আঘাত লাগছে কারণ তাঁরা এতদিন পর্যন্ত বর্গাদারদের এবং ছোট চাষীদের উচ্ছেদ করবার চেষ্টাই করেছিলেন। এখন অবশ্য সেখান থেকে তারা সরে পড়ছেন।

আমাদের দেশে আমন ধানের জমি সব সেচ এলাকায় আনা যায়নি। সমস্ত জমি দু'ফসলা, তে-ফসলা করার ব্যবস্থা সুদূরপ্রসারী। সমস্ত এলাকায় দু'ফসলা আনার জন্য যেটা প্রয়োজনীয় এখনও আমাদের সার্থক হতে পারছে না। কারণ সেচের সুব্যবস্থা আমাদের দেশে হয়নি। দক্ষিণ ২৪ পরগনায় সেখানে ডীপ টিউবওয়েল রয়েছে সেখানে স্যালাইন ওয়াটার উঠতে পারে এবং সেখানকার খাল কাটা এখনও সম্পূর্ণ হয়নি। খাল কেটে জল বিস্তার

করতে না পারলে দু'ফসলা তে'ফসলায় আনা যেতে পারে না। তাই সমস্ত দেশের জমিকে দু'ফসলা তে'ফসলার মধ্যে নিয়ে আসতে হলে ধীরে ধীরে অগ্রসর হতে হবে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এক বিঘায় আমন উৎপাদন করতে কৃষকের যে খরচ এবং উৎপাদন দ্রব্যের যে মূল্য তা অনেক কম—সেজনা অনেক ক্ষেত্রে ছোট চাষী এবং প্রান্তিক চাষী জমি হারা হতে বাধ্য হচ্ছে। কি করে চাষী তার উৎপন্ন ফসলের ন্যায্য দাম পেতে পারে তার দিকে লক্ষ্য রাখতে হবে। ১০ একর এবং তার উর্দ্ধের জমির মালিক তাদের সমস্ত জমির উদ্বৃত্ত ফসল—যারা সিংহ ভাগ দখল করে রয়েছে—যদি তাদের চাষের খরচ এবং সারা বছরের খোরাকী বাদ দিয়ে তাদের উদ্বৃত্ত ধান সরকার বাধ্যতামূলকভাবে ক্রয় করে নিতে পারেন তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কারণ তারা গোলাতে ধান জমা রেখে বাজারে সঙ্কট সৃষ্টি করছে। এই ধান সরকারকে সংগ্রহ করতে বলছি। ছোট ছোট চাষী এবং প্রান্তিক চাষী তারা ডিসট্রেস সেল করতে বাধ্য হয় এবং সেজন্য তারা ধানের ন্যায্য মূল্য পায় না। সেই সময় সরকার যাতে উপযুক্ত মূল্যে তাদের সেই ধান কিনতে পারে সেজন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত। তাহলেই একমাত্র ছোট চাষী এবং প্রান্তিক চাষীকে বাঁচানো যাবে, এবং প্রয়োজন হলে কিছু ভর্তুকি বিক্রয় মূল্যের ক্ষেত্রে দেওয়া যায় সেদিকেও সরকারকে দৃষ্টি দিতে হবে। চাষীদের ভর্তুকি দিলে ধান এবং চালের দাম ঠিক রাখা যাবে।

[6-25—6-35 P.M.]

তাছাড়া আমাদের দেশের পাট, এই পাটের ক্ষেত্রে দেখতে পাচ্ছি কেবলমাত্র ৯টি পরিবার, বা ৯টি বড় বড় শিল্পপতি, সমস্ত পাটের মূল্য নিয়ন্ত্রণ করছে এবং তারাই সমস্ত পাটচাষীকে তাদের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত করছে, সেই দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। আমাদের পাট শিল্পে এবং পাট চাষে নিযুক্ত যে সমস্ত কর্মীরা আছে তারা বার বার দাবি করেছে যে পাটের ন্যায্য মূল্য যাতে পাট চাষীরা পায় তারজন্য ন্যূনতম ১০০ টাকা পাটের মণ হওয়া উচিত এবং সেইদিকে সরকারের লক্ষ্য রাখা উচিত। এই ৯টি হাঙ্গর পরিবার এই পাট নিয়ে অনেক বেশি টাকা মুনাফা অর্জন করছে সেইজন্য পাট শিল্পে নিযুক্ত কর্মীরা দিনের পর দিন আন্দোলন করে আসছে যাতে পাট চাষীদের ন্যায্য মূল্য দেওয়া হয়। এই পাট যা আমাদের বিশ্বমুদ্রা আহরণ করে নিয়ে আসে এই শিল্প কয়েকটি পরিবারের হাতে পড়ে আছে এই দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বৎসর আলু যা বাজারে আসছে তা অতি অল্প দামে বিক্রি হচ্ছে। কতকগুলি অসাধু ব্যবসায়ীর জন্য হিমঘরে তারা সেখানে আলু রাখতে পারে না, এই ষড়যন্ত্র বন্ধ করা উচিত। এইসব হিমঘরগুলি রাষ্ট্রায়ত্ত করা যেতে পারে কিনা অথবা সরকার অন্য কোনও ব্যবস্থা করতে পারেন কিনা সেদিকে দৃষ্টি দেওয়া উচিত তা না হলে আলু চাষীরা তাদের ন্যায্য মূল্য পাবে না। এই অবস্থা থেকে তাদের উদ্ধার করতে হবে এবং এই আলু অন্যভাবে বিক্রয় করা যায় কিনা সেটা ভেবে দেখতে হবে। ঋণদানের এখানে প্রশ্ন উঠেছে, এই ঋণদানের ক্ষেত্রে ঐ প্রান্তিক চাষী, বর্গাদার এদের অবশ্য ব্লকের মাধ্যমে দেবার প্রচেষ্টা হয়েছে, সেই সম্পর্কে তারা যাতে ঋণটা সুষ্ঠুভাবে পেতে পারে সেদিকে লক্ষ্য দিতে হবে, কারণ অফিসের মাধ্যমে গেলে তারা রেকর্ডভুক্ত হয়েছে কিনা এই রকম নানা প্রশ্ন উঠে। ঋণ মকুবের প্রশ্ন এখানে উঠেছে। এই ব্যাপারে দেখতে পাচ্ছি

পূর্বে যারা ঋণ নিয়েছিল তার অধিকাংশই ১০ একর জমির উপরের মালিক সুতরাং তাদের ঋণ মকুব করার কোনও প্রশ্নই উঠতে পারে না, এরা বাদে যারা ছোট চাষী, প্রান্তিক চাষী তারা যাতে ঋণ পেতে পারে, সেদিকে দৃষ্টি রাখতে হবে। আর একটা কথা বলছি পঞ্চায়েতে যেহেতু সব নির্বাচিত সদস্য সুতরাং ব্লকের মাধ্যমে যেসব ঋণ, বিভিন্ন রকমের বীজ ও অন্যান্য জিনিস দেওয়া হয় তা তাদের মাধ্যমেই দেওয়া উচিত বলে মনে করি কারণ তারা সবাই নির্বাচিত সদস্য। এখানে দলবাজির প্রশ্ন উঠেছে, তাদের নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্যই এই দলবাজির প্রশ্ন তুলেছেন। আর একটা কথা, বিভিন্ন ব্লকের মাধ্যমে খাল কাটা এইসব খালে যদি একটা করে স্লুইস গেট করে দেওয়া হয় তাহলে ইরিগেশনের অনেক সুবিধা হবে। বিভিন্ন ব্লকে যেসব খাল কাটা হয়েছে সেইসব জায়গায় যদি স্লুইস গেট করে দেওয়া যায় তাহলে গ্রামের মধ্যে দিয়ে যে খাল চলে গিয়েছে সেই খালের জল আটকে রেখে বাড়তি ফসল বাড়ানো যেতে পারে। এর জন্য ইরিগেশন ডিপার্টমেন্টের সঙ্গে এগ্রিকালচার ডিপার্টমেন্টের কো-অর্ডিনেশনে কাজ করার দরকার আছে। আমি এই কথাগুলি বলে এই বাজেট-এর ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঞ্চানন দিকপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তার সমর্থনে কয়েকটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। সে কথাগুলি আমি কৃষি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি। বিগত বন্যায় আমাদের পশ্চিমবঙ্গের ১২টি জেলা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। চাষীরা সর্বহারা হয়ে গেছে, তাদের ঘরবাড়ি, দোর সব কিছু এমন কি চাষের গরু পর্যন্ত নষ্ট হয়েছে। তাদের চাষ করবার টাকা নাই, কিছুই নাই। এমন অবস্থায় বহু তোড়জোড় করে, অত্যন্ত কষ্টের সঙ্গে তারা আলু চাষ করেছে, আর এই আলুতেই তারা মরেছে, মাথায় হাত দিয়ে কান্না শুরু করেছে। তার উপর যে সমস্ত কোল্ড স্টোরেজ ছিল, সেখানে ফাটকাবাজি চলেছে, পার্টির লোকেরা গিয়ে সেখানে গরম দেখাচ্ছে এবং মুনাফা আদায় করার জন্য চেষ্টা করছে। বড় দুঃখের কথা, আমাদের পুরশুরা থানার অঞ্চল প্রধান বাহাদুরি দেখাতে গেছলেন, দেখাতে গিয়ে তিনি উত্তম প্রহার খেলেন। তিনি সি. পি. এম.এর একজন নামকরা সদস্য, সি. পি. এম. মনোনীত প্রার্থী হিসাবে প্রধান হয়েছেন। একথা তিনি আবার কমপ্লেন করেছিলেন মন্ত্রী ভবানীবাবুর সামনে গত দুই তিন দিন আগে, দেখলাম মন্ত্রী মহাশয় বললেন—কেন সেখানে অন্যায় অত্যাচার করতে গেছলি, বুঝলাম তখন সমস্ত দোষই হচ্ছে সেই অঞ্চল প্রধানের। আমাদের বন্ধুবান্ধব যে সমস্ত কথা বলে এই কোল্ড স্টোরেজে পার্টিবাজি করতে গিয়েই গরিবদের মারল। আমরা দেখলাম গাঁয়ের এম্পটি স্টোরে ২ হাজার লোক দাঁড়িয়ে আছে, সি. পি. এম. লিডার তাদের একটা করে স্লিপ দেবে, সেটা দাখিল করলে তবে আলু রাখবার ব্যবস্থা হবে, সেখানে সরকারি কর্মচারিদের পর্যন্ত যাবার অধিকার নাই। বড় দুঃখের কথা, হাজার হাজার লাখ লাখ টাকা খরচ করে কোল্ড স্টোরেজ করেছে, কিন্তু তাদের কোনও অধিকার নাই, পার্টির হাতে সবকিছু চলছে। সেজন্য এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এর পূর্বে বরাবর লোকে আলু রেখে আসছে এবং চাষের সুযোগসুবিধা নিয়ে আসছে, কিন্তু বামফ্রন্ট সরকারের যুগে এত বড় অধোগতি হচ্ছে যে তা বুঝতে পারছি না, আলু যদি কোল্ড স্টোরেজে রাখতে পারত তবে খোলা বাজারে বিক্রি করতে হত না। আজকে ফাটকাবাজিতে সমস্ত চাষীরা ডুবে

মরছে। জনতা, কংগ্রেস মরেনি, সি. পি. এম. মরে যাচ্ছে, পার্টির নির্দেশ তারা কি করবে, মাথা চুলকাচ্ছে, কোনও সুযোগ পাচ্ছে না, তারা চাটি খাবে। চাষীরা যাতে মাঠে চাষ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। তারই জন্য আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে ভারপ্রাপ্ত কৃষিমন্ত্রীর নিকট অনুরোধ জানাচ্ছি।

[6-35—6-45 P.M.]

বর্তমান সময়ে আমাদের বন্যাপ্লাবিত অঞ্চলে নদীর ধারে ধারে যে সমস্ত পাম্প রয়েছে, যে সমস্ত গভীর নলকূপ রয়েছে সেগুলোতে ইলেক্ট্রিসিটি নেই এবং সেগুলো ডিস-অর্ডার হয়ে পড়ে রয়েছে। তার কোনও মেরামতির ব্যবস্থা নেই। শীতের কম্বল যেমন গ্রীষ্মকালে যায়, কৃষকদের সার দেওয়ার ক্ষেত্রে সরকার তাই করতে চলেছেন। দেখছি, যথাসময়ে সার নেই। যখন সারের প্রয়োজন নেই, তখন হু হু করে সার বাজারে এসে পৌঁছে গেল। এই সম্পর্কে পুরো মাত্রায় সরকারকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আর বহু জায়গায় স্লুইস করা দরকার। আমার এরিয়াতে ফসল হয় না এই রকম জায়গায় যেমন লক্ষ্মীপুর, বলপাই, বালীপুর, আগোয়া-জামতলা, প্রভৃতি স্থানে দুটো স্লুইস অচিরে করা দরকার। বালীপুর থেকে আরম্ভ করে হিংলা পর্যন্ত একটা বাঁধ তৈরি করলে তাতে জল সংরক্ষণ করা যাবে এবং ছোটখাট বাঁধ তাতে কেটে যাবে না। কিন্তু তাতে অন্ততঃ কয়েক হাজার একর জমি উপকৃত হবে। আর আমি বলছি, আমাদের দ্বারকেশ্বর—মুণ্ডেশ্বরী নদী রয়েছে। সেই নদী যদি অচিরে সংস্কার না করা যায় তাহলে সেখানে হাজার হাজার বিঘা জমি ক্ষতিগ্রস্ত হবে। রামপুর খাল, আমলতা খাল, রূপনারায়ণপুর খাল অচিরে সংস্কার না করলে কৃষিকাজ সম্পূর্ণ ব্যর্থ হবে। যে নিম্ন দামোদর পরিকল্পনা সরকার করেছিলেন সে কাজ এখনও বন্ধ রয়েছে, যে সমস্ত চাষীর হাজার হাজার একর সম্পত্তি ফোর্সিবলি পূর্বতন সরকার দখল করে বাঁধ আরম্ভ করেছিল, সে বাঁধ বন্ধ হয়ে গিয়েছে। অচিরে সেই বাঁধ রিমুভ করে দিয়ে তাদের জমি ফিরিয়ে দেওয়া দরকার অথবা তাদের কমপেনসেশন দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটের ব্যয়বরাদ্দের পুরোপুরি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ত্রিলোচন মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অদ্য কৃষি বিষয়ক বাজেট উত্থাপিত হয়েছে, কিছুক্ষণের মধ্যে পাশ হবে। উক্ত বাজেট বিবৃতিতে কৃষিমন্ত্রী মহাশয়, কৃষিসেচ, ভূমি সংরক্ষণ, এলাকা উন্নয়ন বিষয়ে এবং মূলধন বিনিয়োগ, মাইনর ইরিগেশন—এই সমস্ত বিষয়ে, ১২০ কোটি ৮১ লক্ষ ৯০ হাজার টাকা মঞ্জুর করা হোক বলে এই বিধানসভার যে অনুমতি চেয়েছেন, আমি প্রথমেই তাঁর এই বাজেটকে সমর্থন জানাচ্ছি। কয়েক মাস পূর্বে কৃষিমন্ত্রী মহাশয় আমার ডিস্ট্রিক্ট অফিসে গিয়েছিলেন। সেটা সিউড়িতে। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি সেই এলাকা প্রতি বছর বন্যায় ক্ষতিগ্রস্ত হয়। গত বন্যায় যে চরম ক্ষতি হয়েছে সেই এলাকা তাতেও কিভাবে গ্রীষ্মে চাষ করা সম্ভব হয় সে সম্বন্ধে তাঁর সঙ্গে আলোচনা করি। সেই কথাটা মেনে করবার জন্য আমি সেই কথাটা উল্লেখ করলাম। আমার এলাকায়—করলা, ধূলিগ্রাম অঞ্চল—দুটো অঞ্চলই বিরাট অঞ্চল। এই বছরের বন্যায় ধান সমস্ত সেখানে নষ্ট হয়ে গিয়েছে। এর পাশ দিয়ে ব্রাহ্মণী নদী প্রবাহিত। আমি তাঁকে বলেছিলাম গ্রীষ্মকালে যদি চাষ করতে হয়, তাহলে দুটো কি তিনটে হাই পাওয়ার মেশিন লিফ্ট ইরিগেশনের জন্য দেওয়া দরকার।

সেখানে ডিস্ট্রিক্ট অফিসাররাও ছিলেন এবং তাঁরা এতে সম্মতি দেন। কাশিয়ানালা খালটি ৬ মাইল দীর্ঘ এবং বিভিন্ন জায়গায় এর শাখা প্রশাখা রয়েছে। এই খালটি যদি সংস্কার করে দেওয়া যায় তাহলে ঐ অঞ্চলে খুব ভালভাবে ফসল হতে পারে। ঐ তৈলপাড়া গ্রামের নিকট ব্রহ্মাণী নদী হইতে কাশিয়ানালা নামক মৌজা পর্যন্ত বিস্তৃত এই সমগ্র অংশটি সংস্কার করে দিতে হবে। এবং গ্রীষ্মের জন্য কৃষি বাঁধ অথবা নদী গর্ভে কংক্রীটের ভীত গেঁথে তাহাতে লোহার পাত দিয়ে জল আটক করার ব্যবস্থা করলে এই অঞ্চলের উৎপাদন বাড়ানো সম্ভব হবে। জেলার কৃষি ও সেচ বিভাগের অফিসারগণ ইহাতে সম্মতি দিয়াছেন। বিষ্ণুপুর অঞ্চলে কালিদহ গ্রামটি সম্পূর্ণ নষ্ট হয়েছে। এবং কয়েকটি মৌজায় কয়েক হাজার বিঘা ফসল নষ্ট হয়েছে। বিষ্ণুপুর এলাকার নিকট হইতে পূর্ব দিকে দুই মাইল বা তিন মাইল পর্যন্ত দারকা নদীর যে পার্শ্ব বাঁধ আছে তাহা পাকা বাঁধ তৈরি হলে গ্রামটা রক্ষা পায় ও কয়েকটি মৌজায় ২০০ বিঘার জমির ফসল রক্ষা করা যাবে। আমার এলাকায় হৈমন্তি ধানের ক্যানেল সেচ না পাওয়ায় ফলন খুব ভাল হয়নি বিশেষ করে নওয়াপড়া অঞ্চলে ফলন একেবারে হয়নি বললেই চলে। এই অঞ্চলে চাষীগণ জল সেচ মেশিন লোনের দ্বারা ক্রয় করেছিল। তাদের অনুরোধ আমার মাধ্যমে এই বছরের লোনের কোটার যে টাকা সেই টাকা দেওয়াটা বন্ধ রাখা হোক। এই অঞ্চলে কেউ কো-অপারেটিভে লোন পাচ্ছে না। কারণ সুদ আসল এক করে সেই পরিমাণ লোন দিয়ে অ্যাডজাস্টমেন্ট করা হচ্ছে এবং তাতে চাষীরা টাকা পাচ্ছে না। ফলে যে পরিমাণ জমিতে চাষ হচ্ছিল সেই পরিমাণ জমিতে চাষ হচ্ছে না। এ বছর ক্ষেতমজুরদের যে মজুরি দেওয়া হচ্ছে তার পরিমাণ হচ্ছে দুই টাকা থেকে আড়াই টাকা। যদিও সেখানে অনেক মজুরি আন্দোলন হয়েছিল। আমি লেবার অফিসারের সঙ্গে দেখা করে এই অবস্থার কথা জানাই। তিনি বললেন যে আমি একা লোক আমি কি করতে পারি। আমি আর একটা কথা বলব মুরারৈ থানার কতকগুলি নদী রয়েছে যে নদীগুলি বিহারে পাহাড়িয়া অঞ্চল থেকে প্রবাহিত। সেই সমস্ত নদীর জলে মুরারৈ থানার নিম্নাঞ্চলের সমস্ত ফসল জল জমে নষ্ট হয়ে গিয়েছিল যেহেতু ফরাক্কা ব্যারেজ এবার প্রচুর জল জমে গিয়েছিল। এই সমস্ত নদীগুলির মধ্যে ছোট পাগলা এবং বড় পাগলার নদী পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। আমি সেচবিহীন এলাকায় কিভাবে উন্নয়ন করা যায় তার কথা একটু বলতে চাই। স্থানটি হচ্ছে বীরভূমের মুরারৈ থানার চাতরা অঞ্চলে বোঠিয়া গ্রাম। ঐ গ্রামেই আমার বাসস্থান। ঐ গ্রামে একটি পল্লী উন্নয়ন সংস্থা আছে। উহার নাম বঠিয়া গ্রাম সভা পল্লী উন্নয়ন সমিতি। তিনটি গ্রাম নিয়ে এই পরিকল্পনা করা হইয়াছে। ঐ সমিতির একটি কমিটি আছে এবং ঐ সমিতির অধিকাংশই ভূমিহীন। একজন মাত্র মধ্যবিত্ত ছেলে তিনি হচ্ছেন সম্পাদক। গত বছর আশ্বিন মাসের প্রথম দিকে ঐ সমিতির অ্যাকাউন্টে এক লক্ষ টাকা আসে। তারা আমাকে জিজ্ঞাসা করে আমরা এই টাকা কেমন করে খরচ করব।

[6-45—6-55 P.M.]

আমি বলি তোমরা তো জান এই তিন খানা গ্রামে ১০৬টি ভূমিহীন কৃষক পরিবার আছে। ওদেরকেই ডাক এবং পারিবারিক লোক সংখ্যা হিসাবে ৩০, ২৫, ২০ ও ১৫ টাকা করে দিয়ে দাও, কোনওরূপ বন্ড তৈরি করতে হবে না, সই স্বাক্ষরও নিতে হবে না, নাম লিখে দিয়ে দাও। দুই-চার দিন গম, চাল কিনে খেতে থাক। এইরূপভাবেই টাকা ভূমিহীন

মজুরদের বিলি করা হল। কিন্তু দেখা গেল ঐ টাকা তারা খেল না। কেউ ধান কিনে চাল তৈরি করে বিক্রি আরম্ভ করে দিল, হাঁড়ি বিক্রির ব্যবসা করল, কেউ তরকারির ব্যবসা শুরু করে দিল। এই সমস্ত কাজ করতে করতে ধান কাটার সময় এল ও সকলে কাজ পেল। ধান কাটার পর এই তিন খানা গ্রামের লোকদের ডেকে বলা হল, তোমরা যাদের জমিতে কাজ কর তারা তো ধান্ কাটার পর সমস্ত জমি চাষ করে না। তাদের কাছ থেকে যদি কিছু কিছু জমি গম, আলু, পেঁয়াজ, খেঁসারি, মসুরী, ছোলা ইত্যাদি চাষের জন্য পাও তো দেখ না—তোমরা সমিতির কাছে দরখাস্ত কর, সমিতি বীজ, সারের দাম দেবে। বেশির ভাগই লোক ৫-১০ কাঠা এক বিঘা করে জমি পেল। সমিতি বীজ ও সারের দাম দিল। তারপর ১০৬টি পারিবারকে ১০৬টি ছাগল কিনে দেওয়া হল। ছাগলের দাম লাগবে না, একটি মাত্র বাচ্চা হলে বাচ্চা দিতে হবে সমিতিকে। এই সমিতি ২টি কির্লোস্কার মেশিন কিনে দিল ভূমিহীন চাষীদের জন্য। নিয়ম হল ভূমিহীন মজুরদের বিনা পয়সায় সেচ দিতে হবে, তিন বিঘা পর্যন্ত কেবল তেলের দাম দিলেই চলবে, এর উপর হলে সাড়ে চার টাকা করে দিতে হবে। আমাদের কমিউনিটি সেন্টার ছিল না। কারণ একটা বসবার ঘর না থাকলে কোনও কিছু করা যাবে না। তাই গ্রামের মধ্যে কিছুটা জায়গা ছিল সকলে মিলে যুক্তি করে রাজস্বমন্ত্রী বিনয় চৌধুরি মহাশয়ের কাছে দরখাস্ত করা হল। মাননীয় মন্ত্রী মহাশয় সমিতিকে ১ বিঘা জমি দিয়েছেন। এই সমিতি গ্রামের লোকদের দিয়ে ইট কাটার ব্যবস্থা করল। গ্রামের কৃষক পরিবার ও মেয়েদের দিয়ে একটা ঘর তৈরি করা হল। গ্রামের ছুতার মিস্ত্রি দরজা জানালা, চেয়ার টেবল ইত্যাদি তৈরি করে দিল। গ্রামের আদিবাসী মেয়েরা ঘরের প্লাস্টারিং-এর কাজ করল। এইভাবে দেখা গেল গরু কিনে দেওয়া হয়েছে। ধান কাটার পরে কাজ ছিল না, তখন ধান বিলি করা হয়েছিল। এইভাবে দেখা গেল গ্রামে চাষের ব্যবস্থা করা হয়েছে। ঐ গ্রামের চাষের এরিয়া বেড়েছে। কর্মস্থান হয়েছে, মজুরির হার বৃদ্ধি হয়েছে। পুরানো লোন পরিশোধ করে দিয়েছে। কো-অপারেটিভের নতুন লোন গ্রহণ করতে হয়নি। এইভাবে আরও অনেক কিছু কাজ করা হবে। আমার আরও অনেক কিছু বলবার ছিল, সময় অভাবে বলা গেল না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী শ্রী কমল গুহ যে ব্যয় বরাদ্দের প্রস্তাব করেছেন সেই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে আমি সংক্ষেপে কয়েকটি কথা আপনার মাধ্যমে তার কাছে রাখতে চাই। অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছিলেন এবং পশ্চিমবাংলার যে অর্থনৈতিক সমীক্ষা প্রকাশিত হয়েছে তাতে দেখছি ১৯৭৭-৭৮ সালে রেকর্ড পরিমাণ উৎপাদন হয়েছে পশ্চিমবাংলায় এবং সরকার আশা করছেন ১৯৭৮-৭৯ সালেও সেই হার অব্যাহত থাকবে। সুতরাং এই রকম একটা পরিস্থিতিতে পশ্চিমবাংলায় যদি উৎপাদন বাড়ে তাহলে নিশ্চয় তার জন্য সরকারের অভিনন্দন পাওয়ারই কথা এবং কৃষিমন্ত্রী হিসাবে তার প্রশংসা পাবার কথা।

কিন্তু একটা কথা আমাদের মনে রাখতে হবে যে পশ্চিমবাংলার মতন রাজ্যে যেমন উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন—কৃষি উৎপাদন, তেমনি উৎপাদন বৃদ্ধি করাটাই যদি একমাত্র লক্ষ্য হয়, অন্য বিষয়ে যদি চিন্তা করা না হয় তাহলে মনে হয় সেটা ঠিক হবে না। কারণ আমরা জানি, কি আমাদের পশ্চিমবাংলায়, কি সারা ভারতবর্ষে গ্রামীণ সম্পদ এবং গ্রামীণ

আয়ের বন্টন ব্যবস্থা অসম হওয়ার ফলে উৎপাদন বাড়লেও কৃষকদের আয় বৃদ্ধি পায় না, কৃষকদের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পায় না। যার ফলে আমাদের এখানে শিল্পবাণিজ্যের যে অভ্যন্তরীণ বাজার সেই বাজার সঙ্কুচিত থাকে এবং আমাদের দেশে বা রাজ্যে শিল্পবাণিজ্যের বিকাশ ঘটতে পারে না এবং আমাদের দেশের অর্থনৈতিক অবস্থায় সেই ধরনের উন্নতি ঘটতে দেখা যায় না। সুতরাং আয় বৃদ্ধির ব্যবস্থা সম্পর্কে আমাদের ভাবতে হবে। একথা অবশ্য ঠিক, আমি স্বীকার করি যে গ্রামীণ সম্পদ এবং আয় বন্টন করার ব্যবস্থা পাল্টে দেবার ক্ষমতা রাজ্য সরকারের হাতে নিতান্তই সীমাবদ্ধ। আমরা ইচ্ছা করলেই কৃষকদের, তাদের উৎপন্ন ফসলের লাভজনক মূল্য দিতে পারি না। আমাদের দেশে এইরকম মূল্যনীতি চালু নেই যে মূল্যনীতিতে শিল্পজাত পণ্যের দামের সঙ্গে সমতা রেখে কৃষিজাত পণ্যের দাম নির্ধারণ করা যায়। ভবিষ্যতের কথা থাকে, যেহেতু এইভাবে করা যাচ্ছে না সেইহেতু রাজ্য সরকারের এক্তিয়ারে সম্ভব এইরকম কতকগুলি ব্যবস্থা অবশ্য নেওয়া যেতে পারে, সে সম্পর্কে আমার কতকগুলি সুনির্দিষ্ট প্রস্তাব আছে, আশা করি কৃষিমন্ত্রী মহাশয় সেগুলি বিবেচনা করে দেখবেন। যেমন, ক্ষুদ্র চাষী প্রান্তিক চাষী, মাঝারি চাষীদের সেচের জল, বীজ, সার, কীটনাশক ঔষধ, আধুনিক কৃষি যন্ত্রপাতি এবং অর্থ দাদন ইত্যাদি অতি প্রয়োজনীয় ব্যবস্থার সুযোগ যদি সম্প্রসারিত করা যায় তাহলে উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে কৃষকদের আয়ও বৃদ্ধি পেতে পারে। সেখানে যে ঋণ দেওয়া হয় ইনস্টিটিউশনাল ক্রেডিট হিসাবে—গভর্নমেন্টের তরফ থেকে, কি সমবায়ের তরফ থেকে, কি কমার্শিয়াল ব্যাঙ্কের তরফ থেকে সেই ঋণের সুদের হার সম্পর্কে একটু ভিন্নভাবে চিন্তা করার প্রয়োজন আছে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক অনেক জায়গায় কৃষকদের ঋণ দেয় এবং সেখানে তারা প্রচলিত সুদের হারের পরিবর্তন ঘটিয়ে ডিফারেন্সিয়াল রেট অব ইন্টারেস্ট চালু করার মধ্যে দিয়ে—সংক্ষেপে যেটাকে ডি. আর. আই. বলা হয় সেটা দেওয়া হয়। এই ডি. আর. আই. কেবলমাত্র প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, মাঝারি চাষীদের ক্ষেত্রে সীমাবদ্ধ রেখে সারা রাজ্যের সর্বত্র যদি চালু করা সম্ভব হয় তাহলে সুদ বাবদ কিছু সাশ্রয় কৃষকদের হতে পারে। গভর্নমেন্ট যে ঋণ দেয় এবং কো-অপারেটিভ যে ঋণ দেয় সেই ঋণের ক্ষেত্রেও আমি এই ডি. আর. আই. চালু করার জন্য সরকারের কাছে অনুরোধ করব। এই ক্ষেত্রে একটা বাধা হতে পারে রিজার্ভ ব্যাঙ্ক, তারা হয়ত বলতে পারেন যে ডি. আর. আই.-এ শতকরা ৪ ভাগ সুদে আমরা কৃষকদের ঋণ দিতে পারব না, যদি সে রকম পরিস্থিতি দেখা দেয় তাহলে সরকারকে বলব, ক্ষুদ্রচাষী, প্রান্তিক চাষী এবং মাঝারি চাষীদের ক্ষেত্রে ৪ পারসেন্ট সুদের উপর যে সুদ কো-অপারেটিভ ব্যাঙ্ক চার্জ করবে বা অন্য সংস্থা চার্জ করবে সেটা যদি রাজ্য সরকারের তহবিল থেকে মিটিয়ে দিতে পারেন তাহলে এই টাকাটা কৃষকদের সাশ্রয় হতে পারে। আমার প্রস্তাব হল, আমরা অনেক সময় যেমন শিল্পজাত পণ্যের উৎপাদন বৃদ্ধির জন্য শ্রমিকদের ইনসেনটিভ বোনাস দিই সেইরকম কৃষকদের ক্ষেত্রেও সেটা চালু করা সম্ভব কিনা দেখুন। পেনশনের যে প্রকল্পের কথা ঘোষণা করেছেন সেটা নিশ্চয় ভাল, কিন্তু সেটা হল একটা এজ গ্রুপের জন্য কিন্তু সমগ্রভাবে ক্ষুদ্রচাষী, প্রান্তিক চাষী এবং মাঝারি চাষীদের জন্য নয়। তাদের জন্য যদি ইনসেনটিভ অ্যাসিস্টেন্স দেওয়া হয় তাহলে চাষের যে খরচা সেই খরচার একটু অংশ অনুদান হিসাবে তারা পেতে পারে, তাহলে উৎপানের যে ব্যয় তার পুরোটা তাদের ঘাড়ে এসে বর্তাবে না। তার ফলে তাদের কিছুটা আর্থিক সাশ্রয় হতে পারে।

[6-55—7-05 P.M.]

সেচের ক্ষেত্রে একই রকম সেচ কর কৃষকের উপর চালু থাকা ঠিক নয়। সেচ করের ব্যাপারে প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী এবং মাঝারি চাষীকে ছাড় দেবার প্রয়োজন আছে। এই ব্যাপারে আমার প্রস্তাব হচ্ছে, প্রান্তিক চাষীর ক্ষেত্রে ৭৫ ভাগ ছাড় দেওয়া হোক, ক্ষুদ্র চাষীর ক্ষেত্রে ৫০ ভাগ ছাড় দেওয়া হোক, মাঝারি চাষীর ক্ষেত্রে ২৫ ভাগ ছাড় দেওয়া হোক এবং তার উপরের চাষীদের ১০০ ভাগ সেচ কর দিক। কিন্তু প্রান্তিক চাষীর ক্ষেত্রে অন্ততপক্ষে যদি বিনামূল্যে বীজ সরবরাহ করা হয় তাহলে সেই বীজের টাকাটা তাকে ব্যয় করতে হয় না, চাষের উৎপাদনে সেই টাকাটা তার কম লাগে এবং সেই টাকাটা তার ঘরের সঞ্চিত হতে পারে। প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীর জন্য সাবসিডাইস রেটে কৃষি যন্ত্রপাতি সরবরাহ করার প্রয়োজন আছে। সকলকেই কম দামে দেবার প্রয়োজন নেই। যাদের ক্ষমতা কম, যাদের আয় বাড়ানো প্রয়োজন হলে মনে করি তাদের সাবসিডাইজড রেটে দেশের স্বার্থে যদি তাদের দেওয়া হয় তাহলে ভাল হয়। কৃষক আন্দোলনের দীর্ঘ দিনের দাবি হল শস্য বিমা প্রচলন করা এবং তার প্রধান কারণ ছিল। যে কারণের জন্য কৃষক দায়ী নয় সেই কারণের দায় যেন কৃষকের উপর না পড়ে। কোনও কৃষক যদি সময় মতো সেচ না দেয়, সময় মত সার না দেয় এবং সময় মতো কীটনাশক ঔষধ না দেয় এবং তার ফলে যদি উৎপাদন হ্রাস পায় নিশ্চয়ই তার জন্য কৃষক দায়ী। কিন্তু সব কিছু করবার পর যদি প্রকৃতিক বিপর্যয় হয়, শিলাবৃষ্টি হয় বা খরা হয় এবং তার ফলে যদি উৎপাদন ব্যাহত হয়, উৎপাদন হ্রাস পায় তার জন্য কৃষককে দায়ী করা চলে না। সেই রকম ক্ষেত্রে কৃষককে রক্ষা করতে পারে শস্যবিমা পরিকল্পনা। এই শস্যবিমা পরিকল্পনা করতে গিয়ে তিনি বাজেট বিবৃতিতে যে কথা বলেছেন যে শতকরা ২৫ ভাগ ছাড় দেওয়া হবে। এই ব্যাপারে আমার প্রস্তাব হচ্ছে, প্রান্তিক চাষীর ক্ষেত্রে প্রিমিয়ামের জন্য ৭৫ ভাগ ছাড় দিন, ক্ষুদ্র চাষীকে শতকরা ৫০ ভাগ ছাড় দিন এবং মাঝারি চাষীকে শতকরা ২৫ ভাগ ছাড় দিন। এটা যদি করা হয় তাহলে অনেক উপকার হবে। তারপর কৃষি পণ্যের ন্যায্য মূল্যের কথা অনেকে বলেছে। আমি এখানে ন্যায্য মূল্য কথাটা বদলে দিতে চাই। কথাটা ন্যায্য নয়—কারণ যে উৎপাদক তার কাছে বেশিটা হবে ন্যায্য মূল্য। আর যে ক্রেতা তাঁর কাছে কম মূল্যটাই হবে ন্যায্য মূল্য। সুতরাং প্রশ্নটা ন্যায্য মূল্যের নয়, প্রশ্নটা হচ্ছে লাভজনক মূল্যে রেমুনারেটিভ প্রাইস। এমন একটা মূল্য নির্ধারণ করতে হবে যে মূল্যে কৃষকদের লাভ হতে পারে। কিন্তু মূল্য নির্ধারণ করবার ক্ষমতা যেহেতু রাজ্য সরকারের নেই, সেইজন্য রাজ্য সরকার দাম নির্ধারণ করতে পারেন, সাপোর্ট প্রাইস এবং তার উপর বোনাস দিতে পারেন এবং সেই বোনাসের ব্যবস্থা করলে কৃষক কিছুটা বেশি মূল্য পেতে পারে—সেটা আলুর ক্ষেত্রেই হোক, পাটের ক্ষেত্রেই হোক বা ধান, গম এবং অন্যান্য ফসলের ক্ষেত্রেই হোক। দীর্ঘদিনের একটা দাবি উঠেছে কৃষকের ঋণ মকুব করার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের দেশের কৃষকরা ঋণের বোঝা মাথায় নিয়ে জন্মায়। সারা জীবন সেই ঋণের বোঝা সে মাথায় নিয়ে বেড়ায় এবং মরবার সময় সেই বোঝা তাঁর নব জাতকের ঘাড়ে চাপিয়ে দিয়ে সে চলে যায়। তারপর সে আবার সারা জীবন ধরে সেই বোঝা বহন করে চলে। সুতরাং ঋণ মকুব করতেই হবে। তবে সমস্ত কৃষকের জন্য নয়, অন্তত ৩ একর পর্যন্ত জমির মালিক যাঁরা তাদের সকলের ঋণ মকুব

করা দরকার। ঋণের ভারে জর্জরিত কৃষকের উৎপাদনের মানসিকতা থাকে না। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই এই ব্যাপারে চিন্তা করবেন যাতে ঋণ মকুব করা যায়। আমাদের পশ্চিমবঙ্গে ধানের উৎপাদন বেড়েছে, খাদ্য উৎপাদন বেড়েছে এবং তাতে আমরা অনেকটা স্বাবলম্বী হতে পেরেছি সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু তৈল বীজের জন্য ডালের ক্ষেত্রে এখনও আমাদের অন্যান্য রাজ্যের উপর নির্ভর করতে হয়। অথচ পশ্চিমবাংলার চাষী এবং পশ্চিমবাংলার মাটি কোনটাই অনুন্নত নয় এই খাদ্যশস্য উৎপাদন করবার পক্ষে কিন্তু উৎপাদন হচ্ছে না। এই উৎপাদনের মানসিকতা আমাদের গড়ে তুলতে হবে। আমি প্রস্তাব করব যে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় একটা উদ্যোগ গ্রহণ করুন, আমাদের এখানে যে সমস্ত কৃষক সংগঠনগুলি রয়েছে সেগুলিকে কাজে লাগিয়ে যাতে কৃষকদের উৎপাদনের মানসিকতা সৃষ্টি করতে পারেন। এটা যদি করতে পারেন তাহলে আমাদের রাজ্যে তেলের ক্ষেত্রে, ডালের ক্ষেত্রে উৎপাদনে যে ঘাটতি আছে সেটা পূরণ করা সম্ভব হবে। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় যে উদ্যোগ নিয়েছেন, যে সুপারিশ করেছেন, যে প্রস্তাব রেখেছেন তার সঙ্গে এগুলিও গভীরভাবে বিচার বিবেচনা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কুমুদ বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমাদের এই কৃষি প্রধান বাংলাদেশে কৃষির উন্নতি না হলে বাংলার উন্নতি হতে পারে না। সেই কারণে কৃষি বিভাগে যে টাকা ব্যয় হবে, সত্যই কৃষি কাজে সমস্ত টাকাগুলো ব্যয় হচ্ছে কিনা, তা আমাদের দেখা দরকার এবং এই টাকা আমাদের কৃষিমন্ত্রী মহাশয় যেভাবে ব্যয় করার উদ্দেশ্যে এই বিল উত্থাপন করেছেন, তা সত্যই একটা আশার কথা এবং সম্ভাবনার কথা। এই বিলের মধ্যে দিয়ে আমরা কৃষির সর্বাঙ্গিত উন্নতির কথা পাচ্ছি, আশার কথা পাচ্ছি। সারা পশ্চিমবাংলার কৃষকের উন্নতি করতে যে সমস্ত প্রচেষ্টা দরকার, শিক্ষার দরকার, কৃষককে ধাপে ধাপে কৃষি ব্যয়বরাদ্দের মধ্যে রাখা হয়েছে। আমি তাঁর লিখিত উদ্দেশ্যগুলোর মধ্যে দেখলাম গরিব এবং প্রান্তিক চাষীদের হাল, গরুর অভাবের জন্য তিনি আধুনিক বিজ্ঞানসম্মত পাওয়ার টিলারের ব্যবস্থা করেছেন, তার উল্লেখ তিনি করেছেন। আমি আরও দেখলাম যে তিনি ক্ষুদ্র সেচ পরিকল্পনার কথা যা বলেছেন তাতে কৃষক এবং গরিব কৃষকদের যথেষ্ট সম্ভাবনার কথা। কারণ সমস্ত জায়গায় ঐ শ্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েল সম্ভব নয়, যেখানে বিদ্যুৎ পৌঁছতে পারেনি, সেখানে ক্ষুদ্র সেচ-এর ব্যবস্থার কথা বলেছেন যে গরিব মানুষরা পুকুর কেটে তার থেকে সেচ ব্যবস্থা করতে পারবে। শুধু এক চাষ নয়, বর্ষার আমন চাষ করার পর রবি চাষের জল সেচ তারা ঐ ভাবে করতে পারবে, তার ফলে একটা সম্ভাবনা তারা দেখছে। তিনি আরও বলেছেন যে এই চাষের ফসল কিভাবে কৃষকরা রক্ষা করতে পারে, তার জন্য উপযুক্ত ঠাণ্ডা ঘরের প্রয়োজন আছে, তাও তিনি বলেছেন। বাজারে কৃষিজাত পণ্য যাতে ন্যায্য মূল্যে বিক্রি হয় এবং গরিব চাষীরা যাতে তাদের ন্যায্য মূল্য পেতে পারে সেই বিষয়েও তিনি উল্লেখ করেছেন। তিনি আর একটি সম্ভাবনার কথা উল্লেখ করেছেন যে সারা জীবন যে কৃষক ফসল উৎপাদন করেছে, সেই কৃষকের বার্ধক্য জীবনে তাকে খাওয়ার কোনও লোক যদি না থাকেও সেই সমস্ত কৃষকদের জন্য তিনি ভাতা দেবার ব্যবস্থা করেছেন, পেনশন দেবার ব্যবস্থা করেছেন।

[7-05—7-15 P.M.]

এটা অত্যন্ত আনন্দের কথা যে এত দিন পর্যন্ত কোনও সরকার ভাবতেও পারেননি, কিন্তু আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রী মহাশয় কৃষকদের মনের কথা তুলে ধরেছেন। সেই কারণে আমি তাঁর কাছে আর একটু বলব যে, আমাদের সেচ বিভাগের কৃষি উন্নতির জন্য আরও উন্নতি করা উচিত। সেই কারণে বিভিন্ন জায়গায় যে সমস্ত খাস জায়গা-টায়গা পড়ে আছে সেই সমস্ত জায়গা খনন করে জলাধার সৃষ্টি করা এবং তা থেকে সেচের ব্যবস্থা করা যেতে পারে। কারণ সারা দেশে বিদ্যুতের আজকে যে অবস্থা তাতে বিদ্যুৎ সমস্যার সমাধান সুদূরপরাহত। এই কয়টি কথা বলে এই ব্যয় বরাদ্দকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**অধ্যক্ষ মহাশয় ঃ** সভার কাজ ৭টা ১৫ মিনিট পর্যন্ত হবার কথা। কিন্তু আমাদের কাজ শেষ করতে আরও কিছু সময় লাগবে। সেইজন্য আমি সময় আরও আধ-ঘন্টা বাড়াবার প্রস্তাব করছি। আশা করি এতে আপনাদের আপত্তি নেই।

**(সময় আরও ৩০ মিনিট বাড়ানো হয়।)**

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় সদস্যরা কৃষি ব্যয় বরাদ্দের উপর আলোচনায় অংশ গ্রহণ করেছেন। এই আলোচনায় একটা জিনিস আমার কাছে পরিষ্কার হয়ে গেছে, সেটা হল এই যে, জনতা দল আলোচনা করেছে, কংগ্রেস দল আলোচনা করেছে, কিন্তু আমি আশা করেছিলাম যে, ঝাঁঝটা বেশি হবে কংগ্রেস তরফ থেকে—শ্রী রজনীকান্ত দোলুই বা আমাদের মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব-এর বক্তৃতায় ঝাঁঝ থাকবে, তাঁরা আক্রমণ করবেন আমাদের, আমাদের নস্যাৎ করবার চেষ্টা করবেন, কিন্তু তাঁদের বক্তৃতায় ঝাঁঝ ছিল না, তাঁরা খুব আন্তরিকতার সঙ্গে আলোচনা করেছেন, আমাদের উপদেশ দিয়েছেন, অনেক কথা বলেছেন, কিন্তু ঝাঁঝ বেশি দেখলাম জনতা দলের। এই সম্পর্কে চিন্তা করে আমি এই সিদ্ধান্তে এসেছি যে, কেন জনতা দলের ঝাঁঝ বেশি। স্যার, ওঁরা নৈরাশ্যে ভুগছেন এবং নৈরাশ্যে ভোগার ফলেই ওঁদের আজকে এখানে এই ঝাঁঝ। ওঁরা আশা করেছিলেন বন্যার ফলে পশ্চিমবঙ্গ ভেঙে চুরমার হয়ে যাবে, কৃষি পুনর্বাসন হবে না, লক্ষ লক্ষ কৃষক কলকাতার দিকে আসবে, আর ওঁদের নেতা সেখানে গিয়ে সত্যাগ্রহ করে এমন কিছু একটা করে ফেলবেন—এর জন্য ওঁরা তৈরি হয়ে গিয়েছিলেন। কিন্তু যখন দেখলেন যে কৃষকদের কৃষি পুনর্বাসন হয়ে গেছে, গ্রাম থেকে লোকে এসে কলকাতার ফুটপাথে দাঁড়াল না এবং ওদের সমস্ত আশা নষ্ট হয়ে গেল, তখন ওঁদের এই ঝাঁঝ প্রকাশ করা ছাড়া আর কোনও উপায় থাকল না। সেইজন্যই ওঁদের বক্তৃতায় ঝাঁঝ বেশি এবং সেইভাবেই ওঁরা আলোচনা করেছেন। আর স্যার, ঐ প্রতি দিনের মতো আজকেও কৃষি আলোচনাতেও মরিচঝাঁপি এসে গেছে এখানে। স্যার, আপনি জানেন সৈয়দ মুজতবা আলি, আমাদের বাংলাদেশের একজন বিখ্যাত সাহিত্যিক, তিনি তাঁর প্রতিটি লেখাতেই খাদ্যের সম্বন্ধে বিস্তারিতভাবে আলোচনা করে গিয়েছেন। তিনি বলেছেন প্রতিটি জাতের সংস্কৃতি বোঝা যায় তার খাদ্যের মধ্যে দিয়ে। সেইজন্য তিনি যেখানেই গিয়েছেন সেই জাতি কি চায় বা খেতে ভালবাসে তা জেনে নিয়ে লিখে গেছেন, তাই তাঁর প্রতিটি লেখার মধ্যে খাওয়ার

ব্যাপার আছে। তিনি একটা দুষ্টু ছেলের খাওয়ার গল্প লিখেছেন। ছেলেটিকে যাই পড়তে বা লিখতে দেওয়া হোক না কেন, সে ঘুরে-ফিরে আসে খাওয়ার দিকে। একদিন তার মাস্টার মশাই তাকে পড়াতে বসে জিজ্ঞাসা করেছিলেন কি কি মাসে বছর হয় তুমি বল। ছেলেটি বলতে আরম্ভ করল বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ পর্যন্ত বলেই—আপনারা জানেন মাঘকে গ্রামাঞ্চলে মাগ বলে উচ্চারণ করা হয়, আর মাগ মানেই মেয়েছেলে, আর মেয়েছেলের ছেলে মানেই ছেলে-পিলে আর ছেলে-পিলে মানেই সর্দিকাশী, আর কাশী মানেই তীর্থের কথা এসে যায়, যেমন কাশী, বৃন্দাবন, হরিদ্বার আর পুরী, আর পুরী মানেই খাবার জিনিস অমনি সে খাবার জিনিসে এসে গেল, পুর, রসগোল্লা, সন্দেশ। আর আমাদের জনতা বন্ধুরাও যে বিষয় নিয়েই আলোচনা করুন না কেন, ঘুরে ফিরে মরিচঝাঁপি এসে যায় ঐ দুষ্টু ছেলের মতো।

ফসলের ন্যায্য মূল্যের কথা সকলেই বলেছেন। এ সম্বন্ধে আমরা চিন্তিত। কারণ আমরা জানি ফসলের ন্যায্য মূল্য যদি কৃষক না পায় তাহলে প্রতিক্রিয়া দেখা দেবে। কৃষক তার বুকের রক্ত জল করে, আয়ুক্ষীণ করে উৎপাদন করবে আর সে দাম পাবে না এ জিনিস বেশিদিন চলতে পারে না। সেইজন্য বাঁকুড়ায় কৃষক সমিতির সম্মেলনে প্রমোদবাবু বলেছেন কৃষককে সমাজতান্ত্রিক চেতনায় উদ্বুদ্ধ করতে হবে। বর্ধমানে রামগড়ে ফরওয়ার্ড ব্লকের যে সম্মেলন হয়ে গেল, আলীপুরদুয়ারে আর. এস. পি.র যে সম্মেলন হয়ে গেল সেখানে সকলেই সমাজতন্ত্রের কথা বলেছেন। কিন্তু পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে থেকে আমরা ফসলের ন্যায্য মূল্য দিতে পারি না। সেজন্য দেশের মানুষের কাছে আমরা বলছি যে সংবিধানের মধ্যে থেকে প্রথমে পথগুলো বন্ধ করে দাও, একচেটিয়া পুঁজিকে রাষ্ট্রের অধীনে আনো এবং সমস্ত বন্টন ব্যবস্থাকে সরকারি নিয়ন্ত্রণাধীনে নিয়ে এস। এই ব্যবস্থা যদি সংবিধানে থাকে তাহলে সমাজতান্ত্রিক বিপ্লব হবে, সমাজতান্ত্রিক রাষ্ট্র যদি গঠন করা না যায় তাহলে কৃষক আর ন্যায্য মূল্য পাবে না, উৎপাদন ও বন্টন যদি একই প্রশাসন যন্ত্রের মধ্যে আনা না যায় তাহলে কিছু হবে না, এইসব কথা আইনসভার ভিতর দিয়ে পশ্চিমবাংলার গরিব মানুষের কাছে পৌছে দেবার ব্যবস্থা করতে হবে। এঁরা বার বার ভর্তুকির কথা বলেছেন, কিন্তু আমি বলি জামা-কাপড় ছিঁড়ে গেলে যেমন রিপু করতে হয় কিন্তু সেই রিপু আর কতদিন থাকবে? হয়ত দেখা যাবে কাপড় নেই শুধু রিপুই আছে। সুতরাং এমন ব্যবস্থা থাকা উচিত যেখানে রিপু করার সঙ্গে সঙ্গে নতুন জামা কেনবার ব্যবস্থা করতে হবে। তা না হলে যার গায়ে নতুন জামা আছে তার কাছ থেকে সেটা কেড়ে নিতে হবে। কিন্তু এইসব কথা জনতা বা কংগ্রেস পক্ষ থেকে কেউ বলেননি। জন্মেজয়বাবু বলেছেন অচলায়তনের সৃষ্টি হয়েছে, একথা কে না জানে যে এই ব্যবস্থার মধ্যে অচলায়তন হবে। অর্থাৎ কিছু লোকের হাতে শাসন থাকবে, নিয়ন্ত্রণ থাকবে এবং বেশিরভাগ লোককে বঞ্চিত করা যাবে। এই অচলায়তনের সম্বন্ধে আমরা অত্যন্ত সচেতন।

[7-15—7-25 P.M.]

রবীন্দ্রনাথ শুধু উত্তরের জানালা খুলে দিয়েছিলেন কিন্তু আমরা সমস্ত জানালা খুলে দিতে চাই। সারের দামের কথা বলেছেন, সার সময়মতো দেয় না সেকথাও বলেছেন,

আমরাও এই কথাই বলি। কিন্তু কেন পৌঁছায় না সেকথা কেউ বলেননি। আমরা কেন্দ্রের কাছে বার বার বলেছি আমাদের একবারে যা প্রাপ্য সেটা দিন এবং সময়ে বলে দিন তাহলে আমরা সেই সময় সার বন্টন করতে পারি। পটাশ, ফসফেট ঠিকমতো যায় না বলে বলা হয়েছে এ ক্ষেত্রে আমি বলব যে বরাদ্দ কেন্দ্র থেকে যা হয় সেটা ঠিকমতো আসে না। আমাদের যা দেবার কথা ছিল তা আসে না। আপনারা শুনলে অবাক হবেন পশ্চিমবাংলার জন্য যে সার সেটা কলকাতা বন্দর থেকে হরিয়ানা, পাঞ্জাবে চলে গেল, অথচ কৃষক সার সার করে পাগল। ওরা বলছে ওজনে কম, আমাদের অফিসাররা কেন পশ্চিমবঙ্গের ডিলাররাও বলছে ওজনে কম। আমি নিজে একদিন এফ. সি. আই.এর অফিসারদের ডেকে বললাম যে ওজন কম হচ্ছে, কৃষকদের বেশি দাম দিয়ে কিনতে হচ্ছে সুতরাং ডিলাররা যাতে মেপে নিতে পারে তার ব্যবস্থা করুন। এতে কেন্দ্রীয় প্রতিনিধিরা বললেন আপনারা যদি মনে করেন ওজন কম আছে তাহলে আমরা পশ্চিমবাংলায় সার পাঠাব না।

তাদের এতবড় ঔদ্ধত্য, তারা এতবড় কথা বলে যায়। এরা মনে করছে আমরা কেন্দ্রের একটা কলোনীতে বসবাস করছি, তাদের জমিদারিতে বসবাস করছি। সার কম দেবে, সময়মতো দেবে না আর তার ফল ভোগ করব আমরা। তারা মনে করেছে মেদিনীপুরের কৃষকদের আমাদের বিরুদ্ধে বিক্ষুব্ধ করে দিয়ে আগামীদিনে কেন্দ্রে এবং কলকাতায় একই সরকার চালু করবেন। এই সমস্ত আশা নিয়ে তাঁরা চলেছেন, এই সমস্ত ষড়যন্ত্র চলছে। মিনিকিটের কথা বলা হয়েছে। আমি বিধানসভার সদস্যদের কাছে জানাতে চাই গতবার ১৩ লক্ষ টাকার মিনিকিট আমাদের দিয়েছেন এবং সেইভাবে আমাদের মেশিনারি, প্রশাসন যন্ত্র তৈরি ছিল। কিন্তু স্যার, হঠাৎ সেবারে বন্যা এসে গেল।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, আমার পয়েন্ট অব অর্ডার আছে। স্যার, মন্ত্রী মহাশয় যে বাজেট রেখেছেন তার রিপ্লাই দিতে গিয়ে কেন্দ্রকে দেখিয়ে নানা কথা বলছেন। উনি যাদের সম্বন্ধে ওই কথাগুলি বলছেন তাদের এখানে রিপ্লাই দেবার কোনও স্কোপ নেই। আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে উনি যেসব কথা কেন্দ্র সম্বন্ধে বলছেন সেগুলি যে সত্য সেটা প্রমাণ করবার মতো কি ডকুমেন্ট তাঁর কাছে আছে? উইদাউট এনি ডকুমেন্ট উনি এসব কথা বলতে পারেন কিনা সেটা আমি জানতে চাই। উনি আমাদের কাছে নাম বলুন যে সেন্ট্রাল গভর্নমেন্টের কোনও অফিসার বলে গেছেন যে মাল দেব না। আমাদের কাছে সেই নাম বলুন, আমরা মোরারজী দেশাইকে চিঠি লিখব।

**মিঃ স্পিকার ঃ** দিস ইজ নো পয়েন্ট অব অর্ডার।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সার, মিনিকিটের কথা ওঁরা বলছেন কাজেই জিনিসটা বুঝতে হবে। গত বছর ১৩ লক্ষ টাকার মিনিকিট দেওয়া হয়েছিল এবং এবারে ২৬-২৭ লক্ষ টাকার মিনিকিট দেবার চেষ্টা আমরা করছি। (**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ কাদের টাকায় দিচ্ছেন?** স্যার, কৃষকদের পুনর্বাসন করবার জন্য আমরা দেখলাম ব্যাপকভাবে মিনিকিট দেবার প্রয়োজনীয়তা আছে। গরিব কৃষক সব কিছু হারিয়েছে, একটু সার কিনবার টাকাও তাদের নেই। সেখানে আমাদের প্রায় সাড়ে ছয় থেকে ৭ কোটি টাকার মিনিকিট দিতে হয়েছে। আমি এর আগে হাউসে বলেছিলাম এই মিনিকিট সময়মত দিতে হবে, নাহলে চাষ হবে না।

চাষের জন্য একটা বিশেষ সময় বরাদ্দ থাকে, কাজেই অন্য কাজে দেরি করা যায় কিন্তু চাষের কাজে দেরি করা যায় না। আমরা মিনিকিট সমস্ত জায়গায় দিতে পেরেছি একথা আমি বলছি না। তবে আমাদের কর্মীরা, এম. এল. এ.রা এমনভাবে আন্তরিকতার সঙ্গে এটাকে নিজেদের জীবন যুদ্ধ হিসেবে মনে করে সময়মতো এই মিনিকিট ডিস্ট্রিবিউশন করবার ব্যবস্থা করেছে বলে কৃষক তার জমিতে চাষ করতে পেরেছে এবং তারজন্য পশ্চিমবাংলার চেহারা অন্য রকম হয়ে গেছে।

স্যার, বোরো চাষ সম্বন্ধে আমাদের ধারণা ছিল, যারা শহরে বাস করে তাদের ধারণা ছিল বোরো চাষ গ্রামের জোতদাররা করে। কিন্তু আমরা দেখছি এই বোরো চাষ এখন গরিব মানুষরাও করছে। এই বোরো চাযে খরচ অনেক বেশি। কিন্তু আমরা ক্ষমতায় এসে বর্গাদারদের লোন দেবার ব্যবস্থা করেছি, গরিব কৃষকদের মিনিকিট দেবার ব্যবস্থা করেছি, সমস্ত রকম সম্পদ এবং উপকরণ তাদের ঘরে আমরা পৌঁছে দেবার ব্যবস্থা করেছি। স্যার, আপনি যদি দয়া করে একবার বীরভূম এবং বর্ধমানে যান তাহলে দেখবেন সেখানকার চেহারা পাল্টে গেছে। রবীন্দ্রনাথ বর্ধমানের উপর দিয়ে বোলপুরে যেতেন এবং তিনি সেখানকার মাটির চেহারা দেখে বলেছিলেন, 'গৈরিক উত্তরীয়' এবং বর্ধমানের লালমাটি দেখে পিংগল জটাধারীর যে চেহারা এঁকেছিলেন আজকে তিনি থাকলে 'বেশাখীর' অন্য রকম চেহারা তিনি আঁকতেন। কিন্তু সেকথা তাঁরা বলছেন না। এঁরা বলছেন মিনিকিট নিয়ে দলবাজি হচ্ছে। আমি বার বার বলেছি বামফ্রন্ট সরকার মনে করে আজকে যদি কোনও গরিব কৃষক কংগ্রেসের দিকে থাকে, জনতার দিকে থাকে তাহলে আমাজের উচিত হবে তাদের শ্রেণী সচেতন করা, তাদের একটা জায়গায় নিয়ে আসা। কিন্তু সেই লোকটিকে বিচার করতে হবে, তার মূল্যায়ন করতে হবে একজন গরিব মানুষ হিসেবে। আমরা জানি বঞ্চিত মানুষরা একদিন আমাদের এই শিবিরে আশ্রয় নেবে। তা যখন জানি তখন কেন এরকম ব্যবহার করব যাতে তারা অন্য শিবিরে থাকে? আমরা পঞ্চায়েতকে সেইভাবে ব্যবহার করছি। আমরা মনে করি তার পতাকা যে রংয়েরই হোক না কেন আমরা তার সমস্যা মেটাবার চেষ্টা করব। আমি আপনাদের বলেছি, আপনারা বলুন কোনও গরিব কৃষক তার মিনিকিট পায়নি? আপনারা যদি বলেন তাহলে আমি কৃষিমন্ত্রী হিসেবে সেখানে গিয়ে তার ব্যবস্থা নিশ্চয়ই করব। স্যার, একথা ঠিক আমরা যে মিনিকিট দিয়েছি সেটা প্রয়োজনের তুলনায় শতকরা ৫ ভাগের বেশি দিতে পারিনি এবং হয়ত এই কারণে কিছু বাদ পড়তে পারে। কিন্তু তার পতাকা অন্য রকম বা সে অন্য দলের লোক সেইজন্য পায়নি একথা ঠিক নয়। দেবপ্রসাদবাবু বলেছেন তাঁর এলাকায় ঋণ ঠিকমতো যায়নি।

[7-25—7-35 P.M.]

এতো রামকৃষ্ণ মিশন বা ভারত সেবাশ্রম নয় যে বন্যা হয়ে গেছে খিচুড়ি বিলি করে দিলাম—লোনটা দেওয়া হয়েছে কৃষি পুনর্বাসন করবার জন্য, যেখানে যে চাষ হবে সেখানে সেই কারণে লোন পৌঁছে দাও। আমার মনে হয় দেওপ্রকাশবাবুর কনস্টিটিউয়েন্সিতে সেখানে আলুর চাষ হয় না, গম চাষ হয় না, সর্ষে চাষ হয় না সেজন্য লোনটা হয়ত কম গেছে, কিন্তু উনি যদি প্রমাণ করতে পারেন সুন্দরবনের কনস্টিটিউয়েন্সিতে বেশি টাকা গেছে অথচ

তার জায়গায় যায়নি তাহলে আমি নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করব। কিন্তু এগুলি বোঝা দরকার—না বুঝে বললে—মেদিনীপুরে কেন লোন গেল, ঘাটালে কেন লোন গেল, আরামবাগে লোন গেল—সেখানে যে চাষটা হয় বা সুন্দরবনে যে চাষটা হয় সেটা উত্তরবঙ্গে সে চাষটা হয় না। সেই কারণে সেখানে লোনটা পৌঁছায়নি। তারপর পেনশনের কথা ওরা বলেছেন যে এটা খুব ভাল হয়নি। এরা বলেছেন এটা তো আগে ছিল বার্ধক্যভাতা—আগে ছিল কিন্তু পেনশনের ব্যাপারটা আবার নতুন কি? স্যার, নতুন এই জন্য যে আমি এই কথাটা পরিষ্কার করে বলতে চাই—আমি হয়ত বলতে পারিনি আর ওরাও হয়ত ঠিক বুঝতে পারেননি, নতুন একটা স্কীম আসছে কৃষকদের যদি ভরণপোষণের জন্য কেউ না থাকে তাহলে সে পেনশন পাবে। কিন্তু বার্ধক্য ভাতা কি বলছে—যে তার রিলেটিভ যদি কেউ কোথাও থাকে তাহলে সে বার্ধক্য ভাতা পাবে না। আমরা এখানে বলছি, তার নিজস্ব পরিবারের ভরণপোষণ করবার কেউ না থাকে—তাকে খাওয়াবার কেউ না থাকে তাহলে সে পেনশন পাবে, এবং আমরা চিন্তা করছি যে কৃষকদের পেনশন দিতে হবে। আমি একথা বলছি—আরও ভালভাবে চিন্তা করে আরও সুষ্ঠুভাবে করবার চেষ্টা করব যাতে পেনশন ঠিকমতো ঠিক লোককে দেওয়া যায়। একথা আমার চিন্তায় এসেছে—আগামী বাজেটে—আগামী বছর থেকে দেব। আমি উনাদের কাছে বলি যে আপনারা সাজেশন দিন আর ভালভাবে কিভাবে করা যায়—আমরা নিশ্চয়ই এটা করব। আমি আরেকটা কথা বলতে চাই—ওরা বলেছেন শিক্ষার কথা—বিজ্ঞান সম্মতভাবে চাষ করতে হবে এবং বৈজ্ঞানিক প্রথায় যাতে চাষ হয় সেজন্য শিক্ষার কথা বলেছেন। আমরা সেদিকে খুব নজর দিচ্ছি এবং আপনি স্যার, এটা লক্ষ্য করেছেন বামফ্রন্ট সরকার কৃষি এক্সটেনশন সার্ভিস তার রিসার্চ এবং ডিমনেস্ট্রেশন এটা বামফ্রন্ট সরকার খুব গুরুত্ব দিয়ে করেছেন, যার জন্য দেখেছেন যে পঞ্চায়েতের সাথে অন্যান্য এক্সটেনশন সার্ভিসগুলি নিয়ে যাওয়া হয়েছে। কিন্তু যেহেতু কৃষি প্রধান দেশ, কৃষি সমস্যা অত্যন্ত জটিল এবং জটিলতা ভেদ করে একটা ঠিক মতন জায়গায় গিয়ে দাঁড়াতে হবে, এরজন্য বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছে কৃষি এক্সটেনশন সার্ভিস অন্য কাজে নয় খালি কৃষি কাজই তারা করবেন—এই কারণে সেটা আলাদা করে রাখা হয়েছে, এর শিক্ষা আলাদা করা হয়েছে এবং আমরা সে শিক্ষার উপর খুব জোর দিচ্ছি। একজন মাননীয় সদস্য এই প্রসঙ্গে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর অব্যবস্থার কথা বলেছেন—একথা বলতে হচ্ছে সেখানে এর জন্ম থেকেই বিকলাঙ্গ শিশু আমাদের কাঁধে চেপে আছে। ঐ বিশ্ববিদ্যালয়ের জন্ম যেদিন হল সেই জন্ম শিশু বিকলাঙ্গ হয়ে জন্মাল, এখন স্যার আমাদের টন টন অলিভওয়েল আর মালিশের তেল ঢালতে হচ্ছে—কিন্তু যে শিশু বিকলাঙ্গ হয়ে জন্মেছে—তা বাঁচবে কিনা সন্দেহ আছে। সেখানে কি অব্যবস্থা ছিল—এখানে জয়নাল সাহেব জানেন, উনাদের একজন মন্ত্রী ছিলেন আনন্দ মোহন বিশ্বাস তিনি ইসলামিক হিস্ট্রিতে এম. এ. ছিলেন তাকে রিসার্চ করবার জন্য এই কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র হিসাবে দেখানো হয়েছিল। এই ছিল অরাজক অবস্থা—সেখানে শিক্ষার নামে টাকা স্যার দরিয়াতে ডাল হয়েছে। এখানে বলা হয়েছে যে হঠাৎ কেন এই ইউনিভার্সিটিকে নেওয়া হল—যদি স্যার না নিতাম তাহলে স্যার কি অবস্থা চলছিল আজকে তার অস্তিত্ব থাকতো না—এখনও নেই স্বীকার করছি—পারা যাচ্ছে না, এখন কি করা যাবে আমি ভাবছি—এ সম্বন্ধে আমরা খুব সচেতন।

কাজেই, স্যার, এইগুলি সম্বন্ধে আমরা খুবই সচেতন। মোটামুটি আমরা ক্ষুদ্র সেচ বাড়াবো বাড়াবার চেষ্টা করছি। পাওয়ার শর্টেজে আছে, সেইজন্য আমরা ডিজেলের কিছু কিছু ব্যবস্থা করার কথা বলছি। আমি তো বলেছি, দেখুন এটা বিরাট ব্যাপার, ত্রুটি থাকবে নিশ্চয়ই, আপনাদের সঙ্গে

মিলে মিশে করব এবং এটা তো জানা কথা শিল্পে কয়েকটি শিল্প বাড়াতে পারেন কিন্তু কৃষি, তার একটা ঐতিহ্যের মধ্যে দিয়ে যুগ যুগ ধরে কৃষি ব্যবস্থা চলে আসছে। কাজেই, জয়নাল সাহেব বলেছেন এ আমাদের অবদান, তাহলে তো আমাদের আবার জঙ্গলে ফিরে যেতে হয়, সেদিন ছিল যখন লোকে জঙ্গলে থাকতো, গুহায় থাকতো কাঁচা মাংস খেতো, কৃষি তো তারাই শুরু করেছিল, কিন্তু এখন কথা হচ্ছে কৃষি চলে আসছে আবহমান কাল থেকে, গঙ্গা যেমন যুগ যুগ ধরে বহে চলেছে, কাল যেমন নিরবধী সময় যেমন অনন্তকাল ধরে চলছে, কৃষি ব্যবস্থা একটা জাতির সঙ্গে, একটা সমাজের সঙ্গে, একটা রাষ্ট্রের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে নিরবধীকাল চলে আসছে কিন্তু আপনাদের সঙ্গে আমাদের তফাতটা কোথায়? আপনারা কৃষি উৎপাদনের সুফলগুলি আমাদের যে জমিদার, জোতদার, মহাজন, তাদের ঘরে মাথায় করে হাপাতে হাপাতে তাদের ঘরে পৌঁছে দিয়েছিলেন আর আমরা সমস্ত শক্তি দিয়ে ওদের ঘর থেকে সব কেড়ে নিয়ে এসে যারা লাঙ্গলের আগায় তাদের জীবনটাকে মাটির তলায় দিয়েছে তাদের ঘরে পৌঁছে দিতে চাই। এখানেই হচ্ছে আপনাদের সঙ্গে আমাদের তফাত। আমরা সেখানে যেতে চাই এবং সেইখানে পৌঁছাতে চাই এবং পৌঁছাতে পারলে, তাদের হাতে সম্পদগুলি তুলে দিতে পারলে সেদিন দেশের অবস্থা বদলে যাবে। তাই আপনাদের কাছে এই কথা বলি যে সকলে মিলে চেষ্টা করি এই কেন্দ্রীয় সংবিধানকে বদলে দিতে পারি কিনা। যে সংবিধান সাধারণ মানুষের জন্য তৈরি হয়নি, আসুন সকলে মিলে সেই সংবিধান পরিবর্তন করার চেষ্টা করি নইলে ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গের উন্নয়নের আশু সম্ভাবনা নেই। এই কথা বলে আমি আশা করি আমার ব্যয় বরাদ্দ মঞ্জুর করবেন এবং যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি।

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** মাননীয় সভাপতি মহাশয়, আমার ইরিগেশন ফ্লাড প্রটেকশনের ব্যয়বরাদ্দ সম্পর্কে যে বাজেট এখানে রেখেছিলেন তার উপর মাত্র তিনজন মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন। প্রথমেই বলেছেন জন্মেজয়বাবু, সুন্দরবনের সমুদ্র তীরবর্তী এবং নদী তীবরর্তী যে জঙ্গল ছিল সেগুলি কেটে সাফ করে দেওয়া হয়েছে যার ফলে দ্রুতগতিতে সুন্দরবনের নদী এলাকায় বন্যায় বার বার বাঁধগুলি ভেঙে যাচ্ছে। এই কথার উত্তরে আমি বলতে চাই যদিও আমরা অল্প দিন হল ক্ষমতায় এসেছি কিন্তু এর মধ্যেই আমরা যাতে অন্তত সুন্দরবনের বন রক্ষা করা যায়, নতুন করে আবার বন সৃষ্টি করা যায় তারজন্য ইরিগেশন বাজেটে রেখেছি ২ কোটি ২০ লক্ষ টাকা এবং এই টাকর মধ্যে সব কিছু পরিকল্পনা করা সম্ভব নয় একথা আপনারা বোঝেন। এই প্রসঙ্গে আমি বলতে চাই সুন্দরবনের বাঁধ যাতে রক্ষা হয় এবং এইজন্য বন কাটা বন্ধ করাই যদি আপনাদের উদ্দেশ্য হয় তাহলে আপনাদের জিজ্ঞাসা করি সুন্দরবনের মরিচঝাঁপিতে যারা জঙ্গল কেটে সাফ করছে তাদের আপনারা মদত দিচ্ছেন কেন? কংগ্রেস পার্টির সঙ্গে মিলে আপনারাই তাদের মদত দিচ্ছেন একথা আপনারাও জানেন, দেশবাসীও জানে। ২ নং হচ্ছে মাননীয় সদস্য জয়নাল সাহেব তিনি এই ব্যাপারে বলেন যে নর্থ বেঙ্গলে কোনও ইরিগেশনের ব্যবস্থা করা হয়নি। তাঁকে জিজ্ঞাসা করি এতদিন পর্যন্ত কংগ্রেস গভর্নমেন্ট চলেছিল এবং তার মধ্যে নর্থ বেঙ্গলও ছিল, তখন এই নর্থ বেঙ্গলের জন্য কোনও ইরিগেশনের ব্যবস্থা গ্রহণ করা হয়নি কেন?

[7-35—7-43 P.M.]

আপনি জানেন যে আমরা ৭০ কোটি টাকার তিস্তা ব্যারাজ পরিকল্পনা গ্রহণ করেছি। সুতরাং এই পরিকল্পনা দিয়ে সমস্ত নর্থ বেঙ্গলকে কভার করে দিচ্ছি। ২১ লক্ষ একর জমিতে ইরিগেশন ব্যাপকভাবে চলবে। অতএব বলেছেন বলে সংক্ষেপে উত্তর দিয়ে গেলাম, নর্থ বেঙ্গলে ইরিগেশন করার জন্য পরিকল্পনা নিয়েছি। আপনারা বলেছেন কেন এতদিন পরে

সুন্দরবন ডেভেলপমেন্ট-এর কাজ শুরু করেছি। ১৯৬৭ সালে আমরা ৮ মাস ছিলাম, ১৯৬৯ সালে আমরা ১৩ মাস ছিলাম, আপননারা জানেন। এই ৮ মাসের মধ্যে এই ধরনের পরিকল্পনা নেওয়া সম্ভব হয়নি। কিন্তু আপনারা জানেন ১৯৭২ সালের মধ্যে ডঃ বিধানচন্দ্র রায় যে সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড গঠন করেছিলেন, তার কোনও কাজ হয়নি, মিটিং ডেকেছিলেন, আমাদের প্রতিনিধিও নিয়েছিলেন একথাও ঠিক কিন্তু মিটিং ডেকে সেই ডেভেলপমেন্ট বোর্ড ডিসল্ভ করে দিয়েছেন, তা আপনাদের জানা আছে। তারপর ১৯৭২-৭৩ সালে সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড তৈরি করলেন এবং সুন্দরবনের প্রতি আপনাদের এত দরদ যে তার উন্নতির জন্য মাত্র ১ লক্ষ টাকা বরাদ্দ করেছেন এবং ৪ বছরে ৬টি টিউবওয়েল করে গেছেন এবং এই হচ্ছে সুন্দরবনের মানুষের প্রতি আপনাদের দরদের নমুনা। আপনারা বলেছেন এডাল্ট এডুকেশন সেন্টার করেছি, সেটা পার্টি ক্যাডার দিয়ে করেছি, আপনাদের অনুরোধ করব যে যদি এটা প্রমাণ করতে পারেন, তাহলে এটা নিশ্চিত যে আমরা আপনাদের অভিযোগ মেনে নেব। আমি বলতে চাই যে এভাবে ইন্টারভিউ করা হয়নি। আমি একটা কথা বলতে চাই যে ৩০০ এডাল্ট এডুকেশন সেন্টার করেছেন, এর মধ্যে ১২০টি বয়স্কা মেয়েদের জন্য এবং এই এডাল্ট এডুকেশন সেন্টারে তাঁত এবং কার্পেন্টারি প্রভৃতি তারা শিখতে পারবে। আমি কেন্দ্রীয় সোস্যাল ওয়েলফেয়ার মন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম, তাঁদের কাছ থেকে আপাতত ৩ লক্ষ টাকা দিয়েছেন এ বছর, এ বরাদ্দ দিয়ে এডাল্ট এডুকেশন সেন্টারে যারা রয়েছেন তাদের তাঁত এবং কার্পেন্টারির কাজে শিক্ষিত করে তুলবার চেষ্টা করব। সত্য বাপুলি মহাশয় অবশ্য প্রকাশ্যে বলেননি কিন্তু আমি যখন বক্তৃতা শেষ করেছি, তখন আমার কাছে অনুরোধ করেছেন—ইন্ডিয়া গভর্নমেন্টের আই. সি. এ. আর.-এর পক্ষ থেকে কাকদ্বীপে যে কৃষি বিদ্যালয় খুলবেন বলে জানিয়েছেন এবং আমরা তাদের জায়গা দেবার চেষ্টা করছি, তিনি বলছেন এটা কাকদ্বীপে না করে যেন রাইদিঘীতে করি। আমি সেটাকে যোগ্য স্থান বলে মনে করি না। তবুও তিনি বলেছেন একজন নাকি ১৪ বিঘা জমি এবং ৫০ হাজার টাকা দিতে প্রস্তুত আছেন, আমি সত্য বাপুলি মহাশয়কে জিজ্ঞাসা করি তিনি এতদিন এ সম্বন্ধে কেন বলেননি? এজন্য বলেননি, তিনি ভাবতে পারেননি আমরা সুন্দরবনে এই ধরনের কৃষি কেন্দ্র খুলব। সুন্দরবনের লবণাক্ত এলাকায় কিভাবে চাষ হতে পারে তার জন্য কিছু কিছু সীড চাষ করার জন্য সুন্দরবনের মানুষকে তৈরি করা যায় সে পরিকল্পনা তাঁরা করতে পারেননি, তাই এই টাকা ও জায়গায় সম্পর্কে তিনি বলেননি, আমি আজকে উল্লেখ করেছি বলে তিনি বলতে এসেছেন। তবে তিনি যখন বলেছেন আমি নিশ্চয়ই দেখব যদি কিছু করা যায়, চেষ্টা করব। আমি আপনাকে বলে রাখি সুন্দরবনের প্রবেশ মুখে তিনটি প্রধান গেট আছে কাকদ্বীপ, ক্যানিং আর একটা হচ্ছে হাসনাবাদ। আমরা তিনটি কেন্দ্রেই করার চেষ্টা করব। কাকদ্বীপে স্যাংশন করা আছে, তারপরে ক্যানিং-এ করার চেষ্টা করব।

কারণ কাকদ্বীপে করলে মথুরাপুর এবং তৎসন্নিহিত অঞ্চলের সুবিধা হবে। এই কথা বলে আমি আশা করব সমস্ত মাননীয় সদস্যরা একমত হয়ে সুন্দরবন সম্পর্কে যে বক্তব্য রেখেছি তা গ্রহণ করবেন এবং বাজেট পাস করবেন। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motions of Shri Krishnadas Roy, Shri A. K. M. Hassanuzzaman, Shri Shamsuddin Ahmed, Shri Balailal Das Mahapatra that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that a sum of Rs. 56,90,18,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "305—Agriculture, 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings), and 705—Loans for Agriculture (Excluding Public Undertakings)" was then put and agreed to.

## Demand No. 53

**Mr. Speaker :** I now put the cut motions under Demand No. 53 to vote.

The motions of Shri A. K. M. Hassanuzzaman, Shri Krishnadas Roy and Shri Shamsuddin Ahmed that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that a sum of Rs. 63,91,72,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "306—Minor Irrigation, 307—Soil and Water conservation, 308—Area Development, 506—Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706—Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development". was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-43 p.m. till 1 p.m. on Tuesday, the 6th March, 1979 at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 6th March, 1979 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 12 Ministers, 1 Minister of State and 155 Members.

[1-00 — 1-10 P.M.]

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, I find that hundreds of letters addressed to different Members of this House are lying scattered on the central table in the lobby. I feel and, I think, you also feel that this is not dignified. There are pegion holes for each M.L.A. of this House. Why the letters are not kept in those pegion holes? For days together I am not getting any letter. Have you ever gone to the lobby to see this?

**Mr. Speaker :** I will ask my office to look into the matter and see what can be done.

### Held Over Starred Questions

### (to which oral answers were given)

### ব্লক পর্যায়ে হিমঘর স্থাপন

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষুদ্র, নিম্ন ও মধ্যবিত্ত চাষিদের জন্য ব্লক পর্যায়ে 'হিমঘর' প্রতিষ্ঠার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ব্লক পর্যায়ে হিমঘর স্থাপনের কোনও পরিকল্পনা আপাতত সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ব্লক পর্যায়ে হিমঘর প্রতিষ্ঠা করার কোনও পরিকল্পনা নাই। আমার জিজ্ঞাস্য হচ্ছে মহকুমা পর্যায়ে কিংবা জেলা পর্যায়ে এই হিমঘর আরও বাড়ানোর পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের সরকারের এই হিমঘর সম্পর্কে কি নীতি কয়েকটি

কথা বললেই আপনি সেটা বুঝতে পারবেন। বর্তমানে পশ্চিমবঙ্গে ১৭৬টি হিমঘর আছে। ইহা ছাড়া আরও ৬৯টি নূতন হিমঘর স্থাপনের অনুমতি দেওয়া হয়েছে এবং সমবায়ের মাধ্যমে আরও ১০০টি হিমঘর স্থাপনের একটি প্রস্তাব আছে। এই সবকটি বাস্তবায়িত হলে পশ্চিমবঙ্গে মোট ৩৪৫ হিমঘর হবে। বর্তমানে পশ্চিমবঙ্গে ১০টি জেলায় যে ১৭৬টি হিমঘর আছে তাহাতে মোট ৭.৩০ লক্ষ টন আলু রাখা যায়। বাকি হিমঘরগুলি বাস্তবে রূপ নিলে ১৫ লক্ষ টন আলু রাখার সংস্থান হবে। অতএব দেখা যাচ্ছে যে মোট ৩৪৫টি হিমঘর চালু হলে ব্লক প্রতি গড়ে ১টি করে হিমঘর বা কিছু বেশিই হিমঘর হবে। আর যেসব জেলায় আলু চাষ হয় সেইসব জেলাতেই হিমঘর স্থাপনের জন্য উৎসাহ দেওয়া হবে। অন্যত্র প্রয়োজন আছে বলিয়া মনে হয়না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে বিভিন্ন সরকারি ও বেসরকারি উদ্যোগে কো-অপারেটিভের মাধ্যমে অনেকগুলি হিমঘর প্রতিষ্ঠা হতে চলেছে। এই হিমঘর প্রতিষ্ঠার ব্যাপারে মহকুমাওয়ারি কিংবা জেলাওয়ারি যাতে সমতা থাকে তার ব্যবস্থা তিনি করবেন কিনা?

**শ্রী কমলকান্তি গুহ :** আমরা সেদিকে খুব নজর রাখছি। এখন দেখা যাচ্ছে ব্যবসায়িরা যেখানে তাদের পরিবহন সংস্থান আছে, সুবিধা আছে বা যেখানে বিদ্যুৎ পাওয়ার সুবিধা আছে বা ভাল বাজার আছে সেখানে তারা ভিড় করে হিমঘর করবার জন্য আমাদের কাছে আবেদন করছে। কিন্তু আমরা ব্যবসায়িদের কতকগুলি জায়গা সুনির্দিষ্ট করে দিচ্ছি যে এইসব জায়গায় হিমঘর নেই, চাষিদের সুবিধার জন্য সেখানে হিমঘর করলে আমরা লাইসেন্স দেব। কাজেই যেখানে যেখানে বেশি করে আলু চাষ হচ্ছে কৃষকদের প্রয়োজনীয়তার দিকে লক্ষ্য রেখে, ব্যবসায়িদের ব্যবসার দিকে লক্ষ্য না রেখে লাইসেন্স দেবার ব্যবস্থা করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** বর্তমানে প্রত্যেকটি জেলায় কি হিমঘর আছে?

**শ্রী কমলকান্তি গুহ :** যেখানে আলু বেশি হচ্ছে, যেমন হুগলিতে প্রথমে আলুর চাষ বেশি শুরু হয়েছিল, স্বাভাবিকভাবেই হুগলিতে বেশি হয়েছে। তারপরে বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, মেদিনীপুর যেখানে আলু বেশি হচ্ছে সেখানে হিমঘর আছে। কিন্তু এই হিমঘরগুলি যখন স্থাপন করা হয় তখন ব্যবসায়িদের স্বার্থেই বেশি করে লক্ষ্য করা হয়েছিল। কিন্তু আমরা সরকারে আসার পর নজর রাখছি চাষিদের স্বার্থের দিকে।

**মিঃ স্পিকার :** জয়ন্তবাবু প্রশ্ন করেছেন যেখানে আলুর চাষ বেশি করে হচ্ছে প্রত্যেক জেলার সেইসব এলাকায় কি হিমঘর আছে?

**শ্রী কমলকান্তি গুহ :** এখনও কোনও কোনও জেলায় হিমঘর নেই। কুচবিহারে নেই, ওখানে আলুর চাষ বিশেষ হয় না। জলপাইগুড়িতে নেই, পশ্চিমদিনাজপুরে নেই। ওখানে বেশি আলুর চাষ হত না, এখন হচ্ছে। তারপরে পুরুলিয়াতে নেই। এই সমস্ত জায়গায় আমরা হিমঘর করার চেষ্টা করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** পশ্চিমবাংলায় ১৭৬টি হিমঘর আছে বললেন এবং আরও ১৬৯টি হিমঘর তৈরি হবে। এইগুলি কবে নাগাদ তৈরি হবে বলতে পারবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** এটা আমি বলতে পারব না। আমরা লাইসেন্স দিয়েছি। তবে যত তাড়াতাড়ি হিমঘরগুলি তৈরি করতে পারে তারজন্য আমরা চাপ সৃষ্টি করছি, যাতে করে আগামী বছর থেকেই কৃষকরা এর সুবিধা পেতে পারে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কেবল আলু চাষের কথাই ভাবছেন। কিন্তু যেখানে প্রচুর পরিমাণে মাছের চাষ হয় এবং যেখান থেকে লক্ষ লক্ষ মন মাছ রপ্তানি হয় সেই দিঘাতে কোনও হিমঘর করার পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** না, মাননীয় সদস্যকে আমি এইটুকু বলতে পারি যে আমরা সরকারি পক্ষ থেকে হিমঘর করছি না। ব্যবসায়িরা ব্যক্তিগতভাবে নিজস্ব মালিকানায় এই ব্যবসা করছেন এবং সমবায় সমিতির মাধ্যমে আমরা কিছু কিছু হিমঘর করছি। মাছ রাখবার জন্য আমাদের কাছে একটি মাত্র হিমঘরের দরখাস্ত এসেছে দক্ষিণ ২৪ পরগনা থেকে এবং আমরা তার অনুমতি দিয়ে দিয়েছি। আরও অন্য কোথাও থেকে যদি এই ধরনের আবেদন আমাদের কাছে আসে তাহলে আমরা সাথে সাথে মঞ্জুর করে দেব।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন আলু চাষের জন্য বেশি নজর দিচ্ছেন, দেওয়ার প্রয়োজন নিশ্চয় আছে। কেন না, আলু একটা অর্থকরি ফসল। আমাদের প্রচুর পরিমাণে কাঁচা সব্জী, তরিতরকারি পচে নষ্ট হয়ে যায়। যেমন বাঁধাকপির ফলন মুর্শিদাবাদ এবং অন্যান্য বিভিন্ন জেলায় প্রচুর পরিমাণে হয়, কিন্তু চাষিরা দাম পায় না। আপনি যদি এই কাঁচা তরিতরকারি, বাঁধাকপি প্রভৃতি এই ধরনের সব্জী রাখবার ব্যবস্থা করেন তাহলে চাষিদের অনেক সুবিধা হবে। মাননীয় সদস্য জয়ন্তবাবু যে অতিরিক্ত প্রশ্ন করলেন এই ব্যাপারে বিভিন্ন জেলার মধ্যে একটা ইমব্যালান্সড হয়ে যাচ্ছে এবং এক একটি জেলায় অনেক বেশি হিমঘর হয়ে যাচ্ছে, অন্য জেলাগুলি ইগ্নোরড হয়ে যাচ্ছে, নেগলেকটেড হয়ে যাচ্ছে। কাজেই এই কাঁচা সব্জী সংরক্ষণের দিকে আপনি যদি নজর দেন তাহলে বিভিন্ন জেলার মধ্যে যে একটা ইমব্যালান্সড আছে সেটা অনেকাংশে দূর হবে। এইদিকে আপনি নজর দেবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** আমি আপনাদের কাছে এই কথা জানাচ্ছি যে, আমরা এখন দেখছি ব্যবসায়ি যারা আবেদন করছেন বা এই সমবায় সমিতিগুলি যে আবেদন করছেন তারা কেবল আলুর জন্য হিমঘরের লাইসেন্স চাচ্ছেন। কিন্তু কোনও ব্যবসায়ি যদি এইভাবে এগিয়ে আসেন তাহলে আমরা নিশ্চয় তাদের স্বাগত জানাব এবং তাদের সবরকম সুযোগ সুবিধা দেবার প্রচেষ্টা সরকার থেকে নেব।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৭৬টি হিমঘর আছে। কিন্তু এরমধ্যে কতকগুলি হিমঘর সরকারের আছে এবং সেগুলি কি অবস্থায় আছে জানাবেন কি?

[1-10 — 1-20 P.M.]

**শ্রী কমলকান্তি গুহ :** আমাদের সরকারের ৪টি হিমঘর ছিল। তারমধ্যে একটিকে এখন ঐ মিউজিয়ামে রাখা যায় কিনা চেষ্টা করছি, কারণ সেটার কোনও অস্তিত্ব নেই। এটা সিঙ্গুরে অবস্থিত। এবং ওজন দরে আমরা বিক্রি করার চেষ্টা করেছি কিন্তু কেউ এগিয়ে আসছেন

না। এই অবস্থায় আমরা আর তিনটিকে রক্ষা করার জন্য তাড়াতাড়ি অ্যাগ্রোর হাতে তুলে দিয়েছি এবং অ্যাগ্রো সেটা চালাচ্ছে না লাভ না ক্ষতির নীতিতে। সেখানে কিছু কিছু কাজ হচ্ছে। ৪টি হিমঘরের এই হচ্ছে অবস্থা সরকারের তরফ থেকে সেটা আমি জানিয়ে দিলাম।

**শ্রী সরল দেব ঃ** আমডাঙ্গায় কামদেবপুর কোল্ড স্টোরেজের ঘটনা আপনার জানা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সেটা নেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**মিঃ স্পিকার ঃ** এখানে আবার আমডাঙ্গা কি করে আসে?

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে বললেন যে ব্লক পর্যায়ে হিমঘর স্থাপনের কোনও পরিকল্পনা আপাতত সরকারের নেই। আমার জিজ্ঞাস্য, কোনও হিমঘর গ্রহণ করার পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** হিমঘরের অবস্থার কথা মাননীয় সদস্যরা জানেন। সেখানে মালিকরা কিভাবে গরিব কৃষকদের শোষণ করে বঞ্চিত করে সেটা সকলেই জানেন। সেইদিকে লক্ষ্য রেখে গত বিধানসভায় আমরা একটি নতুন আইন তৈরি করেছি এবং সেই আইন রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে এখন দিল্লিতে রয়েছে। রাষ্ট্রপতি অনুমোদন করলে আমরা সেই আইন অনুসারে এগুবো। তারমধ্যে আছে যে, কোনও হিমঘরের মালিক যদি সরকারের নীতি অনুসারে না চলে বা চাষিদের শোষণ করে, অন্যায়ভাবে বঞ্চিত করে তাহলে সেই হিমঘর জনস্বার্থের খাতিরে সরকার নিয়ে নিতে পারবেন। সেখানে যে আইন চালু হয়েছিল ১৯৬৫ সালে সেই আইনে লাইসেন্স দেওয়া ছাড়া সরকারের আর করণীয় কিছু ছিল না, কোনও ক্ষমতা ছিল না। সরকারের অবস্থা ছিল ঠুঁটো জগন্নাথের মতন। সরকার ঠুঁটো জগন্নাথ হয়ে থাকতে চায় না বলেই গত বিধানসভায় নতুন আইন আমরা তৈরি করেছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার... **(ভয়েস ঃ— কোয়েশ্চেন আওয়ারে পয়েন্ট অব অর্ডার হয়না।)**

**মিঃ স্পিকার ঃ** এখন নয়, পরে বলবেন, আপনি এখন বসুন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, কোয়েশ্চেন সম্পর্কেই আমি পয়েন্ট অব অর্ডার তুলতে চাই। আপনি রুলস অব প্রসিডিওর অ্যান্ড কনডাক্ট অব বিজনেস দেখুন। এতে আছে স্যার, আপনি শুনুন...

**মিঃ স্পিকার ঃ** আমার শোনার প্রয়োজন নেই, এখন আপনি বসুন, পরে বলবেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, আপনি রুলস অব প্রসিডিওর দেখুন.....

**মিঃ স্পিকার ঃ** Why are you disobeying me ? I have asked you to sit down. Will you obey me or not ? I will allow you after question hour.

**বড়শাল গ্রাম পঞ্চায়েত এলাকায় মিনিকিট সরবরাহ**

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট ১নং সমষ্টি উন্নয়ন অধিকারের বড়শাল গ্রাম পঞ্চায়েত এলাকার বহু বর্গাদার ২ একরের কম কৃষি-জমির মালিক ও ক্ষুদ্র কৃষক আবেদন করা সত্ত্বেও মিনিকিট পায় নাই; এবং

(খ) অবগত থাকিলে, সরকার উপরোক্ত ব্যক্তিদের মিনিকিট সরবরাহের জন্য কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) বড়শাল গ্রাম পঞ্চায়েতের যোগ্য বর্গাদার ও ক্ষুদ্র চাষিগণ তাহাদের চাষ করার ক্ষমতা অনুযায়ি মিনিকিট পাইয়াছেন। তবে সরকার যে সংখ্যক মিনিকিট এক একটি অঞ্চলে বরাদ্দ করিয়াছেন তাহা সমস্ত ক্ষুদ্র চাষি ও বর্গাদারদের দেওয়ার পক্ষে যথেষ্ট নাও হইতে পারে। সেই জন্য গ্রাম পঞ্চায়েত যে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করিয়াছেন সেই অনুযায়ি মিনিকিট বিলি করা হইয়াছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন, এই বড়শাল গ্রাম পঞ্চায়েতকে কত সংখ্যাক মিনিকিট দেওয়া হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমার কাছে এই তথ্য এখন নেই, আমি এখন দিতে পারছি না, নোটিশ দিলে দিতে পারব।

## সিউড়ি ২নং ব্লকে মিনিকিট বন্টন

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার অন্তর্গত সিউড়ি ২নং ব্লকে বন্যার পর কত পরিমাণ মিনিকিট দেওয়া হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

সিউড়ি ২নং ব্লকে বন্যার পর নিম্নলিখিত সংখ্যাক মিনিকিট দেওয়া হয়েছে।

| | | | | |
|---|---|---|---|---|
| গম | মিনিকিট | - | ১০০০ | টি |
| আলু | ,, | - | ১৫০ | ,, |
| সরষে | ,, | - | ২০ | ,, |
| শীতকালীন সব্জী | | | ৫০ | ,, |
| বোরো ধান | | - | ১৫০০ | ,, |
| শীতকালীন সব্জী চারা | | - | ১০,০০০ | ,, |
| গ্রীষ্মকালীন সব্জী | | - | ১৫০ | ,, |

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই মিনিকিট বিতরণের ব্যাপারে যারা সি.পি.এম বা বামফ্রন্টকে সমর্থন করেন তাদের দেওয়া হয়েছে - এইরকম দলীয়ভাবে বিতরণ করার কোনও অভিযোগ আপনার কাছে এসেছে কি না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কোন নাগরিক এই পর্যন্ত সাহস করে এই ধরনের অভিযোগ আমার কাছে করতে পারেনি।

**শ্রী নবকুমার রায় ঃ** আমি বলেছি যে দলীয় ব্যাপারে যারা বামফ্রন্টকে সমর্থন করেন, এইরকম লোকদের মিনিকিট দেওয়া হয়েছে কি না এবং সেইরকম কোন অভিযোগ আপনার কাছে এসেছে কি না? এখানে সাহসের প্রশ্ন আসেনা।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সাহসের প্রশ্ন এইজন্য আসছে যে একটা অভিযোগ যদি আসে তাহলে সেটার সত্যতা প্রমাণ করার দায়িত্ব প্রশ্নকারির থাকে।

**শ্রী নবকুমার রায় ঃ** এই সম্পর্কে মাননীয় সদস্য সুনীতি বাবু অনেক অভিযোগ করেছেন। তিনি বলেছেন যে যাদের বাড়ি নেই, ঘর নেই, ভোটার লিস্টে নাম নেই, তাদের নামেও লোন দেওয়া হয়েছে, মিনিকিট ইত্যাদি ডিস্ট্রিবিউট করা হয়েছে।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের দেশের দুর্ভাগ্য যে যারা বুকের রক্ত দিয়ে চাষ করে এইরকম অসংখ্য বর্গাদার আছে তাদের ঘর নেই, বাড়ি নেই। বামফ্রন্ট সরকারের যে নীতি আছে সেই নীতি অনুযায়ি বর্গাদারদের মিনিকিট দেওয়া হয়েছে।

**শ্রী নবকুমার রায় ঃ** যাদের বাড়ি নেই, যারা ঐ এলাকার লোক নয়, তারাও লোন পেয়েছে, মিনিকিট পেয়েছে। এইরকম স্পেসিফিক নাম দিয়ে অনেক অভিযোগ করা হয়েছে।

(নো রিপ্লাই)

## গোঘাট ব্লকে শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, রিভার-পাম্প ইত্যাদি স্থাপনের পরিকল্পনা

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০।) **শ্রী নানুরাম রায় ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত সেপ্টেম্বরের বিধ্বংসী বন্যায় ক্ষতিগ্রস্ত গোঘাট ব্লকে শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, রিভার-পাম্প প্রভৃতি বসানোর কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ সেগুলি কার্যকর হবে বলে আশা করা যায়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যখন ১৬ই সেপ্টেম্বর, ১৯৭৮

তারিখে আমার এলাকায় গিয়েছিলেন তখন ৪/৫টি এলাকার ধান নষ্ট হয়ে গেছে বালিতে, সেটা তারা ১০ বছরেও শুধরে উঠতে পারবে না। কাজেই এই সম্পর্কে কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি আপনার সঙ্গে আপনার এলাকায় গিয়েছিলাম এবং সেখানে দেখেছি যে সমস্ত জমিতে বালু পড়েছে। বালি পড়া জমিতে ডিপ টিউবওয়েল, শ্যালো ইত্যাদিতে চাষ হয়না। সেখানে আলাদা প্রক্রিয়াতে এগুলি করতে হবে।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সেই আলাদা প্রক্রিয়াটা কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সেটা হচ্ছে, বালু সরিয়ে চাষ করা এবং বালির জমিতে কি কি ফসল হতে পারে তার ব্যবস্থা গ্রহণ করা।

**শ্রী রাসবিহারি পাল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বালুর জমিতে চাষ করতেও তো জল লাগে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আপনি যে বালির কথা বলেছেন সেখানে জল দিলেও চাষ হবেনা।

### পশ্চিমবঙ্গে কীটনাশক ঔষধ প্রস্তুতের কারখানা

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কীটনাশক ঔষধ প্রস্তুতের কয়টি কারখানা আছে;

(খ) কীটনাশক ঔষধ প্রস্তুতিব্যয় ও বিক্রয়মুল্যের মধ্যে পার্থক্যের পরিমাণ কত; এবং

(গ) উক্ত ব্যয় ও বিক্রয়মূল্যের পার্থক্য কি বিগত সরকারের দৃষ্টিগোচর হইয়াছিল?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) পশ্চিমবঙ্গে লাইসেন্সপ্রাপ্ত ১৪টি কীটনাশক ঔষধ প্রস্তুত করার কারখানা আছে।

(খ) কীটনাশক ঔষধগুলির প্রস্তুতের ব্যয় আমাদের জানা না থাকায় বিক্রয় মূল্য ও প্রস্তুতি ব্যয়ের মধ্যে পার্থক্যের পরিমাণ কত বলা সম্ভব নয়।

(গ) প্রশ্ন ওঠে না।

### পাঁচলার বি ডি ও-র বিরুদ্ধে অভিযোগ

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৫।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁচলার বর্তমান বি ডি ও-র বিরুদ্ধে কোনও অভিযোগ সরকারের নিকট আসিয়াছে কিনা; এবং

(খ) আসিয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** .

(ক) হ্যাঁ।

(খ) অভিযোগ অনুযায়ি যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

**রামপুরহাট-এর বিভিন্ন অঞ্চলে কাজুবাদাম চাষ খামার প্রকল্প**

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানার কাষ্ঠগড়া, বোনহাট, নারায়ণপুর ও মাসড়া অঞ্চলে কাজুবাদাম চাষ খামার করার কোনও প্রকল্প সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর হবে বলে আশা করা যায়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** বীরভূম জেলার রামপুরহাট অঞ্চলের যে জায়গাগুলির কথা আমি উল্লেখ করেছি সেখানে কাজুবাদাম চাষের জন্য কোনওরকম সেচের ব্যবস্থা নেই; কিন্তু এখানে কাজুবাদাম যদি চাষ হয় তাহলে অনেক চাষি এর দ্বারা তাদের অন্নের সংস্থান করতে পারবে। সেইজন্য আমি কৃষিমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, তিনি এইসব জায়গায় কৃষির উন্নতির জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অনুগ্রহ করে মাননীয় সদস্য যদি আমাকে একটা পরিকল্পনা দেন, আমি নিশ্চয়ই সেটা দেখব।

**গোঘাট ব্লকের বালি অঞ্চলে বন্যাবিধ্বস্ত জমি চাষোপযোগী করিয়া তোলার প্রচেষ্টা**

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯।) **শ্রী নানুরাম রায় ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে গত ১লা ডিসেম্বর ১৯৭৮ তারিখের মৌলিক প্রশ্ন নং *১১২ (অনুমোদিত প্রশ্ন *২৫২)-এর উত্তর উল্লেখপূর্বক জানাইবেন কি—

(ক) গোঘাট ব্লকের বালি অঞ্চলে যে সমস্ত জমিতে বিধ্বংসী বন্যায় প্রভূত বালি পড়িয়া চাষের অযোগ্য হইয়া পড়িয়াছে সেই সমস্ত জমির জরিপের কাজ ও বিশেষজ্ঞ কর্তৃক প্রকল্প নির্ধারণের কাজ সমাপ্ত হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কবে নাগাদ উক্ত এলাকা চাষের উপযোগী করিয়া তোলা যাইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ, জরিপের কাজ শেষ হইয়াছে। সম্ভাব্যস্থলে জমি চাষ উপযোগী করিবার বিশদ সুপারিশ শীঘ্রই পাওয়া যাইবে বলিয়া আশা করা যাইতেছে।

(খ) সুপারিশগুলি পাওয়া গেলে কৃষি দপ্তরের মাধ্যমে সম্প্রসারণ কর্মি ও চাষিদিগকে তদনুসারে কাজ করার জন্য জানানো হইবে।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে স্বীকার করলেন যে, হাজার হাজার বিঘা জমিতে বালি পড়ে জমিগুলি চাষের অযোগ্য হয়ে আছে। তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই বালি তুলে কি সেখানে চাষ করার ব্যবস্থা করা হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মোটামুটি ভাবে সেই ধরনের সুপারিশ এসেছে। আমাদের কৃষি অনুসন্ধান পরিষদ একটা টাস্কফোর্স গঠন করেছে, তাদের কাছে আমরা এ সম্পর্কে বিস্তারিতভাবে জানিয়েছি, ওদের সুপারিশ পাওয়া গেলে পর বালি পড়ার গভীরতা অনুযায়ি চাষের ব্যবস্থা করা হবে।

**শ্রী নানুরাম রায় ঃ** যদি ওদের সুপারিশ দেখা যায় যে, বলা হচ্ছে বালি তোলা যাবে না, তাহলে হাজার হাজার বিঘা জমিতে বালি পড়ে থাকবে, তাহলে সেখানকার মানুষগুলি কি করবে এবং কি খাবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যদি দেখা যায় টাস্কফোর্স বলছে ওখানে আর আবাদ হবে না। তাহলে সেখানকার কৃষকদের জন্য বামফ্রন্ট সরকার নিশ্চয়ই বিকল্প ব্যবস্থা করবে, কেন না হাজার হাজার লোককে কিছুতেই আমরা কর্মচ্যুত করতে পারিনা।

**শ্রী নানুরাম রায় ঃ** বিকল্প ব্যবস্থাটা কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সেটা অবস্থা অনুযায়ি হবে।

### বর্তমান বৎসরে রবি চাষ

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে কত একর জমিতে রবি চাষ হচ্ছে;

(খ) ঐ চাষে কিরূপ ফলন আশা করা যায়; এবং

(গ) রবি চাষের জন্য জল পাওয়ার কোনও অসুবিধা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) বর্তমান বৎসরে মোট ৬০,৮১,৫০০ একর জমিতে রবি চাষের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

(খ) ঐ চাষে মোট ফলনের লক্ষ্য মাত্রা ৯৮,৭৭,৫০০ মেট্রিক টন।

(গ) এ পর্যন্ত কোনও জেলা থেকে রবি চাষের জন্য জলের অসুবিধার খবর পাওয়া যায়নি।

**পশ্চিমবঙ্গে সরিষা চাষে ব্যবহৃত জমির পরিমাণ**

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৩।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় এই বৎসর কত জমিতে সরিষা চাষ হইয়াছে;

(খ) গত বৎসরের ও বর্তমান বৎসরের সরিষা উৎপাদনের মধ্যে পার্থক্য কত;

(গ) উক্ত সরিষা হইতে আনুমানিক কি পরিমাণ তৈল উৎপন্ন হইবে; এবং

(ঘ) সরকার উক্ত সরিষা উৎপাদনের জন্য কোনও কর্মসূচি গ্রহণ করিয়াছিলেন কিনা?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) এই বৎসর আনুমানিক ৪ লক্ষ একর জমিতে সরিষার চাষ হইয়াছে।

(খ) এ বৎসর গত বৎসরের তুলনায় আনুমানিক ১৭.২ হাজার টন বেশি উৎপাদন আশা করা যায়। গত বৎসরের ৪২.৮ হাজার টন উৎপাদনের তুলনায় এবৎসর ৬০ হাজার টন উৎপাদন হইবে মনে হয়।

(গ) আনুমানিক ২০ হাজার টন তৈল উৎপাদিত হইবে।

(ঘ) চলতি বৎসরে সরিষা উৎপাদনের জন্য নিম্নলিখিত সরকারি কর্মসূচি গ্রহণ করা হইয়াছিল :—

(১) বন্যাক্লিষ্ট ও খরাক্লিষ্ট এলাকায় কৃষকদের জন্য ২ লক্ষ সরিষার মিনিকিট বিনামূল্যে বিতরণ করা হইয়াছিল। প্রতি মিনিকিটে এক কেজি বীজ ও দশ কেজি ইউরিয়া সার ছিল; এবং এর দাম পড়িয়াছিল ২৫ টাকা। এ বাবদ রাজ্য সরকারের মোট ব্যয় হইয়াছে ৫০ লক্ষ টাকা।

(২) এছাড়া তৈলবীজ উন্নয়ন প্রকল্পে সারা রাজ্যে এরকম আরও ৫০ হাজার মিনিকিট বিনা মূল্যে বিতরণ করা হইয়াছে। এ বাবদ রাজ্য সরকারের ব্যয় হইয়াছে সাড়ে বার লক্ষ টাকা।

**শ্রী বিনয় ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় বার বার বলছেন যে মিনিকিট বিতরণ করা হয়েছে কিন্তু মিনিকিট কনটেন্স পি.এম.কে প্রথম ৬ মাস পি. ছিল না, নেক্সট ৬ মাস কে. ছিল না তাহলে মিনিকিট ক্যান নট বি ডিস্ট্রিবিউটেড?

**শ্রী কমলকান্তি গুহ :** সব জায়গায় পায়নি। যে সার দেওয়ার কথা ছিল তা পায়নি। অন্য সার দেবার ব্যবস্থা করেছি এবং কেন সার পায়নি তা গতকালের জবাবি ভাষণে বিস্তারিতভাবে বলেছিলেন কিন্তু তা সত্ত্বেও আমরা দেখেছি এবারে চাষ খুব ভাল হয়েছে।

**মহেশতলা এবং বাটানগর হইতে কলকাতা পর্যন্ত সরকারি বাস চালাইবার পরিকল্পনা**

*১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৯৭) **শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহেশতলা এবং বাটানগর হইতে কলকাতা পর্যন্ত সরকারি বাস চালাইবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী মহঃ আমিন**

(ক) এইরূপ কোনও পরিকল্পনা বর্তমানে বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আপনি বললেন যে কোনও পরিকল্পনা নেই কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এই পরিকল্পনা বিবেচনাধীন না করার বাধা কোথায়?

**শ্রী মহঃ আমিন :** একটা পরিকল্পনা এই মর্মে আছে বিশ্ব ব্যাঙ্কের কাছে যে প্রোজেক্ট রিপোর্ট সি.এস.টি.সি. দিয়েছে তাতে বজবজ থেকে এসপ্ল্যানেড নতুন রুটের প্রস্তাব আছে এবং সেটা মহেশতলা হয়ে যাবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এটা মহেশতলা হয়ে যাবে কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এটা কি বেহালার উপর দিয়ে আসবে? এই রুট কি হবে?

**শ্রী মহঃ আমিন :** হ্যাঁ, বেহালার উপর দিয়ে আসবে এবং তা এসপ্ল্যানেড পর্যন্ত আসবে।

**শ্রী মীর আবদুস সঈদ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন এই ৭৭ এবং ৭৭-এ বাসের বাস সিন্ডিকেটের শ্রী বারীন ব্যানার্জি তিনি একটি বাস্তু-ঘুঘু। ৮০ খানি বাসের মধ্যে ৪০ খানি বাস বসিয়ে রাখে কিংবা অন্য জায়গায় চালায় এবং তারফলে বহু মানুষের কষ্ট হয় আমার অনুরোধ হচ্ছে যে, আপনি ঐ রাস্তায় স্টেট বাসের ব্যবস্থা করতে পারেন কি?

**শ্রী মহঃ আমিন :** আপনি অভিযোগ পাঠিয়ে দেবেন, আমি তদন্ত করে দেখব।

### পাঁচলা ব্লকের জন্য এ এন পি ইনটেন্সিভ স্কীম

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৩।) **শ্রী সন্তোষকুমার দাস :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পাঁচলা ব্লকের জন্য একটি এ এন পি ইনটেন্সিভ স্কীম মঞ্জুর হয়েছিল কি; এবং

(খ) সত্য হইলে, তার বর্তমান অবস্থা কি?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) পাঁচলা ব্লকের জন্য একটি এ.এন.পি নিবিড় প্রকল্পের (ইনটেনসিভ স্কীম) ব্যয় বরাদ্দ মঞ্জুর হয় নাই। তবে, ভারত সরকার ১৮।৬।৭৭ তারিখের চিঠিতে জানিয়েছিলেন অন্যান্য রাজ্যের ন্যায় এ রাজ্যেও একটি ব্লকে উক্ত স্কীম চালু করা হবে। রাজ্য সরকার পাঁচলা ব্লকের নামে ঠিক করে ভারত সরকারের কাছে

অনুমোদনের জন্য পাঠিয়েছিলেন। ভারত সরকার পাঁচলা ব্লকের নাম অনুমোদন করেছেন।

(খ) সংশ্লিষ্ট দপ্তর টেকনিক্যাল অফিসার স্থানীয় বিধানসভার সদস্য, জেলাশাসক এবং বিডিও পাঁচলার সাথে যোগাযোগান্তে বিভিন্ন প্রকল্পাদি একত্রীকরণ করে রাজ্য পর্যায় সমন্বয় কমিটির সভায় উপস্থাপিত করা হয়। পরে প্রকল্পটিকে ভারত সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠানো হয়। ভারত সরকার প্রকল্পটির ১৩টি ক্ষেত্রে মন্তব্য রেখে সংশোধন করতে বলেছেন। বিডিও পাঁচলাকে এব্যাপারে লেখা হয়েছিল। গত ৯।২।৭৯ তারিখে হাওড়ার জেলা শাসকের ঘরে সংশ্লিষ্ট দপ্তরের অফিসার স্থানীয় বিধানসভার সদস্য এবং বিডিও পাঁচলার সহিত এব্যাপারে একদফা আলোচনা হয়ে গেছে। এ মাসের মধ্যে ভারত সরকারের নিকট সংশোধিত প্রকল্পটি অনুমোদনার্থে পাঠানোর চেষ্টা করা হচ্ছে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ স্কীম মঞ্জুরের টাকা মার্চ মাসের মধ্যে যদি না হয় তাহলে কি ৭৯।৮০তে মঞ্জুর হওয়ার সম্ভাবনা আছে।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** প্রকল্প মঞ্জুর হয়েছে কিন্তু কেন্দ্রীয় সরকার অর্থ এখনও মঞ্জুর করেনি। আমরা এই বিষয়টা জানিয়েছি তবে আর্থিক বছরের মধ্যে টাকা ফেরত যাবে না, টাকা থাকবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এইরকম পাঁচলা ব্লকের মতন কতকগুলি স্কীম পাঠানো হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এইরকম পরিকল্পনা একটি মাত্র ব্লকেই করা যাবে। সাধারণত শিডিউল কাস্ট যে জায়গায় বেশি থাকে সেই জায়গায়ই করা যাবে। আমরা দেখেছি যে পাঁচলা হচ্ছে উপযুক্ত জায়গা।

**শ্রী হাজারি বিশ্বাস ঃ** মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত শিডিউল কাষ্ট এলাকা আছে এখানে এইরকম পরিকল্পনা আছে কিনা?

**মিঃ স্পিকার ঃ** এ থেকে এ প্রশ্ন ওঠে না।

## মেদিনীপুর জেলায় সচল ও অচল গভীর নলকূপের সংখ্যা

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৪।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি গভীর নলকূপ আছে এবং তন্মধ্যে, (১) কতগুলি সচল ও (২) কতগুলি অচল;

(খ) প্রতি গভীর নলকূপের সাহায্যে গড়ে কত একর জমিতে বোরো মরশুমে জলসেচ সম্ভব; এবং

(গ) ১৯৭৮ সালের বোরো মরশুমে প্রতি নলকূপের সাহায্যে গড়ে কত একর জমিতে

সেচের জলে চাষ করা হইয়াছিল?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) মোট ১৭০টি গভীর নলকূপ আছে। তন্মধ্যে বর্তমানে ১৪১টি সচল এবং ২৯টি অচল অবস্থার আছে।

(খ) ঘাটাল এবং তমলুক মহকুমায় নলকূপ পিছু গড়ে ৬০ একর এবং কাঁথি, ঝাড়গ্রাম ও মেদিনীপুর সদর মহকুমায় গড়ে ৪০ একর জমিতে বোরো মরশুমে জল সেচ সম্ভব।

(গ) ১৯৭৮ সালে ঘাটাল এবং তমলুক মহকুমায় নলকূপ পিছু গড়ে ৫০ একর এবং কাঁথি, ঝাড়গ্রাম ও মেদিনীপুর সদর মহকুমায় গড়ে ৩০ একর জমিতে বোরো মরশুমে জল দেওয়া হইয়াছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ২৯টি অচল থাকার কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ৫টি মজে গেছে, এগুলি আবার নূতন ভাবে খনন করা হবে এবং আনুষঙ্গিক কাজ হয়ে গেলে এইগুলি আবার চালু করা সম্ভব হবে। ট্রান্সফরমার ও এল.টি. লাইনের তার চুরি যাওয়ার ফলে এবং কোনও কোনও ক্ষেত্রে লাইনের স্তম্ভ ক্ষতিগ্রস্থ হওয়ায় অবশিষ্ট ২১টি নলকূপ অচল অবস্থায় আছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ৬০ থেকে ৪০ এই কম হবার কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ঘাটাল এবং তমলুক মহকুমায় নলকূপ পিছু গড়ে ৫০ একর, এর কারণ হচ্ছে ঘাটাল এবং তমলুক মহকুমা ব্যতিত জেলার অন্যান্য এলাকায় জমি হালকা ধরনের হওয়ার ফলে জল ধারনের ক্ষমতা কম।

(২) কিছু কিছু জায়গায় এলাকায় ভূগর্ভে জলের অপ্রতুলতা বর্তমান।

(৩) এই জেলায় অনুপস্থিত ভূসত্ত্বামি থাকায় জলের পূর্ণ ব্যবহার হয়না।

(৪) স্পাউট পয়েন্ট হইতে প্রত্যেক জমি পর্যন্ত কাঁচা নালা (যাহা চাষিদের তৈয়ারি করার কথা) না থাকায় জলের অপচয় হয়।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** পটাশপুর ব্লকে কটা গভীর নলকূপ আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ঘাটাল মহকুমায় - ৩৪, তমলুক ৪৮, কাঁথি - ১৫, ঝাড়গ্রাম ৭, সদর মহকুমায় ৬৬,।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** পটাশপুর ব্লকে সি.ডি. বীজ খামারের কাছে যে ডিপ টিউবওয়েল হয়েছিল গত বছর সেটা মাত্র ২ মাস চলার পর কেন বন্ধ হয়ে গেছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** খোঁজ নিয়ে বলব।

**শ্রী কিরণময় নন্দ ঃ** ২৯টি গভীর নলকূপ যে খারাপ হয়ে গেছে এগুলি সচল করতে আর কতদিন সময় লাগবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** বিভিন্ন দপ্তরের সঙ্গে যোগাযোগ করে এই কাজ করতে হয়, সেই কারণে বিভিন্ন দপ্তরকে বলেছি, শীঘ্র আশা করছি এইগুলো চালু করতে পারব।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** গভীর নলকূপগুলি কারা মেনটেনান্স করেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যেগুলি এম.আই.সি'র সেগুলি তাঁরা করেন, যেগুলি অ্যাগ্রো ইরিগেশনের সেগুলি তাঁরা করেন।

## Starred Question

(to which oral answers were given)

### রামপুরহাটের জনতা কোল্ড স্টোরের নষ্ট আলুর জন্য কৃষকদের ক্ষতিপূরণ দান

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাটে অবস্থিত জনতা কোল্ড স্টোর-এ মজুত রাখা কৃষকদের বহু আলু নষ্ট হইয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণ দেওয়ার কথা সরকার চিন্তা করিয়াছেন কি; এবং

(গ) করিয়া থাকিলে, কি হারে তাহাদের ক্ষতিপূরণ দেওয়া হইবে বা হইয়াছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ইহা সত্য যে জনতা হিমঘরের যে ১৩২০ কুইন্টাল উদ্বৃত্ত আলু বীরভূম জেলার অবিনাশ হিমঘরে রাখা হইয়াছিল তাহা নষ্ট হইয়া গিয়াছে। ইহা ছাড়া জনতা হিমঘরের জন্য আলু নষ্ট হবার কোনও অভিযোগ পাওয়া যায় নাই।

(খ) ও (গ) মোট ক্ষতিগ্রস্ত ৩৭৬ জন মজুতকারির মধ্যে ২৯৮ জনকে কুইন্টাল প্রতি ৭৫ টাকা হিসাবে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

বাকি ক্ষতিগ্রস্ত মজুতকারিকে আলোচনার মাধ্যমে স্থিরীকৃত হারে ক্ষতিপূরণ দেওয়া হইতেছে। আপোষ আলোচনার মাধ্যমে ফয়সালা না হইলে ক্ষতিপূরণ দানের আইনানুগ ব্যবস্থা অবলম্বন করা হইবে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** অবিনাশপুরে যে আলু রাখা হয়েছিল তাতে আদান-প্রদানের সমস্যা কতদিনের মধ্যে শেষ হবে এবং এ বিষয়ে মার্কেটিং অফিসারকে ব্যবস্থা গ্রহণ করার কথা বলবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যারা ক্ষতিপূরণ পায়নি তাদের জন্য চেষ্টা করা হচ্ছে, তবে আপোষ আলোচনায় না হলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** আর কতদিন সময় লাগবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** জনস্বার্থের জন্য এর উত্তর দেওয়া যাচ্ছে না।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনারা কি কোনও আইন করছেন যাতে ক্ষতিপূরণের

কোনও অসুবিধা না হয়?

**মিঃ স্পিকার ঃ** এ প্রশ্ন ওঠে না।

**কলিকাতা, ২৪-পরগনা ও হাওড়া পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক মিনিবাসের পারমিট প্রদান**

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কলকাতা, ২৪-পরগনা ও হাওড়া পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত কতগুলি মিনিবাস চলাচল করে;

(খ) তাহাদের মালিকদের মধ্যে কতজন মুসলমান; এবং

(গ) উক্ত পরিবহন কর্তৃপক্ষের দ্বারা ১৯৭৭ সালের ১লা জুলাই হইতে ১৯৭৯ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কতগুলি মিনিবাসের পারমিট দেওয়া হইয়াছে ও তাহাদের প্রাপকদের মধ্যে কতজন মুসলমান?

**শ্রী মহঃ আমিন ঃ**

(ক) ৬৭৭টি।

(খ) যতদূর জানা যায় ১৭ জন।

(গ) উক্ত সময়ের মধ্যে একমাত্র কলকাতা আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ ৩ খানি অস্থায়ি পারমিট মঞ্জুর করিয়াছেন এবং পারমিট প্রাপকদের মধ্যে ১ জন মুসলমান।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** ৩ জনের বেশি দেওয়া হল না কেন?

**শ্রী মহঃ আমীন ঃ** এরা সময় মতো টাকা জমা দেয়নি, দরখাস্ত করেন নি, যারজন্য রিনিউয়্যাল হয়নি। তবে পরবর্তীকালে এলে টেম্পোরারি পারমিট দেবার কথা বলেছি।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** যানবাহনের অবস্থার পরিপ্রেক্ষিতে আরও মিনিবাসের লাইসেন্স দেবার কথা চিন্তা করছেন কি?

**শ্রী মহঃ আমীন ঃ** আপাতত নয়।

**শ্রী কমল সরকার ঃ** নিউ ব্যারাকপুর থেকে কলকাতায় আসার জন্য মিনিবাসের ব্যবস্থার কথা চিন্তা করছেন কিনা?

[1-40 — 1-50 P.M.]

**মিঃ স্পিকার ঃ** এরসঙ্গে নিউ ব্যারাকপুরের প্রশ্ন আসে না।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বারাসত থেকে কলকাতা পর্যন্ত মিনি বাস চালাবার কোনও পরিকল্পনা আছে কিনা?

(নো রিপ্লাই)

**শ্রী শচীন সেন ঃ** প্রশ্নকারক জানতে চেয়েছেন মিনি বাসের পারমিট কতজন মুসলমান পেয়েছেন, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি তারমধ্যে কতজন শিয়া এবং কতজন সুন্নী আছে?

(নো রিপ্লাই)

**মুর্শিদাবাদ জেলার বরোয়াঁ ও ভরতপুর ১নং ব্লকে বালি পড়া জমি পুনরুদ্ধার**

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৩।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিগত বন্যার পরে মুর্শিদাবাদ জেলার বরোয়াঁ ও ভরতপুর ১নং ব্লকে বালি পড়া জমি পুনরুদ্ধার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

হ্যাঁ, 'খাদ্যের বিনিময়ে কাজ' প্রকল্পের মাধ্যমে সম্ভাব্য স্থলে বালিপড়া জমির পুনরুদ্ধার করা হচ্ছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় সম্ভাব্য কথাটা ব্যবহার করলেন কেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যেখানে ৬ ইঞ্চির কমে বালু পড়েছে সেখানে চাষের কোনও অসুবিধা হবে না, চাষ সহজে করা যাবে বলে আমরা সম্ভাব্য কথাটা রেখেছি। আর যেখানে ৬ ইঞ্চির বেশি বালু পড়েছে সেখানে চাষের অযোগ্য বলে সম্ভাব্য কথাটা বলা হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** যেখানে ৬ ইঞ্চির বেশি বালি পড়েছে সেখান থেকে বালি সরানোর জন্য ফুড ফর ওয়ার্ক ছাড়া অন্য কোনও বিকল্প ব্যবস্থা করা হচ্ছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা বিভিন্ন দপ্তরের সাথে যোগাযোগ করবার চেষ্টা করছি, বিশেষ করে পি.ডব্লু.ডি. ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করছি তাদের বুলডোজার নিয়ে এইসব বালি সরানো যায় কিনা।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন এইসব এলাকা হচ্ছে প্রধানত আলু চাষের এলাকা এবং কিছু কিছু আমন চাষের এলাকা আছে। আপনি যেটা বললেন বালি যদি থাকে তাহলে সেইরকম ফসল সেখানে লাগানো যেতে পারে। এই দুটো মিলিয়ে দেখলে দেখা যাবে আলু এবং আমন যেখানে চাষ হয় সেখানে বিকল্প ব্যবস্থা গ্রহণ না করলে চাষিরা ক্ষতিগ্রস্ত হবে। কাজেই সেদিক থেকে গোটা জিনিসটা বিবেচনা করে আপনি দেখবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নিশ্চয়ই দেখব।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় বলেছেন যে কেন্দ্রীয় সরকার ফুড ফর ওয়ার্কের মাধ্যমে বন্যায় জমিতে যে বালি পড়ে গেছে সেটা সরাতে দিচ্ছে না, অথচ আপনি বলছেন ফুড ফর ওয়ার্কের মাধ্যমে বালি সরানো হচ্ছে, এই দুটোর মধ্যে কোনটা সত্য?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** দুইরকম আছে, ব্যক্তিগত জমি থেকে বালি সরানোর ব্যাপারে কেন্দ্রীয় সরকার আপত্তি করেছেন, ফুড ফর ওয়ার্কের মাধ্যমে সেটা করা যাবে না, কিন্তু সেখানে কমিউনিটি বেসিস নিয়ে সেটাকে করা যায় এবং ইতিমধ্যে অর্ডার এসেছে। আবার আমরা এটা পরিষ্কার মনোভাব জানবার জন্য দিল্লিতে লিখেছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** এই জেলার ভোগপুর থানায় কি পরিমাণ জমিতে বালি পড়েছে বলতে পারবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নোটিশ দিলে জানাব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মন্ত্রী মহাশয় বললেন কেন্দ্র আপত্তি করেছে অর্ডার দিয়ে। সেই আপত্তি কিভাবে করেছে, কোন চিঠিতে করেছে বলবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এ সম্বন্ধে আপনি যদি আলাদা প্রশ্ন করেন তাহলে মেমো নম্বর কত সবকিছু বলে দেব।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন, যে জমিতে কাজ করানো যাবেনা সেখানে তিনি কমিউনিটি করার ব্যবস্থা করেছেন। এই কমিউনিটি বলতে আপনি কি বোঝাচ্ছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সমগ্র জনস্বার্থের খাতিরে এই কাজ করা উচিত, গ্রামের স্বার্থে বা রাজ্যের স্বার্থে এটা করা উচিত এইভাবে দেখার চেষ্টা আমরা করছি এবং সেইভাবে দিল্লির কাছে আমরা লিখেছি যে, এইভাবে আমাদের কাজ করবার অনুমতি দেওয়া হোক।

### আমন ধানের সংগ্রহ মূল্য

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২০।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে আমন ধানের সংগ্রহ মূল্য কত;

(খ) গত ৩১শে জানুয়ারি, ১৯৭৯ পর্যন্ত কত ধান সংগৃহীত হয়েছে; এবং

(গ) বর্তমান বৎসরে সংগ্রহের লক্ষ্যমাত্রা কত?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) বর্তমান (১৯৭৮-৭৯) খারিফ মরশুমে আমন ধানের কুইন্টাল প্রতি সংগ্রহ মূল্য হইল এইরূপ ঃ—

আমন সাধারণ - ৮৫ টাকা

আমন মিহি - ৮৮ টাকা

আমন অতিমিহি - ৯১ টাকা

এবং সুগন্ধি

(খ) বর্তমান খরিফ মরশুমে ৩১।১।৭৯ পর্যন্ত ৩৯,১০৮ মেট্রিক টন ধান সংগৃহীত হইয়াছে, ইহা ছাড়া ৪৮,৯৯০ মেট্রিক টন চালও সংগৃহীত হইয়াছে। ধানের হিসাব ঐ তারিখ পর্যন্ত মোট সংগ্রহের পরিমাণ ১,১২,৫৯৩ মেট্রিক টন।

(গ) বর্তমান খরিফ মরশুমে ধান ও চাল সংগ্রহের কোনওরূপ লক্ষ্যমাত্রা স্থির করা হয় নাই।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** পুলিশ চাল পাচারকারিদের কাছ থেকে যে চালগুলি নেয় সেগুলি সংগ্রহের মধ্যে পড়ে কি? •

**শ্রী সুধীন কুমার ঃ** এটা এফ সি আই-র কাছে বিক্রি করে এবং কোর্ট থেকে হুকুম নিয়ে করে। সংগ্রহের মধ্যে না এলে সেটা সিজড বাই দি গভর্নমেন্ট এবং সেটা কোর্টে এক্তিয়ারের মধ্যে পড়ে।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** যে চালগুলি কেড়ে নেওয়া হয় তার দাম দেবার কোনও ব্যবস্থা আছে কি?

**মিঃ স্পিকার ঃ** উনি তো বলেছেন গভর্নমেন্ট সিজ করলে সেটা কোর্টের এক্তিয়ারে পড়বে এবং তা যদি না হয় তাহলে সেটা এফ সি আই-র কাছে বিক্রি করবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি বলেছেন সংগ্রহ মূল্য ৮৫ টাকা প্লাস ৭ টাকা। কিন্তু আপনার কাছে এই খবর আছে কি যে, সংগ্রহ মূল্যের চেয়ে অনেক কম দামে বিভিন্ন অঞ্চলে ধান বিক্রি হচ্ছে?

**শ্রী সুধীন কুমার ঃ** আমার কাছে খবর আছে এটা সম্পূর্ণ ভুল। আমার কাছে খবর আছে সংগ্রহ মূল্যের উপরেই ধান বিক্রি হচ্ছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ১৯৭৮ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কত ধান সংগৃহীত হয়েছে জানাবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** Notice চাই।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** ঐ যে বোরো ধান বা যে সমস্ত হাইইল্ডং ভ্যারাইটি ধান হচ্ছে তার সংগ্রহ মূল্য ধার্য করেছেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের যে ক্লাসিফিকেশন আছে তার অন্তর্গত যারা পড়ে তার মূল্য আমি বলেছি এবং এটা শুধু আমাদের নয় কেন্দ্রীয় সরকারের সঙ্গে মিলে বন্যা ক্লাসিফিকেশন হচ্ছে—বোরো, আমন, আউস হিসাবে নয় মিহি, অতি মিহি সুগন্ধী চাল হিসাবে ক্লাসিফিকেশন হয়। পশ্চিম বাংলার শতকরা ৯০ ভাগ মিহি হিসাবে সংগৃহীত হয়।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** আপনি বলেছেন ৮৫, ৮৮, ৯১ কুইন্টাল প্রতি দাম কিন্তু খোলা বাজারে তার চেয়ে বেশি দামে বিক্রি হচ্ছে। তা হলে গভর্নমেন্ট যদি কম দামে সংগ্রহ করেন তা হলে সরকার চাষিদের ডাইরেক্টলি ঠকাচ্ছেন না কি?

**মিঃ স্পিকার ঃ** এটা নীতির প্রশ্ন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** সংগ্রহ মূল্য বাড়াবার কোনও প্রস্তাব সরকারের আছে কিনা?

**শ্রী সুধীন কুমার :** এ বছর ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত এই সংগ্রহ মূল্য রয়েছে এবং তার উপর ৭ টাকা দেওয়া হয়। গরিব মানুষ যাতে কম দামে বিক্রি না করেন সেইজন্য তারা সরকারের কাছে বিক্রি করতে পারেন, কিংবা তারা যেখানে বেশি দাম পাবেন সেখানে বিক্রি করতেও কোনও বাধা নেই।

**শ্রী রজনীকান্ত দোলুই :** ২৮শে ফেব্রুয়ারির পর সংগ্রহ মূল্য চেঞ্জ করবেন কিনা?

**শ্রী সুধীন কুমার :** আপাতত এটা চেঞ্জ করার কোনও প্রয়োজনীয়তা নেই। যদি সেরকম প্রশ্ন আসে তবে বিবেচনা করব।

**শ্রী জন্মেজয় ওঝা :** এই সংগৃহীত ধানের মধ্যে লেভির ধান কতটা?

**শ্রী সুধীন কুমার :** ধানের উৎপাদনের উপর কোনও লেভি রাখা হয়নি। কাজেই লেভি ধান নেই। এই যে ধান তা সম্পূর্ণ খোলা বাজার থেকে কেনা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** রাইস মিলের কাছ থেকে কোনও সংগ্রহ করা হয়েছে কিনা?

**শ্রী সুধীন কুমার :** আইন মতো তাদের কেনা শতকরা ৫০ ভাগ তাদের লেভি দিতে হবে। তবে যারা ইচ্ছা করবেন তারা সরকারের নির্দিষ্ট পরিমাণ চাল অঙ্গিকার করলে সরকারের কনট্রাক্ট লেভি করতে পারেন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এরমধ্যে মিল থেকে কত মেট্রিক টন সংগ্রহ করা হয়েছে?

**শ্রী সুধীন কুমার :** বাজারে যে ডিসট্রেস সেল হয় সেটাই কেনা হয়েছে। আর মিলের কাছ থেকে যেটা নেওয়া হয় সেটা ধান নয় চাল।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** যারা সরকারি মূল্যে ধান বিক্রি করতে পারছে না, তারা সরকারের কাছে এসে ডিসট্রেস সেল করতে পারবেন কিনা?

**শ্রী সুধীন কুমার :** কোথায় বিক্রি করতে পারছেন না জানালে বাধিত হব।

**হুগলি জেলার পান্ডুয়া থানার বিভিন্ন অঞ্চলে অগভীর নলকূপের সংখ্যা**

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার পান্ডুয়া থানায় পাঁচগড়া তোড়গ্রাম, শিখিরা চাঁপ্তা ও ক্ষিরকুন্ডী নমাজ গ্রাম অঞ্চল পঞ্চায়েতে ব্যাঙ্ক ঋণের মাধ্যমে ও এস এফ ডি এ অনুদানে কোনও অগভীর নলকূপ গত ১৯৭২ সাল হইতে ১৯৭৬ সালের মধ্যে হইয়াছিল কি;

(খ) হইলে, কোন অঞ্চল পঞ্চায়েতে কয়টি গুচ্ছ নলকূপ প্রোথিত হইয়াছিল;

(গ) কোন অঞ্চলে কয়টি চালু হইয়া সেচনের কাজ করিতেছে; এবং

(ঘ) যদি উহাদের মধ্যে কোনও নলকূপ সেচনের জন্য কার্যকর হয় নাই অবস্থায় থাকে তাহা হইলে কি কারণে হয় নাই?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ, হইয়াছিল।

(খ) ১৯৭৬-৭৭ সালের মধ্যে নিম্ন অগভীর নলকূপগুলি প্রোথিত হইয়াছিল ঃ—

(১) পাঁচঘরা তোড়গ্রাম অঞ্চল - ১১৩টি

(২) শিখিরা চাঁপতা অঞ্চল - ৪০টি

(৩) ক্ষিরকুনড়ি নিয়ালা নমাজগ্রাম অঞ্চলভুক্ত (নিয়ালা সাইবোনা গ্রাম উন্নয়ন সমিতির মাধ্যমে - ২১টি)

(গ) কোন অগভীর নলকূপ সম্পূর্ণরূপে সেচের উপযুক্ত করিয়া চালু করা হয় নাই। বৈদ্যুতিকরণ ও আনুষঙ্গিক ব্যবস্থাপনা সাপেক্ষে, নিম্নলিখিত অগভীর নলকূপ ১৯৭৭-৭৮ সাল হইতে বোরো ও রবিশষ্য সেচের জন্য ব্যবহৃত হইতেছে, এবং তজ্জন্য ক্ষুদ্র চাষি উন্নয়ন সংস্থার অনুদানে সংগৃহীত ডিজেল পাম্প ও অন্যসূত্রে ভাড়া করা পাম্প ব্যবহার করা হইতেছে -

(১) পাঁচঘরা তোড়গ্রাম অঞ্চল - ১২টি

(২) শিখিরাচাপতা অঞ্চল - ৬টি

(৩) নিয়ালা সাইবোনা .....

(ঘ) নলকূপগুলির সহিত সাম্পওয়েলের সংযুক্তিকরণ প্রশ্নে ব্যাঙ্ক হইতে ঋণ সংগ্রহের অনিশ্চয়তা প্রদান করেন।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কি করে আবার এটাকে চালু করা যায় তারজন্য সরকার কোনও পরিকল্পনা নিয়েছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্যদের জেনে রাখা ভাল এইসব স্কীমে আমরা সরকার থেকে খালি - ঐ এস,এফ,ডি,এ, থেকে প্রান্তিক চাষি ও ক্ষুদ্র চাষিদের ব্যাঙ্ক লোন ও সাবসিডি দিয়ে থাকি। এইগুলি ঠিক করবার ব্যাপারে সমবায় বা ব্যাঙ্ক তাদেরই প্রধান দায়িত্ব এটা, সরকারের কোনও দায়িত্ব নেই, সরকার শুধু ভর্তুকি দিয়েই খালাস।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যারা এতদিন পর্যন্ত সরকারের টাকা ও ব্যাঙ্কের টাকা নিয়ে এই সমস্ত কেলেঙ্কারি করল তারা আজকে বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করা হবে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্যদের জেনে রাখা ভাল এই গভীর নলকূপ করার নামে প্রচুর টাকা প্রত্যেক জেলায় নষ্ট করা হয়েছে। এই টাকা অসাধুভাবে ব্যবহার করা হয়েছে এত বেশি যে এই সমস্ত জিনিস করতে গেলে সরকারের আর অন্য কোনও কাজ করা যাবেনা সেইজন্য যেসব ব্যাঙ্ক বা যারা ঋণ দিয়েছে আমরা তাদের উপরেই দায়িত্ব দিয়েছি যে আপনারা ঋণ দিয়েছেন আপনারাই এর ব্যবস্থা করুন।

## ADJOURNMENT MOTIONS

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী হরিপদ জানা এ.কে.এম. হাসানুজ্জামান ও মহঃ সোহরাবের কাছ থেকে তিনটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী জানা মেদিনীপুর জেলার ভগবানপুর থানায় একটি রাজনৈতিক দলভুক্ত কিছু ব্যক্তির হামলার কথা,

দ্বিতীয় প্রস্তাবে শ্রী হাসানুজ্জামান জ্বালানি তেলের মূল্য বৃদ্ধিতে পেট্রোল পাম্পের কালো বাজারির কথা,

তৃতীয় প্রস্তাবে শ্রী সোহরাব বিদ্যুৎ সঙ্কটের ফলে পশ্চিমবঙ্গের জনজীবনে দুরবস্থার কথা আলোচনা করতে চেয়েছেন।

প্রথম প্রস্তাবটি আইন ও শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে।

দ্বিতীয় ও তৃতীয় প্রস্তাব দুটি এমন কিছু জরুরি নয় যারজন্য সভার কাজ মুলতুবি রাখা যেতে পারে। তাছাড়া সদস্যরা বাজেট বিতর্কের সময় এই বিষয়ে আলোচনা করার যথেষ্ট সুযোগ পাবেন।

উপরোক্ত কারণে তিনটি মুলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। শ্রী জানা ৫/৩/৭৯ তারিখে একই বিষয়ে একটি মুলতুবি প্রস্তাব দিয়েছিলেন। আমি সেই প্রস্তাবেও আমার অসম্মতি জ্ঞাপন করেছিলাম।

সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি পড়তে পারেন।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি সুনির্দিষ্ট বিষয়ের উপর আলোচনার জন্য এই সভা তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল-

মেদিনীপুর জেলার ভগবানপুর অন্তর্গত কোটবাড় গ্রামে একটি রাজনৈতিক দলভুক্ত ব্যক্তিগণের অত্যাচার দিন দিনই বেড়েই চলেছে। উক্ত গ্রামের একজন অতি দরিদ্র বিধবাকে তাহারা জাল দলিল সৃষ্টি করিয়া বাস্তুচ্যুত করিয়াছে। বিধবার বাসগৃহ ধ্বংস করিয়াছে ও তাহার পুকুরের মাছ ধরিয়া লইয়াছে। উক্ত গ্রামের কিছু লোক এই সমস্ত সমাজ বিরোধী কার্যে বাধা সৃষ্টি করায় তারা তাদের উপর অমানুষিক অত্যাচার চালাচ্ছে। ভীত ও সন্ত্রস্ত অবস্থায় তারা এখন গৃহত্যাগ করিয়া অন্যত্র বসবাস করিতেছে।

[2-00 — 2-10 P.M.]

**শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল -

কেন্দ্রীয় বাজেটে জ্বালানি তৈলের মূল্যবৃদ্ধির প্রস্তাবে পেট্রোল পাম্পগুলি কালোবাজারি

শুরু করিয়াছে ও অহেতুকভাবে মূল্যবৃদ্ধি করিয়াছে। এই কালোবাজারি বন্ধ করার জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেন নাই। জ্বালানি তৈলের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ট্যাক্সি চালকগণ ধর্মঘট করিয়া জনজীবনে দুর্ভোগ সৃষ্টি করিয়াছেন। জ্বালানি তৈলের ক্ষেত্রে এই মুনাফাখোরি অবিলম্বে বন্ধ হওয়া প্রয়োজন।

**Shri Md. Sohrab :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,-

Power shortage throughout the State is now of every day's occurrence, as a result of which students cannot study, small industries are becoming closed, deep tubewells and river lift irrigations are becoming useless and in short, there is hardship and misery in every sphere of life. On 5.3.79, Calcutta and its suburbs including newspaper offices plunged into darkness. Train services in the Sealdah Division were disrupted.

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**মিঃ স্পিকার :** আজকে ১১টি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, তার মধ্যে প্রথমটি শ্রী এ কে এম হাসানুজ্জামানের, বিষয় হল কেন্দ্রীয় বাজেটে কর বৃদ্ধির প্রস্তাবে রাজ্য সরকারের প্রতিক্রিয়া, দ্বিতীয়টি শ্রী ধীরেন্দ্রনাথ সরকারের, বিষয় হল বর্ধমানে বিজয়চাঁদ হাসপাতালে পুলিশী ব্যবস্থা, তৃতীয়টি শ্রী ধীরেন্দ্রনাথ সরকার এবং শ্রী মহঃ সোহরাবের, বিষয়টি হল—গত সোমবার মালিপাঁচঘরার দু-দলের মধ্যে সশস্ত্র সংঘর্ষ ও বোমা বিস্ফোরণে মৃত্যু—

4. Taxi Strike in Calcutta - Shri Gour Chandra Kundu, Shri Amalendra Roy and Shri Anil Mukherjee.
5. Rise in price of essential commodities - Shri Gour chandra Kundu.
6. Disturbances in Railway movement in Sealdah and Howrah Divisions - Shri Gour chandra Kundu.
7. Alleged foreign espionage in and around Calcutta - Shri Sandip Das.
8. Attack on several persons by rowdy mob at Porolda, district Midnapore - Shri Prodyut Kumar Mahanti.
9. Cease work by the employees of Geological Survey of India - Shri Anil Mukherjee.
10. Attack on police constable at Ultadanga - Shri Anil Mukherjee.
11. Cease work by the lecturers of Habra Sri Chaitanya College - Shri Anil Mukherjee.

শ্রী সন্দীপ দাসের Alleged foreign espionage in and around Calcutta এটা সম্বন্ধে তাঁর দৃষ্টি আকর্ষণী আমি গ্রহণ করছি, মাননীয় মন্ত্রী কবে উত্তর দেবেন বলতে পারেন।

**শ্রী মহঃ আমিন :** ৯ তারিখে।

**শ্রী ননী ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ওখানকার খবর-টবর নিয়ে সমস্ত দিক দেখে যে রিপোর্ট পেয়েছি তাতে পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ থানার তমছারি মঠবাড়ি গ্রামে ৩রা মার্চ ১৯৭৯ পর্যন্ত গুটি বসন্ত রোগে কেহ্ আক্রান্ত হয় নাই। অতএব এক্ষেত্রে উক্ত গ্রামে ওই রোগে মৃত্যুর কোনও প্রশ্ন ওঠে না। এই প্রসঙ্গে আমি একটু বলি। তমছারি মঠবাড়ি গ্রামে একটা সেপটিসিমিয়া কেস ছিল যাকে কালিয়াগঞ্জ প্রাইমারি হেলথ সেন্টারে ভর্তি করতে বলা হয়েছে এবং এটা এপ্রিল মাসের ঘটনা।

## Statement Under Rule 346

**Shri Mohammad Amin :** Mr. Speaker Sir, The State Government feels deeply concerned about the various tax proposals made in the Central Budget which are going to affect adversely the common man. In the transport sector the levy on petrol and high speed diesel oil and other proposed fiscal measures like enhancement of excise duties on motor cars and commercial vehicles that affect public transportation have already engaged our serious attention.

Sir, immediately after the Budget proposals became known, I, personally, sent a message to the Central Minister of Shipping and Transport for reconsideration of such tax proposals as would have an unhealthy effect on our transportation system. I particularly drew the attention of the Central Minister to the proposed levy on petrol and high speed diesel oil and enhanced excise duty on motor cars and commercial vehicles. The Chief Minister, likewise, wrote to the Prime Minister on similar lines. Unfortunately there has yet been no response from the Central Government.

Unless the Central Government withdraws or sufficiently modifies these tax proposals, the State Government would be left with no other alternative than to rationalise the fare-structure of nearly all modes of public transportation keeping in view the proposed levies. Such a course however, is bound to hit the common man. We, therefore, pleaded with the Joint Action Committee of the taxi operators to continue to operate the taxis for some days till the results of our appeal to the Central Government were known.

Sir, through you I would wish to assure the House that the taxi strike and the resultant hardship to the public is a matter of grave

concern to us and we would like normalcy to be restored as soon as possible. In our efforts to pursuade the Central Government to withdraw all anti-people tax-measures, I am sure, the House will unanimously lend its support.

**Mr. Speaker :** Now Shri Dhirendra Nath Sarkar will speak on his point of order. (Shri Dhirendra Nath Sarkar rose to speak)

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে ইনফরমেশন হচ্ছে যে ট্যাক্সি স্ট্রাইক ট্রান্সপোর্ট মিনিস্টারের এনক্যারেজমেন্টে চলছে। এটা বন্ধ হয়ে যাওয়ার কথা ছিল। উনি সেন্ট্রাল গভর্নমেন্টকে প্রেসারাইস করার জন্য ট্যাক্সি স্ট্রাইক কনটিনিউ করতে বলেছেন এবং এই গভর্নমেন্ট তা এনক্যারেজ করছে এবং এই যে হার্ডশিপ হচ্ছে, তারজন্য উনি কিছু করছেন না। উনি পরিষ্কার করে বলুন খবরটা স্বীকার করবেন, না অস্বীকার করবেন।

Mr. Speaker : That is a matter of information I cannot ask the Minister to speak on this.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ব্যাপারটা মাননীয় সদস্য রাখলেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ আপনি জানেন সকলেই এতে কষ্ট পাচ্ছে এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিষয়ের ডেফিনিট অ্যালিগেশন যে উনি এই বিষয়ে ইন্ধন যোগাচ্ছেন। আমার কাছেও এই সময়ে ইনফরমেশন। তা না হলে তো সকলে চুপ করে মুখ বুজে বসে থাকার কোনও কারণ নেই তো। আজকে ট্যাক্সি সমস্ত বন্ধ। উনি এই বিষয়ে যদি বলেন যে সরকারের এই বিষয়ে প্রচ্ছন্ন বা কোনওভাবে ইঙ্গিত আছে কিনা এই স্ট্রাইক চালাবার জন্য তাহলে ভাল হয়। সেইটুকু উনি বলুন।

[2-10 — 2-20 P.M.]

**Mr. Speaker :** I cannot ask the Minister to give a reply. If he likes he may do so.

**শ্রী মহম্মদ আমিন ঃ** মিঃ স্পিকার স্যার, এটা ঠিক নয় যে ট্যাক্সি স্ট্রাইক সরকারি সমর্থনে চলছে এবং আমারও সমর্থন তাতে নেই। ট্যাক্সি অপারেটাররা যখন আমার সঙ্গে দেখা করেছিলেন তখন আমি তাদের কাছে এই অ্যাপিল করি যে আপনারা গাড়ি চালিয়ে যান। কিন্তু ওরা যেটা বলছেন যে পেট্রোল পার লিটার ৫৫ থেকে ৬০ পয়সা বেড়ে গেছে এবং এই অবস্থায় তাদের পক্ষে গাড়ি চালানো সম্ভব নয়। আমি তখন ওদের বলি যে আপনাদের কথা আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি। এখন পার লিটার যদি ৫৫ পয়সা বেড়ে যায় তাহলে তাদের পক্ষে ব্যবসা চালানো কঠিন এটা সত্য কথা, অস্বীকার করা যায় না। কিন্তু আমি ওদের একথা বলেছি যে ডিসিসন না হওয়া পর্যন্ত আপনাদের স্ট্রাইক করা উচিত হবে না। আপনারা কষ্ট হলেও গাড়ি চালিয়ে যান। এই আবেদন আমি ওদের কাছে বার বার করেছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আপনি বলেছেন চীফ মিনিস্টার ফিরে না আসা পর্যন্ত

আপনারা চালিয়ে যান।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পরিবহন মন্ত্রী মহাশয় যে কথা বললেন সেটা ঠিক নয়। ওনার বক্তব্যে এবং মুখ্যমন্ত্রীর বক্তব্যে এটা ক্যাটিগরিক্যালি আছে যে আমরা কেন্দ্রের কাছে লিখেছি। আপনারা এখন স্ট্রাইক চালিয়ে যান। কেন্দ্রের কাছ থেকে উত্তর না পাওয়া পর্যন্ত কিছু করতে পারছেন না। তাই দেখতে পাচ্ছি মন্ত্রী মহাশয় যে কথা বললেন তাতে পরিষ্কার যে ওদের এই স্ট্রাইকে একটা প্রচ্ছন্ন সমর্থন আছে।

**Mr. Speaker :** You have made your statement.

**Shri Rajanikanta Doloi :** I am speaking on point of order.

**Mr. Speaker :** There is no point of order. Mr. Dhirendra Nath Sarkar will now speak on his point of order.

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মিঃ স্পিকার স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে রুলস অব প্রসিডিউর অ্যান্ড কনডাক্ট অব বিজনেস এর সেকশন ৩৯(১)। তাতে আছে Not more than three questions distinguished by asterisks by the same member shall be placed on the list of questions for oral answer on any one day. কিন্তু আমরা দেখতে পাচ্ছি এখানে একজন সদস্যের পক্ষে এক দিনে তিনটির বেশি প্রশ্ন আলোচনা করা সম্ভব নয়। কিন্তু আমি দেখতে পাচ্ছি যে ৬ই মার্চ তারিখে একজন সদস্য দেব নারায়ণ চক্রবর্তীর নামে চারটি কোয়েশ্চেন উত্থাপন করা হয়েছে। স্যার, এটা বৈধ কিনা এ সম্বন্ধে আপনার রুলিং চাইছি।

**মিঃ স্পিকার ঃ** আমি এ সম্বন্ধে আমার রুলিং পরে দেব।

## Mention Cases

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলায় বিভিন্ন গ্রামে যেগ্রাম পঞ্চায়েত গঠিত হয়েছে সেই গ্রাম পঞ্চায়েতের উপর প্রচুর ক্ষমতা অর্পণ করা হয়েছে। কিন্তু এই সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলিতে উপযুক্ত অফিসার কিংবা একজিকিউটিভ হ্যান্ড না থাকার ফলে যে সমস্ত অর্থ তাদের হাতে গিয়েছে সেই সব টাকা তারা ঠিকমতো খরচ করতে পারছে না। এ ছাড়া গম সেখানে ঠিকমতো পৌঁছাচ্ছে না। এই অবস্থা আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে এই সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলিতে উপযুক্ত অফিসার দিয়ে তাদের কাজ করার সুযোগ যাতে করে দেওয়া যায় সেদিকে তিনি যেন নজর দেন।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আপনি জানেন কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন তাতে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের উপর ট্যাক্সের বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। সেই প্রস্তাব নিয়ে এখনও আলোচনা হয়নি এবং গৃহীতও হয়নি। কিন্তু আমরা কি দেখছি? আমাদের এখানে সমস্ত ধরনের নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে গেছে। বাজার থেকে অনেক জিনিস ইতিমধ্যেই উধাও হয়েছে। সাবান, দেশলাই-এর দাম বেড়েছে, কেরোসিনের দাম বেড়েছে এবং গ্রামাঞ্চলে কেরোসিন পাওয়া যাচ্ছে না। স্যার, এটা একটা নিত্য নৈমিত্তিক

ঘটনা হয়ে দাঁড়ায় যখনই বাজেটে করের প্রস্তাব থাকে বাজেট পাস না হবার আগেই তখনই নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের মূল্য বৃদ্ধি পেয়ে যায়। তারফলে জনসাধারণ দারুণভাবে ভুগতে থাকেন। যে প্রস্তাব আছে সেই প্রস্তাব নিয়ে আলোচনা হতে পারে, সংশোধন হতে পারে, বাতিল হতে পারে, কিন্তু তারজন্য অপেক্ষা না করে বেআইনিভাবে এইসব জিনিস পত্রের দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে এবং অভাব সৃষ্টি করা হচ্ছে। এদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা রাজ্য সরকার পর্যন্ত গ্রহণ করছেন না। এটা লোকের মধ্যে প্রচন্ড বিক্ষোভ সৃষ্টি করেছে। কেন্দ্র এবং রাজ্যে যখন কংগ্রেস সরকার থাকত তখনও এই ঘটনা দেখেছি। আর এখন কেন্দ্রে জনতা সরকার এবং রাজ্যে বামফ্রন্ট সরকার আছেন, অথচ সেই একই ঘটনা দেখা যাচ্ছে, কোনও প্রতিকার হচ্ছে না। আমি মনেকরি কৃত্রিম অভাব সৃষ্টি করে অসাধু ব্যবসায়িরা যে বেআইনিভাবে মূল্যবৃদ্ধি ঘটাচ্ছে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

**Shri A.H. Besterwitch :** Mr. Speaker, Sir, you are aware that taxis and private buses are off the road. The reason for that is the weak kneed policy of the Government. Government must be very strong for the simple reason that the taxi owners have got private cars and if the taxi does not run they are not in difficulty but the people suffer. The Minister said that taxis were to run from Monday. The Minister is here and I would be much obliged if he makes a statement as to what agreement was made with them and why taxis are not coming on the road yet. Let the R.T.A. give the names of taxi owners who have got private cars. Will the Minister give a statement on this ?

**শ্রী দ্বারকানাথ তা :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। গত ৩রা মার্চ বর্ধমান রাজকলেজ ও মেডিক্যাল কলেজের ছাত্রদের মধ্যে বচসা ও মারপিটের এক দুঃখজনক ঘটনা ঘটে, যারজন্য পুলিশকে হস্তক্ষেপ করতে হয় এবং পরিণতিতে ৫ই মার্চ বিজয় চাঁদ হাসপাতালে আংশিক ধর্মঘট পালিত হয়। এই ঘটনার সূত্রপাত ঘটায় ইন্দিরা কংগ্রেসের একজন ছাত্র পরিষদ কর্মি বিজন রায় জনৈক ইন্টারনি ডাক্তারকে মারপিট করে। তারই পরিণতিতে ঐসব অপ্রীতিকর ঘটনাগুলি ঘটে। ছাত্র সমাজ থেকে পরিত্যক্ত ছাত্রপরিষদ নানা কৌশলে ছাত্রদের মধ্যে গড়ে ওঠা ঐক্যে ফাটল ধরাবার চেষ্টা করছে। বর্ধমান সারের গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষ এইসব সমাজবিরোধী, দুষ্কৃতকারিদের ধিক্কার জানাচ্ছে প্রতিবাদ মিছিল করছে। এদের বিরুদ্ধে যথোচিত ব্যবস্থা গ্রহণ করা হোক।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী পতিতপাবন পাঠক :** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে রাখছি। আপনারা সকলেই আজকের সংবাদপত্রে দেখেছেন উত্তর হাওড়ার শালকিয়া অঞ্চলে প্রকাশ্য দিবালোকে আমাদের পার্টির একজন সভ্য সঞ্জীব চক্রবর্তী খুন হয়েছে। ইন্দিরা কংগ্রেসের নামকরা নেতারা মানে গুন্ডা বলে পরিচিত নেতা বলে যারা পরিচিত তারাই এই দিবালোকে খুনটা করেছে এবং এইসব ইন্দিরা কংগ্রেসের নেতারা সিদ্ধার্থ শঙ্কর রায়ের সঙ্গে ফটো তুলেছিল। আমি নাম করে বলছি যদি কারও সাহস থাকে যে ওরা

ইন্দিরা কংগ্রেসের লোক নয়, সেটা প্রমাণ করুন। **(ভয়েস ঃ রজনীকান্ত দোলুই ঃ অসত্য কথা)** হাওড়া কোর্টে আপনাদেরই লোক গেছে। স্যার, আমার বক্তব্য হল এদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নিন। আর সব চেয়ে দুঃখের কথা হচ্ছে এই, ওদের ছাড়াবার জন্য জনতা পার্টির কোনও কোনও লোক থানার আশপাশে ঘুরছে।

আর সকলের চেয়ে দুঃখের কথা হচ্ছে এই যে, এদের ছাড়াবার জন্য জনতা পার্টির কোনও কোনও লোক থানার আশেপাশে ঘুরছে। আমি নাম করছি না, যদি জনতা পার্টির নেতারা জানতে চান কারা গিয়েছিল তাহলে আমি নাম দিতে পারি। আমার অনুরোধ, তাদের নিবৃত্ত করুন। স্যার, কয়েকজন গ্রেপ্তার হয়েছে, কয়েকজন পালিয়ে বেড়াচ্ছে। আরও জানাই, যারা গ্রেপ্তার হয়েছে তারা ঐ অঞ্চলের প্রাক্তন কংগ্রেসি এম.এল.এ'র বডিগার্ড ছিল।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য শ্রী পতিত পাবন পাঠক যখন ঘটনার কথাটি উল্লেখ করছিলেন তখন রজনীকান্ত দোলুই মহাশয় বলেছেন; তোমরা অনেক করেছ, এটা আমরা করেছি, একটা করেছি'—এই কথা তিনি বলেছেন। তিনি স্যার, স্বীকার করেছেন.....

**মিঃ স্পিকার ঃ** এটা কোনও পয়েন্ট অব অর্ডার নয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী পাঠক মহাশয় বক্তৃতা দেবার সময় যে ঘটনার কথা বললেন আমি জানতে চাই এ বিষয়ে সরকার কোনও তদন্ত কমিশন বসাবেন কিনা? স্যার, আমি জানাতে চাই যে সি.পি.এম'এর লোকরাই এইসব করছে, গুন্ডামি করছে, আমাদের কাছে খবর আছে তারাই এইসব করছে, খুন করছে, ঘরে আগুন দিচ্ছে। এ নিয়ে স্যার, একটি কমিশন করার দাবি আমি করছি। পাঠক মহাশয় কমিউনিস্ট পার্টির লোক, ওর দলই প্রশাসনে আছেন, আমি ওকে বলব, একটা কমিশন বসাবার জন্য জ্যোতিবাবুকে বলুন।

**মিঃ স্পিকার ঃ** আমি আগেও আপনাদের বলেছি, আজকেও বলছি যে মেনশন আওয়ারে বিতর্কিত প্রশ্ন যদি না আনেন তাহলেই ভাল হয়। সেখানে যদি বিতর্কিত প্রশ্ন আসে, তার রিপ্লাই, কাউন্টার রিপ্লাই যদি হয় তাহলে মেনশন কতক্ষণ ধরে চলবে বলুন? এর থেকে আপনারা আমাকে নিবৃত্তি দিন, আপনারাও হোন।

**শ্রী বিকাশ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বর্ধমান জেলার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের ৫০ লক্ষ টাকার স্বল্পমেয়াদি ঋণ দানের ১৪.২ তারিখের যে বৈধ আবেদনপত্র সেটা এখনও মঞ্জুর হয়নি। তার সাথে সাথে ২০.২ তারিখের যে এক কোটি টাকা বোরো চাষের ঋণ দেবার কথা সমবায় সমিতির মাধ্যমে সেটাও এখনও সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে আসে নি। এর ফলে বোরো চাষের অবস্থা খারাপ হয়ে আসছে এবং চাষিদের বোরো চাষ ব্যাহত হবার আশঙ্কা দেখা দিয়েছে। স্যার, আমরা মনে করছি, সমবায় দপ্তরের কিছু অফিসার এবং ম্যানেজিং কমিটি চক্রান্ত করছে বামফ্রন্ট সরকারকে হেয় করার জন্য এবং তাই তারা এটা করছে। এটার প্রতি স্যার, সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে প্রতিকারের জন্য আবেদন জানাচ্ছি। স্যার, ১৫ তারিখের মধ্যে এটা

করতে হবে।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই বামফ্রন্ট সরকার ঘোষণা করেছিলেন যে গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা, গণতন্ত্রের রক্ষা এবং সম্প্রসারণ তারা করবেন। আমি স্যার, তাদের সেই গণতন্ত্র রক্ষা এবং সম্প্রসারণের একটি দৃষ্টান্ত আপনার মাধ্যমে উল্লেখ করতে চাই। সেটা হল, দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং থানার গোপালপুর এবং ইঁটখোলা অঞ্চলে—গোপালপুর অঞ্চলের গ্রাম পঞ্চায়েতে আমাদের দল এস.ইউ.সি'র প্রধান এবং ইঁটখোলা অঞ্চলে কংগ্রেস (ই) ইন্দিরার কাটা হাত নিয়ে বারীন রায় যে একজন জোতদার এবং কন্ট্রাক্টর তিনি জিতেছিলেন। সি.পি.এম তাকে সমর্থন করে সেখানে গ্রাম পঞ্চায়েত-এর প্রধান করেছেন এবং সেখানে আমাদের এস.ইউ.সি দলের কৃষক এবং ক্ষেত মজুর ফোরামের নেতৃত্বে গরিব কৃষক বর্গাদার, তারা সেখানে বর্গায় রেকর্ডেড এবং সেই রেকর্ডের জমির ধান তারা খামারে চাষ করে মালিকের বিরুদ্ধে রসিদ আদায় করার জন্য লড়াই করছে সেখানে সি.পি.এম. এই লড়াইয়ে জোতদারের পক্ষ অবলম্বন করে এবং সেই বারীন রায়, জোতদারের নেতৃত্বে জোতদারের বাড়িতে পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। অথচ এই বামফ্রন্ট সরকার ঘোষণা করেছিলেন যে কোনও অবস্থাতেই এখানে পুলিশ ক্যাম্প বসবে না। যদি কোনও জায়গায় আইনের প্রশ্ন আসে, কোনও জায়গায় ক্যাম্প বসাতে কিন্তু জোতদারের বাড়িতে কখনই পুলিশ ক্যাম্প বসবে না। কিন্তু দেখা যাচ্ছে যে বারীন রায়, তার বাড়িতে পুলিশ ক্যাম্প বসানো হয়েছে এবং চাষিদের জব্দ করতে না পারায় অবশেষে ক্যানিং থানায় বসে এস.ডি.ও, আলিপুর, সমস্ত গোপালপুর এবং ইটখোলা এলাকায় ১৪৪ ধারা জারি করেছেন। সেখানে ৫ জন-এর বেশি লোক জমায়েত যাতে না হতে পারে। এই অবস্থায় আমি এই কথা বলতে চাই, যখন গরিব কৃষক তাদের অধিকার কায়েম করার জন্য সংগ্রাম করছে সেখানে বামফ্রন্ট সরকার সেইভাবে প্রশাসনকে নিয়োগ করে জোতদারের পক্ষ অবলম্বন করে গরিব মানুষের মিছিল, মিটিং করার অধিকারকে কেড়ে নিচ্ছে। কাজেই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং তার প্রতিকারের জন্য জানাচ্ছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ব্যান্ডেল হাওড়া রেলওয়ে লাইনে প্রতিদিন অনিয়মিত ট্রেন চলাচলের ফলে যাত্রী বিক্ষোভ একটা নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে এবং সব থেকে আশ্চর্যের বিষয় মাস খানেক আগে এইরকম একটা যাত্রী বিক্ষোভের সময় জেলার ম্যাজিস্ট্রেট হস্তক্ষেপ করে প্রতিশ্রুতি দিয়েছিলেন একটা ব্যবস্থা হবে বলে এবং ১৫৫ দিন সময় নিয়েছিলেন। কিন্তু তাসত্ত্বেও প্রতিদিন এই ঘটনা ঘটছে। গতকাল চুঁচুড়া স্টেশনে যাত্রী বিক্ষোভ হয় এবং ৩ ঘন্টা ট্রেন বন্ধ থাকে। আজকে শেওড়াফুলিতে হয়েছে এবং কালকে সন্ধ্যা বেলায় কাটোয়া ট্রেনের ইঞ্জিন খারাপ হয়ে যায়। এটা একটা নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ করছি। কারণ বহু অফিস যাত্রী, কলেজ-এর ছাত্র, শিক্ষক ইত্যাদি প্রত্যেকের সময় মতো যাতায়াত বন্ধ হয়ে যাচ্ছে। কাজেই এর প্রতিকার হওয়া দরকার। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি যাতে তিনি এই

বিষয়ে রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে ব্যবস্থা নেন।

**Shri Sk. Ramzan Ali :** Sir, I express my deep resentment over the failure of the Government to check crime of loot, dacoity and murder in the border area of Islampur sub-division. I want specially to draw the attention of the Hon'ble Minister concerned for restoration of sense of security among the population in the border area as sense of insecurity prevails there. Moreover, you will be astonished to know that when the criminals are apprehended, the anti-socials and the criminals are given protection by the CPI(M) party. Local leaders of the Party are in the habit of giving them protection which has given rise to great resentment throughout the locality. I challenge this is a naked truth that if this matter is enquired into it will be proved. I request the Hon'ble Minister concerned through you to take immediate action in the matter.

[2-30 — 2-40 P.M.]

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাচ্ছি যে এই রেলওয়ে কর্তৃপক্ষের মধ্যে একটা শ্রেণী আছে যাদের সমাজবিরোধীদের সঙ্গে যোগাযোগ আছে এবং তারা পশ্চিমবঙ্গ সরকারের আইন শৃঙ্খলা বিপন্ন হয়েছে এটা দেখাবার জন্য উঠে পড়ে লেগেছেন। চিকমাগুলুর ভোট হবার পর থেকে ঐ রেলে দেখা যাচ্ছে প্রতিদিন গোলমাল লেগেই আছে। গতকাল চুঁচুড়ায় এবং বিভিন্ন জায়গায় গোলমাল হয় এবং গাড়ি ৫ ঘন্টা ধরে আটক ছিল। আজও দেখা গেছে ব্যাণ্ডেল থেকে যে ব্যাণ্ডেল লোকাল আসে তা নিয়মিত আসছে না। রেলওয়ে স্টেশনগুলি পেচ্ছাবখানা বা পায়খানা গুলিতে এতই দুর্গন্ধ যে লোকে পেচ্ছাব করতে গেলে পেচ্ছাব বন্ধ হয়ে যায়। এইরকম অবস্থা। ট্রেনগুলিতে ঝাড়ু পড়েনা। অথচ এই অবস্থায় আবার রেলের ভাড়া বাড়ছে। অথচ একথা বলতে গেলে ওদের আবার রাগ হবে। এইরকম অবস্থায় যাত্রীদের অবস্থা চরমে উঠেছে। তাই আমি আপনার মাধ্যমে রেল কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি যাতে তারা অন্তত ট্রেনগুলির যাতায়াত নিয়মিত করেন, গাড়িগুলি একটু ঝাট-টাট দেবার ব্যবস্থা করেন এবং পেচ্ছাবখানাগুলি পরিষ্কার করেন।

**শ্রী নানুরাম রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্রমশ স্বাস্থ্য দফতরের অবনতি ঘটে চলেছে। বর্তমানে হাসপাতালগুলিতে না আছে পানীয় জলের সুব্যবস্থা, না আছে নার্স, ফার্মাসিস্ট, এমন কি সুইপার পর্যন্ত নাই। সেইজন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, নতুন সেন্টার করে নার্স এবং ফার্মাসিস্টদের শিক্ষা দিয়ে শুন্যপদগুলিতে তাদের বহাল করা হোক। সেইসঙ্গে এম.বি.বি.এস. কোর্সে ভর্তি হবার জন্য যে কোটা সিস্টেম আছে সেটা তুলি দিয়ে বুদ্ধিমান ছেলে-মেয়েরা যাতে সাধারণভাবেই ডাক্তারি পড়বার সুযোগ পায় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্পিকার মহোদয়, আপনি জানেন যে কলকাতার চৌরঙ্গি এবং পার্ক স্ট্রিট এলাকায় বেশ কিছুদিন ধরে ছোট ছোট যেসব দর্জির দোকান আছে সেই

দোকানগুলির কর্মচারিদের ধর্মঘট চলছে। কর্মচারিদের ধর্মঘটকে আমি সমর্থন করি, কিন্তু সঙ্গে সঙ্গে যে বক্তব্য রাখতে চাইছি তা হচ্ছে ঐ চৌরঙ্গী এবং পার্ক স্ট্রিট এলাকার দোকানগুলিতে যে ধর্মঘট চলছে তা প্রধানত বাঙালি মালিকদের দোকানগুলিতেই এবং এই সমস্ত দোকানের মালিকরা অভিযোগ করছে যে, অবাঙালিদের যেসব দর্জির দোকানগুলি আছে সেইসব দোকানে স্ট্রাইক হচ্ছে না এবং বাঙালিদের দোকানে স্ট্রাইক চলার পিছনে অবাঙালিদের মদত আছে, অবাঙালি ব্যবসায়িদের মদত আছে, চৌরঙ্গী এবং পার্ক স্ট্রিট এলাকায় বাঙালি ব্যবসায়ি প্রায় উচ্ছেদ হয়ে গেছে, অল্প কিছু আছে, তাদেরও উচ্ছেদ করার জন্য এই জিনিস করা হচ্ছে। আমি অবশ্য বাঙালি অবাঙালির প্রশ্ন তুলছি না। তবু আমি শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি বিষয়টির প্রতি এবং তার কাছে আবেদন করছি যে, তিনি দ্রুত ঐ শ্রম বিরোধের নিষ্পত্তি করে ঐ এলাকায় যে সমস্ত বাঙালিদের দোকান আছে তাদের দোকান চালাবার বিষয়ে নিশ্চিত করুন।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি বাঁকুড়া জেলার ইন্দাস থানার সি.এম.টি. হাই স্কুলের হেড মাস্টারের দুরবস্থার কথা আপনার কাছে বলছি। সি.এম.টি হাই স্কুলের হেড মাস্টার খন্দকার আব্দুল হক মহাশয় আমার মাধ্যমে একটি দরখাস্ত পাঠিয়েছেন এবং সেটি আমি আপনার মাধ্যমে এখানে উল্লেখ করছি। গত '৭৮ সাল থেকে তাঁকে স্কুলে ঢুকতে দেওয়া হচ্ছে না, যেহেতু তিনি কংগ্রেসের সমর্থক বোধ হয়। সেই কারণে তাঁকে স্কুলে ঢুকতে দেওয়া হচ্ছে না এবং তাঁর বাড়িতে ঢুকে মারধোর করে সমস্ত কিছু ভাঙচুর করা হচ্ছে, তাঁর বাড়িতে ডাকাতি পর্যন্ত করা হচ্ছে। তাঁকে খোঁড়া করে দেওয়া হয়েছে। ঐ স্কুলে আজকে শাসক দলের লোককে অ্যাডমিনিস্ট্রেটর বসানোর জন্য তিনি তো স্কুলে যেতে পারছেনই না, এমন কি তাঁর লিভ পর্যন্ত গ্রান্ট হচ্ছে না। তিনি ডিপার্টমেন্টে দরখাস্ত করেছেন, আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। প্রাইমারি এবং সেকেন্ডারি এডুকেশনের স্টেট মিনিস্টার বারি-সাহেব এখানে আছেন, আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি একটা বিভৎস ডাকাতির কথা আপনার মাধ্যমে সভায় উপস্থিত করছি। গত ২৭/২/৭৯ তারিখে বাঁকুড়া জেলার সোনামুখি থানার নারায়ণ-সুন্দর গ্রামের কিঙ্কর ঘোষের বাড়িতে একটা বিভৎস ডাকাতি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিঙ্কর ঘোষ কংগ্রেস (ই) করেন, সেখানকার স্থানীয় সি.পি.এম-এর লোকেরা দীর্ঘদিন ধরে তাকে নির্যাতন করে আসছিল। আপনি জানেন এখন বাঁকুড়া জেলায় সি.পি.এম.-এর প্রাদেশিক কৃষক সম্মেলন হল। গত ২৭ তারিখ সি.পি.এম-এর লোকেরা নেতাদের কথায় মন্ত্র মুগ্ধ হয়ে রাত্রিবেলা ট্রাকে করে গিয়ে নারায়ণ-সুন্দর গ্রামে নামে, প্রায় ১০০/১৫০ লোক হবে, তারা কিঙ্কর ঘোষের বাড়ির দরজায় ধাক্কা দেয় এবং দরজা খুলতে বলে। কিঙ্কর ঘোষ গলার আওয়াজ পেয়েই বুঝতে পারেন যে, যারা দীর্ঘদিন ধরে তাঁর উপর নির্যাতন চালাচ্ছে তারা এসেছে। তখন তিনি তাঁর ছেলে-মেয়েদের এবং পরিবারের অন্যান্য লোকেদের নিয়ে ঘরের সিলিং-এর উপর মৈ বেয়ে উঠে যান। তখন ওরা দরজা ভেঙে বাড়ির ভেতর ঢোকে। আমি সেই ভাঙা দরজার ফটো নিয়ে এসেছি এবং এটা আপনার কাছে জমা দিচ্ছি। তারা বাড়ির ভেতর ঢুকে কাউকে না পেয়ে ৮/৯ ভরি সোনা, ২০০০ টাকা নগদ এবং ২০/২২ কে.জি. বাসন লুট করে। যখন তাঁকে ওরা বাড়ির মধ্যে কোথাও খুঁজে পাচ্ছিল

না তখন হঠাৎ কিঙ্কর ঘোষ-এর কাশি পায় এবং সেই কাশির আওয়াজ পেয়ে তারা উপরে আক্রমণ করবার চেষ্টা করে। কিন্তু কিঙ্কর ঘোষ বুদ্ধিমান লোক তিনি ওপরে উঠে মৈটি সরিয়ে নিয়েছিলেন, ফলে ওরা আর ওপরে উঠতে পারেনি। যখন তারা উপরে উঠতে পারল না তখন তাদেরকে সপরিবারে শ্বাসরুদ্ধ করে মেরে ফেলার চেষ্টা করল।

**মিঃ স্পিকার ঃ** আপনি বসুন, এইভাবে ডাকাতির কেস নিয়ে তিন চার মিনিট ধরে বলবেন? আপনি বসুন।

**শ্রী হবিবুর রহমান ঃ** ঘর থেকে লেপ কাপড়-চোপড় ও অন্যান্য জিনিস পত্র যেমন লাঙ্গল ইত্যাদি জ্বালিয়ে ধোঁয়া দিয়ে তাদেরকে শ্বাস-রুদ্ধ করার চেষ্টা করল। ২৮ তারিখে সকাল বেলায় কিঙ্কর ঘোষ লোকাল থানায় জানায়। পুলিশ এসে ঐ সমস্ত লুঠ পাটের জিনিসপত্র এবং ঐ বিভৎস চিত্র দেখে বিচলিত হয়ে পড়ে। তখন কিছু জিজ্ঞাসাবাদ করতে গেলে সি.পি.এমের নেতা শ্রী মনোরঞ্জন মাল বলেন যে, পুনরায় পাথরবন্দীর ঘটনা ঘটবে। আতঙ্কিত হয়ে পুলিশ সেখানে পুলিশ ক্যাম্প বসিয়েছে। ৩ তারিখে ঐ ক্যাম্প ইনচার্জ বুধন মাল নামে একজন ডাকাতকে অ্যারেস্ট করলে স্থানীয় সি.পি.এমের কর্মিরা তাকে ক্যাম্প থেকে ছিনিয়ে নেবার জন্য ক্যাম্প অবরোধ করে থাকে। পরে থানা থেকে অফিসার এসে আসামিকে নিয়ে যায়। সন্ধ্যার পরে স্থানীয় এম.এল.এ শ্রী সুখেন্দু খাঁ থানায় গিয়ে ও.সির উপর চাপ সৃষ্টি করে তাকে জামিন করে নিয়ে আসে। এইরকম যেখানে বিভৎস ডাকাতি ঘটে সেই ডাকাতির আসামিকে থানা থেকে জামিন দিতে পারেন না। তবুও স্থানীয় এম.এল.এ চাপ সৃষ্টি করে এই কাজ করেছেন। আমি সমস্ত দলের এম.এল.এদের নিয়ে এই ব্যাপারে তদন্ত করার দাবি করছি। আমি আপনাকে ফটো-সহ সমস্ত জিনিসপত্র দিচ্ছি, আপনি এই ব্যাপারটি দেখবেন।

(At this stage Shri Habibur Rahman went to the Speaker's dias to hand over the photographs to him)

**Mr. Speaker :** This is in conection with a dacoity case. then you are liable. Under the law you cannot. please take it away and give it to the police. I would not take it. এটা আমি নেব না। ডাকাতি অভিযোগের এ সমস্ত ব্যাপার আপনি যদি আনেন, এগুলি এভিডেন্সের জিনিস, এখানে এনে নিজের প্রতি এবং সভার প্রতি অন্যায় করেছেন। এগুলো আপনি পুলিশকে দেবেন। আমি নেব না। এখান থেকে আপনি নিয়ে যান।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুরের কুশমন্ডী থানা এলাকায় যে সমস্ত সাধারণ মানুষেরা রয়েছে তাদের চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। আমিনপুর এলাকা থেকে কুশমন্ডী প্রাইমারি হেলথ সেন্টার বহু দূরে অবস্থিত।

আমিনপুর একটা সাবসিডিয়ারি হেলথ সেন্টার করার জন্য ঘরবাড়ি তৈরি হয়ে আছে, কিন্তু সেখানে কোনও স্টাফ যাচ্ছে না। দিনের বেলায় সেখানে নানারকম উৎপাত হয় এবং

রাত্রিবেলা শিঁয়াল ও বাজে লোকের আড্ডাখানা হয়। সেজন্য আমি অনুরোধ করব অবিলম্বে সেখানে স্টাফ পাঠিয়ে এই সাবসিডিয়ারি হেলথ সেন্টারটি চালু করা হোক।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** সন্ধ্যা, মৌলানা আজাদ কলেজের বেকার হোস্টেল, ইলিয়ার্ট হোস্টেল এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের কারমাইকেল হোস্টেল সম্প্রসারণ করার পরিকল্পনা আগে নেওয়া হয়েছিল, কিন্তু এগুলি অবিলম্বে না করার ফলে মফস্বলের বহু ছাত্ররা এখানে থাকতে পারছে না। এ বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যাতে এই ৩টি হোস্টেলের আসন সংখ্যা বাড়ানো হয়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** স্যার, স্বাস্থ্য বিভাগের দুর্নীতির কথা বলতে বলতে নাজেহাল হয়ে গেছি। এন.আর.এস. এ পার্থ ব্যানার্জি বলে একজন আর.এস. ছিলেন। প্রাইভেট প্র্যাকটিশ করার জন্য তাঁকে ক্যালকাটা পুলিশ হসপিটালে ট্রান্সফার করা হয়। কোন লেকচারারের নিয়োগের ক্ষেত্রে প্যানেল হয় এবং সেই প্যানেল পাবলিশ করা হয় যে এই এই কে মেডিক্যাল কলেজের লেকচারার নিয়োগ করা হবে, কিন্তু দেখা যাচ্ছে প্যানেল পাবলিশ করার আগে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে তাকে নিয়োগ করা হয়েছে নিয়ম বহির্ভূত ভাবে। এখানে বহু টাকা পয়সার লেনদেন হয় বলে আমাদের খবর আছে। এইরকম বহু দুর্নীতির কথা আমাদের কাছে আসছে, আশাকরি স্বাস্থ্যমন্ত্রী মহাশয় অবিলম্বে এই বিষয়ে তদন্ত করে তার বক্তব্য বলবেন।

**শ্রী শান্তিরাম মাহাতো :** স্যার, আপনার মাধ্যমে একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে স্বাধীনতা সংগ্রামী এবং প্রাক্তন এম.এল.এ. সি.পি.এম. কর্মির দ্বারা লাঞ্ছিত হয়েছেন। এর নাম হচ্ছে সাগর মাহাতো, প্রাক্তন এম.এল.এ. গত ২২.১২.৭৮ তারিখে তার পুকুর থেকে ৫/৬ মন মাছ এবং বাঁধের আল থেকে ৫/৬ গাড়ি কাঠ কেটে নিয়ে গেছে। পুলিশকে খবর দেওয়া সত্ত্বেও পুলিশ নিষ্ক্রিয়। এ বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস :** স্যার, গত ২৫.২.৭৯ তারিখে বাগদা থানার গোপিনপুর গ্রামে বিরাট ডাকাতি হয়। কিন্তু তারা সবাই ধরা পড়ে। কিন্তু মুসলমান বলে পুলিশ তাদের ধরে রাখেনি, এ বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** আমি আজকে বলব না, কালকে বলব।

[2-50 — 3-00 P.M.(including adjournment)]

**শ্রী কাশীকান্ত মৈত্র :** স্যার, আমার বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি আপনার এবং মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন আমাদের দলের সদস্য শ্রী হরিপদ জানা তিনি কাল মেনশন আওয়ারে একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বলেছিলেন যে জনতা দলের একজন কর্মি নিমাই কর্মকার কিছুদিন আগে যখন জনতা দলের নেতা শ্রী পি.সি. সেনের পুরুলিয়া আগমন উপলক্ষে আদ্রায় জনসভা হবে এটা প্রচার করছিলেন মাইক নিয়ে তখন মার্কসবাদি কমিউনিস্ট পার্টির লোকেরা তার উপর হামলা করে লোহার রড দিয়ে মারধর করে। তারপর তাকে স্থানীয় হেলথ সেন্টারে নিয়ে যাওয়া হয়, এবং সেখান থেকে

আবার পুরুলিয়া রেলওয়ে হাসপাতালে নিয়ে যাওয়া হয়, তার অবস্থা শোচনীয় ছিল। গতকাল রাত্রি বেলা সেখান থেকে টেলিগ্রাম এসেছে নিমাই ডেড, সিচুয়েশন গ্রেভ, নো অ্যাকশন পুলিশ। মাননীয় সদস্য পাঠক বাবুর সঙ্গে এ বিষয়ে আলোচনা হচ্ছিল এই জিনিসগুলি এইভাবে যদি চলে তাহলে আমাদের পক্ষে জনসভার আয়োজন করা যাবে না। শ্রী পি.সি. সেন সেখানে বক্তৃতা করতে যাবেন তাঁর প্রচারের কোনও রাজনৈতিক কর্মি যদি বার হয় তাহলে তাকে রড দিয়ে পিটিয়ে মারা হবে এটা কি রকম গণতন্ত্র? রাজনৈতিক দল হিসাবে আমরা দুর্বল। আমাদের শক্তি নেই, কিন্তু সভা করতে গেলে প্রচারের মাধ্যমে আমাদের যেতেই হবে। কিন্তু এইরকম জিনিস হলে বহু দলের কর্মিরা তাদের সভাসমিতি করতে পারবে না। সেখানে মানুষের মধ্যে দারুণ বিক্ষোভ, কারা মেরেছে পুলিশ জানে, মুখ্যমন্ত্রীকে এইরকম অনেক হত্যার ঘটনার কথা জানিয়েছি এবং এই হাউসেও আমরা অনেক বলেছি। আমি জানতে চাই এই জিনিস যদি চলে তাহলে রাজনৈতিক গণতন্ত্র কোথায় গিয়ে দাঁড়াবে সেটা আপনারা বিবেচনা করবেন। এই প্রসঙ্গে বলছি যে এটা রাজনৈতিক বিদ্বেষের কথা নয়, একটা বাস্তব ঘটনার কথা বলছি। ৬ তারিখে টালা পার্কে ঝিলের মধ্যে সেখানকার নাগরিকরা একটা জনসভার আয়োজন করে, সেখানে বক্তা হিসাবে যাদের নাম ছিল তারা হলেন শ্রী পি.সি. সেন, আমাদের হরিপদ বাবু এবং আরও অনেকে। তারা ডি.সি. নর্থের কাছে লিখিতভাবে মাইক্রোফোন পার্মিশনের জন্য দরখাস্ত করেন। তারা নিশ্চয় জানেন এরজন্য তারা অনুমতি পাবেন, কিন্তু তা সত্ত্বেও এটা ঝুলিয়ে রাখা হল। ৩রা মার্চ স্থানীয় মার্কসবাদি কমিউনিস্ট পার্টির সদস্যরা ঐ একই মাঠে একটি সভার জন্য অনুমতি চেয়েছিল, ডেপুটি পুলিশ কমিশনার থেকে বলা হল যে আপনাদের কিভাবে হবে, কারণ ওরা আগে দরখাস্ত করেছে, তখন কর্তৃপক্ষ বললেন আপনারা জনসভা করতে পারেন কিন্তু পুলিশ একটা অর্ডার দিয়েছেন, আইনের বিধান মতে সেখানে একটা প্রোভাইসো জুড়ে দিয়েছেন provided you get the sanction from the Calcutta Corporation. ক্যালকাটা কর্পোরেশনের কাছে তারা যেন যান। আমি আপনার কাছে এটা দিয়ে দিচ্ছি এবং ট্রেজারি বেঞ্চের যারা সমস্ত সিনিয়ার মিনিস্টার আছেন তাদের কাছ থেকে জানতে চাই এইভাবে চলবে কিনা? এখানে বলা হল আপনারা দরখাস্ত করেছেন কিন্তু এখন আপনাদের কর্পোরেশন থেকে পার্মিশন আনতে হবে provided the organiser obtained the permission from the Calcutta Corporation for using the ground for the meeting. আমি জানি এবং সমস্ত রাজনৈতিক দলই জানেন যে এই জিনিস কোনও সময় হয়নি। জ্যোতিবাবু, সি.পি.এমের অন্য মাননীয় নেতারা সি.পি.আই. আর.এস.পি. অনেকেই গ্রেপ্তার হয়েছিলেন, কোর্ট থেকে জামিন পেয়ে তাদের মুক্তির প্রোসেশন হয়েছিল কিন্তু বসিরহাটে গিয়ে দেখলাম যখন শুনানি চলছে, তখন সি.পি.এমের পক্ষ থেকে মারাত্মক সব স্লোগান আরম্ভ হয়ে গেল। যারা উদ্যোক্তা তারা এসে বললেন কি করব, আমরা বললাম কোনওরকম ক্ল্যাসে যাওয়া উচিত নয়। অথচ কর্পোরেশন সি পি এম কে পারমিশন দিয়েছে। তাহলে পরিষ্কার বলুন যে আপনারা সভা-সমিতি করতে পারবেন না একটা মাত্র দল ছাড়া। ট্রেজারি বেঞ্চের সদস্যরা আছেন, তারা আমাদের অ্যাসিওরেন্স দিন এই ব্যাপারে, যদি অ্যাসিওরেন্স না পাই তাহলে বুঝব যে আমাদের সভা-সমিতি করা চলবে না, আমরা নন-কনপরমিস্ট, আমাদের সিকিউরিটি অব লাইফ থাকবে না। তারা যদি অ্যাসিওরেন্স না দেন তাহলে বিধানসভায় এইরকম সভা সমিতি করবার কি মানে আছে

বলুন। সেজন্য কোনও সিনিয়র মিনিস্টার দাঁড়িয়ে বলুন অবিলম্বে কি ব্যবস্থা নেবেন। পুলিশ অফিসার চিঠি দিলেন ৫ই মার্চ, ১৯৭৯, মেমো নং এন.ডি.আই ৯০৬২, ডেপুটি কমিশনার অব পুলিশ, নর্থ সাব-ডিভিসন, ক্যালকাটা, এই বলে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হল যে টালা পার্কে মিটিং হবে না, কলকাতায় কোনও জায়গায় আমরা মিটিং করতে পারব না, এই জাতীয় কোনও গণতান্ত্রিক সভা-সমিতি করতে পারব না। এই যে নিমাই কর্মকারের হত্যা এটা একটা অমানুষিক হত্যাকান্ড। এটা কোনও রাজনৈতিক সংঘর্ষের ফলে হয়নি, শান্তিপূর্ণ মিটিং এর জন্য প্রচার করছে. তার উপর যদি হামলা হয় তাহলে তো স্যার নিত্য শহরে মারামারি কাটাকাটি হবে. সর্বনাশ হয়ে যাবে। সেজন্য এই ব্যাপারে কোনও সিনিয়র মিনিস্টার আমাদের কাছে অ্যাসিওরেন্স দিয়ে পরিষ্কার করে বলুন। যদি অ্যাসিওরেন্স না পাই তাহলে আমাদের থেকে বিধানসভায় মেনশন করে কোনও অভিযোগ জানিয়ে কোনও লাভ হবে না। আপনি আমাদের প্রোটেকশন দেন এটা আমরা জানি। আমরা সংখ্যায় অল্প বলে আপনি আমাদের প্রোটেকশন দেন। কাগজে-কলমে আমাদের প্রোটেকশন আছে, কিন্তু বাইরে যদি এই প্রোটেকশন না থাকে, সভার প্রচার করতে গিয়ে যদি রডের বাড়ি খেয়ে মরতে হয় তাহলে সেটা খুব দুঃখজনক। সেজন্য আমরা জানতে চাই মাননীয় মন্ত্রীর কাছে যে এই ব্যাপারে তিনি আমাদের কি অ্যাসিওরেন্স দেবেন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়. আপনি এই হাউসে যে নির্দেশ দেন এখানকার প্রত্যেক সদস্যের কর্তব্য সেই নির্দেশ পালন করা। ইন্দিরা কংগ্রেসের সদস্য হবিবুর রহমান সাহেব কিছুক্ষণ আগে এখানে কতকগুলি ডাকাতির ব্যাপার নিয়ে কথা বললেন এবং সেই ডাকাতির প্রমাণে কিছু জিনিসপত্র নিয়ে এসে সেগুলি আপনার নিচে রেখে গেলেন। আপনি পরিষ্কার বলেছেন, নির্দেশ দিয়েছেন সেই জিনিসগুলি ওখান থেকে নিয়ে যেতে। কিন্তু এখনও তিনি সেই নির্দেশ পালন করেননি, সেই জিনিস ওখান থেকে নিয়ে যাননি। এখানে ইন্দিরা কংগ্রেসের নেতা হক সাহেব আছেন. তিনি ডেপুটি লিডার. আমি জানতে চাই আপনার এই নির্দেশ পালিত হচ্ছে কি হচ্ছে না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়. অমলবাবু যেটা বললেন তার চেয়ে সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে কাশীবাবু বিরোধী দলের নেতা হিসাবে যেটা রেখেছেন সেটা উনি যেটা বলেছেন আমাদের কাছে সেই খবর আছে। অ্যাজ কাস্টোডিয়ান অব দি হাউস আপনি বিধানসভায় সদস্যরা যা বলেন সেটা শোনেন, সেটা উপরে পাঠান, খবর দেন, আপনি চেষ্টা করেন। রুল ৩৫১এ মেনশন আমরা করি, এটা যথেষ্ট নয়, আজকে যে ঘটনাগুলি ঘটছে সে সম্বন্ধে কোনও মন্ত্রী উঠে আমাদের ক্যাটিগোরিক্যাল অ্যাসিওরেন্স দিন। আমরা সদস্যরা জনপ্রতিনিধি, আমাদের এলাকার সব কথা বলতে হবে, আমাদের কিছু রেসপনসিবিলিটি আছে। আজকে যদি প্রত্যেক রাজনৈতিক দলের গণতান্ত্রিক অধিকারকে হরণ করা হয়, তাদের মিটিং করতে সভা-সমিতি করতে না দেওয়া হয় তাহলে এর চেয়ে দুঃখের কথা আর কি হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা দেখুন, এটার সমাধানের ব্যবস্থা করুন, সমাধানের ব্যবস্থা না করলে শুধু নীরব দর্শকের ভূমিকা আমরা আর কতদিন গ্রহণ করব। আর নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করা যাবে না।

**মিঃ স্পিকার ঃ** আপনারা কি করবেন, না করবেন সেকথা বলে লাভ নেই। হাউসে

যেটা তুলেছেন সেদিক থেকে যেটা করণীয় সেটা আমি করব, কিন্তু মিনিস্টারকে আমি ফোর্স করতে পারি না স্টেটমেন্ট দেবার জন্য, রিকোয়েস্ট করতে পারি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি দয়া করে মিনিস্টারকে রিকোয়েস্ট করুন একটা স্টেটমেন্ট দেবার জন্য।

**(গোপাল বসু রোজ টু স্পিক)**

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার।

**মিঃ স্পিকার ঃ** আপনি কি পয়েন্ট অফ অর্ডার তুলতে চান, যে কাশিবাবুর এটা বলা অন্যায় হয়েছে?

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, আমরা লক্ষ্য করছি যে আমরা এবং অন্যান্য রাজনৈতিক দলের লোকেরা মিটিং করতে গেলেই সি.পি.এমের কর্মিরা মারধোর করছে কাজেই এখানে মিনিস্টাররা রয়েছেন, আপনি বলুন এ ব্যাপারে একটা স্টেটমেন্ট দিতে। আমি মনেকরি এটা খুব সিরিয়াস ব্যাপার।

**শ্রী গোপাল বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীবাবু এই মাত্র যে ঘটনার কথা বললেন সে সম্পর্কে আমি একটি চিঠির অংশ আপনাকে পড়ে শোনাব এবং তারপর চিঠিখানা কে লিখেছে সেটা বলব। গত ২৮.২.৭৯ তারিখে রঘুনাথপুর থানার বড় বাগান গ্রামে সকাল ৮ টায় একটি বাউরি মেয়েকে কেন্দ্র করে শ্রী ক্ষীরোদ চৌবে, শ্রী ফুচিরাম চৌবে এবং নিমাই কর্মকার এই তিন মস্তানের সংঘর্ষে নিমাই কর্মকার গুরুতরভাবে প্রহৃত হয়ে আদরা হাসপাতালে প্রাণ হারায়। এই অঞ্চলে উক্ত মস্তানরা ত্রাসের সৃষ্টি করিয়া রাখিয়াছে। ঘটনার দিন জনতা নেতা শ্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় আদরার জনসভায় নিমাই কর্মকারকে তাঁর দলের লোক এবং সি.পি.এম দ্বারা প্রহৃত বলে বিভ্রান্তির সৃষ্টি করেন। এই মস্তানরা কুখ্যাত সমাজবিরোধী। চুরি, ডাকাতি, লুঠতরাজ, নারী ধর্ষণ এদের নিত্যনৈমিত্তিক কাজ। এদের ভয়ে শান্তিপ্রিয় মানুষ এবং হরিজনরা ভীত সন্ত্রস্ত। এই অবস্থার প্রতিকারের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং রাজনৈতিক নেতাদের কাছে অনুরোধ করছি এই দুরাত্মাদের রাজনৈতিক আশ্রয় দেওয়া থেকে তারা যেন বিরত থাকেন। চিঠিখানা লিখেছেন কংগ্রেস কমিটি (আই), রঘুনাথপুর ব্লক, প্রেসিডেন্ট হারাধন মিশ্র।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)

(After Process)

[3-30 — 3-40 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আপনি রিসেস যাওয়ার আগে মাননীয় গোপাল বোস বলছিলেন যে রঘুনাথ ব্লক কমিটির কংগ্রেস সভাপতি মহাশয় একটি চিঠি লিখেছেন একথা সম্পূর্ণ অসত্য। আমি এক্ষুনি খবর নিয়েছি এবং জেনেছি যে ব্লক কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট গোপাল বাবুর কাছে কোনও চিঠিপত্র লিখেননি এবং যে চিঠি উনি দেখাচ্ছেন এবং যে কথা বলছেন সেটা সম্পূর্ণ জাল। আমরা এর প্রতিবাদ করছি

যে এই সমস্ত জাল তথ্য পরিবেশন করলেন এ সম্বন্ধে আপনি একটা ব্যবস্থা নেবেন।

**অধ্যক্ষ মহোদয় :** আমার কাছে এমন কোনও অস্ত্র নাই যে কোনটা জাল আর কোনটা জাল নয়।

**শ্রী হরিপদ ভারতি :** মাননীয় স্পিকার মহাশয়, আমার একটা নিবেদন আছে, আমার নিবেদন হচ্ছে বিরোধী দলনেতা আপনার কাছে একটি বক্তব্য রেখেছেন। তিনি একের পর এক অনেক দৃষ্টান্ত স্থাপনা করে দেখাতে চেয়েছেন যে এখানে আইন শৃঙ্খলার পরিস্থিতি কেমন। বিরোধী দলের মানুষদের নিরাপত্তা কিভাবে বিঘ্নিত, সরকার বিরোধী দলগুলির স্বাধীনতা কিভাবে ক্ষুন্ন হচ্ছে, তার সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করেছেন এবং তিনি এ সম্বন্ধে কোনও প্রবীণ মন্ত্রীর কাছ থেকে আশ্বাসবাণী শুনতে চেয়েছিলেন যে বিরোধী দলের মানুষদের রাজনৈতিক স্বাধীনতা এই রাজ্যে আছে কি নেই। এই সম্বন্ধে তিনি বিবৃতি চেয়েছিলেন। অবাক বিস্ময়ে আমরা দেখলাম মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কোনও মন্ত্রী কোনও বিবৃতি দিলেন না কিন্তু মন্ত্রীর প্রতিনিধি হিসাবে একজন মাননীয় সদস্য এখানে যেন মন্ত্রীই বিবৃতি দিচ্ছেন এমনভাবে বিরোধী দলের নেতার বক্তব্য খারিজ করবার জন্য হঠাৎ একটি চিঠি পাঠ করতে লাগলেন, এবং অপার বিস্ময়ে দেখলাম যে চিঠিখানা লিখেছেন ইন্দিরা কংগ্রেস পন্থী কোনও নেতা — তিনি তার দলের নেতার কাছে চিঠিখানি লিখলেন না, লিখলেন সি.পি.এম. নেতার কাছে। মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয়ের বিবৃতিটা ভ্রান্ত প্রমাণ করবার জন্য যেন অকস্মাৎ চিঠিখানা আকাশ থেকে তাঁর হাতে এসে পড়ল। অবাক বিস্ময়ে আমরা সব দেখলাম। কাজেই আমরা আশা করব যে আপনি কোনও প্রবীণ মন্ত্রীকে অনুরোধ করবেন তিনি যেন বিবৃতি দেন, আমাদের নিরাপত্তা, আমরা কোথায় কি ভাবে কাজ করব আমাদের এই রাজ্যে কোনওরকম রাজনৈতিক কাজকর্ম করা সম্ভব নয়। এই কথাটা আমি আপনার কাছে জানতে চাইছি।

**শ্রী অনিল মুখার্জি :** অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। অধ্যক্ষ মহাশয়, টালা পার্কের কাছে ৪৩ নং রুটের একটি বাস ব্রিজের উপর থেকে নিচে পড়ে গিয়েছে।

(নয়েজ)

আজকে অফিসে আসবার সময় ৪৩ নং রুটের একটি বাস টালা পার্কের কাছে যে ব্রিজ আছে সেই ব্রিজ থেকে সমস্ত অফিসযাত্রী সহ সেটা উল্টে পড়ে গিয়েছে এবং সেই বাস উল্টে পড়ায় অনেক মানুষ হাতহত হয়েছে এবং আহত মানুষদের আর,জি,কর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

(নয়েজ)

**Mr. Speaker :** Now the Hon'ble Minister may move his Demands.

## VOTING ON DEMANDS FOR GRANTS

## DEMAND NOS. 36, 37 & 38.

Printed Speech of Shri Nani Bhattacharya on Demand No.36, 37 & 38 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩৬ নং দাবির অধীনে মুখ্য খাত "২৮০—চিকিৎসা" এবং "৪৮০—চিকিৎসা সম্পর্কে মূলধন বিনিয়োগ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৮৬,১৮,১৯,০০০ টাকা মঞ্জুর করা হোক।

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৩৭ নং দাবির অধীনে মুখ্য খাত "২৮১—পরিবার কল্যাণ" এবং "৪৮১—পরিবার কল্যাণ সম্পর্কে মূলধন বিনিয়োগ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৭,০০,০৬,০০০ টাকা মঞ্জুর করা হোক।

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাবও করছি যে, ৩৮ নং দাবির অধীনে মুখ্য খাত "২৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জলসরবরাহ" এবং "৬৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জলসরবরাহের জন্য ঋণ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৩৫,৩৯,৬৮,০০০ টাকা মঞ্জুর করা হোক।

[3-40 — 3-50 P.M.]

মহাশয়, প্রসঙ্গত আমি জানাচ্ছি যে, উল্লিখিত খাতে ব্যয়বরাদ্দের দাবি ছাড়াও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে "৪৮০—পরিবার (গৃহাদি) সম্পর্কে মূলধন বিনিয়োগ", "২৮০—চিকিৎসা (গৃহাদি)", "৪৮১—পরিবার কল্যাণ (গৃহাদি সহ) সম্পর্কে বিনিয়োগ" এবং "৪৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জলসরবরাহ (গৃহাদি সহ) সম্পর্কে মূলধন বিনিয়োগ" প্রভৃতি খাতেও অর্থ বরাদ্দ করা হয়েছে। এইসব খাতের বরাদ্দ একত্র করে, স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে মোট বরাদ্দ ১৯৭৮-৭৯ সালের ১,১০,২৩,১৩,০০০ টাকার জায়গায় ১৯৭৯-৮০ সালে ১,৩৭,৬১,৮৫,০০০ টাকা ধরা হয়েছে। পশ্চিমবঙ্গে স্বাস্থ্য ও চিকিৎসা ইত্যাদি উদ্দেশ্যে ১৯৭৮-৭৯ সালের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল ১৯৭৯-৮০ সালে তা ২৭,৩৮,৭২,০০০ টাকা বাড়ানো হয়েছে। অবশ্য, এই বাড়ানো টাকার মধ্যে শ্রম বিভাগ পরিচালিত কর্মচারী রাজ্যবিমা (চিকিৎসা সুবিধা) কর্মপ্রকল্প বাবদ ১৩,৩৪,১৭,০০০ টাকাও ধরা হয়েছে।

(গোলমাল)

আমার প্রধান প্রধান প্রস্তাব সম্পর্কে আলোচনা শুরু করার আগে সাম্প্রতিক বন্যার সময়ে এবং তার পরে ত্রাণমূলক চিকিৎসা সংক্রান্ত কার্যকলাপ সম্পর্কে আমার অভিজ্ঞতার কথা আপনাদের কাছে বলতে চাই। ধ্বংসের ব্যাপকতা আর ব্যাখ্যা করে বলার প্রয়োজন নেই। বন্যাক্লিষ্ট প্রায় সব জায়গাতেই স্বাস্থ্য বিভাগের কর্মিরা নিজেরাই বিপন্ন হয়ে পড়েছিলেন। তবু একথা বলতে আমি কিছুটা আনন্দবোধ করছি যে, তারা সাহসের সঙ্গে পরিস্থিতির মোকাবিলা করেছিলেন। সর্বশ্রেণীর স্বাস্থ্যকর্মী এবং স্বেচ্ছাসেবি স্বাস্থ্যত্রাণ সংগঠনগুলির সহযোগিতায় ও সর্বস্তরের মানুষের স্বতঃস্ফূর্ত সমর্থনে অতি অল্প সময়ের মধ্যেই ব্যাপকতম ভিত্তিতে ত্রাণমূলক চিকিৎসার কাজ সম্পন্ন করা এবং মহামারি প্রতিরোধ করা আমাদের পক্ষে সম্ভব হয়েছিল। এই ব্যাপারটা যে সম্ভব হয়েছিল তার কারণ এই যে, নিয়মকানুন ইত্যাদির জন্য

আমি অপেক্ষা করি নি বরং বন্যাগ্রস্ত এলাকায় ওষুধ, সংক্রান্ত প্রতিষেধক ইত্যাদি পৌঁছে দেবার জন্য সম্ভাব্য সকলের কাছেই আবেদন জানিয়েছি। লোকে যাতে বিশুদ্ধ পানীয় জল পেতে পারে সেজন্য সম্ভাব্য সমস্ত জাগাতে পানীয় জল জীবানুমুক্ত করবার জন্য ক্ষতিগ্রস্ত জল সরবরাহ ব্যবস্থা মেরামত করবার জন্য এবং নলকূপ বসানোর জন্য দ্রুত বন্দোবস্ত করা হয়েছিল। ব্লিচিং পাউডার ব্যবহার করে ও ক্লোরিন/হ্যালাজেন বড়ি ঢালাওভাবে বিলি করে পানীয় জলের উৎসগুলিকে জীবানুমুক্ত করা এবং কলেরা নিবারণের জন্য ব্যাপকভাবে টিকাদানের ব্যবস্থা করার উপরই আমি সর্বপ্রথম নজর দিয়েছিলাম। এতে যে সুফল পাওয়া গিয়েছিল সে বিষয়ে কোনও সন্দেহ নেই, ফলে কোনও মহামারি দেখা দিতে পারে নি। সবাই এটাকে একটা বিরাট কৃতিত্ব বলে স্বীকার করে নিয়েছিল, তা বলতে আমি তৃপ্তি অনুভব করছি। অন্য কোনও ধরনের মহামারি যাতে দেখা না দেয় তারজন্যও আমাদের ব্যবস্থা করতে হয়েছিল। **[এখানে বিরোধী পক্ষের প্রায় সমস্ত সদস্যের প্রস্থান]** এখানে আরও দুই একটি কথা বলা দরকার হাউসের সামনে, কেননা এই সব তথ্য রাখতে পারিনি। আমি সংক্ষেপে দুই একটি কথা বলব। বন্যার সময় ১,১৭,৮৬০৫৮ জনকে কলেরার টীকা দিতে পেরেছি। স্পট ট্রিটমেন্ট দিতে পেরেছিলাম ২৩২৩৮৩৮ জনকে। এরজন্য যেসব প্যারা মেডিক্যাল স্টাফ লাগানো হয়েছিল তার সংখ্যা হচ্ছে ১৬৫০০ জন, মেডিক্যাল টিম যা লাগানো হয়েছিল তার সংখ্যা হচ্ছে ২৬৩, তারমধ্যে ১১২৪ জন মেডিক্যাল অফিসার ছিলেন। হোমিওপ্যাথি টিম ২০টি এই বন্যা প্লাবিত এলাকায় কাজ করে, আয়ুর্বেদিক টিম ১, আর্মি মেডিক্যাল টিম ১০ এবং মেডিক্যাল টিম ৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একথা বলতে হয় ম্যাসিভ প্রোগ্রাম ইনঅকুলেশনের ক্ষেত্রে এবং জল পরিশোধনের ক্ষেত্রে যা ব্যবস্থা নিয়েছিলাম তাতে আমরা সাফল্যমন্ডিত হয়েছি, এই কারণে যে আমরা একযোগে এই বন্যাজনিত পরিস্থিতি মোকাবিলা করতে পেরেছি। সেক্ষেত্রে যেমন পাবলিক হেলথ কর্মিরা কো-অর্ডিনেশন কমিটির অন্তর্ভুক্ত হোক অথবা জয়েন্ট কাউন্সিল অব হেলথ ইউনিয়ন্স অ্যান্ড অ্যাশোসিয়েশন-এর অন্তর্ভুক্ত হোক তারা সেখানে কাজ করেছে। এমন কি আমি জানি এই কর্মিরা বন্যা-ক্লিষ্ট এলাকায় গিয়ে নিজেরা যেমন বন্যা-ক্লিষ্ট হয়ে পড়েছে এবং তাদের তখন রিলিফের উপর নির্ভর করতে হয়েছে, ঠিক তেমনি কলেরা টিকা দেবার ব্যাপারেও তারা অগ্রণী হয়েছে। সেই অবস্থা আমরা দেখেছি। পাশাপাশি সিনিয়ার মেডিক্যাল স্টাফ, হাউস স্টাফ বা ইনটার্নি বলুন তারা এবং বাইরের যারা বিভিন্ন সেবা প্রতিষ্ঠান আছে — সর্বভারতীয় প্রতিষ্ঠান হোক, রাজ্য প্রতিষ্ঠান হোক, তারা একযোগে সেই কাজে নেমেছিল। তাদের সকলের কাজকে সমন্বিত করা, সেখানে লিডারশিপ দেওয়া, ড্রাইভ দেওয়া সম্ভবপর হয়েছে তার ফলে আমরা দেখতে পাচ্ছি এইরকম এক ধরনের প্রলয়ঙ্কর বন্যাজনিত পরিস্থিতির মোকাবিলা করতে আমরা পেরেছি। বন্যা পরবর্তীকালে আমাদের অতীতের অভিজ্ঞতা থেকে বলতে পারা যায় রোগ মহামারি আকারে দেখা দিতে পারেনি। আমরা বন্যার সময় যেমন মহামারি প্রতিরোধ করতে পেরেছি, বন্যা পরবর্তীকালেও ঠিক তেমনি মহামারি রোগ প্রতিরোধ করেছি এবং আজকে হাউসে এই কথা জানানো দরকার যারা বন্যাজনিত পরিস্থিতির মোকাবিলা করতে একযোগে কাজ করবার জন্য এগিয়ে এসেছিলেন তাদের সকলের উদ্দেশ্যে আমি অভিনন্দন জানাচ্ছি।

সমস্যার শেষ হয়নি ওখানেই কিন্তু। একই সঙ্গে সংস্কারসাধন এবং পুনর্নির্মাণের কাজও আমাদের হাতে নিতে হয়। জলসরবরাহ, ওষুধপত্র, ক্ষতিগ্রস্ত ঘরবাড়ির সংস্কারসাধন ও পুনর্নির্মাণ,

সাজসরঞ্জাম এবং চিকিৎসা তথা শল্যচিকিৎসার পক্ষে প্রয়োজনীয় জিনিসপত্র, বিছানা, খাট, গদি, কম্বল, কাপড় ইত্যাদি পাল্টানোর ব্যবস্থা করার জন্য আমাদের ৪৫ কোটি টাকা দেবার জন্য আমরা ভারত সরকারকে অনুরোধ জানিয়েছিলাম। আমাদের মোট প্রয়োজনের এই ৪৫ কোটি টাকা পরিমিতভাবেই হিসাব করা হয়েছিল এবং আমাদের চিকিৎসা-ব্যবস্থা ও চিকিৎসা-প্রতিষ্ঠানগুলিকে আগের অবস্থায় পুরোপুরি ফিরিয়ে আনবার পক্ষে তা হয়তো যথেষ্টও নয়। কিন্তু সেই ৪৫ কোটি টাকার জায়গায় আমরা যা পেলাম তা অতি সামান্য—মাত্র ৭.২০ কোটি টাকা। এই ৭.২০ কোটি টাকার মধ্যে ৪ কোটি টাকা ছিল জলসরবরাহের জন্য, ১.২০ কোটি টাকা ভবন ও সাজসরঞ্জামের জন্য, আর ২ কোটি টাকা জনস্বাস্থ্যের জন্য। এই বরাদ্দ টাকার বেশির ভাগই আমরা ইতিমধ্যে কাজে লাগিয়েছি। ওষুধপত্র, সংক্রমণ-প্রতিষেধক ইত্যাদির অপরিশোধিত বিলের টাকা মেটাতে এবং ক্ষতিগ্রস্ত ভবনগুলিকে সেগুলির জল সরবরাহ ব্যবস্থা সহ আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে যেতে ন্যূনপক্ষে যা প্রয়োজন তারজন্যও আরও অর্থ বরাদ্দের জন্য একটি প্রস্তাব এখন গ্রহণ করা হচ্ছে। আমার আগের কথাগুলো বলার উদ্দেশ্যই হল আমি মাননীয় সদস্যদের স্মরণ করাতে চাই যে, আমরা এখনও সর্বনাশা বন্যাসৃষ্টি পরিস্থিতির মোকাবিলায় ব্যাপৃত আছি। বন্যার সময়ে ত্রাণমূলক চিকিৎসা সংক্রান্ত কার্যকলাপের অভিজ্ঞতা থেকে আমি এই শিক্ষা পেয়েছি যে, আমাদের অধিকাংশ কর্মচারীকে নিঃস্বার্থ কর্মসাধনে অনুপ্রাণিত করা সম্ভব। আমাদের যা করণীয় তা হল তাদের প্রয়োজনীয় নির্দেশ ও নেতৃত্ব দেওয়া এবং তারা যাতে উদ্যম ও উদ্দেশ্য হারিয়ে না ফেলে সেদিকে নজর রাখা। সরকারি কাজকর্ম যাতে আরও সাবলীল গতিতে চলতে পারে তারজন্য আর্থিক ব্যবস্থাপনার পদ্ধতিকে আরও সহজ-সরল করে তোলা যেতে পারে—ঠিক যেমনটি করা হয়েছিল বন্যাকালীন জরুরি পরিস্থিতিতে।

মহাশয়, প্রথমেই আমি বলতে চাই যে, বিপুল সংখ্যক গ্রামীণ জনতা যেসব কর্মসূচির আওতায় আসবে, জনস্বাস্থ্য রক্ষার ক্ষেত্রে সেইসব কর্মসূচির উপর গুরুত্ব আরোপনের প্রশ্নটি বামফ্রন্ট সরকারের সবিশেষ বিবেচনাধীন আছে। এই প্রসঙ্গে বলা যেতে পারে যে, স্বাস্থ্য-বিষয়ক পরিকল্পনার যে কর্মসূচি অনুসারে আমাকে কাজ করতে হচ্ছে তা আমার মন্ত্রিত্ব গ্রহণের আগেই রচিত হয়েছিল। পূর্বতন সরকার যে সমস্ত কর্মপ্রকল্প গ্রহণ করেছিলেন সেগুলি রূপায়ণের কাজ তো আমাকে চালিয়ে যেতে হচ্ছেই, সঙ্গে সঙ্গে প্রচুর বকেয়া কাজের প্রতিও আমাকে নজর রাখতে হচ্ছে। আমরা সরকার গঠন করার পর কেবলমাত্র স্বাস্থ্য-প্রতিষ্ঠান স্থাপনের সিদ্ধান্ত এক স্থান থেকে অন্যত্র স্থানান্তরিত করার মধ্যে আমাদের দৃষ্টিভঙ্গির পার্থক্য বোঝাতে চাই নি। আমি যে বিষয়ের উপর জোর দিতে চাইছি সেটা হল এই যে, আমাদের সামগ্রিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে স্বাস্থ্যরক্ষা, চিকিৎসা ইত্যাদির সুযোগ-সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া। আর এরজন্য প্রয়োজন স্বাস্থ্যরক্ষা ও চিকিৎসা-ব্যবস্থাকে পুনর্বিন্যস্ত করা এবং পরিকল্পনার লক্ষ্যকে শহর থেকে গ্রামমুখি করে তোলার উপর জোর দেওয়া। আজকাল হাসপাতালে অতি-আধুনিক যে সমস্ত সুযোগ-সুবিধার ব্যবস্থা রয়েছে তাতে প্রচুর পরিমাণ সরকারি অর্থ ব্যয়িত হয়। কিন্তু খুব কম লোকই এসব সুযোগ-সুবিধা ভোগ করতে পারছেন। তাই জনস্বাস্থ্য রক্ষার ব্যাপারে তার প্রতিষেধাত্মক দিকটির উপর নির্ভর করাই আবশ্যক হয়ে দেখা দিয়েছে।

*যে লক্ষ্যগুলিকে অগ্রাধিকার দিয়ে এই কর্মসূচি রূপায়িত করা হচ্ছে সেগুলি হল ঃ*

(ক) প্রতি ৩০০ জন লোকপিছু একটি করে জলের উৎস এবং গ্রামপিছু অন্তত একটি করে উৎসের ব্যবস্থা রেখে প্রত্যেক গ্রামে বিশুদ্ধ পানীয় জলের সংস্থান করা;

(খ) শিশু এবং মায়েদের স্বাস্থ্যরক্ষার কর্মসূচির উপর বিশেষ জোর দিয়ে রোগ-প্রতিরোধ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিবিধান;

(গ) গ্রামীণ স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা সম্প্রসারণ;

(ঘ) হাসপাতালগুলির বহির্বিভাগে চিকিৎসা-ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নতিসাধন এবং যেসব আধা-শহর এবং শহর গড়ে উঠেছে অথচ যেখানে চিকিৎসার সুযোগ-সুবিধা এখনও পৌঁছায় নি সেখানে ডিসপেনসারি ও হাসপাতাল খোলা;

(ঙ) ছোট পরিবার গড়ে তোলার যৌক্তিকতা ও তার সুবিধা সম্পর্কে জনসাধারণকে সচেতন করে তোলা এবং প্রসূতি ও শিশুকল্যাণ ব্যবস্থাকে সম্প্রসারিত করা।

**(ক) জলসরবরাহ**

গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করার দায়িত্ব রাজ্য সরকার স্বয়ং গ্রহণ করে নিয়েছেন। মিউনিসিপ্যাল শহরগুলিতে জল সরবরাহের দায়িত্ব অবশ্য সংশ্লিষ্ট মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের হাতে ন্যস্ত রয়েছে। শহরাঞ্চলের মানুষের জলের চাহিদা পর্যাপ্তভাবে মেটানোর ব্যাপারে স্থানীয় প্রতিষ্ঠানগুলির অর্থাভাব যখন বাধা হয়ে দাঁড়িয়েছিল তখন রাজ্য সরকার অনুদান ও ঋণ মঞ্জুর করে তাদের অর্থের সংস্থান করতে সর্বপ্রকারে প্রয়াসি হয়েছেন। কলকাতা মহানগরি অঞ্চলে অবশ্য বিভিন্ন মিউনিসিপ্যালিটির জলের চাহিদা মেটানোর দায়িত্ব নিয়েছেন কলকাতার মহানগরি উন্নয়ন কর্তৃপক্ষ। মহানগরি অঞ্চলের বাইরে অন্যান্য এলাকায় এ ধরনের কর্মপ্রকল্পগুলি রূপায়ণের দায়িত্ব রয়েছে রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের উপর। স্থানীয় শাসন ও শহর উন্নয়ন বিভাগের স্থির করে দেওয়া অগ্রাধিকার-ক্রম অনুসারে ঐসব কর্মপ্রকল্প রূপায়িত করা হবে।

[3-50 — 4-00 P.M.]

প্রতি ৩৩০ জন লোকপিছু একটি করে জলের উৎস এবং প্রতি গ্রামপিছু একটি করে জলের উৎসের ব্যবস্থা করা সম্পর্কে এই সরকারের যে নীতি রয়েছে তা জলের উৎস সৃষ্টির জন্য বরাদ্দ অর্থের সাহায্যে কার্যকর করা হচ্ছে। আর এ ব্যাপারে সবচেয়ে বেশি ফলপ্রসূভাবে উৎস বন্টনের উদ্দেশ্যে ব্লকগুলির বদলে সমগ্র জেলাকেই ইউনিট বলে ধরা হচ্ছে।

**গ্রামীণ জল সরবরাহ ঃ** ১৯৭৮-৭৯ সালে রাজ্যের মোট ৩৩৫টি ব্লকের মধ্যে ৩২৭টির প্রত্যেকটিকে ১০টি করে নলকূপ বসানোর কাজ এবং ৫টি করে নলকূপ আবার নূতনভাবে বসানোর কাজ মঞ্জুর করা হয়েছে। বাকি আটটি ব্লক দার্জিলিং জেলার পাহাড়ি অঞ্চলে অবস্থিত বলে সেখানে জলের উৎস-স্থান সহজে খুঁজে পাওয়া সম্ভব নয়। এসমস্ত অঞ্চলে নলবাহিত জল সরবরাহ ব্যবস্থার মাধ্যমে পানীয় জল সরবরাহ করা হয়। কেন্দ্র-প্রবর্তিত ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ কর্মসূচি অনুসারে গ্রামাঞ্চলে ৪,৩০৮টি নলকূপ বসানোর কাজও

মঞ্জুর করা হয়েছে। উল্লিখিত বছরে বন্যাত্রাণ সংক্রান্ত কর্মসূচির অন্তর্ভুক্ত ৭,০৪০টি নলকূপ সমেত প্রায় ১১,৯৪৫টি জলের উৎস সৃষ্টির কাজ রাজ্য যোজনা কর্মসূচি অনুসারে মঞ্জুর করা হয়। তাছাড়া, বর্তমান জল-উৎসগুলি রক্ষণাবেক্ষণের জন্য ব্লকপিছু দুই কিস্তিতে ৮,০০০ টাকা করে মঞ্জুর করা হয়। গ্রামাঞ্চলে জলের উৎস নির্মাণ এবং পুনর্নির্মাণের জন্য ১৯৭৯-৮০ সালের বাজেটে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

রাজ্য যোজনার গ্রামীণ নলবাহিত জলসরবরাহ কর্মসূচি অনুসারে ৩৩টি কর্মপ্রকল্প রূপায়ণের বিভিন্ন পর্যায়ে রয়েছে এবং রাজ্য যোজনার ন্যূনতম প্রয়োজন কর্মসূচি ও কেন্দ্র-প্রবর্তিত 'ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ কর্মসূচি' অনুযায়ি ৬৩টি নূতন কর্মপ্রকল্প ১৯৭৮-৭৯ সালে মঞ্জুর করা হয়েছে। এ পর্যন্ত ২২৪টি ঐরূপ প্রকল্প মঞ্জুর করা হয়েছে। চালু কর্মপ্রকল্পগুলি রূপায়ণের জন্য এবং ১০৭৯-৮০ সালে যেসব কর্মপ্রকল্পের রূপায়ণ সম্পূর্ণ হবে সেগুলির কাজের অগ্রগতি বজায় রাখার জন্য এবং সেইসঙ্গে নূতন নূতন আরও কর্মপ্রকল্প গ্রহণের জন্য ১৯৭৯-৮০ সালের বাজেটে রাজ্য যোজনার অধীনে ২৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

মঞ্জুর করা কর্মপ্রকল্পগুলি রূপায়ণের জন্য এবং সঙ্গে সঙ্গে নূতন কর্মপ্রকল্পগুলির জন্য 'ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ কর্মসূচি' অনুসারে ৫০৬.০০ লক্ষ টাকা বরাদ্দ করা যেতে পারে বলে সুপারিশ করা হয়েছে।

**শহরাঞ্চলে জলসরবরাহ ঃ** কলকাতা মহানগরি অঞ্চলের বাইরে যে ৫৮টি মিউনিসিপ্যালিটি রয়েছে তারমধ্যে ৩৩টিতে ইতিমধ্যে নলবাহিত জলসরবরাহের ব্যবস্থা করা হয়েছে। জলসরবরাহের কোনও বন্দোবস্ত নেই এমন ১১টি মিউনিসিপ্যালিটিতে জলসরবরাহ কর্মপ্রকল্পগুলি রূপায়ণের বিভিন্ন পর্যায়ে রয়েছে। বারোটি মিউনিসিপ্যাল এলাকায় বর্তমান জলসরবরাহ ব্যবস্থার সম্প্রসারণের জন্য যেসব কর্মপ্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলিও রূপায়িত করা হচ্ছে। তা ছাড়া, মিউনিসিপ্যালিটি-বহির্ভূত শহরাঞ্চলের জন্য চারটি নলবাহিত জলসরবরাহ কর্মপ্রকল্প গ্রহণ করা হয়েছে।

মিউনিসিপ্যালিটিগুলির জলসরবরাহ কর্মপ্রকল্পের জন্য তাদের অনুদান ও ঋণ মঞ্জুর করার উদ্দেশ্যে ১৯৭৯-৮০ সালের বাজেটে ১৩২.০০ লক্ষ টাকার সংস্থান করা হয়েছে। মিউনিসিপ্যালিটির বাইরে শহরাঞ্চলগুলিতে যেসমস্ত কর্মপ্রকল্পের কাজ চলছে সেগুলির জন্যও ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জলসরবরাহ কর্মপ্রকল্প ঃ** রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জলসরবরাহ কর্মপ্রকল্পের দ্বিতীয় পর্ব এবং তৃতীয় পর্বের অংশবিশেষ (পানুরিয়া-জামগ্রাম) ইতিমধ্যে মঞ্জুর করা হয়েছে, আর সেইমতো সেখানে কাজও চলছে। ঐসব কাজের জন্য ১৯৭৯-৮০ সালের বাজেটে ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**পয়ঃপ্রণালী ঃ** দার্জিলিংএর মিরিক হ্রদ অঞ্চলের জন্য একটি পয়ঃপ্রণালী কর্মপ্রকল্প রূপায়ণাধীন। এই কর্মপ্রকল্পটি রূপায়ণের জন্য ১৯৭৯-৮০ সালের বাজেটে ৩.০০ লক্ষ টাকার সংস্থান করা হয়েছে।

রাণাঘাট মিউনিসিপ্যালিটিতে খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করার জন্য ১৯৭৭-৭৮ সালে কেন্দ্র-প্রবর্তিত বিভাগে ১১.৮৭ লক্ষ টাকা ব্যয়ের একটি কর্মপ্রকল্প মঞ্জুর করা হয়। এই কর্মপ্রকল্পের কাজ সম্পূর্ণ করার জন্য ১৯৭৯-৮০ সালের বাজেটে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং অধিকার যাতে ক্রমবর্ধমান কাজের বহর সামলাতে পারেন সেজন্য ঐ অধিকারকে সুসমর্থ করে তোলার উদ্দেশ্যে ১৯৭৯-৮০ সালের বাজেটে উপযুক্ত অর্থের সংস্থান করা হয়েছে।

**(খ) রোগ-প্রতিরোধ ব্যবস্থা**

**গুটি-বসন্ত ঃ** আমাদের এখানে গুটি-বসন্ত রোগ নির্মূল করা হলেও এই রোগ সম্পর্কে সতর্কতামূলক কাজ এখনও চালিয়ে যাওয়া হচ্ছে।

**ম্যালেরিয়া ঃ** ১৯৭৭ সালে ম্যালেরিয়া রোগির সংখ্যা ছিল ১০,০৩৬। আর ১৯৭৮ সালে সেই সংখ্যা কমে এসে হয়েছে ৬,৮৮৫।

পরিস্থিতির মোকাবিলা করার জন্য, ভারত সরকারের সুপারিশক্রমে ম্যালেরিয়া নির্মূলকরণ কর্মসূচির সংপরিবর্তিত রূপায়ণ-পরিকল্পনা অনুসারে কাজ চালিয়ে যাওয়া হচ্ছে। প্রত্যেক জেলায় একটি করে ম্যালেরিয়া ইউনিট কাজ করে যাচ্ছে।

সংপরিবর্তিত রূপায়ণ-পরিকল্পনা সংক্রান্ত ব্যয়ের যে অংশ রাজ্যকে বহন করতে হবে তার সংস্থান করার জন্য ১৯৭৯-৮০ সালের বাজেটে ৩৭.০০ লক্ষ টাকা ধরা হয়েছে। কেন্দ্র-প্রবর্তিত বিভাগ এবং যোজনা-বহির্ভূত বিভাগে যে টাকা ধরা হয়েছে, এই টাকা তার অতিরিক্ত। কয়েকটি জেলায় বিশেষ বিশেষ এলাকায় মহামারির আকারে ভয়াবহ যে এনকেফালাইটিস দেখা দিয়েছিল তা প্রতিরোধ করার জন্য কার্যকর ও দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**যক্ষ্মা কেন্দ্র ঃ** পঞ্চম যোজনার প্রথম চার বছরে যক্ষ্মারোগের চিকিৎসার জন্য ১৫টি ক্লিনিক মঞ্জুর করা হয়েছে। এগুলির কয়েকটির সঙ্গে রোগিদের গৃহচিকিৎসার প্রশাখা যুক্ত থাকবে। ১৯৭৮-৭৯ সালে এরকম তিনটি ক্লিনিক খোলা হবে বলে আশা করা যায়। পরের বছর আরও চারটি ক্লিনিক খোলার জন্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**কুষ্ঠ ঃ** কেন্দ্র-প্রবর্তিত জাতীয় কুষ্ঠনিয়ন্ত্রণ কর্মসূচি অনুসারে যোজনার প্রথম তিন বছরে এই রাজ্যে ১৭টি কুষ্ঠনিয়ন্ত্রণ ইউনিট, ৫৮০টি এস ই টি কেন্দ্র, ৫০টি শহরাঞ্চলীয় কুষ্ঠ কেন্দ্র, চারটি পুনর্গঠনমূলক শল্যচিকিৎসা ইউনিট, ৩০ হাসপাতাল-ভর্তির ওয়ার্ড, নয়টি আঞ্চলিক ইউনিট ও দুটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে এবং ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত ১৫টি কুষ্ঠ কেন্দ্রে মানোন্নয়ন করে সেগুলিকে নিয়ন্ত্রণ ইউনিটে পরিণত করা হয়েছে। ১৯৭৮-৭৯ সালে দুটি কুষ্ঠনিয়ন্ত্রণ ইউনিট, ১২০টি এস ই টি কেন্দ্র, একটি আঞ্চলিক কুষ্ঠনিয়ন্ত্রণ ইউনিট এবং একটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। আগামি বছরের প্রস্তাবে কেন্দ্র-প্রবর্তিত বিভাগে ২৩.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

**ফাইলেরিয়া ঃ** ফাইলেরিয়া নিয়ন্ত্রণ কর্মসূচি অনুসারের এখন নয়টি ফাইলেরিয়া নিয়ন্ত্রণ ইউনিট কাজ করে যাচ্ছে। ১৯৭৭-৭৮ সালে চারটি সমীক্ষা ইউনিট এবং একটি ফাইলেরিয়া

ক্লিনিক স্থাপন করা হয়। ১৯৭৯-৮০ সালে আরও দুটি সমীক্ষা ইউনিট স্থাপনের প্রস্তাব রয়েছে। এরজন্য বরাদ্দের পরিমাণ হচ্ছে ১.৬০ লক্ষ টাকা।

**কলেরা ঃ** প্রায়শই কলেরা রোগের প্রাদুর্ভাব ঘটে রাজ্যের এমন ৮০টি ব্লকে কলেরা নিয়ন্ত্রণ কর্মসূচি চালু রয়েছে। এ ধরনের আরও কয়েকটি ব্লকে কলেরা নিয়ন্ত্রণ ইউনিট স্থাপনের কর্মপ্রকল্প রূপায়ণের জন্য ১৯৭৯-৮০ সালে ৮.৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**খাদ্যে ভেজাল নিবারণ ঃ** গত বছর আমার বাজেট ভাষণে আমি বলেছিলাম যে, এ ব্যাপারে আমাদের পরিদর্শক-সংস্থাকে আরও শক্তিশালী করে তোলার জন্য এবং সংশ্লিষ্ট ল্যাবরেটরিগুলিকে সম্প্রসারিত ও উন্নত করবার জন্য চেষ্টা চালানো হচ্ছে। পশ্চিমবঙ্গে বর্তমানে ১০টি সরকারি ল্যাবরেটরি চালু রয়েছে। এই ল্যাবরেটরিগুলির উন্নতিসাধনের জন্য আগামি বছরের বাজেটে উপযুক্ত অর্থ বরাদ্দ করা হয়েছে। তাছাড়া, বর্ধমান ও জলপাইগুড়ি জেলার জন্য তিনজন করে খাদ্য-পরিদর্শক নিয়ে দুটি স্কোয়ার্ড গঠনের প্রস্তাব করা হয়েছে এবং সে উদ্দেশ্যে ৪.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

**ভেষজ নিয়ন্ত্রণ ঃ** ভেষজ নিয়ন্ত্রণ অধিকারকে এমনভাবে পুনর্বিন্যাস্ত ও সম্প্রসারিত করা হচ্ছে যাতে রাজ্যের সমস্ত জেলাকেই এর কর্মক্ষেত্রের আওতায় নিয়ে আসা যায়। এজন্য বরাদ্দের পরিমাণ হল ৭.৯০ লক্ষ টাকা।

**বায়ু এবং জলদূষণ নিবারণ ঃ** ধূমোৎপাত আইনের একটি সংশোধনের সাহায্যে ধূমোৎপাত কমিশনের ক্ষেত্রাধিকার পশ্চিমবঙ্গের সর্বত্র প্রসারিত করা হয়েছে। জল ও বায়ু দূষণের বিপদ যাতে ক্রমান্বয়ে বাড়তে না পারে সে বিষয়ে কার্যকর প্রতিরোধ সৃষ্টির উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ জল ও বায়ুদূষণ পর্ষদের কার্য পরিধি বাড়িয়ে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ জলদূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ পর্ষদকে অনুদানের টাকা দেবার জন্য এবং রাজ্যব্যাপী ধূমোৎপাদ আইনের প্রসারণ সংক্রান্ত খরচ মেটানোর ১৩.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**সিরাম ও টিকা উৎপাদন ঃ** গুটি-বসন্তের তরল টিকা উৎপাদনের জন্য ওয়েস্ট বেঙ্গল ভ্যাকসিন ইনস্টিটিউটের উৎপাদন-সামর্থ বৃদ্ধি করা হয়েছে।

সেন্ট্রাল কম্বাইন্ড ল্যাবরেটরির জন্য একটি হিম-ভান্ডার নির্মাণ, ইনস্টিটিউশনটির জন্য একটি গ্যাস প্ল্যান্ট স্থাপন এবং সেইটির রক্ষণাবেক্ষণ বাবদ ৩.৫০ লক্ষ টাকার সংস্থান করা হয়েছে।

**চক্ষুরোগ নিবারণ এবং দৃষ্টিহীনতা নিয়ন্ত্রণ সম্পর্কে কর্মসূচি ঃ** কলকাতা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ইতিমধ্যে একটি আঞ্চলিক চক্ষুরোগ-চিকিৎসাকেন্দ্র স্থাপিত হয়েছে।

১৯৭৯-৮০ সালের বাজেটে আটটি জেলা হাসপাতালের চক্ষুরোগ-চিকিৎসা বিভাগের উন্নতিসাধন, একটি ভ্রাম্যমাণ চক্ষুরোগ-চিকিৎসা ইউনিট স্থাপন এবং নির্বাচিত ২০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চক্ষুরোগ-চিকিৎসা ব্যবস্থার সম্প্রসারণের জন্য উপযুক্ত অর্থের সংস্থান রাখা হয়েছে। অবশ্য ভারত সরকার যদি অনুমোদন করেন তা হলেই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চক্ষুরোগ-চিকিৎসা ব্যবস্থার সম্প্রসারণ বিষয়ক কর্মসূচিটি রূপায়িত করা হবে।

**(গ) নানার্থসাধক স্বাস্থ্যকর্মি বিষয়ক কর্মপ্রকল্প**

এই কর্মপ্রকল্পটি বর্তমানে নদীয়া, হাওড়া, হুগলি, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় চালু রয়েছে। সম্প্রতি বর্ধমান, পশ্চিম দিনাজপুর এবং মালদহ জেলাতেও এটি প্রসারিত করা হয়েছে।

উল্লিখিত আটটি জেলায় পুরুষ ও মহিলা স্বাস্থ্যকর্মিদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। অন্য সাতটি জেলার অফিসারদের প্রশিক্ষণ দেওয়ার কাজ এগিয়ে চলেছে।

**সমাজ-স্বাস্থ্যকর্মী কর্মপ্রকল্প ঃ** চিকিৎসার আয়োজন এবং স্বাস্থ্য সংক্রান্ত মৌলিক সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে সমাজের এবং সরকারের প্রয়াসের মধ্যে সামঞ্জস্য বিধানের উদ্দেশ্যে ভারত সরকারের সুপারিশে, এই রাজ্যে পরীক্ষামূলকভাবে সমাজ-স্বাস্থ্যকর্মী কর্মপ্রকল্প চালু করা হয়েছে। পঞ্চম যোজনা কালের সমাজ-স্বাস্থ্যকর্মী কর্মপ্রকল্প এমন একটি কর্মপ্রকল্প যা পুরোপুরি কেন্দ্রীয় পৃষ্ঠপোষকতাপ্রাপ্ত। ১৯৭৭ সালের অক্টোবর মাসে পশ্চিমবঙ্গে প্রথম পর্যায়ে ১৫টি জেলার প্রত্যেকটিতে একটি করে নির্বাচিত ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে "পাইলট" প্রকল্প হিসাবে এই কর্মপ্রকল্প চালু করা হয়। এই কর্মপ্রকল্প অনুসারে প্রতি ১,০০০ মানুষ নিজেদের মধ্য থেকে একজনকে সমাজ-স্বাস্থ্যকর্মী হিসাবে নির্বাচিত করেন। এই স্বেচ্ছাব্রতী কর্মী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধির মূল বিষয়গুলি সম্পর্কে তিন মাস প্রশিক্ষালাভের পর তারা সমাজের জন্য কাজ শুরু করেন। তিনি প্রধানত স্বাস্থ্যোন্নতি এবং স্বাস্থ্যরক্ষা সম্পর্কে কাজ করেন। সেইসঙ্গে তিনি তার সমাজের মানুষদের রোগ নিরাময়ের জন্যে প্রাথমিকভাবে যা যা প্রয়োজন সেগুলির দিকেও নজর রাখেন। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে তিন মাসের প্রশিক্ষা লাভ করার পর প্রত্যেক সমাজ-স্বাস্থ্যকর্মীকে একটি চিকিৎসা পেটিকা দেওয়া হয়। তাতে থাকে সাধারণ অসুখ সারানোর মতো সাধারণ কিছু ওষুধপত্র। ঐ তিন মাসের প্রশিক্ষণ-কালে প্রত্যেক সমাজ-স্বাস্থ্যকর্মীকে প্রতি মাসে ২০০ টাকা করে বৃত্তি দেওয়া হয়। তারপর ঐ কর্মী যখন তার নিজের গ্রামে গিয়ে কাজে যোগ দেন তখন থেকে তার প্রতি মাসে ৫০ টাকা করে মান-দেয় দেওয়া হয়।

তার প্রধান কাজ হচ্ছে গ্রামে রোগ নিবারণ এবং জনস্বাস্থ্য রক্ষা ব্যবস্থার উন্নতিসাধনের ব্যাপারে প্রতিদিন অবসর সময়ে দু-তিন ঘন্টা করে আত্মনিয়োগ করা।

পশ্চিমবঙ্গে ১৫টি জেলার ১৫টি নির্বাচিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দুই দফায় মোট ৬১২ জন সমাজ-স্বাস্থ্যকর্মী তাদের প্রশিক্ষা লাভ শেষ করেছেন। ১৯৭৮ সালের আগস্ট-সেপ্টেম্বর মাসে এই রাজ্যে ভয়াবহ বন্যার দরুন ঐ কাজ কয়েক মাসের জন্য সাময়িকভাবে স্থগিত রাখতে হয়েছিল বলে স্বেচ্ছাব্রতী কর্মিদের পরবর্তী দলগুলিকে প্রশিক্ষণ দেওয়ার কর্মসূচি খুব বেশি এগোতে পারে নি। তবে, সাম্প্রতিক এক রিপোর্টে দেখা যাচ্ছে যে, বেশির ভাগ জেলাতেই ঐ কর্মিদের তৃতীয় দলটিকে প্রশিক্ষণ দেওয়ার কর্মসূচি শুরু করা হয়েছে।

এই কর্মপ্রকল্পটিকে আরও প্রসারিত করা যায় কিনা, ভারত সরকার ইতিমধ্যে সেটা পর্যালোচনা করে দেখেছেন এবং স্থির হয়েছে যে, দ্বিতীয় পর্যায়ে কর্মপ্রকল্পটি এই রাজ্যের মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম, হুগলি এবং হাওড়া এই পাঁচটি "মাল্টিপারপাস" জেলাতে সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চালু করা হবে। সেইমতো মুর্শিদাবাদ জেলায় সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে

এই কর্মপ্রকল্পটি ইতিমধ্যেই চালু করা হয়েছে এবং নদীয়া জেলাতেও ছয়টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এই কর্মপ্রকল্পটি চালু করা হয়েছে। এভাবে, এই রাজ্যের বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১,০৭৯ জন সমাজ-স্বাস্থ্যকর্মি বর্তমানে প্রশিক্ষা লাভ করছেন। দ্বিতীয় পর্যায়ে কর্মপ্রকল্পটিকে প্রসারিত করার সময়, বাকি ১০টি "নন-মাল্টিপারপাস" জেলার প্রত্যেকটিতে একটি করে অতিরিক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারটিও ভারত সরকার মঞ্জুর করেছেন। এইভাবে অল্পদিনের মধ্যেই মোট ১১০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে এই কর্মপ্রকল্পের আওতায় আনা সম্ভব হবে।

**(ঘ) নিরাময়মূলক ব্যবস্থা**

**হাসপাতালের শয্যা ঃ** পঞ্চম পঞ্চবার্ষিক যোজনার অন্তর্ভুক্ত স্বাস্থ্য কর্মসূচি সাফল্যের সঙ্গে রূপায়িত করা হচ্ছে। পঞ্চম যোজনার লক্ষ্যমাত্রা ছিল ১০,০০০ শয্যা (শহরাঞ্চলে ৬,০০০ এবং গ্রামাঞ্চলে ৪,০০০)। এরমধ্যে, ১৯৭৮-৭৯ সাল শেষ হবার আগেই ৮,৫০০ শয্যার (শহরাঞ্চলে ৫,২০০ এবং গ্রামাঞ্চলে ৩,৩০০) ব্যবস্থা করার কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে। এগুলির মধ্যে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের ৩,০০০ শয্যাকেও ধরা হয়েছে।

লক্ষ্যমাত্রা অনুযায়ি শয্যার ব্যবস্থা করতে না পারার কারণ হল আর্থিক সীমাবদ্ধতা। বিরাট প্রাকৃতিক বিপর্যয়ও অন্তরায় হয়ে দাঁড়িয়েছিল, যারফলে আমাদের নির্মাণ কর্মসূচি গুরুতরভাবে ব্যাহত হল। আমি এটাও বলব যে, আমাদের রূপায়ণকারি এজেন্সিগুলি এবং সরকারি প্রশাসন-যন্ত্র রূপায়ণের কাজ দ্রুত সম্পন্ন করতে অপারগ। আমাদের সমগ্র প্রশাসন-যন্ত্রকে কবে যে সর্বক্ষেত্রে লক্ষ্যে পৌঁছানোর মতো বেগবান করে তোলা যাবে সেটা আমি জানি না।

আগামি বছরে ১,২০০ নূতন শয্যা (শহরাঞ্চলে ৮০০ এবং গ্রামাঞ্চলে ৪০০) খোলা সম্ভব হবে বলে আশা রাখি। আশা করা যাচ্ছে, এই বছরের শেষে এ রাজ্যে শয্যার মোট সংখ্যা গিয়ে দাঁড়াবে প্রায় ৫২ হাজার।

**স্বাস্থ্যকেন্দ্র এবং গ্রামীণ হাসপাতাল ঃ** পঞ্চম পঞ্চবার্ষিক যোজনা কালের মধ্যে অর্থাৎ ১৯৭৮-৭৯ সালের শেষ অবধি ৫১টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ১৭২টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ৪১৭টি উপকেন্দ্র এবং সাতটি গ্রামীণ হাসপাতাল খোলা যাবে বলে আশা করা যায়। পরের বছরের কর্মসূচিতে ২০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৫০টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ১০০০টি উপকেন্দ্র এবং ছয়টি গ্রামীণ হাসপাতাল খোলার ব্যবস্থা রয়েছে। এ পর্যন্ত ৩১৮টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৭৬২টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ৩৮৬টি উপকেন্দ্র এবং তিনটি গ্রামীণ হাসপাতাল স্থাপন করা সম্ভব হয়েছে। ৩৯টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ১০৩টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র এবং ২১টি গ্রামীণ হাসপাতাল নির্মাণের কাজ চলছে। যেসব জায়গায় সহায়ক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের অনুমতি ইতিমধ্যেই দেওয়া হয়েছে সেসব জায়গায়, যতদিন ঐ নির্মাণের কাজ শেষ না হচ্ছে ততদিন যাতে স্থানীয় মানুষেরা চিকিৎসার ন্যূনতম সুযোগ পান সেজন্য, ভাড়া করা বাড়িতে বহির্বিভাগ খুলে রোগিদের চিকিৎসার ব্যবস্থা শুরু করার কথা বিবেচনা করে দেখা হচ্ছে। কার্যোপযোগি ভাড়াবাড়ি খুঁজে বার করার জন্য পঞ্চায়েতের পরামর্শ নেওয়া হবে। চলতি বছরে চব্বিশপরগনা জেলার বাসন্তিতে এই ধরনের ব্যবস্থা পরীক্ষামূলকভাবে চালু করার জন্য অনুমোদন দেওয়া

হয়েছে।

যেসব হাসপাতাল সমাজের দরিদ্রতর শ্রেণীর অধিকাংশ পীড়িত মানুষের চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন মেটায়, সরকার সেইসব হাসপাতালের বহির্বিভাগকে আরও বেশি কার্যক্ষম করার সিদ্ধান্ত নিয়েছেন। ঐসব হাসপাতালে রোগনির্ণয় সম্পর্কিত সুযোগ-সুবিধাও আরও প্রসারিত করা হবে। জনসাধারণ যাতে সকাল থেকেই চিকিৎসার সুযোগ পেতে পারে সেজন্য কিছু কিছু হাসপাতালে বহির্বিভাগীয় কাজের সময় বাড়িয়ে দেওয়া হচ্ছে।

জেলা এবং মহকুমা হাসপাতালগুলিতে বহির্বিভাগীয় চিকিৎসার সুযোগ-সুবিধা যাতে বাড়ানো যায় এবং সেইসঙ্গে যাতে বহির্বিভাগে রোগিদের ভিড়ের চাপ কমানো যায় সে উদ্দেশ্যে বহির্বিভাগীয় চিকিৎসার জন্য হাসপাতাল প্রাঙ্গণের বাইরে বহির্বিভাগীয় ডিসপেনসারি স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই ডিসপেনসারিগুলি সংশ্লিষ্ট হাসপাতালগুলির অঙ্গ হিসাবে কাজ করবে।

নূতন অঞ্চলগুলিতে চিকিৎসার সুযোগ-সুবিধা সৃষ্টির জন্য শহরাঞ্চলে বহির্বিভাগীয় ক্লিনিক এবং গ্রামাঞ্চলে ভ্রাম্যমাণ চিকিৎসা ইউনিট গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ বছরে বীরভূম জেলার গ্রামাঞ্চলের জন্য পরীক্ষামূলকভাবে একটি ভ্রাম্যমাণ চিকিৎসা ইউনিট মঞ্জুর করা হয়েছে।

**ব্লাড ব্যাঙ্ক ঃ** রক্তদান ব্যবস্থা আরও সম্প্রসারিত করা হচ্ছে। সমস্ত জেলা হাসপাতালে এবং কিছু কিছু মহকুমা হাসপাতালে ইতিমধ্যেই ব্লাড ব্যাঙ্ক স্থাপিত হয়েছে। এ বছর কার্শিয়াং, ইসলামপুর, বিষ্ণুপুর, রাণাঘাট ও ডায়মন্ডহারবারের মহকুমা-হাসপাতালগুলিতে নূতন পাঁচটি ব্লাড ব্যাঙ্ক মঞ্জুর করা হয়েছে। তা ছাড়া, কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্কের জন্য অতিরিক্ত একটি ভ্রাম্যমাণ রক্ত-সংগ্রাহক দল গঠনের ব্যাপারে অনুমোদন দেওয়া হয়েছে। একটি আঞ্চলিক ব্লাড ব্যাঙ্ক সহ আরও পাঁচটি ব্লাড ব্যাঙ্ক ১৯৭৯-৮০ সালে স্থাপন করা হবে। বন্দর ন্যাস কর্তৃপক্ষের সহযোগিতায় হলদিয়াতেও একটি ব্লাড ব্যাঙ্ক স্থাপিত হচ্ছে।

**নূতন হাসপাতাল ঃ** বরানগরে ১০০-শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, গাববেড়িয়াতে ৬৮-শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, দীঘাতে ৫০-শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল এবং দিনহাটায় ১২০-শয্যাবিশিষ্ট মহকুমা হাসপাতাল নির্মাণের কাজ শেষ হয়ে গিয়েছে এবং সেগুলি জনসাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে। কলকাতার মানিকতলায় ১০০-শয্যাবিশিষ্ট একটি নূতন হাসপাতাল এবং চব্বিশ পরগনার হাবড়ায় ৩০-শয্যাবিবিশষ্ট একটি হাসপাতাল নির্মাণের কাজ অনুমোদন করা হয়েছে।

খড়গপুরে ২৫০-শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, নৈহাটিতে ১৩১-শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, পুরুলিয়া জেলার রঘুনাথপুরে ৬৮-শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল এবং বিজয়গড়ে স্টেট জেনারেল হাসপাতালের নির্মাণকার্য এগিয়ে চলেছে। দক্ষিণ হাওড়ায় জেনারেল হাসপাতালটির অসমাপ্ত অংশের নির্মাণকার্য শুরু করা হয়েছে।

নূতন ব্লক নির্মাণ করে দার্জিলিং, কার্শিয়াং, জলপাইগুড়ি, মালদহ, তমলুক, কাঁথি, ঝাড়গ্রাম, কৃষ্ণনগর (শক্তিনগর), বাঁকুড়া, বর্ধমান প্রভৃতি স্থানের হাসপাতালগুলিকে সম্প্রসারিত

করা হচ্ছে।

লুথেরান ওয়ার্ল্ড সার্ভিস সংস্থার আর্থিক সহায়তায় কল্যাণীর জে এন এম হাসপাতালে শিশুদের জন্য ৫০-শয্যাবিশিষ্ট একটি ওয়ার্ড নির্মাণ করা হয়েছে এবং সেটা শিশুরোগিদের জন্য খুলে দেওয়া হয়েছে। বীরভূম ইউনিটের কাজের সাফল্য বিচার করে আগামি বছর এরকম আরও কয়েকটি ইউনিট গড়ে তোলা হবে।

সি এম ডি এ-র সঙ্গে পরামর্শ করে সরকার একটি সুসংহত সমাজ স্বাস্থ্যরক্ষা কর্মপ্রকল্প প্রণয়ন করেছেন। এই কর্মপ্রকল্পের উদ্দেশ্য হল কলকাতা কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডের বস্তিবাসিদের জন্য সুসংহত একটি স্বাস্থ্য কর্মসূচির ব্যবস্থা করা। এই কর্মসূচি অনুসারে, শহর সমাজ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করে রোগ-প্রতিরোধ, রোগ-নিরাময়, প্রসূতি ও শিশুর স্বাস্থ্যরক্ষা এবং পরিবার কল্যাণমূলক কার্যকলাপ চালিয়ে যাওয়া হবে। তাছাড়া, রোগ নির্ণয় এবং হাসপাতালে ভর্তির জন্য রোগিদের শহর সমাজ-স্বাস্থ্যকেন্দ্র থেকে বর্তমান হাসপাতালগুলিতে পাঠানোর ব্যবস্থাও এই কর্মসূচির মধ্যে রয়েছে।

এই কর্মপ্রকল্প অনুসরণক্রমে প্রথম পর্যায়ে অল্প দিনের মধ্যেই কলকাতা কর্পোরেশনের নং ৫৮, নং ৬০, নং ৬১, নং ৬৯, নং ৮৫, এবং ৯৫ এবং নং ১০০ এই সাতটি ওয়ার্ডে তিনটি আঞ্চলিক শহর স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হবে, যেগুলির সঙ্গে তিনটি শহর সমাজ-স্বাস্থ্যকেন্দ্র যুক্ত থাকবে। এছাড়া, আরও ১১টি শহর সমাজ-স্বাস্থ্যকেন্দ্র এই ওয়ার্ডগুলিতে স্থাপন করা হবে।

এ বছর মালদহ জেলা হাসপাতালে মনোরোগের চিকিৎসার জন্য একটি ক্লিনিক স্থাপিত হবে। আগামি বছর এরকম আরও দুইটি ক্লিনিক স্থাপন করা হবে।

আমাদের যেসব হাসপাতাল রয়েছে তারমধ্যে কয়েকটিকে আরও উন্নত ধরনের হাসপাতালে পরিণত করা যায় কিনা, এটা বিবেচনা করে দেখা হচ্ছে।

**উত্তরবঙ্গে ক্যানসার গবেষণা কেন্দ্র ঃ** উত্তরবঙ্গের জেলাগুলিতে ক্যানসার রোগ-নির্ণয় ও ক্যানসার চিকিৎসার কোনওরকম সুযোগ-সুবিধা নেই। সরকার তাই সুশ্রুতনগরে উত্তরবঙ্গ জেনারেল হাসপাতালের চত্বরে একটি ক্যানসার গবেষণা কেন্দ্র স্থাপনের বিষয়টি মঞ্জুর করেছেন। এই কেন্দ্রটিতে ক্যানসার রোগ নির্ণয় এবং তার চিকিৎসার সুযোগ-সুবিধাত থাকবেই তা ছাড়া ক্যানসার জাতীয় রোগ সম্পর্কে গবেষণারও সুব্যবস্থা থাকবে।

কোচবিহার জেলার তুফানগঞ্জ, মাথাভাঙা ও মেকলিগঞ্জে নূতন মহকুমার হাসপাতাল এবং সুভাষনগর (দমদম), গার্ডেনরীচ, মেটিয়াবুরুজ, সল্ট লেক, পলতা, গড়িয়া, বেলুড় ২৪-পরগনা জেলার আমতলাহাট, জলপাইগুড়ি জেলার ভাটিবাড়ি এবং শিলিগুড়ি শহরের কাছে হাইদারপাড়ায় স্টেট জেনারেল হাসপাতাল নির্মাণের জন্য আগামি বছরের কর্মসূচিতে ব্যবস্থা রাখা হয়েছে।

বিদ্যুৎবিভ্রাটজনিত পরিস্থিতির মোকাবিলা করার উদ্দেশ্যে বড় বড় প্রায় সব হাসপাতালেই জেনারেটর বসানোর জন্যও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**ক্যাজুয়ালটি হাসপাতাল ঃ** অর্থাভাবের দরুন আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালের ক্যাজুয়ালটি ব্লকের পাঁচতলা অবধি নির্মাণ করা সম্ভব হয়নি। একতলা ও দোতলা নির্মাণের কাজ সম্পূর্ণ হয়ে গিয়েছে। এই তলাদুটিতে পর্যবেক্ষণ শয্যা সহ জরুরি চিকিৎসা-ব্যবস্থা পুরোপুরি চালু করা হয়েছে। দক্ষিণ কলকাতা ও শহরতলির মানুষেরা যাতে জরুরি পরিস্থিতিতে এবং দুর্ঘটনায় আহত হলে পর যথোপযুক্ত চিকিৎসার সুযোগ-সুবিধা পেতে পারেন সেজন্য ভবানিপুরে শম্ভুনাথ পন্ডিত হাসপাতালের ক্যাজুয়ালটি ব্লকের একতলার নির্মাণকার্য আবার শুরু করা হয়েছে।

**শিক্ষা ও প্রশিক্ষণ ঃ** এম বি বি এস কোর্স-এর জন্য কলকাতার চারটি সরকারি মেডিক্যাল কলেজ এবং বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ মিলিয়ে মোট ৬৫৫টি আসন আছে। বর্ধমান মেডিক্যাল কলেজ আগে বিশ্ববিদ্যালয়ের পরিচালনাধীন ছিল কিন্তু রাষ্ট্রয়ত্ত হবার পর এটি এখন একটি সরকারি মেডিক্যাল কলেজ হিসাবে চলছে। সুশ্রুতনগরে অবস্থিত উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় মেডিক্যাল কলেজও সরকার অধিগ্রহণ করেছেন এবং এটিও বর্তমানে সরকারি মেডিক্যাল কলেজ হিসাবে চলছে। এম বি বি এস কোর্স-এর জন্য এখন এই রাজ্যে মোট ৭৫৫টি আসন আছে।

বর্ধমান ও সুশ্রুতনগরের ঐ দুটি নূতন মেডিক্যাল কলেজের যথোপযুক্ত উন্নয়নের জন্য ব্যবস্থা করা হয়েছে। একটিমাত্র ব্যাপার উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের উন্নয়নের পথে বাধা সৃষ্টি করছে। তা হল শিলিগুড়ি শহরের কেন্দ্র থেকে ঐ কলেজ ও হাসপাতালের দূরত্ব। আশা করা যাচ্ছে যে, মহানন্দা ও তিস্তা নদীর উপর সেতুটি নির্মিত হলে পর এই দূরত্ব অনেকটা কমে আসবে। ফলে, প্রতিষ্ঠানটির উপযুক্ত উন্নতিসাধন করা সম্ভব হবে। সেতুটির জন্য নকশা এবং খরচের হিসাব প্রস্তুত করা হচ্ছে। সম্ভাব্য বাজেট বরাদ্দ থেকে এ ব্যাপারে যাতে দ্রুত অর্থ মঞ্জুর করা যেতে পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মেডিক্যাল শিক্ষা ব্যবস্থাকে নূতন করে ঢেলে সাজানোর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে কর্মপ্রকল্প রয়েছে তা আমাদের এখানে রূপায়ণের জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে মেডিক্যাল কলেজগুলিকে সমাজ-স্বাস্থ্য কর্মসূচির আওতায় নিয়ে আসা হবে। প্রত্যেকটি মেডিক্যাল কলেজের সঙ্গে তিনটি করে সি ডি ব্লক যুক্ত থাকবে এবং সেই ব্লকগুলিতে জনস্বাস্থ্য রক্ষার সম্পূর্ণ বিষয়টি যাতে সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজের ফ্যাকালটির দায়িত্ব হয় তা সুনিশ্চিত করবার জন্য প্রশাসনিক বন্দোবস্ত করা হবে। জনস্বাস্থ্য এবং অন্যান্য কর্মি ঐ বিষয়ে ফ্যাকালটিকে সাহায্য করবেন। মেডিক্যাল কলেজগুলির জন্য এম সি আই প্রনিয়মাবলি অনুযায়ি নূতন পরিচালন-পদ্ধতি এবং কর্মিবৃন্দ সম্পর্কেও ব্যবস্থা করা হয়েছে।

মহাশয়, এখানে আমি জানাতে চাই যে, পশ্চিমবঙ্গ হেলথ সার্ভিসের কোনও পদাধিকারিই প্র্যাকটিস করতে পারেন না। কিন্তু এই রাজ্যে পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞের অভাব রয়েছে বলেই ঐ সার্ভিসের কিছু কিছু শিক্ষণপদাধিকারি ও বিশেষজ্ঞকে এতদিন প্রাইভেট প্র্যাকটিসের অনুমতি দেওয়া হয়েছিল। এখন, ছাত্রদের যথাযথ শিক্ষার স্বার্থে রাজ্য সরকার মেডিক্যাল কলেজের শিক্ষকদের ক্ষেত্রে প্রাইভেট প্র্যাকটিসের এই সুযোগ প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছেন। সমাজের দুর্বলতর অংশের মানুষদের স্বার্থে স্বাস্থ্যরক্ষা সংক্রান্ত সুযোগ-সুবিধা প্রসারিত করার

জন্য অন্যান্য হাসপাতালে কর্মরত বিশেষজ্ঞদের ক্ষেত্রেও প্রাইভেট প্র্যাকটিসের সুযোগ প্রত্যাহার করে নিতে আমরা চেষ্টা করব।

দন্তচিকিৎসা শিক্ষার ক্ষেত্রে এবং নার্স, প্যারা-মেডিক্যাল কর্মি, প্রায়োগিক কর্মি ও ফার্মাসিস্টদের প্রশিক্ষণের ক্ষেত্রে সুযোগ-সুবিধা বাড়ানোর জন্যও ব্যবস্থা করা হয়েছে। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে এ বছর একটি নূতন ফার্মেসি প্রশিক্ষণ কেন্দ্র মঞ্জুর করা হয়েছে। এছাড়াও, ১৯৭৯-৮০ সালে নূতন আরও একটি ফার্মেসি প্রশিক্ষণ কেন্দ্র এবং জি এন, এম কোর্স-এ নার্সদের প্রশিক্ষণের জন্য তিনটি নূতন কেন্দ্র স্থাপন সম্পর্কে আমাদের প্রস্তাব রয়েছে। নার্সদের প্রশিক্ষণের ব্যাপারটি বিশেষ গুরুত্বপূর্ণ। কেননা নূতন হাসপাতালগুলির জন্য, বর্তমান হাসপাতালগুলি সম্প্রসারণের জন্য এবং নানার্থসাধক স্বাস্থ্যকর্মি কর্মপ্রকল্প প্রবর্তনের জন্য অনেক নার্স প্রয়োজন। বর্তমানে বিভিন্ন হাসপাতালে নার্স ও রোগিদের সংখ্যানুপাত হচ্ছে প্রতি পাঁচজন রোগির জন্য একজন করে নার্স। স্বাস্থ্যকেন্দ্র, ক্লিনিক, ডিসপেনসারি প্রভৃতির জন্য নার্সের প্রয়োজন রয়েছে। কিন্তু রোগিদের যথাযথ চিকিৎসার জন্য নার্স ও রোগিদের সংখ্যানুপাত বাড়িয়ে ১:৩ করা উচিত। তা ছাড়া, ১৯৮২-৮৩ সালের শেষে এই রাজ্যের হাসপাতালগুলিতে শয্যা-সংখ্যা গিয়ে দাঁড়াবে প্রায় ৬১ হাজার। এসব কারণে আমাদের সব মিলিয়ে ২৮,০০০ নার্স দরকার। এরমধ্যে নিরাময়মূলক চিকিৎসার জন্য ১২,০০০ জনকে, জনস্বাস্থ্য রক্ষায় ৬,৫০০ জনকে এবং পরিবার কল্যাণের জন্য ৯,৫০০ জনকে কাজে লাগানো হবে। অতএব নার্সদের জন্য, বিশেষ করে এ এন এম কোর্স-এর জন্য প্রশিক্ষণ কেন্দ্র আরও অনেক বাড়াতে হবে।

বর্তমানে সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা কোর্স-এ প্রশিক্ষণের জন্য মোট ১,২২০টি আসন সংবলিত ১৩টি কেন্দ্র আছে এবং এ এন এম কোর্স-এর মোট ১,২৭০টি আসন সংবলিত ১৯টি কেন্দ্র রয়েছে। তা ছাড়া, নার্সদের প্রশিক্ষণের জন্য যে জরুরি কর্মসূচি (ক্র্যাশ প্রোগ্রাম) গ্রহণ করা হয়েছে তার ফলে আগামি দুই বছরে আরও প্রায় ৬০০ নার্স পাওয়া যাবে। রাজ্য যোজনার বাইরে কেন্দ্রীয় সাহায্যের অর্থ ব্যবহার করে এ এন এম কোর্স-এ নার্সদের প্রশিক্ষাদানের ব্যবস্থাও আমরা করেছি। কলেজ অফ নার্সিং-এর উন্নতিসাধন করা হবে। হাসপাতাল পরিচালনার কাজে অফিসারদের প্রশিক্ষাদানের জন্য ব্যবস্থা করা হয়েছে। ডঃ আর আহমেদ ডেন্টাল কলেজে দন্তচিকিৎসা বিদ্যার পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স চালু করার প্রস্তাব আমরা সক্রিয়ভাবে বিবেচনা করে দেখছি।

পাবলিক সার্ভিস কমিশন যে ৫০০ জন প্রার্থীর নাম সুপারিশ করেছিলেন, ১৯৭৮-৭৯ সালে তাদের কাছে যথারীতি নিয়োগপত্র পাঠানো হচ্ছে। আঞ্চলিক ভিত্তিতে নিয়োগ-নীতিতে কিছুটা বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করতে পারলে নিয়োগের ব্যাপারে খানিকটা সাফল্য অর্জন করা যাবে বলে আমরা মনে করছি। পাবলিক সার্ভিস কমিশন এবং অর্থ বিভাগের সঙ্গে পরামর্শ করে এ সম্পর্কে খুঁটিনাটি বিষয়গুলি ঠিক করতে হবে।

**প্রাক্তন পূর্ব পাকিস্তান (বর্তমান বাংলাদেশ) থেকে আগত বাস্তুত্যাগিদের জন্য চিকিৎসার সুযোগ-সুবিধা ঃ** প্রাক্তন পূর্ব পাকিস্তান (বর্তমান বাংলাদেশ) থেকে ইতিপূর্বে এবং নূতন আগত বাস্তুত্যাগিদের জন্য চিকিৎসার সুযোগ-সুবিধা সম্প্রসারণ সংক্রান্ত কর্মপ্রকল্প অনুসারে

ভারত সরকার পঞ্চম যোজনা কালে সাহায্য হিসাবে ১৮০.০০ লক্ষ টাকা দেবেন বলে প্রস্তাব করেছিলেন।

এই সরকারের স্বাস্থ্য বিভাগ প্রস্তাবটি গ্রহণ করেন এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের সঙ্গে পরামর্শ করে নূতন বা বর্তমান হাসপাতালগুলিতে যক্ষ্মারোগি ছাড়া অন্য রোগিদের জন্য ৩৩৭টি শয্যা এবং বর্তমান হাসপাতালগুলিতে যক্ষ্মারোগিদের জন্য ১০৩টি শয্যার ব্যবস্থা করার কর্মসূচি চূড়ান্তভাবে রচনা করেন। যক্ষ্মা চিকিৎসার ক্লিনিক তথা গৃহচিকিৎসার ব্যবস্থাযুক্ত ইউনিট স্থাপন এবং বহির্বিভাগীয় চিকিৎসা সংক্রান্ত সুযোগ-সুবিধার সম্প্রসারণও এই কর্মসূচিতে অনুস্যূত। এই কর্মসূচি অনুসারে ১৯৭৭-৭৮ সাল অবধি ব্যয় হয়েছে ঃ

| | লক্ষ টাকা |
|---|---|
| ইতিপূর্বে আগত বাস্তুত্যাগিদের জন্য ... ... ... | ৭.৫৯ |
| নূতন আগত বাস্তুত্যাগিদের জন্য ... ... .. | ৫৮.৩০ |

উল্লিখিত উদ্দেশ্যে ১৯৭৮-৭৯ সালে আমরা এখন পর্যন্ত ৬৮.০০ লক্ষ টাকার (নূতন আগত বাস্তুত্যাগিদের জন্য ৬০.০০ লক্ষ টাকা এবং ইতিপূর্বে আগত বাস্তুত্যাগিদের জন্য ৮.০০ লক্ষ টাকা) বরাদ্দ পেয়েছি। এই বরাদ্দ থেকে যেসব ব্যয় এই বিভাগ এযাবৎ মঞ্জুর করেছেন সেগুলি হল ঃ

ইতিপূর্বে আগত বাস্তুত্যাগিদের জন্য

| | লক্ষ টাকা |
|---|---|
| ১। কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালের জন্য সাজসরঞ্জাম কেনা বাবদ ... | ১.০০ |
| ২। বর্ধমানের বি সি হাসপাতালের জন্য সাজসরঞ্জাম কেনা বাবদ | |
| ৩। এরপর উল্লিখিত হাসপাতালগুলির জন্য সাজসরঞ্জাম কেনা বাবদ | |
| (ক) কৃষ্ণনগর, পশ্চিম দিনাজপুর এবং মালদহ জেলা হাসপাতাল | |
| (খ) বনগাঁ, বারাসাত, বসিরহাট এবং ডায়মন্ডহারবার মহকুমা হাসপাতাল | ৬.৫৮ |
| মোট ... | ৮.০০ |

নূতন আগত বাস্তুত্যাগিদের জন্য

| | লক্ষ টাকা |
|---|---|
| ১। আর জি কর হাসপাতালে বহির্বিভাগ ব্লক নির্মাণ | ২০.০০ |
| ২। হাওড়া জেনারেল হাসপাতালে বেড-লিফ্‌ট এবং অন্যান্য | |

| | | |
|---|---|---|
| | কাজের ব্যবস্থা ... ... ... | ৩.৬২ |
| ৩। | চব্বিশ পরগনা জেলার নিমপীঠে যক্ষ্মা ইউনিট নির্মাণ | ৭.০৭ |
| ৪। | মালদহ জেলা হাসপাতাল নির্মাণ ... ... ... | ৫.০০ |
| ৫। | জলপাইগুড়ি জেলা হাসপাতালে একটি দ্বিতল শল্যচিকিৎসা ব্লক নির্মাণ ... ... ... | ৩.০০ |
| ৬। | উত্তরবঙ্গ জেনারেল হাসপাতালে নির্মাণমূলক কাজ | ২.৫০ |
| ৭। | নদীয়া জেলা হাসপাতালে কর্মচারিদের জন্য বাসগৃহ নির্মাণ এবং সেখানে নির্মাণমূলক অন্যান্য কাজ ... ... | ৪.১০ |
| ৮। | হাবড়া বয়েজ হোম-এ একটি ৩০-শয্যাবিশিষ্ট সাধারণ হাসপাতালেরর নির্মাণমূলক কাজ ... ... ... | ১০.০০ |
| | মোট ... | ৫৫.২৯ |

নতি বছরে আরও যেসব খাতে ব্যয় মঞ্জুর করা হবে বলে আশা করা যায় সেগুলি হচ্ছে ঃ

| | | লক্ষ টাকা |
|---|---|---|
| ১। | উত্তরবঙ্গ জেনারেল হাসপাতালের জন্য সাজসরঞ্জাম ক্রয় এবং সেখানে আরও নির্মাণমূলক কাজের জন্য ... ... ... | ৮.০০ |
| ২। | কামারহাটিতে সাগর দত্ত হাসপাতালে নির্মাণের জন্য ... ... ... | ২.০০ |
| ৩। | হুগলি জেলা হাসপাতালে (চুঁচুড়া) নির্মাণমূলক কাজের জন্য ... ... ... | ২.০০ |

**কৃতিকথা ঃ** এ পর্যন্ত যক্ষ্মারোগি ছাড়া অন্য রোগিদের জন্য ১৭০টি নূতন শয্যা হাওড়া জেনারেল হাসপাতাল—১০০, বরানগর জেনারেল হাসপাতাল—৭০) এবং ক্ষ্মারোগিদের জন্য ২০টি শয্যা (মেদিনীপুর জেলা হাসপাতাল) খোলা হয়েছে।

১৯৭৯ সালের ৩১এ মার্চের পরও যে টাকা হাতে থেকে যেতে পারে তা দিয়ে চালু র্মপ্রকল্পগুলির কাজ শেষ করার জন্য এই সরকারের শরণার্থী, ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের ারফত ভারত সরকারের কাছে অনুমতি প্রার্থনা করা হয়েছে।

**আয়ুর্বেদ ঃ** এ রাজ্যে তিনটি সরকারি আয়ুর্বেদ প্রতিষ্ঠান আছে, যথা—

(ক) জে বি রায় সরকারি আয়ুর্বেদ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল,

(খ) শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ, ও

(গ) বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়।

জে বি রায় সরকারি আয়ুর্বেদ কলেজে ডিগ্রি কোর্স এ আয়ুর্বেদ শেখানো হয়, শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স-এ আয়ুর্বেদ শেখানো হয় এবং শেষোক্ত প্রতিষ্ঠানটিতে আয়ুর্বেদীয় ফার্মেসির সার্টিফিকেট কোর্স-এ শিক্ষাদানের ব্যবস্থা রয়েছে।

রাজ্যে ১৬টি সরকারি আয়ুর্বেদ ডিসপেনসারি আছে। এছাড়া, ১৫টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে আয়ুর্বেদ চিকিৎসাধিকারিক নিযুক্ত করা হয়েছে। উপরন্তু, পশ্চিমবঙ্গে সরকারি অর্থ সাহায্যপ্রাপ্ত ৫১টি আয়ুর্বেদ ডিসপেনসারিও রয়েছে। সরকারি আয়ুর্বেদীয় হাসপাতালগুলিতে সরবরাহের ও জনসাধারণের কাছে বিক্রয়ের উদ্দেশ্যে আয়ুর্বেদীয় ওষুধ প্রস্তুত করার জন্য কল্যাণীতে একটি সরকারি আয়ুর্বেদ ফার্মেসি এবং ঔষধি উদ্যান এবং একটি ঔষধ পরীক্ষা ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। আগামি বছরের কর্মসূচিতে পাতিপুকুরের যক্ষ্মা হাসপাতাল সমেত সরকারি আয়ুর্বেদ কলেজ ও হাসপাতালের উন্নয়নের জন্য ব্যবস্থা করা হয়েছে। এই দুটি হাসপাতালে অতিরিক্ত শয্যার ব্যবস্থাও করা হবে। অন্য যে আয়ুর্বেদ প্রতিষ্ঠানটি আছে তারও উন্নতিসাধন করা হবে। কল্যাণীতে ইতিমধ্যে একটি ঔষধিকুঞ্জ স্থাপিত হয়েছে এবং আগামি বছর কোচবিহার জেলায় এরকম আর একটি কুঞ্জ স্থাপন করা হবে। ১৯৭৯-৮০ সালের মধ্যে ব্লক পর্যায়ে একটি জেলা আয়ুর্বেদ হাসপাতাল, একটি মহকুমা আয়ুর্বেদ হাসপাতাল এবং বেশকিছু সরকারি আয়ুর্বেদ ডিসপেনসারি স্থাপনের জন্যও ব্যবস্থা করা হয়েছে। বেসরকারি আয়ুর্বেদ ডিসপেনসারিগুলিকে, আগের বছরগুলিরর মতো অনুদান মঞ্জুর করা হবে। সদরে একটি আয়ুর্বেদ অধিকারও স্থাপন করা হবে।

**হোমিওপ্যাথি ঃ** পশ্চিমবঙ্গে ৩৩টি সরকারি হোমিওপ্যাথি ডিসপেনসারি আছে। তা ছাড়া, ৮৩টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথি চিকিৎসকের ব্যবস্থা রাখা হয়েছে। অল্প দিনের মধ্যেই আরও ৬৭টি স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথি চিকিৎসকের ব্যবস্থা করা হবে। প্রয়োজনীয় সংখ্যক হোমিওপ্যাথি চিকিৎসকের পদ ইতিমধ্যেই সৃষ্টি করা হয়েছে।

বেসরকারি হোমিওপ্যাথি হাসপাতাল এবং দাতব্য ডিসপেনসারিগুলিকে স্বাস্থ্য বিভাগ অনুদান হিসাবে ১৭.০০ লক্ষ টাকা (আনুমানিক) দিয়ে থাকেন।

চলতি বছরে হোমিওপ্যাথি শিক্ষার উন্নয়নের জন্য চারটি হোমিওপ্যাথি ডিগ্রি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং দুটি হোমিওপ্যাথি (ডিপ্লোমা) মেডিক্যাল কলেজ ও হাসপাতালকে সহায়ক অনুদান দেওয়া হয়েছে।

অঞ্চল পঞ্চায়েতে হোমিওপ্যাথি ডিসপেনসারি স্থাপনের একটি কর্মপ্রকল্পও আমাদের কাছে রয়েছে। ১৯৭৬-৭৭ এবং ১৯৭৭-৭৮ সালে যে ৩৬টি অঞ্চল (বর্তমানে গ্রাম) পঞ্চায়েত হোমিওপ্যাথিক ডিসপেনসারি মঞ্জুর করা হয়েছিল সেগুলি ছাড়াও ঐ ধরনের ১৫৪টি ডিসপেনসারি রাজ্য সরকারের অর্থ সাহায্য নিয়ে চালু রয়েছে।

১৯৭৯-৮০ বৎসরের বাজেটে ১০০টি অঞ্চল হোমিওপ্যাথিক ডিসপেনসারি ও স্বাস্থ্যকেন্দ্র সংলগ্ন হোমিওপ্যাথিক ডিসপেনসারি খোলা, জেলা ও মহকুমা হোমিওপ্যাথিক হাসপাতাল, হোমিওপ্যাথিক ডিসপেনসারি ও বহির্বিভাগীয় ডিসপেনসারি স্থাপন, বর্তমান ডিগ্রি কলেজের মানোন্নয়ন, সংক্ষিপ্ত এম বি এস (হোমিও) কোর্স প্রবর্তন, নার্সিং এবং ফার্মেসি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন, শিক্ষক-শিক্ষণ, হোমিওপ্যাথি গবেষণার ব্যবস্থা এবং হোমিওপ্যাথিক অধিকারকে জোরদার

করার জন্য উপযুক্ত অর্থের সংস্থান করা হয়েছে।

**ইউনানি এবং অন্যবিধ চিকিৎসা-পদ্ধতি ঃ** ইউনানি ডিসপেনসারি স্থাপন এবং এ সম্পর্কে সহায়ক অনুদানের জন্য ব্যবস্থা করা হয়েছে।

**হলদিয়ার উন্নয়ন ঃ** হলদিয়ার অধিবাসিরা যাতে তাদের প্রয়োজনানুযায়ি চিকিৎসার সুযোগ-সুবিধা পেতে পারেন সেই ব্যবস্থা করবার জন্য এ বছর সেখানে ২৫০টি অন্তর্বিভাগীয় শয্যাবিশিষ্ট একটি স্টেট জেনারেল হাসপাতাল নির্মাণের কাজ মঞ্জুর করা হয়েছে। এই নির্মাণকার্যের সমাপ্তি সাপেক্ষে হলদিয়ার দুর্গাচকে একটি সরকারি ডিসপেনসারি খোলা হয়েছে।

**আদিবাসি কল্যাণ ঃ** এই রাজ্যে ১০৭টি আদিবাসি উন্নয়ন ব্লক আছে। এই ব্লকগুলিতে ১০৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ২১৮টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ২৩টি উপকেন্দ্র আছে এবং আরও নয়টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৫০টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র ও ১০৪টি উপকেন্দ্র এখন নির্মাণাধীন। ১৯৭৯-৮০ সালে পাঁচটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ১২টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ১০০টি উপকেন্দ্র এবং দুটি গ্রামীণ হাসপাতাল খোলা হবে। এ ছাড়া ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালের নূতন ব্লকগুলি এবং রঘুনাথপুরের স্টেট জেনারেল হাসপাতাল, যা এখন নির্মাণাধীন, আগামি বছর খুলে দেওয়া হবে। ফলে, আদিবাসিদের কিছুটা উপকার হবে।

**অনুসূচিত জাতির কল্যাণ ঃ** পশ্চিমবঙ্গে অনুসূচিত জাতির বেশির ভাগ মানুষই গ্রামাঞ্চলে বসবাস করেন। সংশ্লিষ্ট ব্লকগুলি এখনও চিহ্নিত করা হয়নি। সেজন্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ শতকরা ২০ জন অনুসূচিত জাতির মানুষ যেসব ব্লকে বাস করেন সেইসব ব্লকের কথা বিবেচনা করে দেখছেন। এ ধরনের ১৭৯টি ব্লকে ১৬৯টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ৪২৫টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র এবং ১৮২টি উপকেন্দ্র রয়েছে। আরও ১৮টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৬১টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হচ্ছে। ১৯৭৯-৮০ সালে দুটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ১২টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র, ২৫০টি উপকেন্দ্র এবং ৩০ শয্যাবিশিষ্ট দুটি গ্রামীণ হাসপাতাল স্থাপন করা হবে।

**পরিবার কল্যাণ কর্মসূচি ঃ** পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যে পরিবার কল্যাণ কর্মসূচি রূপায়িত করছেন কেন্দ্র-প্রবর্তিত একটি কর্মপ্রকল্প হিসাবে। প্রসূতি ও শিশুদের স্বাস্থ্যরক্ষা ব্যবস্থার উপর বিশেষ গুরুত্ব দিয়ে রাজ্য সরকার স্বাস্থ্যরক্ষার এক সামগ্রিক কর্মসূচির অংশ হিসাবে পরিবার কল্যাণ ব্যবস্থা জনসাধারণের অধিগম্য করে তুলতে বদ্ধপরিকর। জনসাধারণ যাতে পরিবার কল্যাণের বিভিন্ন পদ্ধতি স্বেচ্ছায় গ্রহণ করতে এগিয়ে আসেন সেজন্য তাদের অনুপ্রেরণা জোগানোর কাজ আরও ভালভাবে চালানোর উদ্দেশ্য নিয়ে রাজ্য সরকার ইতিমধ্যেই বিভিন্ন সরকারি বিভাগ, সংগঠিত সেক্টরের ট্রেড ইউনিয়ন ও পরিচালক-গোষ্ঠী, স্বেচ্ছাব্রতী এজেন্সি, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন, বেসরকারি চিকিৎসক এবং অন্যান্য সমাজকল্যাণ সংস্থাকে পরিবার কল্যাণ কর্মসূচির সঙ্গে যুক্ত করে নিয়েছেন। তা ছাড়া গ্রাম, ব্লক এবং জেলা পর্যায়ে পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতায় এই কর্মসূচি রূপায়িত করা হবে বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন। চিকিৎসক ও প্যারা-মেডিক্যাল কর্মিদের উৎসাহ-অর্থ (ইনসেনটিভ মানি) দেবার ব্যবস্থা করা হয়েছে। দম্পতিরা যাতে নির্বীজকরণের ব্যাপারটিকে স্বেচ্ছায় গ্রহণ করেন সেজন্য তাদের প্রণোদিত করবার কাজ করিয়ে নিতে রাজ্য সরকার

বিশেষ শ্রেণীর কিছু ব্যক্তিকে প্রণোদকের (প্রোমোটর্স) ফি প্রদানের ব্যবস্থা চালু করেছে এরজন্য কেন্দ্রীয় অনুদান ছাড়াও রাজ্য সরকারের নিজস্ব বাজেট থেকে অর্থের সংস্থান ক হয়েছে। এই ব্যবস্থার সঙ্গে সঙ্গে রাজ্যের গ্রাম এবং শহরাঞ্চলের সমস্ত স্বাস্থ্য ইউনিট থে পরিবার কল্যাণ এবং প্রসূতি ও শিশুদের স্বাস্থ্যরক্ষার জন্য নানারকম সুযোগ-সুবিধা ব্যব করা হচ্ছে। ফলে, আগের বছরের তুলনায় ১৯৭৮-৭৯ সালে পরিবার কল্যাণমূলক কার্যকলাপে অনেক উন্নতি ঘটেছে।

[4-00 — 4-10 P.M.]

লক্ষ্য করা যাচ্ছে যে, সম্প্রতি এই রাজ্যে, এমন কি গ্রামাঞ্চলেও, স্ত্রীলোকেরা নির্বীজকরণের ব্যাপারে বেশি আগ্রহী। অতএব, স্ত্রীলোকদের খুব সহজ নাগালের মধ্যে 'টিউবেকটমি' অস্ত্রোপচারের সুযোগ-সুবিধা পৌঁছে দেবার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

দেশীয় দাইদের (ঐতিহ্যগতভাবে প্রসব-সহায়িকা) প্রশিক্ষণের জন্য একটি কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। গৃহে প্রসবের সময় সহায়তার জন্য ১,০০০ জনসংখ্যাবিশিষ্ট প্রত্যেক গ্রামে বা সম্প্রদায়ে একজন করে প্রশিক্ষণপ্রাপ্ত দাইয়ের ব্যবস্থা করাই এই কর্মপ্রকল্পের লক্ষ্য। ১৯৭৯-৮০ সালে ৫,০০০ দাইকে প্রশিক্ষণ দেবার প্রস্তাব রয়েছে।

তা ছাড়া, যেসব স্বাস্থ্যকর্মি এবং মেডিক্যাল অফিসার ভালো কাজ দেখাতে পারবে তাদের জন্য রাজ্য সরকার পারিতোষিক ঘোষণা করেছেন।

**জনস্বাস্থ্য সম্পর্কিত অর্থের হিসাব ঃ** ১৯৭৭-৭৮ এবং ১৯৭৯-৮০ সালে স্বাস্থ্য খাতে মাথাপিছু ব্যয়ের পরিমাণ ছিল যথাক্রমে ২১ টাকা ৭৫ পয়সা এবং ২৪ টাকা ৫০ পয়সা এ বছর ঐ ব্যয়ের পরিমাণ বেড়ে ক্রমে দাঁড়াচ্ছে ৩১ টাকা (জনসংখ্যার হিসাব ১৯৭১ সালের আদমশুমারি অনুযায়ি) অর্থাৎ ৬ টাকা ৫০ পয়সা বৃদ্ধি। এখন মোটামুটিভাবে ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০ এই দুবছরের লক্ষ্যমাত্রা এবং কাজের হিসাব দেওয়া হচ্ছে ঃ

| দফা | ইউনিট | ১৯৭৮-৭৯ সালের লক্ষ্যমাত্রা | ১৯৭৮-৭৯ সালের কাজের আনুমানিক হিসাব | ১৯৭৯-৮০ সালের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| চিকিৎসা | | | | |
| (১) নূতন হাসপাতাল শহরে | সংখ্যা | ৩ | ৩ দিনহাটা গাববেড়িয়া, দিঘা | ২ রঘুনাথপুর খড়্গপুর |
| গ্রামে | | ৪ | ৭ | ৬ |
| (২) ডিসপেনসারি | সংখ্যা | | দুর্গাচক, | ৪ |
| সরকারি ডিসপেনসারি | | ২ | ২ ডাঙ্গাপাড়া | |
| শহরে সাধারণ স্বাস্থ্যকেন্দ্র | | ৩ | ৩ | |

| দফা | ইউনিট | ১৯৭৮-৭৯ সালের লক্ষমাত্রা | ১৯৭৮-৭৯ সালের কাজের আনুমানিক হিসাব | ১৯৭৯-৮০ সালের লক্ষমাত্রা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| শহরে সমাজ স্বাস্থ্যকেন্দ্র | | ১১ | ১১ | |
| ভ্রাম্যমাণ চিকিৎসা ইউনিট | | ১ | ১ (বীরভূম জেলার জন্য) | ১ |
| (৩) হাসপাতাল শয্যা : শহরে | সংখ্যা | ৬০০ | ৬৪০ | ৮০০ |
| গ্রামে | সংখ্যা | ৩৯০ | ৩৬০ | ৪০০ |
| | | ৯৯০ | ১,০০০ | ১,২০০ |
| (৪) স্বাস্থ্যকেন্দ্র | সংখ্যা | | | |
| প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | | ১৫ | ৫ | ১০ |
| সহায়ক স্বাস্থ্যকেন্দ্র | | ১৫ | ৩০ | ২০ |
| উপ-কেন্দ্র | | ১১৮ | ৩১ | ১,০০০ |
| (৫) ব্লাড ব্যাঙ্ক | সংখ্যা | ৫ | ৫ | ৬ |
| (৬) দন্ত চিকিৎসা কেন্দ্র | সংখ্যা | ২০ | ২১ | ২০ |
| (৭) জি এন এম কোর্স এর জন্য নার্স প্রশিক্ষণ কেন্দ্র | সংখ্যা | ১ | | ৫ |
| (৮) ফার্মেসি প্রশিক্ষণ কেন্দ্র | সংখ্যা | ১ | ১ | ১ |
| (৯) আয়ুর্বেদ ডিসপেনসারি | সংখ্যা | স্থির হয় নি | | ১০ |
| (১০) গ্রামীণ হোমিওপ্যাথিক ডিসপেনসারি | সংখ্যা | স্থির হয় নি | ১৫৪ | ১২০ |
| জনস্বাস্থ্য | | | | |
| (১১) যক্ষ্মা ক্লিনিক | সংখ্যা | ৬ | ৩ | ৪ |
| (১২) কুষ্ঠ নিয়ন্ত্রণ ইউনিট | সংখ্যা | ২ | ২ ভারত সরকার স্থির করবেন | |
| (১৩) এস ই টি কেন্দ্র | সংখ্যা | ৯০ | ৯০ | |
| (১৪) ফাইলেরিয়া ইউনিট | সংখ্যা | ২ | .. | ১ |

| দফা | ইউনিট | ১৯৭৮-৭৯ সালের লক্ষমাত্রা | ১৯৭৮-৭৯ সালের কাজের আনুমানিক হিসাব | ১৯৭৯-৮০ সালের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫-দফা প্রসূতি ও শিশু স্বাস্থ্যরক্ষালক্ষ হিসাবে ডিসেম্বর ১৯৭৯ পর্যন্ত সম্পাদিত কাজ | | | | |
| (১) ট্রিপল অ্যান্টিজেন | | ৬.০৫ | ৪,৯৯,৪১২ | |
| (২) ডাবল অ্যান্টিজেন | | ৭.০০ | ৪,৬৫,৫১৯ | |
| (৩) অন্তঃসত্ত্বা মায়েদেব জন্য টিটেনাস টকসাইড | | ৪০০ | ৩,৩০,৩৬৫ | |
| (৪) ভিট-আ-ইন অয়েল | | ১৭.০০ | ১১,১১,২৩৫ | |
| (৫) ফলিফার ট্যারস-- | | | | |
| (ক) মায়েদের জন্য | | ১২.০০ | ৯,৯৪,৬৩৭ | |
| (খ) শিশুদের জন্য | | ১২.০০ | ১০,৮১,৪০৮ | ভারত সবকাব স্থিব করবেন |
| (৬) দাই প্রশিক্ষণ | | ৫,০০০ | ১,৮৮৯ | |
| (৭) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র মেডিক্যাল অফিসারদেব প্রসূতি ও শিশুস্বাস্থ্য বক্ষা সম্পর্কে প্রশিক্ষাদান | | ১২ | ১২ | |
| (৮) শিশু-প্রদর্শনী | | সমস্ত পবিবার কল্যাণ কেন্দ্র | ৩৬৪ | |
| (৯) আই সি ডি প্রকল্প | | ৬টি প্রকল্প | ৬টি প্রকল্প | |
| জল সববরাহ এবং অনাময় ব্যবস্থা | | | | |
| (ক) শহবাঞ্চলে জলসরববাহ | | | | |
| (১) নূতন কর্মপ্রকল্প- - | | | | |
| সংশ্লিষ্ট শহর | সংখ্যা | ২ | ২ | ২ |
| সংশ্লিষ্ট জনসংখ্যা | দশ লক্ষ | ০.২৬ | ০ ২৬ | ০ ২৫ |
| (২) প্রবর্ধন কর্মপ্রকল্প- - | | | | |
| সংশ্লিষ্ট শহর | সংখ্যা | ৬ | ৬ | ৩ |
| সংশ্লিষ্ট জনসংখ্যা | দশ লক্ষ | ০ ৪৭ | ০.৪৭ | ০.৩৬ |
| (খ) স্বাভাবিক কর্মসূচির অধীনে গ্রামীণ জলসরবরাহ | | | | |
| নলবাহিত জল সরবরাহ | | | | |

| দফা | ইউনিট | ১৯৭৮-৭৯ সালের লক্ষ্যমাত্রা | ১৯৭৮-৭৯ সালের কাজের আনুমানিক হিসাব | ১৯৭৯-৮০ সালের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| সংশ্লিষ্ট গ্রাম .. | | আর সি এফ এ জল সরবরাহ কর্মপ্রকল্পের ২য় খণ্ড এবং ৩য় খণ্ডের অংশ বিশেষ রূপায়িত করা হবে। | | |
| সংশ্লিষ্ট জনসংখ্যা .. | | | | |
| (গ) ন্যূনতম প্রয়োজন কর্মসূচী | | | | |
| (১) নলবাহিত জল সরবরাহ- - | | | | |
| সংশ্লিষ্ট গ্রাম . | সংখ্যা | ৩৪ | ১০ | ২৪ |
| সংশ্লিষ্ট জনসংখ্যা . | দশ লক্ষ | ০.৩৬ | ০.১২ | ০.২৪ |
| (২) নলকূপ— | | | | |
| নলকূপের সংখ্যা . | সংখ্যা | ৫,০০০ | ৫,০০০ | ৫,০০০ |
| সংশ্লিষ্ট জনসংখ্যা | দশ লক্ষ | ০৫০ | ০.৫০ | ০৫০ |
| (ঘ) ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ কর্মসূচি (সেন্ট্রাল সেক্টর) | | | | |
| (১) নলকূপ— | | | | |
| নলকূপের সংখ্যা .. | সংখ্যা | ১,৬০০ | ১,৬০০ | ২,৪০০ |
| সংশ্লিষ্ট জনসংখ্যা . | দশ লক্ষ | ০.৪৮ | ০৪৮ | ০৭২ |
| (২) নলবাহিত জল সববরাহ কর্ম-প্রকল্পের সংখ্যা | সংখ্যা | ৩৫ | ২৫টি কর্মপ্রকল্প রূপায়ণাধীন এবং ৫টির কাজ সমাপ্ত | (১) সমাপ্ত- - ১০ (২) রূপায়ণা-ধীন--৫৯ |

**উপসংহার**

মহাশয়, আমি ইতিপূর্বে চিকিৎসা ব্যবস্থার প্রসার সম্পর্কে যে সমস্ত তথ্য ও পরিসংখ্যান দিয়েছি তা থেকে মাননীয় সদস্যেরা মনে করতে পারেন যে, আমি আত্মসন্তুষ্টির মনোভাব গ্রহণ করছি। বাস্তবিকপক্ষে এ সম্পর্কে আমার মতামত অনেকাংশেই পৃথক। আমি এ বিষয়ে সম্পূর্ণ অবহিত যে, চাহিদার সঙ্গে সমতা রক্ষা করে চিকিৎসা ব্যবস্থার যথাযথ সম্প্রসারণ ঘটে নি। ক্রমবর্ধমান জনসংখ্যা এবং তাদের বর্ধিত স্বাস্থ্য-সচেতনতা হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্র সমূহে রোগির সংখ্যা বৃদ্ধি করছে। যদিও এ লক্ষ্যণ অবশ্যই বাঞ্ছিত, তবুও এর থেকেই নানারকম বেদনাদায়ক পরিস্থিতি এবং উত্তেজনাপূর্ণ সমস্যার সৃষ্টি হচ্ছে। জনসাধারণ যে প্রত্যাশা পোষণ করেন তারই ভিত্তিতে অপ্রতুল হাসপাতাল ব্যবস্থা, অথবা হাসপাতাল কর্মিদের

অবহেলার প্রতি বিক্ষোভে সময় সময় তাদের প্রতিবাদ অত্যন্ত তীব্রভাবে ফেটে পড়ে। যদিও রাতারাতি নতুন নতুন সুযোগসুবিধা প্রয়োজন অনুযায়ি সৃষ্টি করা সম্ভব নয়, বিশেষ করে শহরের বড় হাসপাতালগুলিতে, কেননা অর্থের সংস্থানের প্রশ্ন এইসঙ্গে জড়িয়ে আছে। তবুও মানতেই হয় যে, জনসাধারণ যথার্থই চলতি সুযোগসুবিধার উন্নত মান এবং আবশ্যকীয় ব্যবস্থাদির প্রয়োজনীয় প্রসার আশা করতে পারেন।

মহাশয়, এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যদের আশ্বাস দিতে পারি যে, হাসপাতালের সুযোগ-সুবিধা যাতে দেশের দূরতম প্রান্তে এবং শহরাঞ্চলে বস্তির মানুষদের কাছে পৌঁছয় তা দেখতে আমি খুবই ব্যগ্র। কিন্তু এ কাজের জন্য যথেষ্ট অর্থের ব্যবস্থা করতে হবে।

এটা সকলেই জানেন যে, আমাদের দেশের অর্থনীতি প্রচন্ড রকমের এক সঙ্কটের মধ্য দিয়ে চলেছে। দারিদ্র্য-সীমার নিচে বাস করছেন এবং মানুষের সংখ্যা দিনের পর দিন শুধু বেড়েই চলেছে। এহেন পরিস্থিতিতে রাজ্য এবং স্বাস্থ্য বিভাগের বাজেট তেমন কোনও আশার আলো দেখাতে পারে না। ষষ্ঠ যোজনাকালে ১৬০ কোটি টাকা খরচের যে প্রস্তাব আমি দিয়েছিলাম তার প্রত্যুত্তরে যোজনা কমিশন মাত্র ৬০ কোটি টাকা অনুমোদন দিতে রাজি হয়েছিলেন। এই হল আর্থিক অবস্থার নির্মম বাস্তব চিত্র। তাই বলে স্বাস্থ্য বিভাগের দায়িত্বকেও আমরা খর্ব করে দেখতে বা দেখাতে চাইছি না। আমরা জানি যে, স্বাস্থ্যও আমাদের সমাজের মৌল প্রয়োজনের মধ্যে একটি। সুতরাং যতই অসুবিধা থাকুক না কেন, সমাজে যারা পীড়িত বা অসুস্থ সেইসব মানুষের চিকিৎসার বন্দোবস্ত আমাদের অবশ্যই করতে হবে। এই লক্ষ্যসাধনে সমাজের সর্বস্তরের মানুষের সহযোগিতা নিয়ে আমাদের সম্মিলিতভাবে এগিয়ে যেতে হবে।

এই সহযোগিতার উপর আমি যথেষ্ট গুরুত্ব আরোপ করতে চাই কারণ স্বাস্থ্য সম্পর্কীয় সুযোগ-সুবিধার উন্নয়ন ও প্রসারণ সমস্যার সমাধান আমাদের জনগণের বৃহদংশের দরিদ্র অবস্থা থেকে বিচ্ছিন্নভাবে হওয়া সম্ভব নয়। আমি জানি যে, আমাদের হাসপাতালগুলির অবস্থা আশানুরূপ নয়। কিন্তু বাস্তব অবস্থা এই যে, আমাদের জনগণের বিরাট অংশ যাদের খাদ্য ও বাসস্থানের সংস্থান প্রায় নেই বললেই চলে তাদের অসুস্থ অবস্থায় তারা সেখানে কিছু পেয়ে থাকেন। যক্ষ্মারোগিদের শয্যাগুলি কখনও খালি থাকে না, কারণ আরোগ্যলাভকারি রোগিদের অনেকেই হাসপাতাল ত্যাগ করতে এই আশঙ্কায় অনিচ্ছুক যে, বাইরে গেলে তারা আরও অসহায় অবস্থার সম্মুখীন হবেন এবং স্বল্প দিনের জন্যও তাদের পক্ষে টিকে থাকা অসম্ভব হবে।

মহাশয়, আমি এতদ্বারা আমাদের চিকিৎসা ব্যবস্থার অপ্রতুলতা সম্পর্কে কোন অজুহাত খুঁজতে চাইছি না। এই সমস্যার সঙ্গে বহুবিধ মানবিক প্রশ্ন জড়িয়ে আছে, যার ফলে আমরা চলতি ব্যবস্থার সুযোগ-সুবিধার সদ্ব্যবহার করতে পারছি না। আমি স্বীকার করি যে, স্বাস্থ্য বিভাগের মতো সেবামূলক বিভাগে যেসব কর্মি কাজ করছেন, যদিও তারা চিকিৎসা ও জনস্বাস্থ্য সংক্রান্ত কাজকর্মে লিপ্ত আছেন, তবু তাদের অনেকের মধ্যেই সেবার মনোভাব এখনও অঙ্কুরিত হয়নি। আমি দুঃখের সঙ্গে বলছি যে, জাতীয় জীবনের সর্বক্ষেত্রের মতো চিকিৎসা ব্যবস্থার ক্ষেত্রেও সেবা এবং সহানুভূতির জায়গায় প্রায়শই আমরা দেখতে পাই হৃদয়হীন অবহেলা, স্বার্থপর উচ্চাশা এবং অসাধু বৃত্তি। আমি বিশ্বাস করি না যে, এই

অবক্ষয় সকলকেই স্পর্শ করেছে। এমন অনেকেই আছেন যারা সেবা এবং সহমর্মিতার উচ্চ আদর্শ আঁকড়ে রোগিদের প্রতি আন্তরিক কর্তব্য পালন করে যাচ্ছেন। যদিও আমি বিশ্বাস করি যে, আমাদের উন্নততর সমাজ ব্যবস্থার জন্য সংগ্রাম চালিয়ে যেতে হবে যা আপামর দরিদ্র এবং অত্যাচারিত জনসাধারণের অবস্থা পাল্টে দেবে, তবুও আমার দৃঢ় বিশ্বাস যে, ক্রমাগত প্রচেষ্টার দ্বারা ডাক্তার এবং অন্য সর্বস্তরের স্বাস্থ্যকর্মিদের উপযুক্তভাবে উৎসাহ এবং অনুপ্রেরণা দান করে তাদের মধ্যে উন্নততর কর্মপ্রয়াস সৃষ্টি করা সম্ভব হবে। মাননীয় সদস্যবৃন্দ এবং জনসাধারণের কাছে আমার একান্ত কামা তাদের সহযোগিতা ও কিছুটা ধৈর্য, যা পেলে এই রাজ্যের সার্বিক সামাজিক-অর্থনৈতিক পরিস্থিতি এবং বর্তমানে আমার বিভাগকে যে আর্থিক সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হচ্ছে তা সত্ত্বেও আমি বিশ্বাস করি যে, আগামি বছরে স্বাস্থ্য সংক্রান্ত বিধিব্যবস্থার আরও উন্নততর চিত্র উপস্থাপিত করতে পারব।

জনস্বাস্থ্য সম্পর্কে যেসব ব্যবস্থার উপর আমি জোর দিয়েছি সেগুলিই এই মুহূর্তে অবস্থার একমাত্র বাস্তব সমাধান হতে পারে। বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করলে জলবাহিত অধিকাংশ রোগই আর থাকবে না। আমি দেখতে চাই, জনস্বাস্থ্যরক্ষার জন্য আমার এই যে ব্যাপক কর্মসূচি তা জনতার স্বতঃস্ফূর্ত সমর্থনে একটি সার্থক আন্দোলনে পরিণত হবে।

**ডাঃ সেখ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আন্তর্জাতিক শিশুবর্ষের পরিপ্রেক্ষিতে এবং আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে ভারতীয় জাতীয় মহিলা ফেডারেশনের পশ্চিমবঙ্গ কমিটি, পশ্চিমবঙ্গ মহিলা সমিতি এবং আরও কয়েকটি মহিলা সংগঠনের পক্ষে আমাদের রাজ্যের সব প্রান্ত থেকে কয়েক হাজার মহিলা মিছিল করে এখানে এসেছেন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তাদের দাবিদাওয়া সম্বলিত একটি স্মারকলিপি পেশ করার জন্য। তাদের প্রধান প্রধান দাবিগুলির মধ্যে আছে শিশু কল্যাণের জন্য.....

**Mr. Speaker :** Please do not read the memorandum. We are not here to deal with what is there in the memorandum. I do not allow you to read the memorandum. Nobody reads, you are the only exception in the world who has taken the opportunity to read at what is there in the memorandum.

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মহাশয়, এই কথা বলে আমি ৩৬নং দাবির অধীনে মুখ্য খাত "২৮০—চিকিৎসা" এবং "৪৮০—চিকিৎসা সম্পর্কে মূলধন বিনিয়োগ", ৩৭ নং দাবির অধীনে মুখ্য খাত "২৮১—পরিবার কল্যাণ" এবং "৪৮১—পরিবার কল্যাণ সম্পর্কে মূলধন বিনিয়োগ" ও ৩৮ নং দাবির অধীনে মুখ্য খাত "২৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জলসরবরাহ" এবং "৬৮২—জনস্বাস্থ্য, অনাময় ও জলসরবরাহের জন্য ঋণ" প্রভৃতি খাতে ব্যয়বরাদ্দ সংক্রান্ত আমার এই প্রস্তাব সভার গ্রহণের জন্য পেশ করছি।

**(Demand No. 36)**

**Shri A.K.M. Hassan Uzzaman :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**(Demand No. 37)**

Shri A.K.M. Hassan Uzzaman : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**(Demand No. 38)**

Shri A.K.M. Hassan Uzzaman : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর বাজেট ভাষণ পড়েছি। তিনি বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করে যুক্তি তর্ক দিয়ে প্রমাণিত করার চেষ্টা করেছেন যে বামফ্রন্ট সরকারের আমলে স্বাস্থ্যের অনেক উন্নতি হয়েছে। যদিও তাঁর স্বাস্থ্য ভাল কিন্তু আমরা যারা মাঠে, ঘাটে ঘুরে বেড়াই, আমরা যারা হাসপাতালে যাই তাদের দেখছি না যে বামফ্রন্ট সরকারের আমলে স্বাস্থ্যের কোনও উন্নতি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় যখন প্রথম মন্ত্রিত্ব নিয়েছিলেন, তিনি বলেছিলেন, এটা ঠিক যে স্বাস্থ্যের ব্যাপারে কোনও পলিটিক্স নেই, তিনি আপামর জনসাধারণের স্বাস্থ্যের যাতে উন্নতি হয় তারজন্য তিনি চেষ্টা করবেন। আমি বিশ্বাস করি যে ব্যক্তিগত ভাবে তিনি এখনও সেটাই বিশ্বাস করেন। কিন্তু প্রশাসনিক ব্যবস্থা যেভাবে চলেছে সেখানে স্বাস্থ্য নিয়ে দলবাজি চলছে এই কথা বলতে বাধ্য হচ্ছি। কয়েকদিন আগে কাকদ্বীপ থানার বাপুজি নগর হাসপাতাল সম্পর্কে যখন আমি বক্তব্য রেখেছিলাম তখন মাননীয় মন্ত্রী মহাশয় আমার প্রশ্নের উত্তরে বলেছিলেন যে কোনও দলিল করে দেওয়া হয়নি এবং আমি যখন পাল্টা প্রশ্ন করেছিলাম যে আমার কাছে দলিল আছে, তাহলে কি আপনি বলতে চান যে সেই দলিলটা মিথ্যা? আমি সেই দলিলের নাম, নম্বর, তারিখ ইত্যাদি দিয়ে দিতে পারি। তখন তিনি বলেছিলেন যে বিবেচনা করে দেখবেন।

**শ্রী ঋষিকেশ মাইতি ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কাকদ্বীপের এম.এল.এ। আমি জানি যে দলিল করেছেন তারজন্য সরকার তাদেরকে দলিলের আহ্বান জানান নি। তারা নিজেরাই স্বেচ্ছায় কিছু জমি দান করেছেন তারজন্য সরকার বাধ্য নন।

[4-10 — 4-20 P.M.]

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কোনও বাধ্য অবাধ্যর প্রশ্ন নয়। সরকারের চিঠি মেতাবেক, ডাইরেক্টোরেটের চিঠি মোতাবেক সেখানে দানপত্র করে দেওয়া হয়েছে। দান পত্রের তারিখ থেকে আরম্ভ করে সমস্ত কিছু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দেব। ডাইরেক্টোরেট থেকে যখন চিঠি দিয়েছেন যে আপনারা জমি দান করুন তারপর দান করা হয়েছে। আপনি এই কথা বলছেন কেন, চিঠিতো আমার কাছে রয়েছে। কাজেই এইসব কথা বলার কোনও মানে হয়না। যদিও স্বাস্থ্যের ব্যাপারটা একটা জটিল ব্যাপার. স্বাস্থ্যের ক্ষেত্রে. হাসপাতাল পরিচালনার ক্ষেত্রে আমরা আশা করেছিলাম যে বামফ্রন্ট সরকারের আমলে এর উন্নতি হবে কিন্তু সেটা আমরা দেখছি না। যদিও আমাদের দেশের জনসংখ্যার তুলনায় হাসপাতাল কম, এটা আমরা স্বীকার করছি, কিন্তু তাসত্ত্বেও আমরা যে পরিচালনা ব্যবস্থায় যে উন্নতি আশা করেছিলাম সেটা দেখছিনা। হাসপাতালের আউট ডোর

থেকে আরম্ভ করে ইন্ডোর আমরা যখন রুগি নিয়ে যাই বা নিজেরা রুগি হয়ে যাই তখন আমরা এর পরিচালন ব্যবস্থার কোনও উন্নতি লক্ষ্য করতে পারিনা। নীলরতন হাসপাতালের কিজিটিং কমিটির সঙ্গে আমি যুক্ত। সেখানে আমরা মতামত দিয়েছি কিন্তু হাসপাতালের ব্যবস্থার কোনও উন্নতি করতে পারিনি। সুপারিনটেনডেন্ট মহাশয়কে যখন এই সম্পর্কে বলি তখন তিনি রাইটার্স বিল্ডিংসের লালফিতার কথা বলেন, দীর্ঘসূত্রতার কথা বলেন এবং অন্যান্য যুক্তি দেখান। আমাদের সাজেশন দেওয়া ছাড়া অন্য কিছু করার থাকেনা। আমি এই কয়টি স্পেসিফিক উদাহরণ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। দক্ষিণ ২৪-পরগনার মগরাহাট কেন্দ্রের বানেশ্বরপুর হেলথ সেন্টারটির এখনও পর্যন্ত উদ্বোধন হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি এদিকে একটু দৃষ্টিপাত করুন যাতে ঐ হেলথ সেন্টারটির তাড়াতাড়ি উদ্বোধন হয়। আমার কেন্দ্রে একটি সাব-সেন্টার হবার জন্য দুবছর আগে বিল্ডিং হয়ে গেছে এবং সেটা হয়েছে এই সরকার আসার আগেই। এই সরকার আসার পর আমি বার বার ডিস্ট্রিক্ট হেলথ অফিসারকে চিঠি দিয়েছি এবং বহুবার এই বিধানসভাতে বলেছি এবং ব্যক্তিগতভাবে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে বলেছি, মেমোরেন্ডাম দিয়েছি, কিন্তু এখনও পর্যন্ত সাব-সেন্টারের উদ্বোধন হচ্ছে না। যখন ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটিতে ডিস্ট্রিক্ট মেডিক্যাল অফিসারকে জিজ্ঞাসা করি তখন তিনি বলেন যে, হ্যাঁ আমরা অর্ডার দিয়েছি এবং আপনার হেলথ সেন্টার তো চলছে। কোথায় সাব-সেন্টার চলছে? ওখানে ডাক্তার নেই, কমপাউন্ডার নেই, চলছে কি করে? এ ছাড়াও আমি আরও কতগুলি স্পেসিফিক উদাহরণ দিচ্ছি, কাকদ্বীপে বাপুজি নগর কলোনির হেলথ সেন্টার, বারাসাত ১নং ব্লকের পাবশিলা, মুক্তাপুর এবং দেগঙ্গা ব্লকের সাব-সেন্টারগুলির বিল্ডিং কমপ্লিট হয়ে গেছে অনেক দিন আগে, পূর্বতন সরকারের আমলেই, কিন্তু ২ বছরের মধ্যে সেগুলি চালু হল না। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে চিঠি দিয়েছিলাম, তিনি বলেছিলেন উদ্বোধনের অর্ডার দিয়েছি শীঘ্রই উদ্বোধন হবে। মাননীয় মন্ত্রীর সেই চিঠি আমার কাছে আছে। তাহলে আজকে তার অর্ডার কোথায় আটকে গেছে? যদি বুরোক্রাসি আটকে থাকে, যদি বুরোক্রেসি কাজ বন্ধ করে দিয়ে থাকে তাহলে তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। মাননীয় মন্ত্রী মহাশয়কে চিঠি দিয়ে আমি ২ বছর আগে একজনকে ট্রান্সফারের কথা বলেছিলাম, কুষ্ঠ বিভাগের একজন কর্মচারীর, মাননীয় মন্ত্রী মহাশয় আমাকে চিঠি দিয়ে জানিয়েছিলেন যে, হ্যাঁ ওর ট্রান্সফার অর্ডার হয়ে গেছে। কিন্তু আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আজও সে ট্রান্সফার হয়নি। আমি ডিপার্টমেন্টে খোঁজ নিয়েছিলাম, ওরা তাইতো তাইতো করতে শুরু করলেন। কাজেই আমরা দেখতে পাচ্ছি এই বিভাগ সেই সম্বুক গতিতে চলেছে। তাহলে আগেকার সরকারের সঙ্গে তফাত কোথায়? সরকারি কর্মচারিরা যদি আপনার কথা না শোনে, আপনার অর্ডার না মানে, যদি আপনাকে তাদের ভয় করে চলতে হয় তাহলে পশ্চিমবাংলার মানুষ এবং রোগিরা কোথায় যাবে? মুমূর্ষু রোগি আজকে হাসপাতালে গিয়ে ডাক্তারদের কাছ থেকে অমানুষিক ব্যবহার পায়, জল বা ওষুধের জন্য ছটফট করে। মানুষ হাসপাতালে যায় প্রাণ বাঁচাতে, কিন্তু এখন দেখছি প্রাণ দিতে মানুষ যায়। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা উদাহরণ দিচ্ছি। আমার মায়ের ডাইরিয়া হয়েছিল আমি নিজে তাঁকে নিয়ে আই.ডি.হাসপাতালে গিয়েছিলাম। সেখানে গিয়ে যে অবস্থা দেখলাম তাতে আমার মা আমাকে বললেন যে, বাবা তুই আমাকে এখান থেকে নিয়ে চল তা নাহলে আমি এখানে মরে যাব। রোগিকে সেখানে সিক্লুড করে নিয়ে

যাওয়া হয়, রোগিরা অত্যন্ত দুরবস্থার মধ্যে থাকে। আমি সুপারেনটেন্ডেন্ট-কে গিয়ে বলেছিলাম মাকে ছেড়ে দেবার জন্য, কিন্তু তিনি আমাকে বললেন যে, তিন দিনের মধ্যে ছাড়তে পারব না। আমার মা আমাকে বললেন যে, বাবা আমি সুস্থ হয়ে গেছি, কিন্তু আমি তিন দিন এখানে থাকলে আর বাঁচব না। অনেক ঝগড়া-ঝাটি করার পর সুপারেনটেনডেন্ট আমাকে ওদের ডাক্তারির একটা ফর্মুলা বললেন। আমি ওসব ফর্মুলা বুঝি না। আমি তার হাতে পায়ে ধরে মাকে নিয়ে আসি। এরপর আমার মা আমাকে বললেন, বাবা যদি জীবনে আর কখনও আমার অসুখ করে আর যদি তোর ডাক্তার ডাকার পয়সা না থাকে তাহলে ডাক্তার যদিও নাও ডাকিস তবুও আমাকে হাসপাতালে নিয়ে যাস না। আমি আশা করেছিলাম বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য দফতর গতিশীল হবে, কিন্তু সেই গতি আমরা দেখতে পাচ্ছি না। আমি ইতিপূর্বে প্রস্তাব দিয়েছিলাম আমার কেন্দ্রের গোলাবাড়িতে অথবা বেলিয়াঘাটায় হাসপাতাল করার জন্য। আমি এ বিষয়ে মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, মন্ত্রী মহাশয় কয়েক দিন আগে প্রশ্নোত্তরের সময় বলেছিলেন কেন্দ্রীয় সরকার নাকি অনুমোদন দিচ্ছে না, কিন্তু আমি উদাহরণ দিতে পারি যে, আমাদের এখানে অনেক ব্লকে একই কেন্দ্রে তিনটি সাব-সেন্টার হয়েছে এবং এরকম বহু খবর আমরা পাচ্ছি। মশার উৎপাদন কিভাবে বেড়েছে দেখুন। এই অ্যাসেম্বলিতে ফ্লিট দিয়ে মশা তাড়াতে হচ্ছে। এই হাউসের মধ্যে যদিও ফ্লিট দেওয়া হচ্ছে না কিন্তু হাউসের বাইরে লবিতে এবং তার আশে-পাশে ফ্লিট দেওয়া হচ্ছে। যদি এই হাউসের মধ্যে ঢুকতো তাহলে কি অবস্থা হত আমি জানি না। সুতরাং এই হচ্ছে অবস্থা। আমরা যারা গ্রামে বাস করি কলকাতায় বড় বড় বিল্ডিং-এ আমরা বাস করি না মাটির মানুষের সাথে যাদের সম্পর্ক সেই গ্রাম বাংলার কথা যদি ধরা যায় তাহলে সেখানকার অবস্থাটা কি তা একবার দয়া করে চিন্তা করুন। আপনারা তো বলেন ম্যালেরিয়া দেশ থেকে উঠে গেছে আজকাল যদি কারও জ্বর হয় তাহলে সে সন্দেহ করে যে সে ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। সুতরাং এই যে মশার উৎপাত, এই উৎপাত বন্ধ করার জন্য একটা স্পেসিফিক ব্যবস্থা গ্রহণ করুন আপনাকে হয়তো সরকারি কর্মচারিরা ৩ পৃষ্ঠা কিংবা ৪ পৃষ্ঠা লিখে দেবেন আপনি বলবেন যে আমরা অমুক ব্যবস্থা নিয়েছি, তমুক ব্যবস্থা নিয়েছি তাতে আর যাই হোক, মশা মরবে না। বাস্তব পথ গ্রহণ করুন, কাগজে কলমে মশা মরে না। সুতরাং এই মশার হাত থেকে রেহাই পাবার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করুন। গতবারের বাজেট সেসনে আমি বলেছিলাম গার্ডেনরীচ এত বড় এলাকা সেই এলাকায় একটাও হাসপাতাল নেই গতবারে যখন এই কথা বলেছিলাম তখন একজন মাননীয় সদস্য চিৎকার করে বলেছিলেন আপনি চেঁচাচ্ছেন কেন? হবে, হবে, হবে, এই মন্তব্য করেছিলেন কিন্তু গতবারের বাজেটের পর থেকে আরও একটি বাজেট পেশ করা হল কিন্তু তাতে এই গার্ডেনরীচে একটা হাসপাতালের পরিকল্পনা বা উদ্যোগ নেওয়া হল না। আমি আর একটি জিনিস বলি ডাক্তারদের নন-প্রাকটিসিং অ্যালাউন্স সম্পর্কে যারা এফ.আর.সি.এস., এম.আর.সি.পি. বড় বড় বিলেত ফেরত ডাক্তার বলে যাদের মনে করি কিংবা সাবজেক্ট স্পেশ্যালিস্ট যারা তাদের সার্ভিস যাতে সাধারণ মানুষেরা পায় সেইটা আমরা চেয়েছিলাম একটা সুষ্ঠু ব্যবস্থার মধ্যে এই বামফ্রন্ট সরকার নিয়ে আসবেন এইটা আশা করেছিলাম তথাকথিত ডাক্তারগুলি যাতে সাধারণ মানুষের আওতার বাহিরে না থাকে, যাতে সাধারণ মানুষের চিকিৎসার বন্দোবস্ত করতে পারে এই সরকার সেইটা আশা করেছিলাম কিন্তু তা এই বাজেটের মধ্যে দেখলাম না, সো কল্ড সাধারণ মানুষ উইদিন দি রিচ অফ

দ্যাট স্পেশ্যালিস্ট ডাক্তার-তা দেখতে পেলাম না। এবারে ট্রান্সফারের কথায় আসি এম.আর.সি.পি., এফ.আর.সি.এস. কিংবা এম.ডি. যারা তারা কলকাতা ছেড়ে বাইরে যেতে চায় না। কলকাতায় কতলোক থাকে? কলকাতায় যারা থাকে তাদের মধ্যে অনেকেরই পয়সা আছে আমি চাচ্ছি না যে কলকাতায় বড় ডাক্তাররা না থাকুক অনেকেই ২।৩ হাজার টাকা ব্যয় করে নার্সিং হোমে দেখাতে পারে উডল্যান্ড নার্সিং হোম বলে একটা বড় নার্সিং হোম আছে। আমি অবশ্য কোনওদিনও যাইনি বাইরে থেকে শুধু বিল্ডিংটা দেখি এই সমস্ত জায়গায় বড় লোকেরা ফি দিয়ে চিকিৎসা করাতে পারে কিন্তু সাধারণ মানুষেরা, গ্রামের লোকেরা একটাও বড় ডাক্তার পায় না, ভাল চিকিৎসার ব্যবস্থা করাতে পারে না এই সমস্ত বড় ডাক্তারদের ডিষ্ট্রিক্ট হেড কোয়াটারে যেমন বহরমপুর সদর হাসপাতালে কিংবা কৃষ্ণনগরে যদি দেন তাহলে গ্রামের সাধারণ মানুষেরা সুযোগ-সুবিধা পায়। আপনারা সব কিছুই কলকাতা কেন্দ্রিক করে ফেলছেন। সুতরাং এর প্রতিকার হওয়া দরকার বলে আমি মনেকরি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় অর্থাভাবের কথা বলেছেন, অ্যালোপ্যাথি অর্থবহুল তাই যদি হয় তাহলে অন্যান্য যে চিকিৎসা ব্যবস্থা আছে যেমন হোমিওপ্যাথি চিকিৎসা তার ব্যবস্থা করুন এটা এক্সপেরিমেন্ট করে ডাক্তাররা বলেছিলেন একটি কলেরা রোগিকে অ্যালোপ্যাথির চেয়ে অধিক কম খরচে যদি প্রপার ডোজ এবং ড্রাগ দেওয়া হয় তাহলে হোমিওপ্যাথি চিকিৎসায় আরোগ্য লাভ করতে পারে। তাই যদি হয়ে থাকে তাহলে ভেষজবিদ্যা যেটা ইউনানি হাকিমি ড্রাগ যাকে বলে তার উন্নয়নের জন্য কি করছেন? যদি আয়ুর্বেদ কলেজ হয়ে থাকে তাহলে আমি দৃষ্টি আকর্ষণ করব ইউনানি হাসপাতাল করার জন্য। মাননীয় মন্ত্রী মহাশয় একটি মাত্র সেনটেন্সে বলেছেন ইউনানি ব্যবস্থা উন্নয়নের জন্য আমরা চেষ্টা করছি। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, ইসলামিয়া হাসপাতালের জন্য কত টাকা গ্রান্ট দিয়েছেন?

[4-20 — 4-30 P.M.]

ইসলামিয়া হাসপাতালের জন্য প্রাক্তন সরকার থেকে একলক্ষ টাকা গ্রান্ট দেবার কথা হয়েছিল সেই টাকা আপনারা দিয়েছেন কিনা বা দেবেন কিনা সেটা আমাদের জানান। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে জনস্বাস্থ্য খাতের উপর বলার আগে আমি একটা কথা বলতে চাই। আজকে এই হাউসে বিরোধী দলের নেতা কাশীবাবু যে অভিযোগ উত্থাপন করেছিলেন তাতে অভিযোগের নেচারটা খুব সিরিয়াস। বিরোধী দল গণতান্ত্রিক পরিবেশের মধ্যে তাদের বক্তব্য রাখতে পারছে না। এই অভিযোগ সম্পর্কে সরকার পক্ষ থেকে কোনও দায়িত্বশীল মন্ত্রী এর জবাব দেবেন এটা যে কোনও গণতান্ত্রিক সরকারের কাছ থেকে আশা করা যায়। তাই আপনার মাধ্যমে অনুরোধ করব ট্রেজারি বেঞ্চের দায়িত্বশীল কোন মন্ত্রী এ বিষয়ে ওয়াকিবহাল করুন। হেলথের মতো একটা বাজেট বিরোধী শূন্য অবস্থায় এর গুরুত্ব কমে গেছে। যাইহোক তিনি বলেছেন জনস্বাস্থ্য রক্ষা এবং চিকিৎসার কথায় প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর। কিন্তু বাজেটে তার প্রতিফলন দেখা যাচ্ছে না। প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর যদি হয় তাহলে পাবলিক হেলথ, স্যানিটেশন, ওয়াটার সাপ্লাইয়ের উপর গুরুত্ব আরোপ করার প্রশ্ন আসে। কিন্তু গতবারের পাবলিক হেলথের যেখানে রিভাইজড বাজেটে ছিল ৪০ কোটি ৯৭ লক্ষ টাকা সেটা এবার

কমিয়ে ৩৫ কোটি ২৭ লক্ষ টাকা করা হল, উনি বললেন বন্যার জন্য পাবলিক হেলথে খরচ বেড়ে গিয়েছিল, বন্যার পর যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তার কি মোকাবিলা আপনারা করতে পেরেছেন? এখন কি তার কোনও প্রয়োজন নেই? এইভাবে ড্র্যাসটিক্যালি পাবলিক হেলথের টাকা কাটা যুক্তিসঙ্গত কিনা? ফলে প্রিভেনশন কিভাবে হবে? দ্বিতীয় কথা আমাদের দেশের জনস্বাস্থ্য যে অবস্থায় আছে তাতে আমরা কোন যুগে আছি সেটা বলা শক্ত। আজকে মর্টালিটি এবং ম্যালনিউট্রিশনের চার্ট যদি দেখি তাহলে দেখব আমরা এখনও সাবহিউম্যান স্টেজে আছি। সুতরাং যে মানবিক দিক দিয়ে এই বাজেট রচনা করা দরকার ছিল তা হয়নি। এখানে দেখছি পাবলিক হেলথে মাথাপিছু ৭ টাকা ধরা হল, আর পুলিশ খাতে দেখছি যে মাথাপিছু ১৩ টাকা বরাদ্দ রয়েছে, একি ধরনের আউট লুক? তার গতবারের ভাষণ এবং এবারের ভাষণ যা তাতে কর্মসূচি রূপায়নের ক্ষেত্রে কি ব্যবস্থা আছে সেটা আপনি দেখুন। এবারের সরকারের লক্ষ্য বলতে ক,খ,গ,ঘ,ঙ করে ৫টা লক্ষ্য বলেছেন, গতবারে ৭টা ছিল এবারে দুটো বাদ দিয়েছেন। বর্তমান হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্র সমূহে চিকিৎসার মান উন্নয়ন করা এটা বাদ গেছে। প্রশাসনকে দুর্নীতিমুক্ত এবং পরিচ্ছন্ন করা এটা বাদ গেছে। শেষের এটা তিনি খুব সচেতন ভাবেই করেছেন। কারণ প্রশাসন ক্রমাগত দুর্নীতিগ্রস্ত হয়ে উঠছে বিশেষ করে হেলথ অত্যন্ত মারাত্মক এ বিষয়ে আমি কয়েকটি স্পেসিফিক অভিযোগ করছি। ওপর থেকেই এই জিনিস চলছে। অফিসাররা কিভাবে নেপোটিজম করছে তার উদাহরণ দিই। অ্যাডিশনাল ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস পোস্টে যাকে অ্যাপয়েন্ট করা হয়েছে তিনি অনেক ডাক্তারকে ডিঙিয়ে হয়েছেন।

[4-30 — 4-40 P.M.]

একজন ডাক্তার যিনি এখনও সিলেকশন গ্রেডে পৌঁছান নি তাকে বি.সি.রায় মেমোরিয়াল হাসপাতালের সুপারিনটেনডেন্ট করা হল। সুপারসিডিং অল একজনকে ডাইরেক্টর অফ হোমিওপ্যাথি করা হল। নভেম্বরে ডাক্তাররা এ বিষয়ে একটা মেমোরান্ডাম সাবমিট করেছেন। রাইটার্স বিল্ডিংয়ে যেসব টপ অফিসার আছেন তারা টিল ডেথ থাকবেন পরিবর্তনের কোনও ব্যাপার নেই। বিভিন্ন মেডিক্যাল কলেজে যে ডাক্তার শিক্ষক নিয়োগ করা হয়েছে সেটা আইনসঙ্গতভাবে হয়নি। এই নিয়োগের ব্যাপারে আগে প্যানেল ঘোষণা করতে হয় এবং সেই ঘোষিত প্যানেল থেকে অ্যাপয়েন্টমেন্ট দিতে হয় কিন্তু এই প্যানেলের বাইরে থেকে বিভিন্ন কলেজে অ্যাপয়েন্টমেন্ট হয়ে যাচ্ছে এইরকম মারাত্মক অভিযোগ পাওয়া যাচ্ছে। তারপর সমস্ত সাবস্ট্যান্ডার্ড ওষুধ দেওয়া হচ্ছে। সরকারি দপ্তর থেকে এগুলো বাতিল করা হয়েছে কিন্তু সেগুলোও আবার দেওয়া হচ্ছে, এই ছাতাপড়া ওষুধগুলোকে হাসপাতাল থেকে ফেরত দেওয়া হচ্ছে, এই সাবস্ট্যান্ডার্ড ওষুধ যে কোম্পানিগুলি সেন্ট্রাল মেডিক্যাল স্টোরে সরবরাহ করল সেই সমস্ত কোম্পানি থেকে এই ওষুধ আবার নেওয়া হচ্ছে। কোন এক মহারাজার কাছ থেকে নাকি নেওয়া হচ্ছে, আমার স্টেট কোয়েশ্চেন হচ্ছে কে সেই মহারাজা এবং এরসঙ্গে মন্ত্রী সভার কারুর কিছু যোগাযোগ আছে কিনা জানতে চাই? আপনারা বলছেন এটা একটা এশেনসিয়াল সার্ভিস, ডাক্তার, নার্সদের দাবি দাওয়া থাকতে পারে, কিন্তু তাদের ধর্মঘট করা উচিত নয়। তাদের একটা মানবিক সার্ভিস দেওয়া দরকার কিন্তু এ ক্ষেত্রে গভর্নমেন্টের নীতি কি? এই সমস্ত দুর্নীতি, ল্যাপসেস দূর করার কোনও চেষ্টা [illegible] এবং

হাসপাতালগুলির কি অবস্থা তা না বলাই ভাল। কলকাতা শহরের উপবে মেডিক্যাল কলেজ, এন.আর.এস. আর জি কর হাসপাতালের কি চেহারা? সেই মান্ধাতা আমলের পুরানো ব্যবস্থা, কোনও অ্যামেন্ডমেন্ট নেই, একটা রোগি নিয়ে গেলে আতঙ্কগ্রস্ত হতে হয়, সেখানে একবার রোগি গেলে সে বলে বাড়িতে মরব তবু হাসপাতালে যাব না। এই হচ্ছে অবস্থা। আর কিছু করা না যাক অন্তত এখানে বেডের ব্যবস্থা করতে হবে। এখানে ওষুধ নেই, কিছুই নেই। আমি একটা হাসপাতালের ঘটনা আপনাদের সামনে তুলে ধরছি যাদবপুর কিরণশঙ্কর রায় হাসপাতালের অব্যবস্থার কথা শুনলে আপনারা আশ্চর্য হয়ে যাবেন। যেখানে টি.বি.'র মতো রোগি সেখানে স্যানিটেশনের প্রয়োজন কত গুরুত্বপূর্ণ সেটা আপনারা জানেন। অথচ সেখানে স্যানিটেশনের অদ্ভুত ব্যবস্থা। সেখানে জল নিকাশের যে পাইপগুলি আছে সেই পাইপগুলি এমন জরাজীর্ণ যে সব সময় তার মধ্য দিয়ে ময়লা জল পড়ছে, ওয়ার্ডের জানালা রোগিরা খুলতে পারছে না। আরও একটা মারাত্মক ঘটনা হচ্ছে এই টি বি হাসপাতালের যত নোংরা আবর্জনা সেগুলির আউটলেট হচ্ছে হাসপাতালের পাশে একটা খাল। সেই খালের আশে-পাশে বহু সাধারণ মানুষ বাস করে। আগে সেই আবর্জনার জল ছাড়ার আগে ফিলটারের ব্যবস্থা ছিল, ফিলটার হয়ে তবে সেই আবর্জনার জল খালে এসে পড়ত, কিন্তু দীর্ঘদিন ধরে সেই ফিল্টার নষ্ট হয়ে গেছে। আজ ২০ মাস ধরে স্বাস্থ্যমন্ত্রীর নজরে সেটা আসেনি। রোগিরা, সাধারণ মানুষ এই সম্বন্ধে অভিযোগ করেছে, রোগ সংক্রামিত হওয়ার আশঙ্কা সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে পড়েছে। আজকে এই জিনিস সেখানে চলছে। রোগিদের অব্যবস্থা, কর্মচারিদের অব্যবস্থার দরুন এই হাসপাতালকে অধিগ্রহণের দাবি উঠেছে যে এই হাসপাতালকে অধিগ্রহণ করা হোক। সরকার জনমতকে উপেক্ষা করে বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করতে, বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনকে অধিগ্রহণ করতে ব্যস্ত, কিন্তু এই হাসপাতালকে অধিগ্রহণ করছেন না। এক বছর হল একজন প্রশাসক নিযুক্ত করা হয়েছে, কিন্তু সেখানকার কি কন্ডিশন, সেখানকার হাসপাতালের যারা কর্মচারী তারা ৫ টাকা কয়েক পয়সা বেতন পান। মিনিমাম ওয়েজ ৮.১০ পয়সা আপনারা ডিক্লেয়ার করেছেন, অথচ ১০/১২ বছর যারা হিউম্যানিটেরিয়ান সার্ভিস দিচ্ছে, যক্ষ্মার মতো এইরকম বিপজ্জনক রোগাক্রান্ত রোগিদের যারা সার্ভিস দিচ্ছে তাদের এই সমস্ত ডিমান্ড ফুলফিল করা হচ্ছে না। আরও শুনলে আঁতকে উঠবেন যে ঐ টি.বি. হাসপাতালের মধ্যে চোলাই মদের আড্ডাখানা, একটা নয়, একাধিক চোলাই মদের আড্ডাখানা আছে। এক বছর সরকারি প্রশাসক বসেছে, জনসাধারণ অভিযোগ করছে, কিন্তু কোনও প্রতিকারের ব্যবস্থা নেই। শুধু সরকারি প্রশাসক নয়, সেখানে কর্মচারিদের সি পি এম ইউনিয়ন আছে। তাই সাধারণ মানুষের মধ্যে প্রশ্ন এইসব সরকারি ছত্র ছায়ায় কেন এইসব জিনিস চলছে? তারপর আজকে আপনি যে স্ট্যাটিসটিক্স দিয়েছেন তাতে দেখাতে পাচ্ছি এক বছরে ২টা প্রাইমারি হেলথ সেন্টার বেড়েছে ৩১৬টা ছিল, ৩১৮টা হয়েছে। আর সাবসিডিয়ারি হেলথ সেন্টার কিছু বেড়েছে। আজকে প্রশ্ন উঠেছে গ্রামাঞ্চলের মানুষদের চিকিৎসা ব্যবস্থা নেই, বেশির ভাগ হাসপাতালগুলির কি চেহারা সেটা আপনারা জানেন।

এটা একটা খুব ভাইট্যাল কোয়েশ্চেন যে ডাক্তাররা গ্রামে যেতে চাননা। আপনারা এক্ষেত্রে সিদ্ধান্ত নিয়েছেন তাদের সেখানে পাঠাতে হবে। আমি পার্সোনালি অনেক ডাক্তারের সঙ্গে আলোচনা করেছি। এটা সত্য যে, অনেকে হয়ত অর্থকরি দিক থেকে গ্রামে যেতে চাননা। কিন্তু আমি জানি আমাদের দেশে এমন মানুষও আছেন যিনি মেডিক্যাল এথিক্স-এ

গাইডেড হয়ে গ্রামে যেতে চান। কিন্তু তারা প্লেন ট্রুথ বলছেন, আমরা গ্রামে গিয়ে কি করব? আমাদের চোখের সামনে রোগি মরবে এবং আমরা খালি হাতে সেটা বসে দেখব? সেখানে ঔষধ নেই, কোনও অ্যামিনিটিস নেই, কোনও অ্যাপারেটাস নেই, মিনিমাম অপারেশনের জন্য যেটুকু দরকার সেটা পর্যন্ত নেই কাজেই চোখের সামনে রোগিদের মরা দেখা ছাড়া আর কোনও উপায় নেই। একজন ডাক্তারকে যদি গ্রামে পাঠাতে হয় তাহলে তার যেটুকু অ্যাকচুয়াল অ্যামিনিটিস সেটা তাকে দিতে হবে। আজকে গ্রামের হাসপাতালগুলো নামেই রয়েছে। এমন বহু জায়গা আছে যেখানে ডাক্তার আছে কিন্তু কোনও ঔষধ নেই। আমি সুন্দরবন অঞ্চলে দেখেছি সাপে কাটা রোগির জন্য একটু ঔষধ পর্যন্ত নেই। এতদিন পর্যন্ত একটা ঔষধ পাওয়া যেত টি বি রোগির জন্য স্টেপটোমাইসিন, কিন্তু আজকে দেখছি সেই ঔষধও পাওয়া যাচ্ছেনা। বিভিন্ন হাসপাতালের হেলথ সেন্টারের ডাক্তাররা বলছেন, আমরা বারবার ইনডেন্ট পাঠাচ্ছি কিন্তু কোনও ঔষধ পাওয়া যাচ্ছেনা। স্যার, সর্বত্রই এই অবস্থা চলছে। আপনি কি এই জিনিস অস্বীকার করতে পারেন? আপনারা কবে করবেন জানিনা, কিন্তু আমি একটা প্রস্তাব রাখছি আপনারা জেলা ভিত্তিক, মহকুমা ভিত্তিক এবং কলকাতা এবং অন্যান্য শহরাঞ্চলে যে হাসপাতালগুলো রয়েছে সেখানে বেড বাড়ানো এবং সেই কাজ দ্রুত করুন। আর ইমিডিয়েট মেজার হিসেবে যে সমস্ত বেডগুলো এখন রয়েছে তাকে ওয়েল ইকুইপড করুন এবং প্রয়োজন হলে প্রাইমারি হেলথ সেন্টার থেকে যাতে রোগিদের রেডিলি ট্রান্সফার করা যায় তারজন্য গুড নাম্বার অব অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করুন। কবে আপনারা গ্রামে হাসপাতাল করবেন এবং তারপর রোগি বাঁচবে আমি জানিনা। কাজেই মানুষকে বাঁচাতে গেলে ইমিডিয়েট মেজার যেগুলি নেওয়া দরকার সেগুলি হচ্ছে মহকুমা হাসপাতালে, কলকাতা, শহরে, জেলা হাসপাতালে বেড বাড়ানো, অ্যাকোমোডেশন বাড়ানো, এবং কুইকলি যাতে ওই সমস্ত জায়গা থেকে অ্যাকুউ কেস ট্রান্সফার করা যায় তারজন্য গুড নাম্বার অব অ্যাম্বুলেন্স বাড়ানো। আর একটা প্রশ্ন এসেছে এবং আমরা শুনছি আমাদের দেশ থেকে ম্যালেরিয়া ইর‍্যাডিকেট হয়ে গেছে। কিন্তু আমরা দেখছি নূতন করে আবার ম্যালেরিয়া দেখা দিয়েছে। আজকে যেভাবে মশার প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাতে দেখছি আমরা সেই ঈশ্বর গুপ্তের যুগে ফিরে গেছি অর্থাৎ রাতে মশা দিনে মাছি এই নিয়ে কলকাতায় আছি। প্রাক্টিক্যালি উই আর গোয়িং ব্যাক টু দ্যাট স্টেজ। আমার বক্তব্য হচ্ছে গতানুগতিকভাবে নয়, যথার্থ হিউম্যানিটেরিয়্যান পয়েন্ট অব ভিউর দিক থেকে যদি এই পাবলিক হেলথ, স্যানিটেশন এবং প্রিভেনশনকে দেখতে হয় তাহলে আরও ব্যয় বরাদ্দ বাড়ানো উচিত। তবে একটা কথা বলব টাকা পয়সার এই যে প্রপার ইউটিলাইজেশন হচ্ছে না, ম্যাকসিমাম ড্রেনেজ হয়ে যাচ্ছে এটা এথিক্যাল পয়েন্ট অব ভিউ থেকে দেখা দরকার। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আজকে স্বাস্থ্য দপ্তরের যে বাজেট পেশ করে যে ভাষণ দিলেন এবং স্বাস্থ্য দপ্তরের জন্য তিনি যে বরাদ্দ চেয়েছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আজকে বিরোধী দলের সদস্যরা এখানে উপস্থিত না থাকলেও যে দু-একজন সদস্য যা বললেন স্বাস্থ্য সম্পর্কে তার অনেক কথাই সত্য এটা অস্বীকার করার উপায় নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে গত ৩১ বছর ধরে তারমধ্যে দুই বছর বাদ দিলে কি হয়েছে

কেন এই অবস্থা এটা বিচার করতে হবে। মাননীয় সদস্য বলেছেন তার প্রত্যেকটি কথা দৈনন্দিন অভিজ্ঞতা থেকে তিনি বলেছেন, সেই অভিজ্ঞতা সঞ্চার করতে দীর্ঘ কয়েক বছর লেগেছে সেই জিনিস রাতারাতি পাল্টে দেওয়া যাবে বলে আমি বিশ্বাস করি না। আমি বিশ্বাস করি বিরোধী দলের বন্ধুরাও আমার সঙ্গে এই বিষয়ে একমত হবেন। দ্বিতীয় কথা স্বাস্থ্যমন্ত্রী এই বাজেট বরাদ্দ কি করেছেন, কি করতে পারবেন সেটা যেমন বলেছেন তার সঙ্গে সঙ্গে এটাও বলেছেন যে আত্মসন্তুষ্টির মনোভাব আমাদের মধ্যে নেই। এটাই বড় কথা। আমি মনেকরি না সবকিছুই শেষ করে ফেলেছেন, স্বাস্থ্যে সম্পূর্ণ উন্নতি তিনি করে ফেলেছেন। জনৈক সদস্য বললেন যে তার মা হাসপাতালে যেতে চান না, কারণ হাসপাতালে গেলে কেউ বাঁচেনা, কেউ যেন ভুলেও হাসপাতালে না যায়। এ কথা ঠিক, কিন্তু সঙ্গে সঙ্গে এর পাশাপাশি দেখা যায় আগে সাধারণ লোকদের হাসপাতালে যাওয়া তাদের মানসিকতা ছিল না, কিন্তু এখন হাসপাতালে ভিড় হচ্ছে কেন? কথা হচ্ছে সেখানকার অবস্থার উন্নতি করা দরকার। নিশ্চয়ই সেই বিষয়ে আমি সকলের সঙ্গে একমত। কিন্তু আমাদের বাজেটে সেই অর্থের সংস্থান দেখছি না। কেন্দ্রীয় সরকারের কাছে স্বাস্থ্যমন্ত্রী যে টাকার দাবি করেছিলেন তার কতটুকু তিনি পেয়েছেন, পরিকল্পনা অনুযায়ি ১৬০ কোটি টাকা চেয়েছিলেন, কিন্তু তিনি পেয়েছেন মাত্র ৬০ কোটি টাকা। আমি অবশ্য টাকার অঙ্কে বিচার করতে বলছি না, কিন্তু টাকা না হলে পরিকল্পনা রূপায়িত করা যায় না এটাই আমার ধারণা। সুতরাং টাকার প্রয়োজন নিশ্চয়ই আছে। আমি বলছি প্রশাসনের দিক থেকে নিশ্চয়ই কিছু ত্রুটি-বিচ্যুতি আছে, কিছু দুর্নীতি আছে সেটাকে আইসোলেট করে দেখব না। গোটা সমাজ ব্যবস্থায় ঘা পারার মতো ফুটে বেড়াচ্ছে দগদগ করে সেই ঘা যেখানে হাত দিচ্ছি সেখানেই গলিত কুষ্ঠ দেখছি। সেখানে স্কীন গ্র্যাফটিং করা সাময়িকভাবে প্রয়োজন। আজকে এটাই সবচেয়ে বড় কথা। কয়েকটি হাসপাতাল করতে পারলাম, কি কিছু ওষুধ দিলাম তাহলেই ভাল হয়ে যাবে না। আজকে হেলথ কনশাসনেশ হচ্ছে সবচেয়ে বড় কথা। আমরা জানি প্রশাসনের অনেক ত্রুটি-বিচ্যুতি আছে, দুর্নীতিও কিছু থাকতে পারে, কিন্তু সঙ্গে সঙ্গে এটাও বলতে চাই যে, এতবড় বন্যা হয়ে গেল—এই বন্যায় মেডিক্যাল ডিপার্টমেন্ট থেকে যে ধরনের ব্যবস্থা করা হয়েছিল, কর্মিদের ত্রুটি-বিচ্যুতি থাকা সত্ত্বেও তাদের প্রশংসা করতে হয়। তারা যেরকম অক্লান্ত পরিশ্রম করে জলের মধ্যে চিকিৎসার ব্যবস্থা করেছেন যদিও বিরোধী পক্ষের সদস্যরা কেউ কেউ আশা করেছিলেন বন্যা পীড়িতদের চিকিৎসার ব্যবস্থা হবে না, তারা শহরের মধ্যে এসে পড়বে, শহরে মড়ক দেখা দেবে, ব্যাপকভাবে মানুষ মরবে। বিরোধী দলের শকুনীরা তার থেকে ফায়দা উঠাবে, কিন্তু সেটা তারা পারেন নি। তাই তাদের আজ জ্বালা ধরে যাচ্ছে। আমি বলিনা যে স্বাস্থ্য সম্পূর্ণ হয়ে গিয়েছে, স্বাস্থ্য ব্যবস্থা একেবারে পরিপূর্ণভাবে গ্রহণ করা হয়েছে। কিন্তু একটা কথা আজকে আমি জানি যে স্বাস্থ্য ব্যবস্থাকে আজকে প্রশংসা করার মতো যেকথা আমি বলতে যাব হয়তো সেকথা বলা যাবেনা। বলা যাবেনা এই কারণে আজকে যদি তলিয়ে দেখা যায়, দীর্ঘদিনের যদি এই ইতিহাস পর্যালোচনা না করা যায়, আজকে স্বাস্থ্য বলতে কি বুঝি এটা যদি না বুঝানো যায় তাহলে কি হবে। জনস্বাস্থ্য বলতে আজকে যে কথা বলি প্রিভেনটিভ মেজার, যেটা প্রতিষেধক ব্যবস্থা, যেটা গ্রহণ করলে পরে রোগটা ছড়িয়ে পড়তে না পারে তারজন্য আজকে ব্যাপক হারে যদি কর্মি সমাবেশ করা যায়, ব্যাপকভাবে একটা প্ল্যান করে করা যায়, সে করতে গেলে যে পরিমাণ টাকার দরকার সেই

পরিমাণ টাকা না পেলে তার একটা সুষ্ঠু পরিকল্পনা করা যাবেনা। কিন্তু এবার এটা দেখা গিয়েছে বন্যার সময় যে ধরনের কর্মপদ্ধতি গ্রহণ করা হয়েছিল, একটা ইস্যুকে কেন্দ্র করে একটা জরুরি অবস্থার মতো যে কাজ করা হয়েছিস, আজকে সেই সময় টাকা পয়সার ব্যাপারে, এমন কি স্বাস্থ্যমন্ত্রী স্বীকার করেছেন আমি অনেক আইনের বেড়াজাল অস্বীকার করে কাজ করেছি জনসাধারণের উপকার করবার জন্য। আজকে সেইরকম অবস্থায় এক একটা ইস্যুতে করতে পেরেছেন কিন্তু আজকে সামগ্রিকভাবে সেই ধরনের পরিকল্পনা আসা দরকার এবং নিশ্চয়ই আসবে কিন্তু এই দুই বৎসরের মধ্যে গত বৎসর তিনি যা বলেছেন আর এবার যা বলছেন তার সঙ্গে দেখা যায় যে এক বৎসরের মধ্যে এতবড় একটা বন্যা হয়ে গিয়েছে সেই বন্যাতে প্রচন্ডভাবে যে ক্ষয়ক্ষতি হয়েছে সেই ক্ষয়ক্ষতি মেরামত করতে আমাদের সময় লাগবে। আমি মনেকরি আজকে ৫ কোটি পশ্চিমবঙ্গে জনসংখ্যা, এই ৫ কোটি জনসংখ্যা শহর ও গ্রামাঞ্চলে দুটি যদি ভাগ করা যায় তাহলে স্বাস্থ্য বিভাগকেও ঠিক সেইভাবে ভাগ করতে হবে। আজকে যদি এখানে বলা যায় রোগ কেন হচ্ছে, একটা রোগের একটা কারণ কিন্তু বহু রোগের একটা কারণ রয়ে গিয়েছে সেটা হচ্ছে পলিউশন অব এয়ার অ্যান্ড পলিউশন অব ওয়াটার, আকাশ বাতাস আজকে যত শিল্প বাড়ছে সেই শিল্পের দরুন সেখানে বাতাস নষ্ট হয়ে যাচ্ছে। আজকে শিল্প বেড়েছে তারসঙ্গে জলও দুষিত হচ্ছে তারজন্য বিভিন্ন রোগ বিস্তার লাভ করছে। তারজন্য যারা সেই কলকারখানা থেকে মুনাফা লুঠছে তারা কারা? শিল্পপতিরা এবং যারসঙ্গে কেন্দ্রীয় সরকারের সম্পর্ক ওখান থেকে আসছে কেন্দ্রই পারে, তাদের সেই স্বাস্থ্য রক্ষার জন্য যদি পশ্চিমবঙ্গকে অর্থ সাহায্য না করান তাহলে পর এই স্বাস্থ্য রক্ষার দায় দায়িত্ব কি করে পশ্চিমবঙ্গের একার পক্ষে নেওয়া সম্ভব হবে সেটা আমি বুঝতে পারিনা। কিন্তু আমাদের মস্তিষ্কে পরিকল্পনা করে করবার চেষ্টা থাকলেও এই অর্থই আমাদের পক্ষে বাধা হয়ে দাঁড়াবে। আর একটা কথা হচ্ছে, মেডিক্যাল রিলিফের কথা বলছেন, হাসপাতালগুলির কথা বলছেন, এটা হচ্ছে আমরা কি করে চিকিৎসা ব্যবস্থা জনসাধারণকে দেব। কত পারসেন্ট লোক রোগগ্রস্থ হয়, বেশি লোক রোগগ্রস্থ হয়না, মোট শতকরা ৪ পারসেন্ট লোক রোগগ্রস্থ হয়। এই চারজন লোক যে রোগগ্রস্থ হয় সেখানে দেখা যাবে এই স্বাস্থ্যকে যদি দুটি ভাগ করা যায় একটা পজিটিভ হেল্‌থ আর একটা নেগেটিভ হেল্‌থ, পজিটিভ হেল্‌থের কথায় আমি পরে আসছি, এই নেগেটিভ ব্যবস্থার মধ্যে একটা চিকিৎসা ব্যবস্থা আছে যাকে বলি ট্রিটমেন্ট, আর একটা হচ্ছে প্রিভেনটিভ মেজার আর হচ্ছে কিউরেটিভ মেজার, প্রিভেন্টিভ অ্যারেঞ্জমেন্ট বা প্রিভেন্টিভ মেজারে রোগটাকে প্রতিরোধ করা য়ায়। কিন্তু আজকে যদি সেই প্রিভেন্টিভ মেজারে বেশি বেশি করে টাকা খরচ করতে পারি তাহলে পর যে অবস্থা হবে, রোগটাকে বিস্তারের পক্ষে বন্ধ করা যাবে। যেমন আজকে এই প্রিভেন্টিভ মেজারস করতে গেলে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই, পানীয় জলের কথা আসে, আজকে পানীয় জলের ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে তথ্য দিয়েছেন সেই তথ্যকে যদি আজকে আমরা দেখি তাহলে দেখা যাবে যে আমাদের জল সরবরাহ আগের চেয়ে অনেক উন্নতি হয়েছে এটা আজকে কোনও মাননীয় সদস্যই অস্বীকার করতে পারেননি। এই যে জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে, তার বেশির ভাগ পানীয় জলের যে ব্যবস্থা করা হয়েছে, নিশ্চয়ই আমি মনে করিনা আর বেশি দরকার নেই, নিশ্চয়ই আরও প্রয়োজন আছে, কিন্তু প্রয়োজন থাকলেও আজকে যে পর্যন্ত করা গিয়েছে এই সীমিত ক্ষমতায় সেটা প্রশংসার যোগ্য। দ্বিতীয় কথা

হচ্ছে, রুর‍্যাল ওয়াটার সাপ্লাই এর সঙ্গে সঙ্গে বলা যায়, যদিও এটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর হাতে নয়, সেটা হচ্ছে হাউসিং স্কীম। আপনি দেখেছেন যে একটা ঘরের মধ্যে ১০-১৫ জন করে সেখানে ঘর দুয়ার না থাকলেও যদি একসঙ্গে বসবাস করলে পর যে রোগ হয় সেই রোগ থেকে মুক্তি পাওয়ার একমাত্র পথ হচ্ছে হাউসিং স্কীম। অর্থাৎ মানুষের মূল জায়গায়, যদি আমরা মৌলিক সমস্যার কথা যেটা বলি, তার উপর আঘাত করতে না পারা যায়, যদি অর্থ সংস্থান করতে না পারা যায় তাহলে এই সমস্ত টিকে থাকবে। এইজন্য আমাদের দরকার হবে ঐ নেগেটিভ হেল্‌থের, কিউরেটিভ মেজারের কথা। কিউরেটিভ মেজার যদি নিতে হয়, চিকিৎসা ব্যবস্থা যদি করতে হয় তাহলে এই চিকিৎসা ব্যবস্থায় আজকে আমাদের যে পরিমাণ টাকা আমাদের ঢালতে হচ্ছে অতীতে কংগ্রেস সরকারের ইতিহাস যদি দেখি তাহলে দেখা যাবে যে কয়েকটা বড় বড় বাড়ি করে মানুষ যাতে শ্মশানের দিকে যেতে পারে, মৃত্যুর পর যাতে শ্মশানে যেতে পারে সেই সুবিধাটুকু তারা মাত্র করেছিলেন এবং এই হেলথ সেন্টার বিভিন্ন জায়গায় অসম বন্টন করার জন্য আজকে সেখানে গিয়ে ডাক্তাররা থাকতে পারছেন।

[4-50 — 5-00 P.M.]

এবং কোনওরকম গ্রামীণ এলাকার মধ্যে নাই, তারজন্য নিরাপত্তার অভাব বোধ করছে, সেইসব জায়গায় নার্সরা থাকতে নিরাপত্তার অভাব বোধ করছে, এইসব বাড়িগুলি বাতিল করা যায়না, সেগুলি নিয়েই আজকে আমাদের চলতে হচ্ছে। আবার বিপদও আছে, এই সমস্তগুলি নিয়ে যদি চলতে হয়। গ্রামে গ্রামে যে চিকিৎসকদের পাঠাতে হয় তাদের কিছু অর্থ বেশি না দিলে হবেনা, সেই ব্যবস্থা যদি গ্রহণ করা যায় তাহলে টাকা ধরতে হবে। বাজেটে বলেছেন ১০০ টাকা, আমি শুনতে পাচ্ছি এইসব যারা গ্রামে আছেন তাদের ৯ শত কত টাকা করে দিতে হবে, গ্রামে যারা যাবে তাদের জন্য কিছু বাড়তি সুযোগ সুবিধা দেওয়া উচিত। সেই চেষ্টা নিশ্চয়ই স্বাস্থ্যমন্ত্রী করবেন। সঙ্গে সঙ্গে একটা কথা ভাবতে হবে। আজকে স্বাস্থ্য সম্পর্কে বিভিন্ন মানুষের যে চিন্তা ধারা সেগুলিকে রূপ দিতে গেলে—বিরোধী দলের সদস্যরা অভিযোগ করেছেন বাজেটের মধ্যে সবটা দেখতে পাচ্ছেন না, আমিও মনেকরি কিছু ঘাটতি আছে, কিন্তু অল্প পরিসরের মধ্যে সেটা তো সম্ভব নয়। মেডিক্যাল এডুকেশন ব্যাপারে যে সমস্ত কথা বলেছেন, সেটা করতে হবে, সেটা হচ্ছে পিপল ওরিয়েন্টেড সেটা করতে গেলে সঙ্গে সঙ্গে হাসপাতালের বাড়ি করলেই হবেনা, সেখানে প্রয়োজন ঔষধের, মাল্টি ন্যাশনাল কর্পোরেশন, যে সমস্ত ঔষধের কারখানা গড়ে উঠেছে পূর্বাঞ্চলে বাংলা, বিহার ও উড়িষ্যাতে, এই কারখানাগুলি কম, পেট্রো-কেমিকেলের ব্যাপারে সেগুলি এখানে কম, কিন্তু মহারাষ্ট্রে, বোম্বেতে এবং ঐ সাইডে বেশি রয়ে গেছে। সেখানে দেখা যাবে এই ঔষধের বিরাট অংশ বাইরে পাঠাবার অনুমতি দিয়েছেন, ঔষধের যে ব্যাপার সেটা কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রাধীনে তাই এই ব্যাপারে চিন্তা করে এবং আলোচনা করে ব্যবস্থা করতে হবে। শুধু ঔষধ দিলেই হবেনা, তারসঙ্গে খাদ্যের প্রয়োজন, পথ্যের প্রয়োজন আছে। পথ্য এবং ঔষধ এই সমস্তই যদি একই দপ্তরে থাকত তাহলে দেখা যেত। আজকে রোগিকে ঔষধ দিতে হবে, পথ্য দিতে হবে, পুরোপুরি খাদ্য দিতে হবে, এই বাজেটে নিশ্চয়ই সে সম্বন্ধে অল্পই রয়েছে, যারজন্য এগুলি উঠেনি। অ্যাডমিনিস্ট্রেশন-এর কথা বলেছেন, নিশ্চয়ই কিছু ত্রুটি আছে, আমরা জানি, এখনও পর্যন্ত ১৫০টি ডাক্তারের পোস্ট খালি পড়ে আছে, প্রিন্সিপালের ৪/৫টি পদ খালি

পড়ে আছে, নিশ্চয়ই এগুলির ব্যবস্থা করতে হবে, করা হবেও, কিন্তু একেবার কিছু করাতে পারা যায়নি, এই বলা হচ্ছে, সেটা ঠিক নয়। যেটা করতে পারা গেছে সেটা বাজেটের মধ্যে প্রতিফলিত হয়েছে। এটা বলতে পারি গ্রামাঞ্চলে মানুষের ট্রিটমেন্ট সেন্টার দরকার—প্রাইমারি হেলথ সেন্টার, সেকেন্ডারি হেলথ সেন্টার করলেই হবেনা। অ্যাম্বুলেন্সের অভাব আছে, যে সমস্ত জায়গায় যাতায়াত করে, রোগিকে হাসপাতালে পাঠাতে হয়, তারজন্য নিশ্চয়ই অ্যাম্বুলেন্সকে সচল রাখার দরকার, এটা সচল রাখতে গেলে সেখানে রাস্তার প্রয়োজন এবং এই সমস্ত মিলিয়ে করতে হবে, আর এটা করতে গেলে সময় সাপেক্ষ, নিশ্চয়ই সেই সময় দিতে হবে, সময় না দিলে হবেনা। আমরা জানি এবং বিরোধী পক্ষও নিশ্চয়ই স্বীকার করবেন, রাতারাতি আমরা সমস্ত জায়গায় চিকিৎসা ব্যবস্থা পৌঁছে দেব, এটা হতে পারেনা, হাতে যে পুঁজি আছে সমস্তও যদি বিনিয়োগ করি তাহলেও সমস্ত মানুষের কাছে এই চিকিৎসা-ব্যবস্থা পরিপূর্ণভাবে পৌঁছে দিতে পারবনা। এখনও পর্যন্ত আমাদের ন্যাশনাল হেলথ পলিসি নাই, এজন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাই। এখনও পর্যন্ত স্বাস্থ্য সম্পর্কে স্বাস্থ্য-অধিকার সংবিধানে মৌলিক অধিকার কিনা সেটা স্বীকার করা হয়নি। এই যে অবস্থা রয়েছে আজকে সে সম্বন্ধে চিন্তা করতে হবে। স্বাস্থ্যকে বিচ্ছিন্নভাবে পশ্চিমবাংলার বাজেটের মধ্যে দেখলে হবে না। আজকে স্বাস্থ্য ব্যবস্থা যদি আমাদের দেশে ছড়িয়ে দিতে হয়, স্বাস্থ্যকে যদি পূর্ণাঙ্গ স্বাস্থ্যের রূপ দিতে হয়, যদি রোগ মুক্ত করতে হয় দেশকে তাহলে যে ম্যালেরিয়ার কথা বলেছেন সেজন্য মশা মারার জন্য যে ব্যবস্থা করা দরকার, তারজন্য যে অর্থের দরকার মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সেটা কেন্দ্রের সঙ্গে আলোচনা করে যেমনভাবেই হোক ব্যবস্থা করবেন। এনকেফেলাইটিস রোগ হয়েছে এবং এনকেফেলাইটিস রোগ যেটা হয়েছে, সেই রোগের ব্যাপারে, চিকিৎসা ইত্যাদি ব্যাপারে যে সমস্ত ব্যবস্থা ইত্যাদি নেওয়ার দরকার সেজন্য অনেক সময় জাপান থেকে ঔষধ আনতে হয়। যাতে আমরা সেইসব রোগের ঔষধপত্র দেশ থেকে পাই তারজন্য ব্যবস্থা করতে হবে। অনেক সময় দেখা যায় বিদ্যুৎ না থাকার জন্য অপারেশনে বিভ্রাট হচ্ছে। সেই বিষয়টা মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি গোচরে আনছি যাতে তিনি বাজেটে সেটা উল্লেখ করেন। অন্তত পক্ষে একটা স্ট্যান্ড বাই জেনারেটর হাসপাতালে থাকা দরকার যাতে করে একটা ব্যবস্থা হতে পারে। এইবার আন্তর্জাতিক শিশু বর্ষে এই সময়ে আমাদের আর কিছু না হোক বিভিন্ন জায়গায়, অন্তত বিভিন্ন ডিস্ট্রিক্ট হাসপাতালে সেখানে শিশু বিভাগ খোলা রাখার ব্যবস্থা থাকা উচিত এবং আশাকরি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই ব্যাপারে চেষ্টা করবেন। আমি অন্ততঃ জানি কৃষ্ণনগরের মতো জায়গায় শিশু বিভাগ নেই এবং বর্ধমান জেলায় শুধু নয়, সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় আজকে এই ধরনের দৃষ্টি দেওয়া দরকার। যেখানে শতকরা ৮৬ পারসেন্ট শিশু অপুষ্টিতে ভুগছে তাদের পুষ্টির ব্যবস্থা করা এবং যাদের অনবরত হাসপাতালে আসতে চিকিৎসার কাজে যেতে হয় এবং সেজন্য অন্ততপক্ষে যেসব ঔষধ দরকার তা যাতে পাওয়া যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। আর একটা কথা মোটিভেশন দরকার। কারণ, প্রশাসন এই পরিবর্তিত পরিস্থিতিতে যেটুকু করেছে, তবুও বিভিন্ন সময়ে দেখা যায় এখনও পর্যন্ত বহু জায়গায় পরীক্ষা ইত্যাদি হয়ে গেলেও তারা অ্যাপয়েন্টমেন্ট পান না। সেখানে অর্ডার-টডার সব আছে। কিন্তু অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে না। এই অবস্থা কি করে দূর করা যায় সেদিকে চেষ্টা করতে হবে। তা যদি না করেন তাহলে কিছু হবে না। স্বাস্থ্য দপ্তরের প্রশাসনের যে প্রতিচ্ছবি রয়েছে, প্রশাসনের গুরু দায়িত্বে যারা আছেন, এই সবের পরিপ্রেক্ষিতে এটা তাদের চিন্তা

করতে হবে। আমি আর একটা কথা বলে শেষ করব। আমি কয়েকটা সাজেশনস রাখতে চাই। গ্রামে যেসব ডাক্তার যাবেন ডাঃ বিধান রায়ের সময়ে একটা ব্যবস্থা ছিল যে তাদের দুশো টাকা করে রুর‍্যাল অ্যালাউন্স দেওয়া হত। সেইটা দেওয়ার ব্যবস্থা করতে হবে। আর অ্যাডহক রুর‍্যাল হেলথ সেন্টারে কাউন্টার সারভিস দেওয়ার জন্য একটা ব্যবস্থা ছিল। যাতে অবস্থায় পড়ে না থাকে সেদিকে দেখতে হবে। ট্রাডিশনাল মেডিসিনস এবং আদার মেডিসিনস যেসব সিস্টেম রয়েছে, রিসার্চ করে যাতে তার উন্নতি সাধন করা যায় সেদিকে দৃষ্টি দেবেন। একাডেমিক প্যানেল অনেক জায়গায় হয়নি। এই বাজেটের মধ্যে কিছু সংশোধনের চেষ্টা করবেন এবং ১৪৫ টিচিং পোস্ট এবং ৪ প্রিন্সিপালের পোস্ট খালি রয়েছে। তিনি নিশ্চয়ই সে সম্পর্কে ব্যবস্থা করবেন। তার একটা মুভকে আমি স্বাগত জানাচ্ছি। নন-প্রাকটিসিং হিসাবে এবং হোল টাইম হিসাবে কাজ করতে হবে ডাক্তারদের। এটাই তো বৈপ্লবিক চিন্তা। এটা যদি করতে পারা যায় এবং আমরা যদি আর কিছু নাও করতে পারি, তাহলে আমরা অন্তত একটা স্টেপ এগিয়ে যেতে পারব। অন্তত প্রাইভেট প্রাকটিস বন্ধ করে হাসপাতালের ডাক্তারদের সারাক্ষণের জন্য হাসপাতালে নিয়োজিত করা হবে। আমি আশা করব বিরোধী দলের সদস্য তারাও এটা সমর্থন করবেন। তাহলে ডাক্তারদের সারভিসের পূর্ণ সময়ের সুযোগ পাওয়া যাবে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 P.M.]

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি বক্তব্য এখানে রাখছি। এস.ইউ.সি-র মাননীয় সদস্য আজকে এই বাজেটের উপর যে বক্তব্য রেখেছেন আমি সেটা শুনেছি এবং যে কথাগুলি উনি বলেছেন আমি জানি যে আমাদের দেশে স্বাস্থ্য বিভাগে যে দুর্নীতি রয়েছে এবং স্বাস্থ্য বিভাগের প্রশাসনে যেভাবে দুর্নীতি রয়েছে আমি মনেকরি সেটা এক দিনের ঘটনা নয়। বামফ্রন্ট সরকার আজকে দু'বছরে যেটুকু করতে পেরেছে এবং যেটুকু করতে পারে সেই কথাগুলিই মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে রেখেছেন। বিগত দিনগুলির কথা মনে রেখে আমি জানি আজকে সারা পশ্চিমবাংলায় স্বাস্থ্য বিভাগের যে অবস্থা ঘটেছে ঐ হাসপাতাল নার্স ডাক্তারদের ব্যাপারে আমি মনেকরি এগুলি সব সত্য। কিন্তু একদিনে এসব ঘটেনি। গত ৩০ বছর ধরে যে সমস্ত দুর্নীতি চলেছে তা একসঙ্গে দূর করা সম্ভব নয়। আমি কুচবিহারে দেখেছি সেখানে এতবড় একটা সরকারি হাসপাতাল তার ঔষধের ব্যবস্থা, তার অ্যাপারেটাসের ব্যবস্থা ডাক্তার নার্স এগুলি সব বিগত দিনের ঘটনা। কিন্তু বিগত সরকার তার প্রতিকারের কোনও ব্যবস্থা করেন নি। আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে কথা বলেছেন তার বাজেট সমর্থন করতে গিয়ে আমি কতকগুলি প্রস্তাব এখানে রাখছি। এখানে বিভিন্ন রোগ সম্পর্কে বলেছেন। আমার মনে হয় ক্যানসার সম্পর্কে তার বক্তব্যে কিছু থাকা দরকার ছিল। কেননা আমাদের দেশে ক্যানসার যেভাবে ছড়িয়ে পড়ছে তাতে এর প্রিভেন্টিভ মেজার হিসাবে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে কথা থাকলে ভাল হত। আমি কুচবিহার জেলার মানুষ আমি জানি আজকে কুচবিহার জেলায় যেভাবে ঘরে ঘরে এই ক্যানসার ছড়িয়ে পড়েছে তাতে মানুষের মনে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। আমি আশা করি এ সম্পর্কে তিনি কিছু ভাববেন। ক্যানসারের

প্রিভেন্টিভ মেজার আমাদের স্বাস্থ্য দপ্তর যেন গ্রহণ করেন। তারপর ব্লাড ব্যাঙ্ক সম্পর্কে আমার কথা হচ্ছে আজকে চিকিৎসার জন্য যখন আমরা রোগিদের হাসপাতালে নিয়ে যাই এবং সেখানে সেই রোগির জন্য যদি রক্ত দরকার হয় তখন সেই রোগির আত্মীয়স্বজন ঐ রক্তের জন্য দালালদের হাতে গিয়ে পড়তে বাধ্য হয় অনেক টাকা দিয়ে রক্ত কিনতে হয়। সেইজন্য আমি অনুরোধ করব আরও বেশি ব্লাড ব্যাঙ্ক যাতে স্থাপন করা হয় সেদিকে তিনি যেন নজর দেন। শহরে যে সমস্ত সরকারি হাসপাতাল রয়েছে তার প্রত্যেকটিতে ব্লাড ব্যাঙ্ক খোলা উচিত। এরসঙ্গে আমি বলব যে এই ব্লাড ব্যাঙ্ক প্রত্যেকটি মফস্বল শহর হাসপাতালগুলিতেও থাকা দরকার। নূতন হাসপাতাল সম্পর্কে আজকে যে কথাগুলি বলা হয়েছে সেটা ঠিক। প্রশাসনের কথা উঠেছে, মাননীয় সদস্য হরমোহন সিংহ যে কথা বলেছেন যে আজকে স্বাস্থ্য দপ্তরকে বিচ্ছিন্ন করে দেখলে চলবে না। এই দু' বছরের মধ্যে আমরা প্রশাসনে এসে দেখেছি যে এই সরকারি প্রশাসন কোথায় গিয়ে দাঁড়িয়েছে দুর্নীতি কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে স্বাস্থ্য দপ্তরকে বিচ্ছিন্ন করে দেখলে চলবে না। সমস্ত প্রশাসনের টোটাল পরিবর্তন করা উচিত। কিন্তু এই জায়গা আমরা অতিক্রম করতে পারছি না। এইজন্য পারছি না যে আমরা বিপ্লবের মধ্য দিয়ে ক্ষমতা দখল করি নি। সেইজন্য সীমিত ক্ষমতার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে। নূতন হাসপাতাল করুন কিন্তু পুরানো যেসব হাসপাতালগুলি রয়েছে সেগুলি পুনর্গঠনের দিকে আপনারা লক্ষ্য রাখুন এবং এই সমস্ত হাসপাতালে যেসব দুর্নীতি রয়েছে সেগুলি দূর করতে গেলে সেখানে ইমিডিয়েটলি একটা কমিটি করে দেওয়া উচিত।

যে কমিটি এই হাসপাতালের খবরা-খবর প্রতিদিন নেবে এবং আমি নিজে জানি আমার জেলা কুচবিহার শহরে প্রতিদিনই এই সমস্ত নিয়ে গন্ডগোল হয় খাবার নিয়ে দুর্নীতি, ওষুধ নিয়ে দুর্নীতি, ওষুধ চুরি ইত্যাদি এই সমস্ত ঘটনা ঘটে সেটা আমরা জানি। এই খবর যখনই আমরা পাই তখনই সেইসব জায়গায় ছুটে যাই এবং এই সমস্ত দুর্নীতিগুলি রোধ করার চেষ্টা করতে পেরেছি এবং মাঝে মাঝে দেখাশুনা করছি বলে অনেক দুর্নীতি বন্ধ হয়েছে এইসব চুরি বন্ধ হয়েছে, ওষুধ পাচার বন্ধ হয়েছে। সেইজন্য আমি বলব নতুন হাসপাতাল আপনি যতই করুন না কেন পুরানো যে হাসপাতালগুলি রয়েছে সেগুলির দিকে একটু কড়া নজর দিন। আপনি কমিটি তৈরি করুন এবং সেই কমিটি যাতে এইদিকে নজর দিতে পারে তার ব্যবস্থা করুন। আমি মনেকরি এইভাবে অনেক দুর্নীতি দূর করা সহজ হবে। এই দিকে আপনি লক্ষ্য দিন। আপনি আর একটি জিনিস বলেছেন পাবলিক সার্ভিস কমিশন যে সমস্ত প্রার্থীকে সুপারিশ করেছে আপনি তাদের নিয়োগ পত্র দিয়েছেন। তারা সমস্ত মফস্বল শহরে যেতে চায়নি বা যেতে চাচ্ছে না। আপনি বলেছেন আঞ্চলিক ভিত্তিতে ডাক্তার নিয়োগ করতে চান এখানে সেই প্রস্তাব রয়েছে। এরজন্য আমি আপনাকে অভিনন্দন জানাই। আমি বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে বলতে চাই, এটা একটা অদ্ভুত ঘটনা যারা ডাক্তারি পড়ছেন তারা অত্যন্ত ভাগ্যবান পুরুষ তারা বড় বড় ঘর থেকে আসেন। আপনি, আমি সাধারণ মধ্যবিত্ত ঘরের মানুষ। তাদের আশা, উচ্চাকাঙ্খা এত বেশি বেড়ে গেছে, যেখানে সাধারণ মানুষ তাদের ছুঁতে পারে না। আমাদের দেশের অধিকাংশ মানুষই হচ্ছে গরিব। সেই গরিব মানুষগুলির কাছে এই চিকিৎসা ব্যবস্থা পৌঁছে দিতে পারা যাচ্ছে না অনেকগুলি কারণে। এই ঘটনা তো

একদিনে হয়নি। এটা নিশ্চয় এক দেড় বছরে হয়নি, ৩০ বছর ধরে এই ঘটনাগুলি চলতে চলতে আজকে এই পর্যায়ে এসেছে। আজকে তাকে যদি পরিবর্তন করতে হয় তাহলে আমার মনে হয় জেলা ভিত্তিক ছাত্র ভর্তি, ছাত্র নিয়োগের ব্যবস্থা করুন। এই চিন্তা আপনি গ্রহণ করেন নি, এটা আবার আপনাকে চিন্তা করতে অনুরোধ করছি। যে যে জেলা থেকে ছাত্র নেবেন তাদের কাছ থেকে যদি একটা আন্ডারটেকিং নিতে পারেন যে চাকরি নেবার পর ২/৩ বছর ঐ জায়গায় সার্ভিস দিতে হবে তাহলে আমার মনে হয় এই সমস্যার কিছুটা সুরাহা হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের নিশ্চয় মনে আছে কুচবিহারে ডাক্তারের অভাবের জন্য আপনার কাছে আমরা বারে বারে এসেছি, ট্রাঙ্ক কল করেছি, আপনাকে কুচবিহারে নিয়ে গেছি। সেখানে সুফল আমরা পেয়েছি। আপনার কাছে আমরা বলেছিলাম যে সমস্ত কুচবিহারের ছেলে পরীক্ষায় পাশ করে ডাক্তারি পড়ছে তাদের নাম দিচ্ছি, আপনি তাদের কুচবিহারে পোস্টিং করুন। আপনি দেখেছেন, আমাদের কুচবিহারে ডি.এম.ও. গেছেন। দীর্ঘ কয়েক বছর ধরে কুচবিহারে কোনও ডি.এম.ও. ছিল না। এতবড় একটা শহর হাসপাতালে কোন ডি.এম.ও. ছিল না, কিন্তু এই সরকার ক্ষমতায় আসার এক বছরের মধ্যেই কুচবিহারে ডি.এম.ও. গেছেন। আমি আপনাকে একটা কুচবিহারের ডাক্তারের নামের তালিকা দিয়ে বলেছিলাম ইনি হচ্ছে কুচবিহারের ছেলে, ওকে ডি.এম.ও. করে ওখানে পাঠান, নিশ্চয় যাবেন। আপনি দেখেছেন সেই সুফল ফলেছে, তিনি কুচবিহারে গেছেন। এটা একটা বিরাট ক্ষোভের ঘটনা আপনি নিয়োগ করছেন, নিয়োগ পত্র গ্রহণ করছেন না। এটা আমাদের প্রশাসনিক ক্ষেত্রে একটা অচল অবস্থা সৃষ্টি করছে। কাজেই এখানে যদি জেলা ভিত্তিক ছাত্র ভর্তির ব্যবস্থা করা যায় এবং তাদের কাছ থেকে যদি আন্ডারটেকিং নিয়ে নেওয়া হয় যে দু-তিন বছরের জন্য তাকে সেই জেলাতেই চাকরি নিতে হবে তাহলে আমার মনে হয় আমরা কিছুটা সফল হব। এই প্রাইভেট প্রাকটিস একটা অদ্ভুত ঘটনা। আমরা জানি সাধারণ মানুষ চিকিৎসার জন্য হাসপাতালে যায়। হাসপাতালে ওষুধের অব্যবস্থা আছে এটা আমরা জানি, ওষুধ সব সময় ঠিকমতো পাওয়া যায় না। কিন্তু সাধারণ মানুষ ঐ ডাক্তারদের নার্সিং হোমে দেখাতে গিয়ে এত টাকা কি করে ভিজিট দেন সেটা আমরা জানি না আপনি এই ব্যাপারটা একটু চিন্তা করুন। এই সমস্ত ডাক্তাররা একই সঙ্গে হাসপাতাল ও নার্সিং হোমের কাজ চালিয়ে যাচ্ছেন এবং সরকারি দায়িত্ব পালন না করে নিজেদের নার্সিং হোম চালিয়ে যাচ্ছেন। আমার মনে হয় এখানে একটা টাকার প্রশ্ন আছে। তাই এইরকম একটা ব্যবস্থা করা যায় কিনা যে তাদের স্যালারিটা আর একটু বাড়িয়ে আকর্ষণীয় করে তোলার ব্যবস্থা করা যাতে করে তারা নার্সিং হোমের দিকে না যান বা প্রাইভেট প্রাকটিস না করেন এইরকম কোনও ব্যবস্থা করা যায় কিনা সেটা একটু ভেবে দেখতে আপনাকে অনুরোধ করছি।

[5-10 — 5-20 P.M.]

তারপর আমি আপনাকে আরও বলব যে, আমাদের দেশে অন্ধের সংখ্যা ক্রমশ বাড়ছে। সারা ভারতবর্ষে প্রায় এক কোটি মানুষ অন্ধ এবং আমাদের পশ্চিমবাংলায় এই সংখ্যাটা হচ্ছে ৮ লক্ষ। আমাদের এখানে আই ব্যাঙ্ক আছে মেডিক্যাল কলেজ হাসপাতালে এবং নীলরতন সরকার মেডিক্যাল কলেজে, তাও হয়ত খুব প্রচার নেই, সেখানে করনিয়া গ্রাফটিং-এর সেই ধরনের ব্যবস্থাও নেই। স্যার, এই ব্যাপারে আমাদের এখানকার পিটিশন

কমিটি যে রিপোর্ট পেশ করেছেন সেটা আমার কাছে আছে। সেখানে দেখলাম করনিয়া গ্রাফটিং অ্যাক্টের পরিবর্তন করে, আরও একটু মডিফাই করার ব্যাপারে তারা একটা প্রস্তাব রেখেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, এই আই ব্যাঙ্ক সমস্ত জেলা হাসপাতালে করা যায় কিনা ভেবে দেখবেন। সঙ্গে সঙ্গে মানুষকে এই করনিয়া গ্রাফটিং-এর ব্যাপারে আরও উৎসাহিত করা যায় কিনা বা কি করে উৎসাহিত করা যায় সে সম্পর্কেও একটু চিন্তা করবেন। জেলা হাসপাতালগুলিতে এই আই ব্যাঙ্ক যাতে হয় সেটা একটু দেখবেন। আই ব্যাঙ্ক এবং ব্লাড ব্যাঙ্ক সম্পর্কে এই অনুরোধ আমি রাখলাম। তারপর আর একটি অনুরোধ করব, স্যার, আপনারা সকলেই জানেন আমাদের দেশের অধিকাংশ মানুষই গরিব, সব সময় চিকিৎসার জন্য তারা অর্থ খরচ করতে পারে না। সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় হোমিওপ্যাথি এবং বায়োকেমিক সম্বন্ধে যে কথা বলেছেন তাতে আমি আর একটু সংযোজন করতে চাই যে, আমাদের দেশে সরকারি প্রচেষ্টায় যদি কিছু বেয়ার ফুটেড হোমিওপ্যাথিক ডাক্তার গ্রামে গ্রামে বাক্স নিয়ে ঘোরেন তাহলে আরও উপকার হবে। স্যার, আমরা দেখেছি কুচবিহারের সরকারি হাসপাতালে যে আয়ুর্বেদিক ডাক্তার আছেন, হোমিওপ্যাথি ডাক্তার আছেন সেখানে কি প্রচন্ড ভীড় হয়। ঐ সাধারণ গরিব মানুষ যারা বেশি টাকা খরচ করতে পারে না, অ্যালোপ্যাথি ঔষধ কিনতে পারে না তারা ঘন্টার পর ঘন্টা লাইন দিয়ে দাঁড়িয়ে আছেন আয়ুর্বেদিক চিকিৎসার জন্য। সেখানে হোমিওপ্যাথিরও একই অবস্থা আমরা দেখি। স্যার, এই সরকার যখন সামগ্রিকভাবে ঐ গরিব মানুষদের কথা চিন্তা করছেন, তাদের সাহায্য করার জন্য সচেষ্ট হয়েছেন এবং যখন আমরা সমস্ত জিনিসটা একদম পাল্টে দিতে পারছি না, সীমিত ক্ষমতার মধ্যে আইন বাঁচিয়ে আমাদের কাজ করতে হচ্ছে তখন সেখানে যদি এই হোমিওপ্যাথি চিকিৎসা আরও গ্রামে গ্রামে ছড়িয়ে দেবার জন্য বেয়ারফুটেড ডাক্তারদের ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় গরিব মানুষদের আরও উপকার হবে এবং গ্রামের সাধারণ মানুষরা আমার বিশ্বাস আরও আমাদের এই বামফ্রন্ট সরকারের সঙ্গে সহযোগিতা করবে, সরকারকে সমর্থন করবে। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্মোক ন্যুইসেন্স সম্বন্ধে কয়েকটি কথা বলব। স্যার, আমরা দেখছি কলকাতা শহরে একটা আইন রয়েছে এই সম্পর্কে, এই আইনটির যদি পরিবর্তন করতে পারেন তাহলে আমার মনে হয় এর হাত থেকে আমরা কলকাতার মানুষকে বাঁচাতে পারব। এই আইনটি ঠিকমতো প্রয়োগ হয়না, সেইজন্য আমার অনুরোধ, স্মোক ন্যুইসেন্স সম্পর্কে যে আইনটি রয়েছে সে ব্যাপারে আরও একটু দৃষ্টি দিন এবং এই আইনটি যাতে একটু কঠোর হস্তে প্রয়োগ করা হয় তার ব্যবস্থা করুন। এটা একটু কঠোর হস্তে প্রয়োগ করলে কলকাতা শহরের মানুষরা নিশ্চয় আপনাকে সমর্থন করবে এবং সহযোগিতা করবে। এই কথা বলে আপনার বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[5-20 — 5-30 P.M.]

**শ্রী নিখিল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়, স্বাস্থ্য এবং চিকিৎসা খাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তৃতা শুরু করছি। বিরোধী দলের এস.ইউ.সি-র সদস্যরা অনেক কথা বলেছেন, তারা নিজেদের মার্কসবাদি, লেনিনবাদি বলে দাবি করেন। তারা কি একথা জানেন না যে এমন

একটা ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে আমরা বসবাস করছি যেখানে শতকরা ৭০ জন দারিদ্র সীমার নিচে বাস করছে, অপুষ্টিতে ভুগছে এবং সেই ধরনের এটা দেশে জনস্বাস্থ্যের বাজেটে বা চিকিৎসার বাজেট কি ধরনের হতে পারে এই জ্ঞানটুকু তাদের থাকবে এটা আশা করেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে লিখিত বক্তব্য আমাদের কাছে পেশ করেছেন, তার একটা জায়গায় তিনি বলেছেন, 'এই প্রসঙ্গে বলা যেতে পারে যে স্বাস্থ্য বিষয়ক পরিকল্পনার যে কর্মসূচি নিয়ে আমাকে কাজ করতে হচ্ছে তা আমার মন্ত্রিত্ব গ্রহণ করার আগে রচিত হয়েছিল। পূর্বতন সরকার যে সমস্ত কর্মপ্রকল্প গ্রহণ করেছিলেন সেগুলি রুপায়ণের কাজও আমাকে চালিয়ে যেতে হচ্ছে এবং সেইসঙ্গে সঙ্গে প্রচুর বকেয়া কাজের প্রতিও আমাকে লক্ষ্য রাখতে হচ্ছে। অর্থাৎ বাজেটের অবস্থাটা কি? মন্ত্রী মহাশয়ের অবস্থাটা কি? কংগ্রেস আমলে যে মন্ত্রিসভা ছিল, তারা কিছু কাজ শুরু করেছিলেন। সেই কাজগুলি তারা অসমাপ্ত রেখেছিলেন এবং সেই কাজ করতে গিয়ে যা করা দরকার, সেগুলিকে সর্বাঙ্গীন নয়, কিছুটা রূপায়িত করতে গেলেও যে টাকা পয়সা বরাদ্দ দরকার সেদিকে তারা চিন্তা ভাবনা না করেই এই কাজগুলি শুরু করেছিলেন। এখন বাজেট বরাদ্দে যে টাকা আসবে বা যে পরিকল্পনাই করুন না কেন, আগে যেগুলি ওরা সৃষ্টি করেছিলেন সেটাকে তো আর বাতিল করা যাবেনা। যদিও আমার মনে হয় ৮/১০টি মেডিক্যাল কলেজ করা সম্ভব নয় কিন্তু ফেলে দেওয়া যাবেনা, যদিও আমার মনে হয়, বড় বড় হাসপাতাল যেগুলি চলছে সেটা চালানো সম্ভব নয়, অন্যভাবে চিকিৎসা ব্যবস্থাকে সংশোধন করে, আরও কিছু ডিসেন্ট্রালাইজেশন করা দরকার তাতে করা সম্ভব হবে ইত্যাদি এই যে অবস্থার সৃষ্টি করে গেছে, যে বোঝা ঘাড়ে চেপে আছে সেই বোঝা বহন করে আমাদের স্বাস্থ্যমন্ত্রী এখানে বাজেট পেশ করেছেন এবং তারফলে যে দৃষ্টি তার আছে, যেভাবে লক্ষ রেখে তিনি বাজেট পেশ করতে চাইছেন, টাকার ঘাটতির জন্য এবং যেটুকু পাচ্ছেন সেটুকুও পুরানো যে কাজ রয়েছে, পুরানো যে ব্যবস্থা রয়েছে তাকে রূপায়িত করতে গিয়ে নতুন যে কাজগুলি করতে চাইছেন সেগুলি করার পথে বাধার সৃষ্টি হয়েছে। ৬০ কোটি টাকা আমাদের ষষ্ঠ পরিকল্পনায় স্বাস্থ্য খাতে ব্যয় বরাদ্দ না কি পাওয়া যাবে। তার মানে বছরে ১২ কোটি টাকা। এখান থেকে চাওয়া হয়েছিল ১৬০ কোটি টাকা। এই ১৬০ কোটি টাকার জায়গায় যদি ৬০ কোটি টাকা পাওয়া যায় তাহলে ব্যয় বরাদ্দের অবস্থাটা কি হবে সেটা একটু ভেবে দেখা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে জনস্বাস্থ্য নিয়ে আমরা চিৎকার করছি, চিকিৎসকের জন্য আমরা চিৎকার করি, মানুষ বাঁচুক এটা আমরা চাই, মানুষ মরার হাত থেকে উদ্ধার পাক এটা আমরা চাই। কিন্তু লজ্জার এবং দুঃখের ব্যাপার যে সংবিধানে আজও চিকিৎসার যে অধিকার, বাঁচার যে অধিকার, এটাকে মৌলিক অধিকার বলে স্বীকৃতি পায়নি। কংগ্রেস আমলেও এই কথা বলেনি, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী একথা বলেনি এবং জনতা সরকার আসার পর তারা ঘোষণা করেন নি যে আমাদের স্বাস্থ্য ব্যবস্থা, চিকিৎসা ব্যবস্থা জাতীয়করণ করা দরকার। এটাতে ব্যক্তিগত জায়গা তুলে দেওয়া দরকার। এটা পুরোটা সরকারি দায়িত্বে গ্রহণ করা দরকার। যতক্ষণ পর্যন্ত চিকিৎসা ব্যবস্থাকে জাতীয় করণ না করা যাবে ততক্ষণ পর্যন্ত নার্সিং হোম গজিয়ে উঠবে, ঔষধে ভেজাল আসবে, ডাক্তারদের ভিজিট দিনের পর দিন বাড়বে, গরিব মানুষ চিকিৎসা পাবেনা, ভাল ডাক্তাররা হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা উপার্জন করবেন। সুতরাং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আশা করেছিলাম, জনতা সরকার

আসার পরে অন্তত এই ঘোষণা করবেন যে আমরা ধীরে ধীরে চিকিৎসা ব্যাবস্থাকে, স্বাস্থ্য ব্যবস্থাকে জাতীয়করণ করার কথা ভাবছি এবং প্রতিটি মানুষের চিকিৎসা পাবার অধিকার আছে এই স্বীকৃতি আমরা দেব কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই ধরনের কোনও ঘোষণা আমরা পাইনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা বিষয়ে আমি হাউসের সামনে কয়েকটা বক্তব্য রাখতে চাই। কংগ্রেস সরকারের মাথায় হঠাৎ খেয়াল হল যে হোমিওপ্যাথি বলে একটা জিনিস আছে, আয়ুর্বেদি বলে একটা জিনিস আছে এবং ইউনানি বলে একটা জিনিস আছে। সুতরাং শুধু অ্যালোপ্যাথি, অ্যালোপ্যাথি না করে আমরা হোমিওপ্যাথির দিকে যাই, আয়ুর্বেদির দিকে যাই, ইউনানির দিকে যাই। পশ্চিমবাংলায় কতকগুলি ডিপ্লোমা কলেজ ছিল, হঠাৎ ঘোষিত হল যে ডিগ্রি কলেজ হবে, আয়ুর্বেদ থেকে ডিপ্লোমা সব তুলে দেওয়া হল। আয়ুর্বেদের একমাত্র স্বীকৃত জায়গা হচ্ছে ডিগ্রি, আর কিছু আয়ুর্বেদে পড়ানো হবেনা এবং ডিগ্রির পরে পোস্ট গ্রাজুয়েট কোর্স পড়ানো হবে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বিবৃতিটি আমাদের কাছে লিখিতভাবে দিয়েছেন সেটা পড়ছিলাম যে, আমাদের একটা ডিগ্রি কলেজ আছে এবং সেটি সরকারি ব্যবস্থায় চলছে। সেই ডিগ্রি কলেজে ডিগ্রি কোর্স পড়ানো হয় এবং সেখান থেকে ছাত্ররা আয়ুর্বেদে গ্রাজুয়েট হয়ে চলে যায়। অথচ সেখানে আজও দুটো কোর্স চলছে, একটা নতুন ডিগ্রি কোর্স আর একটা পুরানো কোর্স যেটাকে এম.এ.এস.এফ বলা হয়, আর নতুন কোর্সটাকে বি.এ.এস.এফ. বলা হচ্ছে। আর ঐ এম.এ.এস.এফ ফ্যাকালটি আজ ১০/১৫ বছর আগে উঠে গেছে, সুতরাং ডিগ্রির নমেনক্লেচার পাল্টানো দরকার ছিল। অথচ আমাদের কংগ্রেস সরকারের এটা মাথায় আসেনি। দু' ধরনের লোক একই ডিগ্রিতে পড়ছে দুটো আয়ুর্বেদিক কোর্স। এই দুটোকে সংমিশ্রণ করার চেষ্টা আজ পর্যন্ত করা হয়নি। তারপর অষ্টাঙ্গ আয়ুর্বেদের সেখানে একটা অঙ্গও পড়ানো হয়না। শ্যামাদাস কলেজে একটা অঙ্গও পড়ানো হয়না। সেখানে একটা হসপিটাল ছিল, সেখানে এখন সিটগুলি খোলা পড়ে আছে, একজনও রোগি নেই, অপারেশন থিয়েটারকে অপারেশন থিয়েটার হিসাবে বিবেচিত করা যায় না। আমরা দেখছি ডিগ্রি চালু হবার পর থেকে আয়ুর্বেদ আগে যা ছিল তার চেয়েও নিচের দিকে চলে যাচ্ছে। আজকে ওখানে টাকা দেওয়া দরকার। আমরা স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলে এবং ওখানকার স্টাফদের সঙ্গে কথাবার্তা বলে শুনেছিলাম কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাওয়া হয়েছে। কিন্তু তারা টাকা কেটে দিয়েছেন। এই যদি অবস্থা হয় তাহলে আয়ুর্বেদের কোনও উন্নতি হবে না। শুধু প্রচার চলবে না, আয়ুর্বেদের ডিগ্রি কোর্স চালু করেছি এবং তারা মনে করেন এই প্রচার করতে পারলেই যথেষ্ট। তাই আমি বলছি কিছু করতে, অন্তত কিছুটা উন্নতি করতে গেলে এই খাতে টাকা দেওয়া দরকার, কিন্তু তা দেওয়া হয়নি। তারপর আয়ুর্বেদ থেকে যদি ডিপ্লোমা চলে যায় তাহলে কাঁথি কলেজের কি হবে, নবদ্বীপ কলেজের কি অবস্থা হবে? এ সম্পর্কে কোনও চিন্তা ভাবনা কারও আছে বলে আমার মনে হয় না এবং এ সম্পর্কে কোনও সিদ্ধান্ত আজ পর্যন্ত গৃহীত হয়নি।

[5-30 — 5-40 P.M.]

তারপর হোমিওপ্যাথি সম্বন্ধে আমাদের মাননীয় এস.ইউ.সি. সদস্য বললেন সেখানে ডাইরেক্টর বে-আইনিভাবে নিযুক্ত হয়েছেন। উনি জানেন না, জানা সম্ভবও নয়, উনি নতুন বিধানসভায় এসেছেন, হোমিওপ্যাথি ডাইরেক্টরের পদ কি, তার গুরুত্ব কতটা, ক্ষমতা কতটুকু?

এসব তিনি জানেন না। উনি ডাইরেক্টর অর্থে ভেবেছেন ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসের যে ক্ষমতা ওনারও সেই ক্ষমতা। তা নয়। সেখানে শুধু একটা আলাদা ডাইরেক্টরিয়েট করে একজন ডাইরেক্টর বসানো হয়েছে এবং সেই ডাইরেক্টরের অন্তত একটা হোমিওপ্যাথিক ডিপ্লোমা থাকা দরকার, সুতরাং সেই ধরনের লোককেই বসানো হয়েছে, কাউকে সুপারসিড করে বসানো হয়নি। তার জয়েন্ট সেক্রেটারি বা ডেপুটি সেক্রেটারি ক্ষমতাও নেই। শুধু মাত্র একটি ডাইরেক্টরিয়েট করে একজনকে ডাইরেক্টর নিযুক্ত করা হয়েছে। ডাইরেক্টরিয়েট খোলা হয়েছে, ভাল কথা, কিন্তু শিক্ষা ব্যবস্থার কি হচ্ছে? ৪টি ডিগ্রি কলেজ আছে, তাদের কোর্স কি? হোমিওপ্যাথিকের সমস্ত সাবজেক্ট আছে, তা ছাড়া অ্যালোপ্যাথির সাবজেক্ট আছে, সার্জারি আছে, অ্যানাটমি আছে, প্যাথোলজি আছে, সবকিছু সেখানে আছে। অথচ প্রফেসর বা মাস্টার-মশাই সেখানে নেই। কলেজগুলি তিনটি ইউনির্ভাসিটির অধীন চলছে, অনেকগুলি কমিটি কলেজগুলি চালাচ্ছে, কোথাও ব্যক্তিগত কমিটি কলেজ চালাচ্ছে। অথচ সেই কলেজগুলির সঙ্গে যে হসপিটাল আছে তাতে কোথাও কোনও বেড নেই, কোনও ক্লিনিক্যাল শিক্ষা ছাত্ররা পায়না। এই ধরনের চারটি ডিগ্রি কলেজ থেকে যে ছাত্ররা বেরবে তারা কি ধরনের ডাক্তার হবে? ডিগ্রি কলেজ চালু করে দিলাম, পশ্চিমবাংলায় ৪টি ডিগ্রি কলেজ চালু হয়ে গেল, কিন্তু সেই কলেজগুলি চালাবার জন্য যে ব্যবস্থা দরকার তা আজ পর্যন্ত হয়নি। আমাদের কলকাতা শহরের বুকে ৪টি ডিপ্লোমা কলেজ আছে, আর বাইরে দুটি আছে। আর কিছু রেসিডিউ ডিপ্লোমা স্টুডেন্ট আছে, যারা বিভিন্ন ডিপ্লোমা কলেজে পড়ছে। এই যে আমাদের ডিপ্লোমা কলেজগুলি আছে, এদের অবস্থা কি? এই যে কলেজগুলি এদের সম্বন্ধে আমরা জানি এবং আমাদের মন্ত্রী মহাশয় জানেন যে কেন্দ্রীয় সরকার মাস্টার মশাইদের মাইনের ব্যাপারে একটা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, শতকরা ৭৫ ভাগ মাইনের টাকা সরকার দেবেন। প্রথম বছরে ৫০ ভাগ কেন্দ্রীয় সরকার দিয়েছেন, পরের বারে ৭৫ ভাগ পশ্চিমবঙ্গ সরকারকে দিতে হবে। ডিগ্রি কোর্স যখন চালু হল, ইউনিভার্সিটি যখন অনুমোদন দিলেন তখন তদানিন্তন স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ছিলেন, তিনি বলেছিলেন যে আমরা দায়-দায়িত্ব নেব। সুতরাং ডিগ্রি কলেজগুলি চালু হল এবং সেগুলি ইউনিভার্সিটি অ্যাফিলিয়েশন দিলেন কিন্তু ডিগ্রিই বলুন, কিংবা ডিপ্লোমাই বলুন সেই সমস্ত কলেজগুলির মাস্টার মহাশয়রা মাহিনা পায় না। মাননীয় মন্ত্রী মহাশয় নিজে জানেন, আমি বহুবার তার কাছে গেছি, বহুবার তার দপ্তরে এই ব্যাপার নিয়ে কথাবার্তা বলেছি ডিসেম্বর মাস থেকে ৯ মাস মাহিনা পায়নি-৮।১০ মাস যদি মাস্টার মহাশয়রা মাহিনা না পান তাহলে তারা পড়াবেন কি? পড়াবেন না। চিকিৎসার সাথে যুক্ত যে শিক্ষা সেই শিক্ষার ব্যাপারে সরকারের যে পরিমাণ আগ্রহী হওয়া উচিত ছিল, যে পরিমাণ দায়িত্ব নেওয়া উচিত ছিল সরকার সেই দায়িত্ব নেন নি। সাধারণ শিক্ষার ব্যাপারে সরকার দায়িত্ব নিয়েছেন, শিক্ষায় নিযুক্ত শিক্ষকদের ব্যাপারে মাহিনার দায়িত্ব নিয়েছেন কিন্তু চিকিৎসার সাথে যুক্ত শিক্ষকদের কোনও দায়িত্ব নিতে পারছেন না কেন? আরও দুঃখের ব্যাপার, আমি শুনলাম তাদের জন্য বাজেট বরাদ্দ নেই। আমি এই ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর সাথে কথা বলি, মুখ্যমন্ত্রীর সাথে কথা বলেছি যে, এই জিনিস করলে তো চলবে না একটাও ল্যাবোরেটরি নেই, হসপিটাল নামে আছে কোনও রোগি নেই, কোনও টাকা বরাদ্দ নেই এই অবস্থায় যে ছাত্ররা ডিগ্রি ডিপ্লোমা পেয়ে যাবে সেই ছাত্ররা কি চিকিৎসা করবে? এই জিনিস হতে পারে না। স্বাস্থ্যমন্ত্রী ছিলেন, দপ্তরের যিনি সচিব তিনি ছিলেন, হোমিওপ্যাথি ডাইরেক্টর যিনি তিনি

ছিলেন, আয়ুর্বেদ নিয়ে যিনি দেখাশুনা করেন তিনি ছিলেন, মুখ্যমন্ত্রী সেখানে কথা দিলেন এবং ৩২ লক্ষ টাকার মতন পাস হল কিন্তু আইনের এমনই মার-প্যাঁচ যে সেই টাকা আর খালাস হচ্ছে না। হেলথ ডিপার্টমেন্ট নোট দিলেন ফিনান্স ডিপার্টমেন্ট বললেন স্বাস্থ্য দপ্তর যে নোট দিয়েছেন তাতে আমরা টাকা দিতে পারব না আমরা তো সাধারণ লোক, মন্ত্রীরা কিভাবে কাজ করেন তা জানি না, সচিবরা কিভাবে কাজ করেন আমি জানি না কিন্তু এইটুকু কি আশা করতে পারি না মাস্টার মহাশয়দের এই টাকাগুলো যাতে পাওয়া যায় তারজন্য মন্ত্রী মহাশয় এবং উপর তলার কর্মচারিরা উদ্যোগি হবেন। লাল-ফিতার বাঁধন থেকে মুক্ত হবে। এই অবস্থায় যদি ছাত্ররা ধর্মঘট করে, পরীক্ষায় বসে টেবিল চেয়ার ভাঙে তাহলে কি ছাত্রদের দোষ হবে. না আমাদের দপ্তরে যারা উপর তলায় বসে আছেন তাদের হবে? সুতরাং এটা চিন্তা করা দরকার। আমরা জানি ধনবাদি ব্যবস্থার মধ্যে সরকারের পরিবর্তন হয়েছে, সীমিত অবস্থার কথা জানি। কিন্তু সীমিত অবস্থার মধ্যে সরকারের ঘোষণা হচ্ছে মানুষের সেবা করার চেষ্টা তারা করবেন। এই কি চেষ্টা? এখন আমি তিক্ত-বিরক্ত হয়ে গেছি, আর কারও কাছে যাই না। আমি জানি. কারও করার ক্ষমতা নেই। তাই ইউনানির কিছু হয়নি। একটা ওয়ান ম্যান কমিটি হয়েছিল। সেই নিয়ে কাজ শুরু করা হয়েছিল। সেই ভদ্রলোক এখন বলছেন যে তিনি কাজ করতে পারবেন না। ইউনানি আছে, হোমিওপ্যাথি আছে, আয়ুর্বেদ আছে, ডিগ্রি আছে, ডিপ্লোমা আছে, পোস্ট গ্রাজুয়েট আছে আজকে কলেজগুলিতে যাবেন দেখবেন কি অবস্থা। ভর্তির কথা শুনবেন? যে কোনও হোমিওপ্যাথিক ডিপ্লোমা কলেজে ভর্তি হতে গেলে ১ হাজার টাকা কোথাও বা ২ হাজার টাকা দিতে হবে। তারা বলেন আমরা কি করে চালাব? আমাদের কলেজ খরচা আছে, আমাদের খরচা চালাব কি করে। ক্যাপিটেশন ফি দেবার ব্যাপারে ছাত্রদের উপর এই চাপ কেন পড়বে? ছাত্ররা কি অন্যায় করেছে? সুতরাং এই জিনিস চলতে পারে না।

এই বাজেট বরাদ্দ সমর্থন করে এই আবেদন করব যাতে এই কাজগুলো হতে পারে সেই ব্যবস্থা আপনি করবেন। নন-প্র্যাকটিসিং এটা অত্যন্ত কঠিন কাজ, নন-প্র্যাকটিসিং যারা তারা অত্যন্ত শক্তিশালী লোক। তারা নিজেদের ইনডিসপন্সিবল বলে মনে করেন। তারা ভুলে যান যে তাদের কেউ নড়াতে পারবেন না। ৭৭৫ জন ছাত্র আধুনিক চিকিৎসা বিজ্ঞানে ভর্তি হন, তাদের মাইনে কত এবং সরকার এক-একটা ডাক্তারের জন্য কত খরচা করেন তার একটা হিসেব আছে, এম.আর.সি.পি. এফ.আর.সি.এস হতে যারা বাইরে যান তাদের সরকার কি সুযোগ দেন সেটা জানা দরকার। কিন্তু তাদের জ্ঞানের ফল সাধারণ মানুষ কি পাবেনা? এই অবস্থা থেকে উদ্ধার পেতে হলে যেটা করা উচিত তা হচ্ছে আধুনিক চিকিৎসা বিজ্ঞান বা এম.বি.বি.এসের চেয়ে নিচু স্তরের কোনও শিক্ষা ব্যবস্থা চালু করা। সেটা এল.এম.এফ হোক কিংবা ৩/৪ বছরের এমন কোনও কোর্স আমরা চালু করতে পারি কিনা যার দ্বারা কিছু ডাক্তার তৈরি হবে যাতে গ্রামের লোক একটা চিকিৎসা পেতে পারে। গতবার এই সম্পর্কে একটা বক্তব্য ছিল কিন্তু এবার দেখছি বাজেটে এই সম্পর্কে কোনও কিছু কথা নেই। যাইহোক আশা করব এই নন-প্র্যাকটিসিংটা যেন কার্যকর হয় এবং আপনি এ বিষয়ে যে একটা বোল্ড স্ট্যান্ড নিয়েছেন তারজন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি, আমরাও আপনাকে এই বিষয়ে সমর্থন করব। এবার আমি ওষুধ সম্পর্কে বলব, সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স বলে যে

বস্তু আছে সেটা কংগ্রেস আমলে যা ছিল এখনও সেইভাবে আছে। অত্যন্ত কঠিন জায়গা। কংগ্রেস আমলে যে গোষ্ঠী তৈরি হয়েছিল তার গায়ে হাত দেওয়া অত্যন্ত কঠিন। ড্রাগ কন্ট্রোলার থেকে যে ইচ্ছা সেই ঔষধ কারখানার জন্য লাইসেন্স পেয়ে যাচ্ছে। সেখান থেকে যে নিম্ন মানের ওষুধ তৈরি হচ্ছে সে সম্পর্কে সাধারণ মানুষের অভিযোগের কথা একবার চিন্তা করুন, সেইজন্য বলছি সেন্ট্রাল মেডিক্যাল স্টোরকে বিকেন্দ্রীকরণ করুন এবং একে ৪/৫টা জোনে ভাগ করে দিন। এখানে এত ওষুধ যে তার কোনও হিসাব নিকাশ হয় কি না বলতে পারি না। এর সম্পর্কে অনেক কথা শুনি, যদি কোনটাও সত্যি হয় তাহলে এই বামফ্রন্ট সরকারের পক্ষে সেটা গৌরবের নয়, ডাক্তারদের ধরা অত্যন্ত কঠিন কাজ, কিন্তু তাদের ধরতেই হবে। আমরা ৩ বছরে পড়েছি, এরমধ্যে আমরা কি করলাম? হাসপাতালগুলোর অবস্থা কি সেখানে নার্স কম আছে, আপনি বলেছেন ১:৩, ৮২-৮৩ সালের মধ্যে বললেন ৬১ হাজার বেড হবে, সেই হিসাবে কত নার্স কম সেটাও বলেছেন, আমি একটা ছোট্ট সাজেশন এখানে দিই সেটা হচ্ছে লেখাপড়া শেখা নার্স তৈরি করুন কিন্তু তা না হওয়া পর্যন্ত ৬ মাস ১ বছরের ট্রেনিং দিয়ে কিছু লোক তৈরি করুন যারা রোগির পাশে থাকতে পারবে, ওষুধ দিতে পারবে এবং টেম্পারেচার নিতে পারবে। একসঙ্গে সমস্ত সমস্যার মোকাবিলা করা যায় না কিন্তু তা আমাদের করতে হবে। আউট ডোর একটা কঠিন জায়গা। গ্রাম থেকে একটা রোগি এল, দেখা গেল তার এক্সরে দরকার কিন্তু যিনি এক্সরে নেবেন তিনি হয়ত নেই।

[5-40 — 5-50 P.M.]

সেই রোগিটি হয়ত সুন্দরবন থেকে এসেছে তাকে আবার ৫/৭ টাকা খরচা করে আসতে হবে এই যদি হয় তাহলে কি অবস্থা চিন্তা করুন। আজও আউটডোরে ওষুধ নিয়ে যে ব্যবসা চলে সেটা বন্ধ করা দরকার। আমি ডাক্তারদের কোনও দোষ দিচ্ছি না কারণ তারা সমাজের মাথায় বসে আছেন, কিন্তু তাদের কাছে এই আবেদনটা করতে চাই যে আপনারা আমাদের টাকাতেই লেখাপড়া শিখেছেন সুতরাং আপনারা দুর্নীতির হাত থেকে মুক্ত থাকবেন। আপনার দপ্তরের সকলেই ডাক্তার মানুষ কিন্তু তারা কেন ব্যুরোক্রেটিক নেচারে চলবেন? টেকনোক্রাট, ব্যুরোক্র্যাটের ঝগড়া চলছে, সেই ডাক্তাররাই ব্যুরোক্রাটিক ওয়েতে চলছেন এবং তারা যখন দপ্তরে যাচ্ছেন তারাও ব্যুরোক্রাটিক ওয়ে থেকে মুক্ত হতে পারছে না অতএব টেকনোক্রাটের দোষ দিয়ে কি হবে? ডাইরেক্টরকে সেক্রেটারির ক্ষমতা দেওয়া আছে, তাহলেও তিনি কোনও কাজ করতে পারছেন না। শ্রীমতী গোপ্পী ছাত্র ভর্তির ব্যাপারে একটা সাজেশন দিয়ে বলেছেন যে আমরা জোনাল ওয়েতে যেন একটা কোটা করি। আসুক না খারাপ ছেলে তাতে কোনও দোষ নেই, সেইজন্য জোনাল বেসিসে কিছু সিট রিজারভেশন করা যায় কিনা সেটা চিন্তা করা দরকার এবং চিন্তা করে এই বিষয়ে ব্যবস্থা নেওয়া দরকার। আপনি বলেছেন গতবারের চেয়েও এবারে মাথাপিছু বাজেট বরাদ্দ করেছেন ২৪ টাকা ছিল, ৩১ টাকা করেছেন। কিন্তু এরফল কারা পাচ্ছে? গ্রামের মানুষ কি এর ফল পায়, আমরা জানি ৩১ টাকার সুযোগ শহরে সৌভাগ্যবান মানুষরাই পায় গ্রামে কোনও চিকিৎসার ব্যবস্থা আদৌ নেই, এখন গোসাবা, বাসন্তী ইত্যাদি থানায় এখন কোনও হেলথ সেন্টার হয়নি, এগুলি সংশোধন করা দরকার। শেষ কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব, আমি জানি

কেন্দ্র টাকা দিচ্ছে না, জানি কেন্দ্র থেকে টাকা বের করতে অসুবিধা কত, জানি কংগ্রেস কিছু বোঝা আপনাদের ঘাড়ে চাপিয়ে দিয়ে গেছে, আমরা জানি প্রাকৃতিক কিছু বোঝা আপনাদের ঘাড়ে চেপেছে, জানি কেন্দ্র থেকে টাকা না দিলে এই কাজ করা খুবই কঠিন, কিন্তু তবুও এই বাজেট সমর্থন করতে গিয়ে একটা আবেদন রেখে যেতে চাই সেটা হচ্ছে এই বাজেটকে এমনভাবে যোগ করুন যাতে লাল ফিতার বাঁধন এই বাজেট প্রয়োগের কাজে বাধা সৃষ্টি না করে। এর প্রয়োগ যাতে তাড়াতাড়ি হয়, যাতে লোক এর বেনিফিট তাড়াতাড়ি পায় সেই দিকে লক্ষ্য রাখবেন। ভিজিটিং কমিটির কথা অনেকে বলেছেন। ভিজিটিং কমিটিকে যে ক্ষমতা দিয়েছেন এই ক্ষমতা দিয়ে উন্নতি করতে পারবেন না। তারা যাবেন, দেখবেন, সুপারিনটেনডেন্ট সাথে থাকবেন, ঘুরে ঘুরে দেখাবেন, কিছু পরামর্শ বুদ্ধি দেবেন ঠিকই, কিন্তু এই ভিজিটিং কমিটি দুর্নীতি দূর করতে পারবেন না। এই ভিজিটিং কমিটি নামে কমিটি করলে চলবে না, তাকে সত্যিকারে কমিটি করতে হবে, তাদের আরও কিছু ক্ষমতা দিতে হবে। জনস্বাস্থ্যের প্রতি আপনার দায়-দায়িত্ব আছে, আপনার সুনাম আছে, যেভাবে বন্যাকালীন অবস্থার আপনি মোকাবিলা করেছেন, আপনি ডাক্তার কর্মচারিদের যে সুনাম অর্জন করেছেন সেই সুনাম বন্যাকালীন অবস্থায় যাতে সীমিত না থাকে, সেই সুনাম যাতে আগামী বাজেটকে বাস্তবে রূপায়িত করার পথে অক্ষুন্ন থাকে সেই দিকে লক্ষ্য রাখবেন, এই কথা বলে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**श्री रमजान आली :** मिस्टर स्पिकर सर, आज हाउस में जनाब ननीबाबू में हेल्थ मिनिस्टर ने जो बजट पेस किया हैं, मैं उसका समर्थन करते हुए, कुछ बातें कहना चाहता हूँ। ये वाम-फ्रान्ट की पापुलर गवर्नमेन्ट हैं। इसमें ए बात अजीव तरीके की लगती हैं कि पुलिम एडमिनिस्ट्रेशन में ज्यादा रुपया खर्च किया जा रहा है और आवाम की जिन्दगी के लिए जो सवसे जरुरी चीज पब्लिक हेल्थ हैं, उसमें कम पैसा खर्च हो रहा हैं। वाम-फ्रान्ट के एक दोस्त ने कहा था कि रीऐक्शनरी गवर्नमेन्ट ही सोच सकता हैं कि पुलिस पर ज्यादा पैसा खर्च किया जाय और हेल्थ--एडुकेशन पर कम पैसा खर्च किया जाय। लेकिन इस बजट में ऐसी वात नजर आती हैं। अभी माननीय मंत्री महोदय ने बहुत अच्छी वात कही है कि स्टेप लिया जा रहा हैं। जिस तरह से हेल्थ सेन्टर वैगरह के इम्प्रूभमेन्ट की बात किया हैं, जिस तरह से नर्स की ट्रेनिंग की बात किया हैं, जिस तरह से कम्युनिटी हेल्थ की बात इसमें हैं, ये जन-स्वास्थ के लिए बहुत ही मूल्यवान बात हैं। लेकिन प्रैक्टिकली वजट में हम देखते हैं कि देहातों में वसने वाले लोगों को क्या फायदा होता हैं?

एक चीज इस वजट में नहीं किली, जिससे मुझे बड़ा दुख हुआ। वह वात यह हैं कि पेसेन्ट्स को हास्पीटल में जो डायट दिया जाता हैं, वह वहुत कम पैसे का होता हैं, शायद $2\frac{1}{2}$ रुपये का। जहाँ इलाज होता हैं, जहाँ हेल्थ वहुत खराब रहता हैं जनरल मेडिकल डायट वहुत जरूरी बात है। तो ऐसी हालत

में कम पैसे का मेडिकल डायट जब प्राप्त होगा–$2\frac{1}{2}$ रु० का तो इससे न्यूइट्रीशन डायट न तो मिल सकता हैं औरन तो फलो का जूस ही मिल सकता हैं, अण्डे की कीमत तो बहुत बढ़ गई हैं। इसलिए बजट में बहुत जरूरी था पर पेसेन्ट पैसा वढ़ा देना, जिससे कि हास्पीटल में प्रोभाइट किया जा सके।

एक बात यह हैं कि अभी एक माननीय सदस्य ने कहा हैं कि डाक्टर लोग गाँवों में नहीं जाना चाहते हैं। शहर के डाक्टर गाँवों में नहीं जाना चाहते हैं। ये वाकई एक समस्या हैं। मानंनीय मंत्री महोदय हमारी समस्या को अच्छी तरह से जानते हैं। उनसे हमारी समस्या के बारे में कईवार वातें भी हुई हैं। लेकिन वे आजतक डाक्टर प्रोभाइड नहीं कर सके। ये वार २ अपनी इनयेबिलटी सो करते रहे हैं। ऐ वात क्यों होती हैं–ये आपने को क्यों असमर्थ पाते हैं, ये बात मेरी समझमें नहीं आता हैं। मेरा हमवुल सजेशन हैं कि आज जो डाक्टर देहात में डाकर सभ नहीं करना चाहते हैं, ऐसे डाक्टरों का रजिस्ट्रेशन कैनसिल कर दिया जाना चाहिए। क्या हम हैं कि हमारे पैसे से-साधारण आदमियों के पैसे से तालिय हासिल करें? पब्लिक फण्ड से हास्पीटल चलता हैं। फिर डिग्री हासिल करके शिक्षाप्राप्त करके देहातों के हास्पीटल में ये डाक्टर क्यों नहीं जाना चाहते हैं? इसलिए सरकार के द्वारा कटोर व्यवस्था लेना बहुत ही जरूरी हैं। इनका रजिस्ट्रेशन कैंसिल कर देना चाहिए। जो डाक्टर देहातों में जाने से डिनाई करे उसमे साथ कटोर व्यबस्था किया जाना चाहिए। यह मेरा सजेशन हैं। जब देहातों में भी हास्पीटल हैं तो डाक्टर क्यों नहीं जाना चाहते हैं? उन्हें वाध्य करके वहाँ भेजा जाना चाहिए।

दूसरी बात यह हैं कि वाटर स्पलाई वगैरह का इन्तजाम बहुत नही खराव हैं। इतना साफ-सुथरा कमसे कम पानी मिलना चाहिए, ताकि प्रीभेन्सन हो सके–विमारी का रोकथाम हो सके। इसके लिए कुछ इन्तजाम तो किए गए हैं, उन टयूवेलोंकी हालत वहुत ही खराव हैं। जव ये टयूवेल खराब हो जाते हैं तो उनको ठीक करने के लिए मेकेनिक किसी ब्लाक में नहीं मिलते हैं, जो वहाँ जाकर रीसिंकिंग कर सकें। हलाकि हेल्थ-सेन्टर ब्लाक को रुपया दे देता हैं। मैं जिस ब्लाक से वास्ता रखता हूँ–डिस्ट्रिक्ट वेस्ट दीनाजपुर हर ब्लाक में इन्क्यारी करके देखा हैं कि खराव हुए टयूवेल की मरम्मत नहीं होती हैं–री सिंकिंग नहीं होता हैं। जब प्यारे वाटर का सिद्धान्त लिया गया हैं–पीने का पानी लोगों को देने का सिद्धान्त लिया गया हैं तो अगर टयूवेल खराब हो जाता हैं, तो उसका ठीक से मेन्टेनेन्स क्यों नहीं होता हैं। अगर मेकेनिक न रहे, तो कोई लभ नहीं हो सकता हैं।

उसी हमारे एक माननीय सदस्यने–अभी हमारे पहले जो बात कही हैं, उससे हमें बड़ी खुशी हुई। माननीय सदस्य ने कहा कि चूँकि शहर के डाक्टर देहात में नहीं जाना चाहते हैं, इसलिए मेडिकल कालेज में स्टूडेन्स के एडमिशन का जहाँ तक सवाल हैं, उस सिलसिले में जोनलवेसिस पर कोई रीजर्भेशन हो सके, हम लोग चिन्ता करते हैं। मैं मिनिस्टर साहब को याह दिलाना चाहता हूँ कि पहले वजट में भी मैनें आपोज किया था–डिस्ट्रिक्ट कोटा रीफील की जो बात कही गई हैं। प्रिभियस गवर्नमेन्ट ने जो कुछ अनडू पौलिसी किया और जो कुछ अच्छा काम किया, उसका भी अण्डू पौलिसी पोलिटिकल मोटीभेशन से न करें क्योंकि इससे कोई फायदा नहीं होगा। और वही बात आज सरकारी वेंच के एक माननीय सदस्य ने भी कहा। जोनल बेसिस पर ही स्टूडेण्ट का एडमिशन मेडिकल कालेजो में होना चाहिए। इस तरह से गाँव का जो भी लड़का मेडिकल में पढ़ना चाहता हैं, उसे अपारच्यूनिटी मिलती हैं और वह तालीम हासिल करके गाँव के हास्पीटल में डाक्टर की हैंसियत से सर्भ करेगा। उदाहरण के तौर पर इस्लामपुर सब-डिविजन–वालुरघाट पी० एस० सी० जो हैं उसमें ८० परसेंन्ट डाक्टर लोकल हैं। इससे प्रमाणित होता हैं कि लोकल डाक्टर जो होते हैं, उनसे हास्पीटल सर्भ होता हैं। इसलिए कोटा सिस्टम कर दीजिए। रीजर्भेशन कर दीजिए ताकि स्टूडेन्टों का एडमिशन मेडिकल कालेजों में आसानी से हो सके। और डाक्टरी पास करके वो सही माने में लोकल हास्पीटल को सर्भ कर सकते हैं और तभी गाँव के लोगों के लोगों का प्रापर ट्रीटमेन्ट हो सकता हैं।

मैं इसबात से कत्तई सटयत नहीं हूँ कि गाँव की चिकित्सा होमियोपैथिक या आयुर्वेद के जरिए कराया जाय। कमक्राली फाइड डाक्टरों से चिकित्सा कराया जाया। कमक्राली फाइड लोगों को लाइसेन्स देने के पक्ष में मैं नहीं हूँ। आज सायन्स की सही माने में तरक्की हो चुकी हैं। सायन्स का डवलपमेन्ट हो चुका हैं। आज डिफरेन्ट सेक्शन और डिफरेन्ट डिपार्टमेन्ट में प्रापर इन्भेस्टिगेशन करके डाइगनोसिस होता हैं। प्रापर ड्रग्स मिलता हैं, तव सक्सेसफुल ट्रीटमेन्ट होता हैं और फिर रोग भी क्यारे होता हैं। यह कहाँ का न्याय हैं कि जो लोग देहात में रहें उनका प्रापर ट्रीटमेन्ट न हो और जो लोग शहर में रहें, उनका प्रापर ट्रीटमेन्ट हो। देहात में लोगों को वड़े २ हास्पीटलों में युसने कर मौका तक नहीं मिलता हैं। जैसे कोई देहाती अगर विरला मेडिकल हास्पीटल में छुसना चाहे तो उसे घुसने नहीं दिया जायगा। मैं तो कहूँगा कि कलकत्ता को सेन्ट्रलाइज्ड कर दिया जाना चाहिए ताकि देहातों से लोग आ कर अपना ट्रीटमेन्ट करा सकें–अपना प्रापर इन्भिस्टीगेशन करा सकें। हमारे

माननीय मंत्री महोदय अच्छी तरह से जानते हैं कि देहातों के लोगो को कलकत्ता आकर ट्रीटमेन्ट कराना सम्भव नहीं हैं। मैने गुजिस्तासेशन में मिनिस्टर साहब को ध्यान दिलाया था कि जव लोग देहात से इलाज के सिलसिले में आते हैं, उनका एडमीशन नहीं होता हैं। एम० एल० ए० और मिनिस्टर की सिफारिश के लिए घूमते रहते हैं, फिर भी उनकी मर्तो नहीं होती हैं। इस तरह से उनकों वड़ी परेशनी उठानी पड़ती हैं और लाचार हो जाते हैं। पास का पैसा भी खर्च हो जाता हैं। यहाँ तक कि वापिस जाने के लिए उन्के पास पैसा भी नहीं रह जाता हैं। मैं सजेशन देता हूँ कि देहात के लोगों के लिए–मरीजों के लिए प्राभिजन कर दिया जाय ताकि हास्पीटलों में एडमीशन के लिए जो परेशनि होती हैं, वह नहो।

आखिर में अनुरोध करूँगा हमारे डिस्ट्रिक्ट के बारे में मिनिस्टर साहब अच्छी तरह से जानते हैं–टड़ियाल हास्पीटल में–गोवा गाँव हास्पीटल में डाक्टर नहीं हैं। जब भी मैं जाता हूँ तो लोग मुझे पकड़ लेते हैं और मुझसे पुते हैं कि डाक्टर क्यों नहीं आता हैं? क्या हम लोग ऐसे ही बिना चिकित्सा के मर जाँयगे। घर हैं, हास्पीटल हैं, लेकिन आप डाक्टर नहीं दे सकते हैं। इसलिए मैं अनुरोध करूँगा कि जल्द से जल्द उनके इस जीनूइन डिमाण्ड को फुलफिल क़िया जाय।

इन सारी वातों के साथ आपनी तकरीर खत्म करते हुए, मैं मिनिस्टर साहव का हार्दिक अभिनन्दन करता हूँ।

[5-50 — 6-00 P.M.]

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট রেখেছেন তাকে সমর্থন করছি এবং সমর্থন করছি এই কারণে যে আমরা আত্মসন্তুষ্টি মনোভাব নিয়ে চলছিনা, কারণ আমাদের লক্ষ্য অনেক দূর প্রসারিত। আমাদের সংবিধানে উল্লেখিত থাকতে হবে যে স্বাস্থ্য রক্ষা করা একটা রাষ্ট্রের দায়িত্ব এবং মৌলিক অধিকার চিকিৎসা পাবার — তা তো আমরা পেতে পারিনা এবং লক্ষ্যে পৌছানো অনেক দূর আছে। যে সোসিও ইকনমিক স্ট্রাকচারের উপর দাঁড়িয়ে আছি, যে কাঠামোর উপর আমরা বাস করছি তার আমূল পরিবর্তন ছাড়া সেই লক্ষ্যে যায় না এটা আমরা জানি। আমরা এও জানি যে এখানে হাসপাতাল তৈরি করা হয়েছিল এই ধারণা থেকে যে বাবুদের জুতোর চোটে যদি চামড়া ফেটে যায় তাতে কিছু টিনচারআইডিন লাগাতে হবে। একটা সামন্ততান্ত্রিক একটা আধা সামন্ততান্ত্রিক, একটা পুঁজিবাদি সমাজ ব্যবস্থাতে সেই মানসিকতা নিয়ে হাসপাতাল তৈরি করা হয়। যুদ্ধে যেমন যারা আক্রমণ করেন তারাও কিছু কিছু হাসপাতাল এর ব্যবস্থা রেখে দেন তাদের বেস ক্যাম্পে শত্রুরা যদি আহত হয়, শত্রুপক্ষের সৈনিকদের নিয়ে আসা হয় মেডিক্যাল ক্যাম্পে সেখানে তাদের চিকিৎসার ব্যবস্থা করা হয়। সেই মানসিকতা থেকেই আমরা দেখছি

হাসপাতালগুলি পরিচালিত হয়। রোগ হবে যে কারণে রোগগুলি হয় সেও থাকবে—মানুষ খেতে পাবেনা, লেখা পড়া সাধারণ ভাবে শিখতে পারবেনা, ইন্ডাস্ট্রিগুলি প্রতিদিন অ্যাটমসফিয়ার প্ল্যুট করবে, জল দুষিত করবে তারপরে মানুষ যখন রোগে পড়বে তখন তাকে হাসপাতালে নিয়ে গিয়ে চিকিৎসার ব্যবস্থা করা হবে ইট ইজ এ ডিফিটিং প্রপোজিশন এর কোনও শেষ নেই। এটা একটা নোংরা ভিসিয়াস সারকেল, সেখান থেকে বেড়িয়ে আসতে হবে। মাননীয় স্পিকার মহাশয়, যেখানে শতকরা ৭০ জন লোক দারিদ্র সীমার নিচে বাস করে এবং অন্তত শতকরা ১৬ জন লোকের যাদের মাসিক আয় ৬৪ টাকার নিচে কি পুষ্টি তারা পেতে পারেন। সাধারণভাবে আমরা জানি যে যতবেশি গরিব তার আয়ের তত বেশি পারসেন্ট প্রিন্সিপ্যাল ফুড আরটিকেলের উপর খরচ করে। ২০ টাকার নিচে প্রিন্সিপ্যাল ফুড আরটিকেল কেনার পর কি অবশিষ্ট থাকতে পারে পুষ্টির জন্য। অপুষ্টি থাকবে, ব্যাধি হবে, শরীরের যা ডিফেন্স মেকানিজম আছে তা ফেল করে যাবে এর জন্য আমাদের চিকিৎসার ব্যবস্থা করতে হবে। পুষ্টির ব্যবস্থা করতে হবে — অনেকেই বলেছেন পুষ্টি চাই। এটা ইটোপিয়ান কথা। এটা শেষ কথা। এই স্ট্রাকচারে পুষ্টি এই নিয়ে বিলাসিতা করা যায়, এ নিয়ে কোনও বাস্তব পরিকল্পনা রচনা করা যায় না। তার উপরে দেখুন কেমন নিষ্ঠুর নির্মমভাবে কেন্দ্রের ছত্র ছায়ায় আমরা বাস করছি। এমনিতে মানুষের নাভিশ্বাস উঠেছে তার উপর লাস্ট স্ট্র অন দি ক্যামেল ব্যাক। গতবারের বাজেটে আমি রাজনীতির কথা বাদ দিলাম, ইনফ্লেশন, ডেফিসিট ফাইনান্সিং এর কথা বাদ দিই, এই জিনিসগুলি কেরোসিন, পেট্রোল, ডিজেল, রান্নার গ্যাস, বিস্কুট কফি, সাবান, টুথপেস্ট, টুথব্রাস, দিয়াশলাই, এইগুলির দাম বাড়বে। সাবান মাখতে পারবেন না, যদি সাবান না মেখে স্ক্যাবিস হয় তাহলে বেনজিনের ব্যবস্থা করতে হবে। ননসেন্স ছাড়া অন্য কোনও কথাই এখানে প্রযোজ্য নয়। মানুষ নিত্য ব্যবহার্য জিনিসগুলি পাবেনা, নিম্নতম প্রয়োজন তাদের মিটবেনা, মাথার উপর চাপিয়ে দেওয়া হবে আমাদের নিত্য ব্যবহার্য দ্রব্যের ক্রমবর্ধমান মূল্য বৃদ্ধি, আমরা রোগগ্রস্থ হয়ে পড়ব এবং আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে চিকিৎসার ব্যবস্থা করতে হবে সুস্থ সবল জাতি গঠনেও এখানে বক্তৃতা মারা যায় বাজেট পেশ করা যায়না। এখানে অন্য কথা বলার দরকার নেই। অনেক দিন আগের, আমার কথা বলছিনা কারণ আমাদের এখানে অনেকে মার্কসবাদ, লেলিনবাদের কথা বললে চমকে উঠেন, আমি স্যার, জোসেফ ভোরের একটা রিপোর্ট থেকে একটুখানি পড়ে শুনাচ্ছি সোসিয়াল মেডিসিন সম্বন্ধে বলছেন, In interpreting health and disease man must be considered in relation to his social and physical environment. The study of disease as a community problem demands that the approach should be on a wide basis so as to include social and economic factors such as housing, nutrition, poverty and ignorance of the hygienic mode of life. The causative organism of tuberculosis, for instance, is widely spread in highly industrialised and urbanised communities and yet the incidence of the disease shows a remarkable variation, depending largely on variations in social and economic conditions. The remedial and preventive measures that are adopted in respect of individual patients will largely fail to achieve results, if these factors are not considered and if the necessary steps are not taken to neutralise their harmful effects.

A recognition of these facts has led to the emergence of "Social Medicine". which has widened the conception of disease from the narrow view of tissue changes and microbial and other specific causes by the inclusion of social, economic and environmental factors which play and equally important part in the production sickness. কি হয়, আমরা কি করতে পারি? এই যদি অবস্থা হয় যে সমস্ত সোসিয়াল স্ট্রাকচার তার অর্থনীতি যদি দিনের পর দিন ভেঙে পড়ে, সঙ্কটের বোঝা গরিব মানুষের মাথার উপর চাপবে এর পরে হেলথ কেয়ার নেওয়া যায়না, শুধু হেলথ কেয়ারের নাম করে সাইন বোর্ড দেওয়া যায়, মাঝে মাঝে ঢক্কানিনাদ করা যায় যে, হ্যাঁ আমরা হেলথ কেয়ার করছি। বলতে বাধ্য আমি যে আমরা পারবনা যদি না কেন্দ্রীয় গভর্নমেন্ট-এর দৃষ্টিভঙ্গির পরিবর্তন করাতে আমরা বাধ্য না করি। দৃষ্টিভঙ্গিটা পাল্টাতে হবে, সমাজের নিচু স্তরের মানুষ যারা আছে তাদের জন্য মিনিমাম একটা লেভেলে পৌছাতে হবে তারপর আমি বলতে পারব, রোগ আমি বুঝতে পারব রোগ ভাল করতে পারব। এখানে প্রফেসার সিগারিস্ট ইউনিয়ন অব সোভিয়েত সোসিয়ালিস্ট, তিনি কি বললেন? Health is one of the goods of life to which man has a right, wherever this concept prevails the logical sequence is to make all measures for protection and restoration of health accessible to all free of charge, Medicine like education is then no longer a trade, it becomes a public function of the State এটা একটা ব্যবসা হতে পারেনা শিক্ষার মতো এটা একটা পাবলিক ফাংশন হতে হবে। পারবেন, পারবেন সে কাজ করতে? না। মাল্টি ন্যাশনাল আজকে এইসব কাজ করতে গেলে যদি ধরুন এই সীমিত ক্ষমতার মধ্যে কিছু কিছু কাজ করতে চাই আমাকে ন্যাশনালাইজেশন অব ড্রাগ ইন্ডাস্ট্রি করতে হবে। ক্ষমতা আছে? আজকে বড় বড় যারা মাল্টি ন্যাশনাল, যাদের গাঁটছড়া বাঁধা আছে বিদেশি সাম্রাজ্যবাদের সঙ্গে তাদের গায়ে হাত দিতে পারবেন? না, পারবেন না। অনেকেই হয়তো জানেন আমি অবাক হয়ে গিয়েছিলাম সেদিন কাগজে পড়ছিলাম স্টেরয়েডের বেসিক কেমিক্যাল যেটা সেটা ১২৩৬ গুণ দামে ভারতের বাজারে বিক্রি হয়। আমি ভাবছিলাম হয়তো ডেসিম্যাল উঠে গিয়েছে ওটা ১২.৩৬ হবে, না ১২৩৬ টাইমস যে সহায়তা ওরা দিচ্ছে তা এইভাবে বেরিয়ে যাচ্ছে। ট্রেড ব্যালেন্স তাদের ফেভারেই যাচ্ছে।

[6-00 — 6-10 P.M.]

কারণ জানি আজকে একথা বলব বাজেট আলোচনা এসেছে এবং কৈফিয়ত দেবার কিছু থাকবেনা, বসে বসে হজম করতে হবে, কারণ ছুঁতো করে ওরা বেরিয়ে যেতে পারেন। ঔষধের ব্যাপারে আমরা জানি হাতি কমিটির যে রিপোর্ট তাতে বলা আছে এখানে যে ঔষধ তৈরি করা হয়, সমস্ত অসুস্থ মানুষকে যদি চিকিৎসা করতে হয়, তাহলে শতকরা ২৫ জন মানুষের চিকিৎসা হতে পারে, তারপরে আর ঔষধ থাকবেনা। ঔষধ তৈরি করার ব্যবস্থা কি আছে? আই ডি পি এল দিয়ে কিছু হবেনা, কতখানি ঔষধ আজকে বাজারে আসতে পারছে? হিন্দুস্তান দিয়ে কিছু হবেনা। এখনও আমরা মাল্টি ন্যাশনালের কাছে পড়ে আছি। গ্লাক্সোর নাম অনেকেই শুনেছেন, তাদের ঔষধও অনেকে ব্যবহার করেছেন, তাদের টার্ন আউট ৩০ কোটি টাকা থেকে বেড়ে ৬০ কোটি টাকা হয়েছে। এটা কিভাবে হচ্ছে? থ্রু এক্সেস

প্রডাকশন অ্যান্ড থ্রু আদার ম্যানিপুলেশন্স। মজা হচ্ছে—বেটুলান ট্যাবলেট ২৬ টাকায় একশত বিক্রি হত, এখন সেটা বেড়ে হল ৩৮ টাকা ১০০ ট্যাবলেট; কি জন্য? কারণ হল এই তারা লেভেলটা চেঞ্জ করে দিয়ে ফারভাসন্ত মেডিসিন বলে দাম বাড়িয়ে দিল। অন্য ড্রাগগুলি যেগুলি নিত্য ব্যবহার্য, যেগুলি কম দরে বিক্রি করতে হবে, সেগুলি তুলে দিয়েছে। বেনাপেন এবং বেনাপেন ফোর্টিফাইভ এগুলি তুলে দিয়েছে, আজকে পাবেননা। এটা সবাই জানেন আজকে প্রতিদিন আমরা লং অ্যাকটিং পেনিসিলিন বেশি দাম দিয়ে কিনছি, বেনাপেন এবং বেনাপেন ফোর্টিফাইভ তুলে দিয়েছে, কারণটা পরিষ্কার। জার্মাণ কোম্পানিগুলি যেমন হেস্ট তাদের এক্সেস প্রডাকশনের কারণটা কি? তাদের প্রডাকশনের যে লাইসেন্স দেওয়া আছে, তার চেয়ে অনেক বেশি তারা প্রডাকশন করছে এবং এই করে তারা ৫৬ লক্ষ টাকা প্রফিট করেছে। তাদের গায়ে হাত দিতে পারবেন কি? দে হ্যাভ মেড অ্যাবাউট টু ক্রোরস থ্রু লিকুইড অ্যান্ড আদার অ্যাসেটস থ্রু আনলাইসেন্সড প্রডাকশন অব লাইসেন্স। ১৯৭২ সালে এরা সরকারকে কলা দেখিয়ে যে ঔষধের দাম ছিল ৩৭ টাকা একশো-এর দাম তার দাম করেছে ৪৬ টাকা ১০০, কে অনুমতি দিয়েছে? এই রকমে দেখবেন দু-তিন বছরের মধ্যে ১৯৭১ থেকে ১৯৭৩ সালের মধ্যে ১৭.৬০ কোটি টাকা থেকে তারা ২১.৯৪ কোটি টাকা করেছে। এদের গায়ে হাত দিতে গেছিলেন কে আর গণেশ, তার পলিটিক্যাল ডেথ হয়েছে, তার মৃত্যু হয়েছে রাজনীতি থেকে তার সরে যেতে হয়েছে, থাকতে পারেননি। পি সি শেঠি, তাকেও তার দপ্তর ছেড়ে পালিয়ে যেতে হয়েছে। পারবেন ওরা এদের গায়ে হাত দিতে, তাহলে চাকুরি থাকবে কিনা সন্দেহ। এজন্য আমি বলব মেডিক্যাল সার্ভিস ন্যাশনালাইজ করবার ক্ষমতা কি এদের আছে? পারবেন এরা? আমরা জানি পারবেননা। যদি করে যে উথাল পাথাল হবে তা সামলাতে পারবেননা। ওদেরও লবি আছে, ডাক্তারদেরও মোটামুটি খুঁটির জোর আছে। ওখানে কাজেই ন্যাশনালাইজ করার ক্ষমতা ওরা রাখেননা। আমি এখানে একটা কথা বলতে চাই। মেডিক্যাল সার্ভিস ন্যাশনালাইজ করতে গেলে অন্যান্য জায়গায় কি হয়েছে? বিলাতের কথা একটু শুনুন, ওরা কিভাবে করতে পেরেছেন? এটা স্যার, আমাদের দেশের কথা নয়, কমিউনিস্ট দেশের কথা নয়, সেখানে লেখা আছে ন্যাশনালাইজ মেডিক্যাল সার্ভিস সম্বন্ধে। It is stated that under the scheme individual members of the public will be able to obtain medical advice and treatment and every kind entirely without charge except for the cases of certain appliances. They will be paying the medical care in a new way, not by private fee but partly by insurance contributions under whatever insurance scheme is in operation and partly by the ordinary process of central and local taxes. হবে? তাও হবেনা এখানে, এটা আমরা জানি, আর হবেনা বলেই ওরা অন্য রব তুলেছেন। মিনিস্ট্রি অব হেলথ কি বলেছেন?

**चिकित्सा सम्बन्धी सुविधाये पाना।**

মানেটা কি? মানেটা পরিষ্কার হচ্ছে, আমরা যোগ্য চিকিৎসক দিয়ে ঔষধ বাড়িতে বাড়িতে পৌঁছে দেব, আমরা চিকিৎসা পৌঁছে দেব। আর আধা অর্থাৎ পারটাইম ডাক্তারবাবু দিয়ে প্রকৃত অর্থে ব্যবসা করব। অর্থাৎ সরকারি কাজও বলব, আবার কিছু ব্যবসা করব এবং

তাদের দিয়ে আমরা ঔষধপত্র পৌঁছে দেব। তাহলে আমরা দেখলাম কি, ব্যবসা করব, আবার চিকিৎসাও করব, পার্টটাইম করব। এই হচ্ছে ওদের পরিকল্পনার লক্ষ্য, কোথায় যে আমরা কি করতে পারি। একটা হেলথ পলিসি থাকে, লক্ষ্য থাকে, তার উপরে দাঁড়িয়ে কাজ করা যাবে। লক্ষ্য হল পার্টটাইম ডাক্তার দিয়ে কাজ করানো, পার্টটাইম লোক দিয়ে কাজ করানো। ট্রেনিং দিয়ে তাদের বাড়িতে বাড়িতে ঔষধ পাঠিয়ে দেবেন। আগে একথা বলা হয় যে চিকিৎসকদের দ্বারা আমরা ব্যবসা করব। কি ব্যবসা আপনারা করবেন? কাজেই আমরা এখানে আপনাদের বলতে চাই খুব একটা র‍্যাডিক্যাল চেঞ্জ আমরা করতে পারব না। যা কিছু আছে তার কোয়ানটিটিভ এক্সপানশন আমরা করতে পারব। খুব কোয়ালিটিটিভ অ্যাপ্রোচ করা যাবে না। এখানে কি দেখলাম, এই দৃষ্টিভঙ্গি নিয়ে, মেডিক্যাল বাজেট, একটা গুরুত্বপূর্ণ বাজেট, অনেক মানুষের জীবনের সমস্যা, অনেক মানুষের জীবনের, সুস্বাস্থ্যের প্রশ্ন সেখানে জড়িত, একটা অজুহাত দেখিয়ে ওরা এখান থেকে বেরিয়ে গেলেন। ওরা একটা পার্টি করেন করুন, খুন করাতে পারেন ওয়াগেন বেকার দিয়ে, নারীঘটিত ব্যবসা যারা করেন তাদের নিয়ে পার্টি করতে পারেন, কিন্তু জীবন্ত মানুষের মিছিল করুন, মরা মানুষ নিয়ে টানা-হেঁচড়া করবেন না। মানুষ মরে গিয়েছে, তাকে এরা বলবেন আমাদের পার্টির লোক, আমাদের পার্টিকে মিছিল করতে দাও। কংগ্রেসের এটা একটা ভেতরের ব্যাপার, তদন্ত চলছে। বলে দেওয়া হল, আমাদের পার্টির কর্মিকে নিহত করে দেওয়া হয়েছে, সি, পি, এম করেছে। কেন মশাই সি. পি, এম করতে যাবে? এরা কি ফরমিডেবল এনেমি দেয়ার। যাদের জামানতগুলো বাজেয়াপ্ত হয়ে যায়, যাদের প্রেসিডেন্ট-সেক্রেটারির জামানত বাজেয়াপ্ত হয়ে যায় তাদের নেতাকে খুন করতে হবে? কোথায় মেয়েছেলের ব্যাপার নিয়ে খুন হবে, কোথায় ওয়াগান ব্রেকিং করতে যেয়ে খুন হবে, কোথায় ভাগ-বাঁটোয়ারা নিয়ে খুন হবে, আর সেই মরা নিয়ে এইসব হবে। তার দাদা বলেছে, ডায়রি করেছে, বলেছে, সি, পি, এম খুন করেনি। এ তোমরা খুন করেছো, তবু মরা টানা-হেঁচড়া করবে। না, করতে পারে নি। ওর দাদা নিয়ে গিয়েছে। নিয়ে গিয়ে তাকে শ্মশানে নিয়ে গিয়েছে। আমরা সবাই গিয়েছি। সেখানে শেষকৃত্য সম্পন্ন করা হয়েছে এবং পুরুলিয়াতে মোটেই এই ব্যাপার নিয়ে কোনও কমোশন নেই। আমি তো কাল রাত্রে এসেছি। হঠাৎ একটা টেলিগ্রাম চলে এল। মাঝে মাঝে টেলিগ্রাম ওদের আসে এবং সেই টেলিগ্রামের উপর দাঁড়িয়ে বাজার মাৎ করতে লাগলেন। সব ব্যাপার নিয়ে ওরা আসবেন, আলোচনা করবেন, কিন্তু তা কেন করবেন? এখানে আমি একটা কথাই বলতে চাই ঃ

भैस के आगे वीन वजाये, भैस रहे पगुराय।
सच कहे तो मारा जाय, झुट कहे तो जाग पतिआय।
भैस के आगे वीन वजाये, भैस रहे पगुराय।

মোষের সামনে বীণের বাজনা বাজিয়ে লাভ কি? মোষ তো দাঁড়িয়ে জাবর কাটবে। এটা আমার কথা নয়, মার্কসবাদের কথা নয়, এটা লেলিন বলেন নি, এটা মাও-সে-তুং বলেন নি, এটা গোঁসাইজির কথা।

सच बले तो मारा जाय, झुट कहे तो पतिराय

জামানাটা এমন হয়ে গিয়েছে, সত্যি কথা বললে বিপদ। কালকে কাগজে ফলাও করে বেরিয়ে যাবে, পুরুলিয়ায় জনতা কর্মি খুন। আর আমাদের সে কাগজগুলো হজম করতে হবে, কাগজগুলো পড়তে হবে। সেইজন্য আমি বলি আমরা যতটা পেরেছি করবার চেষ্টা করেছি। পরিশ্রুত পানীয় জল, বিশুদ্ধ পানীয় জল কথাটা ঠিক নয়, পরিশ্রুত পানীয় জল সরবরাহের ব্যবস্থা করেছি। চিকিৎসার জন্য যেটুকু করবার তা ব্যবস্থা করছি। ঔষধপত্র যাতে পাঠানো যায় তার ব্যবস্থা করছি। ডাক্তার যাতে পাঠানো যায় তার চেষ্টা করছি। তবে বলব একটা কথা, ট্রান্সফার এটা এখনও হ্যাপাজারড ওয়েতে আছে, এটার কোনও একটা পদ্ধতি থাকবে না। আমি যদি ৩ বছর কি ৫ বছর গ্রামে থাকি আমি ফিরে আসব না শহরে এবং তারা কি রিসার্চের ফেসিলিটি পাবে না। তা নয়, যারা শহরে আছেন তারা শহরেই থাকবেন, রিসার্চ ফেসিলিটি পাচ্ছেন, তারা উপরে উঠছেন, বিদেশে যাচ্ছেন, আর গাঁয়ের ছেলেরা গাঁয়ে গিয়েই পড়ে আছে। কোনও পদ্ধতি আমরা আজ পর্যন্ত বার করতে পারি নি। এইটা আমার অনুরোধ আপনাদের কাছে যে আপনারা এটা একটা পদ্ধতি ঠিক করুন। আমরা ডাক্তারদের ব্যাপারে ইন সারভিস ট্রেনিংয়ের কথা বলছি। ভিতরে রেখে যাতে শেখানো যায়। যদি ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে পারা যায়, কেন পারা যাবে না এই ক্ষেত্রে। আমার দুটো সাজেশনস আছে। নিউক্লিয়ার মেডিসিনের ব্যাপারে আমি আর একবার বলব, এম, ডি কোর্স করার দরকার আছে। কারণ আমাদের এখানে সাহা ইন্সটিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্স আছে, আমাদের ক্যানসার হসপিটাল আছে, আমাদের এখানে সাইক্লোটন রিয়্যাক্টর আছে, এখানে আমাদের একটা এক্সপেরিমেন্টাল ইউনিট আছে এটা সব মিলে আমাদের করতে হবে। অন্যদিকে রিসার্চের ব্যাপারে ক্যানসারের কথা উঠেছিল। ক্যানসার রিসার্চ সেন্টার এবং ক্যানসার হসপিটাল আছে এই দুটো মিলিয়ে ক্যানসার রিসার্চ অ্যান্ড হসপিটাল আমরা করতে পারি। কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে খুব উদ্বিগ্ন। তাড়াতাড়ি যদি না করা যায় তাহলে এটা হয়তো এখান থেকে উড়িষ্যায় চলে যাবে। তাই আমি এই অনুরোধটা আপনাদের কাছে রাখব যে এ ব্যাপারে ব্যবস্থা করুন। আমার পুরুলিয়া জেলায় যে লেপ্রসি ইর্‍্যাডিকেশন স্কীম নেবার কথা ছিল আমি অনুরোধ করব এই প্রেফারেন্স যেন আমরা পাই। লেপ্রসি ব্যাপারে যে এশেনসিয়াল ট্রিটমেন্ট সে সম্বন্ধে আমাদের পুরুলিয়া জেলায় যেন সেটা ইর্‍্যাডিকেট করতে পারে এ সম্বন্ধে আপনার বদান্যতা আমরা আশা করি। এটা আমাদের অনেক দিনের আশা এটা আপনি একটু দেখবেন। নিশ্চয় আজকে হাসপাতাল কমিটি করার দরকার আছে। স্থানীয় কর্মিদের নিয়ে একটি কমিটি করা দরকার। স্থানীয় যে সমস্ত সোস্যাল ওয়ার্কার রয়েছে ডাক্তার রয়েছেন, তাদের সবাইকে নিয়ে ডিফারেন্ট পলিটিক্যাল পার্টিদের নিয়ে হসপিটাল কমিটি করার জন্য আমি বিশেষ করে অনুরোধ করছি। অনেকে বলেছেন অ্যাপ্রোচ রোড করবার জন্য। আশাকরি মন্ত্রী মহাশয় এ ব্যাপারে নোট দেবেন পি.ডব্লউ.ডি. (রোডস) ডিপার্টমেন্টে এবং এরজন্য এমন কিছু খরচ হবে না। হাসপাতালের মধ্যে অ্যাপ্রোচ রোড থাকার বিশেষ দরকার আছে। তারপর নার্সদের ট্রেনিং কোর্স সম্বন্ধে বিশেষভাবে লক্ষ্য করবেন বলে আশা রাখি। এ.এন.এম খোলার কথা অনেকদিন ধরে হচ্ছে এবং তার বহু ফেসিলিটিজ রয়েছে। কিন্তু সে সম্বন্ধে মেডিক্যাল বাজেটে কিছু দেখলাম না। জানি না আজও কেন সেটা হচ্ছে না। অনেক

প্রশ্ন রয়েছে হেলথ প্রবলেম সম্বন্ধে এবং অনেক কথাই বলা যাচ্ছে না হয়তো ঘনিষ্ঠ যোগাযোগ নেই বলেই এইসব হেলথ প্রবলেম সম্বন্ধে সবকিছু বলা যাচ্ছে না। এ সম্বন্ধে আলোচনার দরকার আছে। যদি দরকার হয় বিরোধীদের ডাকতে হতে পারে কারণ এ ব্যাপারে আমাদের সকলের একমত হয়ে আমরা যদি সে ব্যাপারে সুব্যবস্থা গ্রহণ করতে পারি তাহলে দেশের মানুষের পক্ষে খুবই ভাল কাজ হবে। এই কথা বলে আমি রবীন্দ্রনাথের একটি কবিতা এখানে রাখতে চাই। কাশীকান্তবাবু যেমন উক্তি করেন সেইরকম আমার মনেও একটা সুড়সুড়ি এসে গেছে। এবং এই কবিতাটি পড়ে আমি আমার বক্তব্য শেষ করব। "বড় দুঃখ বড় ব্যাথা সম্মুখেতে বড়ই দারিদ্র, শূন্য কষ্টের সংসার বড় ক্ষুদ্র বদ্ধ অন্ধকার অন্ন চাই, প্রাণ চাই, আলো চাই, চাই মুক্ত চাই স্বাস্থ্য আনন্দ উজ্জ্বল পরমায়ু সাহস বিস্তৃত বক্ষপট।" এরজন্য অনেক দূর যেতে হবে। আমরা সবাই সেখানে যাব এই আশা করে আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের প্রস্তাব এখানে রেখেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 P.M.]

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য খাতে ব্যয় বরাদ্দের মঞ্জুরি সম্পর্কে আলোচনা করতে গিয়ে অনেক বক্তব্যের মধ্যে বিভিন্ন সমস্যাগুলিকে তুলে ধরার চেষ্টা করেছেন। এবং আবশ্যিক সমাধানের ব্যাপারে শেষ পর্যন্ত কত দূর আমাদের যেতে হবে তারও ইঙ্গিত দিয়েছেন। আমরা এ বিষয়ে সচেতন যে এইরকম একটা সামাজিক অর্থনৈতিক অবস্থার মধ্যে যদি আমাদের চলতে হয় যে সামাজিক অর্থনৈতিক অবস্থা আমরা সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা বলে জানি ততদিন পর্যন্ত স্বাস্থ্য সম্পর্কে সবকিছু সমস্যার সমাধান করা বা সমস্ত জনসাধারণের দায়িত্ব গ্রহণ করা কিছুতেই সম্ভব নয়। এখন সেই পথে অগ্রসর হতে গেলে যে যে বাধা আছে তা আমাদের দূর করতে হবে এবং যতক্ষণ পর্যন্ত আমরা সেই অবস্থায় না পৌঁছাই ততক্ষণ পর্যন্ত আমাদের যা করণীয় সেটা আমাদের করতে হবে। এইসব করণীয় কাজের মধ্যে কতকগুলি বিষয় আছে যেগুলি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারের মধ্যে এবং তারা না সচেষ্ট হলে আমরা সেটা করতে পারি না। আর যেগুলি রাজ্য সরকারের এক্তিয়ারের মধ্যে সেগুলি যদি আমরা নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে চলি তাহলে অনেকটা আমরা করতে পারব।

স্যার, সাধারণভাবে স্বাস্থ্য সম্পর্কিত বিষয় আলোচনা করতে গেলে আমরা শুনি আমাদের দেশে হাসপাতালের সংখ্যা অনেক কম, বেডের সংখ্যা অনেক কম। সুতরাং হাসপাতালের সংখ্যা বাড়াতে হবে, বেডের সংখ্যা বাড়াতে হবে। আমি হাসপাতালের সংখ্যা বাড়ানো বা বেডের সংখ্যা বাড়ানোর বিরোধী নই। কিন্তু আমি মনেকরি তার চেয়ে বড় কাজ হল প্রতিষেধক ব্যবস্থা গড়ে তোলা। ইংরাজিতে একটা কথা আছে প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর এই প্রবাদ বাক্যের সঙ্গে আমরা খুবই পরিচিত। রোগ হলে হাসপাতালে নিয়ে যেতে হবে, চিকিৎসার ব্যবস্থা করতে হবে, ঠিক কিন্তু রোগ যাতে না হয় তার ব্যবস্থা যদি করতে পারা যায় তাহলে সেটা সবচেয়ে বেশি ভাল হয় এবং সেই ব্যবস্থা করতে গেলে নিশ্চয় অন্যান্য অনেক অঙ্গাঙ্গী প্রশ্ন এসে যাবে। তার সমাধান হওয়া প্রয়োজন। শুধু টিকা দিয়ে, ভ্যাকসিন দিয়ে বা ওষুধ খাইয়ে প্রতিষেধক ব্যবস্থা গড়ে তোলা সম্ভব নয়। এই প্রতিষেধক

ব্যবস্থা গড়ে তুলতে গেলে তাদের খাদ্য, পানীয়, বাসস্থান, শিক্ষা ইত্যাদি অনেক ব্যাপারে আমাদের অগ্রসর হতে হবে। যাইহোক বাজেটে আমি একটি জিনিস দেখে খুবই আনন্দিত ননীবাবু চিকিৎসার চেয়ে প্রতিষেধকমূলক ব্যবস্থার দিকেই বেশি জোর দিয়েছেন, এছাড়া এই অবস্থায় কিছু করার নেই। আমাদের দেশে যেহেতু সর্বসাধারণের রোগ এবং স্বাস্থ্যের দায়িত্ব সরকার গ্রহণ করতে পারছেন না এবং যেহেতু এখনও বেশির ভাগ মানুষকে প্রাইভেট ডাক্তারদের কাছে যেতে হচ্ছে প্রেসক্রিপশন নেবার জন্য এবং ওষুধের দোকানে যেতে হচ্ছে ওষুধ কেনার জন্য, সেই ক্ষেত্রে প্রতিষেধক ব্যবস্থা চালু থাকলে তার খানিকটা লাভ হতে পারে। সেইজন্য আমি বলছি যদি এইরকম একটা ব্যবস্থা করা যায় যে ওষুধের দামকে মানুষের আয়ের মধ্যে নামিয়ে রাখা যায় তাহলে সবচেয়ে বেশি উপকার হয় এবং তা করতে যাওয়া মানেই হল রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ ওষুধ শিল্পে আনতে হবে। সেটা খুব সহজ জীবনের বহু ক্ষেত্রে হাত বাড়িয়েছে, কব্জা করেছে ওষুধ শিল্পকে। সুতরাং ওষুধ শিল্প থেকে তাদের হঠিয়ে ওষুধ তৈরি এবং তার বন্টন ব্যাপারে রাষ্ট্রীয় কর্তৃত্ব প্রতিষ্ঠিত হওয়া ছাড়া ওষুধের দাম মানুষের কেনবার ক্ষমতায় নামিয়ে রাখা সম্ভব নয়। এই মাল্টি ন্যাশনাল অথবা অন্যান্য অনেকগুলি ওষুধ উৎপাদনকারি বিদেশি সংস্থা স্যার আপনি ভাল করেই জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন যে তারা কয়েকটি ওষুধের ট্রেড নামের মধ্যদিয়ে অসংখ্য ওষুধ সৃষ্টি করে ওষুধের দাম বাড়ায় এবং এইভাবে তারা মুনাফা অর্জন করে। সুতরাং তার প্রতিকার নিশ্চয় রাজ্য সরকার করতে পারেন না, কিন্তু রাজ্য সরকার উদ্যোগ নিতে পারেন এবং তারা আমাদের পশ্চিমবাংলাকে সেই আন্দোলনের দিকে নিয়ে যেতে পারেন যে এই ব্যবস্থা পরিবর্তন প্রয়োজন এবং সেই প্রয়োজনের দিকেই আমরা আমাদের অঙ্গুলি নির্দেশ করছি, আপনারা সেই অনুযায়ি অগ্রসর হন। এইরকম সমবেত প্রচেষ্টার মধ্যদিয়ে হয়ত খানিকটা কাজ হতে পারে। গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারের অভাবের কথা আমরা বহুদিন ধরে শুনছি। গ্রামে ডাক্তার পাঠানোর ব্যাপারে অনেক আলোচনা হয়েছে। এই ব্যাপারে অনেক কথাও আমরা শুনছি। কিন্তু এর অনেকগুলি সমস্যা আছে। সেইগুলি যদি সমাধান করতে পারা যায় তাহলে গ্রামে ডাক্তার মনে হয় বেশি সংখ্যায় যাবে। কেউ হয়ত বলছেন তাদের টাকা বাড়িয়ে দেওয়া হোক এবং টাকা বাড়িয়ে দিলেই তারা গ্রামে যাবেন। আমার কিন্তু তা মনে হয়না। তাদের কতকগুলি অসুবিধা আছে। তারা এই কথা বলছেন আমরা হয়ত কোনও গ্রামের স্বাস্থ্যকেন্দ্রে এসে প্রাকটিস করব কিন্তু আমরা যে এত শিখলাম ওখানে আমাদের জ্ঞান বাড়ানোর মতো কোনও ব্যবস্থা নেই। এমন কোনও যন্ত্রপাতি নেই যা দিয়ে পরীক্ষা করে রোগ নির্ণয় করতে পারি, এমন কোনও ওষুধ সরবরাহ নেই যা প্রয়োজন, সেই প্রয়োজন মেটাতে পারি এবং স্বাস্থ্যকেন্দ্রগুলির সঙ্গে এমন কোনও যোগাযোগের ব্যবস্থা নেই যা দিয়ে আমাদের সামাজিক, সাংস্কৃতিক প্রয়োজন বাহিরের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে পারি।

[6-20 — 6-30 P.M.]

সুতরাং এই যে প্রশ্ন এই প্রশ্ন সম্পর্কে একটা সমাধানে অবশ্যই আমাদের আসতে হবে। হাসপাতালগুলির যে যোগাযোগ ব্যবস্থা, যাতায়াতের ব্যবস্থা সেটা যাতে গড়ে তোলা যায় তার ব্যবস্থা করতে হবে। বেশিরভাগ হাসপাতালের সঙ্গে রাস্তার যোগাযোগ নেই, এমন জায়গায় তাদের গিয়ে পড়তে হয় যে সেখান থেকে বেরুতে পারে না। সেই যোগাযোগ ব্যবস্থা

যাতে গড়ে তোলা যায় তারজন্য ব্যবস্থা করা দরকার। সেইসঙ্গে কিছু আধুনিক যন্ত্রপাতি স্বাস্থ্যকেন্দ্রগুলিতে পাঠানো দরকার যা দিয়ে ডাক্তারবাবুরা কাজ করতে পারেন এবং তা করার মাধ্যমে তারা উৎসাহ পেতে পারেন। তা ছাড়া ঔষধ সরবরাহ আরও নিয়মিত করা যায় কিনা, বাড়ানো যায় কিনা সেটাও দেখা দরকার। সেখানে যে ধরনের ঔষধের ইনডেন্ট ডাক্তারবাবুরা পাঠাবেন বা যে পরিমাণ ঔষধের চাহিদা ডাক্তারবাবুরা জানাবেন সেটা যদি সরবরাহ করার ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় তাদের খানিকটা উৎসাহ বৃদ্ধি পেতে পারে এবং সেই বাড়তি উৎসাহে তারা গ্রামে যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ননীবাবু নিজেই স্বীকার করেছেন তার বক্তব্যের মধ্যে যে, পানীয় জলের ব্যবস্থা যদি করা যায় তাহলে শতকরা ৭৫ ভাগ রোগ নির্মূল করা যায় বা বন্ধ করা যায়। ওর সঙ্গে আমি একমত। স্যার, এমন অনেক গ্রাম আছে যেখানে বিশুদ্ধ পানীয় জল তো দূরের কথা পরিশ্রুত পানীয় জলও পাওয়া যায় না। সেইরকম এলাকাগুলিতে পানীয় জলের দ্রুত ব্যবস্থা করা দরকার। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করব যে, চাষের কাজের জন্য যে ডিপ টিউবওয়েলগুলি আছে সেই ডিপ টিউবওয়েলগুলিকে কাজে লাগিয়ে সেখানে পাইপ লাইন করে একই অপারেটরকে দিয়ে অপারেট করিয়ে এবং সেই ডিপ টিউবওয়েলের জল প্যাথলজিক্যালি পরীক্ষা করিয়ে সেই জল যদি গ্রামাঞ্চলে সরবরাহ করা হয় তাহলে অনেকগুলি জায়গাতে টিউবওয়েল বসানো না গেলেও এক উদ্দেশ্যে ব্যবহৃত ডিপ টিউবওয়েল আর একটি উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে। এই সম্ভবনাটা উঠিয়ে না দিয়ে এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করবেন বলে আমি আশা করছি। যেহেতু বিরাট পরিবর্তন আমরা করতে পারব না সেইহেতু আমি বলব, এইগুলি অন্তত আমরা করতে পারি কিনা ভেবে দেখবেন। এই সমস্ত কথা বলে এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও একটু চিন্তা ভাবনা করার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[6-30 — 6-40 P.M.]

**শ্রী উমাপতি চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আজকে যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখতে চাই। স্যার, প্রথমেই আমি বিরোধীদলের ভূমিকা সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। এখানে এস.ইউ.সি দলের মাননীয় সদস্য বললেন যে বিরোধীদলের সদস্যদের জন্য উপযুক্ত ব্যবস্থা করা যাচ্ছে না যাতে করে তারা তাদের বক্তব্য উপস্থিত করতে পারেন। স্যার, যেদিন থেকে এই সরকার গঠিত হয়েছে সেদিন থেকে আমি আমার অভিজ্ঞতা দিয়ে দেখছি বিরোধীদলের সদস্যদের যে ভূমিকা হওয়া উচিত গণতন্ত্রে সেই ভূমিকা তারা পালন করছেন না। সেখানে ইচ্ছাকৃতভাবে তারা এই আইনসভার ভেতরে এবং বাইরে যেটুকু সুযোগ আছে তাতে জনসাধারণকে বিভ্রান্ত করার চেষ্টা করে যাচ্ছেন। শুধু বিরোধিতা করলেই বিরোধী দলের সদস্য হওয়া যায়না। বিরোধী দলের সদস্যদের একমাত্র ভূমিকা এই নয় যে সরকারের যাবতীয় কাজের বিরোধিতা করা বা নানান অজুহাতে এই আইনসভা ত্যাগ করা। এর দ্বারা আজকের দিনে আর জনসাধারণকে বিভ্রান্ত করা যাবে না। জনসাধারণের সচেতনতা আজকে বেড়েছে। তাই আমার অনুরোধ, গণতন্ত্রে বিরোধী দলের যে ভূমিকা হওয়া উচিত সেই ভূমিকা তারা আগামী দিনে পালন করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতার উপসংহারে ২/৪টি কথার মধ্যে দিয়ে সমস্ত অবস্থাটা তুলে ধরেছেন। তিনি বলেছেন, "জনসাধারণ যে প্রত্যাশা পোষণ করেন তারই ভিত্তিতে অপ্রতুল হাসপাতাল ব্যবস্থা অথবা হাসপাতাল কর্মিদের অবহেলার প্রতি বিক্ষোভে সময় সময় তাদের প্রতিবাদ অত্যন্ত তীব্রভাবে ফেটে পড়ে। যদিও রাতারাতি নতুন নতুন সুযোগ সুবিধা প্রয়োজন অনুযায়ি সৃষ্টি করা সম্ভব নয়, বিশেষ করে শহরের বড় হাসপাতালগুলিতে কেন না অর্থের সংস্থানের প্রশ্ন এইসঙ্গে জড়িয়ে আছে। তবুও মানতেই হয় যে, জনসাধারণ যথার্থই চলতি সুযোগ সুবিধার উন্নত মান এবং আবশ্যকীয় ব্যবস্থাদির প্রয়োজনীয় প্রসার আশা করতে পারেন।" আমার বক্তব্য হচ্ছে যে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বাস্তব অবস্থা বিশ্লেষণ করেছেন এবং এই অবস্থার মূল্যায়ন করে তার সমাধানের জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। গত ৩০ বছর যে অবস্থা রয়েছে তার পরিবর্তন করে রাতারাতি গড়ে তোলার যে কথা বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন সেটা কিছুতেই সম্ভব হয়না। আমার মনে হয় যারা এটাকে বাস্তবায়িত করতে চান না তারাই এইরকম পরিকল্পনার কথা বলেন। গ্রামের মানুষদের প্রতি সরকার যে দৃষ্টি রেখেছেন সেটা বাজেটের মধ্যে রয়েছে এবং এই বাজেটকে রূপায়িত করবার জন্য যে চেষ্টা হচ্ছে তারজন্য আমি অভিনন্দন জানাচ্ছি এবং গ্রামের মানুষেরা অভিনন্দন জানাবে। গত ৩০ বছর ধরে বিগত সরকার গ্রামের মানুষের আশা আকাঙ্খাকে সম্পূর্ণ ভাবে পদদলিত করেছেন এবং উপেক্ষা করেছেন। আজকে নতুন সরকার জনসাধারণের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িত আছেন। এই সরকার নির্বাচনের আগে যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন তারা সরকারে আসার পরে জনসাধারণের আশা আকাঙ্খাকে বাস্তবে রূপায়িত করার চেষ্টা করেছেন। অনেক সময় বিরোধী সদস্যরা বলেন যে আমরা সমাজতন্ত্র গড়ছি না। আমি তাদের বলি যে সমাজতন্ত্র ইচ্ছা করলেই গড়া যায় না। আমরা সমাজতন্ত্রের কথা ভুলে যাই নি। আমাদের লক্ষ্য সামনে রেখে বর্তমান অবস্থাকে বদলে সেটা আমাদের করতে হবে। কাজেই তিনি শুধু পরিকল্পনাকেই নেন নি, সেই পরিকল্পনাকে বাস্তবায়িত করবার জন্য চেষ্টা করছেন। কিন্তু এটা বাস্তবায়িত করতে গেলে যেটা আগে দরকার সেটা হচ্ছে অর্থ, সেখানে আমাদের অসুবিধা রয়েছে। কেন্দ্রীয় সরকারের রাজ্যের প্রতি একটা দায়িত্ব রয়েছে সেটা তারা সম্পূর্ণ ভাবে অস্বীকার করে চলেছেন। আমরা দেখেছি যে ষষ্ঠ যোজনাকালে যে টাকা রাজ্য সরকার চেয়েছেন তার সামান্যটুকু অংশ তারা দিয়েছেন। কেন্দ্রীয় সরকার যে কিভাবে তাদের দায়িত্ব পালন করেন সেটা আমরা বুঝতে পারিনা। আমাদের মুখ্যমন্ত্রী নিশ্চয়ই এই বিষয়ে দাবি করবেন এবং জনসাধারণও সেই দাবির সঙ্গে কণ্ঠ মিলিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাবেন। রাজ্য সরকারগুলিকে গড়ে তুলতে হলে এবং বিশেষ করে বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলিকে গড়ে তুলতে হলে রাজ্য সরকারের টাকার প্রয়োজন এবং সেই টাকা আশা করি পাওয়া যাবে। যদি টাকা নাও পাওয়া যায় তাহলেও এই দাবি আমাদের তুলতে হবে। আজকে পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করার জন্য চিকিৎসা ক্ষেত্রে চিকিৎসকের সংখ্যা বৃদ্ধি করার চেষ্টা হচ্ছে এবং গ্রামের যে সমস্ত ডাক্তার শহরে রয়ে গেছেন তাদের ফিরিয়ে আনবার চেষ্টা করেছেন এবং এটাও রাতারাতি করা যায় না। আর একটা কথা বলতে চাই যে এমন অনেক চিকিৎসক আছে, কর্মচারী আছে যারা সেবা এবং সহানুভূতিকে আদর্শকে আঁকড়ে ধরে সব কিছু করে যাচ্ছেন, এটা বাস্তব সত্য কথা। এটা ঠিক নয় যে সমস্ত চিকিৎসক, সমস্ত কর্মচারী দুর্নীতির আশ্রয় গ্রহণ করেছেন, কেউ কিছু করছে না। তবে একদল

কর্মি, একদল চিকিৎসক আন্তরিক ভাবে সেবার কাজ চালিয়ে যাচ্ছে, আবার অনেকে সেটা করছে না। আমার কাছে দু'একটা অভিযোগ আছে সেটা আপনার কাছে পেশ করব তাতে প্রমাণ পাওয়া যাবে যে চিকিৎসকরা কিভাবে অবহেলা করেছেন। কিন্তু সেটাই সব কথা নয়, দেখা যাবে কিছু সংখ্যক ডাক্তার এগুলি চালিয়ে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যাতে করে আরও অধিকাংশ চিকিৎসক এবং কর্মিকে এই পথে টেনে আনতে পারা যায় এবং ধীরে ধীরে তাদের মধ্যে যদি একটা উচ্চ আদর্শ দেখানো যায় তাহলে কাজের ক্ষেত্রে অনেক সফলতা আসবে বলে মনেকরি। এই ব্যাপারে যেমন আইন সঙ্গত ব্যবস্থা নিতে হবে এবং সঙ্গে সঙ্গে এই আদর্শ সম্পর্কেও তাদের সচেতন করে তুলতে হবে। জনসাধারণ যদি সচেতন না হয় তাহলে শুধু ডাক্তার দিয়ে, কর্মি দিয়ে বা এখান থেকে টাকা পাঠিয়ে দায়িত্ব পালন করলেই পরিকল্পনাকে সুষ্ঠুভাবে রূপায়িত করা যাবেনা। সেজন্য জনসাধারণকে জনস্বাস্থ্য সম্পর্কে সুশিক্ষিত করে তুলতে হবে, সেই চেষ্টা তিনি এই বাজেটের মধ্যে করেছেন। আমার বক্তব্য হচ্ছে এ ব্যাপারে আর একটা জিনিসের দরকার আছে, সেটা হচ্ছে সব কিছুর চেক-আপের ব্যবস্থা দরকার। আপনি পরিকল্পনা করছেন এবং সেই অনুযায়ি কর্মিও তৈরি করেছেন আপনার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতটুকু করা সম্ভব, কিন্তু সেই পরিকল্পনা আপনার যতই বিজ্ঞান ভিত্তিক বৈজ্ঞানিক পরিকল্পনা হোক না কেন, যদি উপযুক্ত চেক আপের ব্যবস্থা না থাকে তাহলে সেই পরিকল্পনাকে বাস্তবায়িত করা যাবে না। এবিষয়ে আপনি আপনার বাজেট বক্তব্যের মধ্যে কোনও কিছু উল্লেখ করেননি, আশাকরি এবিষয়ে আপনি যথেষ্ট অবহিত আছেন এবং সেই অনুযায়ি কাজ করবার জন্য সচেষ্ট আছেন। আমি এও আশা করি যে আপনি আমার সাজেশনগুলি সহানুভূতিশীল দৃষ্টিভঙ্গি নিয়ে দেখবেন এবং সম্ভব যদি হয় তাহলে গ্রহণ করবেন আপনার সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে। আমার আর একটি সাজেশন হচ্ছে প্রত্যেক অঞ্চলে যদি একটা করে স্বাস্থ্য কেন্দ্র করা যায় তাহলে খুবই ভাল হয়, সুতরাং সেদিকে আমাদের সচেষ্ট হতে হবে। তারপর আমাদের দেশীয় যে সমস্ত পুরোনো চিকিৎসা ব্যবস্থা আছে সেগুলিকে উড়িয়ে না দিয়ে বিদেশি বৈজ্ঞানিক চিকিৎসা ব্যবস্থার সঙ্গে তার মিল ঘটিয়ে যদি আমরা বিজ্ঞান ভিত্তিক চিকিৎসা ব্যবস্থা চালু করতে পারি তাহলে তার থেকেও অনেক উপকার পাব। সুতরাং আমি বিষয়টির প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। চিন দেশে তাদের পুরোনো দেশীয় চিকিৎসা ব্যবস্থাকে উড়িয়ে না দিয়ে তারা তারসঙ্গে নতুন চিকিৎসা ব্যবস্থার মিলন ঘটিয়েছে। কিন্তু আমাদের দেশে এই প্রচেষ্টার অভাব রয়েছে। তারপর আমাদের গ্রামের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে অ্যাম্বুলেন্স নেই, যারফলে রোগিদের নিয়ে যাওয়ার অসুবিধা দেখা দেয়। তাই আমি প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রের জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। আমার শেষ সাজেশন হচ্ছে অন্তত জেলা কেন্দ্রগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসক পাঠাবার ব্যবস্থা করা প্রয়োজন। অন্তত কিছু কিছু গুরুত্বপূর্ণ রোগ যেগুলিতে মানুষ প্রায়ই ভোগে সেগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসক যদি পাঠাতে পারেন তাহলে সত্যিই গ্রামের মানুষের যথেষ্ট উপকার হবে এবং তাদের প্রতি যে সরকারের সহানুভূতি আছে তা বোঝা যাবে। তারপর আমি ওষুধ নির্মাণের কারখানা গড়ে তোলার দিকে মন্ত্রী মহাশয়কে নজর দেবার জন্য অনুরোধ করছি, আমাদের দেশে এই জিনিস খুব একটা নেই, অথচ ওষুধের যথেষ্ট প্রয়োজন আছে। আর একটা জিনিস হচ্ছে আমাদের এখানে ছাত্রদের জন্য পৃথক কোনও ব্যবস্থা নেই। জেলা কেন্দ্রগুলিতে অন্তত ছাত্রদের জন্য কিছু পৃথক ব্যবস্থা করবার

আমি অনুরোধ করছি। আমাদের গ্রামাঞ্চলের ছাত্ররা অধিকাংশই রোগগ্রস্ত। অন্যদের বাদ দিলাম, অন্তত ছাত্রদের জন্য জেলা কেন্দ্রগুলিতে যাতে পৃথক ব্যবস্থা থাকে সেদিকে আশাকরি মন্ত্রী মহাশয় নজর দেবেন। তারপর এল.এম.এফ. কোর্স ঘাটাল মহকুমা হাসপাতালে খোলা যায় কিনা সে বিষয়ে দেখবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আর ঝাড়গ্রাম শহরে ইতিমধ্যে যে ডিপ টিউবওয়েল স্কীম অনুযায়ি জল সরবরাহ ব্যবস্থা ছিল সেটা ভেঙে পড়েছে, সেটা যাতে পুনর্গঠন করা যায় সে বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই কয়টি কথা বলে মন্ত্রী মহাশয়েরে বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জবাবি বক্তৃতা কিছু রাখার আগে প্রথমেই জানাচ্ছি যে, যারা কাট মোশন দিয়েছেন তাদের সেই কাট মোশনগুলি আমি গ্রহণ করছি না। তবে ঐ কাট মোশনগুলি সম্বন্ধে কিছু কিছু উল্লেখ আমি জবাবি বক্তৃতায় করব, সবটা হয়ত বলতে পারব না, কারণ আমারও সময় নির্দিষ্ট হয়ে আছে, তারমধ্যেই বক্তৃতা শেষ করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাসানুজ্জামান সাহেব ওষুধ সম্পর্কে বিভিন্ন ধরনের কথা বলেছেন। তা আমি সে সম্পর্কে একটা তথ্য হাউসের সামনে রাখছি। ১৯৭৩-৭৪ সালে ৪ কোটি ৫৩ লক্ষর কিছু বেশি টাকার ওষুধ কেনা হয়েছিল। আর ১৯৭৭-৭৮ সালে আমরা সাড়ে দশ কোটি টাকার ওষুধ কিনেছি এবং ১৯৭৮-৭৯ সালে, অর্থাৎ এবছর এটা আনুমানিক হচ্ছে এখনো সব ওষুধ কেনা হয়নি, পুরো রিপোর্ট পাইনি, কিন্তু আনুমানিক ১৩ কোটি টাকার ওষুধ আমরা কেনার ব্যবস্থা করেছি। এটা ঠিকই তাসত্ত্বেও আজকে বিভিন্ন হাসপাতালে এবং হেলথ সেন্টারে রোগি এত বেশি যে বহির্বিভাগের কথাই বলুন অথবা যারা শয্যায় আছেন তাদের কথাই বলুন সেই সংখ্যার দিকে যদি নজর রাখি তাহলে যে ওষুধ কিনেছি তা নিশ্চয়ই যথেষ্ট নয়। মাঝে-মধ্যেই এইরকম খবর আমার কাছে আসে যে অমুক জায়গায় ঔষুধ নেই এইরকম ধরনের খবর আসে আমি সঙ্গে সঙ্গে ঐদিকে তাকিয়ে যাতে ওষুধ পাঠানো হয় তার ব্যবস্থা করে চলেছি। তাছাড়া ওষুধ কেনা থেকে আরম্ভ করে সরবরাহ ব্যবস্থা সবটুকু আমরা পুনরায় খতিয়ে দেখবার চেষ্টা করছি হাউ টু ন্যাশনালাইজ ইট সেটা আমরা দেখছি সে সম্বন্ধে চিন্তা-ভাবনা ইতিমধ্যেই করেছি। ইসলামিয়া হাসপাতাল সম্বন্ধে একজন মাননীয় সদস্য দরদ দিয়ে বললেন যে, ১ লক্ষ টাকা যেটা আগেকার সরকার দিয়েছেন সেটা দিচ্ছেন কিনা? আমি বলছি ১৯৭৭।৭৮ সালে আমরা ৪ লক্ষ ৪০ হাজার টাকা ইসলামিয়া হাসপাতালের জন্য অনুমোদন দিয়েছি এটা ১৯৭৮-৭৯ সালে আরও বেড়েছে এবং ৫ লক্ষ ১৫ হাজার টাকার অনুমোদন ইতিমধ্যেই দিয়েছি। এরপর বিভিন্ন জায়গায় হাসপাতাল খোলা সম্বন্ধে অভিযোগ উঠেছে। এটা ঠিকই অনেক জায়গায় হাসপাতাল তৈরি হয়ে আছে, আমরা এখনও খুলিনি তবে যাতে তাড়াতাড়ি খোলা যায় তারজন্য ব্যবস্থা গ্রহণ করব কিন্তু হাসপাতাল তো খুললাম ডাক্তার নেই, ফার্মাসিস্ট পাঠাতে পারছি না সবই ঘাটতি নার্সিং স্টাফের ক্ষেত্রে ঘাটতি, ল্যাবোরেটরি অ্যাসিস্টান্সের ক্ষেত্রে ঘাটতি, ল্যাবোরেটরি টেকনিসিয়ান্স ঘাটতি সব জিনিসই ঘাটতি সব এবং এই ঘাটতি আমরা উত্তরাধিকারসূত্রে পেয়েছি যা ১ বছর কিংবা ২ বছরের মধ্যে পূরাণ করা সম্ভবপর নয়। এইকথা মাননীয় সদস্যদের নিশ্চয়ই মনে আছে। এছাড়া যাদবপুর টি.বি. হাসপাতাল সম্বন্ধে মাননীয় সদস্য বলেছেন যে এটার কি

হচ্ছে? আমি জানাচ্ছি, আমরা ইতিমধ্যেই যাদবপুর এবং কার্শিয়াং টি.বি. হাসপাতাল দুটি অধিগ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছি। এই হাউসে আশা করছি বিল আসবে যাতে আমরা ঐ হাসপাতাল দুটি অধিগ্রহণ করতে পারি। এ ছাড়া এস.ইউ.সির মাননীয় সদস্য তিনি পাবলিক হেলথ সম্বন্ধে বললেন এটা কি রকম হল? পাবলিক হেলথের বাজেট কমে গেল কেন গত বছরের তুলনায় অথচ বলা হচ্ছে পাবলিক হেলথের উপর অধিকতর গুরুত্ব দেওয়া হবে। আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, গত বছর পাবলিক হেলথের জন্য অরিজিনাল বাজেট এসটিমেট ছিল ২৭ কোটি টাকা, তারপর বন্যা এসে যাওয়ার দরুন সেখানে রিভাইসড এসটিমেট করতে হল এবং সেটা হয়ে দাঁড়াল ৪১ কোটি টাকা। বন্যার সময়কালে যে পাবলিক হেলথ ওয়ার্ক করতে হয়েছিল তার দরুন এবং অন্যান্য ছোটখাট কাজের জন্য প্রায় ৮ কোটি ৪০ লক্ষ টাকা বাড়িয়ে করতে হয়েছিল। এখন এই ৪১ কোটি টাকা থেকে যদি এই ৮ কোটি সামথিং বাদ যায় তাহলে আনুপাতিক ৩৩ কোটি টাকার মতন এই হিসাবটা বলা যায়। এ বছরে বাজেট বরাদ্দের পরিমাণ ৩৫ কোটি টাকা করেছি অর্থাৎ ২ কোটি টাকা বেড়েছে। সুতরাং পাবলিক হেল্‌থকে লঘু করতে চেয়েছি এটা মনে করা ঠিক হবে না।

[6-40 — 6-50 P.M.]

প্রসঙ্গত একটা কথা বলা দরকার আমরা ষষ্ঠ যোজনাকালে ১৬০ কোটি টাকা চেয়েছিলাম, কিন্তু ৬০ কোটি টাকা মাত্র পেয়েছি এরমধ্যে জলের টাকা নেই, কয়েকজন সদস্য দুর্নীতি সম্বন্ধে বলেছেন, দুর্নীতি চলছে এ বিষয়ে অস্বীকার করবার কিছু নেই। একজন বলেছেন পরিচ্ছন্ন এবং দুর্নীতি মুক্ত প্রশাসন বাজেট থেকে বাদ গেছে, কারণ আমরা বার বার এর রিকুইজিশন করছি না। এবার কোন ব্যাপারে জোর দেব সেই কথাই বলেছি। দুর্নীতি বিভিন্ন স্তরে আছে এবং তা রোধ করার জন্য যথাসাধ্য চেষ্টা করছি। সি.এম.এসের দুর্নীতির কথা বলা হয়েছে এবং এখানে একটি কোম্পানির নাম হয়েছে লারগাস ফ্লেমিং ফারমাসিউটিক্যাল প্রাইভেট লিমিটেড এটা ৭৭-৭৮ সালের ব্যাপার। তারা অকসিট্রেটাসাইকিলিন ওষুধ সরবরাহ করে যেটা নিম্ন মানের বলে ঠিক হয়, ড্রাগ অ্যাক্ট অনুসারে এটা বদলে দেবার কথা বলা হয়েছে, কিন্তু সেটা যদি তারা না করে তখন তাদের রেট কমপায়রেবল হওয়া সত্ত্বেও আমরা তাদের দিচ্ছিনা। আগে ৭।৮ লাখ টাকার ওষুধ নেওয়া হয়েছে কিন্তু এখন কমিয়ে সেটা এক লাখ টাকায় হয়েছে। এরপর নানারকম প্ল্যানডেনস্টাইন প্রমোশন সম্পর্কে বলা হয়েছে। এই সম্পর্কে কারুর মনে যদি কোনও সন্দেহ থাকে তাহলে তারা সুযোগ পাবেন আমার কাছে এসে পরিষ্কার করে নেওয়ার। অনেকগুলি মিসগিভিংস থেকে যাচ্ছে, যেমন ডাইরেক্টর অফ হোমিওপ্যাথি সম্পর্কে। একাডেমিক সম্পর্কে যে প্যানেল সেটা শীঘ্র বের করা হবে এবং একাডেমিক অ্যাডভাইসরি কমিটি যা সিদ্ধান্ত নেন তার উপর একটা রিভিউ হয় এবং আমরা সেই রিভিউ অনুসারে একাডেমিক বের করতে পারব। অনেক জায়গায় প্রফেসর প্রিন্সিপল বা আরও অনেক পোস্ট খালি আছে যেগুলি পূরণের দিকে আমরা এগোতে পারব। আমার জ্ঞানমতে একাডেমিক প্রমোশনের মধ্যে ক্ল্যানডেনস্টাইনের কোনও চেষ্টা হয়নি, ডাঃ মুখার্জি এক জায়গায় বলেছেন, am aligation of cancer hospital and research institute তাড়াতাড়ি করা দরকার। কারণ তা না হলে এখান থেকে ক্যানসার রিসার্চ ইনস্টিটিউট উড়িষ্যায় যেতে পারে কিন্তু যাতে অ্যামেলগ্যামেটেড তাড়াতাড়ি হয় এবং কেন্দ্রীয় সরকারকে

এটা দিতে পারি সে সম্পর্কে চেষ্টা করা হচ্ছে। ট্রান্সফার এবং পোস্টিং সম্পর্কে অনেকে বলেছেন ডাক্তারদের সম্বন্ধে এ বিষয়ে একটা পলিসি আছে আমরা সে পলিসি রিভিউ করছি।

[6-50 — 7-00 P.M.]

কিন্তু যতক্ষণ পর্যন্ত না রিভিউ শেষ হচ্ছে ততক্ষণ পর্যন্ত পুরোনো পলিসি বহাল আছে। তবে এটা খুব কঠিন কাজ। আপনারা জানেন এখানে একটা ছাত্র উপদেষ্টা বোর্ড আছে, যারমধ্যে আই.এম.এ. আছে, হেলথ সার্ভিসেস প্রতিনিধি আছে এবং স্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে যারা অভিজ্ঞ তারাও আছেন। এই সমস্ত প্রশ্ন নিয়ে সেখানে আলোচনা হয়েছে এবং হবে। ট্রান্সফার সম্বন্ধে আমরা চাই যে ডিফিকাল্ট প্লেস এবং ভাল জায়গা এরমধ্যে ভাগাভাগি হওয়া দরকার। চিরকাল একজন কলকাতায় থেকে যাবেন এটা ঠিক নয়। এইভাবে আমরা ট্রান্সফার করছি আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে বর্ধমান মেডিক্যাল কলেজ সম্পর্কে একটা উদ্বেগ ছিল কিন্তু এম.সি.আই. বর্ধমান মেডিক্যাল কলেজকে অনুমোদন দিয়েছেন। এখানে প্রস্তাবাকারে বহু প্রস্তাব এসেছে কিন্তু যেসব ব্লকে ৩ বা ৩টির বেশি হেলথ সেন্টার আছে সেখানে মিনিমাম নীডস প্রগ্রামে ৪/৫টা হাসপাতাল করা কঠিন, কারণ প্ল্যান বাজেটে সেটা কাটা যাচ্ছে। কেন্দ্রীয় সরকার সম্প্রতি যে পলিসি নিয়েছেন তাতে তারা সাবসিডিয়ারি হেলথ সেন্টার করার ব্যাপারে আর মঞ্জুর করবেন না। প্রাইমারি হেলথ সেন্টার এবং হেলথ সেন্টারের মধ্যে কোনও সাবসিডিয়ারি করার স্থান তারা দিচ্ছেন না। সাবসেন্টার সম্বন্ধে পরে বলব, আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি সম্বন্ধে কিছু বলা দরকার, নিখিলবাবু এ সম্বন্ধে অনেক কিছু জানেন বলে বলেছেন। টাকা যদি বের হয় আমাদের হাতে তা পাওয়া কঠিন। আমি এ সম্বন্ধে বলছি যে যতদূর সম্ভব তাড়াতাড়ি টাকার ব্যবস্থা করব। আমাদের বাজেট প্যাটার্ন অ্যালোপ্যাথি চিকিৎসার উপর ভিত্তি করে হয়। আমরা যতই বলি না কেন হোমিওপ্যাথ ইউনানি, আয়ুর্বেদ আমাদের দিক থেকে সমদর্শিতা পাবে কিন্তু যেদিক থেকে এটা বলছি সেটা হচ্ছে অ্যালোপ্যাথি ভিত্তির উপর ব্যবস্থা হওয়ার ফলে যতই আমরা গুরুত্ব দিতে চাচ্ছি ততই বাধা আসছে। কারণ একটা প্যাটার্ন যা গড়ে উঠেছে সেই প্যাটার্ন অতিক্রম করে যাওয়া খুব কঠিন ব্যাপার। এরজন্য কিছুটা সময় লাগবে। আমি সেই দিকটা মাননীয় সদস্যদের অনুভব করার কথা বলছি। ২নং কথা হচ্ছে এল এম এফ কোর্সের পুনরুল্লেখ এর এইজন্য প্রয়োজন মনে হয়নি, কারণ, সেটা আমরা নাকচ করে দিইনি। সেজন্য পুনরুল্লেখের প্রয়োজন পড়েনি। বিভিন্ন রাজ্যে এল এম এফ কোর্স হয়েছে বলে যেটা আমরা খবর নিয়েছি সে সম্বন্ধে মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ার সঙ্গে আবার কথাবার্তা হবে। মাঝখানে কেন্দ্রীয় সরকারের অফিসারদের মধ্যে কমিউনিটি মেডিক্যাল প্র্যাক্টিশনারস বাই কোর্স সম্বন্ধে কিছু কৌতুহল জেগেছে বলে মনে করছি। সুতরাং কেন্দ্রীয় সরকারের বাধা কতখানি আমরা অতিক্রম করতে পারব সেটা এখনই বলা যাচ্ছে না, তবে কিছুটা তাদের মত আমাদের পক্ষেও যেতে পারে। এগুলি আমরা এক্সপ্লোর করছি। এটা ঠিক বামফ্রন্টের সিদ্ধান্ত বামফ্রন্টের চেয়ারম্যান প্রমোদ দাশগুপ্ত মহাশয় ঘোষণা করেছেন কমিউনিটি মেডিক্যাল প্র্যাক্টিশনারস এইরকম নাম দিয়ে হোক, যে কোনও নাম দিয়ে হোক শর্টার কোর্স করে গ্রামাঞ্চলে ডাক্তারের অভাব পূরণ করার দিকে নজর দেওয়া দরকার। আমি বলি গ্রামাঞ্চলে ম্যাট্রিক পাশ ডাক্তারই যথেষ্ট, গ্র্যাজুয়েট

ডাক্তারের দরকার নেই। এই সদিচ্ছা একটা জিনিস, কিন্তু এই সদিচ্ছাকে কার্যে পরিণত করতে হলে যে সমস্ত বাধার সম্মুখীন হতে হয় সেই বাধাগুলি অতিক্রম করার ব্যাপারটা আর একটা জিনিস। সুতরাং একটু সময় লাগবে। তবে এটা ঠিকই যেকথা এখানে আলোচিত হয়েছে এবং অভিনন্দিত হয়েছে ডাক্তারদের নন-প্র্যাক্টিসিং করার আমরা শিক্ষকদের ক্ষেত্রে নন-প্র্যাক্টিসিং টিচিং কেডার করার সিদ্ধান্ত গ্রহণ করেছি এবং সেটাকে কার্যে পরিণত করতে হলে যে ডিটেলসে যাওয়া দরকার তারজন্য ক্ষুদ্র সাব-কমিটি স্টেট হেলথ অ্যাডভাইসারি বোর্ডের তরফ থেকে তৈরি করা হয়েছে, তারা সেটা বিচার করে দেখছেন অর্থাৎ ইমপ্লিমেনটেশনের পার্টটা তারা বিচার করে দেখছেন এবং আমার নিজের ধারণা যা আমরা তাড়াতাড়ি নন-প্র্যাক্টিসিং টিচিং কেডার তৈরি করার দিকে এগোতে পারব। সমস্ত স্পেশালিস্টদের নন-প্র্যাক্টিসিং করার সম্বন্ধে আমরা ভাবছি কতখানি কি করা যায়। কারণ, এক সময় আমাদের গোটা সার্ভিসের অন্তর্ভুক্ত ডাক্তাররা নন-প্র্যাক্টিসিং ডাক্তার ছিলেন, মাঝখানে ব্যতিক্রম হিসাবে কিছু প্র্যাক্টিসিং ডাক্তার হয়ে যায়। সুতরাং সেই প্র্যাক্টিসিং টার্ম এর বিলোপ সাধন করার দিকে আমরা এগোচ্ছি। আমি যেটার উপর জোর দিতে চাই সেটা হচ্ছে এই পাবলিক হেলথ ওয়ারকারের উপর এবং জোর দিতে চেয়েছি বলেই তার যে মাল্টি পারপাস ওয়ারকার্স স্কীম যেটা পাবলিক হেলথ ওয়ারকারের একটা অন্যতম স্কীম অর্থাৎ আজকে যিনি স্মল পক্স দেখছেন তিনি শুধু স্মল পক্স দেখবেন, যিনি ম্যালেরিয়া দেখছেন তিনি শুধু ম্যালেরিয়া ইর্যাডিকেশন প্রোগ্রামে থাকবেন. এক একটা মাল্টি পারপাস ওয়ারকারের এলাকা ক্ষুদ্র হয়ে যাবে. এইভাবে আজকে আমাদের পাবলিক হেলথ ওয়ারকার যত আছে, সে ম্যালেরিয়ার অন্তর্ভুক্ত হোক, বসন্তের অন্তর্ভুক্ত হোক, কুষ্ঠের অন্তর্ভুক্ত হোক, টি.বি.'র অন্তর্ভুক্ত হোক আর ফ্যামিলি ওয়েলফেয়ারের অন্তর্ভুক্ত হোক, প্রায় ১৭/১৮ হাজারের মতো আছে, তাদের মাল্টি পারপাস ওয়ারকারে কনভার্ট করতে চেয়েছি এবং তারজন্য ট্রেনিং সেন্টারের ব্যবস্থা করেছি, তাদের ট্রেনিং চলছে, সেটা কমপ্লিট হয়নি। আমরা আশা করছি এই রাজ্যের সমস্ত জেলাতে সেই মাল্টি পারপাস স্কীম চালু করতে পারব, সেই ট্রেনিং সেন্টার তৈরি করতে পারব এবং ট্রেন্ড কেডার তৈরি করতে পারব। আর একটা হচ্ছে ইন্ডিজেনাস ধাই এর ট্রেনিং সেটাও আমরা সমানভাবে চালিয়ে যাচ্ছি। আমরা নারসিং কেডারের জন্য ট্রেনিংকে স্ট্রেনদেন করার ব্যবস্থা করেছি। কিন্তু এই বছরে এর উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি, একটা ট্রেনিং সেন্টারের বেশি নতুন কিছু বাড়াতে পারিনি। আমরা সামনের বছরে আশা করছি আরও ২টি ট্রেনিং সেন্টার নার্সদের ক্ষেত্রে বাড়াতে পারব। এবং সেই ব্যবস্থা করছি। আমরা আশা করি নার্স ট্রেনিং পলিসির মধ্যেও খানিকটা পরিবর্তন আনতে পারব এবং তার সঙ্গে সঙ্গে যে সমস্ত ধাত্রীদের ট্রেনিং দেওয়া হয়েছে তাদের আধুনিক যন্ত্রপাতি দিয়ে কাজে লাগাবার উপরে জোর দিচ্ছি। তার উপরেও আর একটা রয়েছে কমিউনিটি হেলথ ওয়াকার্স স্কীম। এটা হচ্ছে, আমাদের রাজ্যে আনুমানিক ৩৪ হাজার গ্রাম রয়েছে কাজেই আমরা এই গ্রামগুলির জন্য ৩৪ হাজার স্বেচ্ছা কর্মি সিলেক্ট করবার দিকে যাচ্ছি। আমরা সবটা এখনও সিলেক্ট করতে পারিনি, মাত্র ৬০০/৬২৫ জনকে ট্রেনিং দেওয়া হয়েছে এবং আরও এক হাজার থেকে বারশো এরকম ধরনের লোক ট্রেনিং-এর আওতায় রয়েছে। আমরা একে বাড়িয়ে ১৯৮১/৮২ সালে আর একটা দুঃসাধ্য কাজ করবার দিকে এগুচ্ছি অর্থাৎ ৩৪ হাজার স্বেচ্ছা কর্মি সৃষ্টি করবার চেষ্টা করছি আমরা তাদের ট্রেনিং পিরিয়ড সেইভাবে করেছি এবং এই যে ৩৪

হাজার স্বেচ্ছা কর্মি আমরা নেব অর্থাৎ প্রতি ভিলেজে একজন করে স্বেচ্ছাকর্মি দেব তাদের ২০০ টাকা করে স্টাইপেন্ড দেবার ব্যবস্থা হয়েছে এবং ট্রেনিং পাবার পর তাদের ৫০ টাকা করে দেবার ব্যবস্থা হবে। এরা হচ্ছে স্বেচ্ছা কর্মি সরকারি কর্মি নয়। তারা গ্রামের স্বাস্থ্য সম্বন্ধে খোঁজখবর নেবে এবং কিছু দায়িত্ব পালন করবে এবং সমাজব্রতী হিসেবে তারা কাজ করবে এবং তারজন্য ট্রেনিং দেবার ব্যবস্থা করা হয়েছে। এখন পর্যন্ত অ্যালোপ্যাথি বই ধরেই তাদের ট্রেনিং দেবার ব্যবস্থা হয়েছে, এরপর হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদ এর মধ্যে আসবে। এই যে ৩৪ হাজার গ্রাম রয়েছে সেখানে যদি একটা লিঙ্ক বিটুইন দি ভিলেজ পিপল অ্যান্ড দি মাল্টিপারপাস ওয়ার্কার হয় এবং বিভিন্ন পাবলিক হেলথ এর কাজকে যদি তারা মাল্টি পারপাস কাজ হিসেবে চিন্তা করে এবং সেইভাবে সুপারভিসন করে তাহলে এই অফিসাররা ন্যাচারালি, মাল্টি পারপাস অফিসার হবেন। এইভাবে যদি আমরা এগুতে পারি তাহলে মনে হয় রোগ নিরাময়ের দিকে আমরা যে জোর দিচ্ছি সেটা সফল হবে এবং হাসপাতালের উপর থেকে রোগিদের চাপ আমরা কমাতে পারব। এছাড়া আপনারা লক্ষ্য করেছেন বহির্বিভাগ চিকিৎসার উপর আমরা জোর দিচ্ছি এবং বিশেষ করে ভ্যাকুয়াম এলাকায় ডিসপেনসারি, কমিউনিটি হেলথ সেন্টার গড়ে তোলার চেষ্টা করছি। আমরা ইতিমধ্যেই কলকাতা কর্পোরেশন এবং সি এম ডি এ এলাকার সঙ্গে আলোচনা করে ওইরকম কমিউনিটি হেলথ সেন্টার খুলছি। অবশ্য বেশি খুলতে পারছিনা। আপনারা দেখবেন বইএর মধ্যে লেখা রয়েছে, সুনির্বাচিত কয়েকটি এলাকায় আমরা ওইরকম কমিউনিটি হেলথ সেন্টার গড়ে তোলার চেষ্টা করছি।

[7-00 — 7-08 P.M.]

কলকাতা কর্পোরেশন এলাকায়, সেমি-আরবান এলাকায়, নন-মিউনিসিপ্যাল এলাকায় বা বহির্বিভাগ এবং শহর হয়েছে এইরকম এলাকায় ঐ রকম স্টেট ডিসপেনসারি খোলবার চেষ্টা করছি কলকাতার ক্ষেত্রে আমরা ইতিমধ্যে সেই কাজে হাত দিয়ে যাতে বহির্বিভাগে চিকিৎসার সময় বাড়ানো যায় সকাল থেকে আরম্ভ করে বিকাল পর্যন্ত করা যায় এবং রুটিন ইনভেস্টিগেশন যাতে ঐ দিনের মধ্যে করা যায় সেদিকে এগুচ্ছি। আমরা ইতিমধ্যে এস.এম.কে.এম. মেডিক্যাল কলেজ, এন.আর.এস., আর.জি.কর. ইত্যাদিকে ধরেছি, আর ঐ সমস্ত এলাকা ধরে আরও ১১টি এলাকা করব এবং সেইভাবে এগুবার চেষ্টা করছি। মাননীয় সদস্য বলেছেন সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে কাজ করতে হচ্ছে, আমাদের আর্থিক ক্ষমতা নিশ্চয়ই সীমাবদ্ধ। আমি আগেও বলেছি ৬৪-৬৫ সাল থেকে আমাদের দেশ অর্থনৈতিক সঙ্কটের মধ্যে দিয়ে চলেছে এবং লাফিয়ে লাফিয়ে সেটা চলছে, এবং সেই সঙ্কট ক্রমশই বেড়ে চলেছে। আমি আগেও বলেছি এতবড় বিরাট রাজনৈতিক পরিবর্তন ঘটেছে, কংগ্রেস এর পতন ঘটল, জনতাপার্টিও দেখছি কংগ্রেসের পথ ধরে চলেছে, পশ্চিমবাংলায় এবং ত্রিপুরায় বামফ্রন্ট সরকার গঠিত হয়েছে কাজেই এই যে বিরাট গুরুত্বপূর্ণ রাজনৈতিক পরিবর্তন ঘটল তাতে যেন আমরা কেউ মনে না করি যে সঙ্কটের অবসান হয়েছে বরং সঙ্কট বাড়ছে। সবচেয়ে বড় প্রশ্ন হল এই সঙ্কটকে আমরা কিভাবে মুকাবিলা করব। এটা শুধু পশ্চিমবাংলা এবং ত্রিপুরার প্রশ্ন নয় গোটা ভারতবর্ষের মানুষের প্রশ্ন। পশ্চিমবাংলা এবং ত্রিপুরার এই সুবিধা আমরা এখানে একযোগে এই সঙ্কটের মুকাবিলা করবার চেষ্টা করছি এবং এর উপর নির্ভর করছে আমাদের যত সমস্যা আছে কতখানি সমাধান করতে পারব এবং কতটা

এগুতে পারব। মাননীয় স্পিকার মহাশয়, আমি আর বেশি সময় নেবনা, আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি এবং দাবি করেছি তা আপনারা সকলে অনুমোদন করবেন। আমি যে সমস্ত কাট মোশন এসেছে তার বিরোধিতা করছি।

**Mr. Speaker :** এখন আমি প্রথমে ছাঁটাই প্রস্তাবের ওপরে মূল ব্যয়বরাদ্দের দাবি ভোটে দিচ্ছি।

## Demand No. 36

The motion of Shri A.K.M. Hassan Uzzaman that the amount of the Demand be reduced by Rs.100/-, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs.86,18,19,000/- be granted for expenditure under Demand No.36, Major Heads : "280-Medical, and 480-Capital outlay on Medical"., was then put and agreed to.

## Demand No. 37

The motion of Shri A.K.M. Hassan Uzzaman that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Nani Bhattacharyya that a sum of Rs.7,00,06,000/- be granted for expenditure under Demand No.37, Major Heads : "281-Family Welfare and 481-Capital Outlay on Family Welfare", was then put and agreed to.

## Demand No. 38

The motion of Shri A.K.M. Hassan Uzzaman that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs.35,39,68,000/- be granted for expenditure under Demand No.38, Major Heads : "282-Public Health, Sanitation and Water Supply and 682-Loans for Public Health, Sanitation and Water Supply", was then put and agreed to

## Adjournment

The House was then adjourned at 7-08 P.M. till 1 P.M. on Wednesday, the 7th March, 1979 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 7th March 1979 at 1-00 P.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 15 Ministers, 2 Ministers of State and 174 Members.

[1-00 — 1-10 P.M.]

### Starred Questions
### (to which oral answers were given)

**জমি ফেরতের মামলা**

***২৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *২০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১-এ ডিসেম্বর, ১৯৭৮ সাল পর্যন্ত যদি ওয়েস্ট বেঙ্গল রেস্টোরেশন অব অ্যালিয়েনেটেড ল্যান্ড অ্যাক্ট, ১৯৭৩-এর অধীনে আনীত কতগুলি জমি ফেরতের মামলা বিচারাধীন আছে ; এবং

(খ) উক্ত মামলাগুলি দ্রুত নিষ্পত্তির জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে বা হইতেছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) হাওড়া জেলা ব্যতীত সমগ্র পশ্চিমবঙ্গে ঐ আইনে ৩১শে ডিসেম্বর, ১৯৭৮ পর্যন্ত মোট ১,৪৮,৪২২টি মামলা বিচারাধীন আছে।

(খ) মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বিভাগীয় নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে বি ডি ও-দের উপর এই মামলাগুলি নিষ্পত্তির দায়িত্ব দেওয়া আছে, কিন্তু তাদের অনেকে প্রশাসনিক কাজ থাকার ফলে অধিকাংশ ক্ষেত্রে তারা মামলা নিয়ে বসতে পারেন না, সেজন্য বিকল্প কোনও ব্যবস্থার কথা চিন্তা করছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এই ব্যাপারে চিন্তা করা হচ্ছে, তা সত্ত্বেও এই মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য চাপ দিচ্ছি এবং আমরা যখন জেলায় জেলায় ঘুরি তখন এগুলি সম্বন্ধে অনুসন্ধান করি এবং এই সমস্ত অসুবিধার কথা শুনেছি, সেজন্য বিকল্প ব্যবস্থা কি করা যায় এবং কাকে পাওয়ার দেওয়া যায়, সে সম্বন্ধে চিন্তা করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই সমস্ত মামলা যারা করেছেন, গরিব মানুষ, এদের লিগাল এইড দেবার কথা চিন্তা করছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এই ব্যাপারে বাজেটে ঘোষণা করা হয়েছে যে লিগাল এইড বর্গাদার, গরিব কৃষক আপ টু প্রান্তিক চাষী পর্যন্ত দেওয়া হবে এবং সে ব্যবস্থাও করা হয়েছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** আপনি বলেছেন ১,৪৮,৪২২টি মামলা বিচারাধীন আছে, কতগুলি মামলা ফয়সলা হয়েছে জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি এ বিষয়ে বিভিন্ন জেলা থেকে খবর নেবার চেষ্টা করেছিলাম, কয়েকটি জেলা থেকে পেয়েছি সমস্তগুলি থেকে এখন পাইনি, তাতে দেখছি আগেকার চেয়ে রেট বেড়েছে। যেমন হুগলিতে কেস ডিসপোজড হয়েছে ১৯৭৭ সালে ১৩০০, ১৯৭৮ সালে ২১৪৪টি। মেদিনীপুরে ১৯৭৭ সালে ১০৬২, কিন্তু ১৯৭৮ সালে হয়েছে ২৫৩৭, এইভাবে দেখা যাচ্ছে কোথাও দুগুণ কোথায় আড়াই গুণ বেড়েছে, আরও যাতে বাড়ানো যায় এবং দ্রুত শেষ করা যায় তার জন্য চেষ্টা করছি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** এই ব্যাপারে বি ডি ও এবং জে এল আর ও ছাড়া আর কোনও বিচারক নিয়োগ করার কথা চিন্তা করছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি আগেই উত্তর দিয়েছি আমরা এই কেস যাতে নির্দিষ্ট সময়ের ভিতর নিষ্পত্তি করা যায় তার জন্য আইনগতভাবে তাকে পাওয়ার দেওয়া যায় সে সম্বন্ধে চিন্তা ভাবনা করা হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় মামলার দ্রুত নিষ্পত্তির আশ্বাস দিলেন। এই মামলাগুলো দীর্ঘদিন ধরে চলছে। আপনি যে ব্যবস্থাগুলো নেবেন বলছেন—বিশেষ আদালত বা কোনও বিশেষ বিচারক নিয়োগ—এগুলো আপনার অনুমান কতদিনে কার্যকর করতে পারবেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এখনই এটা বলা যাবে না। আপনি বুঝতে পারবেন যে এর জন্য আইনের সংশোধন প্রয়োজন হতে পারে বা এই আইনে কাকে কাকে কনফার করা যেতে পারে এটা ঠিক করতে হবে। তবে এইটা সম্পর্কে দ্রুত চিন্তা করা হবে।

**শ্রী নবকুমার রায় ঃ** আপনি বলেছেন গরিব লোকেরা যারা মামলা করেছে তারা লিগাল এইড পাবে। তারা কোথায় দরখাস্ত করবে? না লিখলেও কি লিগাল এইড দেওয়ার ব্যবস্থা করা যাবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** গভর্নমেন্টকে তো জানতে হবে কার দরকার। সেজন্য নিশ্চয়ই একটা ব্যবস্থা থাকবে। আমরা ঠিক করছি যাতে মামলার দ্রুত নিষ্পত্তি করা যায়। সেজন্য মামলার জন্য যাতে জেলা পর্যন্ত না আসতে হয় সেইজন্য ব্লক লেভেলে এই সমস্ত কেস বিচার করবার জন্য কিছু ব্যবস্থা করা যায় কিনা যাতে তাদের যাতায়াতের খরচ হবে না

এবং সেই ব্লক লেভেলে যদি তারা দরখাস্ত করে তবে তাদের প্রয়োজনীয় ব্যবস্থা করা যায় কিনা।

**শ্রী নবকুমার রায় ঃ** লিগাল এডের জন্য দরখাস্ত বি ডি ও-র কাছে করবে, না লিগাল এইড কমিটির কাছে করবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** লিগাল এইড কমিটি থাকছে না। এইসব বিষয়ে বিবেচনা করা হবে। যতক্ষণ এইসব হচ্ছে তখন এইসব কথা বলা মানে পুটিং দি কারট বিকব্ দি হর্স যখন হবে তখনই বলে দেওয়া হবে।

**শ্রী নবকুমার রায় ঃ** এখন কি সরকারের তাহলে নিয়ম নেই কিভাবে লিগাল এইড দেওয়া হবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** বলা হল আরও ডিটেল ব্যবস্থা করা হবে, প্রত্যেকটা এরিয়াতে যাতে ব্যবস্থা করা যায়। আগে লিগাল এইড কমিটি ছিল। তাদের কাছে বলা হত। এখন আরও ডিটেল সম্ভব হলে ব্লক স্তরে সাহায্য করার ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখতে হবে। এইসব ব্যাপারে ডিটেল না হলে এখন বলা সম্ভব নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই যে বিচারকের কথা বললেন তাদের সাহায্য করার জন্য স্বীকৃত কৃষক সমিতি থেকে বোর্ড অফ জাস্টিস করার কোনও পরিকল্পনা আছে।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** ওইসব ডিটেলস ভাবা হয় নি। সেরকম বিচারালয় বিকৃত বিচারালয় বলে খ্যাত হবে কিনা সেটা ভাবতে হবে। সেইজন্য এইসব কথা বিচার করতে হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি বিগত সরকার ক্ষুদ্র জমির মালিকের স্বার্থে প্রণীত আইন আর কতদিন কার্যকর রাখার কথা বামফ্রন্ট সরকার চিন্তা করছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** প্রথম হচ্ছে, বিগত সরকারের আমলেই জমা হয়েছে। জমা হয়ে হয়ে এই যে বোঝা আমার ঘাড়ে পড়েছে সেটা আমাকেই সাফ করতে হবে। সেটা আপনাদের আমলেই জমেছে এবং আমি দেখলাম বোঝা সাফ করবার গতিবেগ আমি বাড়িয়েছি, হিসাব দিয়ে সেটা দেখিয়ে দিলাম। আমি চেষ্টা করব যাতে দ্রুত করতে পারি। এখনই টাইম বলে দেওয়া সম্ভব নয়। তবে যত তাড়াতাড়ি পারি এটা করার চেষ্টা করব।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে আপনার কাছে এই রকম ইনফরমেশন আছে কিনা যে বি ডি ও বা জে এল আর কাছে লোকেরা নিজে প্লিড করতে পারবেন কিনা বা তার অথরাইজড লোক প্লিড করতে পারবেন কিনা? কিন্তু কন্টাইয়ের এস ডি ও বলেছেন যে লিগ্যাল প্রাকটিশনার ছাড়া কেউ প্লিড করতে পারবে না। এই সম্পর্কে জানেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি দেখব যে ওই রকম নির্দেশ দিয়েছেন কিনা ওই রকমভাবে জেনারেল সার্কুলার কিছু দেওয়া হয় নি।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ক্ষুদ্র জমির মালিকদের স্বার্থে এই আইন তৈরি হয়েছিল। এখন মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ক্ষুদ্র জমির মালিকদের কত অংশ এই আইনের বলে জমি ফেরত পেয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি আগেই তো বললাম যে এখনও পর্যন্ত সমগ্র পশ্চিমবাংলার ফিগার কতগুলি রেস্টোরেশন কেস হয়েছে সেটা আমার কাছে নাই। তবে কয়েকটি জেলার কথা আমি বলেছি।

### পশ্চিমবঙ্গকে বিদেশিদের নিকট আকর্ষণীয় করার পরিকল্পনা

* ২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৮।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের পর্যটনে বিদেশি ভ্রমণকারীদের আকর্ষণ করার জন্য সরকার কি কি উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী পরিমল মিত্র ঃ**

বিদেশি পর্যটকদের আকর্ষণ করার জন্য পশ্চিমবঙ্গে বৈচিত্রময়ে পরিবেশ সম্বন্ধে কয়েকটি তথ্যমূলক ফিল্ম করা হয়েছে যথ— (i) Glimpase of West Bengal, (ii) The Other Calcutta, (iii) Darjeeling---A Himalayan Fantasy, (iv) Happening in Calcutta ডুয়ার্স অঞ্চলের পরিবেশে একটি ফিল্ম তৈরির কাজে হাত দেওয়া হয়েছে। বিদেশের কয়েকটি বহুল প্রচারিত পত্র পত্রিকায় পশ্চিমবঙ্গ সম্পর্কে তথ্য সম্বলিত রচনা প্রকাশ করা হয়েছে।

পর্যটকদের সুবিধার্থে বিভিন্ন রেল স্টেশন ও বিমানবন্দরে পর্যটন তথ্যকেন্দ্র খোলা হয়েছে। বিদেশি এবং স্থানীয় উভয়শ্রেণীর পর্যটকদের গমনাগমনের সুবিধার জন্য ২৪টি (চব্বিশটি) পরিবহন চালু আছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে পশ্চিমবাংলায় পর্যটকদের সংখ্যা ক্রমশ বাড়ছে কি কমছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** আমি হিসাব দিয়ে দিচ্ছি। ১৯৭৬ সালের পর্যটকদের সংখ্যা ছিল ৭২৮, ১৯৭৭ সালে ২২৫৬, ১৯৭৮ সালের ২০৩৮ জন।

**Shri Deo Prakash Rai :** Recently there was an announcement from the Chief Minister that he had discussions with the Home Ministry about development of tourism. In West Bengal, particulary Darjeeling, restriction on foreigners is still there. I want to know from the Minister

whether that restriction has been lifted, or it is still there.

**Shri Parimal Mitra :** The State Government has been constantly pursuing with the Central Government the necessity of giving proper emphasis to the map of West Bengal in its programme of foreign publicity regarding tourism in India as a whole. Very recently Chief Minister, West Bengal, has written to the Central Minister, Tourism and Civil Aviation in this regard under his letter No. such and such.

Restriction existing in the matter of visit of foreign tourists in the borber districts of North Bengal including Darjeeling and Jalpaiguri have somewhat acted as a deferrent to West Bengal This is also being pursued with the Cental Government

**Shri Deo Prakash Rai :** This is not a reply that I expected from the Minister. Will the Tourism and Forest Minister please tell the House whether the foreign tourists movement in Kashmir is restricted ? আমি আপনাকে জঙ্গল মন্ত্রী বলছি না বন মন্ত্রী বলছি।

**শ্রী পরিমল মিত্র ঃ** আমি পর্যটন বিভাগেরও মন্ত্রী।

**Shri Deo Prakash Rai :** Will you please tell the House whether foreign tourists visit to Kashmir is restricted ? Will you also please tell the House whether any part of Kashmir is occupied by Pakistan ?

**Shri Parimal Mitra :** That is not my jurisdiction.

**Shri Deo Prakash Rai :** I thought, as a Tourism Minister and, since there is a Tourism Development Corporation, you know all these things. I thought you discussed all these things with the concerned States. While I was a Tourism Minister I discussed all matters connected with development of tourisms with different States You confess your ignorance, I won't say, inefficiency You have just now said, the Chief Minister is pursuing the matter. I want to know what is the reason for restricting the tourists visiting Darjeeling and also Sikkim which has now become the 22nd State of India. Why restriction on visit to Sikkim is still there? If you cannot do away with these restrictions, will you please resign ?

**Shri Parimal Mitra :** This is not a supplementary but with due respect to the Ex-Tourist Minister I say that we have taken up the matter seriously. I wrote letters to all the M.Ps about the withdrawal of the restriction. It is the duty of the Home Minister of the Govt. of India to deal with this and India Govt. is being pursued and during my

tour in Delhi with the Tourism Minister, Central, I raised this point. He heard me sympathetically and promised that he would look into the matter sumpathetically. I also met the Prime Minister about this and appealed to him to withdraw the restriction. It is the duty of the Central Ministry to deal with it and they are looking into the matter. I have been informed that they have seriously taken up the issue.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** বিদেশি পর্যটকদের দিঘা সম্বন্ধে আকৃষ্ট করার জন্য আপনার দপ্তর থেকে কোনও ব্যবস্থা করা হয়েছে কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** ব্যাপারটা হচ্ছে এই, আপনি পুরানো মেম্বার কিনা আমি জানি না, তবে আমি নতুন মেম্বার—দিঘা সম্বন্ধে এখানে কোনও প্রশ্ন আসে না। দিঘা সম্বন্ধে আপনি আলাদা প্রশ্ন করবেন, আমি তার জবার দেব।

## মুর্শিদাবাদ জেলার ভাঙ্গা বাঁধ মেরামতি

***২৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৫১।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গত বন্যায় নদীর ভাঙ্গা বাঁধ মেরামতির জন্য এই বৎসর কত টাকা বরাদ্দ করা হইয়াছে ;

(খ) বাবলা নদীর দক্ষিণ পাড় মেরামতির জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে ; এবং

(গ) ভগ্ন ক্যানেল মেরামতির জন্য মুর্শিদাবাদ জেলায় কত টাকা বরাদ্দ হইয়াছে ?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক), (খ) ও (গ) সেচ ও জলপথ বিভাগের কাজের জন্য এই বিভাগাধীন ডিভিসন ওয়ারি টাকা বরাদ্দ করা হয়ে থাকে। মুর্শিদাবাদ জেলার চারটি ডিভিসনের আওতার মধ্যে পড়ে এবং গত বন্যার ফলে এই বিভাগের কাজগুলি ক্ষয়ক্ষতি মেরামতির জন্য ঐ চারটি ডিভিসনকে যে থোক বরাদ্দ এ যাবৎ করা হয়েছে তার মোট পরিমাণ ৩ কোটি ৯ লক্ষ টাকা। এর মধ্যে প্রশ্নে বর্ণিত কাজগুলি বাবদ এ বৎসর আনুমানিক ব্যয়ের পরিমাণ নিম্নরূপ হবে ঃ—

| | | |
|---|---|---|
| (১) | নদীর ভাঙ্গা বাঁধ মেরামতি বাবদ | ৬২ লক্ষ টাকা |
| (২) | বাবলা নদীর দক্ষিণপাড় মেরামতি বাবদ | ২ লক্ষ ৪০ হাজার টাকা |
| (৩) | ভগ্ন ক্যানেল মেরামতি বাবদ | ৯ লক্ষ টাকা। |

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** বাবলা নদীর দক্ষিণ পাড় মেরামতের জন্য আপনি কত টাকা দিলেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ** আমি আগেই উত্তরে বলে গেছি যে বাবলা নদীর দক্ষিণপাড় বাঁধার জন্য ২ লক্ষ ৪০ হাজার টাকা খরচ করা হবে এবং তার বেশির ভাগই খরচ হয়ে গেছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্যঃ** এই বাঁধ এবং ক্যানেলগুলি মেরামত করার জন্য আপনার কাছে ৫২ লক্ষ টাকার স্কীম দেওয়া হয়েছিল, সেটা নাকচ করার কারণ কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ** এই বিষয়ে নোটিশ না দিলে সঠিকভাবে বলা মুশকিল।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী সত্যপদ ভট্টাচার্যঃ** বরকত গনিখান চৌধুরির আমলে এই বাবলা নদীর দক্ষিণ পাড়টা ময়ূরাক্ষীর হাতে দেওয়া হল, এর ফলে ঐ এলাকার ক্ষতি হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই অসুবিধার কথা চিন্তা করে বাবলা নদীর দক্ষিণ পাড়টা কান্দি সাব-ডিভিসনের হাতে দেবার কথা বিবেচনা করবেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ** নিশ্চয়ই করব। বাবলা নদীর সমস্যা অত্যন্ত গুরুতর, আমার চেয়ে সেটা বোধহয় আপনারা বেশি জানেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাসঃ** বাঁধ মেরামতের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সেখানে বাঁধের সঙ্গে যে স্লুইস গেট নির্মাণ করার প্রয়োজন আছে তার ব্যবস্থা এর মধ্যে থাকবে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ** কয়েকটাতে আছে, কয়েকটাতে নেই, সেগুলি আমরা বিবেচনা করে দেখছি।

### ভগবানপুর ১ নং ব্লকে ক্ষুদ্র শিল্প স্থাপন

***২৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৭।) **শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর ১ নং ব্লকে ক্ষুদ্র শিল্প সংস্থা খোলার কোনও ব্যবস্থা সরকার করিয়াছেন কি , এবং

(খ) করিয়া থাকিলে, উক্ত ব্লকে কতজন ব্যক্তি শিল্প লোন বা গ্রান্ট পাইয়াছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদারঃ**

**(ক)** হ্যাঁ।

**(খ)** ১৩ জন শিল্প ঋণ অনুদান পেয়েছেন।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে সমস্ত লোক

লোন পেয়েছেন বা গ্রান্ট পেয়েছেন তাদের নামের তালিকা আপনার কাছে আছে কি এবং থাকলে তা দিতে পারবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** নামের তালিকা দেওয়া সম্ভব নয়। এখানে ১৯৭৭-৭৮ সালে বি এস এ আই লোন একটা সংস্থা পেয়েছিল এবং ১৯৭৮-৭৯ সালের একটি সংস্থা বি এস এ আই লোন পেয়েছেন। গ্রান্ট পেয়েছে তিন সংস্থা। এছাড়া নতুন সংস্থা রেজিস্ট্রি হয়েছে ১৯৭৮-৭৯ সালে ৪০টি। এছাড়া বিস্তারিত তালিকা নেই।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** যে সমস্ত সংস্থা লোন বা গ্রান্ট পেয়েছে বা যাদের নাম রেজিস্ট্রি হয়েছে তাদের নামগুলি মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এখন দেওয়া সম্ভব নয়। নোটিশ দিলে পরে বলে দিতে পারি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, কোন কোন শিল্পে নিযুক্ত শিল্পীরা এই লোন পেয়েছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** নোটিশ দিতে হবে।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, জেলা শিল্প কেন্দ্রের অধীনে সমবায় ভিত্তিক কোনও শিল্প করার কোনও পরিকল্পনা ভগবানপুর এক নং ব্লকে সরকারের আছে কিনা?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এরকম কোনও পরিকল্পনা নেই।

### কান্দি ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউড এস্টেট

*** ২৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬০।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কান্দি ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউড এস্টেটটি জমিদারি গ্রহণ আইন অনুসারে এখনও অধিগৃহীত হয় নাই ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ;

(গ) উক্ত এস্টেটটি কি উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হইয়াছিল ;

(ঘ) উক্ত বিষয়ে কি কি দলিল বা তথ্য রাজ্য সরকারের নিকট আছে ;

(ঙ) এই এস্টেটের আয়-ব্যয় সম্পর্কে রাজ্য সরকারের কোনও তথ্য আছে কি ; এবং

(চ) থাকিলে, কিভাবে এই এস্টেটের কত আয় হয় এবং ঐ আয় কিভাবে খরচ করা হয়?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক), (খ) ও (গ) তদন্তে নির্ধারিত হইয়াছে যে কান্দি রাজস্কুল এন্ডাউমেন্ট সম্পূর্ণ শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত। এজন্য জমিদারি গ্রহণ আইনের বিধান অনুসারে উক্ত প্রতিষ্ঠানটি উহার সকল জমি খাসদখলে রাখিবার যোগ্য বিবেচিত হওয়ায় উহার কোনও জমি অধিগৃহীত হয় নাই।

(ঘ) কলকাতা হাইকোর্টের ১৮৮৯ সালের পার্টিশন স্যুট নং ৪১ এর সিদ্ধান্ত অনুযায়ী কান্দি রাজস্কুল এন্ডাউমেন্ট এর সম্পত্তির পরিমাণ নির্ধারিত হইয়াছে এবং পাইকপাড়া রাজ এস্টেটের সাধারণ ম্যানেজারকে এই সম্পত্তি পরিচালনা করার অধিকার দেওয়া হইয়াছে।

(ঙ) নাই।

(চ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে কান্দি পাইকপাড়া স্কুল এন্ডাওমেন্ট এস্টেট সম্পূর্ণ শিক্ষা বিস্তারের উদ্দেশ্য নিয়ে প্রতিষ্ঠিত। আপনি হাই কোর্টের রায়ের কথা বললেন এবং যার বলে এস্টেটের হাতে আছে আমার প্রশ্ন হচ্ছে, এই সমস্ত সম্পত্তি বা এর মধ্যে অনেক সম্পত্তি বিক্রয় করা হয়েছে, লিজও দেওয়া হয়েছে এবং সেগুলি আদৌ শিক্ষা বিস্তারের উদ্দেশ্য নয়। এটা কি আপনি জানেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** একটা জিনিস পরিষ্কার করে দেওয়া দরকার। আমি বলছি কান্দি রাজস্কুল এন্ডাওমেন্ট এবং আপনি বলছেন, পাইকপাড়া এই দুটো জিনিস আলাদা। একটা হচ্ছে পাইকপাড়া রাজ দেবোত্তর এন্ডাওমেন্ট, আর একটা হচ্ছে কান্দি রাজ স্কুল এন্ডাওমেন্ট। আমার উত্তরে আমি কান্দি রাজস্কুল এন্ডাওমেন্ট-এর কথা বলেছি। আপনি যে কথা বলেছেন যে টাকাটা ঐ পারপাসে অর্থাৎ সমস্তটাই চ্যারিটেবল পারপাসে খরচ হচ্ছে কি হচ্ছে না, সেটা এনকোয়ারি করা যেতে পারে। কিন্তু এই দুটো মিলিয়ে দিলে মুশকিল হবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমি শুধু কান্দি রাজ এন্ডাওমেন্ট হাই স্কুলের কথা। যদিও প্রশ্নটা এইভাবে আছে যে কান্দি পাইকপাড়া রাজ। আমি জানতে চাচ্ছি এই সম্পত্তিগুলির যারা এখানে ট্রাষ্টী আছেন, তারা কি ইচ্ছামতো বিক্রয় করতে পারেন এবং সেই টাকা নিজেরা ভোগদখল করতে পারেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনারা জানেন যে সেটা পারেন না সেজন্য এটা দেখতে হবে। কারণ দেখা যাচ্ছে যে পাইকপাড়া যেটা দেবোত্তর রাজ এস্টেট, সেটার যে ম্যানেজার তিনি আবার এরও ম্যানেজার। আপনি যেটা বলছেন সেটা আরও ফারদার এনকোয়ারি হতে পারে। আপনার প্রশ্ন করার পরে এনকোয়ারি করে জেলা থেকে যে তথ্য এনেছি তাতে কান্দি রাজ স্কুলের যে এন্ডাওমেন্ট সেটাতে তারা বলেছেন যে সমস্ত টাকা ঐ স্কুলের চ্যারিটেবল পারপাসে ব্যবহার হয়। এখান থেকে যদি কোনও তথ্য থাকে তাহলে সেটা আমাকে দিন, আমি ভাল করে এনকোয়ারি করব।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, সম্প্রতি এই স্কুলের কিছু সম্পত্তি প্রায় ১ লক্ষ ১১ হাজার টাকায় বিক্রয় করা হয়েছে এবং ১ লক্ষ ৬৪ হাজার টাকা বার্ষিক সরকার দিচ্ছেন, সমস্ত খরচ মেটাচ্ছেন। এই যে দেবোত্তরের জন্য জমিদারি গ্রহণ আইনেও জমিটি অধিগৃহীত হল না, এবং আপনি বললেন যে হাইকোর্টের রায় মোতাবেক এগুলি বিক্রয় করা যায় না। কিন্তু এই যে সম্পত্তি বিক্রয় হচ্ছে বে-আইনিভাবে, এই সব টাকা কোথায় যাচ্ছে সেটা খোঁজ নিয়ে জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ** কোন তারিখে বিক্রয় হয়েছে সেই সম্পর্কে নির্দিষ্ট তথ্য দিয়ে আমাকে জানান আমি এনকোয়ারি করব।

**শ্রী সত্যপদ ভট্টাচার্যঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কান্দি রাজস্কুল এন্ডাওমেন্ট প্রোপারটি যেটা আছে, তার একটা ট্রাষ্টী বোর্ড আছে এবং তার অধিকাংশ সদস্য মৃত। আপনি কি নিজে সরকার থেকে এই সম্পত্তির ট্রাষ্টী করে দেবেন কারণ সম্পত্তি বেহাত হয়ে যাচ্ছে?

**মিঃ স্পিকারঃ** এই ব্যাপারটা হাইকোর্টে রয়েছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হাঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অমলেন্দ্র রায় মহাশয় যে কথা বলেছেন যে বিক্রয় হচ্ছে। তা আমার প্রশ্ন হচ্ছে সেই সমস্ত টাকা স্কুলের ফান্ডে জমা পড়ছে কি না, সেটা আপনি জানেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ** আমার কাছে এই রকম কোনও তথ্য নেই। এটা আমি এখন শুনছি।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, যে টাকা পাওয়া গেছে ঐ জমি বিক্রয় করে সেই টাকা স্কুল ফান্ডে জমা হয়নি বলে ঐ ট্রাষ্টী বোর্ডের বিরুদ্ধে, যারা এর মধ্যে রয়েছে তাদের বিরুদ্ধেও একটা দেওয়ানি মামলা রুজু হয়েছে?

(নো রিপ্লাই)

**চব্বিশপরগনার হাড়োয়াতে পুল নির্মাণের পরিকল্পনা**

***২৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৩০।) **শ্রী এ কে এম হাসানুজ্জামানঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চব্বিশপরগনা জেলার হাড়োয়াতে নদীর উপর পুল নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায়ঃ**

ঐরূপ কোনও পরিকল্পনা সেচ ও জলপথ বিভাগের নাই।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী এ কে এম হাসানুজ্জামানঃ** যদি পুল নির্মাণ না করেন তাহলে নদীর ওপার থেকে

এপারে আসার জন্য যোগাযোগ ব্যবস্থা করার জন্য ফেরি সার্ভিস করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এই বিষয়টা আমাদের দপ্তরের অন্তর্গত নয় সুতরাং এর উত্তর আমি দিতে পারব না।

**অপারেশন বর্গা**

*** ২৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭১।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে 'অপারেশন বর্গা' কবে থেকে শুরু করা হয়েছে ;

(খ) কোন আইনের কোন ধারা হইতে প্রযুক্ত হয়েছে ;

(গ) এই "অপারেশন বর্গার উদ্দেশ্য কি ; এবং

(ঘ) এই "অপারেশন বর্গা'র প্রক্রিয়ায় জমির মালিকদের এবং আসল বর্গাদারদের নোটিশ দেওয়ার কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) ১৯৭৮ সালের জুলাই মাসে "অপারেশন বর্গা" সম্পর্কে প্রথম নির্দেশ দেওয়া হয়।

(খ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের তৃতীয় এবং সপ্তম পরিচ্ছেদ অনুযায়ী কাজ হচ্ছে।

(গ) আইনের বিধান অনুসারে প্রকৃত বর্গাদারদের নাম নথিভুক্ত করার কাজ ত্বরান্বিত করাই ইহার উদ্দেশ্য।

(ঘ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনে ও তৎ সংক্রান্ত বিধিতে (Rules) যেখানে যেমন নোটিশ দেওয়ার যে ব্যবস্থা আছে, সেইমতো নোটিশ দিয়েই "অপারেশন বর্গা" কাজ করা হচ্ছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, অপারেশন বর্গার নাম করে পশ্চিমবাংলায় যে জাল বর্গাদার সৃষ্টির অভিযোগ মন্ত্রী মহাশয়ের কাছে এসেছে, এই বিষয়ে তিনি তদন্ত করেছেন কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** অভিযোগ যা এসেছে, তা আমি জানি এবং তদন্ত করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** উনি বললেন যে জাল বর্গাদার সৃষ্টির ব্যাপারে তদন্ত করছেন, মন্ত্রী মহাশয় দেখবেন যে সবটাই জাল। আমার নেক্সড প্রশ্ন এই অপারেশন বর্গায় আপনি

কোনও পার্টি বা কোনও কৃষক সংগঠনের সাহায্য নেবার জন্য সরকারি কোনও নোটিশ দিয়েছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** সাধারণ ভাবে এই কাজে সকলের সহযোগিতা কামনা করা হয়েছে। উনি যদি করেন তাহলে তার সহযোগিতা আমরা নেব। আমরা দলমত নির্বিশেষে সকলের সাহায্য নেব, যারা আন্তরিক ভাবে বিশ্বাস করেন যে বর্গাদাররা দুর্বল শ্রেণীর। এটা সত্য নয় যে বর্গাদারের অত্যাচারে বড় বড় জমির মালিকরা আতঙ্কিত আর বর্গাদাররা বর্গী হয়ে গেল। বরং ব্যাপারটা উল্টো। সুতরাং যারা মনে করেন, ইন অ্যাকচুয়াল লাইফ, বর্গা কোর্টে বর্গাদার বলে যারা স্বীকৃত হবে তাদের রক্ষা করবেন, তারা যেমন আইনের মারফত রক্ষা পাবে, তেমনি অন্য দিকে ব্যাঙ্ক অ্যান্ড ফাইনান্সিয়াল ইনস্টিটিউশন থেকে সাহায্য পেতে পারবে। সেই সমস্ত দিক থেকে যে পরিকল্পনা নেওয়া হয়েছে তা শুধু প্রশাসনিক যন্ত্র দিয়ে হবে না, মন্ত্রীর চেষ্টায় হবে না, সকলকে শুভ বুদ্ধি নিয়ে আন্তরিক ভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে এই দুর্বল শ্রেণীকে টেনে তোলবার জন্য তবে ভুল ত্রুটি সব কাজেই হতে পারে। সেইগুলো ধরিয়ে দিলে আমি আন্তরিক ভাবে বলছি, সেইগুলো সংশোধন করব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন, যারা গত কয়েক বছর যাবৎ আসল জমি চাষ করে আসছে, তাদের নোটিশ না দিয়ে, জমির মালিককে না জানিয়ে সি পি এম-এর কথায় কে জি ও অন্য একজনকে বর্গা রেকর্ড করছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** প্রশ্নের উত্তর পেতে গেলে এই রকম ভাবে প্রশ্ন করা ঠিক নয়, এইগুলো বাজেট আলোচনার সময় বলবেন তার জন্য তো ২১ তারিখ আছে, সেদিন তো ফাটাবেন। এখানে প্রশ্ন হিসাবে করুন।

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে বর্গা অপারেশনের নামে প্রহসন চলছে। বর্গাদার আসল বর্গাদার না হয়ে পার্টির লোক জে এল আর ও অফিসে গিয়ে যার উপর শত্রুতা আছে তার জমির দাগ নং নিচ্ছে, তারপর বি ক্যাম্পে যাচ্ছে, সেখানে গিয়ে সরাসরি একটা বর্গা রসিদ বার করে নিয়ে কোর্টে প্লেস করে ইনজাংশন দিয়ে অন্যায় ভাবে বর্গাদার সেজে তার জমির ফসল কেটে নিচ্ছে, এটা কি তিনি জানেন?

**মিঃ স্পিকার ঃ** এই রকম ভাবে বললে তো হবে না, আপনি একটা ডেফিনিটি ইনফর্মেশন দিন।

**শ্রী অজয়কুমার দে ঃ** আসল ব্যাপার হচ্ছে কোনও মালিককেই নোটিশ দেবার পূর্বেই সি পি এম-এর কর্মীরা কানুনগোর সঙ্গে থেকে তারাই নাম বসিয়ে দিচ্ছে, মালিক জানতে পর্যন্ত পারছে না, ইহা কি সত্য?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** না, এটা সত্য নয় এবং খুব ভাল করেই বলা আছে যে, নোটিশ দিতে হবে, অবজেকশনের হিয়ারিং হবে। সমস্ত প্রসিডিয়র বার বার বলা হয়েছে। সুতরাং আপনি যেটা বলছেন, ওটা করা হচ্ছে না। আমি আপনার সঙ্গে একত্রে যেতে রাজি আছি, এখানে অনেক জিনিস বলা সম্ভব, কিন্তু এরিয়াতে চলুন, সেখানে প্রমাণ দিন, যদি

অন্যায় হয়ে থাকে আমি কারেক্ট করব, আর আপনি যদি প্রমাণ দিতে না পারেন তাহলে আর কি করব!

**শ্রী সুনীতি চট্টরাজ :** আমি প্রমাণ দেব, আর আমি যদি প্রমাণ দিতে না পারি তাহলে আমি সভা থেকে পদত্যাগ করব, আর প্রমাণ যদি দিতে পারি তাহলে কি মাননীয় মন্ত্রী পদত্যাগ করতে রাজি আছেন?

**Mr. Speaker :** There is no question of Challenge in a supplementary question.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহোদয় কি অনুগ্রহপূর্বক জানাবেন যে, অপারেশন বর্গা কার্যক্রমকে সাকসেসফুল করবার জন্য অন্ত পর্যন্ত কোনও রাজনৈতিক দলের সাহায্য সরকার পেয়েছেন কিনা ; সাহায্য পেয়ে থাকলে কোন রাজনৈতিক দলের তরফ থেকে পেয়েছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** অনেকের কাছ থেকেই সাহায্য পাওয়া গিয়েছে, নাম আর কত বলব। আমি বলেছি যে দলমত নির্বিশেষে সকলের কাছ থেকেই সাহায্য পাওয়া যাচ্ছে এবং বিভিন্ন দলের ভিতরের যারা শুভবুদ্ধিসম্পন্ন তারাও এগিয়ে আসছেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** অপারেশন বর্গা প্রক্রিয়ায় প্রকৃত বর্গাদার নিরুপণের জন্য কি কি বিধান আছে, সেটা কি মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আমি বহুবার বলেছি যে ল্যান্ড রিফর্মস অ্যাক্টের সেকশন ৩ এবং ৭টা যদি ভাল করে পড়েন এবং সেকশন ৫০ এবং ৫১টা যদি ভাল করে পড়েন তাহলেই এটা বুঝতে পারবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবহিত আছেন যে ২৪-পরগনা জেলার মথুরাপুর থানার অন্তর্গত কুলতলা এবং চাপাল মৌজার ভাগচাষীদের উচ্ছেদ করে দিয়ে সেখানে নতুন লোকদের রেকর্ড করিয়ে দিয়ে তাদের দিয়ে সমস্ত ধান কেটে নেওয়া হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আপনি একজন ইন্টালিজেন্ট ল-ইয়ার হিসাবে নিশ্চয়ই বুঝতে পারবেন যে, একটা পার্টিকুলার গ্রামের ইনসিডেন্ট বললে সেটা আমার সঙ্গে সঙ্গে অবহিত থাকা সম্ভব নয়। আমি তো আপনাকে বলতে পারি যে, বীরভূমের হাকশি গ্রামের ফৈজল মোল্লা এই করেছে কি, আপনি কি বলতে পারবেন?

[1-40 — 1-50 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে গভর্নমেন্ট সার্কুলার দিয়ে আপনি গতবারে বলেছিলেন যে, আইন নেই, গভর্নমেন্টের অর্ডারে হচ্ছে যেখানে ভাগচাষ হচ্ছে অথচ রেকর্ড করতে পারে নি সেই অনুযায়ী হচ্ছে এটা ল্যান্ড রিফর্মস অ্যাক্ট অনুযায়ী ৫০,৫১,৫২,৫৩ ধারা অনুযায়ী হচ্ছে না এটা কি সত্য কথা?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি পরিষ্কার করে বলেছি যে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট এবং রুলসের প্রত্যেকটি বিধি মেনে করা হচ্ছে। কিন্তু করার গতি ঢিমে-তালে রুটিং মাফিক ধীরে ধীরে না করে বিধিগুলি মেনে যত শীঘ্র সম্ভব কাজগুলি করার চেষ্টা করা হচ্ছে। এমন অনেক এলাকা আছে যেখানে কাজ করলে বেশি ফল পাওয়া যাবে যেখানে কনসেনট্রেশন অফ বর্গাদার আছে সেইখানে করা হচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অপারেশন বর্গা এই কথাটা আইনের কোন ধারায় লেখা আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** দুটোকে গুলিয়ে দেবেন না। অপারেশন বর্গা হচ্ছে একটা executive arrangement for certain legal procedure এই লিগ্যাল প্রসিডিওরটা as it is laid down in land Reforms Act and rules সেটা ফলো করা হচ্ছে। কিন্তু how that will be implemented সেটা একজিকিউটিভরা ঠিক করবেন।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই অপারেশন বর্গা করতে গিয়ে অনেক জায়গায় হাইকোর্টে ইনজাংশন থাকা সত্ত্বেও সি পি এম কর্মীদের প্ররোচনায় এই হাইকোর্টের ইনজাংশন মানা হচ্ছে না।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমার জানা নেই। যদি হাইকোর্টের নির্দেশ না মানে তাহলে সে তার ফল ভোগ করবে।

### অপারেশন বর্গার জন্য ক্যাম্প স্থাপন

***২৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৩।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জানুয়ারি, ১৯৭৯ পর্যন্ত অপারেশন বর্গার নিমিত্ত পশ্চিমবঙ্গে মোট কতগুলি ক্যাম্প স্থাপন করা হইয়াছে ;

(খ) উক্ত কার্যের ফলে উক্ত সময়ে মোট কি পরিমাণ জমিতে কতজন বর্গাদার রেকর্ডভুক্ত হইয়াছেন ; এবং

(গ) পাট্টা দেওয়া জমি চিহ্নিতকরণ এবং দখল নেওয়ার জন্য অনুরূপ ক্যাম্প করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) ৩১-১-৭৯ পর্যন্ত ৪৮৩৫টি মৌজায় অস্থায়ী ক্যাম্পের মাধ্যমে অপারেশন বর্গার কাজ করা হচ্ছে।

(খ) ঐ সকল মৌজায় ৩১-১-৭৯ পর্যন্ত রেকর্ডভুক্ত বর্গাদারের সংখ্যা ১,৬২,৫৪৪।

(গ) এই কাজ ত্বরান্বিত করার জন্য সর্বস্তরে নির্দেশ গিয়েছে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** এই অপারেশন বর্গা করার জন্য যতগুলি ক্যাম্প করতে হচ্ছে তার মধ্যে কতকগুলি ক্ষেত্রে জমির মালিকেরা বাধা সৃষ্টি করেছিল?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** জমির মালিকেরা বহু জায়গায় বাধা সৃষ্টি করে শুধু ক্যাম্প করতে গিয়েই বাধা সৃষ্টি হয়েছে তা নয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** কোথাও মারা-মারির ঘটনা ঘটেছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** কোথায় হয়েছে তা এখনই বলা যাবে না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই অপারেশন বর্গা রেকর্ড ভুক্ত ত্বরান্বিত করার জন্য কি কি প্রকার সি পি এম পার্টির সাহায্য নেওয়া হচ্ছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি বারে বারে বলছি যে একটা বিশেষ পার্টির সাহায্য নিয়ে করা হচ্ছে না।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** এটা কবে থেকে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** জুলাই থেকে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** প্রথম থেকে ৩১শে জানুয়ারি পর্যন্ত মোট কতজন বর্গাদার রেকর্ড ভুক্ত করেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** ৫ লক্ষ ৬০/৭০ হাজার।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** এক লক্ষ নিয়ে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** হ্যাঁ।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** এই বিষয়ে অতিরিক্ত কর্মচারী নিয়োগের ব্যবস্থা হবে কিনা?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** সেটা এখন ঠিক করা হয়নি আমাদের স্টাফ এমনিতেই কম আছে।

## নিম্ন দামোদর প্রকল্প

* ২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১০১০।) **শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন দামোদর প্রকল্প কি পরিত্যক্ত হয়েছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর না হইলে,—

(১) বর্তমানে উক্ত প্রকল্পটি কি অবস্থায় আছে, ও

(২) উক্ত প্রকল্পের দ্রুত রূপায়ণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) না।

(খ) (১) ও (২) ঃ— নিম্ন দামোদর নিকাশি প্রকল্প রূপায়ণের কাজ স্থানীয় জনসাধারণের বিরোধিতার ফলে বিগত ১৯৭৩ সাল থেকে বাধাপ্রাপ্ত হতে থাকে। অবশেষে ঐ প্রকল্পের কাজ স্থগিত রেখে, জনসাধারণের আপত্তির পরিপ্রেক্ষিতে প্রকল্পটি বিশদভাবে পরীক্ষা করে দেখার জন্য ১৯৭৮ সালের মার্চ মাসে একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়। কমিটি কয়েকটি বিকল্প সুপারিশ করে সরকারের কাছে যে রিপোর্ট পেশ করেন সেটি নিয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় এম এল এ এবং এম পি মহোদয়গণের সঙ্গে আলোচনা করে স্থির করা হয় যে, যতদূর সম্ভব এ পর্যন্ত প্রকল্পের যে কাজগুলি করা হয়েছে সেগুলি অন্তর্ভুক্ত করে, যাতে সমগ্র প্রকল্পটি রূপায়ণে স্থানীয় জনসাধারণের সমর্থন পাওয়া যায় তেমনভাবে প্রকল্পটি সংশোধন করার জন্য আরেকটি বিশযেজ্ঞ কমিটি নিয়োগ করা হবে।

তদনুযায়ী আরেকটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়েছে এবং কমিটিকে এই বৎসরের ১৫ই মার্চের মধ্যে সরকারের কাছে রিপোর্ট পেশ করতে বলা হয়েছে। এই কমিটির রিপোর্ট পাওয়ার পর সরকারএটা বিবেচনা করে দেখবেন এবং নির্দিষ্ট সিদ্ধান্ত নেওয়ার পর সংশোধিত প্রকল্পটি দ্রুত রূপায়ণের জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রচলিত বিধি অনুসারে, রূপায়ণের পূর্বে সংশোধিত প্রকল্পটি অনুমোদনের জন্য রাজ্য টেকনিক্যাল কমিটি এবং কেন্দ্রীয় সরকারের গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন ও প্ল্যানিং কমিশনের নিকট পেশ করার প্রয়োজন হতে পারে।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** বিশেষজ্ঞ কমিটির সুপারিশগুলি কি তা জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আপনার প্রশ্নের জবাব দিতে দীর্ঘ সময় লাগবে, তাহলেও সংক্ষেপে দিচ্ছি—মানসিং কমিটি, লোয়ার দামোদর সম্পর্কে যে সিদ্ধান্ত নিয়েছিলেন তা হল প্রথমে রূপনারায়ণ নদী কাটতে হবে, দ্বিতীয় আমতা চ্যানেল কাটতে হবে, এবং তৃতীয় তার উপর এমব্যাংমেন্ট দিতে হবে, কিন্তু আগেকার কংগ্রেস গভর্নমেন্ট সেই কমিটির রিপোর্ট বাদ দিয়ে এমব্যাঙ্কমেন্ট দেন, আমতা চ্যানেল কাটা বন্ধ করেন এবং রূপনায়ারণ ডেজিং করলেন না। এই নিয়ে বিরাট আন্দোলন হয়, কিন্তু জরুরি অবস্থার সময় তারা নদীর উপর বাঁধ করে, আমাদের সরকার হবার পর এম এল এ, এম পিদের পরামর্শক্রমে আমরা সেটা বন্ধ করে নতুন ভাবে কাজ আরম্ভ করি।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী কাজ কবে আরম্ভ হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** বিশেষজ্ঞ কমিটি রিপোর্ট দিয়ে দিয়েছেন তাদের রিপোর্ট অনুযায়ী

কাজ করার জন্য আমরা আরেকটা কমিটি করেছি যাদের ১৫ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী হবিবুর রহমান ঃ** বিশেষজ্ঞ কমিটির রিপোর্টটা কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** বিশেষজ্ঞ কমিটির রিপোর্টে তারা বলেছেন আগেকার যে টীম hat is absolutely a defective scheme এবং মানসিং কমিটির রিপোর্ট অনুযায়ী করা উচিত ছিল।

**শ্রী অজয়কুমার দে ঃ** এই পরিকল্পনার জন্য কত টাকা লাগবে এবং এখন পর্যন্ত কত টাকা নষ্ট হয়েছে জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** কংগ্রেস সরকার ৩৪ কোটি ১৪ লক্ষ টাকা পরিকল্পনা করেছিলেন যেটা বাতিল করা হয়েছে, বর্তমান কমিটি ঠিক করছেন কত টাকা লাগতে পারে, আপনারা জানেন লোয়ার দামোদর নদী ক্রশ বাঁধ দিয়ে বেঁধে দেওয়ার জন্য তার জল মুন্ডেশ্বরী দিয়ে যাবার ফলে ব্যাপক বন্যা হয়েছিল।

**শ্রী অজয়কুমার দে ঃ** এর জন্য কত টাকা খরচ হয়েছিল?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমরা এখন ফাইনাল করিনি, ওরা ১৪ কোটি টাকা আউট অফ ৩৪ কোটি ১৪ লক্ষ টাকার মধ্যে খরচ করেছিলেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** স্থানীয় এলাকার বিরোধিতার জন্য পরিকল্পনাটি বাতিল করা হয়, কিন্তু আমি জানতে চাই কোন এলাকার জনসাধারণের বিরোধিতা হয় এবং তারা কোনও রাজনৈতিক দলের কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** হুগলি, হাওড়া, মেদিনীপুরের একাংশ হাজার হাজার মানুষ এর জন্য আন্দোলন করেছে, এর জন্য যে সভা হয়েছিল সেখানে শ্রী পি সি সেন ছিলেন, আমাদের পার্টির বিজয় মোদক ছিলেন এবং দিকপতি বাবু ও অজয়বাবুও ছিলেন।

**শ্রী পঞ্চানন দিগপতি ঃ** এ বছর ক্যানেলগুলো কাটার ব্যবস্থা করবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** যে কমিটি করা হয়েছে তাদের উপরই ভার দেওয়া হয়েছে এবং বর্ষার আগেই তারা, আশা করি করবেন, এ বিষয়ে আমি ২/৩টা মিটিং ডেকেছিলাম আপনাকে চিঠি দিয়েছিলাম আপনি একটা ছাড়া বাকিগুলোতে আসেন নি।

### গোসাবা থানায় রাধাসুন্দরী পাল চৌধুরি ট্রাস্টির জমি

***২৪১।** (অনুমোদিত প্রশ্ন নং *৯১৭।) **শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা থানার অধীন রাধাসুন্দরী পাল চৌধুরি ট্রাস্টির অধীনে কত কৃষি ও অকৃষি জমি আছে ;

(খ) উক্ত জমি সরকারের ন্যস্ত হয়েছে কিনা ; এবং

(গ) না হলে, উক্ত জমি অধিগ্রহণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) রাধাসুন্দরী পালচৌধুরি ট্রাষ্টীর অধীনে বর্তমানে ১১৮.৬৬ একর কৃষি ও ১৫৯.৮৭ একর অকৃষি জমি আছে।

(খ) এখনও হয় নাই।

(গ) এ ব্যাপারে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের বিধান অনুযায়ী তদন্ত শুরু হয়েছে।

**লোকরঞ্জন শাখার ইউনিট**

*** ২৪২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯০৪।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লোকরঞ্জন শাখার মোট কয়টি ইউনিট আছে এবং কতজন কর্মী নিযুক্ত আছে ;

(খ) উক্ত ইউনিটগুলি ১৯৭৮ সালের মোট কয়টি স্থানে তাহাদের প্রোগ্রাম করিয়াছে ; এবং

(গ) উক্ত প্রোগ্রামগুলিতে মোট কত টাকা ব্যয় হইয়াছে ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) লোকরঞ্জন শাখা বর্তমানে ৬টি ইউনিট আছে এবং এই শাখায় ১৪৩ জন কর্মী নিযুক্ত আছেন।

(খ) উক্ত ইউনিটগুলি ১৯৭৮ সালে ২১৮ স্থানে মোট ২৩৭টি প্রোগ্রাম করেছে।

(গ) উক্ত প্রোগ্রামগুলিতে মোট ৩,৭০,০০০ (তিন লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয় হয়েছে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন খরচ হয়েছে, কত আয় হয়েছে বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এতে আয় হয় না।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৭৮ সালে ২১৮ টি জায়গায় ২৩৭টি প্রোগ্রাম করেছেন, এই প্রোগ্রাম বিভিন্ন জেলায় আরও বাড়ানো যায় কিনা সেটা

দেখবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা নিশ্চয়ই বাড়বে। গতবারে বন্যার দরুন সেপ্টেম্বর মাসের পর কিছু প্রোগ্রাম হয়নি, ওটা নিশ্চয়ই বাড়বে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই লোকরঞ্জন শাখা গত ২ মাসের মধ্যে কতগুলি নতুন বই প্রোডাকশন করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** গত ২ মাসে নতুন কোনও বই নেই। আমরা আসার পর হয়েছিল নীল দর্পণ, ফুলওয়ালি, একটা বিদেশি নাটক, তারপর আগে হয়েছে ম্যাক্সীম গোর্কির মা।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি এই লোকরঞ্জন শাখা প্রোগ্রাম দিয়েও যায় না গ্রামাঞ্চলের ভেতরে, ফেল করে রাস্তাঘাট খারাপ বলে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি বরং অকেশন ছাড়া কলকাতায় বন্ধ করে দিয়েছি, তারা গ্রামেই যায়।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি কতগুলি জেলাতে এরা প্রোগ্রাম করেছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ দিতে হবে।

### "র সিল্ক"-এর উৎপাদন বৃদ্ধির কর্মসূচী

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৫।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম্য বেকারি দূরীকরণের সহায়ক হিসাবে রাজ্যে "র সিল্ক"-এর উৎপাদন বৃদ্ধির জন্য কোনও কর্মসূচী গ্রহণ করা হইয়াছে কি, এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে,—

(১) উক্ত কর্মসূচী কি, ও

(২) সেন্ট্রাল সিল্ক বোর্ড উক্ত বিষয়ে কিভাবে সহায়তা করেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) না।

(খ) 'র-সিল্ক' উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন জেলায় কয়েকটা প্রকল্প হাতে নেওয়া হইয়াছে যেমন (১) বিনামূল্যে তুঁতের সরবরাহ (২) তুঁতচাষের জন্য পশুপালন গৃহনির্মাণ ও পশুপালনের সাজসরঞ্জাম ক্রয় করাবার জন্য এবং পরিমিত নীরোগ

রেশম কীট ডিম উৎপাদনের জন্য বিভিন্ন ব্যাঙ্ক হইতে ঋণের ব্যবস্থা করা হইয়াছে। সরকারী অনুদানও এই ব্যাপারে দেওয়া হয়। (৩) এই সমস্ত সুযোগসুবিধা লইতে ইচ্ছুক গ্রাম্য বেকার যুবকদের শিক্ষণের ব্যবস্থা করা হয় এবং তাহারা যাহাতে সুষ্ঠভাবে পশুপালন করিতে পারে সেইজন্য নীরোগ বীজ সরবরাহ করা হয়। (৪) যে সব জেলায় রেশমের চাষ পূর্বে ছিল না, বর্তমানে শুরু করা হইয়াছে সেখানে বেকার যুবকদের কাছ থেকে উৎপাদিত রেশমের গুটি সরকার উপযুক্ত মূল্যে কিনিয়া লইবেন।

(২) সেন্ট্রাল সিল্ক বোর্ড প্রধানত গবেষণা, প্রশিক্ষণও রেশমজাত দ্রব্য রপ্তানির দায়িত্ব পালন করেন। ভালজাতের তুঁতচারা ভালজাতের রেশমবীজ আধুনিক উন্নত পদ্ধতিতে চাষ করার প্রয়োগ বিধি সম্বন্ধে সরকার উপযুক্ত সুপারিশ করেন।

[2-00 — 2-10 P.M.]

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কি, কোন কোন জেলায় সিল্ক উৎপাদনের ব্যবস্থা হয়েছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এটা ট্রাডিশনালি মালদহ এবং মুর্শিদাবাদে আছে। এছাড়া উত্তরবাংলার সব জেলা ধরা হয়েছে, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া এবং পশ্চিম দিনাজপুরকে ধরা হয়েছে এবং নদীয়া জেলার একটা অংশও রয়েছে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### শহর জমির উর্ধ্বসীমা সংক্রান্ত আইন

* ২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৪।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শহর জমির উর্ধ্বসীমা সংক্রান্ত কেন্দ্রীয় আইনটির কোনও সংশোধনের বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সহিত কোনওরূপ আলোচনা বা যোগাযোগ করিয়াছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে,—

(১) কি কি বিষয়ে সংশোধন করিতে চাওয়া হইয়াছে, ও

(২) বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) প্রধানত শহরাঞ্চলের জমির উর্ধ্বসীমার ভিত্তি এবং "কলকাতা শহর সম্বন্ধে এলাকার" শ্রেণী বিভাগের বিষয়ে সংশোধন প্রস্তাব দেওয়া হয়েছে। তাছাড়া উক্ত

আইনে অন্যান্য যে সকল ত্রুটি দেখা গেছে সেইগুলো সংশোধনের জন্যও প্রস্তাব করা হয়েছে।

(২) বিষয়টি এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

**ভগবানপুরকে বন্যার কবল হইতে রক্ষা করার পরিকল্পনা**

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১০১।) **শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর থানাকে প্রতি বছর অতিবৃষ্টি ও বন্যার কবল হইতে রক্ষা করিবার জন্য সরকার কি কোনও পরিকল্পনা করিয়াছেন ; এবং

(খ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে,—

(১) উক্ত পরিকল্পনাটি বর্তমানে কি পর্যায়ে আছে, ও

(২) উক্ত পরিকল্পনাটি কার্যকর করিতে কত টাকা ব্যয় হইবে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর ও নন্দীগ্রাম থানায় অতিবৃষ্টি জনিত বন্যার জল নিকাশের জন্য একটি খসড়া মাস্টার প্ল্যান রচনা করা হইয়াছে।

(খ) (১) মাস্টার প্ল্যানটি বর্তমানে কেন্দ্রীয় সরকারের গঙ্গা-বন্যা-নিয়ন্ত্রণ কমিশন এবং রাজ্য টেকনিকাল কমিটির সুপারিশ অনুসারে এবং গত বৎসরের বন্যায় অভিজ্ঞতার আলোকে কারিগরি বিশেষজ্ঞগণের বিশদ পরীক্ষা নিরীক্ষাধীন আছে।

(২) এখনই ইহা বলা সম্ভব নয় তবে খসড়া মাস্টার প্ল্যানে আনুমানিক ব্যয় ৪ কোটি ৪৪ লক্ষ টাকা ধরা হইয়াছিল।

**কান্দির আখেরি দিঘীর ও শালিন্দার ঘেরে খাস জমি**

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৭।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দি মহকুমায় আখেরি দিঘীর কিছু অংশ এবং শালিন্দার ঘের নামে পরিচিতি জমিগুলি খাস হইয়াছিল কি ,

(খ) হইয়া থাকিলে, কোন সময়ে হইয়াছে ; এবং

(গ) বর্তমানে উপরি-উক্ত জমিগুলি কি অবস্থায় আছে?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক), (খ) ও (গ) হ্যাঁ, হয়েছিল। আখেরি দিঘী ইং ১৩-৮-৬৯ তারিখে খাস করা হয়েছিল। পরে হাইকোর্টের রায় অনুসারে প্রজার সম্পত্তি হিসাবে গণ্য হয়েছে। শালিন্দার ঘের বাং ১৩৬২ সালে সরকারে খাস হয়েছে, কিন্তু জমি এখনও

বণ্টিত হয়নি। কারণ, ইহার মোট ১১৬.১৬ শতক খাস জমির মধ্যে ৮১.৪৫ শতক বিলি করা হয়েছিল, কিন্তু অযোগ্য ব্যক্তিদের মধ্যে বিলি করার জন্য উক্ত বিলিবণ্টন পরে বাতিল করা হয়েছে।

### হাওড়া-আমতা-চাঁপাডাঙ্গা ব্রডগেজ লাইন

* ২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭১।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া-আমতা-চাঁপাডাঙ্গা ব্রডগেজ লাইনের জন্য রাজ্য সরকার কত পরিমাণ জমি—

(১) অধিগ্রহণ করে সাউথ ইস্টার্ন রেলওয়ে কর্তৃপক্ষের কাছে হস্তান্তরিত করেছেন, ও

(২) অধিগ্রহণ করা বাকি আছে ;

(খ) শেষোক্ত ক্ষেত্রে কতদিনে অধিগ্রহণ করা সম্ভব হবে ; এবং

(গ) ঐ ব্রডগেজ লাইনের বড়গাছিয়া হতে চাঁপাডাঙ্গা পর্যন্ত অংশের জন্য জমি অধিগ্রহণের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) ৪৪০.৫১৮ একর জমি।

(২) ১৪, ৬০৫ একর জমি।

(খ) বাকি ১৪,৬০৫ একর জমির উপর ঘরবাড়ি থাকায় আইন মোতাবেক ৮০ শতাংশ ক্ষতিপূরণের টাকা অতিশীঘ্র দেবার বন্দোবস্ত করিয়া উক্ত জমি অধিগ্রহণের চেষ্টা চলিতেছে।

(গ) এই অংশের জন্য আমি অধিগ্রহণের কোনও প্রস্তাব অদ্যাবধি সংশ্লিষ্ট রেল কর্তৃপক্ষের নিকট হইতে পাওয়া যায় নাই।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### Tourists at Darjeeling

**61.** (Admitted question No. 169.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state that whether the State Government has any statistics as regard the following—

(i) the number of tourists who visited Darjeeling during the years 1977-78 and 1978-79 ;

(ii) how many of them foreigners ; and

(iii) the number of middle class tourists who visited Darjeeling during the aforesaid years ?

**Minister-in-chrge Tourism Department :**

(i) Exact figures are not available. On the average one lakh ten thousand tourists approx. visit Darjeeling every year. In the year 1978, there was a slight increase of about 10 percent. of tourists.

(ii) About 10,000 tourists out of 1,10,000 were foreigners.

(iii) Exact number are not available as the Tourism Department do not keep such statistics. About 60 percent. of the tourists come under middle income group catagory.

**পঞ্চায়েত সচিব**

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পঞ্চায়েত সচিবের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে কতজন (১) মুসলমান, (২) তফসিলি, (৩) তফসিলি উপজাতি, (৪) খ্রিস্টান সম্প্রদায়ভুক্ত , এবং

(গ) উক্ত সচিবগণকে সরকারি কর্মচারী হিসাবে গণ্য করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২,৯২২।

(খ) (১) ৩৩৯, (২) ৩২৯, (৩) ১৭ ও (৪) ২।

(গ) পঞ্চায়েতের সচিবদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করার বিষয়টি পে-কমিশের বিবেচ্য বিষয়সূচির অন্তর্ভুক্ত আছে।

**কলকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন**

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কলকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের অধীনে কতজন (১) অফিসার ও (২) অন্যান্য কর্মচারী আছেন ; এবং

(খ) ইহাদের মধ্যে মুসলমান—

(১) অফিসার ও (২) অন্যান্য কর্মচারির সংখ্যা কত?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) ৯৮ জন ; (২) ১৩,২৩২ জন।

(খ) (১) ১ জন ; (২) ৪৪২ জন।

**জেলা পরিষদ কর্তৃক গঠনমূলক কাজ**

**৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলা পরিষদ ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৭৮ সালের ডিসেম্বর পর্যন্ত কতগুলি নতুন গঠনমূলক কাজ হাতে নিয়েছেন এবং কতগুলি কাজ সম্পূর্ণ করেছেন ;

(খ) বিগত বন্যার পর বন্যাবিধ্বস্ত জেলা পরিষদের রাস্তা সিউড়ি-আমজোরা (ভায়া ঘটংগা) সম্পূর্ণ করার জন্য বীরভূম জেলা পরিষদ কত টাকা ব্যয় করেছেন ; এবং

(গ) উক্ত সময়ের বন্যায় ক্ষতিগ্রস্ত না হওয়া সত্ত্বেও নগুরি অঞ্চলে কোনও কাজ বীরভূম জেলা পরিষদ হাতে নিয়ে শেষ করেছেন কি?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বীরভূম জেলা পরিষদ ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৭৮ সালের ডিসেম্বর পর্যন্ত পুনর্গঠনের কাজ ব্যতীত কোনও নতুন গঠনমূলক কাজ হাতে নেন নাই।

(খ) ১৪,৫১৬.৯৫ টাকা (চৌদ্দ হাজার পাঁচশত ষোল টাকা পঁচানব্বই পয়সা) ব্যয় করেছেন।

(গ) উক্ত সময়ের মধ্যে নগুরি অঞ্চলে জেলা পরিষদ দুটি রাস্তা মেরামতির কাজ হাতে নিয়ে শেষ করেছেন। এই দুটি রাস্তা ১৯৭৮ সালের সেপ্টেম্বর মাসে অভূতপূর্ব বৃষ্টিপাতের ফলে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

**পঞ্চায়েত সমিতিকে সরকারি সাহায্য**

**৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৪২৪।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ২৪-পরগনা জেলার দেগঙ্গা ব্লকের নতুন পঞ্চায়েত সমিতি গঠিত হওয়ার পর উক্ত পঞ্চায়েত সমিতির অধীনস্থ কোন কোন গ্রাম পঞ্চায়েতকে সরকার অদ্যাবধি কোন কোন খাতে কত টাকা দিয়েছেন?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** অত্র সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল।

*Statement reffered to in reply of unstartted Question No. 65 (Admitted Question No. 424)*

| পঞ্চায়েত সমিতির নাম | | ব্লকের নাম | জেলার নাম |
|---|---|---|---|
| দেগঙ্গা | | দেগঙ্গা | ২৪-পরগনা |

| ক্রমিক নং | গ্রামপঞ্চায়েতের নাম | এককালীন অনুদান | অনুদান: পঞ্চায়েত ঘর | অনুদান: ইন্‌সেনটিভ | অনুদান: গ্রাম পঞ্চায়েত সচিবের বেতন | অনুদান: চৌকিদার ও দফাদারদের বেতন | এক্সগ্রেসিয়া: গ্রাম পঞ্চায়েত সচিব | এক্সগ্রেসিয়া: চৌকিদার ও দফাদার |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | কোলসুর .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ২। | চাকলা .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৩। | চৌরাশি .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৪। | আমুলিয়া .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৫। | সোহাই-সোয়েতপুর .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৬। | নুরনগর .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৭। | বেরাচাঁপা-১ .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৮। | বেরাচাঁপা-২ .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৯। | দেগঙ্গা-১ .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ১০। | দেগঙ্গা-২ .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ১১। | চাঁপাতলা .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ১২। | হোদিপুর-ঝিকরা-১ .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ১৩। | হোদিপুর-ঝিকরা-২ .. | ১,০০০ | — | — | ২,৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| | মোট | ১৩,০০০ | | | ৩২,৪৩৫ | ৪৪,৬২৯ | ১,১৫৭ | ৪,৫১১ |

## করিমপুর ব্লকের গ্রাম পঞ্চায়েতে সরকারি সাহায্য

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৫।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নদীয়া জেলার করিমপুর ব্লকের নতুন পঞ্চায়েত সমিতির অধীনস্থ কোন কোন গ্রাম পঞ্চায়েতকে সরকার অদ্যাবধি কোন কোন খাতে কত টাকা দিয়েছেন?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** অত্র সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল।

| পঞ্চায়েত সমিতির নাম করিমপুর | | | ব্লকের নাম করিমপুর | | | | জেলার নাম নদীয়া | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | গ্রামপঞ্চায়েতের নাম | এককালীন অনুদান | অনুদান | | | | এক্সগ্রেসিয়া | |
| | | | পঞ্চায়েত ঘর | ইন্‌সেনটিভ | গ্রাম পঞ্চায়েত সচিবের বেতন | চৌকিদার ও দফাদারদের বেতন | গ্রাম পঞ্চায়েত সচিব | চৌকিদার ও দফাদার |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | নাতিডাঙ্গা-১ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৪২ | ৭৪ | ৩২৮ |
| ২। | নাতিডাঙ্গা-২ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৪২ | ৭৪ | ৩২৮ |
| ৩। | ধোরাদহ-১ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৪২ | ৭৪ | ৩২৮ |
| ৪। | ধোরাদহ-২ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৪২ | ৭৪ | ৩২৮ |
| ৫। | করিমপুর-১ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৪২ | ৭৪ | ৩২৮ |
| ৬। | করিমপুর-২ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৪২ | ৭৪ | ৩২৮ |

*Statement referred to unstarred question No. 66 (Admitted question No. 425)*

| পঞ্চায়েত সমিতির নাম | | | ব্লকের নাম | | | | জেলার নাম | |
|---|---|---|---|---|---|---|---|---|
| করিমপুর | | | করিমপুর | | | | নদীয়া | |
| ক্রমিক নং | গ্রামপঞ্চায়েতের নাম | এককালীন অনুদান | অনুদান | | | | এক্সগ্রেসিয়া | |
| | | | পঞ্চায়েত ঘর | ইন্‌সেনটিভ | গ্রাম পঞ্চায়েত সচিবের বেতন | চৌকিদার ও দফাদারদের বেতন | গ্রাম পঞ্চায়েত সচিব | চৌকিদার ও দফাদার |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ৭। | জামশেদপুর .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ৮। | হরেকৃষ্ণপুর .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ৯। | মধুগিরি .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১০। | হোগালবাড়ি .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১১। | শিখারপুর .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১২। | মুরুটিয়া-১ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১৩। | মুরুটিয়া-২ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১৪। | রহমতপুর .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১৫। | নারায়ণপুর-১ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১৬। | নারায়ণপুর-২ .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১৭। | নন্দনপুর .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| ১৮। | দীঘলকাঁদি .. | ১,০০০ | — | — | ২,০৮৫ | ৩,২৮২ | ৭৪ | ৩২৮ |
| | মোট | ১৮,০০০ | | | ৩৭,৫৩০ | ৫৮,৩৬৫ | ১,৩৩২ | ৫,৯০৪ |

## হরিহরপাড়া ব্লকের নতুন পঞ্চায়েত সমিতি

**৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৪২৬।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া ব্লকের নতুন পঞ্চায়েত সমিতি গঠিত হওয়ার পর উক্ত পঞ্চায়েত সমিতির অধীনস্থ কোন কোন গ্রাম পঞ্চায়েতকে সরকার অদ্যাবধি কোন কোন খাতে কত টাকা দিয়েছেন?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** অত্র সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল।

পঞ্চায়েত সমিতির নাম ঃ হরিহরপাড়া ব্লকের নাম ঃ হরিহরপাড়া জেলার নাম ঃ মুর্শিদাবাদ

| ক্রমিক নং | গ্রামপঞ্চায়েতের নাম | এককালীন অনুদান | অনুদান | | | | এক্সগ্রেসিয়া | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পঞ্চায়েত ঘর | ইন্‌সেনটিভ | গ্রাম পঞ্চায়েত সচিবের বেতন | চৌকিদার ও দফাদারদের বেতন | গ্রাম পঞ্চায়েত সচিব | চৌকিদার ও দফাদার |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। রাইপুর | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ২। খিদিরপুর | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ৩। হুমাইপুর | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ৪। বেহারিয়া | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ৫। রুকুনপুর | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ৬। হরিহরপাড়া | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ৭। ধরমপুর | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ৮। শাঁপপুর | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ৯। মালোপাড়া | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| ১০। চোয়া | .. | ১,০০০ | — | — | ২,৪৬৮ | ৩,৬১১ | ৮৮ | ৩৬৫ |
| | মোট | ১০,০০০ | | | ২৪,৬৮০ | ৩৬,১১০ | ৮৮০ | ৩,৬৫০ |

## বারাসত ২নং ব্লকের গ্রাম পঞ্চায়েতে সরকারি সাহায্য

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৭।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি,২৪-পরগনা জেলার বারাসাত ২নং ব্লকের নতুন পঞ্চায়েত সমিতি গঠিত হওয়ার পর উক্ত পঞ্চায়েত সমিতির অধীনস্থ কোন কোন গ্রাম পঞ্চায়েতকে সরকার অদ্যাবধি কোন কোন খাতে কত টাকা দিয়েছেন?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** অত্র সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল।

পঞ্চায়েত সমিতির নাম ঃ বারাসাত-২    ব্লকের নাম ঃ বারাসাত-২    জেলার নাম ঃ ২৪-পরগনা

| ক্রমিক নং | গ্রামপঞ্চায়েতের নাম | এককালীন অনুদান | অনুদান | | | | এক্সগ্রেসিয়া | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পঞ্চায়েত ঘর | ইন্‌সেনটিভ | গ্রাম পঞ্চায়েত সচিবের বেতন | চৌকিদার ও দফাদারদের বেতন | গ্রাম পঞ্চায়েত সচিব | চৌকিদার ও দফাদার |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | বসুনগর .. | ১,০০০ | — | ১,৮০৮.০০ | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ২। | মধ্যমগ্রাম .. | ১,০০০ | — | ২৯,১৩৮.৪০ | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৩। | গঙ্গানগর .. | ১,০০০ | — | — | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৪। | চণ্ডীগররেহেন্দা .. | ১,০০০ | — | ৬,৬১৮.০০ | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৫। | কীর্তিপুর-১ .. | ১,০০০ | — | — | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৬। | কীর্তিপুর-২ .. | ১,০০০ | — | — | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৭। | কেমিয়া-খামারপাড়া | ১,০০০ | — | — | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৮। | দাদপুর .. | ১,০০০ | — | ২৬৯.২০ | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ৯। | ফতি বেলিয়াঘাটা .. | ১,০০০ | — | — | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| ১০। | শাসন .. | ১,০০০ | — | ৩,৭৬৮.৭০ | ৪৯৫ | ৩,৪৩৩ | ৮৯ | ৩৪৭ |
| | মোট | ১০,০০০ | | ৪১,৬২০.৩০ | ৪,৯৫০ | ৩৪,৩৩০ | ৮৯০ | ৩,৪৭০ |

**পশ্চিমবঙ্গে আলু উৎপাদনের পরিমাণ**

**৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৪।) শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে আলু উৎপাদনের জন্য এই বৎসর কি পরিমাণ জমি ব্যবহৃত হইয়াছে ;

(খ) গত বৎসর ও বর্তমান বৎসরে আলু উৎপাদনের পরিমাণ কিরূপ ;

(গ) বর্তমানে পশ্চিমবঙ্গে কোলড স্টোরেজের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে কিনা ; এবং

(ঘ) বৃদ্ধি পাইয়া থাকিলে, তাহার সংখ্যা কিরূপ ?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাথমিক সমীক্ষায় ৩ লক্ষ ৮৮ হাজার একর বলে অনুমান করা হচ্ছে।

(খ) গত বৎসর ১৮ লক্ষ টন আলু উৎপন্ন হয়েছিল। এ বৎসর ২৩ লক্ষ টন উৎপাদন আশা করা হচ্ছে।

(গ) বর্তমানে এ রাজ্যের মোট হিমঘরের সংখ্যা ১৭৬টি। নতুন হিমঘর স্থাপনের জন্য ৬৯টি এবং হিমঘর সম্প্রসারণের জন্য ২১টি আবেদন মঞ্জুর করা হয়েছে।

(ঘ) তবে অনুমান করা হচ্ছে যে, এ বৎসর নতুন, এবং সম্প্রসারিত হিমঘরের মোট সংখ্যা হবে ২৮টি।

**বীরভূম জেলার স্কুল বোর্ডের অ্যাডভাইসারি কমিটির প্রাথমিক বিদ্যালয়গুলি সরকারি স্বীকৃতি দানের জন্য সুপারিশ**

**৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৪।) শ্রী সুনীতি চট্টরাজ ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৫-৭৬ সালে বীরভূম জেলা স্কুল বোর্ডের অ্যাডভাইসারি কমিটি ৪৫টি প্রাথমিক বিদ্যালয়কে সরকারের স্বীকৃতি পাবার জন্য সুপারিশ করেছিলেন ; এবং

(খ) সত্য হইলে, সেই বিদ্যালয়গুলিকে অনুমোদন দেওয়ার কাজ কোন পর্যায়ে আছে ?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বীরভূম জেলার স্কুল বোর্ডের অ্যাডভাইসারি কমিটির একটি সুপারিশ শিক্ষা অধিকর্তার নিকট আসিয়াছিল। এই প্রস্তাব সরকারের নিকট আসে না।

(খ) বিষয়টি এখন হাইকোর্টের বিবেচনাধীন।

## হাওড়া জেলার গঙ্গাধরপুর বালিকা বিদ্যামন্দিরকে সপ্তম ও অষ্টম শ্রেণীর অনুমোদন দেওয়ার পরিকল্পনা

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৩।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার গঙ্গাধরপুর বালিকা বিদ্যামন্দিরকে সপ্তম ও অষ্টম শ্রেণীর অনুমোদন দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে ,

(খ) থাকিলে, উক্ত অনুমোদন দানের ব্যাপারটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(গ) কতদিন নাগাদ অনুমোদন দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) স্কুলের অনুমোদন সরকার দেন না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

## পশ্চিমবঙ্গের সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫০।) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সরকারি কর্মচারিদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে ;

(খ) থাকিলে, কোন তারিখ হইতে উহা দেওয়া হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) সরকারি কর্মচারিদের এক্সগ্রাসিয়া দিবার কারণ কি , এবং

(ঘ) এক্সগ্রাসিয়া দিবার জন্য সরকারের ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ সালে কত ব্যয় হইয়াছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারিদের ১৯৭৯ সালের ১লা এপ্রিল থেকে কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেওয়া হবে এই সিদ্ধান্ত ১৯৭৯-৮০ আর্থিক বৎসরের বাজেট বিবৃতিতে ঘোষণা করা হয়েছে।

(খ) 'ক' প্রশ্নের উত্তরেই এই প্রশ্নের উত্তর দেওয়া আছে।

(গ) সংশ্লিষ্ট সরকারি আদেশনামাতেই বলা হয়েছে যে, বিভিন্ন উৎসব অনুষ্ঠান উপলক্ষে সরকারি কর্মচারিদের অতিরিক্ত ব্যয়ভার বহন করতে কিছুটা সাহায্য করার জন্য

অনধিক মাসিক হাজার টাকা মূল বেতনভোগী কর্মচারিদের ১০০ টাকা করে এক্সগ্রাসিয়া অনুদান (এক্সগ্রাসিয়া গ্র্যান্ট) মঞ্জুর করা হয়েছে।

(ঘ) এক্সগ্রাসিয়া অনুদান বাবদ ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ সালে আনুমানিক ৩ কোটি টাকা করে খরচ হয়েছে।

**শ্রম বিভাগে কর্মী নিয়োগ**

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭০০।) **শ্রী রজনীকান্ত দোলুইঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৭৯ সালের জানুয়ারি পর্যন্ত কতজন ব্যক্তি শ্রম বিভাগে চাকরি পেয়েছেন ; এবং

(খ) উহাদের মধ্যে কতজন তফসিলি জাতি ও উপজাতীয় আছেন ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) গত ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৭৯ সালের জানুয়ারি পর্যন্ত শ্রম বিভাগের অধীনে বিভিন্ন অফিসে ৪ শত ৩৮ জন বেকার ব্যক্তি চাকরি পেয়েছেন।

(খ) উহাদের মধ্যে ৬৩ জন তফসিলি জাতি এবং ছয়জন উপজাতী আছেন।

**সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচি**

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৫।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হাঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী ১৯৭৮-৭৯ সালে পশ্চিমবঙ্গের মোট কতটি ব্লককে সুসংহত উন্নয়ন কর্মসূচির (ইনটিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট) আওতায় নেওয়া হইয়াছে ;

(খ) কোন ভিত্তিতে এইসব ব্লককে ওই প্রকল্পের আওতায় আনা হইয়াছে ;

(গ) প্রতিটি ব্লকের উন্নয়নের জন্য কি পরিমাণ অতিরিক্ত অর্থ ব্যয় করা হইবে ; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের অবশিষ্ট ব্লকগুলিকে আগামী আর্থিক বছরে উক্ত প্রকল্পের আওতায় নেওয়ার কোনও পরিকল্পনা আছে?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী ১৯৭৮-৭৯ সালে পশ্চিমবঙ্গের মোট ১৬৯টি ব্লককে সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচির আওতায় নেওয়া হয়েছে।

(খ) যেসব ব্লকে মোট লোকসংখ্যার শতকরা ২০ জনের অধিক তফসিলি জাতি এবং নিম্ন ব্যয়স্তরের ও দারিদ্র সীমারেখার নিচে বসবাসকারী লোকের আধিক্য আছে সেসমস্ত ব্লককে প্রথমে সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচির প্রকল্পের আওতায় আনা হয়েছে।

(গ) ১৬৯টি ব্লকের মধ্যে ১৬৩টি ব্লকের প্রতিটিতে ৫ লক্ষ টাকা হারে এবং অবশিষ্ট ছয়টি ব্লকের প্রত্যেকটিতে ২ লক্ষ টাকা হারে উন্নয়নের জন্য সরকার থেকে ব্যয় করা হবে।

(ঘ) আগামী আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গের অবশিষ্ট ১৬৬টি ব্লকের মধ্যে ২৭টি ব্লক ব্যতীত ১৩৯টি ব্লক সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচির প্রকল্পের আওতায় আনার পরিকল্পনা আছে। উক্ত ২৭টি ব্লকের মধ্যে ১৯টি ব্লক সুন্দরবন এলাকায় এবং আটটি ব্লক পার্বত্য এলাকায় অবস্থিত এবং ঐ সমস্ত এলাকায় জন্য স্বতন্ত্র উন্নয়ন কর্মসূচি বলবৎ আছে।

### নন-রেজিস্টার্ড অ্যালোপ্যাথিক চিকিৎসক

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৪।) **শ্রী নির্মলকুমার বসু:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে নন-রেজিস্টার্ড অ্যালোপ্যাথিক চিকিৎসকের সংখ্যা কত—এ সম্পর্কে সরকারের কোনও তথ্য আছে কিনা, এবং

(খ) উক্ত চিকিৎসকগণকে জনস্বাস্থ্য সম্পর্কিত সরকারি কাজে নিয়োগ করার কোনও ব্যবস্থা আছে কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) ও (খ) না।

### চুঁচুড়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে মুসলমানদের চাকরি

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৪।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৮ সালে চুঁচুড়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত কতজন মুসলমানকে চাকরি দেওয়া হইয়াছে

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

এই পর্যন্ত খবরে ১৯৭৮ সালে চুঁচুড়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত তালিকাভুক্ত পাঁচজন মুসলমান, বেকার ব্যক্তিকে চাকরি দেওয়া হইয়াছে।

### কেশপুর থানার পারাং নদীর উপর সেতু নির্মাণ

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৫।) **শ্রী রজনীকান্ত দোলুই:** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশপুর থানার অন্তর্গত আনন্দপুর-সাহাপুর রাস্তার উপর পারাং নদীতে একটি সেতু নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ ঐ সেতুর কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**যুবকল্যাণ বিভাগে চাকরিপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা**

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৭।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৭৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত যুবকল্যাণ বিভাগে কতজন ব্যক্তি চাকরি পেয়েছেন ; এবং

(খ) তাদের মধ্যে কতজন (১) তফসিলি ও (২) উপজাতি সম্প্রদায়ভুক্ত?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উপরোক্ত সময়ে যুবকল্যাণ বিভাগে ছয়জন চাকরি পাইয়াছেন।

(খ) তাহাদের কেহই তফসিলি জাতি বা উপজাতিভুক্ত নন।

**তথ্য ও সাংস্কৃতিক বিভাগে চাকরি**

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৭৯ সালের জানুয়ারি পর্যন্ত কজনকে তথ্য ও সাংস্কৃতিক বিভাগে চাকরি দেওয়া হয়েছে ; এবং

(খ) তাদের মধ্যে কতজন তফসিলি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত?

**তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪৪ জন।

(খ) চারজন তফসিলি জাতি সম্প্রদায়ভুক্ত (কোনও উপজাতি সম্প্রদায়ভুক্ত প্রার্থীকে নিয়োগ করা সম্ভব হয় নি কারণ ঐ ধরনের কোনও উপযুক্ত প্রার্থী পাওয়া যায় নি)।

**শিল্প ও বাণিজ্য বিভাগে চাকরি**

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৯।) শ্রী **রজনীকান্ত দোলুই : শিল্প ও বাণিজ্য বিভাগের** মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৭৯ সালের ৩১-এ জানুয়ারি পর্যন্ত কতজন ব্যক্তি শিল্প ও বাণিজ্য বিভাগে চাকরি পেয়েছেন ; এবং

(খ) উক্ত ব্যক্তিদের মধ্যে কতজন তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত?

**বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৭৯ সালের ৩১-এ জানুয়ারি পর্যন্ত ১৮ জন ব্যক্তি শিল্প ও বাণিজ্য বিভাগে চাকরি পেয়েছেন।

(খ) উক্ত ব্যক্তিদের মধ্যে একজন তফসিলি জাতিভুক্ত। উপজাতি সম্প্রদায়ভুক্ত কেহই নাই।

**বিষ্ণুপুর ব্লকে কুটির শিল্পের জন্য অনুদান**

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৭১২।) শ্রী **অচিন্ত্যকৃষ্ণ রায় : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প** বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ব্লকে কি কি কুটির শিল্প আছে ও তাহার সংখ্যা কত ;

(খ) সরকার থেকে কুটির শিল্প ভিত্তিক ঐ ব্লকে কত অনুদান ১৯৭৮-৭৯ সালে দেওয়া হয়েছে ; এবং

(গ) ঐ ব্লকে কাঁচামালের কোনও সরকারি গোডাউন আছে কি?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ব্লকে কুটির ও ক্ষুদ্রশিল্প অধিকারের সহিত নথিভুক্ত যেসকল কুটির শিল্প আছে তাহার নাম ও সংখ্যা নিম্নে দেওয়া হইল :

| | | |
|---|---|---|
| (১) | কাঁসা ও জার্মান সিলভার | ৩৪ |
| (২) | কামারশালা | ১ |
| (৩) | কাঠের আসবাব | ২ |
| (৪) | বেকারি (রুটি) | ৩ |
| (৫) | কৃষি সরঞ্জাম | ২ |
| (৬) | সাইকেল মেরামতি | ৩ |
| (৭) | তাঁত | ২ |

(খ) ১৯৭৮-৭৯ সনে সরকার বিষ্ণুপুর ব্লকে কুটির শিল্পগুলিকে ১৯৭৯ সালের ২৪এ ফেব্রুয়ারি পর্যন্ত মোট ১৮,৩১০ টাকা অনুদান দিয়েছেন।

(গ) না।

### মাথাভাঙ্গা শহরে কাঠের সেতুর সংস্কার

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯১) **শ্রী সুধীর প্রামানিক:** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাথাভাঙ্গা শহরের কাঠের সেতুটির পরিবর্তে একটি নতুন সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ বাস্তবে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) ও (খ) মাথাভাঙ্গা শহরের সন্নিকটে সুতঙ্গা নদীর উপর একটি নতুন স্থায়ী কংক্রীট সেতু (আব্বাসউদ্দিন সেতু) ইতিপূর্বে নির্মিত হইয়াছে। তবে স্থানীয় জনসাধারণের প্রয়োজনের কথা বিবেচনা করিয়া ঐ শহরের কাছে সুতঙ্গা নদীর উপর অবস্থিত পুরাতন কাঠের সেতুটিকেও পুনর্নির্মাণ করিয়া চালু রাখিবার জন্য আদেশ দেওয়া হইয়াছে। আশা করা যায় আগামী বর্ষার পূর্বেই পুনর্নির্মাণ কাজ নিষ্পন্ন হইবে।

### কয়লাখনিসমূহের মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণের ব্যবস্থা

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৯।) **শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, ১৯৫৩ (পশ্চিমবঙ্গ অ্যাক্ট, ১,১৯৫৪) অনুযায়ী সকল ভূমি এবং ভূমিগর্ভস্থ কয়লাখনিসমূহের মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকারের উপর ন্যস্ত আছে কি ;

(খ) ন্যস্ত থাকিলে, উক্ত মধ্যস্বত্বাধিকারীদের কেহ কেহ ভূমির জন্য এবং ভূমিগর্ভস্থ খনিসমূহের জন্য অন্তবর্তিকালীন (অ্যাড ইন্টারিম) ক্ষতিপূরণ পাইয়াছেন, আবার কেহ কেহ কেবলমাত্র ভূমির জন্য উক্ত অন্তবর্তিকালীন ক্ষতিপূরণ পাইয়াছেন—ইহা কি সত্য ;

(গ) যে সকল ক্ষেত্রে মধ্যস্বত্বাধিকারীরা কোনওরূপ অন্তবর্তিকালীন ক্ষতিপূরণ পান নাই তাহাদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন ; এবং

(ঘ) কতদিনের মধ্যে সকল মধ্যস্বত্বাধিকারীদের সম্পূর্ণ ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হইবে?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) ও (গ) পূর্বে কয়েকটি ক্ষেত্রে ভূগর্ভস্থ কয়লাখনিসমূহের জন্য অন্তর্বর্তিকালীন বা অ্যাড ইন্টারিম ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে। বর্তমানে মহামান্য হাইকোর্টে ভূগর্ভস্থ কয়লাখনিসমূহ ভেস্ট করার ব্যাপারে একটি মামলা বিচারাধীন আছে। উক্ত মামলার রায়ের উপর ভূগর্ভস্থ খনিসমূহের ক্ষতিপূরণ দেওয়ার বিষয়টি নির্ভর করিতেছে।

(ঘ) বহু ক্ষেত্রে আদালতে মামলা বিচারাধীন থাকায় ক্ষতিপূরণ তালিকা (কম্পেনসেশন অ্যাসেসমেন্ট রোল) চূড়ান্তভাবে প্রকাশ করা সম্ভব হইতেছে না। কাজেই কতদিনের মধ্যে সম্পূর্ণ দেওয়া হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

### পশুচিকিৎসালয়

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪০।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে প্রতিটি গ্রাম পঞ্চায়েতের অধীন এলাকায় একটি করিয়া পশুচিকিৎসালয় খোলার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকের মহিমার গ্রাম পঞ্চায়েত এলাকায় কোনও পশুচিকিৎসালয় আছে কিনা ; এবং

(গ) না থাকিলে, উক্ত স্থানে কতদিনের মধ্যে খোলা যাইবে বলিয়া আশা করা যায়?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

### হরিপাল ব্লক যুবকেন্দ্র স্থাপন

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৮।) **শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার হরিপাল ব্লকে "ব্লক যুবকেন্দ্র" সংস্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ এই পরিকল্পনা কার্যকর হবে?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) যথেষ্ট ব্যয়-বরাদ্দ মঞ্জুরি সাপেক্ষে পরবর্তী আর্থিক বৎসরে এই পরিকল্পনা কার্যকর করা যাবে।

## ADJOURNMENT MOTION

[2-00 — 2-10 P.M.]

**মিঃ স্পিকার ঃ** আমি আজ শ্রী কাশীকান্ত মৈত্র সহ ২৬ জন সদস্য, শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি, শ্রী সুনীতি চট্টরাজ, শ্রী সত্যরঞ্জন বাপুলি এবং শ্রী হবিবুর রহমান এবং ডাঃ জয়নাল আবেদিনের কাছ থেকে ছয়টি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। সমস্ত মুলতুবি প্রস্তাবগুলিরই আইন ও শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। তাছাড়া সদস্যেরা বর্তমানে বাজেট বিতর্কে এ সম্পর্কে আলোচনা করার যথেষ্ট সুযোগ পাবেন। উপরোক্ত কারণে আমি সমস্ত মুলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে সদস্যেরা ইচ্ছা করলে সংশোধিত মুলতুবি প্রস্তাবগুলি পড়তে পারেন। শ্রী সুনীতি চট্টরাজের মুলতুবি প্রস্তাব অন্যান্য বিষয়ের সঙ্গে শ্রী সত্যরঞ্জন বাপুলির, ডাঃ জয়নাল আবেদিনের মুলতুবি প্রস্তাবের বিষয়টিও উল্লিখিত আছে। তাই আমি শ্রী বাপুলির এবং ডাঃ জয়নাল আবেদিনের মুলতুবি দুটি পড়বার অনুমতি দিচ্ছি না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৬ জন সদস্যের যদি ইচ্ছা থাকে তারা যদি হাত তোলেন তাহলে আপনি এই বিষয় নিয়ে আলোচনা করতে দিতে পারেন।

**মিঃ স্পিকার ঃ** আমি অ্যাডজর্নমেন্ট মোশন ডিসঅ্যালাউ করতে পারি। আমি যদি অ্যালাউ করি তাহলে ২৬ জন সদস্যকে হাত তুলে সমর্থন জানাতে হবে। আপনার এই বাজেট সেসনে গভর্নরের স্পিচ-এর উপর, জেনারেল ডিসকাশন অব দি বাজেট, পুলিশ বাজেট এবং জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এর বাজেট-এর উপর এই ল অ্যান্ড অর্ডার নিয়ে আলোচনা করতে পারেন। কাজেই আবার যদি ল অ্যান্ড অর্ডারের উপর মুলতুবি প্রস্তাব এনে আলোচনা করতে চান তাহলে আমার পক্ষে সেটা অ্যালাউ করা সম্ভব নয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আপনি অনেকগুলি মুলতুবি প্রস্তাব পেয়েছেন একই বিষয়ের উপর। আপনি কাল থেকে হাউসের ফিলিংস বুঝেছেন। স্যার, আমি জানি আমরা যে সমস্ত ইনসিডেন্টের কথা বলেছি সে সম্বন্ধে বাজেট আলোচনায় ডিসকাশনের সুযোগ পাব। কিন্তু সকলে মিলে যখন এই ব্যাপারটা তুলেছেন তখন আপনি যদি অনুগ্রহ করে আলোচনা করার সুযোগ দেন তাহলে ভাল হয়। আমরা ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন তুলেছি এবং এটা একটা গুরুতর বিষয়। কাজেই আপনি যদি এগুলি গ্রহণ করে আমাদের আলোচনা করার সুযোগ দেন তাহলে সব দিক্ থেকেই ভাল হয়। নাহলে এটা ধামাচাপা দেওয়া হবে।

**মিঃ স্পিকার ঃ** আপনারা যে প্রশ্ন তুলেছেন তাতে আমি আপনাদের বলেছি যে, আপনারা এই ব্যাপার নিয়ে এই বাজেট সেসনে গভর্নরের স্পিচ-এ, জেনারেল ডিসকাশন অব দি

বাজেট, পুলিশ বাজেট এবং জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এর বাজেটে আলোচনা করতে পারবেন। আপনার সেই অপারচুনিটি পেয়েছেন এবং আবার পাবেন। গতকালের ব্যাপারে আপনারা আমাকে বারবার ইনসিস্ট করেছিলেন এবং আমি সেইজন্য চিফ মিনিস্টারের সঙ্গে যোগাযোগ করেছিলাম এবং তাকে বিষয়টা বলেছি। চিফ মিনিস্টার আমাকে বলেছেন পুরুলিয়া থেকে রিপোর্ট পেলেই তিনি হাউসে একটা বিবৃতি দেবেন। আপনাদের বক্তব্য চিফ মিনিস্টারকে বলায় তিনি আমাকে বলেছেন ঘটনাস্থলের সঙ্গে যোগাযোগ করে যখনই তিনি ওয়াকিবহাল হবেন তখনই তিনি এই ব্যাপারে জবাব দেবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি জিনিসটা ক্ল্যারিফাই করেছেন, কিন্তু সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে গণতন্ত্র রক্ষা হচ্ছে না এটা আমরা ফিল করছি। বাজেট ওয়াইজ আলোচনা করবার সময় এগুলি বলে কিছু হবে না। কাজেই যেগুলি বার্নিং প্রবলেম সেগুলি নিয়ে আলোচনা করবার যদি সুযোগ আমাদের দেন তাহলে আমরা আলোচনা করতে পারি। এই ব্যাপার নিয়ে ডিটেল্ড ডিসকাশনের প্রয়োজনীয়তা আছে কারণ দিনের পর দিন ল অ্যান্ড অর্ডার ডেটোরিয়েট করছে। যেদিন থেকে বিধানসভা বসেছে সেদিন থেকে একটা বিষয়ের উপরেও আমরা আলোচনা করার সুযোগ পেলাম না এবং আমাদের একটা বিষয়ও চেয়ার থেকে অ্যাকসেপটেড হল না।

**মিঃ স্পিকার ঃ** বিগত সেসনে আপনার যে দুটি গুরুত্বপূর্ণ প্রস্তাব উত্থাপন করেছিলেন এবং চাওয়ার সঙ্গে সঙ্গেই গভর্নমেন্ট এগ্রিড। আগে যে আলোচনা হয়েছিল তাতে আপনারা মরিচঝাঁপি নিয়ে আলোচনা করতে চেয়েছিলেন, গভর্নমেন্ট এগ্রিড, একটা ফিক্সড ডেটে আলোচনা হয়েছে। আলোচনা হয়নি একথা বলতে পারবেন না। আপনাদের অ্যাডজর্নমেন্ট দিয়ে সেটা অ্যাকসেপটেড হলে সেটার উপরেই আলোচনা করতে হবে এমন কোনও কথা নেই। আপনারা গুরুত্বপূর্ণ বলে বলছেন, আগের সেসনেও হয়েছে দেখবেন। সেদিন আপনারা বলেছিলেন আমি রিকোয়েস্ট করেছিলাম, মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয় বললেন যে অ্যাডজর্নমেন্ট মোশন অ্যাকসেপটেড হয়নি কিন্তু আমি নাকচ করা সত্ত্বেও চিফ মিনিস্টারকে বলেছিলাম, তিনি স্টেটমেন্ট দিয়েছিলেন। আমি চিফ মিনিস্টারকে বলেছিলাম দিস ইজ দি ফিলিং অব দি অপোজিশন আপনি বলুন, হি এন্টারটেন্ড, একদিন আলোচনা হয়েছে। কাজেই একেবারে অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েই সেটাকে আমাকে দিয়ে অ্যাকসেপ্ট করিয়ে তার উপর আলোচনা করতে হবে সেই রকম কোনও বিধান লেখা নেই। আমি সেইভাবে করছি না।

**শ্রী সন্দীপ দাস ঃ** আমি অতীতে আপনার কাছে কতকগুলি প্রিসিডেন্ট দিয়েছিলাম, তখন বলেছিলেন সবাই মিলে যদি এতগুলি অ্যাডজর্নমেন্ট মোশন দেন তাহলে আমি কি করে সিলেক্ট করব। আমি অতীতের অনেকগুলি প্রিসিডেন্ট আপনাকে দিয়েছিলাম, একদিন হাউসে আমি পুরানো কার্য বিবরণী ঘেঁটে দিয়েছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী তখন বিরোধী দলে ছিলেন, তিনি, মাননীয় সদস্য যতীন চক্রবর্তী, একজন ফরওয়ার্ড ব্লক নেতা, পি এস পির নেতা প্রফুল্ল ঘোষ একসঙ্গে আলাদাভাবে দিয়েছিলেন কিন্তু বিষয় এক। স্পিকার তারজন্য একটা সময় ধার্য করেছিলেন এবং বাজেট সেসনেই আলোচনা হয়েছিল। তার আগের সেসনে বিশ্বনাথ বাবুর অ্যাডজর্নমেন্ট মোশনের উপর আলোচনা হয়েছিল। তিনি তখন অপোজিশনে

ছিলেন আরও কয়েকটি প্রিসিডেন্ট আপনাকে দিয়েছিলাম। প্রশ্ন হচ্ছে আপনি বলেছেন ঠিকই যে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন বা পুলিশ বাজেটে আলোচনা করা যায় কিন্তু বিশেষ একটা ঘটনা ঘটেছে যাতে অপোজিশনের একটা ফিলিং, এই ঘটনায় এনটায়ার অপোজিশন তারা অত্যন্ত ক্ষুব্ধ, মর্মাহত, এই ব্যাপারে যদি আধ ঘণ্টা আলোচনা হয়, আপনি যদি অনুগ্রহ করে আলোচনা করতে দেন তাহলে কিন্তু এই বিষয়টার উপর অপোজিশনের ওপিনিয়ন এক্সপ্রেস করতে পারে, মাননীয় মুখ্যমন্ত্রী তার একটা জবাব দিতে পারেন, প্রতিশ্রুতি দিতে পারেন এই ব্যাপারে তিনি প্রতিবিধান করবেন এবং ভবিষ্যতে এই ধরনের ঘটনার আর পুনরাবৃত্তি হবে না। এর উপর আলোকপাত মুখ্যমন্ত্রী করতে পারবেন। এই ভিত্তিতে আমি আপনাকে অনুরোধ করছি আপনি এই অ্যাডজর্নমেন্ট মোশনটা গ্রহণ করুন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি, বাজেট সেসনে এটা আলোচনা করার সুযোগ আছে সেইজন্য আপনি অ্যাডজর্নমেন্ট মোশন অ্যালাউ করছেন না। স্যার, দুটি একজাম্পল আপনাকে দিচ্ছি ১৯৬৬ সালের ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলিং প্রসিডিংস ভলিউম এক্স এল ২২-১, ডেটেড ১৭।২।৬৬, পেজেস ৭ থেকে ১৩ আপনি দেখবেন। আবার স্যার, ওয়েস্ট বেঙ্গল অ্যাসেম্বলি প্রসিডিংস, ভলিউম এক্স এল ২২-৩, ডেটেড ১৮/২/৬৬, পেজেস ৪৭-৪৮, এখানে স্যার, বাজেট সেসনে ৬৬ এ অ্যাডজর্নমেন্ট মোশন অ্যালাউ করা হয়েছে বিশেষভাবে আলোচনা হয়েছে। স্যার, আপনি যে একজামপল্টা দিলেন, অ্যাডজর্নমেন্ট মোশন আপনি অ্যালাউ করেননি মুখ্যমন্ত্রীকে ধামাচাপা দেবার জন্য যুক্তি দিয়েছেন। আপনি অ্যাডজর্নমেন্ট মোশন অ্যালাউ করছেন না কিন্তু এটা একটা সিরিয়াস ব্যাপার, পশ্চিমবঙ্গে ল অ্যান্ড অর্ডার নেই। আপনি স্যার, আলোচনার সুযোগ দেবেন না অথচ আসাম, গুজরাট, মধ্যপ্রদেশ, মণিপুর, মহারাষ্ট্রে বাজেট সেসনে আলোচনা হয়েছে, ওয়েস্ট বেঙ্গলে হয়েছে, ওয়েস্ট বেঙ্গলের স্পিকাররাই দিয়েছেন। আপনি অ্যাডজর্নমেন্ট মোশন কোনও সেসনেই অ্যালাউ করছেন না বাজেট সেসন তো দূরের কথা। তাঁকে একটু চিন্তা করতে বলছি, অনুরোধ করছি এই সিরিয়াস প্রশ্নগুলির—জয়নাল আবেদিন সাহেব, কাশীকান্ত মৈত্র যে অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েছেন তার যেকোনও একটা বেছে নিন। আপনি অ্যাডজর্নমেন্ট মোশন অ্যালাউ করুন, ন্যায় বিচার করুন বিরোধী দলের উপর। নইলে বলুন সরকার পক্ষ যেটা বলবে সেটা আমরা মেনে নেব, বিরোধী দলের সদস্যরা যেটা দেবে সেটা আপনারা মানবেন না। এটা বলে দিন আমরা বুঝে নিই।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, অ্যাকচুয়েলি ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন এখানে উঠেছে, আজকে বিভিন্ন জায়গায় হচ্ছে, সি পি এম কর্মী-র কথা হাওড়ার পতিতপাবন পাঠক উল্লেখ করেছেন, রেগুলারলি ইনসিডেন্ট হচ্ছে, আপনি বাজেটের উপর আলোচনা করতে বলেছেন, বাজেটের আলোচনা সীমাবদ্ধ। সিচুয়েশন আজকে যা হয়ে উঠেছে, অ্যাকচুয়েলি সিচুয়েশন যেভাবে ক্রপ আপ করেছে, তাতে আপনি আলোচনার জন্য সময় দিলে ভাল হয়।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** আমার মনে একটা প্রশ্ন এসেছে কাশীকান্তবাবু এবং সুনীতি বাবু তাদের পোষাক অদল বদল করেছেন, তাদের মনেরও তাই হয়েছে কিনা, সেটাই আমার

মনে প্রশ্ন জেগেছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, যে যে পোষাকই পরুক না কেন, নিজের ইচ্ছামতো পরবেন, কিন্তু যদি কেউ এই নিয়ে কটাক্ষ করে আমি আপনাকে অনুরোধ করব যে আপনি তাকে তার কথাটা উইথড্র করতে বলুন, অথবা এটা এক্সপাঞ্জ করে দিন।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনি যেটা এডিট করে দিয়েছেন, সেটাই আমি পড়ব, কিন্তু পড়বার আগে একটা কথা আমি আপনাকে জানাতে চাচ্ছি। আমার মনে এই প্রশ্নটা কয়েকদিন ধরেই এসেছে এবং আমি যে সম্বন্ধে ভাবছি সেটা আপনাকে বলছি। আমাদের হাউসে মাইক্রোফোনগুলি কার নির্দেশে চলে? এর আগেও আপনি দেখেছেন আপনি বিরোধী দলে ছিলেন, বিশেষত আপনি বামপন্থী স্পিকার। আর একটা জিনিস আমার কাছে অদ্ভুত ঠেকছে এত স্পেশ্যাল ব্রাঞ্চের সাদা পোষাকের পুলিশ আগে দেখা যায়নি, অতীতে সব সংখ্যা ছাড়িয়ে গেছে। এখন এই মাইক্রোফোনগুলি কন্ট্রোল করে কারা? যদি আপনি বলেন বলতে পারবেন না, আমরা তা মানতে বাধ্য, আপনার কাছে অনুরোধ আপনি যে নির্দেশ দেবেন তা আমাদের মানতে হবে, তার পরিপূর্ণ মর্যাদা আমরা দেব, কিন্তু কে হাত নাড়লে মাইক বন্ধ হয়ে যাচ্ছে? এটা কে করছে? মাননীয় স্পিকার মহাশয়, এটা আপনাকে বলছি, আপনি দেখুন।

**মিঃ স্পিকার ঃ** আমাকে হাত নাড়তে হচ্ছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আপনার কাছে অনুরোধ যে কোনও স্পিকারই হোন এ দলেরই হোন, আর ও পক্ষেরই হোন যখনই দাঁড়াবে মাইক চালাতে হবে। স্পিকার মহাশয়, আপনি যাকে বসিয়ে দেবেন, তাকে বসতে হবে

(নয়েজ)

আমি বলছি এজন্য সুতরাং আপনার কাছে আমি প্রটেকশন চাইছি।

**মিঃ স্পিকার ঃ** যখন ১২ জন এক সঙ্গে বলতে থাকেন।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** এক সঙ্গে দাঁড়ালেও মাইক বন্ধ করবার অধিকার ঐ কাচের ঘরে যারা বসে আছে , তাদের নাই, কতকগুলি কর্মচারী আমাদের অধিকার ক্ষুন্ন করতে পারেনা, প্রত্যেক সদস্যেরই বলবার অধিকার আছে। আপনি বলে দিন মাইক কন্ট্রোল করছে কে?

**মিঃ স্পিকার ঃ** আমি তো দেখছি, আপনি বলছেন, মাইক ওয়ার্ক করছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাব কাজ মুলতুবি রাখছে। বিষয়টা হল, পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলা ক্রমশ অবনতির দিকে। বিরোধী দলভুক্ত নেতা এবং কর্মী ও সমর্থকদের জীবন, সম্পত্তি নিরাপদ নয়। গ্রাম বাংলার বিভিন্ন

এলাকায় একটা রাজনৈতিক দলের ক্যাডারদের আক্রমণে বিরোধীরা দিশেহারা। বিরোধী কর্মী, সমর্থক এবং এম এল এরা বিপন্ন। কলকাতার প্রকাশ্য রাজপথে বিরোধী দলভুক্ত কর্মীকে বাস থেকে টেনে নিয়ে খতম করা হয়েছে। শুধুমাত্র সঠিক বিবরণ পাঠাবার অপরাধে বিভিন্ন পুলিশ অফিসার নিগৃহীত, তিরস্কৃত এবং তারা শাস্তি পেয়েছেন। ইহাতে পুলিশ বাহিনীর মনোবল ভেঙ্গে পড়েছে, বিরোধী দলগুলি জনসভা করতে পারে নি। তাদের গণতান্ত্রিক অধিকার ক্ষুন্ন করে সারা রাজ্যে সন্ত্রাস সৃষ্টি করা হয়েছে। শুধু পুরুলিয়া আদ্রায় জনৈক সংসদ সদস্যের মিটিংয়ে প্রচার করতে গেলে জনৈক বিরোধী দলের কর্মীকে হত্যা করা হয়েছে। পুলিশ সর্বত্র নিষ্ক্রীয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাও দুঃখের বিষয়, এডিট তো হয়, এডিট করতে যেয়ে নাম থাকলে কোনও অসম্মান হত না। এইটা নিয়ে বিরোধী দলের সেন্টিমেন্ট আপনি বুঝেছেন যে নিমাই কর্মকার তাকে পিটিয়ে হত্যা করা হয়েছে। এটা যে কেন হল তা বুঝেছি। এডিট করার মানেটা কি। এটা তো অদ্ভুত। আপনি অ্যাডজনমেন্ট মোশন অ্যালাউ করবেন না, আলোচনা অ্যালাউ করবেন না, কিন্তু যাকে পিটিয়ে হত্যা করা হল, তার নামটা পর্যন্ত বাদ চলে গেল। কালকে প্রত্যেকে আমরা বলেছি এর নাম নিমাই কর্মকার। এই নিয়ে অনেক আলোচনা হয়ে গিয়েছে। তারপরেও এই নামটা কেন বাদ গেল। এটা খুবই দুঃখের। যারা এডিট করছে তারাই তো দেখছি out herod & herocl তাদের উপর ছেড়ে দিতে চান কি? আপনি তো আমাদের রক্ষা করবেন স্যার। এটা কেন হচ্ছে?

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় স্পিকার স্যার, এখানে কিছুক্ষণ আগে অনেক কিছু বলা হয়েছে। যেমন বলা হল, লাউডস্পিকারকে কন্ট্রোল করে, অনেক আই. বি-র লোক, পুলিশের লোক—সব আছে, অনেক রকম আছে। তারপর, মাননীয় কাশীকান্তবাবু বিরোধী দলের নেতা উনি হাউসে, উনি এডিট করা নিয়ে কিসব বললেন। তার মধ্যে শ্রী সুনীতি চট্টরাজ গণশক্তির এডিটের কথা বললেন। এই সমস্ত ব্যাপার হচ্ছে। এগুলো আপনার উপর অ্যাসপারসন হচ্ছে, কারণ এই সমস্ত ব্যাপার আপনার আওতায় পড়ে। এটা কোনও সদস্যের ব্যাপার নয়, কোনও গভর্নমেন্টের ব্যাপার নয়। আমি মনে করি এইসব যে বক্তব্য রেখেছেন খবরের কাগজের লোক আছে এইসব ছাপাবে। নানা রকম ডিসরেসপেক্ট করা হয়েছে হাউসে আপনার প্রতি। এইটা আপনার প্রতি অসম্মান এইটা যদি মাননীয় সদস্যরা উইথড্র করে নেন খুবই ভাল। কারণ, অভিযোগ সত্য নয়। কারণ আমরা দেখছি কি কিছুদিন থেকে বিরোধী দলের সদস্য যারা আছেন তারা আপনাকে ব্লেম করে যাচ্ছেন। যেমন আপনি পক্ষপাতিত্ব করছেন, আপনি সাইড নিচ্ছেন, তাদের অপারচুনিটি দিচ্ছেন না। এইরকম নানারকম অভিযোগ করে যাচ্ছেন।

(গোলমাল)

[2-20 — 2-30 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাব এই রকম। জনসাধারণের পক্ষে গুরুত্বপূণ এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত

তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টা হল, হাওড়া শহরের উত্তরাঞ্চলে বিগত পরশু দিন ৫-৩-৭৯ তারিখ থেকে নিরীহ, নির্বিরোধ জনসাধারণের উপর অবর্ণনীয় হিংসাশ্রয়ী অত্যাচার চলছে। বাড়িঘর, দোকানপাট অবলীলাক্রমে লুঠ করা হয় এবং লুঠ করে দোকান এবং বাড়িঘরে অগ্নি সংযোগ করা হচ্ছে। পুলিশ এবং প্রশাসনকে নিষ্ক্রীয় করে রাখা হয়েছে। গুন্ডাবাহিনী এবং তাদের আশ্রিত সমাজ বিরোধীদের জঘন্য নিষ্ঠুর আঘাতে একজন ২২ বছরের তরুণ প্রাণ হারিয়েছেন। এই জঘন্য অত্যাচারের মুখে পুলিশ নিষ্ক্রীয়। স্যার, এই নামটা দিয়েছিলাম। এখানে ২২ বছরের তরুণ কংগ্রেসি কর্মীর নাম ছিল—সরোজ বসু। এটা এখানে কাটা গেছে। যিনি মারা গেছেন অন্তত তার নামটা থাকুক যেটা আমার বক্তব্যে ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে অনুরোধ করব নামটা আপনি এর মধ্যে রাখুন ২২ বছরের তরুণ কংগ্রেস কর্মী সরোজ বসু-এই নামটা যেন থাকে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন মন্ত্রী তার বক্তৃতা রাখার সময় বললেন যে আমরা নাকি আপনাকে অবমাননা করি হাউসকে অসম্মান করি। কিন্তু স্যার, মন্ত্রী মহাশয়ের এই বক্তব্য আপনার বিরুদ্ধে আসপারসন। উনি যে বক্তব্য রাখলেন তাতে মনে হল আপনি যেন হাউস চালাতে পারছেন না। তাহলে কি স্যার, আমাদের অভাব অভিযোগ আপনার কাছে বলতে পারব না। ওরা আমাদের বেঁধে মারবেন আর আমরা মুখ বন্ধ করে বসে থাকব? কোনও কথা বলা চলবে না। স্যার, দিস ইজ এ প্রিভিলেজ আপনার এগেনস্টে এই সব কথা বলা হয়েছে। আমাদের এবং হাউসের প্রিভিলেজ নষ্ট হয়েছে।

**শ্রী হবিবুর রহমান ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—পশ্চিমবাংলায় এই সরকার ক্ষমতায় আসার পর রাজ্যে আইন শৃঙ্খলা একেবারে ভেঙ্গে পড়েছে। প্রতিদিন চুরি ডাকাতি, খুন লেগেই আছে, রাজ্যের সাধারণ মানুষ ভীত সন্ত্রস্ত। বিরোধী রাজনৈতিক দলের প্রতিবাদ করবার বা প্রতিবাদে শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন করবার অধিকারটুকুও আজ লোপ পেতে চলেছে। সরকারের দুর্নীতিও সন্ত্রাসবাদের প্রতিবাদে বর্ধমান জেলার কেতুগ্রাম থানার পঞ্চাটিকুরিতে বিরোধি দল শান্তিপূর্ণভাবে ও গণতান্ত্রিক পদ্ধতিতে অনশন করার উদ্দেশ্যে ১২টা থেকে নির্ধারিত স্থানে জমায়েত হতে থাকেন। তখন প্রায় ২/৩ হাজার গুন্ডাবাহিনী লাঠি, বর্শা, টাঙ্গি নিয়ে আন্দোলনকারীদের এক্স ম্যাজিস্ট্রেট, থানার অফিসার প্রভৃতির উপস্থিতিতে আক্রমণ করেন। প্রাক্তন এম এল এ শ্রী প্রভাকর মন্ডল সাংঘাতিকভাবে জখম হন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী এখন হাউসে আছেন। বিরোধী দলের পক্ষ থেকে একাধিকবার খুন জখম হত্যা লুঠ রাহাজানি এই জাতীয় মুলতুবি প্রস্তাব রাখছেন। আপনি মুলতুবি প্রস্তাবে অক্ষমতা জ্ঞাপন করেছেন। আমরা আপনার রুলিং মেনে নিয়েছি। আমি শুধু আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব মুলতুবি প্রস্তাব যদি একান্ত অসম্ভব হয় তাহলে এই রকম ডিসকাশন কি সম্ভব নয় যেখানে বামফ্রন্ট সরকারের অন্যান্য দলের সকলে থাকবেন এবং বিরোধী দলের সদস্যরা থাকবেন, এই রকম একটা

আলোচনা করার অ্যাসিওরেন্স তিনি কি ঘোষণা করতে পারেন না। এই জাতীয় খুন জখম চুরি রাহাজানি হচ্ছে, অপোজিশনরা এই সব বলছে সে সম্বন্ধে তিনি একটু আলোচনাও করতে পারেন না। অপোজিশনকে এইভাবে ইগনোর করার নজির খুব কম আছে। আমি আবার মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব এই রকম ব্যবস্থা সরকার পক্ষ থেকে গ্রহণ করা সম্ভব কিনা সেটা দেখার জন্য। এই কথাই আমি আপনার মাধ্যমে এই হাউসে রাখছি।

**মিঃ স্পিকার :** আমি আপনাদের সমস্ত বক্তব্যই চিফ মিনিস্টারকে কনভে করেছি এবং করি। এখন চিফ মিনিস্টার নিজেই এখানে উপস্থিত আছেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল সাহেব যে কথা বলেছেন—আমিও আপনার মাধ্যমে অনুরোধ করছি হাউসের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী এখানে রয়েছেন, তিনি অন্তত এই ব্যাপারে একটা স্টেটমেন্ট দিন—জয়নাল সাহেব যেভাবে বলেছেন যে এই ধরনের খুনোখুনি এবং হত্যা বন্ধ হবে, এই রকম একটা অ্যাসিওরেন্স তিনি দিন এবং আমাদের সাথে একটা আলোচনায় বসার ব্যবস্থা করুন—এই ধরনের একটা স্টেটমেন্ট তিনি দিন।

**শ্রী হবিবুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন বিধানসভা চলছে। প্রতিদিনই আমরা এখানে একটির পর একটি খুনের খবর উল্লেখ করছি। বিধানসভা চলাকালীন এই সমস্ত খুন খারাপি যদি চলতে থাকে, এর যদি প্রতিকার না হয় তাহলে জনসাধারণ আমাদের এখানে কিসের জন্য পাঠিয়েছে? আমরা যদি গণতান্ত্রিক অধিকার, সভা সমিতি করার অধিকার, আন্দোলন করার অধিকার না পাই জনসাধারণ বলছেন বিধানসভায় কেন এসেছি বিধানসভা চলছে, একটির পর একটি খুন খারাপি চলবে, এর কি কোনও প্রতিকার হবে না? জনসাধারণ আমাদের এখানে কেন পাঠিয়েছেন? আমরা এখানে কেন আসছি?

**শ্রী কাশীকান্ত মৈত্র :** আলোচনা চলুক, আমার শুধু এটুকু নিবেদন, আমাদের বক্তব্য সরকার গ্রহণ করলেন না—সরকার আলোচনা চালাক, আমাদের মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী তার বাজেট প্লেস করবেন, কিন্তু আমি আপনার কাছে জনতা দলের পক্ষ থেকে জানাচ্ছি যে জনতা দলের সদস্য যারা আজকে নাম দিয়েছিলেন এই আলোচনায় অংশ নেবেন বলে, তারা কেউ বক্তৃতা করবেন না। আমরা হাউস থেকে চলে যাচ্ছি এবং এই ব্যাপারে আমরা সরকারের অগণতান্ত্রিক আচরণের প্রতিবাদে বিধানসভার লবিতে ২৪ ঘণ্টার জন্য অনশন করছি। আপনাকে আমরা এই কথা জানিয়ে যাচ্ছি যে আলোচনায় অংশ নেব না।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আপনার মাধ্যমে যে বক্তব্য নিবেদন করলাম লিডার অব দি হাউস-এর কাছে— সরকার পক্ষ যেভাবে বিরোধী দলের অভিযোগগুলিকে ইগনোর করলেন, এরই প্রতিবাদে আজকে পূর্তমন্ত্রী মহোদয়কে বাজেটে আমাদের দলের তরফ থেকে কেউ অংশ গ্রহণ করবে না এবং যে অবহেলা দেখানো হচ্ছে তারই প্রতিবাদে আমরা হাউস থেকে নিজেদের প্রত্যাহার করে নিয়ে লবিতে ২৪ ঘণ্টায় জন্য অনশন করছি।

**শ্রী হবিবুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গণতান্ত্রিক অধিকার নিয়ে এখানে অংশগ্রহণ করতে পারছি না। আজকে যে সময় বিধানসভা চলছে ঠিক সেই সময় বিধানসভার

বাহিরে একটা সন্ত্রাসের রাজত্ব [illegible] করেছি, কিন্তু প্রতিকার পাচ্ছি না [illegible] যতীনবাবুর প্রস্তাবিত বাজেটে [illegible] সেই নাম আমরা প্রত্যাহার করে নিচ্ছি এবং [illegible] অংশ গ্রহণ করছি।

(At this stage the members of the Congress (I) Bench walked out of the Chamber)

## Calling Attention to Matters of Urgent Public Importance

**অধ্যক্ষ মহোদয়ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

| | | |
|---|---|---|
| ১. | অপারেশন বর্গার মধ্যে জাল বর্গাদার সৃষ্টি | শ্রী সুনীতি চট্টরাজ |
| ২. | মরিচঝাঁপি উদ্বাস্তুদের অর্থনৈতিক অবরোধ | শ্রী সুনীতি চট্টরাজ |
| ৩. | মালি পাঁচ আইন শৃঙ্খলার অবনতি | শ্রী সুনীতি চট্টরাজ |
| ৪. | পুরুলিয়া জনতা কর্মী খুন | শ্রী সুনীতি চট্টরাজ |
| ৫. | ৬ই মার্চ হাওড়া বাঁধাঘাটের কাছে অনেক কংগ্রেস কর্মী নিহত | শ্রী সুনীতি চট্টরাজ |
| ৬. | গত ৩১শে জানুয়ারি মরিচঝাঁপি ১২ জন উদ্বাস্তু কুমীরমারিতে গুলি করে হত্যা | শ্রী সুনীতি চট্টরাজ |
| ৭. | ১৯৭৮ সালের বি এ, বি এস সি পরীক্ষা ফল প্রকাশে অনিশ্চয়তা | শ্রী জন্মেজয় ওঝা |
| ৮. | ট্যাক্সি, মিনিবাস এবং বাসের ভাড়ায় সরকারের ভরতুকি, প্রদানের ব্যবস্থা | শ্রী সত্যরঞ্জন বাপুলি |
| ৯. | Bus accident at Chitpore Bridge on Tuesday morning | Shri Md. Soharb & Shri Satya Ranjan Bapuli |
| ১০. | Murder of one Mrs. Rama Pal in her flat at Paikpara, Calcutta | Shri Md. Sohorab |
| ১১. | Incidence of firing from pipe guns at Harna Village in Murshidabah district | Shri Md. Soharab. |
| ১২. | রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার অব্যবস্থা | শ্রী প্রবোধ পুরকায়েত |

আমি ১৯৭৮ সালের B.A., B. Sc. পরীক্ষার ফল প্রকাশে অনিশ্চয়তা বিষয়ের উপর শ্রী জন্মেজয় ওঝা কর্তৃক আনীত নোটিশ মনোনীতি করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন নিতে পারেন।

**Shri Bhabani Mukherjee:** On the 12th March, 1979.

[2-30 — 2-40 P.M.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, my attention has been drawn to a reference on the floor of the Assembly House yesterday to an incident of assault of one Shri Nemai Karmakar at Barabagan, P.S. Raghunathpur, dist, Purulia. I am giving an account of the incident that had taken place.

On 28.2.79, at about 11.15 hours, Bijay Choubey and Durga Pada Choubey lodged an inforamation with the Raghunathpur P.S. that they had seen one Nemai Karmakar lying seriously injured near the House of one Shrimati Malati Baruri of Barabagan. Police went to the spot and found Nemai Karmakar lying injured near the house of Malati Bauri. He was taken to Raghunathpur public health centre and therefrom to Adra Railway Hospital in the Thana jeep. Nemai Karmakar expired at Adra Railway Hospital on 1.3.79.

During enquiry it transpired that Nemai Karmakar was assaulted by Magaram Bauri, Ram Krishna Bauri and others. Shri Karmakar, aged about 30/35 years, is reported to have had such relationship with Shrimati Malati Bauri, which was resented by the members of the Bauri community of the village, as she had been given in marriage to a member of the same community but was deserted by the husband. In a "Salish" type of meeting held in the village by Shri Magaram Bauri, Shri Nemai Karmakar was compelled to pay of fine of Rs.300/- for his relationship with Shrimati Malati Bauri. There was a considerable local resentment over the affairs. It my also be added that Shri Karmakar was suspected in a number of cases under Raghunathpur P.S. and in the course of investigation of one such case, the Investigation Officer had been to the house of Shrimati Malati Bauri in search of Shri Nemai Karmakar. Since then, it is reported, Shri Nemai Karmakar used to visit the house of Shrimati Malati Bauri during day time only.

On the date of the incident, Shri Nemai Karmakar had been to Shrimati Malati Bauri's house in the morning and stayed there for 2 hours. As soon as he came out of the house, Shri Magaram Bauri, Shri

Ram Krishna Bauri and 12/13 others of the village appeared before the house of Shrimati Malati Bauri with axe, iron rods etc. Shri Nemai Karmakar took shelter inside the house and closed the door. But the assailant took held of him and inflicted the injuries leading ultimately to his death.

The reports received indicate that Shri Nemai Karmakar did not belong to any political party. It was a more coincidence that this unfortunate incident took place when Shri P.C. Sen, M.P. was to visit Adra. It was also not a fact that Nemai Karmakar went to the village Barabagan to mobilise the villagers to attend the meeting.

A case has been registered. Investigation is proceeding. Efforts are being made to arrest the culprits. I may only add at this stage that the incident has nothing to do with any political antagonism of any kind. The murder, unconnected with politics, seems to be the offshoot of amorous activities of Shri Nemai Karmakar to which exception was taken by the members of the Bauri community of the Village.

I may also request you, Mr. Speaker, to hand over the letter which was read yesterday by one of our members. From the Congress (I) member of that area, it was stated that the letter was a faked letter and not written by the person who is purported to have written that letter. So, I have to make an enquiry. I have already made a preliminary enquriy and found that it was not a faked letter. It was a correct letter. In any case, if the letter is handed over to me then I shall make further investigation.

## MENTION CASES

**শ্রী সমরকুমার রুদ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কলকাতার ২ জন মণীষীর দুটি বাড়ি অধিগ্রহণ করার ব্যাপারে খুব গুরুত্বপূর্ণ একটা দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী, আমাদের পূর্তমন্ত্রী, আমাদের শিক্ষা মন্ত্রী এবং আমাদের মাননীয় তথ্য মন্ত্রীর। ব্যাপারটা হচ্ছে ৮৫ নম্বর রামমোহন সরণীর এই বাড়িটা রাজা রামমোহন রায়ের, একজন ভারতের বিখ্যাত সমাজ সংস্কারকের। ১৯৭২ সালে হাইকোর্টের যিনি চিফ জাস্টিস, তিনি এবং ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র এবং [illegible]—এরা সকলে মিলে একটা সিদ্ধান্ত করেন যে রাজা রামমোহন রায়ের বাড়িটা অধিগ্রহণ করে নেওয়া হবে। ১৯৭৫ সালে ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র একটা [illegible] করেন এটাকে রামমোহন মহিলা কলেজ করার জন্য ১৯৭৭ সালে আমাদের পূর্তমন্ত্রী এবং তথ্য মন্ত্রী উপস্থিত ছিলেন একটা সভাতে এবং সেখানেও এই সিদ্ধান্ত করা হয় ১৯৭৮ সালের [illegible] একটি এই রকম সিদ্ধান্ত হয়। কিন্তু দুঃখের কথা, আজ পর্যন্ত রাজা রামমোহন রায়ের সেই বাড়িটা গ্রহণ করা হয় নাই এবং ১৫ লক্ষ টাকা দাবি হয়েছে, এই দাবির মধ্যে কেন্দ্রীয় সরকার ১২ লক্ষ টাকা

দিতে রাজি হয়েছেন, আর ৩ লক্ষ টাকা আমাদের পশ্চিমবঙ্গ সরকার দিলে হয়। সেইগুলি না দেবার জন্য সেখানে একটা গাঁজার আড্ডা হয়েছে এবং অনেক গুন্ডা সেখানে বসে যা তা করছে। আমি সেজন্য বিশেষ করে আমাদের মাননীয় মন্ত্রী যারা আছেন তাদের কাছে অনুরোধ করব তাড়াতাড়িতে রাজা রামমোহন রায়ের এই ৮৫নং রাজা রামমোহন সরণীর বাড়িটা অধিগ্রহণ করতে এবং পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের বাড়িটা ৩৫ নং বিদ্যাসাগর স্ট্রিটে, সেটাও প্রায় ভেঙ্গে পড়ছে সেটাও অধিগ্রহণ করা দরকার। সেজন্য আমি আবার অনুরোধ করব কলকাতা শহরে এই দুইজন মণীষীর বাড়ি দুটি খুব তাড়াতাড়ি গ্রহণ করে নেওয়া হোক।

**শ্রী বদন বোরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। মাননীয় কংগ্রেস সদস্যরা এই হিমঘরে বসে ভুল তথ্য দিয়ে এই সভায় এবং জনসাধারণের মধ্যে বিভ্রান্ত সৃষ্টি করতে চায়, আমি সেই বিষয়ে এখানে বলতে চাই। গতকাল একজন প্রবীণ কংগ্রেস সদস্য এই বিধানসভায় বলেছেন যে আমার নির্বাচন কেন্দ্রে যে রোল হাই স্কুল আছে, তার প্রধান শিক্ষককে জোর করে স্কুলের ভিতরে যেতে দেওয়া হচ্ছে না। এই কথাটা সম্পূর্ণ মিথ্যা, অসত্য এবং ভিত্তিহীন। ঘটনা হচ্ছে, বিগত কংগ্রেস শাসনে ঐ স্কুলের যিনি সম্পাদক, আনিত সাহেব, তার সঙ্গে প্রধান শিক্ষকের ঝগড়া হয় তহবিল তছরূপের বিষয় নিয়ে এবং সেই ব্যাপারে কেসও চলছে। দুইজন শিক্ষক, আশুতোষ দত্ত, তিনি কংগ্রেসের সমর্থক এক্সটেনশন পেয়েছেন কিন্তু হেডমাস্টারের পক্ষে না থাকার জন্য তাকে স্কুলে ঢুকতে দেওয়া হয়নি। এবং জোর করে অ্যাটেনডেন্সের খাতায়ও সই করতে দেওয়া হয় নাই। ঐ স্কুলের আর একজন শিক্ষক, হারুন আল রসিক, তিনি ঐ হাই স্কুলে শিক্ষকতা করছেন প্রায় ৮ বছর যাবৎ। তাকেও হেডমাস্টারের পক্ষে না থাকার জন্য খাতায় সই করতে দেওয়া হয়নি। এই নিয়ে ঐ এলাকার মানুষের মধ্যে একটা ক্ষোভ ছিল এবং বামফ্রন্ট আসার পর ঐ এলাকার মানুষরা দলমত নির্বিশেষে আন্দোলন করে ঐ ২ জন শিক্ষককে পুনরায় ঐ স্কুলে পুনর্বহাল করেছেন এবং তারা নিয়মিত স্কুল করছেন এবং বেতন পাচ্ছেন। কিন্তু প্রধান শিক্ষক মহাশয় ঐ দুই জনকে না তাড়ানো পর্যন্ত স্কুলে যাবেন না এই প্রতিজ্ঞা করেছেন। এই হচ্ছে ঘটনা এবং এই ঘটনা সম্পর্কে মিথ্যা তথ্য সরবরাহ করার জন্য আমি প্রতিবাদ করে এই বক্তব্য রাখছি।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেসরা অনেক ভুল করেন, অনেক মিথ্যা তথ্য দেন এবং এই ভুল তথ্যের মাসুল আজকে আমাদের দিতে হচ্ছে তার প্রকৃষ্ট নির্দশন বাঁকুড়া জেলার কংসাবতী যে ক্যানেল, সেই ক্যানেলে ১৯৭৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত জল না দিয়েও সেখানে অফিসাররা ট্যাক্স করেছেন। সেই ক্যানেল কর আদায়ের জন্য এই অফিসাররা অতীতে কংগ্রেসি আমলে যেমন জল না দিয়ে ট্যাক্স আরোপ করেছে, সেই রকম আমাদের সময়ও জল না দিয়ে কর আদায় করতে শুরু করেছে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাদের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যাতে কংগ্রেসি

আমলে এই সব ভুল, এই সব মিথ্যা তথ্যগুলো সংশোধন করে যারা সত্যকারের জল পেয়েছে বা যারা পায়নি, এটা বিচার বিবেচনা করে তার উপর যেন এই ক্যানেল কর আদায় করা হয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয় দৃষ্টি আকর্ষণ করছি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের প্রতি। বাঁকুড়া জেলার বিভিন্ন কৃষি ঋণ আদায়ের জন্য বেশ তোড়জোড় পড়ে গেছে। আপনি জানেন গত বন্যায় এবং অতিবর্ষণের ফলে অনেক ঘরবাড়ি পড়ে গেছে, ফসল হানি হয়েছে, বহু গৃহপালিত প্রাণী মারা গেছে, তার উপর এই যে কৃষি ঋণ আদায়ের তোড়জোড় চলছে, এর ফলে চাষীরা আতঙ্কিত হয়ে পড়েছে। তাদের এই বছর কৃষি ঋণ পরিশোধ করবার মতো ক্ষমতা নেই। সুতরাং মন্ত্রী মহাশয় অবিলম্বে এই কৃষি ঋণ আদায়ের তোড়জোড় বন্ধ করুন এই বছরের জন্য।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে হুগলি জেলায় এবং পশ্চিমবাংলায় এক শ্রেণীর অসৎ ব্যবসায়ীরা এবং বিশেষ করে কোল্ড স্টোরেজের মালিকরা তারা আলুর দামটা বেশি বাড়বার জন্য [illegible] চেষ্টা করছে। চাঁপাডাঙ্গার দেশবন্ধু কোল্ড স্টোরেজ এবং [illegible] কোল্ড স্টোরেজ [illegible] দত্ত, যাকে আলুর সম্রাট বলা হয়, এবং কোল্ড স্টোরেজ [illegible] চাষীদের আলু কোল্ড স্টোরেজে ভরছে না। সুতরাং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্ত অসৎ ব্যবসায়ীদের [illegible]।

**শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, [illegible] মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। [illegible] আমার পাঁশকুড়া এক নং [illegible] আছেন এবং [illegible] নিয়ে যাচ্ছে, তাদের [illegible] নিয়ে যাচ্ছে, এই সম্পর্কে [illegible]। তার ফলে দেখা যাচ্ছে সেই [illegible] এই ব্যাপারে কঠোর হস্তে ব্যবস্থা অবলম্বন [illegible] মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** মাননীয় [illegible] মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি [illegible] এক্সচেঞ্জ কাজে একটা অচল ব্যবস্থার সৃষ্টি [illegible] সেখানে যে সমস্ত ভ্যাকেন্সি হচ্ছে এবং সেই [illegible] পাঠাচ্ছি, যে পদ্ধতিতে আমরা চেয়ে পাঠাই, সেই এক্সচেঞ্জ সেই পদ্ধতিতে নাম দিতে পারছে না। তাদের বক্তব্য হচ্ছে যে, তাদের কাজের চাপ [illegible] কাজ ঠিকমতো করতে পারছে না। এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কর্মচারীদের সংখ্যা হচ্ছে মাত্র ১৭। যেখানে ৭৬ সালে ৩৪ হাজারের মতো নাম রেজিস্ট্রি ছিল সেখানে ৭৭ সালে ৪৮ হাজারের মতো হয়েছিল এবং ৭৮ সালে ৬৭ হাজারের মতো নাম রেজিস্ট্রি হয়েছে। এর ফলে তাদের কাজের চাপ বেড়ে

গেছে এবং এর সঙ্গে বেকার ভাতা ইত্যাদির কাজও বেড়েছে। এই অবস্থায় তারা যেখানে যাদের নাম পাঠাবার কথা তা ঠিক সময় মতো পাঠাতে পারছে না। এই অবস্থায় ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কর্মীর সংখ্যা বাড়ানো দরকার। সেইজন্য আপনার মাধ্যমে আমি বিষয়টির প্রতি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রশ্নোত্তরের সময় এই বিষয়টি নিয়ে অনেকবার আলোচনা হয়েছে, তবুও আমি বিষয়টির প্রতি পুনরায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, বিভিন্ন ব্লকে জমি নিয়ে যে কেসগুলি হয় সেগুলি বহু দিন ধরে আদালতে পড়ে থাকে, নিষ্পত্তিও হয় না। অনেক ক্ষেত্রে দেখা যায় যে কেস করেছিল সে ইতিমধ্যে মরে গেছে তথাপি কেসের নিষ্পত্তি হয়নি। সেইজন্য আমি বি ডি ও অফিসে অথবা থানায় এ বিষয়ে স্পেশ্যাল অফিসার নিয়োগ করবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে আমি খুব উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, সামান্য অজুহাতে ট্রেন এবং বাস বন্ধ করে জন-জীবনকে অহেতুক বিপর্যস্ত করার চেষ্টা চলছে। এটা শুধু মাত্র কিছু বিশৃঙ্খলা সৃষ্টিকারী ব্যক্তির কাজ বলে মনে করার কোনও কারণ নেই, বামফ্রন্ট সরকারকে জনমানসে হেয় করবার জন্য একটা রাজনৈতিক চক্রান্ত অনেকে চালাচ্ছে এবং তার স্পষ্ট প্রমাণ আমি গতকাল প্রত্যক্ষ অভিজ্ঞতা সহকারে পেয়েছি। গতকাল বাসে করে যাচ্ছি, হঠাৎ শোনা গেল কোথায় নাকি বাস অ্যাকসিডেন্ট হয়ে লোক মরে গেছে, ঘটনাস্থলে গিয়ে দেখা গেল লোক মারা যায়নি সামান্য কিছু কিছু ইনজুরি হয়েছে হসপিটাল ফার্স্ট এড দিয়ে ছেড়ে দিয়েছে, আর কিছু লোকের ট্রিটমেন্ট চলছে। স্থানীয় লোকেদের চেষ্টায় যখন বাস চলাচল নর্মাল হতে চলেছে তখন আবার কিছু লোক এসে বাস আটকে দিল। আমি বাস থেকে নেমে খোঁজ খবর করতে গিয়ে দেখি কিছু দিন আগে যারা মিসা থেকে ছাড়া পেয়েছে সেই রকম কিছু কুখ্যাত লোক মত্ত অবস্থায় এসে বাস আটকে দিয়েছে, কিছুতেই যেতে দেবে না। আমি তখন শ্রীরামপুরে গিয়ে এস ডি ও, এস ডি পি ও ইত্যাদি অফিসারদের খোঁজ করি, কিন্তু কাউকে পাত্তা পাই না। তখন আমি হুগলির এস পি কে ফোন করি এবং বলি যে, আপনার লোকেরা কোথায় কি উধাও হয়ে গেছে। শ্রীরামপুর থানাতে গিয়ে পুলিশ অফিসার ইন-চার্জকে পাইনি এমন কি মহকুমার কর্তাব্যক্তিদেরও দেখা পাইনি। এই অবস্থায় আমি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এই সমস্ত চক্রান্তের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা দরকার এবং জনগণের সহযোগিতায় এইসব কাজকে কঠোরভাবে দমন করার প্রোগ্রাম গভর্নমেন্ট নিন, তাহলেই সরকারের পিছনে পশ্চিমবাংলার জনগণ থাকবে চক্রান্তকারীরা বিচ্ছিন্ন হবে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার পাঁচলা, জগৎবল্লভপুর, সাঁকরাইল প্রভৃতি এলাকায় সম্প্রতি ডাকাতি দিন দিন বেড়ে চলেছে এবং এই সব ডাকাতির প্রকৃতিও একটু ভিন্ন ধরনের হচ্ছে। আগে রাত্রে ডাকাতি হত, এখন দিনেরবেলা আরম্ভ হয়েছে। কিছু দিন পূর্বে তিরপুরাপুর গ্রামে দিনের বেলা ডাকাতি হয়েছে, এতে একজন মারা গিয়েছে। এরপর দেখা গেল কয়েকদিন আগে ধূলাগড়ি বাজারে সাঁকরাইল ব্লকে সন্ধ্যাবেলা বহু

লোক সেখানে থাকা সত্ত্বেও সেখানে ডাকাতি হয়েছে। এর কিছুদিন পরে জগৎবল্লভপুর থানার নস্করপুর গ্রামে এইভাবেই ডাকাতি হয়েছে। ইতিমধ্যে পাঁচলা ব্লকে ধুনকী গ্রামে একজন খুন হয়, সেই খুনের প্রত্যক্ষদর্শী থাকা সত্ত্বেও থানা অফিসার এখনও পর্যন্ত কোনও কেস নেয়নি এবং সেখানে এখনও দেখা যাচ্ছে খুনের আসামীরা ঘুরে বেড়াচ্ছে। আমি এই বিষয়গুলির প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50 — 3-00 P.M.]

**শ্রী বিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই বছরটা রাষ্ট্রসংঘ থেকে আন্তর্জাতিক শিশু বর্ষ হিসাবে গ্রহণ করা হয়েছে কিন্তু এ ব্যাপারে বিশেষ কিছু করা হচ্ছে না। যেমন, নারী বর্ষ যেভাবে ব্যর্থ হয়েছিল এটাও ঠিক সেইভাবে ব্যর্থ হতে চলেছে। আমাদের মতোন একটা গরিব দেশে যেখানে দরিদ্র এত বেশি সেখানে বেশি কিছু করা যাবে না—এটা আমি বুঝি। কিন্তু পজিটিভ যদি কিছু করা যায় সেই রকম প্রোগ্রাম নেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে গভর্নমেন্টের কাছে অনুরোধ করছি। যেমন ধরুন, এই রকম একটা আইন করতে পারেন কিনা যে, অন্তত বাচ্চা ছেলেরা কোনও ভিক্ষা করতে পারবে না। আমরা অবশ্য সমস্ত ভিখারি উৎখাত করতে পারব না কিন্তু এই বছরে বাচ্চাদের যাতে রাস্তায় ভিক্ষা করতে না দিই তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা যেতে পারে বলে আমি মনে করি। এই বছরে আমরা বাচ্চা ছেলেদের নিরক্ষরতা দূর করার জন্য এমন একটা প্রোগ্রাম নিতে পারি যাতে কোনও বাচ্চা ছেলে নিরক্ষর থাকবে না এই রকম একটা ব্যবস্থা করা যেতে পারে। যদিও দেশ থেকে চাইল্ড লেবার বন্ধ করা যাবে না কিন্তু তবুও এই রকম একটা সম্ভাব্য পরিকল্পনা নেবার জন্য আমি আপনার মাধ্যমে গভর্নমেন্টের কাছে অনুরোধ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বাজেট পেশ করা হবে। আমি ২৫ নম্বর ডিমান্ড, ৭০ নম্বর ডিমান্ড এবং ৩৯ নম্বর ডিমান্ড একত্রে উত্থাপন করার জন্য ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

## VOTING ON DEMANDS FOR GRANTS

### DEMAND NO. 25

**Major Heads :** 259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Hasbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings),

477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Other Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on [illegible] Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings).

**Shri Jatin Chakraborty :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. [illegible] be granted for expenditure under Demand No. 25, **Major Heads :** 259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—[illegible] (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Hasbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Other Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry

(Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)".

## DEMAND NO. 70

**Major Heads:** 337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges, and 737—Loans for Roads and Bridges

**Shri Jatin Chakrabarty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,69,73,000/- be granted for expenditure under Demand No. 70, "337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges, and 737—Loans for Roads and Bridges".

## DEMAND NO. 39

**Major Heads:** 283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing

**Shri Jatin Chakrabarty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,29,66,000/- be granted for expenditure under Demand No.39, "283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing"

(Printed speech of Shri Jatin Chkrabotty on Demnd Nos. 25, 70 & 39 is taken as read.)

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে,

(১) ২৫নং দাবির অধীনে ব্যয় নির্বাহের জন্য [illegible] টাকা মঞ্জুর করা হোক, এবং

(২) ৭০ নং দাবির অধীনে ব্যয় নির্বাহের জন্য ৫১,৬৯,৭৩,০০০ টাকা মঞ্জুর করা হোক

সরকারি ভবন ও সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব প্রধানত পূর্ত বিভাগ, পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ এবং পূর্ত (সড়ক) বিভাগের উপর ন্যস্ত। এসমস্ত বিভাগ যেসব কাজ করে থাকে সেগুলি ৪১টি মুখ্য খাতে সংবলিত ৩টি দাবির [illegible] ছাড়া, পূর্ত বিভাগকে কেন্দ্রীয় সরকারের এজেন্সি হিসাবে [illegible] রক্ষণাবেক্ষণ ইত্যাদির মতো অন্যান্য কাজ করতে হয়। শুধু তাই নয়, রাজ্য সরকারের অন্যান্য বিভাগ

এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলির এজেন্ট হিসাবেও এই বিভাগকে সি এম ডি এ-র কাজ, "ডিপোজিট ওয়ার্কস" ইত্যাদি সমাধা করতে হয়।

নির্মাণ উপকরণের অপ্রতুলতা, কেন্দ্রের উদার সাহায্যের অভাবে আর্থিক অস্বাচ্ছন্দ্য, জমির দুষ্প্রাপ্যতা প্রভৃতির দরুন পূর্তকর্ম সম্পাদনের ব্যাপারে প্রতিনিয়ত যেসব বাধা সৃষ্টি হচ্ছে সেগুলি মেনে নিয়েও আমাদের বিভাগগুলি ১৯৭৮-৭৯ এই আর্থিক বছরের গোড়ার দিকে অনেক আশা নিয়ে কাজ শুরু করেছিল। কিন্তু ১৯৭৮ সালের আগস্ট-সেপ্টেম্বরে যে বন্যা এল তা এই রাজ্যের বুকে এঁকে দিয়ে গেল অসংখ্য ক্ষতচিহ্ন। সেইসব ক্ষত নিরাময় হতে না হতে ধেয়ে এল সেপ্টেম্বর-অক্টোবরের বিধ্বংসী বন্যা। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ১৯৭৮-এর ২৬-এ সেপ্টেম্বর থেকে ২৯-এ সেপ্টেম্বর পর্যন্ত মুষলধারায় বৃষ্টিপাত, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস এবং হুগলি নদী সহ দামোদর, ময়ূরাক্ষী ও অন্যান্য নদীর ডুবন্ত বাঁধগুলি থেকে নির্গত প্রবল জলস্রোতের ফলে যে অভূতপূর্ব বন্যা দেখা দিয়েছিল তাতে পশ্চিমবঙ্গের অধিকাংশ অঞ্চলই তছনছ হয়ে গিয়েছিল। এরকম ভয়াবহ বন্যা পশ্চিমবঙ্গের বিগত ১০১ বছরের ইতিহাসে আর কখনও দেখা যায় নি। এই বন্যায় যে সমস্ত জেলা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি হল বাঁকুড়া, বীরভূম, হাওড়া, হুগলি, মালদহ, মেদিনীপুর, মুর্শিদাবাদ, নদীয়া, চব্বিশপরগনা এবং কলকাতা মহানগরী।

বন্যাপ্লাবিত এলাকায় প্রধান প্রধান সড়কগুলি ১০ থেকে ১২ ফুট পর্যন্ত জলের নিচে চলে যাওয়ার ফলে সেখানকার সড়ক-যোগাযোগ ব্যবস্থা পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে পড়ে। সড়ক-বাঁধগুলিতে বড় বড় ফাটল দেখা দেয় এবং অনেক জায়গায় সেগুলির দারুণ ক্ষতি হয়। প্রধান প্রধান কয়েকটি সেতু ক্ষতিগ্রস্ত হয়। ৭০ মিটার দীর্ঘ একটি প্রধান সেতু ভেঙ্গে পড়ে। ছোট ছোট অনেক সেতু ও কালবুদ একেবারে নিশ্চিহ্ন হয়ে যায় এবং বহুসংখ্যক সরকারি ভবনের অবস্থা শোচনীয় হয়ে পড়ে। শত শত লোকালয় সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়। প্লাবিত এলাকাগুলিতে প্রয়োজনীয় সাজসরঞ্জাম জলে ডুবে যায়। সেগুলির পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা ও ব্যাপক সংস্কারের জন্য প্রচুর অর্থ ব্যয় হয়। বন্যা-কবলিত সড়কগুলির মোট দৈর্ঘ্য হচ্ছে ৪,৪৫২ কিলোমিটার। এর মধ্যে ২,০০০ কিলোমিটার দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং ২,৪৫২ কিলোমিটারের অবস্থা বেশ খারাপ বলে দেখা যায়। আমার ভাষণের শেষদিকে "সড়ক ও সেতু" শীর্ষক অংশে বন্যায় ক্ষতিগ্রস্ত সড়কগুলি সম্পর্কে আমি সংক্ষিপ্ত আকারের আরও কিছু বলেছি।

বন্যার জল সরে যাবার আগে তো বটেই, সরে যাবার ঠিক পরেও আমি সংশ্লিষ্ট অঞ্চলগুলি ব্যাপকভাবে ঘুরে ঘুরে দেখেছি। সেখানকার অবস্থা দেখে আমি স্তম্ভিত হয়েছি। অধিকাংশ সড়কই যেন সড়কের কঙ্কাল। কোনও কোনও জায়গায় সকড়গুলি দেখে মনে হচ্ছিল, সেগুলিকে যেন বোমা মেরে উড়িয়ে দেওয়া হয়েছে। চালু সমস্ত কর্মসূচি প্রকৃতির রোষে বিপর্যস্ত। বন্যাগ্রস্ত অঞ্চলগুলিতে উন্নয়নমূলক যাবতীয় কাজের অগ্রগতি, সাময়িকভাবে হলেও একেবারে স্তব্ধ হয়ে গিয়েছিল।

[3-00 — 3-10 P.M.]

বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর ও মুর্শিদাবাদ জেলার মতো অনেক জেলাই রাজ্যের রাজধানী

বা সন্নিহিত অঞ্চলগুলি থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছিল। সড়ক বা রেলপথের সাহায্যে কোনওভাবেই যোগাযোগ বজায় রাখা সম্ভব ছিল না। তখন ঐসব অঞ্চলে সড়ক দিয়ে বা রেলপথে ত্রাণসামগ্রী পাঠাতে রাজ্য সরকারকে প্রচন্ড অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। অগণিত মানুষের ঐ দুঃখ-দুর্দশার যেন আর অন্ত ছিল না। এরকম সংকটপূর্ণ পরিস্থিতিতে আমাদের সবচেয়ে বড় কাজ হয়ে দাঁড়িয়েছিল, বন্যার ফলে ক্ষতিগ্রস্ত সড়কগুলির সংস্কারসাধন করা। একথা বলতে আমি গর্ববোধ করছি যে, আমাদের পূর্ত বিভাগ, পূর্ত (সড়ক) বিভাগ ও পূর্ত (নির্মাণ পর্যদ) বিভাগের সুযোগ্য ইঞ্জিনিয়ার-অফিসারগণ বন্যা-বিধ্বস্ত জেলাগুলিতে চাকরিরত প্রায়োগিক (টেকনিক্যাল) এবং অ-প্রায়োগিক (নন-টেকনিক্যাল) সমস্ত শ্রেণীর কর্মচারিদের সক্রিয় সহযোগিতায় তখন সার্থকভাবে অবস্থার মোকাবিলা করেছেন। যতটা পারা যায়, লোকজন ও জিনিসপত্র যোগাড় করে এবং সেই লোকজন ও জিনিসপত্র কাজে লাগিয়ে তারা ঐ দুরূহ পরিস্থিতিতেও সাময়িক সংস্কারের কাজ চালিয়ে গেছেন এবং একটি ক্ষেত্রেও ব্যর্থ না হয়ে, আমি যে তারিখ নির্দিষ্ট করে দিয়েছি ঠিক সেই তারিখের মধ্যেই ক্ষতিগ্রস্ত সমস্ত সড়ক ও সেতুগুলির মেরামতের কাজ শেষ করেছেন। আর সেজন্যই বন্যাবিধ্বস্ত জেলাগুলির সমস্ত জায়গায় তাড়াতাড়ি ত্রাণসামগ্রী পৌঁছে দেওয়া আমাদের পক্ষে সম্ভব হয়েছিল।

সড়ক ইত্যাদির স্থায়ী সংস্কারসাধনের কঠিন দায়িত্ব এখন আমাদের সামনে। যে সমস্ত সড়ক, সেতু ও ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলির সংস্কারের জন্য কত অর্থের প্রয়োজন। হবে তার একটি সম্পূর্ণ হিসাব তৈরি করা হয়েছে। সেই হিসাব মতো আমাদের মোট দরকার ৪৩ কোটি টাকা। অথচ এই দাবির পরিপ্রেক্ষিতে চলতি আর্থিক বছরে কেন্দ্র অগ্রিম যোজনা সাহায্য হিসাবে মাত্র ১৩ কোটি টাকা বরাদ্দ করেছেন। যতটা সম্পদ পাওয়া যেতে পারে তা আহরণের ব্যাপারে যে সমস্ত অসুবিধা রয়েছে সেগুলি বিবেচনা করে এটাই বলা যেতে পারে যে, ক্ষতিগ্রস্ত সড়ক ইত্যাদির শতকরা প্রায় ৫০ ভাগের মেরামতের কাজ আমাদের হাতে নিতে হবে আগামী আর্থিক বছরে। অসম্পূর্ণ কাজগুলি শেষ করতে মোট ২০ কোটি টাকা দরকার বলে ধরা হয়েছে। সংশ্লিষ্ট অঞ্চলগুলিতে যোগাযোগ-ব্যবস্থা এবং সরকারি ভবন ইত্যাদি যেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তাতে সেগুলিকে সংস্কারসাধনান্তে আগের অবস্থায় ফিরিয়ে আনতে হলে এই ২০ কোটি টাকা অপরিহার্য। এই টাকা যদি পাওয়া না যায় তবে অধিকাংশ কাজই অসম্পূর্ণ থেকে যাবে এবং বন্যাবিধ্বস্ত অঞ্চলের মানুষদের দুর্দশাও কোনওদিন ঘুচবে না। তাই আমি কেবল এই আশাই করতে পারি যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জনসাধারণের দুর্দশা মোচনের জন্য উদার সাহায্য নিয়ে এগিয়ে আসবেন। আর তাহলেই, গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত যোগাযোগ-ব্যবস্থা ও সরকারি ভবনগুলির স্থায়ী সংস্কার করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব হবে।

মহাশয়, পূর্ত বিভাগ বর্তমানে বিভিন্ন যেসব কর্মসূচি রূপায়িত করে চলেছে, আপনার অনুমতি নিয়ে এবার আমি সেগুলি সংক্ষেপে বিবৃত করছি।

### অফিস-ভবন নির্মাণ

পঞ্চম যোজনায় এই খাতে যে অর্থ বরাদ্দ করা হয়েছিল তা আমাদের প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম হলেও, প্রাপ্ত অর্থের যথাসম্ভব সদ্ব্যবহারের জন্য এই বিভাগ সবরকম

চেষ্টা চালিয়ে গিয়েছে। কলকাতায় টেরিটিবাজারের অসামরিক প্রতিরক্ষা অফিস-ভবনের উপরে আরও চারটি তলা (আনুমানিক ব্য ২৩ লক্ষ টাকা) নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। বিধাননগরে পূর্ত ভবন (আনুমানিক ব্যয় ১৩৫ লক্ষ টাকা) এবং বর্ধমানের সদরঘাটে আট-তলা অফিস-ভবন (আনুমানিক ব্যয় ১০৭ লক্ষ টাকা) নির্মাণের কাজ এখনও চলছে।

যেসব নির্মাণকার্য সম্প্রতি মঞ্জুর করা হয়েছে সেগুলি হল ঃ—

(১) নির্মাণ পর্যদ অধিকারের শিলিগুড়ি মহকুমা অফিসের জন্য অফিস-ভবন, গুদাম ইত্যাদি (আনুমানিক ব্যয় ৪.৪০ লক্ষ টাকা)

(২) আসানসোল বর্ধমান ভুক্তি ২-এর নির্বাহী বাস্তুকারের (পূর্ত বিভাগ) অফিস-ভবন এবং তার কর্মচারিদের জন্য বাসগৃহ (আনুমানিক ব্যয় ৬ লক্ষ টাকা)।

ষষ্ঠ যোজনাকালে যাতে বেশ কিছু বড় বড় অফিস-ভবন নির্মাণের কাজ শুরু করা যায় সেজন্য এই বিভাগ অক্লান্ত প্রচেষ্টা চালিয়ে যাবে। এখানে আমি এধরনের কয়েকটি অফিস-ভবনের কথা বলছি :—

(১) বিধাননগরে দ্বিতীয় পূর্ত ভবন।

(২) কলকাতায় ১নং চার্নক প্লেসে বহুতল অফিস-ভবন।

(৩) আলিপুরে ভবানী ভবনের অঙ্গনে একটি বহুতল ভবন।

(৪) নতুন দিল্লিতে বঙ্গভবনের অঙ্গনে একটি বহুতল ভবন।

প্রশাসনিক সংস্কার জেলা/মহকুমা সদরে প্রশাসন-ভবন নির্মাণ

সরকারি অফিস ভবনগুলিতে লোক-সংকুলানের সমস্যাটি কেবল কলকাতা মহানগরীতেই আবদ্ধ নেই। জেলা এবং মহকুমা সদরগুলিতেও এই সমস্যা ছড়িয়ে পড়েছে। জেলা এবং মহকুমা শহরগুলিতে অফিসের জন্য বাড়ি ভাড়া নিতে গেলে অত্যন্ত বেশি হারে ভাড়া গুণতে হচ্ছে। তাছাড়া অফিসের কাজ সুষ্ঠুভাবে চালানোর জন্য স্বভাবতই যে সমস্ত সুবিধা ও স্বাচ্ছন্দ্য থাকা দরকার, ভাড়া করা বেসরকারি বাড়িগুলিতে তা অধিকাংশ ক্ষেত্রেই পাওয়া যায় না। এই কঠিন সমস্যার কিছুটা নিরসনের জন্য স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগ নির্বাহক এজেন্সি হিসাবে পূর্ত বিভাগকে বেছে নিয়ে সেই বিভাগের মারফত আলোচ্য কর্মসূচি রূপায়ণে উদ্যোগী হয়েছেন। চলতি আর্থিক বছরে স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগ যেসব ভবনের নির্মাণকার্য অনুমোদন করেছেন সেগুলি হচ্ছে ঃ—

(১) বালুরঘাটে প্রশাসন-ভবন (আনুমামিক ব্যয় ৫৮.১৮ লক্ষ টাকা)

(২) হাওড়ায় প্রশাসন-ভবন (আনুমামিক ব্যয় ৩০.৭৫ লক্ষ টাকা)

(৩) ডায়মন্ডহারবারে প্রশাসন-ভবন (আনুমামিক ব্যয় ২০.১৬ লক্ষ টাকা)

(৪) বনগাঁতে প্রশাসন-ভবন (আনুমামিক ব্যয় ১৫.৩৯ লক্ষ টাকা)

(৫) বারাসতে প্রশাসন-ভবন (আনুমামিক ব্যয় ১২.৯৮ লক্ষ টাকা)

(৬) পুরলিয়াতে প্রশাসন-ভবন (আনুমানিক ব্যয় ৯.২১ লক্ষ টাকা)

(৭) শ্রীরামপুরে প্রশাসন-ভবন (আনুমানিক ব্যয় ৬.৯৮ লক্ষ টাকা)

(৮) আরামবাগে প্রশাসন-ভবন (আনুমানিক ব্যয় ৭.৩৬ লক্ষ টাকা)

**বাসগৃহ নির্মাণ**

বড় বড় যে কয়টি বাসগৃহ নির্মাণের কাজ এখন এগিয়ে চলেছে সেগুলি হল ঃ—

(১) কড়ায়া থানায় পুলিশ কর্মচারিদের জন্য বহুতল বাসভবন (আনুমানিক ব্যয় ৭৪.৭৬ লক্ষ টাকা)।

(২) ১৩ নং কপালীটোলা লেনে পুলিশ কর্মচারিদের জন্য বহুতল বাসভবন (আনুমানিক ব্যয় ৪৮.২৩ লক্ষ টাকা)।

(৩) মেদিনীপুরে পুলিশ লাইনের মধ্যে পুলিশ কর্মচারিদের জন্য পারিবারিক বাসগৃহ (আনুমানিক ব্যয় ৫১.২১ লক্ষ টাকা)।

**হাসপাতাল, হোস্টেল ভবনাদি**

এ ব্যাপারে বড় ধরনের যেসব নির্মাণকার্য এখন অগ্রগতির পথে সেগুলি হচ্ছে ঃ

(১) বর্ধমানের বি সি হাসপাতালের উন্নতিসাধন (আনুমানিক ব্যয় ৯৪.৪৫ লক্ষ টাকা)।

(২) খড়গপুরে ২৫০টি শয্যাবিশিষ্ট স্টেট জেনারেল হাসপাতাল (আনুমানিক ব্যয় ১৩৭.৭২ লক্ষ টাকা)।

(৩) শিলিগুড়িতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় মেডিক্যাল কলেজের মহিলা ইন্টার্নিদের জন্য ১০০ জনের থাকার ব্যবস্থাযুক্ত হোস্টেল (আনুমানিক ব্যয় ১০.৭৩ লক্ষ টাকা)।

(৪) মুর্শিদাবাদের ইসলামপুরে গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ২৩.৮১ লক্ষ টাকা)।

(৫) মুর্শিদাবাদের কৃষ্ণপুর ৫০টি শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ৩৫.৪৪ লক্ষ টাকা)।

(৬) বর্ধমানে সিংগোটে ৫০টি শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ৫৪.৯৩ লক্ষ টাকা)।

(৭) বীরভূমের মুরারইতে ৫০টি শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ৫৭.৫৬ লক্ষ টাকা)।

(৮) হাওড়ার বাগনানে ৩০টি শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ২৭.৫৮ লক্ষ টাকা)।

(৯) হুগলির চণ্ডিতলায় ৩০টি শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ৩৩.৭২ লক্ষ টাকা)।

(১০) চব্বিশপরগনার ক্যানিং-এর ৩০টি শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ২৮.২৫ লক্ষ টাকা)।

(১১) চব্বিশপরগনার বাগদায় ৩০টি শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল (আনুমানিক ব্যয় ২৩.৩৩ লক্ষ টাকা)।

(১২) মেদিনীপুরের সালুয়াতে জে সি ও এবং রাইফেলম্যানদের জন্য বাসগৃহ (আনুমানিক ব্যয় ৫৮ লক্ষ টাকা)।

(১৩) নদীয়ার কল্যাণীতে একটি উচ্চ বিদ্যালয় (আনুমানিক ব্যয় ১৮.৭৪ লক্ষ টাকা)।

এছাড়া, রাজ্যের বিভিন্ন জেলায় প্রায় ৩.৫ কোটি টাকা ব্যয়ে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং সহায়ক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

যে সমস্ত কাজ সম্পূর্ণ হয়ে গিয়েছে সেগুলি হচ্ছে :—

(১) শিলিগুড়িতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় মেডিক্যাল কলেজের পুরুষ ছাত্রদের জন্য ১৫০ জনের থাকার ব্যবস্থাযুক্ত হোস্টেল নির্মাণ (আনুমানিক ব্যয় ১৪.৯১ লক্ষ টাকা)।

(২) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় মেডিক্যাল কলেজে ৯০ জন ইন্টার্নি এবং ৬০ জন হাউস স্টাফের জন্য ভবন নির্মাণ (আনুমানিক ব্যয় ১৭.২০ লক্ষ টাকা)।

(৩) নদীয়ার করিমপুরে গ্রামীণ হাসপাতাল নির্মাণ (আনুমানিক ব্যয় ১৮.১৮ লক্ষ টাকা)।

(৪) বরানগরে স্টেট জেনারেল হাসপাতালের জন্য ভবনসমূহ নির্মাণ (আনুমানিক ব্যয় ২৬.৩৩ লক্ষ টাকা)।

### সাংস্কৃতিক কার্যকলাপ

#### (১) অগ্নিদগ্ধ কলকাতা ইউনিভার্সিটি ইনস্টিটিউট ভবন পুনর্নির্মাণ

গতবার বাজেট ভাষণে আমি বলেছিলাম যে, এই কাজটি যাতে অর্থের অভাবে বন্ধ না থাকে বা ঢিমেতালে না চলে অথবা পরিত্যক্ত না হয় সেটা সুনিশ্চিত করার জন্য আমি একটা উপায় খুঁজে বার করতে চেষ্টা করব। আমি এখন আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, রাজ্য বাজেটের পরিকল্পনা খাতে আনুমানিক ৪৭ লক্ষ টাকা ব্যয়ে এই পুনর্নির্মাণের কাজ এবং

প্রখ্যাত জাতীয় নেতা এবং কিছু কিছু ব্যক্তিদের প্রতিমূর্তি স্থাপন করা হবে। এর মধ্যে রয়েছে যতীন্দ্রনাথ মুখার্জি, যিনি বালেশ্বরে ইংরেজের বিরুদ্ধে সংগ্রাম করে স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে তার নাম স্বর্ণাক্ষরে রেখে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আনন্দিত হবেন ভারতবর্ষের মধ্যে একমাত্র কলকাতাতেই লেনিনের মূর্তি প্রতিষ্ঠিত আছে। ১৮৮০ সালে ইন্ডো জার্মান অ্যাশোসিয়েশনের পক্ষ থেকে আমাদের কাছে কার্লমার্ক্স এবং এংগেলস-এর আবক্ষ মূর্তি খুব বড় আকারে আমাদের কাছে দেওয়া হবে। পূর্ত বিভাগের পক্ষ থেকে লেনিনের মূর্তির নিকটে এই মূর্তি প্রতিষ্ঠিত হবে। তারপর, পৃথিবীর মধ্যে ফ্যাসিস্ট বিরোধী আন্দোলনের অন্যতম নায়ক এবং সাংস্কৃতিবান ও রুচি সম্পন্ন শিল্পী চার্লি চ্যাপলিনের মূর্তি আমরা তৈরি করছি এবং এ বছরের মধ্যে আমরা সেটি প্রতিষ্ঠা করতে পারব। তারপর কাঁঠালপাড়ায় বঙ্কিমচন্দ্রের বাড়ি ভগ্ন অবস্থায় রয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে সাহায্য চেয়েছিলাম, কিন্তু এখন পর্যন্ত সেই অর্থ মঞ্জুর হয়নি। কিন্তু তা সত্ত্বেও সেই বাড়ি তৈরি করবার জন্য আমরা কিছু কিছু অর্থ বরাদ্দ করছি। সংলগ্ন জমিতে একটি দোতলা বাড়ি তৈরি করে শীতাতপ নিয়ন্ত্রিত করা হবে এবং তার নিচের তলায় একটি মিউজিয়াম তৈরি করে সেখানে বঙ্কিমচন্দ্রের ব্যবহৃত জিনিসপত্র এবং তার পান্ডুলিপি সংরক্ষণ করব। আমরা দেখেছি বহুলোক বিদেশ থেকে সেখানে আসে কিন্তু তাদের থাকার কোনও ব্যবস্থা নেই। সেইজন্য আমরা সেখানে একটি গেস্ট রুম তৈরি করবার পরিকল্পনা গ্রহণ করেছি।

রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে আনুষ্ঠিকভাবে ১৬ ফুট উঁচু শহিদ স্মারক স্তম্ভের আবরণ উন্মোচন করা হয়েছে। বিনয়-বাদল-দীনেশ বাগে মহাকরণের সামনাসামনি ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রতিমূর্তি স্থাপিত হয়েছে। ১৯৭৯ পঞ্জিকা-বর্ষে এই মহানগরীতে বাঘা যতীন (যতীন্দ্রনাথ মুখার্জি), মাইকেল মধুসূদন দত্ত, শরৎচন্দ্র চট্টোপাধ্যায় এবং রাজা রামমোহন রায়ের প্রতিমূর্তি স্থাপিত হবে বলে আশা আছে। ১৯৭৮ পঞ্জিকা-বর্ষেই এসব প্রতিমূর্তি স্থাপন করার কথা ছিল। কিন্তু এই বিভাগের নিয়ন্ত্রণাতীত পরিস্থিতির দরুন সেটা সম্ভব হয়ে ওঠে নি। প্রখ্যাত যে সমস্ত জাতীয় নেতা ও ব্যক্তির প্রতিমূর্তি গঠনের কাজ এগিয়ে চলেছে, তারা হলেন ঃ

(১) হেমন্তকুমার বসু,

(২) রাসবিহারী বসু, বিনয়, বাদল, দীনেশ,

(৩) গোষ্ঠ পাল, পঙ্কজ গুপ্ত,

(৪) প্রীতিলতা ওয়াদ্দেদার,

(৫) শরৎচন্দ্র বসু,

(৬) চার্লি চ্যাপলিন।

**রাজ্য সেতু তহবিল (যোজনা-বহির্ভূত, উন্নয়নমূলক)**

আবর্তনমূলক রাজ্য সেতু তহবিলে এ পর্যন্ত নীট ৮৫ লক্ষ টাকা জমা হয়েছে। রাজ্য সেতু তহবিলের টাকায় যেসব কাজ এগিয়ে চলেছে সেগুলি হল ঃ—

(১) কাটোয়ায় অজয় সেতু (শ্রমিক সেতু)—৬৪ লক্ষ টাকা (মূল সেতু)।

(২) হুগলি জেলার চাঁপাডাঙ্গা-পুরশুড়া-আরামবাগ সড়কের উপর নষ্ট হয়ে যাওয়া তিনটি সেতু পাল্টানো—৭ লক্ষ টাকা।

(৩) বহরমপুর-জলঙ্গী সড়কে গোবরনালায় উপর হুগলী আর সি সেতু—৪৭ লক্ষ টাকা।

### কেন্দ্রীয় সড়ক তহবিল বরাদ্দ (যোজনা-বহির্ভূত)

কেন্দ্রীয় সড়ক তহবিল বরাদ্দের টাকা থেকে মোট ৩২৫ লক্ষ টাকা মূলধন বিনিয়োগে ৩৫টি সড়ক ও সেতু নির্মাণের কাজ চালিয়ে যাওয়া হচ্ছে।

### গ্রামীণ সড়ক (যোজনা খন্ড)

এ বছর পূর্ত বিভাগের বাজেটে যোজনা খন্ডে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় আনুমানিক মোট ৩০ লক্ষ টাকা ব্যয়ে ১৬টি গ্রামীণ সড়কের উন্নতিসাধনের কাজ মঞ্জুর করা হয়েছে।

### কয়েকটি গুরুত্বপূর্ণ আইন প্রণয়ন

(১) ভারতীয় পথশুল্ক (পশ্চিমবঙ্গীয় সংশোধন) আইন, ১৯৭৮ বিধিবদ্ধ করা হয়েছে। এই আইনে বলা হয়েছে যে, সংসদের/রাজ্য বিধানসভার সদস্যগণ যখন শুল্ক সেতুর উপর দিয়ে যাতায়াত করবেন তখন তাদের কোনও শুল্ক দিতে হবে না। ঐ আইন অনুসারে, রাজ্য সরকারের যাবতীয় যানবাহনকেও শুল্ক প্রদানের দায় থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। আইনটিতে আরও বলা হয়েছে যে, সরকার যেমন স্থির করে দেবেন সেইমতো বিশেষ বিশেষ অঞ্চলে এবং বিশেষ বিশেষ সময়ে ধর্মীয় এবং দাতব্য সংস্থাগুলির যানবাহনগুলিকে শুল্ক প্রদানের দায় থেকে রেহাই দেবার ক্ষমতাও সরকারের থাকে না।

(২) নীতিগতভাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, জাতীয়/রাজ্য সড়কের দুই পাশ বরাবর রায়তি জমির উপর যথেচ্ছভাবে গৃহাদি নির্মাণ নিবারণ এবং উন্নয়ন ফী আরোপণ ও সেই সঙ্গে জাতীয়/রাজ্য সড়কের দুই পাশে অনধিকার-দখল নিবারণ এবং অপসারণ সম্পর্কে বর্তমান পশ্চিমবঙ্গ গণ-সড়ক আইন, ১৯৬৪-র পরিবর্তে আরও ব্যাপক একটি আইন প্রণয়ন করা হবে। তাতে কি কি বিধান থাকবে তা সম্প্রতি বিশদভাবে ভেবে দেখা হচ্ছে।

### নিময়, সংহিতা ইত্যাদির সংশোধন

আমার গতবারের বাজেট ভাষণে আমি সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগ ও কৃত্যক সমিতির প্রতিনিধিদের নিয়ে একটি ব্যাপকভিত্তিক কমিটি গঠনের প্রতিশ্রুতি দিয়েছিলাম। উদ্দেশ্য ছিল, ঐ কমিটি পূর্ত বিভাগের সমগ্র সংহিতা এবং নিয়ম ও প্রনিয়মাবলি আবার পরীক্ষা করে দেখবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে তারা যেমন প্রয়োজন মনে করেন সেইমতো তাদের সংশোধন সম্পর্কে সুপারিশ করবেন। সেই অনুসারে, ১৯৭৮ সালের মে মাসের শেষাশেষি

পূর্ত বিভাগের একজন অবসরপ্রাপ্ত চিফ ইঞ্জিনিয়ারের সভাপতিত্বে সংহিতা ও পুনর্বিন্যাস কমিটি, পূর্ত বিভাগ, ১৯৭৮ এই নামে একটি ছয়-সদস্য-বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটিকে তাদের সুপারিশ যত তাড়াতাড়ি সম্ভব পেশ করবার জন্য নির্দেশ দেওয়া হয়েছিল। নির্দেশে এটাও বলা হয়েছিল যে, কমিটি গঠনের তারিখ থেকে এক বছরের মধ্যেই ঐ সুপারিশ পেশ করা বাঞ্ছনীয়। কমিটি তাদের আলোচনা চালিয়ে যাচ্ছেন এবং সরকার সম্প্রতি জানতে পেরেছেন যে, কমিটি এখন একটি অন্তর্বর্তীকালীন রিপোর্ট তৈরি করছেন, যা বেশ তাড়াতাড়িই দাখিল করা সম্ভব হবে বলে তারা আশা রাখেন।

**দ্বিতীয় হুগলি নদী সেতু**

এই যে প্রকল্পটি সম্পর্কে পূর্ত (এম ডি) বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে এখন নির্মাণের কাজ চলছে সেটির জন্য বাজেট-বরাদ্দ ৭০ নং দাবির অন্তর্ভুক্ত। তাই এই প্রকল্প সংক্রান্ত নির্মাণকার্যের অগ্রগতি সম্বন্ধে আমি কয়েকটি কথা বলব। প্রকল্পটির জন্য আনুমানিক ৭৫ কোটি টাকা খরচ হবে। সাংগঠনিক ব্যয়, এজেন্সি চার্জ ও পুনর্বাসন ব্যয়ের দিক বাদ দিয়ে অন্যান্য ব্যয়ের ব্যাপারে ভারত সরকারের কাছ থেকে ঋণ-সহায়তা নিয়ে রাজ্য সরকার এই কর্মপ্রকল্পের প্রবর্তন করেছেন। নদীর দুই তীরে প্রবেশপথগুলি নির্মাণের কাজ এগিয়ে চলেছে। কিন্তু হাওড়ার দিকে জি টি রোডের পর নানা পথের সেতুসঙ্গমের (ইন্টারচেঞ্জের) কাজ এখনও শুরু হয় নি। তার কারণ এই যে, ঐ সেতুসঙ্গমের বিন্যাসাংশে যেসব মানুষ এখন বসবাস করছেন তাদের পুনর্বাসনের কাজে আগে সমাধান করতে হবে। নকশার পরিবর্তন এবং পরামর্শদাতা নির্বাচন সংক্রান্ত সমস্যার দরুন মূল সেতু নির্মাণের কাজে বেশ কয়েক বছর দেরি হয়ে গিয়েছে। ঐসব সমস্যা এখন দূর করা হয়েছে এবং হুগলি নদী সেতু কমিশনারবৃন্দ কলকাতার দিকে নদীর পাড়ে প্রিন্সেপ ঘাটের কাছে সেতুর চারটি পাদস্তম্ভের প্রথমটি নির্মাণের কাজ শুরু করেছেন। প্রকল্পটির জন্য ১৯৭৯ সালের জানুয়ারি মাস অবধি ১৪ কোটি টাকা খরচ করা হয়েছে।

**সড়ক ও সেতু**

পশ্চিমবঙ্গে সড়ক ও সেতু নির্মাণের জন্য যোজনায় যে অর্থ বরাদ্দ করা হয়েছে, আমি এখন সেই বিষয়ে কিছু বলব। ৬৩ কোটি টাকার বরাদ্দকে ভিত্তি করে এবং ১৫০০ কিলোমিটার সড়ক ও বেশ কিছু সেতুর নির্মাণ করবেন বলে স্থির করে নিয়ে, পূর্বতন সরকার পঞ্চম পঞ্চবার্ষিকী সড়ক উন্নয়ন পরিকল্পনা রচনা করেছিলেন। ১৯৭৭-৭৮ ও ১৯৭৮-৭৯ সালে বাজেট অধিবেশনে আমার ভাষণে আমি বলেছিলাম যে, এই কর্মসূচি অনুসারে কর্ম-প্রকল্প বেছে নেবার সময় বর্তমান সড়ক-ব্যবস্থার ত্রুটিবিচ্যুতি, বিশেষত শহর ও গ্রামের সড়কের মধ্যে সামঞ্জস্যের যে অভাব রয়েছে সেটা দূর করার জন্য বিশেষ নজর দেওয়া হয় নি। তবু এ ধরনের কর্মপ্রকল্প অনুসারে আমরা নির্মাণকার্য চালিয়ে যেতে বাধ্য হয়েছি। কেননা, চালু কর্মপ্রকল্পগুলি নির্মাণপর্বের মাঝামাঝি এসে পরিত্যাগ করা সম্ভব নয়। তাহলে, ঐ কর্মপ্রকল্পগুলির জন্য এ পর্যন্ত যত অর্থ ব্যয় হয়েছে সেটা নিষ্ফল হয়ে যেত। অতএব সড়ক ও সেতু কর্মপ্রকল্পগুলির বছরের পর বছর বার্ষিক পরিকল্পনা বরাদ্দ অনুসারে রূপায়িত হতে থাকল, যদিও প্রয়োজনের তুলনায় সেটাকে কখনও যথেষ্ট বলা যাবে না। পঞ্চ

যোজনা চূড়ান্তভাবে প্রণয়ন করা হয়েছিল যোজনাকালের একেবারে শেষ দিকে এবং তাতে সড়ক বাবদ শেষ পর্যন্ত বরাদ্দ করা হয়েছিল ৩৫.০৪ কোটি টাকা। বর্তমান মন্ত্রী সভার শপথ গ্রহণের পর আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম যে, আমাদের সড়ক-ব্যবস্থার সঙ্গে যে সমস্ত গ্রামের কোনওরকম সংযোগ নেই সেইসমস্ত গ্রামের জন্য অন্তত ভালো আবহাওয়ার উপযোগী সংযোগ পথ তৈরি করতে হবে এবং যেসব গ্রামের জন্য কেবল ভালো আবহাওয়ার উপযোগী সংযোগ পথ রয়েছে সেগুলির জন্য সমস্ত ধরনের আবহাওয়ার উপযোগী সংযোগ পথ তৈরি করতে দিতে হবে। এতে প্রাক্তন মন্ত্রী সভার আমলের গৃহীত ত্রুটিপূর্ণ পরিকল্পনার অশুভ ফল, আংশিকভাবে হলেও ঠেকানো যাবে। আর্থিক অপ্রতুলতা এবং অন্যান্য বাধাবিপত্তির মধ্যেও আমরা এটা, যতটা সম্ভব হয়, করতে চেষ্টা করছি।

যোজনার ফলাফল পর্যালোচনা করে ভারত সরকার সিদ্ধান্ত নিয়েছিলেন যে, ১৯৭৭-৭৮ সালেই পঞ্চম যোজনাকালের অবসান হবে এবং ১৯৭৮-৭৯ সাল থেকে নতুন যোজনা শুরু হবে। ১৯৭৪-৭৫ থেকে ১৯৭৭-৭৮ পর্যন্ত যোজনা বরাদ্দ থেকে মোট ২৬.৬২ কোটি টাকা পাওয়া গিয়েছে। এই সময়ের মধ্যে সড়ক নির্মাণের মালমশলার দাম এবং শ্রমিকদের মজুরির হার অনেকটা বেড়ে গিয়েছিল। মূল্যায়নের এই ঊর্ধ্বগতির প্রবণতার প্রতি লক্ষ্য রেখে, আমাদের হাতে যেসব কাজ রয়েছে সেগুলির খরচা বাবদ মোট ১৫০ কোটি টাকা হিসাব করা হয়েছিল। ১৯৭৮-৭৯ সাল থেকে ১৯৮২-৮৩ সাল অবধি পশ্চিমবঙ্গের জন্য সড়ক খাতে ৬৪.৫০ কোটি টাকা পাওয়া যাবে বলে আমরা আশা করতে পারি। তা থেকে ১১.৭৬ কোটি টাকা ১৯৭৯-৮০ সালে খরচের জন্য বরাদ্দ করার হয়েছে। এই বরাদ্দ আদৌ পর্যাপ্ত নয়। এর থেকেই আবার ৩.৯০ লক্ষ টাকা ন্যূনতম প্রয়োজন কর্মসূচির অন্তর্ভুক্ত কর্মপ্রকল্পগুলির জন্য কাজে লাগানো হবে বলে আমাদের প্রস্তাব রয়েছে। ঐ অপর্যাপ্ত বরাদ্দ দিয়েই সড়ক কর্মসূচি সম্বন্ধে আমাদের যাকিছু আশা-আকাঙ্খা তা পূরণ করতে হবে। তাই, খুব গুরুত্বপূর্ণ এবং অপরিহার্য না হলে, আমরা এখন নতুন কোনও কর্মপ্রকল্প গ্রহণ করছি না। আশা রাখি, বারাদ্দের ঐ ১১.৭৬ কোটি টাকা দিয়ে ১৯৭৯-৮০ সালে ৩০০ কিলোমিটার সড়ক নির্মাণের কাজ সম্পূর্ণ করা যাবে। বড় বড় কয়েকটি সেতু নির্মাণের কাজ এগিয়ে চলেছে। সেগুলি হল নদীয়ায় নবদ্বীপঘাটে গৌরাঙ্গ সেতু, বর্ধমানের কাটোয়ায় অজয়ের উপর সেতু এবং হাওড়ার খাদিনামে মোদরের উপর সেতু। দুটি বড় সেতুর নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে এবং সেতু দুটি যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। তার একটি হল কোচবিহারের মাথাভাঙ্গায় নামসাই নদীর উপর এবং আর একটি হচ্ছে পশ্চিম দিনাজপুরের বালুরঘাটে আত্রেয়ী নদীর উপর। এছাড়া কেন্দ্রীয় সড়ক তহবিলের টাকায় পলাশিপাড়ায় জলঙ্গীর উপর আরও একটি সেতু নির্মাণের কাজ চলেছে। আশা করা যায় যে, এই সেতুটির নির্মাণকার্য অনতিবিলম্বেই সম্পূর্ণ হয়ে যাবে। ১৯৭৯-৮০ সালে যে দুটি বড় সেতুর নির্মাণকার্য আরম্ভ করা হবে তার একটি হচ্ছে মেদিনীপুর জেলার কুটিঘাটে সুর্বণরেখার উপর এবং অন্যটি হল হাওড়া জেলার আমতায় দামোদরের উপর। মেদিনীপুর জেলার নরঘাটে হলদি সেতু নির্মাণের কাজ একটি দুর্ঘটনার ফলে ব্যহত হয়। কাজটি যত তাড়াতাড়ি সম্ভব আরম্ভ করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

১৯৭৮ সালের আগস্ট সেপ্টেম্বর এবং সেপ্টেম্বর-অক্টোবর মাসে অভূতপূর্ব বন্যায়

পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলাই প্লাবিত হয়ে গিয়েছিল। তার ফলে আমাদের সড়ক উন্নয়ন কর্মসূচিও নিদারুণভাবে ব্যহত হয়েছিল। বন্যাবিধ্বস্ত সড়কগুলির সংস্কারসাধনের জরুরি কাজে তখন আমরা গোটা সড়ক-সংগঠনকেই নিযুক্ত করেছিলাম। আমি আনন্দের সঙ্গে বলতে পারি যে, সেই কাজ বেশ সন্তোষজনকভাবেই এগিয়ে গিয়েছে। বিধ্বস্ত সড়কগুলিকে পনের দিনের মধ্যেই যোগাযোগ স্থাপনের উপযোগী করে তোলা হয়েছিল। সড়কগুলিকে বন্যায় আগের চেহারায় ফিরিয়ে আনার কাজ এখন পুরোদমে চলেছে। বন্যা-বিধ্বস্ত সড়কগুলির সংস্কার সাধনের এই যে কাজ, এটা কিন্তু আমরা এখন সড়ক নির্মাণের যে স্বাভাবিক কাজের দায়িত্ব বহন করছি তার বাইরে পড়ছে। আর সেজন্যেই এটা তারিখের অপেক্ষা রাখে।

পূর্ত (সড়ক) বিভাগ কেন্দ্রীয় খন্ডের যে সমস্ত সড়ক কর্মপ্রকল্প রূপায়িত করছেন তার মধ্যে ২নং জাতীয় সড়কের বর্ধমান ও আসানসোল বাইপাস এবং বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের কাজ সন্তোষজনক এগিয়ে যাচ্ছে। ২নং জাতীয় সড়ক বাইপাস ও ৬ নং জাতীয় সড়ক মজবুত করার এবং সেগুলির উন্নতিসাধন করার কাজে যথেষ্ট অগ্রগতি ঘটেছে। সাম্প্রতিক বিধ্বংসী বন্যায় ৬ নং জাতীয় সড়কের কিছু ক্ষতি হয়েছিল এবং সেইসঙ্গে একটি সেতু নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। ঐ সড়ক এবং সেতুর জরুরি সংস্কারের কাজও অত্যন্ত তৎপরতার সঙ্গে সমাধা করা হয়েছে। ৩৪ নং জাতীয় সড়কের পুনর্বিন্যস্ত অংশে যে কাজ চলছিল তা সম্পূর্ণ হয়ে গিয়েছে। তবে মুর্শিদাবাদ জেলার বল্লালপুর হল্টে রেল লাইনের উপর দিয়ে একটি "রোড ওভারব্রিজ" নির্মাণের কাজ এখনও বাকি আছে। সাম্প্রতিক বন্যার ফলে যে ক্ষতি হয়েছে তা পূরণ করবার জন্য সংস্কারমূলক কিছু কিছু কাজ করা হচ্ছে। ৪১ নং জাতীয় সড়কে মেচেদায় ও কন্দমপুরে "ফ্লাই-ওভার ব্রিজ" নির্মাণের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। কল্যাণীতে হুগলি নদীর উপর একটি সেতু নির্মাণের জন্য আমাদের যে প্রস্তাব ছিল, ভারত সরকার আনন্দের ফল তা অনুমোদন করেছেন।

এই কথাগুলি সবিনয়ে নিবেদনান্তে আমি আমার ১৯৭৯-৮০ সালের বাজেট দাবি অনুগ্রহ করে মেনে নেবার জন্য মাননীয় সদস্যবৃন্দকে অনুরোধ করছি।

[3-20 — 4-05 P.M. (including Adjounment)]

এছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে সমস্ত কোড আছে, রুল আছে সেগুলি মান্ধাতার আমলে ইংরেজ আমলে তৈরি হয়েছিল, যার জন্য কাজ করতে নানা বাধা হচ্ছে, নানা বিলম্ব ঘটছে। সেগুলির পরিবর্তন করে সংশোধন করার জন্য একটা উচ্চ পদস্থ কমিটি তৈরি করেছি। এই কমিটির কাজ এগিয়ে চলেছে। আশা করছি বছর শেষ হবার আগেই তারা আমাদের অন্তর্বর্তী রিপোর্ট দেবেন।

দ্বিতীয় হুগলি নদী সেতু সম্বন্ধে আমি সংক্ষেপে দুই একটি কথা বলব। নদীর দুই তীরে প্রবেশ পথগুলি নির্মাণের জন্য কাজ এগিয়ে চলেছে। কিন্তু হাওড়ার দিকে জি টি রোডের পর নানা পথের সেতু সংগমের কাজ এখন শুরু করা সম্ভব হয়নি, এই ব্যাপারে কিছু সমস্যা আছে, সেই সমস্ত সমস্যা এখন দূর করা হয়েছে এবং হুগলির নদী সেতু কমিশনারবৃন্দ কলকাতার দিকে নদীর পাড়ে প্রিন্সেপ ঘাটের কাছে সেতুর চারটি পাদস্তম্ভের প্রথমটি নির্মাণের

কাজ শুরু করেছেন প্রকল্পটির জন্য ১৯৭৯ সালের জানুয়ারি মাস অবধি ১৪ কোটি টাকা খরচ করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত প্রকল্প-এর কথা বললাম সেই প্রকল্প অনুসারে আমরা নির্মাণ কার্য চালিয়ে যেতে বাধ্য হচ্ছি, কেন না চালু প্রকল্পগুলি নির্মাণপর্বের মাঝামাঝি এসে পরিত্যাগ করা সম্ভব নয়। তাহলে কর্মপ্রকল্পগুলির জন্য এ পর্যন্ত যত অর্থ ব্যয় হয়েছে সেটা নিষ্ফল হয়ে যেত। ৫ম যোজনা চূড়ান্তভাবে প্রণয়ন করা হয়েছিল যোজনা কালের একেবারে শেষ দিকে এবং তাকে সড়ক বাবদ শেষ পর্যন্ত বরাদ্দ করা হয়েছিল ৩৫.০৪ কোটি টাকা। বর্তমান মন্ত্রী সভার শপথ গ্রহণের পর আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম যে, আমাদের সড়ক ব্যবস্থার সঙ্গে যে সমস্ত গ্রামের কোনও রকম সংযোগ নেই, সেই সমস্ত গ্রামের জন্য অন্তত ভাল আবহাওয়ার উপযোগী সংযোগ পথ তৈরি করতে হবে এবং যে সব গ্রামের জন্য কেবল ভাল আবহাওয়ার উপযোগী সংযোগ পথ রয়েছে সেগুলির জন্য সমস্ত ধরনের আবহাওয়ার উপযোগী সংযোগ পথ তৈরি করে দিতে হবে। এতে প্রাক্তন মন্ত্রী সভার আমলের গৃহীত ত্রুটিপূর্ণ পরিকল্পনার অশুভ ফল আংশিকভাবে হলেও ঠেকানো যাবে। আর্থিক অপ্রতুলতা এবং অন্যান্য বাধাবিপত্তির মধ্যেও আমরা এটা যতটা সম্ভব হয় করতে চেষ্টা করছি। ১৯৭৮-৭৯ সাল থেকে ১৯৮২-৮৩ সাল অবধি পশ্চিমবঙ্গের জন্য সড়ক খাতে ৬৪.৫০ কোটি টাকা পাওয়া যাবে বলে আমরা আশা করতে পারি। তা থেকে ১১.৭৬ কোটি টাকা ১৯৭৯-৮০ সালের জন্য বরাদ্দ করা হয়েছে। আশা রাখি এই বরাদ্দ দিয়ে ১৯৭৯-৮০ সালে ৩০০ কিলোমিটার সড়ক নির্মাণের কাজ সম্পূর্ণ করা যাবে। বড় বড় কয়েকটি সেতু নির্মাণের কাজ এগিয়ে চলেছে সেগুলি হল নদীয়ায় নবদ্বীপ ঘাটে গৌরাঙ্গ সেতু বর্ধমানে কাটোয়ায় অজয়ের উপর সেতু এবং হাওড়ার খাদিনানে দামোদরের সেতু। দুটি বড় সেতুর নির্মাণ কার্য সম্পূর্ণ হয়েছে সেতু দুটি যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। তার একটি হল কোচবিহারের মাথাভাঙ্গায় মানসাই নদীর উপর এবং আর একটি হচ্ছে পশ্চিম দিনাজপুরের বালুরঘাটে আত্রেয়ী নদীর উপর। এছাড়া কেন্দ্রীয় সড়ক তহবিলের টাকায় পলাশিপাড়ায় জলঙ্গীর উপর আরও একটি সেতু নির্মাণের কাজ চলেছে। আশা করা যায় যে, এই সেতুটির নির্মাণকার্য অনতিবিলম্বেই সম্পূর্ণ হয়ে যাবে। ১৯৭৯-৮০ সালে যে দুটি বড় সেতুর নির্মাণকার্য আরম্ভ করা হবে তার একটি হচ্ছে মেদিনীপুর জেলার কুটিঘাটে সুবর্ণরেখার উপর এবং অন্যটি হল হাওড়া জেলার আমতায় দামোদরের উপর। মেদিনীপুর জেলার নরঘাটে হলদি সেতু নির্মাণের কাজ একটি দুর্ঘটনার ফলে ব্যহত হয়। কাজটা যাতে এই বছরের মধ্যে শুরু করা যায় তারজন্য অর্থ দপ্তরের সঙ্গে আলাপ আলোচনা করছি এবং আশা করছি আমাদের প্রয়োজনীয় অর্থ দপ্তর শীঘ্রই মঞ্জুর করবেন এবং আমরা আবার কাজ শুরু করে দেব।

পূর্ত (সড়ক) বিভাগে কেন্দ্রীয় খন্ডের যে সমস্ত সড়ক কর্মপ্রকল্প রূপায়িত করছেন তার মধ্যে ২নং জাতীয় সড়কের বর্ধমান ও আসানসোল বাইপাস এবং বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে যাচ্ছে। ২নং জাতীয় সড়ক বাইপাস ও ৬নং জাতীয় সড়ক মজবুত করার এবং সেগুলির উন্নতিসাধন করার কাজে যথেষ্ট অগ্রগতি ঘটেছে। সাম্প্রতিক বিধ্বংসী বন্যায় ৬ নং জাতীয় সড়কের কিছু ক্ষতি হয়েছিল এবং সেই সঙ্গে একটি সেতু

নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। ঐ সড়ক এবং সেতুর জরুরি সংস্কারের কাজও অত্যন্ত তৎপরতার সঙ্গে সমাধা করা হয়েছে। ৩৪ নং জাতীয় সড়কের পুনর্বিন্যস্ত অংশে যে কাজ চলছিল তা সম্পূর্ণ গিয়েছে। তবে মুর্শিদাবাদ জেলার বল্লালপুর হল্টে রেল লাইনের উপর দিয়ে একটি রোড ওভারব্রিজ নির্মাণের কাজ দুর্ভাগ্যবশত এখনও বাকি আছে। সাম্প্রতিক বন্যার ফলে যে ক্ষতি হয়েছে তা পূরণ করবার জন্য সংস্কারমূলক কিছু কিছু কাজ করা হচ্ছে। ৪১নং জাতীয় সড়কে মেচেদায় ও কদমপুরে "ফ্লাইওভার ব্রিজ" নির্মাণের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। কল্যাণীতে হুগলি নদীর উপর একটি সেতু নির্মাণের জন্য আমাদের যে প্রস্তাব ছিল, ভারত সরকার আনন্দের কথা তা অনুমোদন করেছেন।

আমি এই খাতে ১৯৭৯-৮০ সালের বাজেট দাবি অনুগ্রহ করে মেনে নেবার জন্য মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার আমি রাজ্যপালের সুপারিশক্রমে এই মর্মে প্রস্তাব উত্থাপন করছি যে, ১৯৭৯-৮০ সালের ৩৯ নং দাবির অধীনে মুখ্য খাত : "২৮৩—আবাসন," "৪৮৩—আবাসন সম্পর্কে মূলধন বিনিয়োগ" এবং "৬৮৩—আবাসনের জন্য ঋণ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১৫,২৯,৮৭,০০০ টাকা মঞ্জুর করা হোক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৩৯ নং দাবির খাতে ১৫,২৯,৮৭,০০০ টাকার যে দাবি করা হয়েছে তা বিভিন্ন প্রকারের সমাজ-উন্নয়নমূলক আবাস এবং আনুষঙ্গিক কর্মপ্রকল্পগুলি রূপায়ণের জন্য প্রয়োজন, খাতওয়ারি বিশদ বিবরণ হল—

| | |
|---|---|
| (ক) ২৮৩—আবাসন | ৪,১৮,৭০,০০০ টাকা |
| (খ) ৪৮৩—আবাসন সম্পর্কে মূলধন বিনিয়োগ | ৫,৩৬,১৭,০০০ টাকা |
| (গ) ৬৮৩—আবাসনের জন্য ঋণ | ৫,৭৫,০০,০০০ টাকা |

১৫,২৯,৮৭,০০০ টাকার পুরো দাবির মধ্যে রয়েছে (ক) রাজ্য পরিকল্পনার অন্তর্গত কর্মপ্রকল্পগুলি রূপায়ণের জন্য ৩০৮ লাখ টাকা ; (খ) বাগিচা শ্রমিকদের জন্য কেন্দ্রীয় খাতে ভরতুকি প্রাপ্ত আবাসন কর্মপ্রকল্প রূপায়ণের জন্য ৭৫ লাখ টাকা যে ব্যয় হবে তার সবটাই কেন্দ্রীয় সরকার পূরণ করবেন ; (গ) রাজ্য পরিকল্পনা বহির্ভূত কিছু আবাসন কর্মপ্রকল্প রূপায়ণের জন্য এবং নির্দেশনা, প্রশাসন ও পরিচালন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য ১১,৪৬,৮৭,০০০ টাকা।

এই রাজ্যের শহরাঞ্চলে তীব্র আবাসন সমস্যা ও তার কারণ সম্পর্কে আমরা ওয়াকিবহাল। এই সমস্যা সমাধানের আমাদের সীমাবদ্ধ সামর্থ্যের কথা মাননীয় সদস্যরা জানেন। ১৯৭৯-৮০ সালে আবাসন সংক্রান্ত বরাদ্দ গত বৎসরের চেয়ে শতকরা ৪০ ভাগ বাড়ানো হলেও এই অর্থ বিপুল সংখ্যায় গৃহ নির্মাণের জন্য পর্যাপ্ত নয়।

বিভিন্ন প্রকারের সমাজ উন্নয়নমূলক আবাসন কর্মপ্রকল্পে এ পর্যন্ত প্রায় ৫০,০০০টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে এবং আরও ১,৬০০ ফ্ল্যাট বর্তমানে নির্মাণ করা হচ্ছে। বিভিন্ন

প্রকার কর্মপ্রকল্পগুলির জন্য ১৯৭৯-৮০ সাল আর্থিক বছরে ৩০৮.১৪ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। এই টাকা থেকে বিভিন্ন শ্রেণীর মানুষের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণে ১৯৪.১৪ লক্ষ টাকা, মধ্য-আয়-গোষ্ঠীর নিম্ন-আয় গোষ্ঠীর মানুষের বাসস্থান নির্মাণের জন্য ঋণ হিসাবে আগাম দেওয়ার উদ্দেশ্যে ১০০ লক্ষ টাকা এবং বেসরকারি নিয়োগকারীরা যাতে তাদের শিল্প শ্রমিকদের বাসস্থান নির্মাণ করতে পারেন তারজন্য ঋণ/অনুদান হিসাবে ১৪ লক্ষ টাকা ব্যয় করা হবে।

৪। রাজ্যের বিভিন্ন স্থানে বিভিন্ন আবাসন কর্মপ্রকল্পের অধীনে আগে থেকে যেসব প্রকল্পের কাজ শুরু হয়েছিল সেগুলি অব্যাহত আছে। আমরা চলতি আর্থিক বছর শেষ হওয়ার আগেই নিম্ন-আয় গোষ্ঠীর মানুষের জন্য ৩০০টি ফ্ল্যাট এবং অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ১০০টি ফ্ল্যাট সহ মোট ১,০০০টি ফ্ল্যাট নির্মাণ সম্পূর্ণ করতে চাই। চালু প্রকল্পগুলির মধ্যে নিম্ন-আয় গোষ্ঠীর মানুষের জন্য ২৫০টি, অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ৪৬০টি ফ্ল্যাট সমেত প্রায় ১,৪০০টি ফ্ল্যাট ১৯৭৯-৮০ সালের মধ্যে শেষ হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। এ ছাড়া; দুই থেকে তিন বছরের মধ্যে ভাড়াভিত্তিক কয়েক শত ফ্ল্যাট নির্মাণের জন্য আনুমানিক ২.৬২ কোটি টাকা ব্যয় নতুন আবাসন প্রকল্প রূপায়ণের ব্যাপারে আমরা ব্যবস্থা নিয়েছি। মধ্য-আয় গোষ্ঠীর নিম্ন আয় গোষ্ঠীর মানুষদের ঋণদান কর্মপ্রকল্পের অধীনে আবাসন ইউনিট নির্মাণের জন্য ১৯৭৮-৭৯ সালে বিভিন্ন ব্যক্তিকে আমরা প্রায় ৭৫ লক্ষ টাকাও মঞ্জুর করেছি। উন্নয়ন (নগর ও গ্রাম পরিকল্পনা) বিভাগের পক্ষ থেকে আমার দপ্তর হলদিয়াতে ২০০টি ফ্ল্যাট নির্মাণের দায়িত্ব নিয়েছেন এবং তার মধ্যে ৩২টি ফ্ল্যাটের নির্মাণ কাজ প্রায় শেষ।

৫। পরিকল্পনার জন্য বরাদ্দ অপ্রতুল হওয়ায় বিপুল সংখ্যায় গৃহ নির্মাণের কাজ হাতে নেওয়ার অসুবিধার কথা আগেই জানিয়েছি। তাই, এই বিভাগ জমি অধিগ্রহণ ও উন্নয়ন স্কীমে কলিকাতার উপকণ্ঠে ও আসানসোলে কয়েকটি স্বয়ং অর্থপ্রদায়ী কর্মপ্রকল্প গ্রহণ করেছেন। এই প্রকল্পতে বিভিন্ন আয়তনের প্লট নিম্ন-আয় গোষ্ঠীর মানুষের মধে বিক্রি করা হবে যাতে তারা নিজেরা বাড়ি তৈরি করে নিতে পারেন।

৬। এই বিভাগ দ্বারা পরিচালিত বাগিচা শ্রমিকদের জন্য ভরতুকিপ্রাপ্ত আবাসন কর্মপ্রকল্প একমাত্র কেন্দ্রীয় খাতের কর্মপ্রকল্প। এই প্রকল্পে বাগিচা শ্রমিকদের প্রায় ৩,০০০টি বাসগৃহ নির্মাণের জন্য চা-বাগিচা মালিকদের ঋণ/অনুদান প্রদানের উদ্দেশ্যে আলোচ্য বছর ৭৫ লক্ষ টাকা মঞ্জুরির প্রস্তাব রাখছি।

৭। বিভিন্ন আবাসনপুরীর ভাড়াটিয়াদের জন্য দুগ্ধকেন্দ্র স্থাপন, প্রাথমিক বিদ্যালয় স্থাপনের উদ্দেশ্যে জমি বরাদ্দ করা এবং অন্যান্য সাধারণ সুযোগসুবিধার ন্যায় দাবি বর্তমান সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেখছেন। সরকারি কর্মচারিদের জন্য নির্মিত ফ্ল্যাটগুলির মাসিক ভাড়া নির্ধারণ করে সরকার সরকারি কর্মচারিদের একটি দীর্ঘদিনের ক্ষোভ দূর করেছেন।

৮। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত বাড়িগুলির পুনর্নির্মাণের জন্য রাজ্য সরকার জীবনবিমা কর্পোরেশন ও সাধারণ বিমা কর্পোরেশনের নিকট থেকে "বিশেষ ঋণ" বাবদ ৪.৫০ কোটি

টাকা সংগ্রহ করেছেন এবং এই বিশেষ প্রকল্পটির রূপায়ণ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত এই সংগৃহীত অর্থ " ৬৮৩—আবাসনের জন্য ঋণ" এই খাতে রাখা হয়েছে।

৯। বিভিন্ন উৎস থেকে অর্থ সংগ্রহ করে আবাসন ইউনিট নির্মাণ করার উদ্দেশ্যে ১৯৭২ সালের শেষদিকে পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ গঠন করা হয়। ঐ পর্যদের বয়স এখন সাত বছর। এখন পর্যন্ত পর্যদ ৭,৬৮২টি আবাসন ইউনিট ১৫১টি প্লট বিক্রি করেছে। মাসিক ৩৫০ টাকার নিজে উপার্জনশীল দুর্বলতর শ্রেণীর জন্য আসানসোল উপনগরীতে ১,০০৫টি আবাসন ইউনিট সহ আর ২,৫১৪টি আবাসন ইউনিট এখন নির্মাণ করা হচ্ছে। কয়েকটি নতুন প্রকল্প সম্পর্কে 'হাডকো'র মঞ্জুরি পাওয়া গেছে এবং নির্মাণ কাজ এখন পুরোদমে চলেছে।

আর্থিক অসচ্ছলতার দরুন আবাসন পর্যদের কাজকর্ম বেশ খানিকটা সীমিত হয়ে আছে। ১৯৭২-৭৩ সালে এই দুই কিস্তিতে পর্যদ আজ পর্যন্ত ৯০ লক্ষ টাকা ঋণ পেয়েছেন। এই প্রথম ১৯৭৮-৭৯ সালের পর্যদকে বাজার থেকে ৫৫ লক্ষ টাকা ঋণ তোলার অনুমতি দেওয়া হয়েছে। ১৯৭৯-৮০ সালে এই বাবদে সংগৃহীত অর্থের পরিমাণ ১.৪০ কোটি টাকা হতে পারে। অধিক অর্থ সংস্থানের সাথে সাথে পর্যদ তার কাজকর্ম জেলাগুলিতে বিশেষত পার্বত্য অঞ্চলে প্রসারিত করবার সিদ্ধান্ত নিয়েছে এবং শিলিগুড়িতে ক্রমপ্রসারমান অঞ্চলে একটি উপনগরী স্থাপনের বিষয় বিবেচনাধীন আছে।

১০। সল্টলেক এলাকার উন্নয়ন ও পতিত জমি পুনরুদ্ধারের জন্য এবং বাগজোলা জলনিকাশি কর্মপ্রকল্পগুলির জন্যও ১৯৭৯-৮০ সালে ৩,২৮,১৩,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

কলকাতায় উপর চাপ কমাবার জন্য কলকাতার পূর্বপ্রান্তে যে বিস্তৃত জলা জমি রয়েছে তা ভরাট করার চিন্তা প্রথম করেন পরলোকগত ডাঃ বি সি রায়। বর্তমানে যে উন্নত জায়গাটি বিধাননগর (সল্ট লেক টাউনশিপ) নামে পরিচিত সেই জায়গাটিকে পাঁচটি সেক্টরে ভাগ করা হয়েছে। প্রথম তিনটি সেক্টরের উন্নয়নের কাজ ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে। বাকি দুটি সেক্টরের উন্নয়নের কাজ এখনও চলছে। এই দুটি সেক্টর প্রধানত শিল্প ও বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য রাখা হয়েছে।

দু নং সেক্টরে জমি বিলি-বন্দোবস্তের কাজ এখন পুরাদমে চলছে আশা করা যায় যে, সল্ট লেক অদূরভবিষ্যতে নাগরিক জীবনের এক প্রাণকেন্দ্রে পরিণত হবে। পৌর সুযোগ-সুবিধা যেমন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহ, আধুনিক পয়ঃপ্রণালী ও জলনিকাশি ব্যবস্থা ইত্যাদির সংস্থান করা হয়েছে। কতকগুলি অফিস-গৃহ তৈরি হয়েছে এবং আরও কয়েকটি আগামী কয়েক বছরে তৈরি করা হবে। দুইশত শয্যাবিশিষ্ট একটি হাসপাতাল এখানে নির্মাণ করা হবে এবং এর জন্য প্রয়োজনীয় অর্থ ইতিমধ্যেই স্বাস্থ্য বিভাগকে মঞ্জুর করা হয়েছে।

কতকগুলি সরকারি অফিস সল্ট লেক টাউনশিপে স্থানান্তরিত করার সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রকল্প কর্তৃপক্ষ ১৯৭৭-৭৮ সালে ৬৫০টি ফ্ল্যাট তৈরি করার কাজ শুরু করেন। এর মধ্যে ১৭৬টি ফ্ল্যাটের নির্মাণকাজ ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে এবং এপ্রিল, ১৯৭৯-

র মধ্যে বকি ৪৭৪টি ফ্ল্যাটের কাজ শেষ হবে বলে আশা করা যায়। পরবর্তী বছরগুলিতে পর্যায়ক্রমে আরও অধিক সংখ্যায় ফ্ল্যাট নির্মাণ করা হবে।

"সাফারি পার্ক"-এর নির্মাণ কাজ চলছে এবং সেন্ট্রাল পার্কের উন্নয়নের কাজ পরবর্তী বছরে হাতে নেওয়া হবে। যদিও এই উপনগরীর বাসিন্দারা পরিকল্পিত নগরীর নানাবিধ পৌর সুযোগসুবিধা ভোগ করেন তথাপি এ সত্য অস্বীকার করার উপায় নেই যে, বাস চলাচলের অপ্রতুলতার দরুন তারা যাতায়াতে যথেষ্ট অসুবিধার সম্মুখীন হন। বিষয়টিতে উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

১১। উন্নয়ন ও যোজনা বিভাগের সম্পত্তি পরিচালন শাখার সংস্থাব্যয়-নির্বাহের জন্য এবং পাতিপুকুর ও কল্যাণীতে নগর-পত্তন এবং আবাসন কর্মপ্রকল্পগুলির রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত খরচ মেটানোর জন্য আট লক্ষ কুড়ি হাজার টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখা হয়েছে।

১২। হলদিয়া আবাসন কর্মপ্রকল্পের জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখা হয়েছে। এই প্রকল্পের অধীনে ১৫৬টি ইউনিট নির্মাণের কাজ এখন চলছে।

মহাশয়, এই বলে আমার উপস্থাপিত দাবি অনুমোদন করার জন্য সভাকে আমি অনুরোধ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এখানে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এসেছে সেগুলি নিয়মানুগ আছে এবং যথাযথভাবে উত্থাপিত হয়েছে বলে ধরে নেওয়া হয়েছে।

**Demand No. 25**

Shri Suniti Chattaraj : I beg to move that the amount of Demand be reduced to Re.1/-.

Shri Suniti Chattaraj : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Shri Shamsuddin Ahmed : —do—

**Demand No. 70**

Shri Balailal Das Mahapatra : I beg to move that the amount of Demand be reduced to Re.1/-.

Shri Krishnadas Roy : —do—

Shri Kazi Hafizur Rahman : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Shri Habibur Rahman : —do—

Shri Shamsuddin Ahmed : —do—

Shri Lutfal Haque : —do—

Shri Kiranmoy Nanda : —do—

Shri Balailal Das Mahapatra : —do—

**Demand No. 39**

Shri Balailal Das Mahapatra : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Shri A.K.M. Hassnuzzaman : —do—

(At this stage the House was adjourned till 4-05 P.M.)

(After Adjournment)

[4-05 — 4-15 P.M.]

**শ্রী অনিল মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার গোচরে আনতে চাই। স্যার, বিষয়টি হচ্ছে, বিরোধীদলের সদস্যরা, তারা সামনের লবিতে বসে আছেন ফলে আমরা যারা সদস্য এখানে আছি—হাউসে আমাদের চলাফেরা করার, কথা বলার অত্যন্ত অসুবিধা হচ্ছে। যে সমস্ত জনসাধারণ আমাদের কাছে আসছেন লবিতে দেখা করার জন্য তারা সেখানে দেখা করতে পারছেন না। এই যে অগণতান্ত্রিক পদ্ধতি ওরা নিয়েছেন, অন্যান্য সদস্য যারা আছেন তাদের অধিকারকে খর্ব করছেন, অপব্যবহার করছেন ক্ষমতার, এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার কাছে প্রোটেকশন চাইছি। হাউসের অন্যান্য সদস্যরা যাতে স্বাধীনভাবে ঘোরাফেরা করতে পারেন, লবিতে ঘুরতে পারেন আপনি দয়া করে তার ব্যবস্থা করুন এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অবিনাশ প্রামানিকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, লবিতে কংগ্রেস এবং জনতা, তার জনসভা আরম্ভ করেছে। কংগ্রেস, জনতার এক একজন সদস্য উঠে বক্তৃতা দিচ্ছেন এবং ওখানে জমায়েত করছেন। স্যার, এই জিনিস লবিতে চলতে পারে কিনা, এই ভাবে জনসভা করতে পারা যায় কিনা সে বিষয়ে আপনার কাছ থেকে আমি রুলিং চাইছি।

**মিঃ স্পিকারঃ** আমি আপনাদের একথা জানাতে পারি, সাধারণ নিয়ম হচ্ছে যে, এখানে আইনসভার যে কাজ চলে এবং তার জন্য যা প্রয়োজন, অর্থাৎ সাধারণভাবে সভ্যদের আসা যাওয়া এবং সভা ছাড়া জনসভা বা অন্য কোনও কিছু করতে হলে, আইনসভার গৃহের চতুর্দিকের যে এলাকা আছে তার মধ্যে কিছু করতে হলে, সে কোনও সভ্যই হোন বা বাইরের লোক হোন, তার স্পিকারের পারমিশন নিয়ে সেটা করা উচিত। যারা তা করছেন না তারা স্বভাবতই আইন বিরুদ্ধ কাজ করছেন, আইনকে অবজ্ঞা করেই করছেন, স্পিকারকে অবজ্ঞা করেই করছেন।

**শ্রী অনিল মুখার্জি :** স্যার, ওরা বলেছিলেন, শান্তিপূর্ণ ভাবে অবস্থান করবেন, সেখানে মিটিং করবেন, হাউসে বলে যান নি। এটা স্যার, বেআইনি কাজ হচ্ছে।

**মিঃ স্পিকার :** আপনি বসুন, আমি বলছি। আমি আরও দুঃখিত হয়েছি, আমি শুনেছি একজন মাননীয় সংসদ সদস্য তিনি ঐ সভায় বক্তৃতা করেছেন। তিনি এটা করবার জন্য আমার কাছে কোনও অনুমতি নেন নি বা নেবার প্রয়োজন মনে করেন নি। এই সমস্ত ঘটনাই বলতে গেলে আমাকে অবজ্ঞা করেই করা হচ্ছে। কিন্তু সর্বসময়ে সর্বক্ষেত্রে হস্তক্ষেপ করাটা কতটা সমীচীন সে বিবেচনা আমার হাতেই ছেড়ে দিন। আপনারা আমার দৃষ্টি আকর্ষণ করেছেন, আমি সেটা গ্রহণ করলাম।

**শ্রী যতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তাদের বলুন ওখানে না বসে তারা উপরে বসুন। এইটুকু তো স্যার, আপনি করতে পারেন এই অনুরোধ তাদের কাছে পাঠাতে পারেন। মেন লবিতে তারা না বসে, এইরকম সভাটভা না করে তারা দোতলায় বসুন। সেখানে জনসধারণ বা মেম্বারদের কোনও অসুবিধা হয় না। এটা স্যার, আপনি করুন।

**মিঃ স্পিকার :** আচ্ছা, আপনার কথা আমি শুনেছি, আমি দেখব।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীতে এই হাউসে যখন বিরোধী দলের নেতা হিসাবে জ্যোতি বসু ছিলেন তখনও এখানে অনশন হয়েছিল, অবস্থান হয়েছিল এবং স্পিকার মহাশয় সেই পারমিশন দিয়েছিলেন। কিন্তু তখন বাইরের লোক নিয়ে এসে এখানে মিটিং করা হয়নি। কিন্তু আজকে দেখছি যে এখানে বাইরের লোক নিয়ে এসে সভা করা হচ্ছে, মিটিং করা হচ্ছে। আমি দেখতে গিয়েছিলাম আমাকে হাত ধরে বসিয়ে দেওয়া হয়েছে এবং এতে আমার গায়ে হাত দেওয়া হয়েছে এটা রাউডিজম ছাড়া আর কিছু নয়, এটা আপনার মাধ্যমে জানালাম।

## DISCUSSION VOTING ON DEMAND FOR GRANTS

**শ্রী রেণুপদ হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পূর্তমন্ত্রী মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় এখানে যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের আলোচনা পদ অন্যান্য দপ্তর থেকে একটু আলাদা। অন্যান্য দপ্তরে যে সমস্ত অফিসঘর, হাসপাতাল বা অন্যান্য যে সমস্ত বাড়ি তৈরি করতে হয় সেটা তার বিভাগ থেকে হয়ে থাকে এবং তার ফলে এই বিভাগের জন্য প্রচুর টাকা বরাদ্দ হয়েছে এবং তিনি সেই টাকা খরচ করবেন। অতীতে আমরা দেখেছি যে কংগ্রেস আমলেও এই বিভাগের টাকা এমন ভাবে খরচ করা হয়েছে, প্রশাসনে দুর্নীতি থাকার জন্য টাকার শুধু অপচয়ই হয়েছে। আজও দেখছি তার কোনও পরিবর্তন ঘটেনি। আজও এই বিভাগের দুর্নীতি অন্যান্য বিভাগকে ছাড়িয়ে গেছে। আমি এই কথা বলতে চাই যে তার মতো একজন দক্ষ মন্ত্রী, তিনি প্রশাসনকে দুর্নীতি মুক্ত করার জন্য যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করার দরকার ছিল সেগুলি গ্রহণ করতে সক্ষম হন নি এবং উদ্যোগীও হন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে যাতে দুর্নীতি দূর করা যায় তার জন্য বিগত যুক্তফ্রন্ট সরকারের সময়ে তদানিন্তন মন্ত্রী মাননীয় সুবোধ ব্যানার্জি মহাশয় কতকগুলি ব্যবস্থা গ্রহণ করেছিলেন। তিনি

বলেছিলেন, যে সমস্ত রাস্তা, স্কুল অফিস বা বিল্ডিং ইত্যাদি যাই তৈরি হোক না কেন, সেগুলির ক্ষেত্রে যে অর্থ বরাদ্দ হবে এবং তার মধ্যে যা যা কাজ হচ্ছে সেটা জনসাধারণের জ্ঞাতার্থে জানিয়ে দিতে হবে এলাকার মানুষের মধ্যে। অর্থাৎ জনসাধারণকে ওয়াকিবহাল করা হলে, বরাদ্দকৃত অর্থ কি কিভাবে খরচ করা হচ্ছে সেটা জনসাধারণকে বিশদ ভাবে জানিয়ে দেওয়া হলে জনসাধারণের পক্ষে সেই কাজ বুঝে নেওয়া সহজ হবে এবং তারা সেটা বুঝে নেবার চেষ্টা করবেন। এই জিনিস করলে জনসাধারণ বুঝে নিতে পারবেন যে কি খাতে কত টাকা খরচ হল, কিভাবে খরচ করা হচ্ছে, কি ধরনের ইট দেওয়া হল, ঝামা ইঁটের পরিবর্তে আমা ইঁট দেওয়া হল কি না, যে পরিমাণ পিচ দেওয়ার কথা সেটা ঠিক দেওয়া হচ্ছে কি

[4-15 — 4-25 P.M.]

না ইত্যাদি জিনিসগুলি তারা বুঝে নিতে পারবেন। যে পরিমাণ সিমেন্ট দেওয়ার কথা, সেই পরিমাণ না কাজে লাগিয়ে সেটা আত্মসাৎ করা হচ্ছে কিনা, সেটা বাজারে পাচার হয়ে বিক্রি হয়ে যাচ্ছে কিনা বা লোহার যে সমস্ত কাজ হচ্ছে, তার পরিমাণগুলো যদি জানা থাকে তাহলে দেশের মানুষ সেইগুলো বুঝে নিতে সক্ষম হয়। মন্ত্রী মহাশয়ের ডিপার্টমেন্ট থেকে আজও সেই রকম ধরনের জানানোর কোনও ব্যবস্থা হয়নি। যার ফলে একটা রাস্তা হয়ে যাবার পর দেখা যায়, তার যা যা কাজ করার কথা ছিল তার অনেকাংশ পূরণ করা হয়নি। তাই দুর্নীতি মুক্ত করার জন্য আমার মনে হয় এই ব্যাপারে জনসাধারণকে যাতে সচেতন করে দেওয়া যায় তার ব্যবস্থা থাকা দরকার, পিপলস ইনভলভমেন্টের দরকার আছে। এই ব্যাপারটার দিকে সরকারের নজর দেওয়া দরকার। আমরা দেখেছি দীর্ঘদিন ধরে এমন কিছু রাস্তা এমন কি ১৯৫৭-৫৮ সালে যে সমস্ত রাস্তা ধরা হয়েছে, আজও সেই সব রাস্তায় কাজ চলছে, সেই সব রাস্তাগুলোর কাজ দ্রুত সমাধান করা দরকার। সেইগুলোর ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা গ্রহণ সেইভাবে করা হয়নি। হয়তো মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন যে ১৯ মাস এসেছি, এরমধ্যে তৈরি করা সম্ভব নয়, অর্থের অভাব এই সব বলবেন। কিন্তু এই যে রাস্তাগুলো দীর্ঘদিন ধরে তৈরি হচ্ছে, এইগুলো দ্রুত শেষ করার কথা এই জন্য ভাবা উচিত, যে সমস্ত রাস্তায় মাটি ফেলা হল রাস্তা করার জন্য মেটাল ওয়ার্ক করার জন্য বৃষ্টির জলে সেই মাটি গলে বেরিয়ে গেল ঠিক সময়ে রাস্তাটা তৈরি না হওয়ার ফলে, এইভাবে প্রতি বছর খরচ বেড়ে চলেছে, আগে যে এস্টিমেট ছিল এখন আর সেই এস্টিমেট নেই, প্রতি বছর এস্টিমেট বেড়ে চলেছে। যদি তাড়াতাড়ি এই রাস্তাগুলো করা যেত তাহলে অনেক কম খরচে করা যেতে পারত। অনেক জায়গায় রাস্তাগুলো করার ক্ষেত্রে নিয়ম ঠিক মতো মানা হচ্ছে না। প্রভাবশালী লোকের পক্ষ থেকে যে সব রাস্তাগুলো করতে বলা হচ্ছে, সেইগুলো করা হচ্ছে। প্রভাব যাদের আছে, তারা করে নিতে পারছে। প্রভাব যাদের নেই, তাদের কথায় কোনও ফল হচ্ছে না। যে সমস্ত রাস্তাগুলো আগে করা দরকার, যেমন স্কুল কলেজ, বি ডি ও অফিস পঞ্চায়েত অফিস, থানা অফিস, এই সমস্ত অফিসের কানেক্টিং যে সমস্ত রাস্তা সেইগুলো আগে করা দরকার যাতে দ্রুত লোক তাদের কাছে যেতে পারে, তাদের দুর্ভোগ কম হয়। কতকগুলো রাস্তা আঁছে যেগুলো হয়তো অনেক ঘুরে যেতে হয়, বেড় দিয়ে যেতে হয় কয়েক মাইল ধরে, সেইগুলোর কানেক্টিং রোড যদি করে দেওয়া যায় শর্টকাট পথে তাহলে অনেক ট্রেন যাত্রী বলুন বা অফিস যাত্রী বলুন, তাদের সুবিধা হয়। এর ফলে

জনসাধারণের উপকার হবে। গঙ্গা সাগর সম্পর্কে একটা কথা বলি, এটা একটা জাতীয় উৎসব, প্রতি বছর লক্ষ লক্ষ তীর্থ যাত্রী সেখানে যায়। ডায়মন্ডহারবার থেকে কাকদ্বীপ পর্যন্ত যে রাস্তা, এটা অতি সরু, যার ফলে অ্যাকসিডেন্ট হয়। যখন তখন অ্যাকসিডেন্ট হয়, এবং প্রতি বছর কিছু না কিছু যাত্রী ওখানে তীর্থ করতে গিয়ে জীবন দিয়ে আসেন। এই ধরনের ঘটনা প্রতি বছর ঘটে চলেছে, অথচ সেই রাস্তা সংস্কার করার ব্যাপারে সরকারের কোনও ব্যবস্থা নেই। এমন কি রাস্তাটি ভাল করে মেরামত করবারও কোনও ব্যবস্থা নেই। এছাড়াও আমি মনে করি গঙ্গাসাগর যাবার জন্য কাকদ্বীপ থেকে কচুবেরে পর্যন্ত, অর্থাৎ সাগর-পার পর্যন্ত যাবার পথ সহজ করা যেতে পারে যদি ওখানে একটা ব্রিজ নির্মাণ করা যায়, তাহলে জনসাধারণের যাতায়াতের দীর্ঘ দিনের অসুবিধা দূর হয়।

[4-25 — 4-35 P.M.]

দীর্ঘদিন ধরে অসুবিধা হচ্ছে, এই পথটুকু নদী পথে যেতে হয় এবং এর ফলে বহু লোক নৌকা-ডুবি হয়ে মারা যায়, এ বছরও এই ঘটনা ঘটেছে, গঙ্গাসাগর মেলায় নৌকা-ডুবি হয়ে ৩৪ জন লোক জীবন দিয়েছেন। তবে এবিষয়ে সরকারি হিসাব কি আছে তা আমি জানি না। সেই জন্য আমি বলছি এখানে যদি একটা ব্রিজ নির্মাণ করা যায় তাহলে যাতায়াতের খুবই সুবিধা হবে। এছাড়াও যে সমস্ত রাস্তাগুলির কাজ দীর্ঘ দিন ধরে হচ্ছে সেগুলির কাজ যাতে ঠিক মতো তাড়াতাড়ি সম্পন্ন করা যায় তার ব্যবস্থা করা দরকার। তারপর এই বিভাগ থেকে যখন কোনও কাজের জন্য টেন্ডার ডাকা হয় তখন যে কন্ট্রাক্টর সব চেয়ে কম খরচের এস্টিমেট দেবে তাকেই সেই টেন্ডারের কাজ দেওয়া হয়। কিন্তু আমি এ বিষয়ে বলব যে, যদি আমরা এইভাবে কাজগুলি করতে পারতাম যে, জিনিসপত্রের দাম এবং যে সমস্ত ওয়ার্কাররা সেখানে কাজ করবে তাদের মাইনে ইত্যাদির হিসাব করে এই বিভাগ থেকেই এস্টিমেট কন্ট্রাক্টরদের ঠিক করে দেওয়া হয় তাহলে কাজটা আরও ভাল করে হতে পারে। তা নাহলে বর্তমানে যে ব্যবস্থা আছে তাতে যে সবচেয়ে লেসে টেন্ডার ডাকবে তাকে কন্ট্রাক্ট দেওয়া হবে, এর ফলে অসাধু ঠিকাদাররা অনেক কম রেটে ডাকে সেই কাজ পাবার জন্য, আমরা জানি ৪০/৪৮% কমে কাজ করব বলে অনেক সময় টেন্ডার ডেকে নেয়, কিন্তু সেই কাজ ঠিকমতো করে না। তারপর সেই কাজ সম্পন্ন করতে যে জিনিস যে পরিমাণ এবং যে কোয়ালিটির দেওয়া দরকার সেই জিনিস সেই পরিমাণ বা সেই কোয়ালিটির দেয় না। তারপরও সেই কাজ থেকে তাদের লাভ করবার একটা ব্যাপার আছে, তা নাহলে তারা কেন কাজ করতে যাবে? সুতরাং তারা লাভের দিকটা বেশি করে দেখে। সুতরাং এর ফলে আমরা দেখতে পাই তাদের যতটা রাস্তা করার কথা তার ১/৪ ভাগ মাত্র করেছে। তাই আমি এ সম্পর্কে একটা প্রস্তাব মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলছি যে, যেমন রাস্তা হবে ঠিক সেই রকম রাস্তার জন্য যতটা খরচ পড়বে সেই খরচে কাজ করবার জন্য আপনার হিসাব অনুযায়ী টেন্ডার ডাকার ব্যবস্থা করুন এবং কন্ট্রাক্টররা সেই অনুযায়ী কাজ সম্পন্ন করবে। অনেকে কন্ট্রাক্ট নিয়ে তারপর দীর্ঘ দিন সেই কাজ ফেলে রেখে দেয় এবং যেটা লাভের কাজ সেটা করে, যেটা লোকসানের সেটাতে হাত দেয় না এবং পরে সেই কাজ ছেড়ে দিয়ে চলে যায়। ফলে আবার পরের বছর টেন্ডার ডাকতে হয়। এইভাবে বছরের পর বছর কন্ট্রাক্টরদের কাজ পড়ে থাকে। কিন্তু এই জিনিস দূর করবার কোনও ব্যবস্থা এই বিভাগ

থেকে নেই। এর ফলে একই রাস্তার কাজ বছরের পর বছর পড়ে থাকছে।

যার ফলে একই রাস্তা কয়েক বছর পড়ে থাকছে। এগুলির দিকে বিশেষ করে দৃষ্টি দেওয়ার কথা বলব। এম আই জি এবং এল আই জি নামে যে সমস্ত বিল্ডিং তৈরি করা হয় সেখানে মিডিল ইনকাম গ্রুপ এবং লো ইনকাম গ্রুপের লোকেরা যাতে কম পয়সায় বা ন্যায্য মূল্যে ঘর পায় তারজন্য ব্যবস্থা নেবার অনুরোধ করছি। আমি জানি, দীর্ঘদিন ধরে আবেদন-নিবেদন করে আজও পর্যন্ত বহু লোক সুযোগ পাচ্ছেন না। যারা নিম্ন আয়ের লোক তাদের পক্ষে এই কলকাতা শহরের বা শহরতলির মধ্যে ঘর ভাড়া করে থাকা খুবই অসুবিধা জনক। তাই তারা দীর্ঘদিন ধরে চেষ্টা করছে যাতে তারা সরকারি বাড়িতে একটু স্থান করে নিতে পারে। আজও পর্যন্ত তাদের সেই প্রচেষ্টা ফলপ্রসু হয়নি এই সরকারি ব্যবস্থার ত্রুটির জন্য। এ ছাড়া আমি আরও একটি কথা বলব, সেটা হল, মূর্তি বসানোর ব্যাপারে। বিশ্ব সাম্যবাদী আন্দোলনের অন্যতম মহান নেতা স্ট্যালিনের শতবার্ষিকী হতে চলেছে এবং এ ব্যাপারে সরকার পক্ষের মাননীয় সদস্যরা এই শতবার্ষিকী পালন করার কথা ঘোষণা করেছেন। আজকে এই বাজেটে আমি আশা করেছিলাম যে স্ট্যালিন সম্পর্কে তার স্মৃতি রক্ষার উদ্দেশ্যে স্ট্যালিন স্মরণী করার কথা থাকবে স্ট্যালিনের মূর্তি বসালে আরও ভাল তা নাহলে স্ট্যালিন স্মরণী এইটা করার কথা বিবেচনা করবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এছাড়া আরও একটি কথা বলব সেটা হল চতুর্থ শ্রেণীর কর্মচারিদের বিষয়ে। এই চতুর্থ শ্রেণীর কর্মচারিরা যারা সি ডি এসে টাকা জমা দিয়েছেন সেখানে বলা হচ্ছে যে ওয়ার্ক চার্জ যারা তারা পাবে না রেগুলার যারা তারা পাবে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, যখন তাদের সকলের কাছ থেকে টাকা নেওয়া হয়েছিল তখন তো তাদেরকে এই কথা বলা হয়নি যে তোমাদের মধ্যে কেউ পাবে, কেউ পাবে না। সুতরাং এই বৈষম্য থাকা উচিত নয়। যাতে তারা সকলেই পায় তার ব্যবস্থা করা দরকার। সিলেকশন গ্রেডের ব্যাপারে দেখেছি, আপনার ডিপার্টমেন্টে যারা রোডসে কাজ করেন তারা সিলেকশন গ্রেডের টাকা পাচ্ছেন কিন্তু যারা পি ডবলু ডিতে কাজ করেন তারা সিলেকশন গ্রেডের টাকা পাচ্ছেন না এবং বলা হচ্ছে যারা পারমানেন্ট তারাই পাবে আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই, এর আগে যুক্তফ্রন্টের সময়ে বলা হয়েছিল যারা পি ডবলু ডিতে ৩ বছর ধরে কাজ করছে তারা কোয়াসি-পারমানেন্ট হবে আর যারা ৫ বছরেও অধিক সময়ে আছে তারা পারমানেন্ট হবে। কিন্তু ১৫ থেকে ২০ বছর কাজ করবার পরও এই ডিপার্টমেন্টের লোক পারমানেন্ট হচ্ছে না। তারা যে রকম ছিল সেই রকমই আছে, কোনও পরিবর্তন হয়নি। সুতরাং আমার অনুরোধ যারা দীর্ঘদিন ধরে কাজ করছে তারা যাতে পারমানেন্ট হয় সে ব্যাপারটা একটু দেখবেন। যারা রিটায়ার করছে এই রিটায়ারের সাথে সাথে তাদের যে সমস্ত টাকা যেমন প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, এবং পেনশনের টাকা সত্বর যাতে পেতে পারে তার ব্যবস্থা হওয়া দরকার। রিটায়ার করার পরেও তারা বছরের পর বছর ঘুরে বেড়াচ্ছে, তাদের কোনও ব্যবস্থা হচ্ছে না। গ্রুপ ইনসিওরেন্সের টাকা কেটে নেওয়া হয়েছে কিন্তু রিটায়ার করে গেলেও তাদের টাকা দেবার কোনও ব্যবস্থা নেই। এখানে যে সমস্ত রোড মজদুর আছে তাদের বেলায় অন্যান্য নিম্নতম সরকারি কর্মচারিদের যেমন পোষাক দেওয়া হয় তাদেরও যেন সেইরকম ইউনিফর্ম দেবার ব্যবস্থা করা হয়। আমি মনে করি প্রশাসনকে দুর্নীতি মুক্ত করার

জন্য এবং অন্যান্য যে সব কাজের সম্পর্কে বললাম সেই বিষয়গুলি মন্ত্রী মহাশয় দ্রুত করার ব্যবস্থা নেবেন এই আশা নিয়ে আমি শেষ করছি।

**শ্রী মাধবেন্দু মহান্তঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। পূর্ত বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিভাগ, সরকারের আর্থিক অসংগতি থাকা সত্ত্বেও সমস্ত দিক বিবেচনা করা তিনি যেভাবে বাজেট পেশ করেছেন তা অভিনন্দন যোগ্য। এই বিভাগের উপর সড়ক নির্মাণ, সেতু নির্মাণ ইত্যাদির দায়িত্ব আছে। আমি অভিনন্দন জানাচ্ছি তারই প্রচেষ্টায় ডাক্তার রায়ের মানস কন্যা কল্যাণী উপনগরীর পাশ দিয়ে হুগলি নদীর উপর সেতু নির্মাণের যে প্রস্তাব ছিল সেটা গ্রহণ করা হয়েছে। নদীয়া জেলায় গৌরাঙ্গ সেতুর যেটা ভাগীরথী নদীর উপর আছে এবং জলঙ্গীর উপর দিয়ে যে দ্বিজেন্দ্র সেতু আছে এই দুইটি সমাপ্তির দিকে যাচ্ছে। তেহট্টকে জলঙ্গী নদীর উপর যদি একটা সেতু নির্মাণ করা হয় তাহলে জনসাধারণের উপকার হবে। আশা করি তিনি এটা বিবেচনা করবেন। তার এই বাজেট বক্তৃতার মধ্যে আমরা লক্ষ্য করলাম জাতীয় সড়ক এবং পাকা সড়কের ক্ষেত্রে প্রয়োজন মতো অর্থ যাচ্ছে না বলে বরাদ্দ করা সম্ভব হয়নি। এবার প্রাকৃতিক বিপর্যয়ে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে পশ্চিমবাংলার মোট ৪ হাজার কিলোমিটার রাস্তার মধ্যে দু' হাজার কিলোমিটার রাস্তা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং অবশিষ্ট রাস্তা আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বন্যার ফলে সারা পশ্চিমবাংলার সংযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ার ফলে কিছু অসাধু ব্যবসায়ী এবং এই সরকারের যারা শত্রু মুনাফালোটার জন্য নানাভাবে চক্রান্ত আরম্ভ করেছিল। কিন্তু উক্ত বিভাগের অফিসার ইঞ্জিনিয়ার টেকনিশিয়ান এবং কর্মচারিদের আন্তরিক প্রচেষ্টায় এই সমস্ত রাস্তা দ্রুত মেরামত করে সংযোগ রক্ষা করা গেছে এবং এর ফলে বিরোধীদের আশা একদম ধুলিসাৎ হয়ে গেছে। কিন্তু এখন অনেক কালভার্ট আছে যেগুলি মেরামতের কাজ চলছে সেগুলি যদি দ্রুত মেরামত না করা যায় তাহলে আগামী বর্ষায় আবার অসুবিধার সৃষ্টি হবে। সেইজন্য ওকে বলব পাকা রাস্তা হোক, কিম্বা জাতীয় সড়কই হোক কিম্বা বিভিন্ন ক্ষতিগ্রস্ত সেতুই হোক কেন্দ্রীয় সরকারের কাছে প্রয়োজনীয় অর্থের দাবি করতে হবে। তিনি ৪৩ কোটি টাকা মঞ্জুর করেছেন যার মধ্যে ১৩ কোটি টাকা পাওয়া যাবে।

[4-35 — 4-45 P.M.]

এই ১৩ কোটি টাকা পাওয়া গেলে আমরা কিছুটা কাজ এগিয়ে নিয়ে যেতে পারব। কিছুদিন আগে আমাদের এখানে একটা বেসরকারি প্রস্তাব গ্রহণ করে বলা হয়েছে যে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় সংযোগকারী যে সমস্ত পাকা সড়ক করতে হবে বিশেষ করে যে সমস্ত অঞ্চলে রাস্তাগুলিকে প্রশস্ত করতে হবে এবং এইসব কাজ করবার জন্য কেন্দ্রীয় সরকারকে আর্থিক দায়িত্ব নিতে হবে। অন্যান্য রাজ্য বিশেষ করে পাঞ্জাব হরিয়ানায় যেভাবে লিংক রোড আছে পশ্চিমবাংলায় তাদের তুলনায় অত্যন্ত কম। এখানকার রাস্তাগুলি অত্যন্ত অপ্রশস্ত। এইগুলিকে প্রশস্ত করবার প্রয়োজন আছে, এবং সঙ্গে সঙ্গে লিংক রোড করবারও প্রয়োজনীয়তা আছে। এ ক্ষেত্রে আমি বলব নদীয়া জেলার কৃষ্ণনগর থেকে গোপালপুর ঘাট সীমান্ত এলাকার রাস্তাটা অত্যন্ত গুরত্বপূর্ণ। ২৫ বছর হল এই রাস্তাটি নির্মাণ করা হয়েছে

ঐ এলাকার জনসাধারণ শুধু নয়, কৃষি ফলন ঐ রাস্তা দিয়ে শুধু যে আসা যাওয়া করে তা নয় কলকাতা থেকে বিভিন্ন জিসিনপত্র নিয়ে মুর্শিদাবাদ, জলঙ্গী, ডোমকল ইত্যাদি জায়গায় প্রচুর পরিমাণে মালপত্র লরি করে যাচ্ছে। কিন্তু বর্ষার সময়ে একঘণ্টার জার্নিটা ৪ ঘণ্টা লেগে যাচ্ছে এবং মাঝে মাঝে এখানে জীবনহানিও হয়। যদি এই রাস্তাগুলো প্রশস্ত ও উন্নত না করতে পারি এবং লিংক রোড না করতে পারি তাহলে কৃষি ফসলের চলাচলের অসুবিধা, সুযোগ সুবিধাগুলির উন্নতি হবে না। ১৯৬৭ সালে পাঁচগাছি, মতিডাঙ্গা একটা লিংক রোড মঞ্জুর হয়ে আছে, এটা ৯ মাইল লম্বা কিন্তু এর ৩ মাইল তৈরি হয়ে আছে ৬ মাইল এখন হয়নি। থানাপাড়া থেকে মহীপাল লিংক রোড যেটা মঞ্জুর হয়েছে সেটা এক মাইল মাত্র তৈরি হয়েছে বাকিটা কিছুই হয়নি। আজকে মূল যোগোযোগের ব্যবস্থা হচ্ছে রেল পথ, জলপথ, সড়কপথ। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমরা লক্ষ্য করেছি আজকে সড়কপথ হচ্ছে প্রধান যোগাযোগের ব্যবস্থা, বিশেষ করে মাল চলাচলের প্রধান নির্ভরশীল ব্যবস্থা। আগের দিনে আমরা দেখেছি বিভিন্ন গ্রামগুলি গড়ে উঠত নদীর ধারে ধারে। কিন্তু পশ্চিমবঙ্গ দ্বিখণ্ডিত হওয়ার ফলে পশ্চিমবঙ্গে মানুষের যে চাপ পড়েছে তাতে পশ্চিমবঙ্গে নতুন করে বিভিন্ন এলাকা বিভিন্ন উপ-নগরী জনপদ গ্রাম গড়ে উঠছে পাকা রাস্তার ধারে ধারে। আপনারা লক্ষ্য করলে দেখবেন আগের মতো আর জলপথে মাল চলাচল হচ্ছে না, আগের মতো আর ময়ূরাক্ষী, সপ্ত ডিঙ্গা আর চলছে না, আজকে বড় বড় লরি, বাস যাতায়াত করছে। সেদিক থেকে আজকে যে যুগের পরিবর্তন হয়েছে সেই দিকে লক্ষ্য রেখে আমাদের সড়ক নির্মাণের দিকে বিশেষ নজর দেওয়া দরকার। কলকাতা যেমন শিক্ষা এবং সংস্কৃতির প্রাণ কেন্দ্র তেমনি কলকাতা হচ্ছে শিল্প এবং বাণিজ্যের প্রাণ কেন্দ্র। আমরা দেখি গঙ্গার ধারে ধারে চটকল, কাপড়ের কল, নানা ধরনের কলকারখানা গড়ে উঠেছে। গ্রাম এলাকার থেকে বিভিন্ন কাঁচা মাল সেখানে আসছে। আমাদের নদীয়া জেলা থেকে পাট, বাঁশ, শাক-সব্জি কলকাতায় আসছে, তেমনি কলকাতা থেকে বিভিন্ন জিনিস গ্রামে যাচ্ছে। এইভাবে কলকাতা যেমন বিভিন্ন গ্রামকে বাঁচিয়ে রেখেছে তেমনি গ্রামও কলকাতাকে বাঁচিয়ে রেখেছে। সেজন্য গ্রাম এবং শহরের মধ্যে যাতে সামঞ্জস্য রক্ষা করা যায় তারজন্য সমস্ত জিনিস আমাদের বিবেচনা করে নতুন সড়ক নির্মাণের দিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। আমরা লক্ষ্য করেছি এই সড়ক নির্মাণের ক্ষেত্রে এখনও কিছু কিছু অব্যবস্থা আছে। যেমন ধরুন, যে রাস্তা হবে সেই রাস্তায় কি পরিমাণ পিচ, খোয়া দেওয়া হবে, সব ক্ষেত্রের কথা আমি বলছি না, কোনও কোনও ক্ষেত্রে ত্রুটি ঘটছে। কয়লা দিয়ে পিচ না গলিয়ে পিচ দিয়ে পিচ গরম করা হয়, ফলে পিচ কম ব্যবহার করার জন্য রাস্তা খারাপ হয়ে যায়। তারপর রাস্তা মেনটেন করার যে ব্যবস্থা রয়েছে সেই ব্যবস্থা ঠিকমতো কার্যকর করা হয় না। আমরা দেখেছি প্রতি ৫ মাইল ৫ জন করে গ্যাং ওয়ার্কার আছে, এরা গরিব মানুষ, একটা নির্দিষ্ট সময় ব্যাপি শ্রম করার যে ব্যবস্থা রয়েছে সেটা যদি সঠিকভাবে ব্যবহার করা হয় তাহলে এদের দিয়ে অনেক কাজ করানো যায়। আমরা দেখেছি অনেক সময় তাদের কাজ করানো হয় না, রাস্তায় মাটি দেওয়া হয় না, খোয়া দেওয়া হয় না, তার ফলে রাস্তা দ্রুত খারাপ হয়ে যায়। সেজন্য উর্ধ্বতন কর্মচারী যারা এদের কাজ দেখেন তারা যাতে এদের শ্রম শক্তি ঠিকমতো কাজে লাগে সেইদিকে যেন তারা দৃষ্টি দেন। আমরা লক্ষ্য করেছি জাতীয় সড়কের ধারে এবং পাকা রাস্তার ধারে আগে থেকে কিছু কিছু গাছ আছে এবং দেশ বিভাগের পর কিছু গাছ লাগানো হয়েছে। এখন সেই

অধিকাংশ গাছগুলির ডাল কেটে ফেলা হচ্ছে এবং ডালের কাঠ জ্বালানী হিসাবে ব্যবহার করা হচ্ছে, কোথাও বা গবাদি পশুর খাবার হিসাবে ব্যবহার করা হচ্ছে। আমার প্রস্তাব হচ্ছে এই ধরনের অন্যায় কাজ বন্ধ হওয়া উচিত এবং আরও যাতে গাছ লাগানো যায় তার ব্যবস্থা করা উচিত। রাস্তার দুপাশে যে জমিগুলি আছে সেই জমিগুলি সমতল করে সেখানে আবাদ করা হচ্ছে, তার ফলে ভূমি ক্ষয় হচ্ছে। আমরা লক্ষ্য করেছি সরকার থেকে বহু হাজার টাকা খরচ করে রাস্তার দুপাশে মাটি ফেলা হয়েছে, সেই ফ্ল্যাঙ্কের মাটি কেটে চাষীরা পাট পচাবার পাটে জাঁক দিচ্ছে। তাছাড়া রাস্তার দুধারে বিভিন্ন রকম দোকান এবং বাড়ি তৈরি করে রাস্তা দখল করে যে অসুবিধার সৃষ্টি করা হচ্ছে তার প্রতি আমি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ত মন্ত্রী এই সম্পর্কে বক্তৃতার মাধ্যমে বলেছেন যে, এ সম্পর্কে কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে।

[4-45 — 4-55 P.M.]

আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। এই ব্যাপারে সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ রয়েছে কারণ রাস্তাগুলি যদি পরিচ্ছন্ন না থাকে, সেখানে যদি দোকান বা ঘর থাকে তাহলে তার ফলে নানা রকম অ্যাকসিডেন্ট হতে পারে এবং এগুলি থাকার জন্য পথচারীদেরও অসুবিধা হয়। কাজেই এগুলি অবিলম্বে বন্ধ করা দরকার। মন্ত্রী মহাশয় গত বছর যে বাজেট পেশ করেছিলেন তার একটা জায়গায় বলা হয়েছিল যে, সড়ক পরিকল্পনা যা নেওয়া হয়েছিল সেটা সঠিকভাবে নেওয়া হয়নি, এটা ছিল ত্রুটি পূর্ণ এবং তার ফলে অনেক অসুবিধা হয়েছে। ত্রুটিপূর্ণ পরিকল্পনার জন্য অসুবিধা হয়েছে এটা ঠিক কথা, কিন্তু সঙ্গে সঙ্গে বলব গত ৩১ বছর ধরে কংগ্রেস শাসনে যে দুর্নীতি বাসা বেঁধেছে তাকে দূর করতে হবে। আমি আপনাদের কাছে একটা উদাহরণ দিচ্ছি। বড় আন্দুলিয়া থেকে মালিয়াপোতা রাস্তাটি হল ৫ কিলোমিটার। এখানে বন্যার জল যায়নি অথচ দেখা গেল সেই রাস্তাটি বসে গেছে। এই যে রাস্তাটি বসে গেল তার কারণ হচ্ছে ঠিকভাবে খোয়া দেওয়া হয়নি, পিচ দেওয়া হয়নি এবং কন্ট্রাক্টররা যে কাজ করেছে সেটা ভাল ভাবে দেখা হয়নি। কাজেই সরকারের এইসব ব্যাপারে বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। এভাবে আমি মন্ত্রী মহাশয়ের কাছে সুনির্দিষ্ট কয়েকটি প্রস্তাব রাখছি এবং সেগুলি হল (১) বর্ষার আগে ক্ষতিগ্রস্ত যে সমস্ত কালভার্ট এবং ব্রিজ রয়েছে তার মেরামতের কাজ দ্রুত করতে হবে। (২) জলঙ্গী নদীর উপর নতুন একটা ব্রিজের প্রস্তাব করছি। (৩) বিভিন্ন জেলার সঙ্গে সংযোগরক্ষাকারী পাকা সড়ক বিশেষ করে সীমান্ত এলাকায় যেগুলি রয়েছে তাকে উন্নত এবং প্রশস্ত করা দরকার এবং এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। (৪) পাকা সড়ক এবং জাতীয় সড়কের সঙ্গে নতুন লিংক রোড নির্মাণ করতে হবে, (৫) সড়কের উভয় পার্শ্বে সুপরিকল্পিতভাবে বৃক্ষ রোপণ করতে হবে এবং বর্তমানে বৃক্ষগুলিকে বিন্যাসের হাত থেকে রক্ষা করতে হবে, (৬) সড়কের উভয় ফ্ল্যাঙ্কের জমি কেটে সমতল করে আবাদী জমিতে পরিণত করা বন্ধ করতে হবে। (৭) সড়কের ফ্ল্যাঙ্কের জমি কেটে পাট জাঁকে চাপান রূপে ব্যবহার করে সড়কের ক্ষতি সাধন করা বন্ধ করতে, (৮) মেন্টেনেন্স গ্যাং-এর কর্মীদের রাস্তা রক্ষণাবেক্ষণের কাজে যথোচিত ব্যবহার করতে হবে। শ্রমশক্তির অপচয় বন্ধ করতে হবে। মেন্টেনেন্স গ্যাং-এর কর্মী যারা আছে তাদের রাস্তা রক্ষণাবেক্ষণের কাজ ছাড়াও বৃক্ষ রোপণ, বৃক্ষ রক্ষা করার কাজে যথেষ্টভাবে ব্যবহার করতে হবে। সঙ্গে সঙ্গে অপচয় বন্ধ

করতে হবে। পি ডবলিউ ডি-র রাস্তার জমি বেআইনি, অবৈধভাবে দখল যারা করে আছে, দোকান ঘরবাড়ি নির্মাণ করেছে তা বন্ধ করতে হবে এবং যে সব দোকান আছে তা অপসারণের ব্যবস্থা করতে হবে। পরিশেষে আমি এই কথা বলতে চাই অবহেলিত পশ্চিমবাংলা দীর্ঘদিনের অসুবিধা মাথায় নিয়ে সে বেঁচে আছে এবং বামপন্থী সরকার ক্ষমতায় আসার পর সাধ্যমতো এই অব্যবস্থা ও অসুবিধা দূর করার জন্য চেষ্টা করছে এবং আরও উন্নততর যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য চেষ্টা করা হচ্ছে। সেইজন্য আমি আশা করব যে জাতীয় সড়ক ও পাকা সড়কগুলি পরিচ্ছন্ন রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। জাতীয় সড়ক ও পাকা সড়কের সঙ্গে লিংক রোড তৈরি করে বিভিন্ন গ্রাম এলাকার সঙ্গে, শহরের সঙ্গে, কলকাতার সঙ্গে যোগাযোগকে আরও উন্নতি করা হবে এই কথা আমি জানিয়ে এই বাজেটে যে ব্যয় বরাদ্দ রেখেছেন মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় তাকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী ছায়া ঘোষ :** মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে আজকে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সম্পূর্ণ যুক্তিযুক্ত মনে হওয়ায় আমি সম্পূর্ণভাবে তা সমর্থন করছি। কিন্তু এই পরিপ্রেক্ষিতে কতকগুলি কথা বলা উচিত বলে মনে করছি। সারা ভারতবর্ষের মধ্যে রাস্তাঘাট ও অন্যান্য দিক থেকে পশ্চাৎপদ যে কতকগুলি রাজ্য আছে তার মধ্যে পশ্চিমবঙ্গ অন্যতম। সেদিক থেকে রাস্তাঘাট এবং ব্রিজের জন্য যে টাকা অ্যালটমেন্ট করা হয়েছে সেই টাকা যথেষ্ট নয় বলে আমার মনে হচ্ছে। কারণ গ্রাম কেন্দ্রিক পশ্চিমবাংলার গ্রামের মানুষের যদি অর্থনৈতিক উন্নয়ন করতে হয়, যদি সত্যিকারের সমাজতন্ত্র স্থাপন করতে হয়, যদি গ্রামের মানুষের অনেক দুর্গতির শেষ আনতে হয় তাহলে আমার মনে হয় গ্রামের রাস্তাঘাটের উপর সকলের আগে গুরুত্ব দেওয়া উচিত। যাইহোক, সীমিত ক্ষমতায় বামপন্থী সরকার এবং যে বিধ্বংসী বন্যা হয়ে গেল যার জন্য মেরামত খাতে অনেক টাকা খরচ হয়ে যাচ্ছে কাজেই এই ব্যাপারে নতুন করে হয়তো কিছু করা সম্ভব হয়নি তবুও আমি সরকারের কাছে আবেদন রাখব গ্রাম খাতে আরও বেশি রাস্তাঘাট করার জন্য আগামী বাজেট প্রোগ্রামে রাখেন। এই ব্যাপারে যেসমস্ত কাজকর্ম হচ্ছে তাতে আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতায় একটা জিনিস লক্ষ্য করেছি যে সব ব্রিজ বা রাস্তা নতুন করে তৈরি হচ্ছে সেই সমস্ত তৈরি করার ব্যাপারে অসাধু এক ধরনের ঠিকাদার আছে, এদের সম্বন্ধে কিছু সদস্য বলে গেলেন তাদের সঙ্গে এই ব্যাপারে আমি একমত, এক ধরনের দুর্নীতিপরায়ণ ঠিকাদার আছে তারা কিছু কিছু কর্মচারিদের সঙ্গে যোগসাজসে কোনও একটা গোপন সূত্রে কাজ গ্রহণ করে এবং তারা যে রেট দিয়ে কাজ নেয় ঠিক সেই রেটে তাদের পক্ষে রাস্তা করা বা ব্রিজ করা সম্ভব নয়। এটা তারা জেনে শুনেই নেয়। এই সব দুর্নীতিগ্রস্ত লোকেরা কি পরিমাণ খারাপ রাস্তা করে তা সেই এলাকার মানুষ সেটা জানে। মাত্র ৪/৫ বৎসর আগে যে সব রাস্তাঘাট তৈরি হয়েছে সেই সমস্ত রাস্তায় না আছে খোয়া, না আছে পিচ, তার চাইতে মেঠো রাস্তা অনেক ভাল বলে মনে হয়। এখন যে সরকার গঠিত হয়েছে তাদের দ্বারা এই দুর্নীতিগুলি দূর হবে বলে আশা রাখি। যাই হোক এই ব্যাপারে আমার একটা বক্তব্য আছে। এই সমস্ত ঠিকাদারদের হাতে এই সমস্ত কাজ তুলে না দিয়ে যে সমস্ত বেকার যুবক ইঞ্জিনিয়ারিং পাশ করে বসে আছে বৎসরের পর বৎসর—অনেক জায়গায় তারা ওয়ার্কিং কোম্পানি করে এই কাজগুলি

যদি তাদের মাধ্যমে করা হয় তাহলে আমার মনে হয় এই সমস্ত বেকার যুবকরা কাজ পাবে এবং তারা অনেক সৎভাবে দেশের কাজ করবে বলে আমার মনে হয়। আর একটা কথা এই সরকার অন্তত সাধারণ মানুষের স্বার্থের দিকে নজর রেখে করছেন সেই ব্যাপারে আমাদের পূর্তমন্ত্রী মহাশয়কে আমি অভিনন্দন জানাব যে কম আয়ের মানুষ যারা আছে তাদের জন্য তিনি যে সরকারি নিবাসের ব্যবস্থা করেছেন এবং এই খাতে যে টাকা দিয়েছেন তা দেখে আমার মনে হচ্ছে এতে আরও যদি কিছু টাকা বাড়াতেন তাহলে ভাল হত। তার কারণ আজকে কম আয়ের যে মানুষ তারা যে শুধু শহরেই আছে তা নয়, প্রতিটি জেলায় আছে, প্রতিটি মহকুমায় আছে, প্রতিটি গ্রামে আছে, কাজেই শুধু বড় বড় শহরে এই ধরনের বাড়ি না করে প্রতিটি জেলা স্তরে, মহকুমা স্তরে, এমন কি কিছু কিছু বর্ধিষ্ণু গ্রামে ছড়িয়ে দেওয়া উচিত। কারণ আজকে বিশেষ করে লোয়ার ডিভিসন ক্লার্ক যারা আছে তাদের সব জায়গায় ঠিক একই সমস্যা। এবং যারা কৃষক যাদের প্রকৃত মাথা রাখবার জায়গা নাই, বর্ষাকালে তাদের ঘর ভাঙ্গে এবং ভেঙ্গে শেষ হয়ে যাচ্ছে, তারা অন্তত সরকারি সুযোগ

[4-55 — 5-05 P.M.]

সুবিধাগুলি পেতে পারে। আমি আর একটা কথা বলব মুর্শিদাবাদ সম্বন্ধে। মুর্শিদাবাদ এক সময়ে বাংলার বিহারের রাজধানী ছিল। সেই মুর্শিদাবাদ শেষ হয়ে যাচ্ছে স্বাধীন নবাব সিরাজদৌল্লার কথা আপনারা জানেন, তিনি যেখানে শুয়ে আছেন, সেখানে যেতে গেলে এক হাঁটু কাদা ভেঙ্গে, ধূলো মেখে মাইলের পর মাইল রাস্তা হেঁটে যেতে হয়। যারা সেখানে প্রণাম জানাতে যান তারা এইভাবেই সেখানে যান। সেখানে এক ইঞ্চি পাকা রাস্তা হল না। ঘেসেটি বেগমের যেখানে প্রসাদ উদ্যান, সেটা একটা ঐতিহাসিক জায়গা, সেখানে আমার মনে হয় যদি একবার কোনও টুরিস্ট যান, তাহলে দ্বিতীয়বার যাবেন না। শীতকালে হাজার হাজার মানুষ সেখানে মুর্শিদাবাদে কিন্তু যখন তারা ফিরে আসেন তখন তাদের মুখে চরম বিরক্তি, আমার মনে হয় তারা কোনও দিন সেখানে আর আসবেন না। মুর্শিদাবাদ একটা ঐতিহাসিক জায়গা অথচ সেখানে কোনও আবাসস্থল নেই, সেখানে ট্যুরিস্টরা গিয়ে কোনও আশ্রয় পায় না, যদি সেখানে খালি পায়ে এক ঘণ্টা হাঁটেন, তাহলে পা থাকবে বলে আমার মনে হয় না। এটাই আমার বিশ্বাস। আমি তাই মন্ত্রী মহাশয়রে কাছে সমবিনয়ে নিবেদন জানাব যে তিনি যেন এই ব্যাপারে দৃষ্টি দেন। মুর্শিদাবাদ টাউন পুরানো টাউন এই টাউনের উন্নতি করা বামফ্রন্ট সরকারের একটা দায়িত্ব এবং কর্তব্য বলে মনে করি। এই ব্যাপারে আমি আর একটা কথা বলতে চাই। মুর্শিদাবাদ শহরের উন্নতি আমরা নিশ্চয়ই চাই। এটা সবাই জানেন বাংলার দেশের পাশাপাশি বর্ডার এলাকায় অনেক বিপদ হয় এবং সব সময়েই হয়। রানি নগর, জলঙ্গী লালগোলা ভগবানগোলা কাতলামারি এই সমস্ত অঞ্চল থেকে বহরমপুরে আসতে গেলে সেখানে যে সমস্ত রাস্তাঘাট আছে তা অত্যন্ত কম চওড়া, পাশাপাশি বাস যেতে পারে না, আমি নিজের চোখে দেখে এসেছি। যে কোনও মুহূর্তে অ্যাক্সিডেন্ট ঘটতে পারে। এই ব্যাপারে প্রত্যেকের অভিজ্ঞতা আছে যে এই গ্রামগুলি থেকে থানায় মানুষকে আসতে গেলে কোর্টে আসতে গেলে বা রেলওয়ে স্টেশন আসতে গেলে কোনও রকম যাতায়াতের ভাল ব্যবস্থা নেই। মাইলের পর মাইল পায়ে হেঁটে তবে বাস স্টপেজে আসতে হয়। এখানে যে ব্রিজ হওয়ার কথা ছিল, সেটা সম্বন্ধে বাজেট বইতে আছে কিনা দেখতে

হবে, আমি লাল বইটা পরে দেখব, কিন্তু এই যে বালিরঘাটের ব্রিজ এটা খুব গুরুত্বপূর্ণ ব্রিজ। আমি অনুরোধ করি মন্ত্রী মহাশয়কে যে এই ব্রিজ সত্বর হওয়া উচিত। আর একটা হল গৌরীবাগের ব্রিজ, সেখানে তেঁতুলিয়া অঞ্চল, প্রসাদপুর অঞ্চল, ডাঙ্গাপাড়া অঞ্চল এবং কাপাস ডাঙ্গা অঞ্চল, এগুলি বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে এই ব্রিজটি না হওয়ার জন্য। মহকুমায় আসতে গেলে লোকের রাস্তাঘাটের অভাবে খুব কষ্ট পেতে হয়। যাই হোক এই ব্রিজগুলি অত্যন্ত প্রয়োজন। আমার বিশ্বাস মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্রিজগুলির যাতে নির্মাণ হয় সেদিকে দৃষ্টি দেবেন, এই আবেদন রাখব এই সমস্ত এলাকাগুলি ঠিক ঠিক তদন্ত করে যেন তিনি ঠিক ব্যবস্থা নেন। এই ব্যাপারে আমি আর একটি কথা বলব। বহরমপুরের উন্নতি আমরা নিশ্চয়ই চাই, বহরমপুর জেলা শহর, এর উন্নতি হোক আমরা সর্বান্তকরণে কামনা করি। কিন্তু এই সাথে বলব একটা পি ডবলিউ বাংলো আছে সেখানে, ট্যুরিস্ট লজ, এত সুন্দর যে ইন্দিরা গান্ধীর মতো বিলাসিনীও সেখানে থাকতে পারেন, তা সত্ত্বেও আর একটা সার্কিট হাউস হচ্ছে।

যাইহোক, ওই সার্কিট হাউসের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে বা হবে এই লক্ষ লক্ষ টাকায় যদি গ্রামে রাস্তা তৈরি হত তাহলে আজকে বিভিন্ন শহর থেকে বিচ্ছিন্ন হয়ে থাকা গ্রামগুলোর যোগাযোগ হত। সেগুলো যদি তৈরি হত তাহলে বামফ্রন্ট সরকারের কাছে সাধারণ মানুষের যে আশা করে সেটা পূরণ হবে এবং আমাদের প্রতি তাদের আস্থা এবং বিশ্বাস বাড়বে এবং আমি আশা করব এই ব্যাপারে মাননীয় পূর্তমন্ত্রী নিশ্চয় লক্ষ্য রাখবেন। বিশেষ করে মুর্শিদাবাদের যে সমস্ত অঞ্চলে প্রতি বছর বন্যা হচ্ছে ভেসে যাচ্ছে, সাধারণ মানুষের দুর্গতির সীমা নেই এবং যে সমস্ত গ্রামগুলিতে এক ইঞ্চিও ইটের রাস্তা নেই—সেদিকে মন্ত্রী মহাশয় দৃষ্টি আকর্ষণ দেবেন বলে আশা রাখি। আমার কথা গ্রামকে ভিত্তি করে শহর গড়ে উঠছে, শহরকে কেন্দ্র করে কলকাতা টাউন গড়ে উঠেছে। গ্রামকে বাঁচাতে হবে, তাদের অর্থনৈতিক উন্নতি করতে হবে, যদি সত্যিকার সমাজতন্ত্র আনতে হয়। গ্রামের সঙ্গে শহরের যোগাযোগের প্রয়োজন এবং এই প্রয়োজনের দিকে আমি আশা করি আমার সরকার দৃষ্টি দেবেন এবং যে সমস্ত অসাধু ঠিকাদার কাজ করছে এবং সরকারি অর্থ আত্মসাৎ করছে তাদের মাধ্যমে কাজ না করে যে সমস্ত বেকার ইঞ্জিনিয়ার আছে তাদের কো-অপারেটিভ করে নিজেদের এজেন্সির মারফত কাজ করলে কাজ ভাল হবে। আর একটা কথা বলে শেষ করব। রাস্তাঘাট বৃদ্ধি করতে গেলে বিভিন্ন উপাদান প্রয়োজন এবং এই উপাদান পশ্চিমবাংলার বাইরে থেকে আনতে হয় এবং এই সমস্ত জিনিসগুলো পশ্চিমবাংলার বাইরে থেকে না এনে যদি পশ্চিমবাংলায় এই সমস্ত শিল্প গড়ে তোলা হয় তাহলে ভাল হয়। যেমন বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম—এইগুলোতে সুন্দর স্টোন পাওয়া যায়। এই ব্যাপারে সরকার যদি লক্ষ্য রাখেন এবং এই সমস্ত উপাদানকে কেন্দ্র করে যদি পশ্চিমবাংলার শিল্প গড়ে ওঠে তাহলে তার মাধ্যমে আমাদের অনেক বেকার সমস্যার সমাধান হবে এবং সস্তায় আমাদের রাস্তাঘাট তৈরি হবে। আমি আশা করি মন্ত্রী মহাশয় নিশ্চয় এদিকে দৃষ্টি দেবেন এবং মুর্শিদাবাদের ব্যাপারে তাকে অনুরোধ করছি যে মুর্শিদাবাদে অবহেলিত অবস্থায় যে গ্রামগুলো রয়েছে বামফ্রন্ট সরকারের কাছে ৩০ বছর পরে তাদের অনেক আশা। অনেকে এই সরকারের দিকে তাকিয়ে আছেন। পিচের রাস্তা না হোক একটা রাস্তা যাতে হয় এই ব্যাপারে মন্ত্রী মহাশয়-

এর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-05 — 5-15 P.M.]

**শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত:** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি পূর্তমন্ত্রীর বাজেটকে পূর্ণ সমর্থন জানাবার আগে ধন্যবাদ জানাচ্ছি—তাকে এবং তার বিভাগকে এইজন্য যে গত বিধ্বংসী বন্যার পরে তিনি যে দ্রুততার সঙ্গে দক্ষিণ বাংলার সব রাস্তাঘাটগুলো সারিয়ে তুলেছিলেন সেই দ্রুততার সঙ্গে যদি সারিয়ে তোলা না হত, তার বিভাগ যদি না করত তাহলে আজকে বিভিন্ন জায়গায় যে আমরা রিলিফ পাঠাতে পেরেছি তা পারতাম না এবং ইরিগেশন ডিপার্টমেন্ট কথা দিয়েছিলেন ময়ূরাক্ষী বাঁধ থেকে ১৫ তারিখের ভিতর জল দেবেন এবং সেকথা তারা রাখতে পেরেছেন, সেকথা তারা রাখতে পারতেন না যদি না এটা এত দ্রুততার সঙ্গে হত। কাজেই আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি মন্ত্রী মহাশয়কে এবং তার কর্মচারিদের উপর থেকে নিচ পর্যন্ত যারা এই সড়কগুলো সারিয়ে তুলেছিলেন। মজা হচ্ছে পিচের সবচেয়ে শত্রু হল জল। দক্ষিণ বাংলায় দেখবেন রাস্তাগুলোর দুপাশে জল জমে থাকে। উত্তরবাংলা বিহারের রাস্তাগুলো দেখবেন এত তাড়াতাড়ি নষ্ট হয় না। কারণ এখানে জল জমিতে সোক করে নেয়। আশা করি এখানে চিফ ইঞ্জিনিয়ার নিশ্চয় বসে আছে এখন তার উপর কথা বলা অবশ্য ঠিক হবে না। কিন্তু আমার নিজের ধারণা এবং এটা ঠিক যে রাস্তাগুলি রোল করার সময় একটু যদি স্লান্টিং করা হয় তাহলে রাস্তায় আর জল জমে থাকতে পারে না এবং পিচও নষ্ট হয় না। এই দেখুন অ্যাসেম্বলির বাইরে জল জমার ফলে পিচগুলি উঠে যাচ্ছে। ইঞ্জিনিয়ার বা তার অধস্তন কর্মচারী এদিকে যদি একটু লক্ষ্য করেন তাহলে এই অবস্থা হয় না। আমরা জানি তাদের যোগ্যতা আছে, এবং বন্যার সময় তারা যেভাবে কাজ করেছেন তার অর্ধেকটা যদি করেন তাহলে দক্ষিণ বাংলার রাস্তাগুলি আর এই রকম হবে না। স্ল্যান্টিং ওপেল করে রাস্তা নির্মাণ করলে এই রকম হবার কোনও কারণ নেই। আমাদের দক্ষিণ বাংলার মাটি অত্যন্ত নরম এবং আমি আগেই বলেছি যে জল হচ্ছে পিচের শত্রু এবং সেখানে জল হলেই পিচ উঠে যায়। এই দিকে আমি বিশেষভাবে নজর দেবার জন্য অনুরোধ করি। দ্বিতীয়ত আমরা দেখতে পাচ্ছি কিছু কিছু বাড়ি নষ্ট হয়েছে। বাড়ি তৈরি করতে গেলে আগে সয়েল টেস্টিংয়ের দরকার। ধরুন হয়তো একটা গ্রামের One per sft. এক টন ওয়েট ক্যারি করতে পারে যেমন বীরভূমে গ্রীষ্মকালে ওয়ান স্কোয়ার ফিট এক টন ওয়েট ক্যারি করে বর্ষাকালে সেখানে সেই ওয়েট ক্যারি করে না। ফলে হয় কি বাড়ি বসে যায়। প্রপার সয়েল টেস্টিং দরকার। যেমন একটা বাড়ি হচ্ছে কি একটা হাসপাতাল হচ্ছে সেখানে প্রপার সয়েল টেস্টিং না করে ঐ একই ধাঁচে সব বাড়ি তৈরি করা হল এবং সেই বাড়ি ধরে গেল ক্রাক হয়ে যায়। দয়া করে তারা যদি একটু দেখেন এবং তারা এটা করতে পারেন তা প্রমাণ হয়ে গিয়েছে তারা যদি দেখেন যেখানে বাড়ি হবে তার সয়েলে কত টন ক্যারি ক্যাপাসিটি আছে সেটা ভাল হয়। জলপাইগুড়িতে হাসপাতাল হবে সেখানকার মাটি যত লোড ক্যারি করতে পারে বীরভূমে হাসপাতাল হবে সেখানকার মাটি তত লোড ক্যারি করতে পারেনা কলকাতায় সেই লোড ক্যারি করতে পারে না। এই ভাবে বিভিন্ন জায়গায় যদি প্রপার সয়েল টেস্টিং করে বাড়ি করা যায় তাহলে বাড়িগুলি আর ক্রাক হয় না। আর একটি কথা আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই যে অব ম্যাসন নেওয়া হয়

সে সম্বন্ধে। আমাদের কাজ করার জন্য কন্ট্রাক্টারদের কন্ট্রাক্ট দেওয়া হয় এবং আমাদের এখানে লোয়েস্ট কন্ট্রাক্ট দেওয়ার নিয়ম আছে। কিন্তু অন্যান্য দেশে শুনেছি লোয়েস্ট এবং হায়েস্টকে বাদ দিয়ে মাঝখানে একটা অ্যাভারেজ করে তারপর টেন্ডার দেওয়া হয়। এখানকার যা নিয়ম সেটা তো আর আমি পাল্টাতে পারি না। কন্ট্রাক্টরদের কন্ট্রাক্ট দেওয়া হয় তারা বাইরে থেকে ম্যাসন আনে। আর এখানে ৫০/৬০ হাজার এক্সপার্ট ম্যাসন রয়েছে তারা ভাল কাজ করতে পারে। কিন্তু বাইরে থেকে ম্যাসন আনা হয় কারণ তাদের রেট কম। সেইজন্য কন্ট্রাক্ট দেবার সময় এই কনডিশন করে নেওয়া উচিত যে বাইরের থেকে ম্যাসন আনা চলবে না এখান থেকেই ম্যাসন এনগেজ করতে হবে। এবং তাদের ১০ টাকা মাইনে দেওয়া হবে এটা টেন্ডার কল করার সময় যদি করেন তাহলে ভাল হয়। আর একটা এখানে মজা আছে। পি ডবলিউ ডি (রোডস) আগে রোড ডিপার্টমেন্ট কাজ করে পি ডবলিউ ডি-র হাতে তুলে দিত। এখন সেটা রোড-এর হাতে থেকে যাচ্ছে। এর ফলে আমি জানি আমার এলাকায় দেখেছি এদিকের রাস্তা পি ডবলিউ ডি-র এবং ওদিকের রাস্তা পি ডবলিউ ডি-র মাঝখানে এক ফার্লং রাস্তা উইথ এ ব্রিজ রোডস-এর অধীনে পড়ে গেছে।

তার ফলে হচ্ছে কি—পি ডবলিউ ডি এদিকের এতটা পর্যন্ত কাজ করল, ওদিকের এতটা পর্যন্ত কাজ করল, কিন্তু মাঝখানে কাজ করবার কোনও লোক নেই। রোডস এইটুকু রাস্তা মেরামতের জন্য না পায় কন্ট্রাক্টর না পায় কাজের কোনও সুবিধা। কাজেই আপনার ডিপার্টমেন্টের যারা বড় সাহেব আছেন তারা যদি মন্ত্রী মহাশয়কে বুঝিয়ে বলেন যে দিজ আর দি ডিফকাল্টিজ তাহলে নিশ্চয় তিনি এতে অমত করবেন বলে আমার মনে হয় না। কেন না এইগুলি আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি। তারপর ধরুন একটা হাসপাতাল তৈরির কথা হল—আমার জানা একটি হাসপাতাল স্যাংশন্ড হয়ে গেছে এবং এটা বহু দিনের পুরানো স্যাংশন্ড। সেই হাসপাতালের কাগজগুলি কন্ট্রাকশন বোর্ডের দায়িত্বে ছিল, কিন্তু বহুদিন পরে স্যাংশন দেবার ফলে কন্ট্রাকশন বোর্ড সেই সব কাগজ পত্র কোথায় আছে খুঁজে পাচ্ছে না। তারফলে তারা আবার মেডিক্যাল ডিপার্টমেন্টকে বলছে তোমরা আবার কাগজ পত্র পাঠাও। অনেক সময় আমরা বড্ড কুইক ট্রান্সফার অব অফিসারস করি। যিনি গেলেন তিনি আবার ৬ মাস পরে অন্য জায়গায় চলে গেলেন। এর ফলে কাজের খুব অসুবিধা হয়। মিসেস ঘোষ যে কথাটা বললেন আমি তার সঙ্গে একমত। মেডিক্যাল ডিপার্টমেন্টে আবার বলা হয় কোথায় গেল কাগজ পত্র খোঁজ কর—এইভাবে কাজ দেরি হয়ে যায়। গ্রাম এবং শহরের যোগাযোগ ব্যবস্থা খুব খারাপ। বর্ষাকালে গ্রামের কোনও লোকের যদি অসুখ করে তাহলে চিকিৎসার কোনও বন্দোবস্ত নেই। অবশ্য পঞ্চায়েতের হাতে কিছু কিছু রাস্তার ভার দেওয়া হয়েছে। কিন্তু সেই রাস্তাগুলি হল মরা—আমি স্বীকার করি অ্যাসফাল্টের রাস্তা তৈরি করতে খরচ খুব বেশি পড়ে। কিন্তু ৮/১০টি গ্রাম সার্ভে করে কোনটা দিয়ে রাস্তা তৈরি করলে একেবারে ন্যাশনাল হাই ওয়েতে গিয়ে পড়বে, সেটা ক্লোজলি সার্ভে করা দরকার। এটা হলে গ্রামের মানুষ অন্তত বর্ষাকালে ওষুধপত্র বা চিকিৎসার জন্য শহর আসতে পারে বা ছেলেরা বর্ষাকালে যখন স্কুলে পড়তে আসে তখন তাদের ঐ সাইকেল কাঁধে নিয়ে বেরতে হয় না। কাজেই এইগুলি প্রপারলি সার্ভেড হওয়া দরকার। অবশ্য টাকা খুব কম। অ্যাস্ফাল্টের রাস্তা করতে পারে কিলোমিটার প্রচুর পয়সা খরচ হয়। আমরা বহুদিন হল স্বাধীন হয়েছি।

কিন্তু এখন পর্যন্ত ঐ কনফিডেনসিয়াল রিপোর্ট, সার্টিফিকেট ইত্যাদি রেখে দেওয়া হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই কনফিডেনসিয়াল রিপোর্ট রাখার ব্যবস্থাটি তুলে দেবার ব্যবস্থা করুন। আমি জানি বহু ক্ষেত্র আছে যেখানে অফিসাররা তার সাবর্ডিনেট স্টাফ, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের বিরুদ্ধে কনফিডেনসিয়াল রিপোর্ট দিয়ে তাদের মেরে দিয়ে চলে গেল। ফলে সেই বেচারির প্রমোশন বন্ধ হয়ে গেল। তার ফলে এর মনের ভিতর একটা ফ্রাস্ট্রেশন এসে গেল এবং তার কাছ থেকে কাজ পাওয়া গেল না। অনেক সময় ব্যক্তিগত মন কষাকষির ফলে এই কনফিডেনসিয়াল রিপোর্ট-এর মধ্যে শত্রুতা করে গেল। এটা ইংরাজ আমলের ব্যবস্থা আপনি দয়া করে এটাকে উইথড্র করুন। এটা হলে আমি নিজে অত্যত খুশি হব। এই বলে বাজেটকে সমথর্ন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-15 — 5-25 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এই সভায় উত্থাপন করেছেন তাকে পূর্ণভাবে সমর্থন জানিয়ে দু/একটি বিষয় আলোচনা করতে চাই এবং দু/একটি সুপারিশ তার কাছে রাখতে চাই। স্যার, এই বিভাগটি যে অত্যন্ত গুরুত্বপূর্ণ সেটা আমাদের প্রথম উপলব্ধি হল গত বন্যার সময়। আমি ঠিক ময়ূরাক্ষীর দক্ষিণ পাড়ে সাঁইথিয়া শহরে থাকি। সৌভাগ্যক্রমে শহরটি ডোবে নি কিন্তু দক্ষিণ পাড়ের বিস্তীর্ণ অঞ্চল একেবারে প্লাবিত হয়ে গিয়েছিল, ধ্বংস হয়ে গিয়েছিল। সেখানে রাস্তার যোগাযোগ একেবারে বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল। সাঁইথিয়াতে একটি রেল ব্রিজ এবং একটি রোড ব্রিজ আছে, এই দুটিই ধ্বংস হয়ে গিয়েছিল, সেখানে যোগাযোগের কোনও ব্যবস্থা ছিল না ফলে সাঁইথিয়া শহরে খাদ্য, আশ্রয় সব থাকা সত্ত্বেও তার আধ কিলোমিটার দূরে মানুষ অনাহারে, আশ্রয়হীন হয়ে, জলে ভিজে কাটিয়েছি। সেখান মানুষের কিছু করার উপায় ছিল না। ধন্যবাদ জানাই মাননীয় পূর্ত মন্ত্রীকে এইজন্য যে, তিনি সাথে সাথে বিশেষ স্টেপ নিয়েছিলেন এবং তারজন্য তিনি আন্তরিকভাবে সকলের ধন্যবাদের পাত্র হয়েছেন। এর সাথে সাথে সংশ্লিষ্ট মহলের যারা অফিসার বা কর্মচারী ছিলেন তারাও কৃতিত্বে অংশীদার হয়েছেন। কিন্তু স্যার, সেই যে উৎসাহ ছিল বর্তমানে আমরা দেখছি তাতে ভাঁটা পড়ে গিয়েছে। সেই সাময়িক উৎসাহটা যদি চিরস্থায়ী হত তাহলে সেই কৃতিত্ব যেমন অফিসাররা এবং কর্মীরা পেতেন তেমনি মাননীয় মন্ত্রী মহাশয়ও পেতেন। সেই উৎসাহটা বজায় রাখার চেষ্টা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। তারপর মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে, প্ল্যানিং-এ কিছু ডিফেক্ট আছে। হ্যাঁ, কংগ্রেসি আমলের প্ল্যানিং-এ ডিফেক্ট আছে এবং তার বোঝা আমাদের বইতে হচ্ছে, জানি না সেটা শোধরানো যাবে কিনা। আমি বীরভূম জেলার একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে আলোচনা করেছিলাম এবং জিজ্ঞাসা করেছিলাম, এই রাস্তাটা এরকম হল কেন, ঐ দিকে ঘুরে গেল কেন? এতো পুরানো রাস্তাটাই ভাল ছিল। তিনি বললেন, আমি কি করব, উপর থেকে প্ল্যান হয়ে এসেছে এবং সেই হুকুম অনুযায়ী আমি কাজ করছি। যেমন আমি বলি, স্যার, ফুলকুড়ি উদয়নপুরের রাস্তার কথা। গত বছর এক লক্ষ কয়েক হাজার টাকা খরচ হয়েছে, এবারেও ১ লক্ষ ৫০ হাজার টাকা বাজেটে দেখলাম। স্যার, এই রাস্তাটি অবাস্তব, এই রাস্তাটির জন্য খরচ করার কোনও মানে হয় না,

কিন্তু হয়ে গিয়েছে তাই এখনও করতে হবে। সেখানে যে পুরানো রাস্তাটি ছিল সেটা অনেকগুলি গ্রামকে ফিড করতে পারত। রাস্তাটি বড় হবে কি ছোট হবে সেটা বড় কথা নয়, সেখানে কতকগুলি গ্রামকে ফিড করা যাচ্ছে বা কত মানুষকে সুবিধা দেওয়া যাচ্ছে বা যানবাহনের সুযোগ সুবিধা মানুষ কি রকম পাচ্ছে সেটা দেখাই বড় কথা। আমি সেখানে খোঁজ নিয়েছিলাম এবং জিজ্ঞাসা করেছিলাম, এত টাকার অপচয় হচ্ছে কেন? আমি জিজ্ঞাসা করেছিলাম, রাস্তাটা শর্ট করছেন কেন? রাস্তা তো মানুষকে সুবিধা দেবার জন্য। তো এসব কথার উত্তর তারা দিতে পারেন নি। আমি আরও খবর নিয়ে দেখলাম, সেখানে প্রাক্তন কংগ্রেসি এম এল এ-র নাকি পাথয়ের কোয়ারি আছে, সেখান থেকে পাথর বইতে যাতে পেট্রোলের খরচ কম হয় তাইজন্য ঐ ভাবে রাস্তাটি তৈরি করা হল। স্যার, উপর থেকে এটা হয়েছে বলে হল কিন্তু ওখানে হলে এটা হত না। তারপর জলপাইগুড়ির তেঁতুলিয়া থেকে রাজগঞ্জ, সেটা একটি গুরুত্বপূর্ণ রাস্তা কিন্তু যেহেতু সেটা কংগ্রেসি এম এল এ চায়নি তাই সেটা বরবাদ হয়ে গেল। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করছি, সেই রাস্তাটি যাতে হয় তারজন্য আপনি চেষ্টা করুন। স্যার, আপনি জানেন, বন্যার সময় পঞ্চায়েতগুলি খুব ভাল কাজ করেছে। রাস্তার প্ল্যানিং-এর ব্যাপারেও যদি জেলা অফিসারদের বলা হয় এই পঞ্চায়েত সমিতি বা পঞ্চায়েতের সঙ্গে যুক্তি করে কোন রাস্তাটাকে অগ্রাধিকার দেওয়া হবে সেটা ঠিক করুন তাহলে আমার মনে হয় সেটা খুব বাস্তবচিত হবে। তারপর স্যার, কিন্নাহারের কাছে যে রাস্তাটি আছে তাতে একটি ব্রিজের একান্ত প্রয়োজন, সেই ব্রিজটির নাম বলে দিই, সরিষাকাঁন্দ, সেটা হয়নি, রাস্তাটি অন্যদিকে ঘুরে গিয়েছে সেটা একটু দেখা দরকার। অনেক জায়গাতে ব্রিজ আছে যেগুলি চওড়া নয়, সেগুলি চওড়া হওয়া দরকার। আমি হিসাব করে দেখছিলাম ৪শো কিলোমিটার রাস্তা আছে বীরভূমে, সব রাস্তা এমনই সরু যে দুটি গাড়ি একসঙ্গে পার হতে পারে না। যেমন একটা মেন রোড পানাগড় থেকে সিউড়ি এই রাস্তাটি সুরু। আর একটি রাস্তা-সিউড়ি-সাঁইথিয়া-বীরভূম এখানেও দুটি গাড়ি একসঙ্গে যায় না। আমার অনুরোধ এগুলি যেন চওড়া করা হয়।

আমি একটি কথা বলতে চাই যে পি ডবলিউ ডি-এর প্রপার ওয়ার্কিং কি? এই ডিপার্টমেন্টে অনেক দুর্নীতি আছে। আমাদের বীরভূমে ৪টি ব্রিজ আছে। রোড ব্রিজে পি ডবলিউ ডি-এর আন্ডারে কংগ্রেস আমলে লোকজন নিয়োগ করা হয়েছিল। সাঁইথিয়া নামে একটা ব্রিজ, যে ব্রিজে ১৭ শত থেকে ২১ শত টাকা দৈনিক টোল মানি আদায় হয়। কিন্তু দেওয়া হত কত? পাঁচ শত থেকে ৭ শত টাকা। আমাদের বামফ্রন্ট সরকার যখন শাসন ক্ষমতায় এলেন, লোকেরা আমাদের বলত যে দাদা, এই যে হরির লুট হচ্ছে, এই ব্যাপারে আপনারা কিছু বলতে পারেন না? আমরা মেনশন করেছিলাম। তখন মেনশন করলে নজর পড়ত কিন্তু এখন অতটা পড়ে না। যাইহোক, পরে বিভাগীয় কর্তারা চোখ দিলেন। ১৯৭৭ ডিসেম্বর দেখা গেল অর্থাৎ ডিসেম্বরের লাস্ট উইকে ৫ হাজার এক টাকা আদায় হল। আর ১৯৭৮ সালে জানুয়ারির ফার্স্ট উইকে অন্য লোক বসানো হল সেখানে ১২ হাজার টাকা আদায় হল। অর্থাৎ ৫ হাজার টাকার জায়গায় ১২ হাজার টাকা আদায় হল। এখন থেকে ১৩ শত ২৫ টাকায় লিজ দেওয়া হয়েছে। আর একটা কথা বলতে চাই, ইলামবাজারে সেই রকম ভাবে চুরি হল। সেখানে ব্রিজ করা হচ্ছে কি জানি রাইটার্স বিল্ডিংস থেকে তার অর্ডার

অ্যাপ্রুভ হয়ে যায় নি, কোনও দুর্নীতি আছে কিনা জানি না। তারপর সিউড়ি ময়ূরাক্ষী ব্রিজ আছে। সেখানে ১।। শত থেকে ২৫০ টাকাও আদায় হল না। সেখানে অনেক টাকা আদায় হতে পারে। সেখানেও এই লিজ দিতে পারেন যদি দুর্নীতি থাকে। ব্রাহ্মণী ব্রিজ আছে, সেখানেও এই রকম ভাবে টোল মানি আদায় হতে পারে, অনেক রাজস্ব বৃদ্ধি হতে পারে। এখানে কোনও দুর্নীতি আছে কিনা সেটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব খোঁজ নেবার জন্য আর একটা জিনিস অনেকে বলেছেন, আমি বীরভূমে জিজ্ঞাসা করেছিলাম যে আপনাদের কত মোট মজুর আছে? পি ডবলিউ ডি বলেছিলেন যে আমাদের ৪ শত আছে এবং রোডস বলেছিল যে আমাদের ২ শত আছে। এই ছয় শত মজুর যদি এক সঙ্গে অন্তত পক্ষে বন্যার সময়ে ঐ ডাইভারশন বোর্ডের কাজ করতেন তাহলে পরে অনেক কাজ এগিয়ে থাকত। আজকে সেখানে এই রোডের কাজগুলি, ডাইভারশন রোডের যে সমস্ত কাজ সেটা কন্ট্রাক্টর নিয়োগ করে করতে হল এবং তার জন্য সেখানে কয়েক লক্ষ টাকা খরচ হল। আমি জানি না এই সমস্ত মজদুর কত মাইনা পায়। আমি খোঁজ নিয়ে দেখলাম যে ৩ শত থেকে ৩২৫ টাকা এদের মাইনা এই সম্পর্কে বিভাগীয় কর্তৃপক্ষের মধ্যে ভাগাভাগী আছে কিনা জানিনা। তবে এর মধ্যে অনেক সুপার অ্যানুয়েটেড লোক আছে এবং ২৫ পারসেন্ট

[5-25 — 5-35 P.M.]

লোক আছে যাদের বয়স হয়ে গেছে, কাজ করতে পারেনা, তারা শুধু নাম লিখিয়ে টাকা নেয়। আমি গিয়ে বলেছিলাম, এই লোকগুলি দিয়ে কি হবে, এদের জবাব দিয়ে দিন। তার উত্তরে তারা বলেছিলেন, জবাব দিলে পেনশন পাওয়া যায় না। তখন বলেছিলাম যে তাদের ছেলেদের কাজ দিন বা অন্য কোনও কিছু করুন। কিন্তু এই লোকগুলি দিয়ে আর কাজ হবে না, শুধু শুধু ভূতের বোঝা বইতে হবে। গত বন্যার সময় এই লোকগুলি কিছু কাজ করেনি, করলে অন্তত পক্ষে তাড়াতাড়ি ঐ ডাইভারশন রোডগুলি করা যেত। এই ব্যাপারে আমি কর্তৃপক্ষ এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আরও অনেক দুর্নীতি আছে। আমরা দেখেছি যে পাথর এক জায়গায় স্ট্যাক করা হল, মাপা হল। তারপর আবার রাতারাতি সেই পাথর অন্য জায়গায় তুলে নিয়ে গিয়ে স্ট্যাক করা হল মাপা হল তারপর বিল করা হল। গত বছর মহম্মদ বাজার থানায় দেখা গেল যে একটা লরি থেকে আর একটা লরিতে ইঁট পাঠানো হচ্ছে রাত্রিবেলায়। তাকে ধরা হল এবং জিজ্ঞাসা করা হল কি ব্যাপার? উত্তরে জানানো হল যে কাগজপত্রে ইট খরচ হয়ে গেছে, রাস্তায় লাগবে না সেই ইট অন্য জায়গায় পাচার করা হবে। সেই কেসটার কি হয়েছে আমি জানি না। তবে খোঁজ নিয়ে জানলাম সেটা নাকি ইনভেস্টিগেশনে আছে। জানি না আরও কতদিন ধরে এই ইনভেস্টিগেশন হবে। আমার এলাকার আরও কিছু কিছু কথা আমি বলব। আমার এলাকায় দেউলিয়া বলে একটা মেন রোড ছিল, ব্রহ্মানন্দা ব্রিজ ছিল সেটাও বন্যায় ধ্বংস হয়ে যায়। আমরা বলে বলে সেই ব্রিজটা করাতে পারছি না, টাকা অনেক খরচ হয়ে যাচ্ছে, কিন্তু ব্রিজটা যখন ছিল, সেখানে আজও ব্রিজ হচ্ছে না কেন? এই ব্রিজটা করার প্রয়োজন আছে। বোলপুর রাজগ্রাম রোড সম্পর্কে আমরা ১৯৭১ সাল থেকে বলে আসছি, কিন্তু জানি না কি কারণে এখনও এটা হচ্ছে না। আহমেদপুর সাঁইথিয়া এই রাস্তাটা পাকা করলে অনেক সুবিধা হয়। সুতরাং আমি বলছি, এই রাস্তাগুলোর দিকে নজর দেওয়া দরকার। এই বলে

মাননীয় পুর্তমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় পূর্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ দাবি এখানে পেশ করেছেন সেটা আমি সমর্থন করে কিছু বক্তব্য রাখতে চাই। আমরা গত বন্যার সময় দেখেছিলাম আমাদের জেলা পশ্চিম দিনাজপুর জেলা এবং উত্তরবঙ্গের কয়েকটি জেলা যদিও বন্যায় ক্ষতিগ্রস্ত হয়নি কিন্তু অন্যদিকে যে ভাবে বন্যায় রাস্তাঘাট ভেঙ্গে দিয়েছিল এবং সেখানে পূর্ত বিভাগ এবং তার কর্মচারিরা যে ভাবে তাড়াতাড়ি সেই সব কাজ সমাধা করেছিল এবং ভাঙ্গা রাস্তাগুলো চালু করার ব্যবস্থা করেছিল, এই ব্যাপারে সত্যই আমরা ধন্যবাদ জানাই পূর্ত বিভাগকে। এই সঙ্গে আমি আমাদের দিনাজপুর জেলার কথা একটু না বলে পারছি না। মাননীয় চেয়ারম্যান মহাশয় আপনি জানেন আমাদের জেলা ২০০ মাইল লম্বা জেলা। এই জেলায় রাস্তা ছাড়া অন্য কোনও যোগাযোগ ব্যবস্থা নেই। সামান্য মাত্র ২/৩টে রেল স্টেশন রয়েছে। তাছাড়া আমাদের গোটা জেলাতে বাস এবং পাকা রাস্তার মাধ্যমে যাতায়াত করতে হয়। সেখানে রাস্তার যে ব্যবস্থা, তা প্রয়োজনের তুলনায় সামান্য বললেই চলে। খুবই সামান্য। কারণ অন্যান্য জেলায় যেভাবে রাস্তাঘাট তৈরি হয়েছে, সেদিক থেকে আমাদের জেলা সব চেয়ে পিছিয়ে পড়েছে। অনেক ব্যাপারেই আমাদের দুর্ভাগ্য এটা বলা চলে। সব ব্যাপারে দেখা যায় কোনও অফিসার যদি খারাপ হয়, তাহলে তাকে পোস্টিং দেওয়া হয় পশ্চিমদিনাজপুর, কোনও কিছু খারাপ করলেই পশ্চিম দিনাজপুরে যাও। পশ্চিম দিনাজপুর থেকে কলকাতায় আসতে হয় রাত জেগে দীর্ঘ বাস পথ অতিক্রম করে। কিন্তু সেই রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। আসতে আসতে দেখা যায়, হঠাৎ টায়ার পাংচার হয়ে গেল, যার ফলে তিন চার ঘণ্টা অপেক্ষা করতে হয়। এক রাতের তিন চারবার টায়ার পাংচার হয়ে যায়, রাস্তার এমন অবস্থা। পাথরের টুকরোগুলো টায়ারের মধ্যে ঢুকে গিয়ে টায়ার পাংচার হয়ে যায়। রাস্তা ঘাটের অবস্থা অত্যন্ত খারাপ। আমাদের জেলার যে এলাকা বিহার থেকে এসেছে, এস আর সি রিপোর্ট অনুযায়ী, সেই এলাকা থেকে এখনও আমাদের শিলিগুড়ি যেতে গেলে রায়গঞ্জ মহকুমার উপর দিয়ে ইসলামপুর মহকুমার উপর দিয়ে যেতে হয়। তার যে রাস্তার যোগাযোগ ঐ বিহারের কিষাণগঞ্জের ভিতর দিয়ে সামান্য যেতে হয়। এতদিন পর্যন্ত আমদের জেলার ভিতর দিয়ে যে রাস্তার পরিকল্পনা ছিল, পুর্ণিয়ার ডালখোলা দিয়ে ইসলামপুরকে সংযোগ করে পশ্চিমবাংলার মধ্যে দিয়ে যে রাস্তা তৈরির কথা ছিল, আজ পর্যন্ত সেই কাজে হাত দেওয়া হয়নি। পূর্ত বিভাগ বলেন সেই রাস্তার ম্যাপ নেই, বিহারের আমলের কাগজ পত্র কোথায় গেছে, পাওয়া যাচ্ছে না। আজ পর্যন্ত তার কোনও প্রতিকার হল না। এটাই হচ্ছে আমদের কাছে চিত্র। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, আমাদের জেলার একটা থানা, চাকুলিয়া থানা, সেখানে কোনও পাকা রাস্তা নেই। এই অবস্থার মধ্যে দিয়ে পশ্চিম দিনাজপুর জেলাকে চলতে হচ্ছে। আমরা বারবার পূর্ত মন্ত্রীর কাছে দাবি করেছি অন্তত পক্ষে রায়গঞ্জ সাব ডিভিসন এবং ইসলামপুর সাব-ডিভিসন এর রাস্তাঘাটগুলোর দিকে একটু নজর দিন—বালুরঘাট এর বৃহৎ সেতুর উদ্বোধন হয়েছে। বালুরঘাটের দুটো যে ভাগ, আত্রেয়ী নদীর উপর ব্রিজ করে যে সংযোগ স্থাপন করা হয়েছে, তার ফলে ঐ এলাকার মানুষের ভীষণ উপকার হয়েছে, তার জন্য নিশ্চয়ই ধন্যবাদ জানাব মাননীয় পূর্তমন্ত্রী এবং

বিভাগীয় কর্মচারিদের। সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে এই ব্রিজের শিলান্যাশ হয়েছিল, তারপরে এর কাজ দ্রুত গতিতে এগোয়নি, সেই ব্রিজ আমরা উদ্বোধন করেছি। সঙ্গে সঙ্গে রায়গঞ্জ মহকুমা টাউনে আর একটা ব্রিজের ব্যাপারে আমরা বারবার অনুরোধ করেছি বিভিন্ন এলাকার সঙ্গে যোগাযোগ করবার জন্য কিন্তু সেই কাজ হয়নি। পাশাপাশি আমি ইসলামপুর সাব-ডিভিসন সম্পর্কে যে কথা বললাম, আমি বারবার সেই কথা বলব যে সেই বিহারকে বাদ দিয়ে ঐ পুর্ণিয়া জেলার কিষাণগঞ্জকে বাদ দিয়ে আমরা যেন সোজা রাস্তায় দিনাজপুর জেলার ভিতর দিয়ে দিনাজপুর যেতে পারি সেই ব্যবস্থা করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। এই হাউসে দাঁড়িয়ে আপনি যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে ঐ দাবি আমি আপনার কাছে আবার করছি যে, ইসলামপুর যাবার আমাদের ঐ রাস্তাটুকু আপনি বিহারের সঙ্গে ঝামেলা না করে সহজ পথে করবার জন্য বিভাগকে নির্দেশ দিন। লাল ফিতে ইত্যাদির ব্যাপারে আমি বুঝি না, অফিসারদের জিজ্ঞাসা করলে বলছে বিহারের কাছ থেকে কাগজপত্র পাইনি, ঐজন্য রাস্তার ম্যাপ হচ্ছে না। এই রাস্তাটা তাড়াতাড়ি করার অনুরোধ জানিয়ে আবার এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গোড়াতেই বলেছিলাম যে, বিরোধী দলের সদস্যারা এখানে নেই, ফলে তাদের সমালোচনা এখানে আমি শুনতে পেলাম না। যদি তারা সমালোচনা করতেন এবং সেই সমালোচনার ভিত্তিতে আমার যে বাজেট বরাদ্দ তা মঞ্জুর হবার পরও যদি কিছু অদল-বদল করবার থাকত, তা আমি করতে পারতাম। কিন্তু এখন তা করতে পারছি না। যাই হোক তারা যে কোনও কারণেই হোক, রাজনৈতিক কারণে সভা থেকে চলে গেছেন। অবশ্য বিরোধী দলের সদস্যারা যেখানে বসে আছেন, সেখানে আমি নিজে বিরেধী দলের নেতার কাছে গিয়েছিলাম এবং গিয়ে আমি তাকে বলে এসেছি যে, আমি কিন্তু সভায় ক্ষোভ প্রকাশ করেছি যে, আপনাদের সমালোচনার সুযোগ থেকে আমাকে আপনারা বঞ্চিত করেছেন। আমি একথাও বলেছি যে, আপনাদের যদি কিছু বক্তব্য থাকে তাহলে সেটা এর পরে আপনারা আমার সাথে দেখা করে রাখুন যত দূর সম্ভব হবে আমি সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করব।

দ্বিতীয় কথা হচ্ছে বিরোধী দলের সকলেই কিন্তু বেরিয়ে যাননি। আমাদের না বিরোধী, না আমাদের পক্ষের এই রকম এস ইউ সি দলের মাননীয় সদস্য রেণুপদ হালদার মহাশয় অনেক দুর্নীতির অপচয়ের কথা বলেছেন। আমিও এটা অস্বীকার করি না। আমাদের বর্তমানে যে সমাজ সেই সমাজে দুর্নীতি অপচয় সম্পূর্ণভাবে বন্ধ করা যায় না। তবে আমাদের দিক থেকে আমরা চেষ্টা করছি, এটা অনস্বীকার্য এবং আমরা সেই জন্য নিয়ম করেছি যে, আমার নির্দেশ আছে কাউকে যদি ৫ লক্ষ টাকার কন্ট্রাক্ট দেওয়া হয় তাহলে সে পুর্বে কি কাজ করেছে না করেছে সে সমস্ত আমি নিজে দেখব এবং সেই কন্ট্রাক্টরের নাম, সে কখন কি কাজ করেছে তার পাস্ট রেকর্ড সেগুলি আমার কাছে যেন দেওয়া হয়। উনি গঙ্গাসাগর সম্বন্ধে আর একটা কথা বলেছেন। আমার মনে হয় এবারে মেলার সময় উনি গঙ্গাসাগরে যাননি, কারণ উনি মার্কসবাদি এবং মার্কসবাদি বলেই বোধ হয় মেলার সময় যান না। কিন্তু মার্কসবাদি হলেও রাস্তা দেখবার জন্য আমাকে যেতে হয় এবং আমি গিয়েছি। গতবারেও

আমি গিয়েছি, প্রত্যেক বারে গিয়ে দেখে আসি রাস্তা ঠিক আছে কিনা। আমি জোরগলায় বলিছ চওড়াটা রাস্তার ঠিক নাও হতে পারে প্রস্থে এটা বাড়ানো প্রয়োজন, আমি এটা অস্বীকার করি না, কিন্তু রাস্তাটা খুব ভাল আছে। তবে উনি যেটা বলেছেন কচুবেরে পর্যন্ত রাস্তার কথা, যেখানে যাত্রীরা থাকে, লোকজন যান সেখানকার রাস্তা সম্পর্কে আমি নির্দেশ দিয়েছি। ওখানে রামকৃষ্ণ মিশন-এর একটা আশ্রম আছে, তারা এবং তীর্থযাত্রীরা এ বিষয়ে আমার দৃষ্টি আকর্ষণ করেছিলেন, আমি তাদের কথা দিয়েছি এবং সেই অনুযায়ী আমি নির্দেশ দিয়েছি যে, আগামী সাগর মেলার আগেই সেই রাস্তা সম্পন্ন হবে। যদিও ঐ রাস্তাটা আমাদের নয়, জেলা পরিষদের রাস্তা, কিন্তু তা সত্ত্বেও আমি নির্দেশ দিয়েছি, সেই রাস্তা আগামী মেলার আগেই তৈরি হয়ে যাবে যাতে তীর্থ যাত্রীদের সুবিধা হয়। উনি টেন্ডার সম্বন্ধে আরও একটি কথা বলেছেন যে আমাদের যে শিডিউল রেট আছে তার থেকে অনেক নিচে ধরে থাকে আমি ওনার সাথে একমত যে, যারা খুব নিচে টেন্ডার রেট দেন তারা কখনও ভালভাবে কাজ করতে পারে না। ওনার দলের এক সময়ে এই পূর্ত বিভাগের মন্ত্রী ছিলেন আমাদের পরলোক গত শ্রী সুবোধ ব্যানার্জি মহাশয়। সুতরাং ওনার জানা উচিত যে এখনও পর্যন্ত যে ব্যবস্থা চালু আছে কারণ লোয়েস্ট টেন্ডার যদি অ্যাকসেপ্ট না করি তাহলে

[5-35 — 5-45 P.M.]

আমাদের যারা অডিট বিভাগের আছেন তারা আমাদের সম্পর্কে মন্তব্য করেন, কৈফিয়ত চায়, তাসত্ত্বেও আমি বহু ক্ষেত্রে হস্তক্ষেপ করি যাতে এই ব্যবস্থা না চলে। তারজন্য যে কোড রুলস আছে তা আমরা পুনর্বিবেচনা করবার জন্য মনস্থির করেছি। এ ব্যাপারে আমি আমার বাজেট বক্তৃতায় বলেছি যে, এই ব্যাপারে যে কমিটি আছে সেই কমিটির অপেক্ষায় আছি। এম আই জি এবং এল আই জি ফ্ল্যাট সম্পর্কে যে কথা বলেছেন তার উত্তরে আমি বলছি যে, যে ফ্ল্যাট তৈরি করা দরকার, যে বাড়ি তৈরি করা দরকার তা আমরা পাচ্ছি না। আমি এর আগের বার হিসাব দিয়েছিলাম যে, যা প্রয়োজন তার অকিঞ্চিকর অংশ আমরা করে থাকি। সুতরাং দীর্ঘদিন অপেক্ষা করতেই হবে। অপেক্ষা করা ছাড়া উপায় নেই। তার মধ্যে যারা দীর্ঘদিন অপেক্ষা করছেন তাদের মধ্যে সাধারণত অগ্রাধিকার দিয়ে থাকি। উনি আর একটি কথা বলেছেন স্ট্যালিন স্মরণীর কথা। স্ট্যালিন মূর্তি হবে কিনা তা আমি বলতে পারছি না কিন্তু স্ট্যালিন স্মরণী সম্পর্কে যে কথা বলেছেন তার উত্তরে আমি বলি, যখন প্রশান্ত শূর মহাশয় তার দাবি পেশ করবেন এটা কলকাতা কর্পোরেশনের ব্যাপার তার কাছে যদি রাখেন তাহলে তিনি তার জবাব দেবেন। সি ডি এস গ্রুপ ইনস্যুরেন্স টাকা সম্পর্কে যা বলেছেন তা সম্পূর্ণ ভুল তথ্য পরিবেশন করেছেন। প্রত্যেকটি স্তরের কর্মচারির সে ওয়ার্ক চার্জেরই হোক আর যাই হোক—যাদের টাকা কেটে নেওয়া হয়েছে ঠিক সময়মতো সেই টাকা ফেরৎ দেওয়া হবে। যদি কোনও ক্ষেত্রে এই রকম হয়ে থাকে তাহলে উনি জানান আমরা নিশ্চয়ই সেই সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করব। মাননীয় সদস্য শ্রী মাধবেন্দ্র মহান্তি মহাশয় লিংক রোডের কথা বলছেন। আমাদের সঙ্গতির মধ্যে আমি লিংক রোড করবার চেষ্টা করছি এবং আপনি কৃষ্ণনগর থেকে গোপালপুর পর্যন্ত যে রাস্তাটা মজবুত করা এবং পরিধি বাড়াবার কথা বলেছেন, আমি সেই সম্পর্কে বিচার-বিবেচনা করছি এবং এটা করা হবে। কিছু অব্যবস্থার কথা যা বলেছেন সেই সম্পর্কে আমরা চেষ্টা করছি। মেনটেনান্স সম্পর্কে যা

বলেছেন তারজন্য আমরা আলাদা টাকা রেখেছি তবে মুশকিল হল আর্থিক সঙ্গতির কথা স্বভাবতই এসে পড়ে। কারণ যে রাস্তা আমরা তৈরি করছি তার পরেও আরও রাস্তা বাড়াতে হবে, আমরা নতুন নতুন রাস্তা তৈরি করছি। সুতরাং সামগ্রিকভাবে এইসব মেনটেন করার জন্য আমাদের অনেক টাকা বাড়তে থাকে। এখন যদি ৮ হাত কাপড়কে টানা হয় তাহলে এদিকে টানলে ওদিকে কুলোয় না আবার ওদিকে টানলে এদিকে কুলোয় না সুতরাং এই হচ্ছে অবস্থা। এখন এটা যদি বাড়াতে হয় তাহলে নতুন রাস্তা করা সম্ভব নয়। অথচ মাননীয় সদস্যরা প্রত্যেকই তার নিজের কেন্দ্রের পক্ষ থেকে দাবি রাখছে যে অন্তত ২ থেকে ৩ কিলোমিটার রাস্তা করে দিন। আমি একটা হিসাব করে দেখলাম। এখান ২৯২ জন এম এল এ আছেন। এখন যদি প্রত্যেকের কেন্দ্রে কম করেও ৩ কিলোমিটার রাস্তা মেটাল রোড করি তাহলে ২৬ কোটি টাকার প্রয়োজন আর যদি ব্ল্যাক টপ বা পিচের রাস্তা তৈরি করতে হয় তাহলে ৪৪ কোটি টাকার প্রয়োজন। সুতরাং প্রত্যেককে এই সীমিত বাজেট বরাদ্দের মধ্যে সন্তুষ্ট করা সম্ভব নয়। তবে যেগুলি সাধারণ মানুষের পক্ষে প্রয়োজন, জনসাধারণের কল্যাণ হবে সেটা কোনও দলের বা পার্টির রাস্তা হবে সেটা না দেখে জনকল্যাণের জন্য বেশিরভাগ লোকের কল্যাণের জন্য আমি সেগুলি করে থাকি।

[5-45 — 5-55 P.M.]

তিনি আরেকটি কথা বলেছেন ন্যাশনাল হাইওয়ের ধারে গাছ কাটা হচ্ছে, কি করব পাহাড়া দেওয়া সম্ভব পর নয়, আপনারা যারা জনপ্রতিনিধি আছেন তারা যদি একটা ব্যবস্থা করেন তাহলে এই গাছ কাটা বন্ধ হতে পারে। এনক্রোচমেন্টের ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীর কাছে ৫ হাজার রাস্তা যেখানে যেখানে এনক্রোচমেন্ট হয়েছে তার কথা বলেছি, তিনি প্রথমে বললেন আপনার ডিপার্টমেন্ট থেকে পুলিশ কে যখন জিজ্ঞাসা করা হয় তারা বলে আমরা কিছু করতে পারি না, যে দপ্তরের রাস্তা তারা যদি অভিযোগ না করে, সেইজন্য আমি মুখ্য বাস্তুকারকে নির্দেশ দিয়েছি যে আপনি জেলার প্রত্যেকটি ইঞ্জিনিয়ারকে বলে দিন তারা যেন এ বিষয় পুলিশের কাছে খবর দেন এবং তার একটা রসিদ নিয়ে তার নকল আমার কাছে দেন। আমি মুখ্যমন্ত্রীর কাছে এই রকম ভাবে ৫ হাজার কপি দিয়েছি, কিন্তু দুর্ভাগ্যবশত কিছু কিছু জায়গায় হচ্ছে তখন বহু দল এবং উপদল এসে অনুনয় করেন মানবিকতার প্রশ্ন তুলে যে এদের একটা অল্টারনেটিভ অ্যাকোমোডেশন দিন। আমি উত্তরবঙ্গের সমস্ত দলের কাছেই আবেদন করেছি অন্তত বামফ্রন্টের দলগুলি যদি এই কাজ করেন তাহলে এনক্রোচমেন্ট অনেক কম হবে। শিলিগুড়ির হিলকার্ট রোডের হাউসিং ডিপার্টমেন্টের তরফ থেকে নতুন বাড়ি আমরা তৈরি করছি। বহু এনক্রোচমেন্ট হয়ে আছে, আমরা চেষ্টা করছি যাতে এই কাজ তাড়াতাড়ি হয় এবং পুলিশের সাহায্য নিয়ে যারা এনক্রোচমেন্ট করেছিল তাদের আমরা সরিয়ে দেবার ব্যবস্থা করছি। শ্রীমতী ছায়া ঘোষ যে জলঙ্গী নদীর উপর ডাঙ্গাপাড়ার কাছে যে সেতুর কথা বললেন তার জন্য টাকা ধরে রেখেছি এবার সেখানে শিলান্যাস করা হবে এটা হলে কিছু সুবিধা নিশ্চয় হবে। যে সমস্ত বেকার ইঞ্জিনিয়ার আছে তাদের কন্ট্রাক্ট দেওয়ার কথাও তিনি বলেছেন। আমি তাকে জানাতে চাই কো-অপারেটিভ সোসাইটি অফ আন-এমপ্লয়মেন্ট ইঞ্জিনিয়ারস যারা আছেন তাদের আমরা অনেক সুযোগ সুবিধা দিয়ে থাকি। যেমন তাদের জন্য একের পাঁচ অংশ কাজ রিজার্ভ করে রেখেছি, তাদের আর্নেস্ট মানি জমা

দিতে হয় না এবং তাদের লোয়েস্ট গ্রেড দশ পারসেন্টের উপরে যদি রেট থাকে তাহলে অগ্রাধিকার দিয়ে থাকি। এইভাবে আমরা তাদের সাহায্য করছি এবং যাতে তারা অগ্রাধিকার পায় সেই চেষ্টাও করি। জেলায় আর্থিক দিক থেকে উইকার সেকশনদের অগ্রাধিকার দেবার কথা বলেছেন, আমি আমার বাজেট বক্তৃতায় বলেছি বিভিন্ন জেলায় আর্থিক দিক থেকে উইকার সেকশনদের জন্য বাড়ি করা হবে, কলকাতা শহরে আশেপাশে আট হাজার টাকায় আর্থিক দিক থেকে উইকার সেকশনদের বাড়ি করতে হবে একথা বলে দিয়েছেন হুডকো কিন্তু সেটা সম্ভব নয়। তবে আমরা চেষ্টা করছি আগামী বছরে কলকাতার আশেপাশে এই সেকশনের জন্য কিছু করার।

সিরাজের সমাধির কাছে যাবার রাস্তাটি কাঁচা এখনও আছে। এই রাস্তা করা সম্ভবপর হয়নি, কারণ সেখানে একটা পুল করতে হবে। পুল না করা হলেও সেই রাস্তা যাতে পাকা হয় সেই ব্যবস্থা করতে হবে। সিরাজের সমাধি আমাদের পবিত্র জায়গা, এটা দেখা আমাদের কর্তব্য। শ্রী সেন অ্যাসেম্বলির বাইরের রাস্তা দেখবার জন্য বলেছেন, আমি তাকে বলছি এটা আপনি পৌরমন্ত্রীর বাজেটে বলবেন, কারণ এটা পি ডবলিউ ডি-র রাস্তা নয়, ক্যাথিড্রাল রোড, রেড রোড, রাসমণি রোড, গঙ্গার ধার দিয়ে চলে যান এই রাস্তাগুলি আমাদের হাতে আছে এই সেইসব রাস্তা আমরা ভালভাবে মেনটেন করি। তিনি বলেছেন কারিগর এবং রাজমিস্ত্রী যেন ব্যবহার করি। আমি তাকে জানাচ্ছি আমাদের টেন্ডারের কনডিশন হচ্ছে টোটাল লেবার এবং ম্যাসন তাদের ওখানে লাগাতে হবে। বন্যাক্লিষ্ট অঞ্চল সম্বন্ধে আমি নির্দেশ দিয়েছি বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার লোকেদের আগে অগ্রাধিকার দিতে হবে। বীরভূম, মুর্শিদাবাদ, ইত্যাদি জায়গায় আমি নিজে দাঁড়িয়ে থেকে খোঁজ খবর নিয়ে দেখেছি যে তারা কোন জায়গার লোক। অন্য প্রদেশের লোক কিনা আমার প্রাদেশিকতা নেই তবুও আমি বলছি আমাদের লোক বেকার থাকবে আর কন্ট্রাক্টর অন্য জায়গা থেকে লোক নিয়ে আসবে এটা হতে পারে না। আমাদের রাস্তা রক্ষণাবেক্ষণের জন্য একটা ডিপার্টমেন্টের উপর ভার আমরা দিয়েছি এবং বলেছি যদি দেখেন কোনও জায়গায় অসুবিধা হচ্ছে তাহলে আমাকে বলবেন। সি সি আরের ব্যাপারে অনেক অভিযোগ আছে, আমাদের কোর্ট অ্যান্ড রুলস কমিটি আছে, সেই রুলস কমিটির কাছে ইতিমধ্যে আমি বলেছি সি সি আরের উপর ভিত্তি করে যাতে কারুর ক্ষতি না হয় সেইভাবে তাদের কাছ থেকে সুপারিশ চেয়েছি, সেই সুপারিশ এলে আমরা ব্যবস্থা করব। আমি ব্যক্তিগতভাবে সি সি আর যেভাবে লেখা হয়ে থাকে সেটা পরিবর্তন করবার নির্দেশ দিয়েছি। কারুর বিরুদ্ধে বিরূপ মন্তব্য সি সি আরে থাকবে সে জানতে পারবে না তা হয় না। তাকে জানাতে হবে যাতে সে নিজেকে সংশোধন করে নিতে পারে কিম্বা যাতে সে তার রিপ্রেজেনটেশন দিতে পারে সেই ব্যবস্থা করতে হবে, কংগ্রেস আমলে এটা ছিল না, কিন্তু আমি নির্দেশ দিয়েছি যে কারুর বিরুদ্ধে যদি বিরূপ মন্তব্য থাকে তাহলে তার রিপ্রেজেনটেশন করবার অধিকার তাকে দিতে হবে। ধীরেন সেন মহাশয় বলেছেন রাস্তা হয়েছে সরু। আমি আগেই বলেছি সেইসব জায়গায় আমরা সেটাকে আরও সম্প্রসারিত করবার জন্য চেষ্টা করছি। প্রায় প্রত্যেকটি জেলাতে আমি দেখেছি রাস্তা ভাল, কিন্তু দুটো বাস বা দুটো গাড়ি একসঙ্গে আসতে পারে না। আমাদের আর্থিক সঙ্গতি অনুসারে অগ্রাধিকার ভিত্তিতে যতখানি সম্ভব সেগুলি করবার আমরা চেষ্টা করছি। আপনারা বোধ হয় একটা

উড়িষ্যা কান্ডার ব্রিজের কথা বলেছেন, এটা যখন আরম্ভ হয়েছে তখন আমরা ছিলাম না, আগে কংগ্রেস আমলে হয়েছে। আমাদের মোটামুটিভাবে ইঞ্জিনিয়ারদের উপর ভার দেওয়া আছে কোন রাস্তা, কোন পুল অগ্রাধিকার পাবে, সেটা যে কোনও জেলায় হোক, সেই জেলার যত এম এল এ আছেন তাদের নিয়ে তারা সেই বিষয়ে বৈঠকে বসবেন। আমি নিজে ২/১টি বৈঠক করেছি, বাঁকুড়া জেলার বাঁকুড়া শহরে সমস্ত দলের সদস্যদের নিয়ে, সে বিরোধী দলের হোক, আমাদের দলের হোক, সকলকে নিয়ে বৈঠক করেছি, তাদের বক্তব্য শুনেছি, সেই বৈঠকে ইঞ্জিনিয়ার ইন চিফ, চিফ ইঞ্জিনিয়ার, এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার সকলেই ছিলেন, তাদের প্রস্তাব মতো আমরা কাজের ভার নিয়েছি। এই পদ্ধতি অবলম্বন করলে এম এল এ-রা সন্তুষ্ট থাকেন, তারা বুঝতে পারেন, তাদের সাথে যোগাযোগ থাকে। একজন মাননীয় সদস্য বললেন পানাগড় ইসলামবাজার রাস্তা চওড়া করা দরকার। এই পানাগড়-ইসলাম বাজার রাস্তা চওড়া করার নির্দেশ দেওয়া হয়েছে, তারজন্য টাকা রেখেছি সাঁইথিয়া ব্রিজের টোল কালেকশনের নির্দেশ দিয়েছি। কারণ ওখানে যারা ছিল তারা এত দুর্নীতিপরায়ণ যে আমি রাত্রে আমার গাড়ির লাল আলো নিভিয়ে গেছি, তা সত্ত্বেও আমার গাড়ির নাম্বার দেখে রেখেছে। তারা টাকা-পয়সা নিতে নিতে আমাদের বহু লোকসান করেছে। আমরা তাদের চাকরি থেকে বরখাস্ত করিনি, তাদের অন্য জায়গায় চাকরি দিয়েছি। আমরা এটাকে লিজ

[5-55 — 6-05 P.M.]

দিয়ে দিয়েছি। ইলামবাজার টোল সম্বন্ধে আরও ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়ার হয়েছে। বোলপুর-আমেদপুর যে রাস্তার কথা বলেছেন সে সম্পর্কে কতদূর কি করা যায় আমরা সেটা দেখছি। ওয়েস্ট দিনাজপুরের রাস্তায় অহীন্দ্র সরকার বলেছেন তার টায়ার পাংকচার হয়ে গেছে। ঐ বাস রাস্তায় আমি এসেছি। টায়ার পাংকচার রাস্তার জন্য হয়েছে না, স্টেট ট্রান্সপোর্ট সম্পর্কে অনেক কথা শুনি, তারজন্য হয়েছে সেটা জানি না। আমি নিশ্চয়ই দেখব। আমি গাড়িতে করে গেছি, বাসে করে গেছি, রাস্তা মোটামুটি ভাল। উনি আরও অনেকগুলি রাস্তা করার কথা বলেছেন। ওয়েস্ট দিনাজপুর জেলার ২৪ টা রাস্তার স্কীম আমাদের চালু আছে এবং ৪০ লক্ষ টাকা এই বছরে আমরা খরচ করছি। উনি যে পূর্ণিয়া রোডের কথা বলেছেন সেটা করা সম্ভব হবে না, কারণ অন্য রাজ্যের ব্যাপার আছে। তবে উনি যে প্রস্তাব করেছেন সেটা প্রস্তাব খতিয়ে দেখছি। আমাদের আর্থিক সঙ্গতির মধ্যে যদি সম্ভব হয় তাহলে নিশ্চয়ই সেই রাস্তাটি করবার জন্য আমরা চেষ্টা করব। আমার শেষ কথা হচ্ছে, আমি যে বাজেট বক্তব্য রেখেছি তার মধ্যে আমি আমাদের সঙ্গতির কথা বলেছি। আমাদের যা প্রয়োজন সেই অনুসারে আমরা ৪৩ কোটি চেয়েছিলাম, কিন্তু মাত্র ১৩ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা পেয়েছি। আমি খুব জোর গলায় বলেছি যে আমাদের একটা পয়সাও অপচয় হবে না এবং ফেরত যাবে না। আমি মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে বলেছি আমার দপ্তরের তরফ থেকে একটা পাই পয়সাও কেন্দ্রীয় সরকারের কাছে ফেরত যাবে না ৩১শে মার্চ পর্যন্ত। আমি যেখানেই যাই সেখানে দেখি আমার নির্দেশ অনুসারে কাজ হচ্ছে কিনা। আমরা কিছু কিছু বাড়ি তৈরি করছি। আমি যখন শিলিগুড়িতে গিয়েছিলাম তখন আমার সাংবাদিক বন্ধুরা আমার কাছে একটা প্রস্তাব রেখেছিলেন প্রেস ক্লাব থেকেও প্রস্তাব এসেছে যে, আপনাদের যে কয়টা বাড়ি তৈরি হবে তার মধ্য থেকে একটা অংশ যেন আমাদের জন্য রাখা হয়।

আমি দিল্লিতে এর অঙ্ক দেখেছি এই ধরনের বাড়ির একটা অংশ সাংবাদিকদের দেওয়া হয়। আমি তাদের বলেছি আমরা যখন এই সমস্ত বাড়িগুলি বিলিবন্দোবস্ত করব তখন তাদের জন্য একটা অংশ রেখে দেব। পলিটিক্যাল সাফারারদের জন্যও একটা অংশ আমরা রেখে দেব। কলকাতার আশে পাশে যে বাড়ি তৈরি হচ্ছে এবং জেলায় যে বাড়ি হবে তার একটা অংশ আমরা সাংবাদিকদের জন্য রেখে দেব এই নির্দেশ আমি আমার ডিপার্টমেন্টে দিয়েছি। একথা বলে আপনারা আমার দাবি মঞ্জুর করবেন এই আবেদন রাখছি। এখানে এখন বিরোধীপক্ষ নেই এবং ছাঁটাই প্রস্তাবগুলি উত্থাপিত হয় নি। আমি অবশ্য জানি না ছাঁটাই প্রস্তাবগুলি অগ্রাহ্য করবার প্রয়োজনীয়তা আছে কিনা, সেটা আপনি বিচার করবেন। যাহোক, আবার আমার দাবি অনুমোদন করবার জন্য সভার মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি।

**মিঃ চেয়ারম্যান ঃ** এবারে ২৫ নং দাবির উপর ভোট গ্রহণ। ছাঁটাই প্রস্তাব যেগুলি রয়েছে সেগুলি উত্থাপন করবার কেউ নেই কাজেই ছাঁটাই প্রস্তাবগুলো অগ্রাহ্য হল।

## DEMAND NO. 25

**Major Head :** 259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Hasbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477— Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Other Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and

Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings).

The motion of Shri Jatin Chakraborty that a sum of Rs.47,68,52,00/- be granted for expenditure under Demand No. 25, Major Head: "259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings). 282—Public Health, Sanitation and Water Supply (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 295—Other Social and Community Services (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Hasbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477— Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Other Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings) (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)".

was then put and agreed to.

## DEMAND NO. 70

**Major Heads:** 337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges, and 737—Loans for Roads and Bridges

The motion of Shri Jatin Chakrabarty that a sum of Rs.51,69,73,000/- be granted for expenditure under Demand No. 70, "337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges, and 737—Loans

for Roads and Bridges".

was then put and agreed to.

## DEMAND NO. 39

**Major Heads:** 283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing

The motion of Shri Jatin Chakrabarty that a sum of Rs.15,29,66,000/- be granted for expenditure under Demand No.39, "283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing".

was then put and agreed to.

## DEMAND NO. 58

**Major Heads:** 313—Forest, and 513—Capital Outlay on Forest

**Shri Parimal Mitra:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,76,30,000 be granted for expenditure under Demand No.58, **Major Head:** "313—Forest, and 513—Capital Outlay on Forest".

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৫৮ নম্বর দাবির অধীনে মুখ্য খাত "৩১৩—বন" এবং "৫১৩—বনের জন্য মূলধন বরাদ্দ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৮,৭৬,৩০,০০০ টাকা (আট কোটি ছিয়াত্তর লক্ষ তিরিশ হাজার টাকা) মঞ্জুর করা হোক।

২। মোট ৮,৭৬,৩০,০০০ টাকার (আট কোটি ছিয়াত্তর লক্ষ তিরিশ হাজার টাকার) মধ্যে ৮,৪১,৩০,০০০ টাকা (আট কোটি একচল্লিশ লক্ষ তিরিশ হাজার টাকা) পূর্বোক্ত মুখ্য খাত "৩১৩—বন" বাবদ ব্যয়বরাদ্দের জন্য এবং বাকি ৩৫,০০,০০০ টাকা (পঁয়ত্রিশ লক্ষ টাকা) অপর মুখ্য খাত "৫১৩—বনের জন্য মূলধন বরাদ্দ" বাবদ রাখার প্রস্তাব করা হয়েছে। এই দুটি মুখ্য খাতই ৫৮ নম্বর অভিন্ন দাবির অন্তর্ভুক্ত। মোট ৮,৪১,৩০,০০০ টাকার (আট কোটি একচল্লিশ লক্ষ তিরিশ হাজার টাকার) মধ্যে ৬,২২,৫০,০০০ টাকা (ছ' কোটি বাইশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা) পরিকল্পনা বহির্ভূত খরচ মেটানোর জন্য এবং পূর্ববর্তী পরিকল্পনাকালে যে সম্পদ সৃষ্টি হয়েছে তা রক্ষণাবেক্ষণের জন্য যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তা পালনের জন্য রাখা হয়েছে। কেন্দ্রীয় অর্থ সহায়তাপুষ্ট ও কেন্দ্রীয় উদ্যোগের কর্মপ্রকল্পগুলি সহ উন্নয়নমূলক কর্মপ্রকল্পগুলির জন্য বাকি ২,১৮,৮০,০০০ টাকা (দু' কোটি আঠারো লক্ষ আশি হাজার টাকা) রাখা হয়েছে।

৩। আশা করা যাচ্ছে মোট ৮,৭৬,৩০,০০ টাকা (আট কোটি ছিয়াত্তর লক্ষ তিরিশ হাজার টাকা) খরচের মধ্যে অন্যান্য সরকার এবং বিভাগের কাছ থেকে ১,৫০,০০০ টাকা

(এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) আদায় করা যাবে। এর ফলে নীট খরচের পরিমাণ ৮,৭৪,৮০,০০০ টাকায় (আট কোটি চুয়াত্তর লক্ষ আশি হাজার টাকায়) গিয়ে দাঁড়াবে।

৪। জাতীয় বন-নীতিতে বনাঞ্চলের কাম্য আয়তন ধরা হয়েছে মোট ভূখন্ডের ৩৩ শতাংশ। পশ্চিমবঙ্গের বনাঞ্চলের মোট আয়তন এই কাম্য পরিমাণের চেয়ে অনেক কম। জনবসতির ঘনত্ব অত্যন্ত বেশি হওয়ায় এবং কৃষি, শিল্প, প্রতিরক্ষা ইত্যাদি ক্ষেত্রের তরফ থেকে জমির চাহিদা বৃদ্ধি পাওয়ার এই রাজ্যে বনাঞ্চলের কোনও উল্লেখযোগ্য প্রসার একরকম অসম্ভব বললেই হয়। অন্যদিকে, রাজ্যের বিভিন্ন কাষ্ঠভিত্তিক শিল্পের জন্য কাঠের চাহিদা তীব্র ও ক্রমবর্ধমান। পশ্চিমবঙ্গের মতো ঘন-বসতিপূর্ণ রাজ্যে বনাঞ্চলের আয়তন বাড়ানো সহজ সাধ্য ব্যাপার নয়। তাই আমাদের সকল প্রয়াসের লক্ষ্য, আমাদের বনসম্পদকে যথাযথভাবে ব্যবহার করে বিভিন্ন বনের প্রতি ইউনিট এলাকার উৎপাদন ক্ষমতা আরও বাড়িয়ে তোলা। উদাহরণস্বরূপ বলতে পারি, বর্তমানে এ রাজ্যে যেসব প্রাকৃতিক এবং মনুষ্যসৃষ্ট বন রয়েছে সেগুলি থেকে কম ফলন পাওয়া যায় ; সেগুলির পরিবর্তে আমরা এমন বন গড়ে তুলতে চাইছি যেগুলি থেকে উঁচু জাতের ফলন আরও বেশি করে পাওয়া যায়।

৫। উন্নয়নশীল সমাজে বনসমূহের বিভিন্ন উপযোগিতা রয়েছে। শুধুমাত্র বন-বিদ্যার উৎপাদনের দিকে লক্ষ্য রাখলেই যে রাজ্যের যথাযথ এবং সুষম উন্নয়ন ঘটবে তা নয়। সেকথা মনে রেখেই বন-পরিচালন ব্যবস্থার ক্ষেত্রে বন-বিদ্যার উৎপাদন এবং সামাজিক দিকগুলির ওপর উপযুক্ত গুরুত্ব দেওয়া হচ্ছে।

৬। কর্ম-নিয়োগের সুযোগ বা রাজস্ব আদায়ের দিক থেকে বিচার করলে, কৃষি এবং শিল্পের মতো গুরুত্বপূর্ণ কর্মক্ষেত্রগুলির তুলনায় বন-বিদ্যার ভূমিকা হয়তো কিছুটা ম্লান মনে হতে পারে। কিন্তু গ্রামীণ দরিদ্র জনসাধারণ ও উপজাতীয় মানুষের সামাজিক-অর্থনৈতিক জীবনের সঙ্গে এর ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। অনুন্নত এবং কম সুবিধাভোগী জনসাধারণের অর্থনৈতিক পুনর্বাসনে এর একটা বিশেষ গুরুত্ব আছে। আর তাই, বন-বিদ্যা খাতে এই যে অর্থ-বরাদ্দ বাড়ানো হল তা যথেষ্ট যুক্তিসম্মত। কিন্তু দুঃখের বিষয় অতীতে অর্থ বরাদ্দের ব্যাপারে পূর্বিতাক্রমে বন-বিদ্যার স্থান ছিল অনেক নিচে এবং বিভিন্ন পরিকল্পনাকালের মধ্যে বন-বিদ্যা খাতে যে টাকা বিনিয়োগ করা হয়েছে তার পরিমাণ খুবই নগণ্য বলা চলে।

৭। বন-বিদ্যার উৎপাদনগত ক্ষেত্রের মূল লক্ষ্য হচ্ছে এই রাজ্যের বিভিন্ন কাষ্ঠভিত্তিক শিল্পের জন্য আর সেই সঙ্গে কাঠের গৃহস্থলী প্রয়োজন মেটানোর জন্য কাঁচামালের এক বিপুল ভান্ডার গড়ে তোলা। ১৯৭৮-৭৯ সালে ইউক্যালিপটাসকে মূল প্রজাতি ধরে দ্রুতবৃদ্ধিশীল প্রজাতি কর্মপ্রকল্পের অধীনে ২,০৩৩ হেক্টর জমিতে এবং মূলত সেগুনকে ধরে অর্থনৈতিক বৃক্ষরোপণ কর্মপ্রকল্পের অধীনে ১,৫৮১ হেক্টর জমিতে বৃক্ষরোপণের পরিমাণ বাড়ানো হয়েছিল। এ ছাড়া, দ্রুতবৃদ্ধিশীল প্রজাতি কর্মপ্রকল্পের অধীনে ১৯৭৯ সালের মধ্যে বন গড়ে তোলার জন্যে দু' হাজার হেক্টরেরও বেশি জমিতে মাটি তৈরি করার কাজ হাতে নেওয়া হয়েছে।

৮। বর্তমানে বিশাল অঞ্চল জুড়ে এমন কিছু পতিত বনভূমি রয়েছে যেগুলির কোনও অর্থনৈতিক উপযোগিতা নেই। "ক্ষয়িষ্ণু বনের পুনর্নবীকরণ" কর্মপ্রকল্পের অধীনে বিভিন্ন

কর্মসূচির মাধ্যমে এই বনগুলিকে উৎপাদনশীল সম্পদে রূপান্তরিত করা হচ্ছে। ১৯৭৮-৭৯ সালের মধ্যে ২,২৬১ হেক্টর খালি এবং ঝোপঝাড়ে ভর্তি জমিতে উৎপাদনশীল বন গড়ে তোলা হয়েছে এবং সংবর্ধন কর্মসূচির মাধ্যমে ৬,৪০০ হেক্টর জমিকে আবাদী করা হয়েছে। ১৯৭৯-৮০ সালের লক্ষ্য হল ৩,০০০ হেক্টর জমিতে ফলনশীল বন গড়ে তোলা এবং সংবর্ধন পদ্ধতিতে ৬,০০০ হেক্টর বনভূমিকে পুনরুদ্ধার করা। তা ছাড়া, বন গড়ে তোলার জন্য ১৯৮০ সালের মধ্যে ৩,০০০ হেক্টর পরিমাণ জমি তৈরি করার কাজ আগে থেকে চালিয়ে যাওয়ার প্রস্তাব করা হয়েছে।

৯। সমাজমুখী বনসৃজনের জন্য অনাবাদী এবং পঞ্চায়েতী জমিতে এবং খালের বাঁধে মিশ্রজাতীয় বন গড়ে তোলার কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। ১৯৭৮-৭৯ সালের মধ্যে এই প্রকার বনের জমি ৫৮০ হেক্টর বাড়ানো হয়েছে। এর মধ্যে ২০০ হেক্টর জমি পড়ছে ফরাক্কা ফিডার ক্যানালের বাঁধের ওপরে। ১৯৭৯-৮০ সালে আরও ১,০০০ হেক্টর জমিতে ঐভাবে বনসৃজন করা হবে।

১০। জমি-সংরক্ষণের ক্ষেত্রে হিমালয় অঞ্চলে এবং এই রাজ্যের দক্ষিণ-পশ্চিম অংশের দ্রুত ক্ষয়িষ্ণু অঞ্চলে রাজ্য এবং কেন্দ্রের অর্থ সহায়তার কাজ চলছে। রাজ্য সরকারের কর্মসূচির আওতায় ১,৭৬৪ হেক্টর জমিতে কাজ করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে। ১৯৭৯-৮০ সালের জন্য লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ২,০০০ হেক্টর জমি। কেন্দ্রীয় সাহায্যপুষ্ট কর্মপ্রকল্পের অধীনে ১৯৭৮-৭৯ সালে কংসাবতীর উৎসমুখে ১,৬৩৫ হেক্টর এবং তিস্তার উৎসমুখে ২০৮ হেক্টর জমিতে কাজ করা সম্ভব বলে আশা করা যাচ্ছে। যেহেতু উত্তরবঙ্গের বেশির ভাগ নদীর উৎসমুখের ঊর্ধ্বাংশ ভুটান এবং সিকিমে অবস্থিত, তাই এই এলাকায় জমি সংরক্ষণের জন্য প্রয়োজন সম্মিলতি প্রচেষ্টা। এই ব্যাপারে ভুটান সরকারের সঙ্গে আলোচনা শুরু করা হয়েছে।

১১। আরও কিছু কিছু গুরুত্বপূর্ণ ব্যবস্থা নেওয়া হয়েছে। যেমন, বিভিন্ন প্রকার বন্য বৃক্ষের আন্তঃকৃষি পদ্ধতির দ্বারা অপ্রধান ফসলের চাষ করা এবং বনের প্রান্তবাসী মানুষদের সাহায্যে রেশম ও তসরের উৎপাদনের জন্য তুঁত এবং 'আসান'-এর মতো অর্থকরী পালক-তরু আবাদ করা। ১৯৭৮-৭৯ সালে গুটিপোকা পালনের জন্য অন্যান্য পদ্ধতি গ্রহণ করা ছাড়াও, জলপাইগুড়ি জেলাতেই তুঁত চাষের জমি প্রায় ৭ একর বাড়ানো হয়েছে। একইভাবে, ১৯৭৮-৭৯ সালে দক্ষিণবঙ্গের বনের উপকণ্ঠে ৩০ হেক্টর জমিতে তসরের গুটিপোকার পালক-তরু 'আসান'-এর আবাদ করা হয়েছে। পুরুষানুক্রমে চাষের কাজ করেন এমন বহু মানুষ সেখানে বাস করেন। অথচ পালক-তরুর অভাব এখানে চিরদিনের। সাবাই ঘাসের চাষ থেকে কোনও কোনও এলাকায় অনেকের কর্মসংস্থান হতে পারে। সেজন্যে ১৯৭৮-৭৯ সালে ১৫ হেক্টর জমিতে সাবাই ঘাসের চাষ করা হয়েছে।

১২। চুরি, আগুন, অবৈধ অনুপ্রবেশ ইত্যাদি নানা কারণে বনের ক্ষতি হতে পারে। এই সমস্যার যাতে সার্থকভাবে মোকাবিলা করা যায় সেজন্য "বন-সংহতি ও বন সংরক্ষণ জাতীয় কর্মপ্রকল্প" রূপায়িত করা হচ্ছে। তা ছাড়া, উত্তরবঙ্গের জন্য তিনটি ভ্রাম্যমান টহলদারী দল এবং দক্ষিণবঙ্গের জন্য ঐরকম একটি দল গঠনের অনুমতি দেওয়া হয়েছে এবং তারা কাজ

শুরু করেছে। বন এলাকায় অবৈধভাবে অনুপ্রবেশের ফলে জটিল সমস্যা দেখা দিচ্ছে। এই সমস্যা এই বিভাগের গভীর উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এই ধরনের অবৈধ অনুপ্রবেশ বন্ধ করার জন্য সরকার তো প্রয়াস চালিয়ে যাবেনই। তবে কেবল জনগণের সক্রিয় সহযোগিতাতেই তা সম্পূর্ণ বন্ধ করা সম্ভব।

১৩। উত্তরবঙ্গের বনাঞ্চলে বসবাসকারী মানুষ ও সেইসঙ্গে বন বিভাগের কর্মীদের জন্য বাসগৃহ, অফিস নির্মাণ এবং অন্যান্য সুযোগ-সুবিধা ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। এই ধরনের নির্মাণকার্যের জন্য ১৯৭৮-৭৯ সালে ১৬ লক্ষ ১৭ হাজার টাকা এবং বনাঞ্চলে বসবাসকারী মানুষদের জন্য জলসরবরাহের মতো সুযোগ-সুবিধার ব্যবস্থা করতে ২ লক্ষ টাকা খরচ হবে বলে আশা করা যাচ্ছে। ১৯৭৯-৮০ সালে নির্মাণকার্যের জন্য ১০ লক্ষ টাকা এবং সুযোগ-সুবিধা ব্যবস্থা করার জন্য ২ লক্ষ টাকা খরচ করা হবে বলে স্থির করা হয়েছে।

১৪। বনভিত্তিক শিল্প স্থাপনের জন্য ইতিমধ্যেই ব্যবস্থা নেওয়া হয়েছে এবং সিট্রোনেলা তেল নিষ্কাশনের জন্য এই বছরে বক্সা ডিভিসনে একটি ডিসটিলেশন প্ল্যান্ট স্থাপন করা হচ্ছে।

১৫। বন গবেষণা, বনসম্পদের সমীক্ষা, আবাদের কর্মসূচি, কর্মীদের প্রশিক্ষণ, প্রচার, পরিকল্পনা, মূল্যায়ন প্রভৃতি বিষয়ে বিভিন্ন কর্মপ্রকল্প হাতে নেওয়া হচ্ছে। রাজ্যের বনাঞ্চলের সুষম উন্নয়নের ক্ষেত্রে এইসব কর্মপ্রকল্পের এক বিশেষ গুরুত্ব রয়েছে এবং ১৯৭৯-৮০ সালের বাজেটে এইসব কর্মপ্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজনীয় প্রস্তাবও রাখা হয়েছে।

১৬। বনসম্পদ ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে যাতে মধ্যস্বত্বভোগীদের উচ্ছেদ করা যায় এবং ঠিকাদাররা দরিদ্র শ্রমিকদের যাতে শোষণ করতে না পারে সেই উদ্দেশ্যে বনাঞ্চলগুলিতে কাঠ কেনা-বেচার ক্ষেত্রে পর্যায়ক্রমিকভাবে বিভাগীকরণের কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে এবং কাঠের ব্যবসায়ীদের নাম নিবন্ধভুক্ত করার ব্যবস্থাও ইতিমধ্যে নেওয়া হয়েছে।

১৭। আর্থিক দিক থেকে অনুন্নত শ্রেণীকে সাহায্য করার যে সরকারি নীতি রয়েছে তার সঙ্গে সঙ্গতি রক্ষা করে শালবীজ সংগ্রহের অধিকার "বৃহদায়তন বহুমুখী সমবায় সংস্থা"র (লাম্পস্-এর) হাতে তুলে দেওয়া হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে "বৃহদায়তন বহুমুখী সমবায় সংস্থা"কে কেন্দুপাতা সংগ্রহের অধিকার দেওয়া হয়েছে। যেসব অঞ্চলে পূর্ববর্তী ক্রেতারা পাওনা টাকার কিস্তি সময়মতো মেটাননি, সেরকম কিছু কিছু অঞ্চলের বনভূমি এইসব সংস্থাকে ইজারা দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

১৮। বনসৃজনের বিভিন্ন কাজে যেসব শ্রমিক নিযুক্ত আছেন তাদের ন্যূনতম মজুরি দেওয়া হচ্ছে। বনাঞ্চলে পুরুষানুক্রমে যারা কাজ করছেন সমাজের সেই দরিদ্রতর অংশের মানুষ এর ফলে লাভবান হয়েছেন।

১৯। বন বিভাগে চিত্তবিনোদনের অঙ্গ হিসাবে কানন এবং উদ্যান শাখা রাজ্যের বিভিন্ন জেলায় উদ্যান উন্নয়ন ও রচনা করে চলেছেন। উত্তরবঙ্গে দুটি নতুন উদ্যান রচনা করা হয়েছে। মাদারিহাট ট্যুরিস্ট লজের জমিতে একটি সুন্দর বাগান তৈরি করা হয়েছে। কলকাতায় সি আই টি রোডে কবি সুকান্তর মূর্তির চারদিকে একটি বাগান তৈরি করা হয়েছে। ইডেন

উদ্যানের ক্রিকেটের সবুজ মাঠকে কানন ও উদ্যান শাখা নবরূপ দান করেছেন। এ ছাড়া সল্ট লেক অঞ্চলে এই শাখা একটি মৃগ উদ্যান রচনার কাজ করে চলেছেন। একই সঙ্গে নগরের শ্রীবৃদ্ধিসাধনের জন্য অন্যান্য প্রকল্পগুলিও রূপায়িত করে যাচ্ছেন। শহরবাসীর কাছে চারা গাছ বিক্রি করার জন্য বিপনন কেন্দ্র স্থাপন করা হয়েছে।

২০। গত বছরের সেপ্টেম্বর-অক্টোবর মাসে যে বিধ্বংসী বন্যার তান্ডব আমাদের রাজ্যে ঘটে গেল তা প্রাকৃতিক বিপর্যয়ের ইতিহাসে নজিরবিহীন। সকল সরকারি বিভাগ যাতে তাদের শক্তি ও সম্পদ নিয়ে একটা বিরাট পুনর্গঠনের কর্মসূচিতে নিয়োজিত হয় এটা ছিল তারই যেন একটা চ্যালেঞ্জ। অন্যান্যদের সঙ্গে এই বিভাগও বন্যা-কবলিত মানুষের কাছে বনজাত দ্রব্যাদি সরবরাহ করার একটা বিশাল এবং জরুরি কাজ হাতে নিয়েছিল, যাতে বাড়ি তৈরির জন্য অত্যন্ত প্রয়োজনীয় মালমশলা এদের কাছে পৌছে যায়। ঐ উদ্দেশ্যে বহুসংখ্যক বিপনন কেন্দ্র খোলা হয়েছিল। প্রতিবেশি রাজ্যগুলি থেকেও যাতে বনজাত দ্রব্য পাওয়া যায় সেজন্য আমরা উদ্যোগী হয়েছিলাম। আমাদের বন থেকে ২ লক্ষ ৮৭ হাজারেরও বেশি শালের খুঁটি এবং ১ লক্ষ ৮৯ হাজার বাঁশ সংগ্রহ করা হয়েছিল। ত্রিপুরা এবং নাগাল্যান্ড সরকারও এই ধরনের উপকরণ আমাদের উদার হস্তে দান করেছিলেন।

২১। এ কথা উল্লেখ করা এখানে হয়ত অপ্রাসঙ্গিক হবে না যে, আমাদের পরিকল্পনার অন্তর্ভুক্ত কর্মপ্রকল্পগুলি ছাড়াও অঞ্চলে উন্নয়নের কয়েকটি কর্মপ্রকল্পের অধীনে অনেকগুলি বন-সৃষ্টি কর্মসূচি রূপায়িত করা হচ্ছে। যেমন , খরা-প্রবণ অঞ্চল কর্মসূচি, অখন্ড উপজাতি উন্নয়ন প্রকল্প, পার্বত্য অঞ্চল উন্নয়ন, হলদিয়া উন্নয়ন এবং ঝাড়গ্রাম উন্নয়ন কর্মপ্রকল্প ইত্যাদি। তাতে উল্লেখযোগ্য সাফল্য পাওয়া গেছে, বিশেষ করে বনীকরণের ক্ষেত্রে।

২২। পশ্চিমবঙ্গ বন-উন্নয়ন কর্পোরেশন লিমিটেড, দার্জিলিং বন ডিভিসন ও কালিম্পং বন ডিভিসন—এই দুটি ডিভিসন নিয়ে কাজ শুরু করে। ১৯৭৮ সালের জুন মাস থেকে শিলিগুড়ির সরকারি কাঠ-চেরাই মিল এবং বিশেষ ডিভিসন—এই দুটি ডিভিসন এই কর্পোরেশনের হাতে তুলে দেওয়া হয়েছিল। এই কর্পোরেশনটি বন বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণের অধীন। "অলোক-উদ্যোগ বনস্পতি অ্যান্ড প্লাইউড লিমিটেড" এই নামে বজবজের একটি বন্ধ এবং রুগ্ন কারখানা এই কর্পোরেশন অধিগ্রহণ করেছেন। এই কারখানায় প্রায় সাতশ জন কর্মী আছেন, এর বাৎসারিক লব্ধ আয় দুকোটি টাকা এবং উৎপাদনের লক্ষ্যমাত্রা হল ৯ লক্ষ বর্গ মিটার। আরও সুষ্ঠু পরিচালনার জন্য এই কারখানার নিয়ন্ত্রণের ভার কর্পোরেশনেরও ওপর ন্যস্ত করা হয়। ঠিকাদার নিয়োগের পুরাতন পদ্ধতির বদলে কর্পোরেশন নিজেদের বিভাগীয় কর্মীদের দিয়ে কাজ করিয়ে নিতে চাইছেন। আর তা যাতে দ্রুত করা যায় সেই দিকে লক্ষ্য রেখেছেন। কর্পোরেশনের কাজও বেশ বেড়ে যাচ্ছে। বন্যা-উত্তর পরিস্থিতিতে পুনর্গঠনের কাজে এই কর্পোরেশন যা করেছেন তা সত্যি প্রশংসনীয়।

২৩। ১৯৭৮-৭৯ সালে এই রাজ্যে বন্যপ্রাণী সংরক্ষণ ও রক্ষণের জন্য ১০ লক্ষ টাকার বরাদ্দ করা হয়েছিল। এই টাকা কোন কোন কাজের জন্য ব্যয় করা হচ্ছে তা বলছি ঃ

(ক) মহানন্দা নদীর জঙ্গল উন্নয়ন,

(খ) বর্তমানে যেসব শরণাবাস (স্যাংচুয়ারি) ও মৃগ-উদ্যান রয়েছে সেগুলির উন্নয়ন,

(গ) রায়গঞ্জ পক্ষিনিবাস নির্মাণ,

(ঘ) সুন্দরবনে কুমির-ভান্ডার রক্ষণাবেক্ষণে,

(ঙ) দার্জিলিং-এর প্রাকৃতিক তথ্য সংগ্রহশালার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

হাতি কিম্বা বাঘের উপদ্রবের শিকার যারা হয়েছেন, তাদের ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত ।ওয়া হয়েছে। বন্যপ্রাণী শাখাতে 'ইনফ্রাস্ট্রাকচার' তৈরি এবং বন্যপ্রাণী সংরক্ষণ ও রক্ষা রার জন্য ১৯৭৯-৮০ সাল ১৫ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে।

কেন্দ্রীয় সরকারের আওতায় যে তিনটি কর্মপ্রকল্পের কাজ এগিয়ে চলেছে তার কথা বার বলছি ঃ

### (ক) সুন্দরবনে ব্যাঘ্র প্রকল্প

এই কর্মপ্রকল্প ১৯৭৩-৭৪ সাল থেকে চালু রয়েছে এবং পরিচালন-পরিকল্পনা অনুসারেই টাকে রূপায়িত করা হচ্ছে। দন্ডকারণ্যত্যাগীদের হঠাৎ অনুপ্রবেশের ফলে সুন্দরবনের এই ান্ত অরণ্য অঞ্চলটি অশান্ত হয়ে উঠেছে। সংরক্ষিত বনগুলির গাছপালা কেটে যাতে সেগুলি াকা করে দেওয়া না হয় বা সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পাধীন সংরক্ষিত এলাকাতে বেআইনি াজকর্ম না চলে সেজন্য এখনও প্রয়াস চালিয়ে যাওয়া হচ্ছে। চলতি আর্থিক বছরে ১৮ ক্ষ টাকা এজন্য খরচ হতে পারে। বাঘের সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলে জানা গেছে।

### (খ) জাতীয় উদ্যান ও শরণাবাসসমূহের উন্নয়ন

রাস্তাঘাট নির্মাণের মতো স্বাভাবিক কাজকর্ম ছাড়াও বন্যপ্রাণীদের শরণাবাস ও মৃগ দ্যাগুলিতে প্রাণীদের বাসস্থানের উন্নতিসাধন, জলদাপাড়া ও গরুমারা শরণাবাসে যেসব প্রধান ধান প্রাণীকূল রয়েছে, বিশেষ করে যারা বিরল ও যাদের অস্তিত্ব বিপন্ন হয়ে পড়ছে তাদের ংখ্যা গণনা করা এবং সেইসঙ্গে বল্লভপুর, বেথুয়াডহরি এবং পারমাদন মৃগ উদ্যানগুলির ন্নতিসাধন করার কাজও হাতে নেওয়া হয়েছিল।

পারমাদন মৃগ-উদ্যান এবং বেথুয়াডহরি মৃগ-উদ্যানকে শরণাবাস হিসাবে ঘোষণা করার াস্তাবটি সরকার বিবেচনা করছেন। "ময়ুর-ঝর্ণা অভয়ারণ্য" মানে একটি নতুন শরণাবাস ড়ারও প্রস্তাব রয়েছে। পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর এই তিনটি জেলার সংলগ্ন সীমান্ত াঞ্চল জুড়ে যে বনভূমি রয়েছে সেখানে এই শরণাবাস গড়ে তোলা হবে। বর্ধমানে রমনা াগানে একটি নতুন মৃগ-উদ্যান গড়ার কাজ শেষ করা হয়েছে। জাতীয় উদ্যান ও শরণাবাসগুলির ন্নয়নের জন্য এই আর্থিক বছরে ৩ লক্ষ ১০ হাজার টাকা খরচ হতে পারে।

### (গ) কুমীর প্রতিপালন ও প্রজননের কর্মপ্রকল্প

সুন্দরবনের ভগবতপুরে কুমীর চাষের জন্য একটি প্রকল্প চালু রয়েছে। ১৯৭৮-৭৯

সালে ছিয়াত্তরটি ডিম সংগ্রহ করা হয়েছে এবং দশটি কুমীরছানা পালন করা হয়েছে। কুমীর প্রতিপালন সম্পর্কে প্রশিক্ষণ নেওয়ার জন্য একজন রেঞ্জ অফিসারকে হায়দ্রাবাদের সেন্ট্রাল ক্রোকডাইল ব্রীডিং অ্যান্ড ম্যানেজমেন্ট ট্রেনিং ইনস্টিটিউটে পাঠানো হয়েছে। ১৯৭৮-৭৯ সালে ১ লক্ষ ৮৪ হাজার টাকা খরচ হবে। তবে ১৯৭৯-৮০ সালে এই খরচের পরিমাণ বেড়ে দু' লক্ষ টাকা পর্যন্ত হতে পারে।

২৪। কলকাতা বিশ্ববিদ্যালয়, বিশ্বভারতী ও দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটের সহযোগিতায় বন্যপ্রাণী শাখা সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প, ভগবতপুর কুমীর-ভান্ডার এবং বল্লভপুর বন্যপ্রাণী শরণাবাসে গবেষণার কাজ শুরু করেছেন।

২৫। সবশেষে আমি এই সভার মাননীয় সদস্যগণকে এবং জনসাধারণের মধ্যে যারা বন ও বন্যপ্রাণী বিষয়ে আগ্রহী তাদের সকলকে আর সেই সঙ্গে বন-সংস্থার বিভিন্ন বিভাগে যেসব কর্মী গত দু' বছর ধরে আমাদের এই কর্মসূচি রূপায়ণে সহযোগিতা করেছেন তাদের সবাইকে আমি আমার ঐকান্তিক ধন্যবাদ জানাচ্ছি।

২৬। আমার মনে হয় আমরা কি কাজ করেছি যা করতে চাইছি তার একটি চিত্র আপনাদের সামনে তুলে ধরতে পেরেছি। তা থেকে বুঝতে পারা যাবে যে, ৫৮ নম্বর দাবির অধীনে যে, ৮,৭৬,৩০,০০০ টাকা (আট কোটি ছিয়াত্তর লক্ষ তিরিশ হাজার টাকা) চাওয়া হয়েছে তা মঞ্জুর করার পেছনে যথেষ্ট যুক্তি রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমি ১৯৭৯-৮০ সালের জন্য ৫৮ নং দাবি, মুখ্য খাত "৩১৩—বন" এবং '২৫১৩—বনের জন্য মূলধন বরাদ্দ"-এর অধীনে ৮,৭৬,৩০,০০০ টাকা (আট কোটি ছিয়াত্তর লক্ষ তিরিশ হাজার টাকা) মঞ্জুর করার জন্য প্রস্তাব রাখছি।

**মিঃ স্পিকার ঃ** এই দাবির উপর যে ছাঁটাই প্রস্তাবগুলি এসেছে সেগুলি সবই নিয়ম অনুযায়ী হয়েছে। আমি এখন মহাদেব মুখার্জিকে আলোচনায় অংশ গ্রহণ করতে অনুরোধ করছি।

[6-25 — 6-35 P.M.]

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমাদের বন বিভাগের মন্ত্রী মহোদয় যে ব্যয় বরাদ্দের দাবি রাখলেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। এই ব্যয় বরাদ্দে ৮ কোটি ৭৬ লক্ষ ৩০ হাজার টাকা চাওয়া হয়েছে। আমাদের রাজ্য সরকারের যে অর্থ আছে সেই অর্থ থেকে তাকে খুব সামান্য টাকার ব্যয় বরাদ্দ আনতে হয়েছে। এর চেয়ে বেশি ব্যয় বরাদ্দ করতে পারলে ভাল হত। কারণ, আমাদের পশ্চিমবঙ্গে ৩৩% বন তৈরি করার আবশ্যকতা আছে। এখন পর্যন্ত সেই কোটা আমাদের পূরণ হয়নি এবং এই বন তৈরির মধ্য দিয়ে আমাদের এখানকার জলবায়ু ও কাঠের কাজ করার পরিকল্পনাগুলি রূপায়িত করতে হবে। আমাদের এই পশ্চিমবাংলায় বিশেষ করে পুরুলিয়া জেলায় দেখেছি প্রাকৃতিক বন সম্পদ প্রচুর ছিল। কিন্তু যখন থেকে প্রাইভেট ফরেস্ট রাখার আইন হল তার পরবর্তীকালে দেখা গেল জমিদার, জোতদাররা সে বনের মালিক হয়ে গিয়ে

বনগুলি একেবারে কেটে শেষ করে দিল। এখন অনেক জায়গায় বনের চিহ্ন পাওয়া যায় না। কিন্তু আজকে আমরা পশ্চিমবাংলার ক্ষমতায় আসার পর দেখতে পাচ্ছি, বামফ্রন্ট সরকারের কর্মসূচি অনুযায়ী বন বিভাগের মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন তাতে পরিষ্কার ভাবে বলেছেন পুরুলিয়া জেলায় নতুন করে বন তৈরি হচ্ছে এবং অনেক জায়গায় ইতিমধ্যেই তৈরি হয়ে গেছে এবং আরও হবে বলে আমরা আশা করছি। বন আমাদের বিশেষ করে যে দরকার সেটা বলে বোঝানের আবশ্যকতা মনে করি না। কিন্তু তাসত্ত্বেও বলব পুরুলিয়া জেলাতে বনবিভাগের কাজ কর্ম বিষয়ে তাকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় বন বিভাগের মন্ত্রী মহোদয় বন্য পশু শরণাবাস প্রকল্পের কথা ঘোষণা করেছেন। এটা আমাদের প্রয়োজন ছিল এবং সেটা আজকে পূরণ হতে চলেছে এই বাজেটের মধ্য দিয়ে। গ্রামের দরিদ্র জনসাধারণ এবং উপজাতি মানুষের সামাজিক ও অর্থনৈতিক জীবনে পুনর্বাসন দেবার চেষ্টা এর মধ্য দিয়ে করা হয়েছে। বন বিদ্যার জন্যও বরাদ্দ বাড়ানো হয়েছে। কাষ্ঠ শিল্প এবং গৃহস্থালি কাজের জন্য যে কাঁচা মালের দরকার তার প্রতিফলনও এই বাজেট বরাদ্দের মধ্যে ঘটেছে। পুরুলিয়া, সুন্দরবন, মেদিনীপুর, বাঁকুড়া প্রভৃতি জেলায় অনেক বেশি আদিবাসী আছে। আগেকার দিনে যারা জঙ্গল থেকে কাষ্ঠ আহরণ করে এবং পশু শিকার করে দিন যাপন করত তাদের অনেক অসুবিধা হয়েছে। এই অবস্থাগুলি আমরা যাতে দূর করতে পারি সেজন্য আমি বনবিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সেখানে দেখেছি আগেকারদিনের যে সমস্ত আদিবাসী, যারা বনের আশেপাশে থাকতেন তাদের যে কতকগুলি অধিকার ছিল—জ্বালানি কাঠের ব্যাপারে এবং কিছু কিছু জায়গায় তারা যে জমি জায়গা তৈরি করে বসবাস করছেন সেই সমস্ত জায়গা জমিগুলি নিয়ে মাঝে মাঝে বনবিভাগের সঙ্গে তাদের ঝগড়াঝাটি হয়, গন্ডগোল হয়। সেগুলির যাতে মীমাংসা করতে পারি বা সেই সমস্যার যাতে আমরা সমাধান করতে পারি তারজন্য ব্যবস্থা গ্রহণ করতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব। মাননীয় সভাপাল মহাশয়, বনকে উৎপাদনশীল হিসাবে রূপান্তরিত করার যে প্রচেষ্টার কথা মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেটের মধ্যে রেখেছেন তারজন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। সেখানে রেশম, তসর, তুঁত এবং আসনগাছ আবাদ করার পরিকল্পনাগুলি এই বাজেটের মধ্যে নেওয়া হয়েছে। স্যার, পুরুলিয়া জেলাতে বিশেষ করে এই তসর শিল্প কুটিরশিল্প হিসাবে আছে। তাগে সাহায্য করার জন্য পুরুলিয়া জেলাতে রেশম এবং তসরের উৎপাদন বৃদ্ধি করবার যে প্রচেষ্টার কথা মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেটের মধ্যে রেখেছেন সেজন্য আমি তাকে আবার ধন্যবাদ দিচ্ছি। স্যার, বনাঞ্চলে সবচেয়ে কষ্টকর ব্যাপার যেটা ছিল সেটা হচ্ছে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা। সেখানে এই পানীয় জলের ব্যবস্থা না থাকায় অপরিশ্রুত জল খেতে হয় এবং তার ফলে তাদের নানা রকমের রোগ দেখা দেয়। বাজেটে জল সরবরাহের যে ব্যবস্থা করা হয়েছে তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। তাছাড়া, স্যার, বর্তমান সমাজব্যবস্থায় বনের ক্ষেত্রে আমরা দেখেছি সেখানে কিছু কিছু দুর্নীতি থাকে। সেখানে যে কাঠচুরির ব্যাপার, অগ্নি সংযোগজনিত ক্ষতি, অবৈধ ভাবে বনভূমি জোর করে দখল করে নেওয়া এই সমস্ত ঘটনা ঘটে। এগুলি দেখার জন্য তিনি টহলদার বাহিনী গঠন করেছেন বা গঠন করার অনুমতি দিয়েছেন সেইজন্য তাকে আমি ধন্যবাদ দিচ্ছি। তারপর স্যার, আর একটা বড় জিনিস হচ্ছে কেন্দুপাতার ব্যাপারটা। পুরুলিয়া জেলাতে স্যার, হাজার হাজার গরিব মানুষ এই কেন্দুপাতা

তুলে পারিশ্রমিক পায়। সেটা আগে ঠিকাদারদের কাছে দেওয়া ছিল, বর্তমানে আমরা দেখছি সেখানে যারা বিড়ির কারখানার মালিক, কেন্দুপাতা যা থেকে বিড়ি হয়, সেই মালিকরাই এই কেন্দুপাতার ঠিকা নিচ্ছে। স্যার, বাঁকুড়া জেলা এবং পুরুলিয়া জেলাতে এই কেন্দুপাতা নিয়ে আন্দোলন দীর্ঘদিন ধরে চলছে। শেষ পর্যন্ত আমরা ১০০ পাতা ১০ পয়সা এটা করতে পেরেছি। সেখানে আমরা যদিও কিছুটা বাড়াতে পেরেছি কিন্তু তবু আমরা দেখছি এক টাকা দেড় টাকার বেশি মজুরি তারা পায় না। এই যে শ্রমিক শোষণ নীতি এই শ্রমিক শোষণ নীতির পরিবর্তন করতে মাননীয় মন্ত্রী মহাশয় চেষ্টা করেছেন। আমাদের আরও যেটা করতে হবে সেটা হচ্ছে আমরা এই কেন্দুপাতার ব্যবসাটা যাতে জাতীয়করণ করতে পারি, রাষ্ট্রায়াত্ত করতে পারি বা বিভাগীয়করণ করতে পারি সেটা দেখতে হবে। সেই ব্যবস্থা করতে পারলে আমার মনে হয় শ্রমিকদের যে শোষণ চলছে সেটা ঠেকাতে পারা যাবে। সে জন্য এই ঘটনাটি আমি তার দৃষ্টি গোচর করছি। সমবায় সমিতিগুলিকে এই কেন্দুপাতা সংগ্রহের অধিকার কিছু কিছু ক্ষেত্রে দিয়েছেন। এ পর্যন্ত বিড়ির মালিকরা ঠিকা পেয়ে আসছিল। এটাকে আরও বিভাগীয়করণ করা হোক এই দাবি রাখছি। বন বিভাগের নিযুক্ত শ্রমিকদের ন্যূনতম মজুরি সম্পর্কে মাননীয় বন মন্ত্রী মহাশয় তার বাজেটে বলেছেন যে বন বিভাগের শ্রমিকদের ন্যূনতম মজুরি দেওয়া হচ্ছে, সে জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। এরা চিরকাল অবহেলিত ছিল এবং অত্যন্ত কম মূল্যে তাদের শ্রম দিতে হত। তাছাড়া পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর বন্যপ্রাণীয় শরণাবাস গড়ে তোলা হবে বলে বাজেটে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং ৩ লক্ষ ১০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। আজকে এই প্রকল্প যাতে খুব তাড়াতাড়ি তৈরি হয় তার জন্য আমি বন বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখেছি মাননীয় বন বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করছেন তাতে সত্যিকারে গরিব জনসাধারণের এবং বনের যে সমস্ত মানুষ থাকে, এবং আদিবাসী সম্প্রদায় তারা এর থেকে বিশেষ উপকার পাবেন। আমি মনে করি যে এই সামান্য অর্থের মধ্যে যে বাজেট তৈরি করা হয়েছে এর থেকে আর ভাল হতে পারে না। আমাদের যে দাবি সেটা তুলে ধরতে হবে এবং রাজ্য সরকারের হাতে আরও অধিক ক্ষমতা দিতে হবে সেই দাবিও আমাদের করতে হবে। আরও বেশি অর্থ যদি না পাওয়া যায় তাহলে বন বিভাগকে আরও ভাল ভাবে তৈরি করা যাবে না। এই কথা বলে আমি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-35 — 6-45 P.M.]

**শ্রী সরল দেব :** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন ৮ কোটি ৭৬ লক্ষ ৩০ হাজার টাকার ব্যয় বরাদ্দকে সমর্থন করতে গিয়ে নিশ্চয়ই মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। কারণ এর আগে কেন্দুপাতা এবং শালপাতা এগুলি বড় বড় কন্ট্রাক্টরদের লিজ দেওয়া হত। আজকে সেটাকে তুলে দিয়ে ল্যান্ড কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে করেছেন তার জন্য অভিনন্দন জানাচ্ছি এবং আরও অভিনন্দন জানাচ্ছি যে অনুন্নত সম্প্রদায়-এর মানুষের উন্নতির জন্য ল্যান্ড কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে তিনি ব্যবস্থা করছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সাজেশন আকারে এই কথা রাখছি যে শুধু কেন্দুপাতা, শালপাতাই নয়, সমস্ত বন সম্পদ সংগ্রহের ক্ষেত্রেও এই যে মিডিল ম্যান সিস্টেম, এটাকে অ্যাবোলিশ করে সমবায়কে সম্প্রসারিত করতে

হবে। আর দ্বিতীয় কথা হচ্ছে বনজ সম্পদের ইরোসন আমরা বিভিন্ন জায়গায় দেখেছি বর্ষার ফলে। তাছাড়া বন কেটে বসতি করার একটা আগ্রহ আছে। এটাকে কঠোর হস্তে দমন করতে হবে। এটা যদি না করতে পারি তাহলে পশ্চিমবাংলার সমূহ ক্ষতি হবে। আমরা দেখেছি যে এক শ্রেণীর আমলা ব্যবসায়ীদের যোগসাজসে বনের মধ্যে প্রায় গন্ডগোল হয় এবং যারা বনে গার্ড দেয় তাদের কোনও নিরাপত্তা থাকে না। কাজেই গার্ড দেওয়ার ব্যবস্থা আরও জোরদার করতে হবে। বনে যে সমস্ত বন শ্রমিক আছে তাদের বেতনের ব্যবস্থা শুধু ন্যূনতম মজুরি করলেই হবে না, তাদের চাকুরিকে স্থায়ী করতে হবে। এদের পারিশ্রমিক নিয়ে দেখা যায় প্রায়ই গন্ডগোল হয়। এটাকে বন্ধ করতে হবে। তা ছাড়া কাঠের যে চোরাকারবার হয়, এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী এবং এক শ্রেণীর কর্মচারির যোগ সাজসে সারা রাজ্য জুড়ে যে চোরাকারবার হয় কাঠের, তাকে বন্ধ করতে হবে। এই চোরাকারবারীর মধ্যে অনেক আমলাও জড়িত রয়েছে। এটা বন্ধ করতেই হবে তা নাহলে বামফ্রন্ট সরকার সম্পর্কে জনমানসে একটা বিভ্রান্তির সৃষ্টি হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, কবি সুকান্ত-র মূর্তির চারিধারে একটা বাগান তৈরির ব্যবস্থা করেছেন, এটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য, কিন্তু সঙ্গে সঙ্গে বলতে চাই, বিভিন্ন জেলায় এই ধরনের অনেক পরিবেশ আছে, যেখানে ঐ রকম বাগান করা যেতে পারে। যেমন বারাসতে লর্ড ক্লাইভের আমলে একটা বাড়ি এবং বাগান আছে, সেখানে পুকুর আছে, এখন সেটা এস ডি ও-র বাংলোর নিকট অবস্থিত। তাকে নেতাজি পার্ক বলা হয়, হাতিপুকুর আগে বলা হত, সেটাকে একটা সুন্দর বাগান হিসাবে গড়ে তোলা যেতে পারে, এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা সাজেশন আকারে রাখছি। তারপর আলোক উদ্যোগ বনস্পতি অ্যান্ড প্লাইউড লিমিটেড, যেটা আগে ক্লোজ অ্যান্ড সিক ইন্ডাস্ট্রি ছিল, এখনও যেটা আপনার দপ্তরের আন্ডারে আছে যদিও এখনও কারখানাটা পুরো চালু হয়নি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আগে বলা হয়েছিল, যে এই পুরানো কারখানা যদি চালু করা হয় তাহলে সেখানে স্কিল্ড ওয়ার্কারদের নেওয়া হবে। কিন্তু বর্তমানে সেখানে পুরানো আমলের সেই স্কিল্ড ওয়ার্কারদের না নিয়ে শুধু হেল্পার নেওয়া হচ্ছে। ওখানে আমাদের একটা ইউনিয়ন আছে, টি ইউ সি সি। সেই ইউনিয়নের লোকেরা অফিসারের সঙ্গে এই ব্যাপারে কথা বলতে গেলে, তাদের প্রতি অত্যন্ত রূঢ় ব্যবহার করা হচ্ছে। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুরানো শ্রমিক যারা স্কিল্ড ওয়ার্কার তাদের নেওয়া হচ্ছে না, তাদের নেওয়ার ব্যবস্থা আশা করি করবেন। সঙ্গে সঙ্গে আমি বলছি, পারমাদন এবং বেথুয়াডহরিতে যে সমস্ত বাগান আছে, সেইগুলো আরও বনজ সম্পদে সমৃদ্ধশালী করবার জন্য কিছু প্রকল্প গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। এই বলে মন্ত্রী মহাশয়ের এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, বন বিভাগের ভার প্রাপ্ত মন্ত্রী শ্রী পরিমল মিত্র মহাশয় তার সীমাবদ্ধ বাজেট বরাদ্দের মধ্যে, অর্থাৎ ৮ কোটি ৭৬ লক্ষ ৩০ হাজার টাকা, এই বরাদ্দ নিয়ে যে বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছেন, প্রচেষ্টার দিক থেকে তিনি নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য এবং তিনি বলেছেন যে বন ভূমি বাড়ানোর প্রয়োজন আছে, কারণ প্রয়োজনের তুলনায় পশ্চিমবঙ্গের বনাঞ্চলে অত্যন্ত কম এবং সেদিক থেকে তিনি অনেকগুলো পরিকল্পনা গ্রহণ করেছেন। সবচেয়ে যেটা তার দুরপ্রসারী দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া গেছে

বলে মনে করি, তিনি ১১ নং অনুচ্ছেদে যেখানে বলছেন, রেশম ও তসরের উৎপাদনের জন্য তুঁত এবং আসানের মতো অর্থকরী পালক-তরু আবাদ করার ব্যবস্থা করা হচ্ছে। তাকে আমি স্বাগত জানাচ্ছি, এই কারণে, অনেকে হয়তো জানেন না, পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে এই তুঁত চাষী যারা আছে, যে সমস্ত শিল্পী আছে, তারা অত্যন্ত দরিদ্র, তাদের জীবিকা নির্বাহ করতে হয় তুঁত চাষ করে, গুটি পোকা চাষ ইত্যাদির মধ্যে দিয়ে। প্রকল্পটাকে বন বিভাগের মন্ত্রী গ্রহণ করতে চলেছেন, এই প্রকল্পটাকে যদি আমরা কার্যকর করতে পারি তাহলে এক দিকে যেমন বিস্তৃত বনাঞ্চল সৃষ্টি হবে বৃক্ষ রোপণের মধ্যে দিয়ে অন্য দিকে সঙ্গে সঙ্গে এই সমস্ত গরিব মানুষ যারা এই শিল্পের উপর নির্ভরশীল, তাদের জীবিকার একটা সুযোগ বাড়বে। সেদিক থেকে সেই পরিকল্পনাটিকে তিনি যদি কার্যকর করতে পারেন তাহলে নিশ্চয়ই একটা ভাল কাজ হবে। ঘটনাচক্রে আমরা মুর্শিদাবাদ জেলার মানুষ আমরা দেখেছি সেখানে যে রেশম-শিল্পের চাষাবাদ আছে—আমরা অনেক সময় প্রশ্নোত্তরের সময় দেখেছি কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছেন যে, তাদের সাহায্য করার জন্য বিভিন্ন অর্থ বরাদ্দ করা হচ্ছে, আমরা এখানকার কথা শুনে অঞ্চলে ফিরে গিয়ে যখন চাষীদের বলি তখন দেখা যায় যে, কার্যত তারা সেসব সুযোগ সুবিধা পাচ্ছে না। তখন আমরা অসুবিধায় পড়ি। তাই আমি বন-মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি যে পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা যাতে বাস্তবায়িত হয় সেদিকে তিনি যেন একটু দৃষ্টি দেন এবং এটাই আমাদের প্রত্যাশা। বক্তব্যের সঙ্গে কাজের সমন্বয়ের প্রয়োজন আছে। আর একটা কথা তিনি বলেছেন যে বনবিভাগ চিত্ত বিনোদনের জন্য কানন এবং উদ্যান জেলায় তৈরি করছে। এটার প্রয়োজন আছে। পশ্চিমবঙ্গকে যদি সৌন্দর্যমন্ডিত করে তুলতে হয়, পশ্চিমবঙ্গকে যদি প্রিয়দর্শনী করে গড়ে তুলতে হয় তাহলে আমার মনে হয় সুপরিকল্পিতভাবে এই সমস্ত উদ্যান এবং কানন করার প্রয়োজন আছে এবং তাহলে নিশ্চয়ই পশ্চিমবঙ্গ রমনীয় স্থান হিসাবে গড়ে উঠবে, কারণ সেই ধরনের প্রাকৃতিক পরিবেশ পশ্চিমবঙ্গে রয়ে গেছে। কিন্তু দীর্ঘদিন ধরে এখানে কংগ্রেসি নেতৃত্বে যারা ছিলেন তাদের নৈসর্গিক প্রীতি ছিলনা, তাদের প্রীতি ছিল অন্যত্র, সেসব কথা আমরা জানি। সম্প্রতি আমরা কর্ণাটকে গিয়েছিলাম সেখানে আমরা দেখেছি, শুধু বাঙ্গালোরে নয়, যে বাঙ্গালোর শহরকে বলা হয় সিটি অফ গার্ডেন্স অ্যান্ড টেম্পল, শুধু বাঙ্গালোর শহরে নয়, যা রাজারা অতীতে গড়ে তুলেছিলেন, শুধু সেখানে হয়, সেখানে প্রত্যেক হিলকের উপর শহরের সুযোগ রয়েছে, কিন্তু গ্রামাঞ্চলে দেখেছি সুনির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে উদ্যান তৈরি কথা হয়েছে, সেখানে প্রত্যেক গ্রাম, শহর এবং আধা শহরে এক একটা সুন্দর পরিবেশ গড়ে উঠেছে। কাজেই আজকে মন্ত্রী মহাশয় তার সীমাবদ্ধ বাজেট বরাদ্দের মধ্যে দিয়ে যে কল্পনা শক্তির পরিচয় দিয়েছেন, তার জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। আমার সময় সীমা শেষ হয়ে আসছে, পরিশেষে আমি কয়েকটি উল্লেখযোগ্য বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগনা জেলার বাগদায় পারমাদন ডিয়ার পার্ক-এর খুব অব্যবস্থা চলছে। সেখানে যেসব বৃক্ষ আছে তা যখন তখন কেটে নেওয়া হয়, হরিণের সংখ্যা সেখানে অনেক বেড়েছে, প্রশ্নোত্তরের সময় দেখেছি সরকারি পরিসংখানে যা বলা হয় তার চেয়ে বেশি হরিণ সেখানে আছে। ঐ স্থানের প্রতি একটু যত্ন নিলে ওটা একটা দর্শনীয় স্থান হবে। আর একটা কথা তিনি বলেছেন যে, কুমীর প্রতিপালন এবং প্রজনন-এর জন্য তিনি প্রকল্প গ্রহণ করছেন। কুমীর একটি প্রাগৈতিহাসিক জীব। শুধু প্রাণী হিসাবেই এর প্রয়োজন আছে তা নয়, এর

অধিক উৎপাদন করা গেলে মন্ত্রী মহাশয় জানেন যে পৃথিবীতে যেসব মাংস ভাল বলে দাবি করা হয় তার মধ্যে আমরা বই-পত্রে দেখেছি কুমীরের মাংস অন্যতম। অবশ্য রসাস্বাদনের সুযোগ আমাদের হয়নি, তিনি যদি অধিক কুমীর উৎপাদন করতে পারেন তাহলে রসাস্বাদনের সুযোগ ভবিষ্যতে ঘটতে পারে।

[6-45 — 6-55 P.M.]

পরিশেষে যেটা বলছি সেটা হচ্ছে একটু আগে পূর্ত বাজেটের সময় শ্রীমতী ছায়া ঘোষ ঐতিহাসিক স্থান মুর্শিদাবাদের খোসবাগ, যে জায়গায় সঙ্গে সিরাজের ইতিহাস জড়িত সেই জায়গায় রাস্তা তৈরি করার প্রশ্ন তুলেছিলেন এবং তার জবাবে পূর্তমন্ত্রী বলেছেন যে, ওখানে রাস্তা তৈরি করা হবে। আমি ওখানকারই আর একটা জায়গার প্রতি মাননীয় বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যে পলাশির প্রান্তরে স্বাধীনতার সূর্য্য অস্তমিত হয়েছিল, যেখানে এখনও অনেক আম্র বৃক্ষ আছে, যেখানে মাঠেতে, মীরমদন, মোহনলালের শহিদ বেদি আছে, যেখানে নাম না জানা অনেক শহিদ স্বাধীনতার সূর্যকে রক্ত দিয়ে ধরে রাখার চেষ্টা করেছিল, সেই জায়গায়টির প্রতি। ভাগীরথীর তীরে অনাদরে অবহেলায় সেই পলাশির প্রান্তর এখনও আছে। সেই অবস্থায় যদি আমরা সুপরিকল্পিতভাবে উদ্যান গড়ে তুলতে পারি তাহলে বহু মানুষ যারা সেই ইতিহাসের সাক্ষী বহনকারী প্রান্তর দেখতে আসে, যাদের মানসপটে সেই অতীত দিনের ইতিহাস ভেসে ওঠে সেটাকে আরও উজ্জ্বল করে তুলতে হলে যে উদ্যান প্রকল্প গড়ে তুলবার জন্য আপনি প্রয়াসী হয়েছেন তার সাথে যদি এটাকে সংযোজন করেন তাহলে একটা গুরুত্বপূর্ণ কাজ করবেন। আপনি এই ক্ষুদ্র বাজেট বরাদ্দের মধ্যে বহুমুখী পরিকল্পনা গ্রহণ করার জন্য যে অভিজ্ঞতার পরিচয় দিয়েছেন তারজন্য আপনাকে অভিনন্দন জানিয়ে এবং এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ রায় :** মাননীয় সভাপতি মহাশয়, বন বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। আজকে এই বাজেটের উপর প্রারম্ভিক ভাষণ দান কালে বন মন্ত্রী মহাশয় বলেছেন যে আমাদের ৩৩ শতাংশ বন ভূমির দরকার এই কথাটা সত্য কিন্তু আজ আমরা দেখছি যে সেই জমির প্রচুর সঙ্কট। তাছাড়া বিগত ৩০ বছর ধরে কংগ্রেসি আমলে দেখেছি, যে কতকগুলি ফরেস্ট এলাকাধীন ভূমি ছিল সেখানে ওনারা কৃষকদের বসিয়ে দিয়েছে বিশেষ করে জলপাইগুড়ি জেলায় যেটা উত্তরবঙ্গের মধ্যে একটা ফরেস্ট এলাকা সেখানে আমরা দেখতে পাচ্ছি যে এইসব জমি অকোপাই করেছে। ফরেস্ট ডিপার্টমেন্টের লোক এই ব্যাপারে বিঘ্ন ঘটাচ্ছে। এই বামফ্রন্ট সরকার আসবার পর সেইগুলি বাধা দিতে গেলে তারা আবার আন্দোলনমুখী হচ্ছে। সুতরাং এগুলি প্রতিকার করা দরকার। তারপর আমি দেখছি বৈকুণ্ঠপুর এলাকায় বিশাল অরণ্য ছড়িয়ে আছে এবং এর মধ্যে বহু বৎসরের বিরাট বিরাট শাল গাছ আছে যা পাওয়া খুবই দুস্কর কিন্তু দুঃখের কথা সেইসব গাছ কেটে সাফ করে দিচ্ছে। কংগ্রেসের কিছু পেটোয়া লোক ছিল তারা জঙ্গলের মধ্যে ঢুকে সেই গাছগুলি কেটে চোরাই পথে সেই গাছগুলি বিক্রি করে দিয়েছে। বর্তমানে এই বৈকুণ্ঠপুরের জঙ্গল বাইরে থেকে দেখলে কিছু গাছ দেখা যায় কিন্তু ভিতরে ঢুকলে সব ফাঁকা, কিছু নেই। এই বামফ্রন্ট সরকার আসবার পর আমি নিজে সেই এলাকায় গিয়ে আমার আশে-পাশে যে সংগঠন আছে বা কৃষক সমিতি আছে তাদের

সহযোগিতায় এইগুলি বন্ধ করার ব্যবস্থা করেছি। যদিও সব বন্ধ করতে পারিনি কিন্তু আগের তুলনায় কিছু বন্ধ করতে পেরেছি।

এরপর আমাদের জলপাইগুড়ি জেলায় ফরেস্ট এলাকায় দরিদ্র মানুষ থাকে। ফরেস্ট ডিপার্টমেন্টের তরফ থেকে যদি তাদের জন্য কাজের ব্যবস্থা করা যায় তাহলে যেটুকু বন্ধ করতে পারা যায় নি সেটুকু বন্ধ করতে পারা যাবে এবং বনের মধ্যে চুরি আর হবে না। আরেকটি কথা হচ্ছে বন এলাকার মধ্যে যারা বাস করেন তাদের চারিদিকে নদী, মাঝখানে দু-একটি বসতি আছে, এর ফলে তাদের যাতায়াতের খুব অসুবিধা হয়। যাতায়াতের সুবিধার জন্য তাদের ওখানে যদি একটা ব্রিজের ব্যবস্থা করা যায় তাহলে ভাল হয়। সমাজমুখী বনসৃজনের জন্য অনাবাদী এবং পঞ্চায়েতী জমিতে এবং খালের বাঁধে মিশ্র জাতীয় বন গড়ে তোলার কর্মপ্রকল্প রূপায়িত করা হচ্ছে। এ ক্ষেত্রে আমি বলব প্রতিটা গ্রাম পঞ্চায়েতের অধীনে একটা করে বন রাখা উচিত। বৈকুণ্ঠপুর ফরেস্ট থেকে গ্রামের লোকেদের পারমিট সিস্টেমে জ্বালানি কাঠ আনতে হয়। এখন যে ব্যবস্থা নেওয়া হচ্ছে তাতে আমি বলব প্রতি গ্রাম পঞ্চায়েতের মধ্যে নদীর ধারে যে সমস্ত অকেজো জমি পড়ে আছে যেগুলি জোতদার জমিদাররা নিতে চাইছে না সেগুলিকে আইনের মারফত রিকুইজিশন করে নিয়ে পঞ্চায়েতের মাধ্যমে কিছু বন করার ব্যবস্থা করলে গ্রামের জ্বালানি সমস্যার সমাধান হবে এবং বড় বড় বনগুলির উপর হামলা কিছুটা কমবে। সর্বশেষে তিনি যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-55 — 7-05 P.M.]

**শ্রী পরিমল মিত্র ঃ** চেয়ারম্যান স্যার, মাননীয় সদস্যারা সকলেই সমর্থন করেছেন এবং কিছু কিছু সাজেশন দিয়েছেন। আমি প্রথমেই বলতে চাই যে ফরেস্ট এখন লো প্রায়রিটি হিসাবে আছে, আপনারা দেখলেন একটু আগে ১০০ কোটি টাকার বাজেট পেশ করা হল, তারপরই ৮ কোটি টাকার বাজেট পেশ করা হয়েছে। এদিক থেকে আমি বলেছি ৩৩ শতাংশ জমিতে বন সৃজন করা উচিত। ৩৩ পারসেন্ট জমি পাব না বলে আমি ফরেস্ট বিভাগের কিছু করতে পারছি না। তবে গাছের উন্নতি করা যায় এবং স্পেশের ডেভেলপমেন্ট করা যায় সেই ব্যবস্থা করা হচ্ছে। আপনারা নিশ্চয় জানেন ফরেস্ট ডিপার্টমেন্টের যে জমি আছে ইরিগেশন ক্যানেল করতে গেলে সেখানে ফরেস্ট ডিপার্টমেন্টের জায়গা নেই। কিছুদিন আগে আলিপুরদুয়ার শহরকে বাঁচাবার জন্য ১৫০টি গাছ কেটে দেওয়া হল কারণ সেখান দিয়ে ইরিগেশন ক্যানেল যাবে। কংসাবতী ক্যানেল প্রোজেক্টের জন্য গাছ কাটা হল। পাওয়ার লাইন যাবে তার ২০ ফুট এদিক-ওদিক গাছ কাটা হল। অর্থাৎ বন-সৃজন হচ্ছে কিন্তু আবার কাটাও হচ্ছে। কাজেই ফরেস্টের পক্ষে বন-সৃজন করা রক্ষা করা সহজ নয়, কারণ বিভিন্ন দপ্তরের চাহিদা অনুযায়ী গাছ কাটতে হচ্ছে। আলিপুরদুয়ারের লোকজন এসে বললেন আপনি যদি জায়গা না দেন তাহলে শহর ভেসে গেলে আপনার দায়িত্ব, সুতরাং গাছ কাটুন। বন সম্বন্ধে কোনও প্ল্যান করতে গেলেই বিরাট ড্যাম বা ইরিগেশনের জন্য সেখানে গাছ কাটা হয়। গতকাল পাওয়ার ডিপার্টমেন্টের ইলেকট্রিসিটি বোর্ডের চেয়ারম্যানের কাছ থেকে একটা চিঠি পেলাম তাতে তিনি লিখেছেন জলঢাকা প্রোজেক্টের খুব ক্ষতি হচ্ছে, আর চলবে না কারণ জল এবং বালু মাটি এমনভাবে আসছে যেটা কিছুতেই রক্ষা করা যাবে না, যদি

[7-05 — 7-19 P.M.]

সেখানে সয়েল কনজারভেশন ওয়ার্ক না হয়। এটা খুব ভাল কথা সয়েল কনজারভেশন যদি না হয়, ক্যানেলের পাশে গাছ না করা যায় তার পাশ দিয়ে যে নদী নালা যাচ্ছে সেখানে ব্যারেন ল্যান্ড না থাকে তাহলে সেখানে ক্যানেল হতে পারে না। এটা আন্তর্জাতিক ভাবে স্বীকৃত হয়েছে। এতদিন যে সরকার ছিল তারা এটা স্বীকৃতি দেয়নি, আমাদের সরকার এটার স্বীকৃতি দিচ্ছে। যাইহোক আমরা কেন্দ্রের কাছ থেকে টাকা পাবার জন্য আন্দোলন করছি, আমাদের ইরিগেশন মিনিস্টার তিনি কেন্দ্রের ফরেস্ট মিনিস্টার একই সঙ্গে যিনি এগ্রিকালচারাল মিনিস্টার বার্ণালার কাছে লিখেছেন, তিস্তা, গঙ্গার জন্য যে ভূমিক্ষয় হচ্ছে তাতে আপনারা যদি অর্থ বরাদ্দ না করেন যদি শুধু বলেন ড্যাম আর ক্যানেল কর তাহলে কিছুতেই রক্ষা হতে পারে না। জলপাইগুড়ি জেলায় ৪টে নদী আছে, যেগুলি ভুটান থেকে আসছে, আমি ঐ ৪টে নদীর সম্পর্কে থিম্পুতে গিয়ে যে বিষয়ে আলোচনা করি, ভুটানের রাজার কাকা যিনি সেখানকার ফরেস্ট এবং এগ্রিকালচার মিনিস্টার তিনি খুব কো-অপারেট করেছিলেন। সেন্ট্রাল গভর্নমেন্টের যিনি রিপ্রেজেনটেটিভ আছেন তিনিও অনুমোদন করেছিলেন। কেন্দ্রীয় সরকারের জয়েন্ট সার্ভে করতে আপত্তি ছিল না। ভুটান সরকার আমাকে বলেছিলেন যে আমরা এবং তোমরা একসঙ্গে মিলে যাতে এই ভূমি ক্ষয় রোধ করা যায় তার জন্য চেষ্টা করব এবং তোমাদের বন্যা আমাদের এদিকে থেকে হয় সেটা আমরা রিয়েলাইজ করি, সেদিক থেকে জয়েন্ট সার্ভে করতে তারা রাজি হয়েছিলেন। আপনারা জানেন কেন্দ্রের অনুমতি ছাড়া ভুটান সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার জয়েন্ট সার্ভে করতে পারেন না। সেই জয়েন্ট সার্ভে করতে হলে এরিয়াল সার্ভে দরকার এবং তারাও এরিয়াল সার্ভের কথা বলেছিলেন, কিন্তু ২ বছর হয়ে গেল আজ পর্যন্ত সেটা হল না। পুরাতন সরকারের বন-সৃজন করার কি রকম নীতি সেটা এখন আমি দেখতে পাচ্ছি। সেখানে বন-সৃজন নয়, বন কাটার নীতি আপনারা বলতে পারেন। একজন মাননীয় সদস্য বললেন আমাদের জেলার যে বৈকুণ্ঠপুর ফরেস্টে বড় বড় গাছ ছিল সেগুলি কেটে নিয়ে গেল। সেগুলি ঠিকাদাররা কাটল কি কে কাটল সেটা আমি জানি না। আমার কাছে ছোট্ট একটা ইতিহাস আছে সেই ইতিহাস হচ্ছে আলিপুরদুয়ারে কয়েক লক্ষ টাকার সম্পত্তি একটা কো-অপারেটিভকে নামমাত্র মূল্যে দিয়ে দেওয়া হল। সাইক্লোন অ্যাফেক্টেড ট্রি ভাল ভাল গাছ আলিপুরদুয়ারে এমনিত দিয়ে দেওয়া হল। আমরা যখন বললাম যে এই রকম ভাল ভাল সাইক্লোন অ্যাফেক্টেড ট্রি এত কম মূল্যে বেকার যুবক সমিতিক দেওয়া যায় না তখন কোর্টে কেস হল, একটা কোর্টে আমরা জিতলাম, একটা কোর্টে আমরা হারলাম, এখন সুপ্রিম কোর্টে যাচ্ছে সমস্ত বন তাদের বিভিন্ন সাকরেদদের দিয়ে দিয়েছে এবং গাছ কেটে ফেলা হচ্ছে। এই হচ্ছে বন সম্বন্ধে তাদের নেতাদের মনোভাব। মরিচঝাঁপিতে কালকে একটা বক্তৃতায় দেখেছেন প্রিয়রঞ্জন দাস মুন্সী, সকলে বলেছেন যে জ্যোতি বসু আজকে মরিচঝাঁপিতে গাছ কেটেছে বলে বলছেন, তারা যখন আন্দোলন করছেন তখন ট্রাইব্যালরা যে বন সম্পদ নষ্ট করেছে তারজন্য তার ফাঁসি হওয়া উচিত। মরিচঝাঁপিতে গাছ কাটুক, বিভিন্ন এলাকায় গাছ কেটে লোকে বসতি করুক, অতএব এখানে সাহারা মরুভূমি তৈরি হোক। বন সৃষ্টিতে এইভাবে তারা উৎসাহিত করছেন, বন কেটে বসে যাও। সমস্ত জায়গায় একটা ইনফিলট্রেশন, সমস্ত জায়গায় বনের মধ্যে বন কেটে বসে যাওয়ার

একটা প্রবণতা দেখা দিয়েছে। গরিব লোকদের কথা যদি বলেন তাহলে তাদের সম্বন্ধে আমি বলব তারা বন কেটে বসে না। গরিব লোক যারা ফ্রিঞ্জ এরিয়ায় আছে আমি যখন ফরেস্ট মিনিস্টার্স কনফারেন্সে গিয়েছিলাম তখন অনেক আশা নিয়ে ফিরে ছিলাম, সেখানে প্রধান মন্ত্রী এবং অন্যান্য যারা কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন তারা বলেছিলেন ফ্রিঞ্জ এরিয়ায় যে সমস্ত লোক আছে তারা গরিব, তাদের ইকনমিক রিহ্যাবিলিটেশন দরকার। আমরা তাদের ইকনমিক রিহ্যাবিলিটেশনের যে প্রস্তাব দিয়েছিলাম তারা সেটা সমর্থন করেছিলেন। সেজন্য ইকনমিক রিহ্যাবিলিটেশন অব দি পিপল অব দি ফ্রিঞ্জ এরিয়া সেখানে যে সমস্ত ট্রাইব্যাল আছে তাদের জন্য আমি সাউথ এবং নর্থ ৫ বছরের জন্য ১০ কোটি টাকার দুটো প্রোজেক্ট রিপোর্ট তৈরি করেছিলাম এবং সেন্ট্রালে সেটা পাঠিয়েছি, সেই বিষয়ে এখনও কোনও জবাব পাইনি, পাব কিনা জানি না। না পাওয়ারই সম্ভাবনা বেশি। বহরমপুরে যে সেরিকালচার ইনস্টিটিউট আছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার ওখানে আমি গিয়েছিলাম, আমি দেখলাম এই রকম যদি ফরেস্ট ভিলেজার্সদের দিয়ে করাতে পারি তাহলে ট্রাইব্যালরা তাদের আত্মীয়-স্বজনদের এনে দেখাতে পারবে এবং তারপর সেটা ট্রাইব্যাল এরিয়ায় ছড়িয়ে দিতে পারব। সেই হিসেবে আমরা কয়েকটা জায়গা ঠিক করলাম, বক্সা ডিভিসন, জলপাইগুড়ি ডিভিসন করলাম এবং কয়েকজন ফরেস্ট ভিলেজার্সকে আমরা ট্রেন্ড করলাম। যারা ট্রেনিং প্রাপ্ত লোক তাদের ডেকে আমরা জিজ্ঞাসা করেছি, তোমরা পারবে কিনা বল? তারা বলেছেন, হ্যাঁ আমরা পারব। আমরা আবার বলেছি অন্য লোককে শেখাতে পারবে? তারা বলেছে, হ্যাঁ তাও পারব। কাজেই আমরা যে ট্রেনিং প্রোগ্রাম নিয়েছি তার মাধ্যমে তাদের আমরা শেখাব। তারাও ট্রাইব্যাল এবং তাদের আত্মীয় স্বজন সেখানে রয়েছে। ফরেস্ট ভিলেজার্স হিসেবে যাদের আমরা বলি তারা নর্থবেঙ্গলে রয়েছে, সাউথ বেঙ্গলে রয়েছে। তারা যেভাবে বাস করত সেই অবস্থাটার প্রতি আমরা বামফ্রন্ট সরকার আসার পর আমাদের দৃষ্টি সেদিকে গেছে। আমরা নর্থ বেঙ্গল ফরেস্ট ভিলেজার্সদের কোয়ার্টার্স দেবার ব্যবস্থা করেছি। পাকা বাড়ি নয়, কাঠের বাড়ি তৈরি করেছি এবং সেখানে দুটি বড় ঘর, স্নানের জায়গা, কুয়োর ব্যবস্থা এবং পাকা পায়খানার ব্যবস্থা করেছি। তবে তারা বলেছে, অসুস্থ লোক ছাড়া কেউ কোয়ার্টার্স-এর ওই পায়খানায় যাবে না। কাজেই আমরা চিন্তা করছি দুই তিনটি রুমে পায়খানা রেখে বাকি জায়গায় ঘর করা যায় কিনা। আমরা সমস্ত জায়গায় বলেছি তাদের বাড়ির সামনে এক একর করে জমি দিতে হবে এবং সেই এক একর জমিতে তুঁত চাষের ব্যবস্থা করতে হবে। আমি যখন বহরমপুরে গিয়েছিলাম তখন সেখানকার ডাইরেক্টর মিঃ সেন আমাকে বলেছেন এই এক একর জমি যদি তারা চাষ করতে পারে তাহলে একটি পরিবার ৩/৩।। হাজার টাকা পাবে। আমাদের সীমাবদ্ধ ক্ষমতা এবং অর্থের সঙ্গতি কম। তবে মাননীয় সদস্য সরলবাবু যেকথা বলেছেন আমিও সেটা মনে প্রাণে বিশ্বাস করি যে, ফরেস্ট ভিলেজার্সদের পার্মান্যান্ট এমপ্লয়িজ হওয়া উচিত। কিন্তু আমরা সেটা এখনও করতে পারছিনা। তারপর, এখানে বলা হয়েছে যে, কেন্দুপাতা এবং অন্যান্য টিম্বারের যে এক্সপ্লয়টেশন হয় মিডল ম্যানদের দ্বারা সেগুলি বন্ধ করতে হবে। এই ব্যাপারে আমাদের মন্ত্রিসভা ঠিক করেছে ডিপার্টমেন্টাল অপারেশনের জন্য আমরা যে ১২ লক্ষ টাকা পেয়েছি তার দ্বারা আমরা বক্সা ডিভিসন, জলপাইগুড়ি ডিভিসন, বৈকুণ্ঠপুর ডিভিসনের ডিপার্টমেন্টাল অপারেশন করছি। আমরা এইসব ভিলেজার্সদের ট্রেন্ড করছি। আপনারা বোধ হয় জানেন একজন বিশিষ্ট লগার্স ট্রেন্ড সুইডিস আমাদের এখানে

এসেছেন এবং তিনি আমাদের ভিলেজার্সদের ট্রেনিং দিয়েছেন। আমাদের ফরেস্ট ভিলেজার্সদের ট্রেনিং অনেক জায়গায় কমপ্লিট হয়েছে এবং এবারে ডিপার্টমেন্টাল অপারেশন করব। ফ্রিঞ্জ এরিয়ায় পঞ্চায়েতের মধ্যে অনেক জমি রয়েছে যেগুলো লোকের নজরে পড়েনি অথচ অনাবাদি হয়ে পড়ে রয়েছে। সেখানে নানা রকম গাছ হতে পারে এবং বিজ্ঞান যেভাবে এগিয়ে চলেছে তাতে আমরা দেখেছি সেখানে নানা রকম গাছ হতে পারে। আমরা এগুলো গভর্নমেন্টকে বলে পঞ্চায়েতের হাতে দিয়েছি এবং সেখানে আমরা বৃক্ষরোপণ করব এবং সেই জমিগুলি খাস ল্যান্ড হিসেবে হবে। তবে অনেকে রাজি হয়নি কারণ তারা মনে করছে যদি আমরা করি এবং ফরেস্ট ডিপার্টমেন্টও করে তাহলে অসুবিধা হবে কেন না হয়ত ফরেস্ট ডিপার্টমেন্ট এটা ক্লেম করবে। সেই হিসাবে অনেকে রাজি হয় না। কিন্তু আমরা যেটা ঠিক করেছি যে ফুট বিয়ারিং ট্রিজ এবং অন্যান্য জায়গায় বন সৃজন করে ঐ মালবেরি ও ফ্রুটস চাষ করতে হলে যা দরকার আমরা করব। ফ্রিঞ্জ এরিয়ায় আপনারা শুনে আশ্চর্য হবেন যে আমাদের আগের সরকার যারা এই ফ্রিঞ্জ এরিয়াতে আছে যারা ফরেস্টে ঢুকে জ্বালানি কাঠ নিয়ে আসত তাদের আমাদের কোনও অফিসারের কোনও ক্ষমতা ছিল না তাদের কাঠ দেওয়া। এইবার আমরা বলেছি কাঠ দিতে পারি, খড় দিতে পারি যারা বাড়ি তৈরি করবে, হয়তো একটা খুঁটির জন্য যার ঘর পড়ে গেল যে ফ্রিঞ্জ এরিয়াতে আছে, সে ফরেস্টারের কাছে গেল কিম্বা রেঞ্জার্স-এর কাছে গেল এবং বলল যে একটা খুঁটি দেন আমার বাড়িঘর পড়ে গিয়েছে কিন্তু তাকে তা দিতে পারত না। তাহলে হয় তাকে চুরি করতে হয় নইলে সেই লোকটা রাত্রে বনে গিয়ে কাঠ কেটে নিয়ে আসবে। তাহলে সেখানে চোখ বুজে থাকতে হবে নইলে রিলেশনটা খারাপ হবে। সেইজন্য এবার আমরা ক্যাবিনেটে ঠিক করেছি এদের এমপাওয়ার করা হয়েছে। এই সমস্ত মিনিমাম নিডস, একটা নাঙ্গল করার জন্য একটা খুঁটি করার জন্য, অন্যান্য জিনিস যা শিডিউল্ড রেটে দেওয়া দরকার। নইলে যারা গরিব তারা সকলেই ক্ষুব্ধ হবে এবং আমি গাছকে রক্ষা করতে পারব না। আমি বিশ্বাস করি গ্রামের যারা লোক যারা ফরেস্টের ফ্রিঞ্জ এরিয়াতে আছে, গরিব, তারা কোনও দিনই ফরেস্ট নষ্ট করে না। যারা কাঠ ব্যবসায়ী, যারা বড় বড় রাঘব বোয়াল, তারা রাত্রে টর্চ নিয়ে ঢুকে কাঠ কাটে এবং এই রকমও খবর আছে যে তারা বন্দুক নিয়ে যায় ফলে আমাদের অফিসাররা, যারা নিরস্ত্র, তারা তাদের মুকাবেলা করতে সাহস পায় না। সেইজন্য এবার আমরা সমস্ত গার্ড যাদের নিচ্ছি তাদের আমর্ড ট্রেনিং দেব, গান দেব। বক্সাতে বেশি পিলফারেজ হচ্ছে সেখানে আর্মগার্ড দেব। যারা চিরকাল চুরি করে তারা বিত্তশালী এবং তাদের কয়েকজন লোক তারা কাউকে পরোয়া করে না। আর্ম গার্ড আপনারা জানেন যে দুজন মার্ডার হয়েছে কারণ তারা বাধা দিতে গিয়েছিল। একজন যখন খয়ের গাছ কাটছে তখন বাধা দিতে গিয়েছিল তাকে বলেছেন যে তোমাকে শেষ করে দেব। তাকে আমরা অন্য জায়গায় ট্রান্সফার করে বাঁচিয়েছি, তারপর ওখানে আর্মগার্ড দিয়েছি। অতএব সেই হিসাবে করা হচ্ছে, এই সমস্ত রাঘব বোয়ালদের কন্ট্রোল করার প্রস্তাব করেছি, আমি .চাই এবং আমি অনুরোধ করি যে ফরেস্টকে রক্ষা করতে পারে জনসাধারণ আর জনসাধারণকে সাধারণভাবে মবিলাইজ করতে পারেন আপনারা, অতএব এটা আপনারা করবেন। সঙ্গে সঙ্গে আমি আপনাদের বলছি রাস্তা তো আমাদের পূর্তমন্ত্রী করে দেবেন কিন্তু আমি যখন গেলাম বহরমপুরে তখন আমি শুনলাম লালবাগের কথা। আমি লালবাগ যাইনি। আমি তখন শুনে মালদা থেকে এসে বহরমপুরে হল্ট করলাম

ট্যুরিস্ট লজে। তারপর আমি লালবাগের কথা শুনি। আমার সঙ্গে ট্যুরিস্ট ডিপার্টমেন্টের ডাইরেক্টার ছিল, আমার সঙ্গে ট্যুরিস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের ম্যানেজিং ডাইরেক্টার ছিলেন. তারপর এস ডি ও ছিলেন তাকে নিয়ে জে এল আর ও তে গিয়ে বি ডি ও-তে গিয়ে আমি লালবাগ গিয়েছি এবং লালবাগ সম্পূর্ণ দেখে আমার মনে হল যে বহু লোক রোজ যাচ্ছে অথচ এমন কোনও একটা বসবার জায়গা নেই, ইজি হওয়ার কোনও জায়গা নেই, কোনও জায়গায় একটা বাথরুম নেই এবং সেদিন দেখলাম যে ১০টি ট্রাক ওখানে গেল। সেদিন বললাম আর কিছু না করি, আপনারা জানেন বোধহয় আমরা মনজিলটা আমাদের ডিপার্টমেন্ট থেকে অ্যাকুইজিশন করেছি এবং সেখানে অলরেডি একটা কাফেটারিয়া চালু করেছি এবং সেখানে নিচেরটা আমি আবার রেনোভেশন করার প্রোগ্রাম নিয়েছি। এটার রেনোভেশন হচ্ছে, নিচের ৪ খানা কি ৫ খানা ঘর রেনোভেশন হবে এবং তারপর সেখানে যে উদ্যান সেটা তৈরি হবে এবং আমি প্রথমেই বলেছি যে ৪টি বাথরুম হওয়া দরকার নইলে খুব মুশকিল হবে এবং এটা খুব ভাল দেখার জায়গায়। এমন একটা লাইব্রেরি আছে এবং সেখানে এত বই পুরানো আমলের আছে যে সেখানে একজন লোক বসে রিসার্চ করতে পারে। আমি তিন ঘণ্টা সেখানে ছিলাম, যে সমস্ত ইতিহাসের বই আছে দেখলাম, ইডেন গার্ডেনের ছবি দেখলাম এক সাহেব এঁকেছেন। সেখানে নতুন নতুন অনেক বই আছে, ভাল ভাল ছবি আছে যার তুলনা হয় না। সেটাকে রক্ষা আমার ডিপার্টমেন্ট করতে পারে না। আমরা লিখেছি এবং সেই হিসাবে যদি এডুকেশন ডিপার্টমেন্ট হাজার দুয়ারিকে রক্ষা করেন তো ভাল হয়। সঙ্গে সঙ্গে আমরা কিছু অ্যামেনিটিজ দেবার বন্দোবস্ত করেছি ট্যুরিস্ট ডিপার্টমেন্ট থেকে, ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে কিছু উদ্যান তৈরি করব, সেটাও আমি বলেছি। আমি আর যে সমস্ত কথা বলেছি শুধু কলকাতা শহরেই উদ্যান হবে প্রত্যেক জায়গায় পয়সা হোক, কম পয়সায় হোক চিলড্রেন পার্ক হবে, ছেলেদের খেলাধূলার জায়গা নেই। আমাদের অর্থ কম, তার মধ্য দিয়েই আমাদের করতে হবে। এবং সেই অর্থও আমরা অনেক জায়গা থেকে পাবার চেষ্টা করছি। মিউনিসিপ্যালিটি কাছ থেকে, কর্পোরেশনের কাছ থেকে এবং সি এম ডি এ-র কাছ থেকেও যদি অর্থ পাওয়া যায় তা দিয়ে আমরা করব। পক্ষী নিবাসের জন্য রায়গঞ্জ ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট ১ লক্ষ টাকা দিয়েছেন, আমরা ট্যুরিস্ট লজ তৈরি করছি, বাগান তৈরি করছি নতুন নতুন ফরেস্ট তৈরি করব এবং যে উদ্দেশ্য বামফ্রন্ট-এর সেই উদ্দেশ্য রূপায়িত করছি এবং সকলকে সাহায্য করার জন্য আবেদন করছি। এই কথা বলে আমি যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছি তা সকলকে সমর্থন করার জন্য আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Parimal Mitra that a sum of Rs. 8,76,30,000/- be granted for expenditure under Demand No.58, Major Heads: "313—Forest, and 513—Capital Outlay on Forest," was then put and agreed to.

**Mr. Chairman :** The House stands adjourned till 1-00 P.M. to-morrow.

## Adjournment

The House was accordingly adjourned at 7-19 p.m. till 1-00 p.m. on Thursday, the 8th March, 1979 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 8th March 1979 at 1 P.M.

### P R E S E N T

Mr. Speaker (Shri Syed Abdul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 3 Ministers of State and 168 Members.

[1-00—1-10 P.M.]

### Heldover starred questions
### (to which oral answers were given)

**হুগলি জেলায় আই টি ডি পি প্রকল্প**

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** তফসিলি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় আই টি ডি পি পরিকল্পনা কার্যকর করা হইয়াছে কিনা;

(খ) উক্ত পরিকল্পনার মাধ্যমে কোন কোন ব্লকে কি কি কাজ হইয়াছে; এবং

(গ) উক্ত কাজের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক ও শিক্ষাক্ষেত্রে অনগ্রসর মানুষদের জন্য সরকার কতখানি সাহায্য করিয়াছেন?

**শ্রী শম্ভুনাথ মাণ্ডি :** (ক) হ্যাঁ।

(খ) পাণ্ডুয়া, পোলবা-দাদপুর, বলাগড় ও ধনিয়াখালি ব্লকে—

(১) কৃষি ও ক্ষুদ্র সেচ প্রকল্প

২) পশুপালন প্রকল্প

৩) পানীয় জলের নলকূপ স্থাপন

৪) প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও বিদ্যালয়ের গৃহ নির্মাণ

৫) সমবায় সমিতি স্থাপন

৬) গৃহ নির্মাণের কাজ ও

৭) দারুশিল্প উৎপাদন কেন্দ্র স্থাপন

(বিস্তারিত বিবরণ ক্রোড়পত্রে দ্রষ্টব্য)

উপরোক্ত প্রকল্পগুলির মাধ্যমে কৃষি ও ক্ষুদ্রসেচ প্রকল্প পূর্ণ অনুদানের সাহায্যে মোটামুটি ৪৭৪ টি পরিবার আংশিক ঋণ ও অনুদানের মাধ্যমে ১২৮টি পরিবার পশুপালন প্রকল্পের সাহায্যে ২৮০টি পরিবার উপকৃত হইয়াছে। নলকূপের সাহায্যে ৫০টি গ্রাম/বসতি ও প্রাথমিক বিদ্যালয়ের সাহায্যে ৪টি গ্রাম/বসতি উপকৃত হইয়াছে। সমবায়ের মাধ্যমেও ৮১৫ জন সভ্য ক্রমে ক্রমে উপকৃত হইতেছেন। গৃহনির্মাণ প্রকল্পে ৪টি পরিবার উপকৃত হইয়াছেন।

**১৯৭৭-৭৮ আর্থিক বৎসর পর্যন্ত অর্থ বরাদ্দ হইতে আই.টি.ডি.পি এলাকায় নিম্নলিখিত প্রকল্পগুলি রূপায়িত করা হইয়াছে।**

| ক্রমিক নং প্রকল্পের নাম | ব্লক-ভিত্তিক রূপায়ণের পরিমাণ (সংখ্যায়) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **(১) কৃষি ও ক্ষুদ্র সেচ—** | পাত্তুয়া | পোলবা-দাদপুর | বলাগড় | ধনিয়াখালি | |
| (ক) অগভীর নলকূপ— | ১ | ১২ | ১ | ৩ | বিশেষ কেন্দ্রীয় অনুদান হইতে। |
| (খ) সেচের জন্য পাম্প মেশিন— | ৫ | ৫ | ২ | ৫ | ঐ |
| (গ) সেচ পুষ্করিণী সংস্কার— | — | — | — | ১ | ঐ |
| (ঘ) সেচ কূপ— | ১ | — | — | — | রাজ্য পরিকল্পনা অনুদান হইতে। |
| **৫০% ঋণ-তথা অনুদান মাধ্যমে** | | | | | |
| (ঙ) অগভীর নলকূপ— | ৩-(৫) | ১-(১) | ৩- | ২-(৪) | বিশেষ কেন্দ্রীয় অনুদান হইতে। |
| (চ) সেচের জন্য পাম্প মেশিন— | ১৩-(৫) | ১-(২) | ৩- | ১-(২) | ঐ |
| (ছ) কৃষি যন্ত্রপাতি— | -(১৩) | ২-(৭) | ২-(২) | - - | ঐ |
| (জ) রিক্সা ভ্যান— | ৪-(৭) | -(৪) | - - | - - | ঐ |
| (ঝ) চাষের বলদ— | [illegible] | [illegible]৩টি-(৪০) | ১২টি-(৪) | ৮টি-(৯) | ঐ |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ব্লক-ভিত্তিক রূপায়ণের পরিমাণ (সংখ্যায়) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (ঞ) | গরু ও গরুর গাড়ি | -(৩) | -(৩) | - - | -(৯) | ঐ |
| (ট) | কৃষি যন্ত্রপাতি (পাওয়ার টিলার)— | -(১) | -(১) | - - | - - | ঐ |
| (২) | পশুপালন | -১টি ইউনিট (শূকর পালন) ৯৫টি ইউনিট (ছাগল পালন) | ৪৫টি ইউনিট (ছাগল পালন) ৯টি ইউনিট (দুগ্ধবতী গাভী পালন) | - | ১২০টি ইউনিট (ছাগল পালন) | ঐ |
| | ঐ | — | — | ১০টি ইউনিট (ছাগল পালন) | - | রাজ্য পরিকল্পনা অনুদান হইতে। |
| (৩) | পানীয় জলসরবরাহ | | | | | |
| | নলকূপ— | ১৬ | ৮ | ৮ | ১৫ | বিশেষ কেন্দ্রীয় অনুদান হইতে। |
| | ঐ— | ২ | - | ১ | — | রাজ্য পরিকল্পনা অনুদান হইতে। |
| (৪) | প্রাথমিক শিক্ষা | | | | | |
| (ক) | নতুন বিদ্যালয় স্থাপন | ১ | — | — | ১ | বিশেষ কেন্দ্রীয় অনুদান ও রাজ্য পরিকল্পনা হইতে আরও ১৩টি স্কুল হুগলি বিদ্যালয় পরিষদের নিকট অনুমোদনের অপেক্ষায় আছে। |
| (খ) | বিদ্যালয় গৃহ-নির্মাণ | — | ১ | ১ | — | আরও ১২টি বিদ্যালয়ের গৃহ-নির্মাণ। পরিষদের নিকট অনুমোদনের অপেক্ষায় আছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **(৫) সমবায় স্থাপন** | | | | | |
| (ক) পাইলট শ্রম সমবায়— | ১ | ১ | ১ | ১ | বিশেষ কেন্দ্রীয় অনুদান হইতে |
| (খ) কৃষি ঋণদান সমিতির আদিবাসী শাখা— | ২ | ২ | ২ | ২ | ঐ |
| (গ) দারুশিল্প প্রাক্তনশিক্ষার্থী সমবায় | ১ | — | — | — | ঐ |
| **(৬) গৃহ-নির্মাণ—** | — | ৪টি | — | — | রাজ্য পরিকল্পনা অনুদান হইতে |

() মধ্যবর্তী সংখ্যাগুলি এখনও ব্যাঙ্কের নিকট ঋণ মঞ্জুরির অপেক্ষা সূচিত করে। উহারা মূল সংখ্যার অতিরিক্ত।

হুগলি জেলার আই.টি.ডি.পি. এলাকার উন্নয়নের জন্য বিশেষ কেন্দ্রীয় অনুদান খাতে নিম্নলিখিত অর্থ বরাদ্দ করা হইয়াছে

| বৎসর | কৃষি | ক্ষুদ্রসেচ | পশুপালন | সমবায় | জলসরবরাহ | শিক্ষা | ক্ষুদ্রশিল্প |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯৭৫-৭৬ | — | ১,৩১,৫২০/- | — | — | — | — | — |
| ১৯৭৬-৭৭ | — | ১,৬৮,০০০/- | ৬০,৪৭৫/- | — | — | ১৫,৫০০/- | — |
| ১৯৭৭-৭৮ | ২,০৪,০০০/- | ১,১৩,৬৯৫/- | ৩৪,৩৩৫/- | ১,২৪,২০০/- | ৬৬,০০০/- | ৩৪,০১৮/- | ২১,০০০/- |
| ১৯৭৮-৭৯ (২০-২-৭৯ পর্যন্ত)— | — | — | ৪৯,৯৮৫/- | — | ৪০,০০০/- | ৩৯,৯৬৬/- | — |
| মোট- | ২,০৪,০০০/- | ৪,১৩,২১৮/- | ১,৪৪,৭৯৫/- | ১,২৪,২০০/- | ১,৩৬,০০০/- | ৮৯,৪৮৪/- | ২১,০০০/- |

সর্ব মোট— টাকা ১১,০২,৬৯৭/-

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** এই আই.টি.ডি.পি পরিকল্পনা নেওয়ার আগে কি অবস্থা তাদের ছিল? আই.টি.ডি.পি নেবার পর যে অবস্থা হয়েছে তাতে যেসব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার দ্বারা কতজন লোক অনুন্নত সম্প্রদায়ের উপকৃত হতে পারবে?

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** মাননীয় স্পিকার, স্যার, বুঝতেই পারছেন আই.টি.ডি.পির মাধ্যমে এখন যে সব কাজ আমরা করছি বিগত দিনে সেই সব ছিল না। তাই আমরা আসতে আসতে সেগুলিকে বাস্তবে রূপায়িত করার জন্য চেষ্টা করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** আই.টি.ডি.পির মাধ্যমে ওখানে কোনও শিক্ষা ব্যবস্থার প্রোগ্রাম হয়েছে কি?

**মিঃ স্পিকার ঃ** আপনারা এই যে শব্দগুলি ব্যবহার করছেন এইগুলি অধিকাংশ সদস্যই বুঝতে পারবেন না। এইগুলি সরকারি দপ্তর এবং সংশ্লিষ্ট সদস্যরা জানতে পারেন, সকলে তা নাও জানতে পারেন। অতএব আই.টি.ডি.পি কথাটি সম্পূর্ণভাবে ব্যবহার করাই ভাল।

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** মিঃ স্পিকার, স্যার, আপনি যখন বললেন তখন আমি এই আই.টি.ডি.পির পুরো কথাটি বলে দিচ্ছি। এটার পুরো কথা হচ্ছে ইন্টিগ্রেটেড ট্রাইব্যাল ডেভেলপমেন্ট প্রোজেক্ট। বিশেষ এলাকাকে আদিবাসী অধ্যুষিত এলাকা বলে গণ্য করা হয়েছে এবং এই এলাকাগুলিকে সমগ্র দিক থেকে উন্নত করার জন্য আমরা সেন্ট্রালের কাছ থেকে কিছু টাকা পাই এবং সেই টাকা দিয়েই এই সব কাজগুলি করা হয়। এটাই হচ্ছে আই.টি.ডি.পি.।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** বেকার আদিবাসী বা অন্যান্য অনুন্নত সম্প্রদায়ের যুবকদের' কর্ম সংস্থানের জন্য যেসব পরিকল্পনা নেওয়া হয়েছে তার দ্বারা কতগুলি বেকার যুবক কাজ পাচ্ছে বা ভবিষ্যতে পাবেন বলে আশা করা যাচ্ছে?

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** আমরা চেষ্টা করছি আমাদের যতগুলি ট্রাইব্যাল এরিয়া আছে তার সবগুলিতেই যাতে অন্তত কিছু কিছু যুবককে কাজ দিতে পারি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** এই আই.টি.ডি.পি. এলাকায় লেবার কন্ট্রাক্টের জন্য কো-অপারেটিভ সোসাইটি তৈরি হয়েছে। ঐ সোসাইটিতে ফুল টাইম কর্মচারী, ম্যানেজার ইত্যাদি নিয়োগের কোনও পরিকল্পনা আছে কিনা, মন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** আমাদের এই সোসাইটিকে আমরা ল্যাম্প বলছি, অর্থাৎ লার্জ সাইজ মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি এটাই হল পুরো কথা। যে সব জায়গায় এই রকম ল্যাম্প আছে সেখানে এইগুলি সোসাইটির ম্যানেজিং বোর্ডের মতো ফাংশন করবে। এর একটা অ্যাপেক্স বডি আছে, ট্রাইব্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশন। এ অ্যাফিলিয়েটেড সোসাইটিগুলির সাধারণত প্রতি বছর অন্তর ম্যানেজার, ম্যানেজিং বোর্ড বদল হয়ে থাকে। ঐ ম্যানেজিং বোর্ডের মধ্য থেকেই আমাদের ম্যানেজার ইত্যাদি নিয়োগ করা হয়।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ** কি কি ক্রাইটেরিয়া থাকলে তবে আই.টি.ডি.পি. এলাকা

বলে ঘোষণা করা হয়?

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** যেসব অঞ্চলে অন্তত ৫০ পারসেন্ট এর বেশি আদিবাসী সম্প্রদায়ের লোক বসবাস করেন সেইগুলিকে আমরা আই.টি.ডি.পি. এলাকা বলে গণ্য করে থাকি।

## Starred Questions

(to which oral answers were given)

### মৎস্যজীবীদের নিকট অনাদায়ী ঋণ

***২৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৮।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলায় মৎস্যজীবীদের প্রদত্ত ঋণ ২৫/৩০ বৎসর ধরে অনাদায়ি আছে;

(খ) সত্য হইলে, উক্ত ঋণের পরিমাণ কত; এবং

(গ) উক্ত ঋণ মকুবের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** (ক) না। মৎস্যজীবীদের অনাদায়ি ঋণ বড় জোর দশ বৎসরের পুরানো।

(খ) ১৯৭৮ সালের মার্চ মাস পর্যন্ত উক্ত অনাদায়ি মূল ঋণের পরিমাণ প্রায় পৌনে উনত্রিশ লক্ষ টাকা।

(গ) না।

[1-10—1-20 P.M.]

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মকুব তো করবেন না, তাহলে ঐ ঋণ আদায়ের জন্য কি ব্যবস্থা করেছেন মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** আদায়ের আর কি ব্যবস্থা করব—পাবলিক ডিমান্ড রিকোভারী অ্যাক্টে তো আছে।

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই মৎস্যজীবীদের নতুন ভাবে ঋণ দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** আগে যে সুতো দেওয়া, গ্রান্ট, সাবসিডি দেওয়া এইসব ছিল এগুলি আমি বন্ধ করে দিয়েছি এবং তার পরিবর্তে মাছের যে পোনা সেটা দেওয়া হবে

ফ্রিতে এই পরিকল্পনা আছে।

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** মৎস্যজীবীদের পোনা বা চারা মাছ দেবার পরিকল্পনা নিয়েছেন বলে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন। সাধারণতঃ কোনও মৎস্যজীবীর জলকর কিছু নেই, তাতে এই পরিকল্পনাতে মৎস্যজীবীদের কি উপকার হবে সেটা ঠিক বুঝে উঠতে পারছি না। সাধারণ মৎস্যজীবীরা নদীতে বা গঙ্গায় মাছ ধরে এবং তারজন্য তাদের নৌকা, জাল এইসমস্ত নষ্ট হয়ে গিয়েছে, তারা জাল তৈরি করতে পারছে না এসব মাননীয় মন্ত্রী মহাশয় জানেন। সেই দিক থেকে চিন্তা করে মৎস্যজীবীদের নৌকা, জালের ব্যবস্থা করবেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা ফ্লাড অ্যাফেক্টেড এরিয়ার শুধু প্রশ্ন নয়, এটা একটা জেনারেল প্রশ্ন। এখানে যেটা লেখা হয়েছে তাতে শুধু ফ্লাড এ্যাফেক্টেড এরিয়ার কথা বলা হয়নি। কিন্তু তবুও আমি জানাতে চাই যে, এটা জেনারেল ভাবে বলা ছিল যে কোনও টাকাই দেব না সূতো এবং এইসবের জন্য এর ভেতরে ভীষণ করাপশনের ব্যাপার ছিল। কিন্তু ফ্লাড হবার পর আমি খানিকটা মডিফাই করেছি। সেখানে যেকথাগুলি আপনি বলেছেন যে কিছু কিছু নৌকা, জাল নষ্ট হয়েছে সেইসব জায়গাতে স্পেসিফিক্যালি ফ্লাড অ্যাফেক্টেড এরিয়াতে কিছু কিছু দেব এটা ঠিক করেছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মৎস্যজীবীদের কাছ থেকে বকেয়া ঋণ আদায় করতে পেরেছেন কিনা এবং পেরে থাকলে তার পরিমাণ কত?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এখানে অনাদায়িটা আছে। আদায় যেটা হয়েছে তার কিছুটা আছে, সবটা নেই। ১৯৭৫/৭৬, ১৯৭৬/৭৭, ১৯৭৭/৭৮ সালের কিছুটা আছে। ১৯৭৭/৭৮ সালের ফিগারটা হচ্ছে, ৫ লক্ষ ৩৩ হাজার ৮ শো টাকা।

**শ্রী মনোরঞ্জন হাজরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এর আগে যেসব মৎস্যজীবীদের ঋণ দেওয়া হয়েছিল তাদের মধ্যে অধিকাংশই মৎস্যজীবী নয়, মৎস্যজীবী এই নাম করে তারা এই ঋণের সুবিধা নিয়েছিল কিনা এবং সে রকম খবর মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে থাকলে তা বলবেন কিনা?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা তো জানাই আছে, তা ছাড়া আরো এমন কতকগুলি ঋণ দেওয়া হয়েছে যারজন্য এটা বন্ধ করে দিলাম। হয়ত সেখানে একজিসটেন্সই নেই, সেই রকম লোককে দেওয়া হয়েছে, মৎস্যজীবী নয় তারা পেয়েছে। তা ছাড়া আরও অনেক ব্যাপার আছে। সেখানে হয়ত টাকা পৌছায় নি এইরকম নানান ধরনের করাপশনের ব্যাপার আছে। সেইজন্য এটা আমি ড্রপ করে দিয়েছি।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, পশ্চিমবাংলাতে মৎস্যজীবীদের

কতগুলো কো-অপারেটিভ আছে?

**মিঃ স্পিকার ঃ** দিস কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এই যে ঋণ পেন্ডিং আছে, এইগুলো কি সমবায় সেক্টারের ঋণ, না ইন্ডিভিজুয়্যাল ঋণ?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** বেশির ভাগ হচ্ছে ইন্ডিভিজুয়্যাল লোন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** সমবায় সমিতির একটা মোটা অংশ ঋণ আছে। যে সমবায় সমিতির ঋণ আছে সেই সমবায় সমিতিগুলো যদি ডিফাংড হয়ে যায়, তাহলে সেই সমবায় সমিতির সভ্যদের কি আলাদা করে ঋণ দেওয়ার ব্যবস্থা করছেন?

**মিঃ স্পিকার ঃ** দিস কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**শ্রী আব্দুল কায়েম মোল্লা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যারা রাজবংশী, জেলে সম্প্রদায়ভুক্ত নয়, অথচ মৎস্য ব্যবসা করেন, তাদের কি কোনও ঋণ দেওয়া হয়?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মৎস্যজীবীদের ডেফিনেশন যা আছে, একজ্যাক্ট ল্যাঙ্গুয়েজ হু ডিলস্ ইন ফিশ, এই ডেফিনেশন অনুযায়ী ঋণ দেওয়া হবে।

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** মৎস্যজীবীদের বর্তমান অবস্থা অত্যন্ত শোচনীয়, সুতরাং এই ঋণ আদায় কিছু দিনের জন্য স্থগিত রাখা হবে কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** গরিব যারা আছে, অর্থাৎ ৪০০ বা তার নিচে যারা আছে, তাদের জন্য কিছুদিন স্থগিত রাখা আছে ডিসট্রেস কেস হিসাবে।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মৎস্যজীবীদের যে গ্রান্ট দেওয়া হয়, এবারে আপনি বলেছেন যে তাদের মাছের পোনা দেবেন, আমি জানতে চাই, ব্লক থেকে ঠিক সময়ে এই চারা পোনা দেওয়াটা আপনি নিশ্চিত করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** দিস কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**ঔষধ প্রস্তুত ব্যবস্থা**

***২৫২।** (অনুমোদিত প্রশ্ন নং*৫৬৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওষুধকে সম্পূর্ণ করমুক্ত করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে কোনও অনুরোধ করিয়াছেন কি;

(খ) ওষুধের চোরাকারবারি ও ভেজাল ওষুধ সম্পূর্ণ বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(গ) রাজ্যে ওষুধ প্রস্তুতের ব্যবস্থাকে উন্নত করার বিষয়ে সরকার চিন্তা করিতেছেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) না।

(খ) ঔষধের চোরাকারবারি ও ভেজাল ঔষধ ধরার জন্য ভেষজ নিয়ন্ত্রণ অধিকারে একটি বিশেষ সেল আছে। ঐ সেলের ইন্‌স্পেক্টররা পুলিশের এনফোর্সমেন্ট শাখার সহযোগিতার ঔষধের চোরাকারবার ও ভেজাল ঔষধ ধরার কাজে লিপ্ত আছেন। ভেজাল ঔষধের মান দ্রুত নিরুপণের জন্য সম্প্রতি রাজ্য ঔষধ পরীক্ষাগারের সম্প্রসারণের ব্যবস্থা করা হয়েছে।

(গ) হ্যাঁ।

[1-20—1-30 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় 'ক'-এর উত্তরে বলেছেন, ভারত সরকারকে কোনও অনুরোধ করেন নি। ঔষধের দাম যে ভাবে বাড়ছে তাতে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে, অন্তত্পক্ষে লাইফ সেভিংস ড্রাগগুলি যাতে কম দামে পাওয়া যায় তারজন্য কর কমিয়ে বা অন্য যে ভাবেই হোক না কেন, একটা ব্যবস্থা করার জন্য সরকারের কাছে অনুরোধ জানাবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** দুই রকম ট্যাক্স আছে। একটা বিক্রয় কর, আর একটা কেন্দ্রীয় শুল্ক। বিক্রয় করের ব্যাপারটা আগে ছিল শতকরা ৮ পারসেন্ট। সেটা কমিয়ে শতকরা ৬ পারসেন্ট ধার্য করা হয়। আর ঐ কেন্দ্রীয় শুল্ক যেটা সে সম্পর্কে এমন কোনও চিঠি আমাদের এখান থেকে দেওয়া হয় নি। কিন্তু বিগত সেন্ট্রাল হেলথ কাউন্সিলের মিটিংয়ে ড্রাগের যে গ্রুপ সেখানে সমস্ত বিষয়ে আলোচনা হয় এবং সেন্ট্রাল হেলথ কাউন্সিলের মিটিংয়ে কিছু আলাপ আলোচনা হয়। সে ক্ষেত্রে আমরা আমাদের বক্তব্য এই ভাবে রাখি যে অন্ততঃ যেগুলি লাইফ সেভিংস ড্রাগ সেগুলি থেকে শুল্ক উঠিয়ে দেওয়া হোক এবং যদি একেবারে উঠিয়ে দেওয়া সম্ভব না হয় তাহলে নমিনাল করা হোক এবং যাতে ঔষধ সস্তায় পাওয়া যায় তার ব্যবস্থা করা উচিত।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় 'খ' প্রশ্নের উত্তরে বলেছেন কতকগুলি ব্যবস্থা ভেজাল ঔষধ ধরবার জন্য, চোরাকারবারি বন্ধ করার জন্য আছে। আমার প্রশ্ন হচ্ছে, যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থা কি সন্তোষজনকভাবে কাজ করছে এবং আপনি কি এই ব্যাপারে সুনিশ্চিত?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্যকে আমি বলছি যে এনফোর্সমেন্টের যে সেল আছে সহযোগিতা করার জন্য তারা আমাদের ঐ বিশেষ ড্রাগ ডাইরেক্টরেটের সঙ্গে যুক্ত। তারা এই ভেজাল এবং চোরাকারবারিদের ধরার জন্য কাজে লিপ্ত আছেন। এখন পর্যন্ত ড্রাগ ডাইরেক্টরেটরের আমরা খুব এফেকটিভ সংশোধন করে উঠতে পারিনি, তারজন্য কিছু কিছু চেষ্টা করছি এবং ইতিমধ্যে সেই সব কাজে হাত দিয়েছি। যেমন ধরুন ড্রাগ ইনস্পেক্টর অনেক জায়গায় ড্রাগ ইনস্পেক্টরের পদ খালি ছিল। সুতরাং সেই ড্রাগ ইনস্পেক্টরের পদগুলি পূরণ করা হয়েছে। এছাড়াও মহকুমা শহরেও ড্রাগ ইনস্পেক্টরের নিয়োগের কথা আমরা বিচার বিবেচনা করে দেখছি। এছাড়াও সব থেকে বড় যে বোটলনেক সেটা হচ্ছে ঔষধ টেস্ট করা। ভেজাল ঔষধ টেস্ট করার জন্য, সাব-স্ট্যান্ডার্ড কিনা এগুলি দেখার জন্য আমাদের এখানে যে ল্যাবরেটারি ছিল সেটা খুব ভাল ছিল না। যদিও এটা আমি আমার মেমারী থেকে বলছি, সম্প্রতি কমবেশি ৬ লক্ষ টাকা ব্যয়ে সেই ল্যাবোরেটরি সম্প্রসারণ এবং স্যাম্পল যাতে একসঙ্গে পরীক্ষার ব্যবস্থা করতে পারি এবং খুব দ্রুত করতে পারি সেদিকে যাচ্ছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'ঘ' প্রশ্নের উত্তরে যে কথা বলেছেন এটা একটু ব্যাখ্যা করে বলবেন যে কি ধরনের ব্যবস্থা করা হয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আপনারা জানেন যে শিল্প বাণিজ্য দপ্তরের অধীনে West Bengal Pharmaceutical Development গঠিত হয়েছে। সুতরাং এই কর্পোরেশনের আওতায় বিভিন্ন শিল্প গড়ে তোলা, তেমনি আবার রুগ্ন শিল্পকে দাঁড় করানোর ব্যাপারেও চেষ্টা করা হচ্ছে। এছাড়াও ড্রাগ ডাইরেক্টরেট থেকে সেখানে টেকনিক্যাল নো হাউ এই সমস্ত ব্যাপারেও সাহায্য করা হয়। এখানে উল্লেখ যোগ্য যেমন, Bengal Chemical and Pharmaceutical Works তাছাড়া বেঙ্গল ইমিউনিটি এই ধরনের কতকগুলি সংস্থার কার্যভার রাজ্য সরকার গ্রহণ করেছেন। এছাড়াও কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করেছেন স্মীথ স্টেনিসস্টট সম্প্রতি জাতীয়করণ করা হয়েছে। এইভাবে আমরা এগিয়ে যাচ্ছি। সঙ্গে সঙ্গে যাতে আই.ডি.পি.এল—এখানে ড্রাগ ইউনিট বা এই ধরনের কিছু গড়ে ওঠে সেই চেষ্টাও আমাদের দিক থেকে আছে। হাতি সিং কমিশনের রিপোর্ট অনুসারে Eastern region-ঐ রকম একটা ড্রাগ কমপ্লেক্স গড়ে তোলার সুপারিশ ছিল, সেই সুপারিশ পরবর্তীকালে বর্জন করা হয়েছে এবং এটা কেন্দ্রীয় সরকার বর্জন করেন। আমরা তার জন্য মিঃ বহুগুণাকে এবং তার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের লেখালিখি করছি। যাতে ঐ ধরনের একটা রিজিওনাল ড্রাগ কমপ্লেক্স গড়ে তোলা যায়—অবশ্য তাঁরা বলছেন যে, যেহেতু ইতিমধ্যেই স্মিথ স্ট্যানিস্ট্রট অ্যান্ড কোম্পানি, লিমিটেড এবং আরও কয়েকটি কোম্পানিকে কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করেছেন সেহেতু এখনই এই ধরণের কমপ্লেক্স গড়ে তোলার কথা ভাবছেন না। তবুও আমরা আমাদের চেষ্টা চালিয়ে যাচ্ছি। এছাড়া যাতে বাল্ক ড্রাগস এর উৎপাদন যাতে বেশি পরিমাণে হতে পারে তার জন্য এখানে ইন্ডাস্ট্রি হতে পারে। সেই ধরনের চেষ্টা আমরা লেখালিখির মাধ্যমে চালাচ্ছি।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় 'খ' প্রশ্নের উত্তরে বলেছেন যে, চোরাকারবার এবং ভেজাল বন্ধ করা সম্পর্কে ব্যবস্থা নেওয়ার জন্য একটা সেল আছে। তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, এই সেল দুর্নীতি এবং চোরাকারবার সম্পর্কে ইতিমধ্যে কতগুলি কেস আপনার কাছে দিয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য :** এসম্পর্কে নোটিশ দিলে বলে দেব।

**শ্রী সুমন্তকুমার হীরা :** যেসব ওষুধ কারখানাগুলি আপনি অধিগ্রহণ করেছেন সেই সব কারখানার উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা আপনার আছে কি; এবং থাকলে সেই পরিকল্পনাগুলি কি কি?

**শ্রী ননী ভট্টাচার্য :** আমি আগেই বলেছি যে ড্রাগ ডাইরেক্টরেটের উপর এবিষয়ের দায়িত্ব দেওয়া আছে, তারা বিভিন্ন বিষয়ে পরামর্শ দেয়। তবে কনক্রিটলি জানতে হলে নোটিশ চাই।

**Shri Sk. Ramjan Ali :** Will the Hon'ble Minister be pleased to State what action has been taken against the manufacturers of fake medicines? The minister may please state the numbers of persons who are indulging in manufacturing fake medicines.

**Mr. Speaker :** I have disallowed it. This is not relevant. You want to know the number of persons which is a separate question.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় এখানে 'খ' প্রশ্নের উত্তরে বলেছেন যে, অসাধু ভেজালদারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য ড্রাগ কন্ট্রোল সেল গঠন করা হয়েছে। তা আমার বক্তব্য হচ্ছে সি.এম.এস. বিভিন্ন কোম্পানিকে অর্ডার দেওয়ার আগে ড্রাগ কন্ট্রোল সেলের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে কি অর্ডার দেয়; এবং যদি তাই দিয়ে থাকে তাহলে সাব-স্ট্যান্ডার্ড ওষুধ সি.এম.এস. থেকে কি করে দেওয়া হল এটা দয়া করে জানাবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য :** ভেজাল ওষুধ দেখার জন্য ড্রাগ ডাইরেক্টরেটে কোনও সেল নেই, ভেজাল ওষুধ ধরার জন্য ড্রাগ ডাইরেক্টরেটে সেল আছে। এটা হচ্ছে ১ নং, আর ২ নং হচ্ছে সি.এম.এস. যখন অর্ডার প্লেস করে এবং সংশ্লিষ্ট কোম্পানি যখন সাপ্লাই করে তখন ড্রাগ ডাইরেক্টরেট থেকে ঐ ঔষুধগুলি পরীক্ষা করার কোনও ব্যবস্থা নেই এবং ব্যবস্থা করা ব্যবহারিকভাবে খুব কঠিন। তাহলে সাপ্লাই বন্ধ হয়ে যেতে পারে, এই রকম আশঙ্কা থাকে। বা আমাদের ড্রাগ ডাইরেক্টরেট খুব বড় নয় এবং সেখানে ইনস্পেক্টরও খুব বেশি নেই, বা অন্যান্য পেরাফারনেলিয়াগুলিও বৃহৎ নয়, এর ফলে যখনই কোম্পানিরা সাপ্লাই দেবে তখনই বা তার আগে ওষুধগুলি চেক-আপ করা বা পরীক্ষা করা, টেস্ট করা সম্ভব হয় না এবং এই কাজের জন্য যে ধরনের ল্যাবরেটরি ইত্যাদি দরকার তারও অভাব আছে। সুতরাং টেস্ট

করে পাঠানোর ব্যাপারে ব্যবহারিক দিক থেকে অনেকগুলি অসুবিধা আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** তাহলে লাইফ সেভিং ড্রাগ যেগুলি আছে সেগুলির ক্ষেত্রেও যদি এই রকমভাবে উইদাউট টেস্ট অর্ডার প্লেস করা হয় এবং সেগুলি ব্যবহার করার ফলে যদি কোনও ঘটনা ঘটে তখন তো কনসিকোয়েন্স ধরা যাবে না। সুতরাং এটার ব্যবস্থা করা উচিত নয় কি?

**অধ্যক্ষ মহাশয় ঃ** এটা তো আপনার পরামর্শ, আপনার জিজ্ঞাস্য কি?

[1-30—1-40 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ভেজাল ঔষধ সি.এম.এসের মাধ্যমে যে হাসপালতালগুলিতে চলে যাচ্ছে উইদাউট চেক্ অ্যান্ড ভেরিফিকেশন তাহলে তার দ্বারা তো রোগীরা আক্রান্ত হতে পারে? সরকার পক্ষ থেকে কি ব্যবস্থা এ ব্যাপারে নেওয়া হচ্ছে? এটা একটা ইমপর্টান্ট কোয়েশ্চেন।

(নো রিপ্লাই)

**চা-বাগান শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি আইন**

***২৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের চা-বাগানগুলির শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি আইন কার্যকর করা হয়েছে কি; এবং

(খ) ইহা কি সত্য যে, সর্বভারতীয় ক্ষেত্রে দক্ষিণ ভারতের চা-শ্রমিকের মজুরি অপেক্ষা পশ্চিমবঙ্গের চা-শ্রমিকের মজুরি অনেক কম?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** (ক) হ্যাঁ, ১৯৫৯ সালে হয়েছে। পরবর্তীকালে বেতন পর্ষদের সিদ্ধান্ত ও ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী চা বাগান শ্রমিকদের বেতন ক্রমশঃ বৃদ্ধি হয়েছে।

(খ) সরকারের নিকট সঠিক তথ্য নেই।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, চা বাগান শ্রমিকদের জন্য যে ন্যূনতম মজুরি নিদ্ধারিত হয়েছে তার তালিকা আপনার কাছে আছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** হ্যাঁ, নিশ্চয়ই আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে দক্ষিণ ভারতের চা শ্রমিকদের চাইতে পশ্চিমবঙ্গে চা শ্রমিকদের মজুরি কম কিনা তার উত্তরে বললেন সঠিক তথ্য জানা

নেই। আমার প্রশ্ন হচ্ছে আপনি তথ্য সংগ্রহ করবার চেষ্টা করবেন কি? দক্ষিণ ভারতে যদি চা-শ্রমিকদের মজুরি বাড়িয়ে দেয় তাহলে পশ্চিমবঙ্গে চা-বাগানের শ্রমিকদের সেই হারে মজুরি চালু করার কোনও ব্যবস্থা অবলম্বন করবেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা একটা অ্যাসামশনের উপর প্রশ্ন করলেন অর্থাৎ আমি করব কি করব না, দক্ষিণ ভারতের তথ্য সংগ্রহ করব কি করব না—এই রকম ধরনের প্রশ্ন করলেন। নোটিশ দিলে নিশ্চয়ই করব। দক্ষিণ ভারতে বেশি আছে কি কম আছে তা আমার জানা নেই। সুতরাং আমি কি করে প্রশ্নের জবাব দেব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি উত্তর দিতে পারতেন। সর্বভারতীয় ক্ষেত্রে দক্ষিন ভারতের চা শ্রমিকদের চাইতে পশ্চিমবঙ্গের চা-শ্রমিকদের মজুরি কম কিনা সেই তথ্যের উপর ভিত্তি করে উত্তর দিতে পারতেন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** পশ্চিমবঙ্গ থেকে দক্ষিন ভারতের চা-শ্রমিকদের যে বেতন সেটা কম কি বেশি সেই তথ্য আমার কাছে নেই।

### হাসপাতালে অন্তর্বিভাগীয় রোগীদের খাদ্য বাবত অর্থ বরাদ্দের পরিমাণ

***২৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৫।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতার বড় বড় হাসপাতালে অন্তর্বিভাগীয় রোগীর খাদ্যের জন্য দৈনিক বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত;

(খ) মফস্বলের জেলা ও মহকুমা হাসপাতালে অন্তর্বিভাগীয় রোগীর জন্য দৈনিক খাদ্য বাবত বরাদ্দ অর্থের পরিমাণ কত; এবং

(গ) প্রাইমারি ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলির অন্তর্বিভাগীয় রোগীর জন্য খাদ্য বাবত দৈনিক বরাদ্দ কত টাকা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) (১) এস.এস.কে.এম. হাসপাতাল ও কারমাইকেল হসপিটাল ফর ট্রপিক্যাল ডিজিসেস বাদে কলকাতার অন্যান্য সব সাধারণ সরকারি হাসপাতাল শয্যাপিছু—৩.০০ টাকা।

(২) এস.এস.কে.এম. হাসপাতাল, শয্যাপিছু ৩.৫০ টাকা

(৩) কারমাইকেল হসপিটাল ফর ট্রপিক্যাল ডিজিসেস শয্যাপিছু ৪.০০ টাকা

(খ) ও (গ) শয্যাপিছু ৩.০০ টাকা।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** আপনি বললেন যে এস.এস.কে.এম হাসপাতালে শয্যাপিছু ডায়েট করেছেন ৩-৫০ পয়সা। আমার প্রশ্ন হচ্ছে, ঐ হাসপাতালে বড় বড় অফিসাররা এবং বড়লোকরা থাকে বলে আপনি ৩-৫০ পয়সা করেছেন আর পাড়া-গ্রামে গরিব মানুষেরা থাকে বলে কি সেখানে আপনি ৩-০০ টাকা রেট করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এস.এস.কে.এম. এবং স্কুল ট্রপিক্যাল মেডিসিনে এই যে ডায়েটের রেট বেশি তার কারণ বড় লোকরা থাকে বলে নয়। এটা অনেকদিন আগে থেকে চলে আসছে। এ ছাড়াও আরও একটি কারণ আছে—রিপোর্ট যতদূর পেয়েছি সেটা হচ্ছে রিসার্চ এবং অন্য বিষয়গুলির যুক্ত থাকার দরুন এই ধরনের ডায়েটের রেট একটু বেশি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বর্তমান বাজার অনুযায়ী ৩ টাকাকে বৃদ্ধি করার পরিকল্পনা আছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আগে ছিল আড়াই টাকা, এই সরকার আসার পর সেটা আট আনা বাড়ানো হয়েছে, তবে যদি বলেন এটা উপযুক্ত কিনা, তাহলে এটা মতামতের ব্যাপার। আমাদের আর্থিক অবস্থা যা তাতে করে অবিলম্বে বাড়াতে পারব বলে মনে হয় না—তবে আমরা চেষ্টা করব।

**শ্রী সরল দেব ঃ** মূল্য বৃদ্ধির ফলে আট আনা উপযুক্ত কিনা জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এর উত্তর আগেই দিয়েছেন।

### গৌরহাটি ও শ্রীরামপুর যক্ষ্মা হাসপাতালে প্রশাসক নিয়োগ

***২৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৩।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্রীরামপুর ও গৌরহাটি যক্ষ্মা হাসপাতালে প্রশাসক নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত নিয়োগের কারণ কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) গত ৮.১০.৭৭ তারিখে হুগলি জেলা টি.বি. অ্যাশোসিয়েশনের কার্যনির্বাহক সমিতিতে এই মর্মে সিদ্ধান্ত নেওয়া হয় যে হাসপাতাল দুটির পূর্ণ জাতীয়করণ সাপেক্ষে দৈনন্দিন পরিচালনার জন্য একজন প্রশাসক নিয়োগ করা হোক। সরকার কার্যনির্বাহক সমিতির প্রশাসক নিয়োগ সম্পর্কীয় সুপারিশটি গ্রহণ করেন এবং গত ৪-১-৭৯ তারিখ হইতে এক বৎসরের জন্য শ্রীরামপুর ও গৌরহাটি টি.বি. হাসপাতাল দুটির দৈনন্দিন কাজকর্ম পরিচালনার জন্য

একজন প্রশাসক নিয়োগ করেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** প্রশাসক নিয়োগ করবার পর এই হাসপাতালটির চরম আর্থিক দূরবস্থার উন্নতির কথা চিন্তা করা হচ্ছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এখন এটা বলা যাচ্ছে না।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** ভবিষ্যতে এটা চিন্তা করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** ভবিষ্যতের উত্তর এখন হয় না।

**শ্রী নিখিল দাস ঃ** যেখানে এইসব প্রশাসক সরকার থেকে দেওয়া হয় সেখানে সরকারের দায়িত্ব কতটুকু?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** সরকারের দায়িত্ব প্রশাসন যাতে ভালভাবে চলে সেটা দেখা।

**শ্রী নিখিল দাস ঃ** টাকা পয়সা না থাকলে প্রশাসক দিয়ে কি হবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আপনি অ্যাজামশনের উপর কথা বলছেন, টাকা পয়সা আছে, অব্যবস্থা চলছে, কিছু হচ্ছে না প্রশাসক যদি ভাল হয় তাহলে এর মধ্যেই করা যাবে। তবে টাকা পয়সার কিছু দায়দায়িত্ব সরকারের উপর এসে পড়ে।

**শ্রী নিখিল দাস ঃ** দরিদ্র বান্ধব ভান্ডারে ৩০০ বেডের টি.বি. হাসপাতাল আছে, সেখানে খাবার না থাকায় রোগীরা সেখান থেকে বেরিয়ে পড়ছে এটা জানেন কি?

(কোনও উত্তর নাই)

**শ্রী অনিল মুখার্জি ঃ** বাঁকুড়ায় যে মেডিকাল কলেজ আছে সেখানে ছাত্র ভর্তি বাড়ানোর কথা চিন্তা করছেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এই প্রশ্নের সঙ্গে এটা আসে না।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** প্রশাসক কাকে নিয়োগ করা হয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমার কাছে রেকর্ড নেই, তবে ওয়ান মিঃ ভট্টাচার্য।

[1-40—1-50 P.M.]

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** যা বেড এখানে বর্তমানে আছে তাতে হেলথ ডিপার্টমেন্টের কিছু আছে, আর আর ডিপার্টমেন্ট এবং লেবার ডিপার্টমেন্ট বন্ধ করে দিয়েছে, সুতরাং বেডগুলি বাড়াবার কথা চিন্তা করবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এ পর্যন্ত ৪০০০ টাকা খরচ হয়েছে। আমরা বাজেটে ২ লক্ষ ৮৪ হাজার টাকা অনুদান দিয়ে এসেছি, তবে আপনার কথাটা বিবেচনা করে দেখব।

**তুফানগঞ্জ মহকুমায় হাসপাতাল স্থাপন**

***২৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১১০৪।) **শ্রী মণীন্দ্রনাথ বর্মা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার তুফানগঞ্জ মহকুমায় একটি মহকুমা হাসপাতাল স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত হাসপাতাল স্থাপনের কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) আছে।

(খ) আগামী আর্থিক বছরে (১৯৭৯-৮০ সালে) নির্মাণ কার্য শুরু করার প্রস্তাব বিবেচনাধীন আছে।

**সাট্টারিতে উপস্বাস্থ্যকেন্দ্র**

***২৬০।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৩।) **শ্রী শৈলেন সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার সাট্টারিতে কোনও উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে কি;

(খ) উক্ত কেন্দ্র থেকে কোনও ঔষধপত্র দেবার ব্যবস্থা আছে কিনা;

(গ) উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি সম্প্রসারণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**মাথাভাঙ্গা মহকুমা স্বাস্থ্যকেন্দ্র**

***২৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৭।) **শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার মাথাভাঙ্গা মহকুমায় একটি মহকুমা স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা

সরকারের আছে কি;

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ শুরু হইবে; এবং

(গ) পশ্চিমবঙ্গে এ যাবৎ কতগুলি মহকুমায় স্বাস্থ্যকেন্দ্র নেই?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ (ক) আছে।

(খ) আগামী বছর শুরু করার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(গ) পশ্চিমবঙ্গের প্রত্যেকটি মহকুমাতেই একাধিক স্বাস্থ্যকেন্দ্র আছে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** ঃ মহকুমার স্বাস্থ্যকেন্দ্রহীন আছে কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ কুচবিহারে ৪টি মহকুমার মধ্যে ১ টি মহকুমায় হাসপাতাল প্রতিষ্ঠিত আছে, সেটা হল দীনহাটা মহকুমা হাসপাতাল। আর মেখলীগঞ্জ, তুফানগঞ্জ এবং মাথাভাঙ্গা এই ৩টি মহকুমায় এই বছরই হাসপাতাল তৈরি হবে, ৩টি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** ঃ এই তিনটি হলেই কি সারা পশ্চিমবঙ্গে সমস্ত মহকুমা স্বাস্থ্যকেন্দ্র হয়ে যায়?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ আমার যতটুকু রিপোর্ট আছে তাতে তাই-ই আছে, আর কোনও মহকুমা হাসপাতাল তৈরি হওয়া বাকি থাকছে না। তবে সাধারণ প্রশাসনের দিক থেকে আরও নতুন নতুন মহকুমা তৈরি করার পরিকল্পনা আছে, তখন সেটা বিবেচনা করা যাবে।

**শ্রী গোবিন্দ বাউরি** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আই.টি.ডি.পি এলাকার মধ্যে হাসপাতাল তৈরি করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ এটা উপ-জাতি বিভাগের প্রশ্ন, তবে অনেক উপস্বাস্থ্য কেন্দ্র অনেক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আই.টি.ডি.পি. এলাকার মধ্যে পড়েছে।

### মুর্শিদাবাদ জেলার চিকিৎসকবিহীন স্বাস্থ্যকেন্দ্র

***২৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৮০।) **শ্রীমতী ছায়া ঘোষ** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন কোন স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক নাই; এবং

**(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চিকিৎসক প্রেরণের ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?**

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) মুর্শিদাবাদ জেলায় নিম্নলিখিত উপস্বাস্থ্য কেন্দ্রসমূহে বর্তমানে কোনও চিকিৎসক নেই;—

১) আন্দুল বেড়িয়া।

২) রায়নগর বাচরা।

৩) টুঙ্গী।

৪) টেরা।

৫) মার গ্রাম।

৬) পারুলিয়া।

৭) ফরিদপুর।

৮) সাগরপাড়া।

৯) ফুলপুর।

১০) কৃষ্ণ সাগর দিসুরপাড়া।

১১) কাতলামারি।

১২) মহম্মদপুর।

১৩) বিল পাচা কোপরা।

১৪) বাজে গাজীপুর।

১৫) হুড়মী।

১৬) আমলাই।

১৭) লালকুঠী।

১৮) ভগীরথপুর।

(খ) পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক সম্প্রতি নির্বাচিত চিকিৎসকের প্রার্থী তালিকা থেকে উক্ত স্বাস্থ্য কেন্দ্র সমুহের চিকিৎসকের শূন্যপদ সমূহ শীঘ্র পূরণ করা হবে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে সমস্ত জায়গার নাম উল্লেখ করলেন সেই সমস্ত জায়গায় কত দিনের মধ্যে চিকিৎসক পাঠানো হবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** কত দিনের মধ্যে বলা মুশকিল। আমরা অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার মালিক, তবে অনেকে জয়েন করেন না। তবে এর মধ্যে কিছু ডিফিকাল্ট হেলথ সেন্টার আছে।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** এই যে গ্রামীণ যেসব স্বাস্থ্য কেন্দ্র ডাক্তার বাবুরা যেতে রাজি হন না এঁদের যাওয়া সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আগে এই সম্পর্কে বলা হয়েছে। রুর‍্যাল সার্ভিস যাতে বাধ্যতামূলক হয় সেইভাবে আইনগত বাধ্যবাধকতা সৃষ্টির কথা বিবেচনা করা হচ্ছে। ২নং হচ্ছে আর একটা ব্যবস্থার কথা বাজেট স্পীচের সময় বলা হয়েছে যে ম্যাট্রিক পাশ ডাক্তার বা কমিউনিটি মেডিক্যাল প্র্যাক্টিশনার করার যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা এখনও চলছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন পশ্চিমবঙ্গে এই রকম চিকিৎসকহীন স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা কত?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** নোটিশ পেলে সঠিকভাবে বলতে পারব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যেসব উপ-স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসক নেই বলে তালিকা পেশ করলেন সেই তালিকা কি সঠিক?

**মিঃ স্পিকার ঃ** মিনিস্টার যা বলেছেন তা যথাযথ।

**কলকাতায় দূষিত বায়ু**

***২৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কলকাতার বাতাস আশঙ্কাজনকভাবে দূষিত হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ সম্বন্ধে বৈজ্ঞানিক অনুসন্ধানের ব্যবস্থা করিয়াছেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) হ্যাঁ।

(খ) এই বিষয়ে বৈজ্ঞানিক অনুসন্ধানের জন্য স্মোক ন্যুইসেন্স ডিরেক্টরেটের অধীনে একটি গবেষণাগার স্থাপন করা হয়েছে।

[1-50—2-00 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যদিও এখানে শুধু বাতাসের

কথা বলা হয়েছে, এয়ার, ওয়াটার, নয়েজ এবং এনভাইরনমেন্টাল পলিউশন হচ্ছে তার বিরুদ্ধে সামগ্রিকভাবে ব্যবস্থা গ্রহণের জন্য কি করছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এনভাইরনমেন্টাল পলিউশন দূর করার জন্য জাতীয় স্তরে সেখানে একটা বোর্ড করা হচ্ছে, আগে যে ওয়াটার পলিউশন বোর্ড ছিল, আলাদা আলাদা ছিল, সমস্ত স্মোকস ন্যুইসেন্স ইত্যাদি আলাদা আলাদা ছিল, এখন একটা ইন্টিগ্রেটেড বোর্ড গঠন করবার চেষ্টা করছি, এয়ার পলিউশন ওয়াটার পলিউশন, সাউন্ড পলিউশন, সাউন্ড পলিউশন হ্যাজার্ড সব নিয়ে ইন্টিগ্রেটেড বোর্ড করার চেষ্টা হচ্ছে যদিও এটা এখনও প্রাথমিক স্তরে আছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** গোটা ব্যাপারটা নিয়ে সমীক্ষা করবার জন্য ইন্টিগ্রেটেড প্রোগ্রাম কার্যকর করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** ভাবা হচ্ছে, ইন্টিগ্রেটেড পরিকল্পনা হিসাবে এটা গ্রহণ করার দিকে আমরা এগুচ্ছি এবং সেদিকে কাজ করা হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্মোক ন্যুইসেন্স অ্যাক্ট ভাইওলেট করে ঘনবসতি এলাকায় কারখানা চলছে, এই রকম অভিযোগ আপনি কি পেয়েছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এই রকম বহু অভিযোগ আমি পেয়েছি।

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কলকাতা ছাড়াও শিল্পাঞ্চলে ইন্ডাস্ট্রিয়াল বেল্টে জলকে দূষিত করার জন্য কারখানা থেকে প্রচুর পরিমাণে দূষিত জল ছাড়া হয়, এবং আমরা দেখছি প্রতিনিয়ত এই দূষিত জল পশ্চিমবাংলার নদ-নদী নালাকে দূষিত করছে, অথচ ওয়াটার পলিউশন বোর্ডের ঐ কমিটির হাতে কোনও ক্ষমতা নাই, এইভাবে যদি চলে তাহলে মানুষের জীবনে রোগ ছড়ানোর ব্যবস্থা হচ্ছে সে সম্বন্ধে আপনি কি সচেতন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** যেভাবে জল দূষিত হচ্ছে, বিশেষ করে দূষিত জল ছেড়ে দেবার জন্য শিল্পাঞ্চলে আমাদের এই বর্তমান আইনের দ্বারা তা প্রতিরোধ করা কিছুতেই সম্ভবপর নয়, এবং সেদিকে তাকিয়েই আমরা আইনটির পরিবর্তন করছি এবং কেন্দ্রীয় সরকারও এই সব সম্বন্ধে ভাবছেন। তাঁদের বিশেষজ্ঞদের নিয়ে এই বিষয়ে চিন্তাভাবনা চলছে এবং জল যা দূষিত হচ্ছে সেটা যাতে আর না বাড়ে সেটা ধীরে ধীরে কমিয়ে আনা এবং জলকে পরিশ্রুত করা, এই সব জিনিষ বিবেচনা করা হচ্ছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলকাতার আবহাওয়া দূষিত হচ্ছে এই ব্যাপারে ঐকটা কমিটি হয় এবং তাতে কলকাতা কর্পোরেশনের হেলথ ডিপার্টমেন্টের হেলথ অফিসার উপদেষ্টা কমিটির সদস্য হিসাবে আপনাদের কাছে রিপোর্ট পাঠিয়েছিল সেই ব্যাপারে কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা জানাবেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** নোটিশ দিলে বলতে পারব।

**ডাক্তারদের মফস্বলে কাজ করার প্রতিশ্রুতি পালন**

***২৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৪২।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরে যে সকল ছাত্র ডাক্তারী পরীক্ষা পাশ করিয়া বাহির হইয়াছে তাহাদের মধ্যে কতজন ভর্তির পূর্বে মফস্বলে কাজ করার প্রতিশ্রুতি দিয়াছিল;

(খ) উক্ত সময়ে কতজন ডাক্তার মফস্বলে হাসপাতালগুলিতে কাজ করিয়াছে এবং বর্তমানে কতজন করিতেছে; এবং

(গ) যাহারা উক্ত প্রতিশ্রুতি পালন করে নাই তাহাদের সম্বন্ধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) ১৯৭৩-৭৪ শিক্ষাবর্ষ থেকে যে সকল ছাত্র মেডিক্যাল কলেজগুলিতে ভর্তি হয়েছেন, শুধু তাঁরাই শিক্ষান্তে পশ্চিমবঙ্গের যে কোনও স্থানে ন্যূনতম পক্ষে তিন বৎসর কাজ করতে অঙ্গীকার বদ্ধ। তাঁরা এখনও পাশ করিয়া বাহির হননি।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**কান্দী মহকুমার বন্যাবিধ্বস্ত বাসগৃহ**

***২৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৫।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বন্যায় কান্দী মহকুমায় কতগুলি বাসগৃহ সম্পূর্ণ বিধ্বস্ত বা আংশিক ক্ষতিগ্রস্ত হইয়াছে; এবং

(খ) উক্ত মহকুমার কতজন ব্যক্তিকে গৃহনির্মাণ অনুদান দেওয়া হইয়াছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** (ক) ৬৬,২৭৪ টি বাসগৃহ।

(খ) ৩৫,৩৮৩টি পরিবারকে গৃহনির্মাণ অনুদান দেওয়া হইয়াছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** ঘর ভাঙ্গেনি এমন লোক টাকা নিয়েছে, অনুদান পেয়েছে, এই ধরণের ঘটনা আপনার জানা আছে কি?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জি ঃ** না, আমার জানা নেই।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** এই ব্যাপারে মুর্শিদাবাদের ম্যাজিস্ট্রেটের কাছেও দরখাস্ত করা হয়েছিল এই ধরনের খবর আপনি পেয়েছেন কিনা?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** এই রকম কোনও খবর আমার কাছে আসেনি, ম্যাজিস্ট্রেটের কাছ থেকেও আসেনি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** এই ধরনের খবর দিলে তদন্ত করবেন কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** নিশ্চয়ই করব।

## Calling Attention to Matters of Urgent Public Importance

[2-00—2-10 P.M.]

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথাঃ

(১) গ্রাম-পঞ্চায়েত প্রধানের সুপারিশ ব্যতীত কোল্ড স্টোরেজে আলু রাখতে না দেওয়ার নোটিশ—শ্রী অজয়কুমার দে।

(২) কলকাতা বিমান বন্দরে কংগ্রেস(ই) সদস্যদের মধ্যে মারামারি—শ্রী সুনীল বসু রায়।

(৩) ১২ই মার্চ থেকে বে-সরকারি বাসের সম্ভাব্য ধর্মঘট—শ্রী রজনীকান্ত দোলুই।

(৪) পাওয়ার লুম শিল্পের ৫০ হাজার শ্রমিকের সম্ভাব্য ধর্মঘট—শ্রী রজনীকান্ত দোলুই।

(৫) কলকাতায় যানবাহনের অব্যবস্থা—শ্রী রজনীকান্ত দোলুই।

(৬) উত্তরবঙ্গে ডিজেলের অভাব—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র।

(৭) উত্তর বঙ্গের মডিফায়েড রেশন ডিলারগণের ধর্মঘটের সিদ্ধান্ত—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র।

(৮) কন্টিনিউয়াস লোড শেডিং—শ্রী রজনীকান্ত দোলুই।

(৯) কেন্দ্রীয় ও রাজ্য বাজেট কার্যকর না হওয়া সত্ত্বেও নিত্য ব্যবহার্য দ্রব্যের মূল্য বৃদ্ধি—ডাঃ শেখ ওমর আলি।

আমি কলকাতা বিমান বন্দরে কংগ্রেসি নেতৃবর্গের উপস্থিতিতে দু'দলের সংঘর্ষ সম্বন্ধে শ্রী সুনীল বসু রায় যে দৃষ্টি আকর্ষণী প্রশ্ন তুলেছেন আমি সেটা গ্রহণ করছি। মাননীয় মন্ত্রী কবে উত্তর দেবেন?

**ডঃ অশোক মিত্র ঃ** ১৪ তারিখে।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে প্রভাতী সংবাদপত্রে একটি সংবাদ পড়ে আমি স্তম্ভিত হয়ে গেছি। কাগজে দিয়েছে—খন্ড যুদ্ধে বরকত ধরাশায়ী, দমদমে প্রলয়। এই বরকত আর কেউ নন, ইনি আমাদের হাউসের মাননীয় সদস্য, তার উপর বর্বর আক্রমণ হয় গতকাল দমদমে, প্রকাশ্য দিবালোকে হাজার হাজার মানুষের সামনে বরকত সাহেবের উপর আক্রমণ হয়েছে। আপনি স্যার, জানেন বরকত সাহেবের লম্বা চুল আছে, বাবরি চুল আছে, সেই চুলের মুঠি ধরে হিঁচড়ে ফেলে দিয়ে জোর লাথি, ঘুসি ইত্যাদি যা কিছু অত্যাচার করা হয়েছে। তিনি আমাদেরই হাউসের একজন মাননীয় সদস্য। মাননীয় সদস্যের উপর আক্রমণে আমরা নিশ্চিন্ত থাকতে পারি না। সদস্যের উপর যদি আক্রমণ হয় তো তাঁর নিরাপত্তার প্রয়োজন আছে। তাঁর জীবন নাশের চেষ্টা যখন হয়েছিল তখন এক ব্যক্তি তাঁকে আক্রমণ থেকে রক্ষার জন্য বরকতদাকে মেরে ফেলল বলে এগিয়ে যান, তিনিও ধরাশায়ী হন, তিনি হলেন শ্রী সুব্রত মুখার্জি, এই হাউসের প্রাক্তন সদস্য। কাজেই আপনার কাছে আবেদন করছি, আপনার উপর আমাদের সকলের আস্থা আছে, আপনি সকল মাননীয় সদস্যের নিরাপত্তার ব্যবস্থা করুন, তাঁদের জীবন নাশের চেষ্টা প্রতিহত যাতে হয়, আপনি অন্তত তাঁদের নিরাপত্তার ব্যবস্থা করুন—এই আশ্বাস আপনার কাছে চাইছি।

**শ্রী অমিয় ব্যানার্জি ঃ** এই ব্যাপারে, শচীন সেন মহাশয় যা বললেন, একটা তদন্ত হওয়া দরকার। আমরা জানতে চাই কে মারল, কিভাবে মারল, কেন মারল। এই ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বিশেষভাবে অনুরোধ করছি।

**মিঃ স্পিকার ঃ** চিফ মিনিস্টার উত্তর দেবেন, কলিং অ্যাটেনশন অ্যাকসেপ্টেড হয়েছে।

**শ্রী বিজয় পাল ঃ** স্যার, আমার একটা কথা নিবেদন করার আছে। গতকাল থেকে আমাদের হাউসের লবিতে ও পক্ষের সদস্যরা নাকি অনশন করছেন। কিন্তু আপনার পারমিশন না নিয়ে বিনা অনুমতিতে বাইরের বহু লোক আসছে, এম পি-রা এখানে এসে বক্তৃতা দিচ্ছেন। এটা কি করে সম্ভব হয় আপনার অনুমতি না নিয়ে? আর যে সব বক্তৃতা দিচ্ছেন আপনি স্বীকার করবেন কিনা জানি না যদি রেকর্ড হয়ে থাকে এগুলি সিডিশনের মধ্যে পড়ে কিনা, অ্যাসেম্বলি বলে হয়ত পড়ে না, কিন্তু বাইরে থেকে এভাবে লোকেরা আসবে এবং এভাবে বক্তৃতা করছে, এসম্পর্কে আপনার নির্দেশ চাইছি।

**মিঃ স্পিকার ঃ** কাল এ সম্পর্কে আমি আমার বক্তব্য বলেছি, এটা আমার হাতে ছেড়ে দিন।

**শ্রী অবিনাশ প্রামানিক ঃ** এই যে আপনার অনুমতি না নিয়ে অনশন না কি করছে, এটাকে অনশন বলে ধরা হবে কিনা?

**শ্রী অনিল মুখার্জি :** আপনি বলেছেন আপনি দেখবেন। আপনি বলেছেন বেআইনি কাজ হচ্ছে আপনি দেখবেন। কিন্তু আপনার আদেশে আপনি তাদের ব্যবস্থাও করে দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও তারা নিয়ম লঙ্ঘন করে গতদিন থেকে আজ পর্যন্ত যাদের পাশ নেই, বাইরের লোক ভিতরে নিয়ে এসে এখানে বিশৃঙ্খলা সৃষ্টি করছেন এবং শুধু তাই নয় আপনি দেখবেন যে আপনার যে আদেশ সাধারণভাবে দুজন করে ঢুকবার নিয়ম সেখানে আপনার আদেশ লঙ্ঘন করে এখানে কেউ কেউ যদি ৪/৫ জন লোক নিয়ে এসে গোলমাল সৃষ্টি করে সেইটা আপনি লক্ষ্য রাখবেন দয়া করে।

**মিঃ স্পিকার :** কালকে আমার যা বক্তব্য বলেছি। আমার বিনা অনুমতিতে কেউ কিছু করতে পারে না এবং তা করলে আমি সব সময় হস্তক্ষেপ করতে যাব কিনা, সেটা আমার বিষয়।

**Shri Krishna Pada Ghosh :** Mr. Speaker, Sir, in reply to the Calling Attention motion brought by Shri Gour Chandra Kundu, M.L.A., I beg to make the following statement.

Submissions are normally made by Employment Exchanges on seniority-cum-rotation basis in accordance with the provisions made in the National Employment Service Manual and the recruitment policy circulars of the State Government. Employment Exchange-wise Advisory Committees have been constituted with the M.L.A's of the area as members. They have been entrusted with the task of reviewing the work of the Employment Exchanges from time to time, as also to ensure that there is no irregularity in the matter of sponsoring name of candidates by the Employment Exchanges.

Specific cases of complaints brought to the notice of Government, if any, will be duly investigated and corrective measures adopted.

## Mention Cases

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** মাননীয় স্পিকার মহাশয়, আমি যে বিষয়টা বলতে চাইছি সেটা একটু আগেই আলোচনা হল। যেটা হচ্ছে, বিধানসভার লবিতে আজকে আমরা সকাল বেলা এসে দেখেছি যে সেখানে বসার জায়গা নেই, লোকজন সমস্ত বসে আছেন, সেখানেই তাদের দেখলাম যেখানে তাদের কালকে দেখেছিলাম। আমাদের মাননীয় সদস্য কয়েকজন আছেন এবং বাইরের লোকজনও আছেন, তারা বক্তৃতা করছেন এবং আরও কিছু অন্যান্য ধরনের লোকজনও আছেন—এই হচ্ছে অবস্থা। কাল থেকে আমাদের অন্যান্য সদস্যদের খুব অসুবিধা হচ্ছে এবং আর একটা প্রশ্ন আছে যেমন মাননীয় স্পিকার মহাশয় বলেছেন কালকে যে

যেভাবে বিধানসভার প্রটেক্টেড এরিয়ার মধ্যে এইভাবে যে কোনও সদস্যর যে কোনও সময় অবস্থান করার যতক্ষণ খুশি অধিকার আছে কিনা এবং যেহেতু বাইরে স্কোয়াটিং করে আছেন তারা সকলেই আমাদের বিধানসভার মাননীয় সদস্য, তাই মাননীয় স্পিকার মহাশয়ের নিশ্চয়ই তাদের উপর যে কোনও ব্যবস্থা গ্রহণের অধিকার আছে এবং বিশেষ করে অন্যান্য সদস্যদের অসুবিধা হচ্ছে এবং বিধানসভায় যে সম্পূর্ণ আইনভঙ্গ করা হচ্ছে সে বিষয়ে স্পিকারের দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য কালকে আমি যখন হাউসে ছিলাম, তখন দেখেছি, ওঁদের মধ্যে থেকে যে প্রশ্ন উঠেছিল, মাননীয় মুখ্যমন্ত্রী বসেছিলেন তখন হঠাৎ একটা প্রস্তাব এল কি আলোচনা, কি যৌথ ব্যবস্থা—ইত্যাদি। এইরকমভাবে প্রস্তাব অর্থাৎ মন্ত্রীদের কাছে অপোজিশন বেঞ্চ থেকে কোনও প্রস্তাব হাউসের মধ্যে করা চলে কিনা। আমরা জানি বিধানসভার কতকগুলো রুলস আছে। বিধানসভার বাইরে রাস্তাঘাটে বা রাইটার্স বিল্ডিংসে তারা যে কোনও কথা যে কোনওভাবে বলতে পারেন। কিন্তু বিধানসভায় যেখানে নির্দিষ্ট পদ্ধতি আছে, কলিং অ্যাটেনশন, ওমুক-তমুক আছে, সেক্ষেত্রে এখানে দুম করে একটা প্রস্তাব এনে অন্য কোনও মন্ত্রীকে বলা যায় কিনা আইদার টু অ্যাকসেপ্ট ইট অর রিজেক্ট ইট। এই রকম ব্যবস্থা রুলস অফ. প্রসিডিওরে কিছু নেই।

[2-10—2-20 P.M.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** যাই হোক, তাতে হয়ত মনে হচ্ছে গোঁসা করেছেন। তাদের হয়ত রাগ হয়ে গেছে। অসন্তুষ্ট হয়ে গিয়ে এই সব করছেন। তারা যা খুশি করুক, কিন্তু বিধানসভার সম্মুখের জায়গাটা প্রোটেকশন এলাকা। এর মধ্যে এটা করতে পারে না। এই সমস্ত বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মীর আব্দুর সঈদ ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি এই ব্যাপারে অন্য কিছু বলতে চাই না। ব্যাপারটা হচ্ছে তারা অনশন করছেন, সেই ব্যাপারে সদস্যরা তাদের মতামত বলেছেন। কিন্তু নানা ধরনের লোক আসছে এবং এর মধ্যে অ্যান্টি সোশ্যাল এলিমেন্টস এসে ঘটনা ঘটিয়ে দিলে তারপর চিৎকার হবে সি.পি.এম. এইগুলি ঘটিয়েছে। তাই আমি এইদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, অন্তত এদিকে একটু দেখা দরকার।

**মিঃ স্পিকার ঃ** মেনশন আওয়ারে এইসব করলে আমি কি করে হাউস চালাতে পারি? আপনি মেনশনে নাম দিয়েছেন? আপনি নাম দিলেন না কেন?

**শ্রী মনোরঞ্জন হাজরা ঃ** স্যার, আমি একটু বলে নিই। আমাদের অতীতের তিক্ত অভিজ্ঞতা আছে বাহিরের লোক এসে বক্তৃতা দিয়ে এই হাউস ইনভেডেড হয়েছিল এবং সেই রকম ঘটনা ঘটবার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। সেই জন্য আমাদের আগে থেকে এমন কতকগুলি মেজার নেওয়া দরকার যেগুলি আমাদের হাউসের নিরাপত্তার ব্যাপারে—আপনাকে সেগুলি করতে হবে।

**শ্রী এম.আনসারুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে আমাদের একজন মাননীয় সদস্য শ্রী শচীন সেন আপনার দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি আপনার কাছে বলতে চাই, আজকের সংবাদপত্রগুলিতে দেখেছি কংগ্রেস(ই)-র নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী গতকাল এয়ারপোর্ট হোটেলে যখন আসেন তখন সেই সময় কিছু গুন্ডা আমাদের বিধানসভার মাননীয় সদস্য শ্রী আবু বরকত আতাউল গনিখান চৌধুরির উপর আক্রমণ করেন। এই ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। আমি শুধু আপনার মাধ্যমে দাবি করছি যে সমস্ত গুন্ডা এই জিনিস করেছে তাদের গ্রেপ্তার করা হয়েছে কিনা এবং যদি গ্রেপ্তার করা না হয়ে থাকে তাহলে এখনি তাদের গ্রেপ্তারের ব্যবস্থা করা উচিত—আমি এই দাবি আপনার মাধ্যমে করছি এবং এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri A.H.Besterwitch :** Mr. Speaker, Sir, today I have to raise an issue which is very important. This is regarding the rise in the fare of taxis. I believe, the Chief Minister has assured the taxi owners that there will be rise in taxi fare. Sir, is it to sacrifice the people of this country that there will be rise in taxi fare? Only a few years back an increase of rupee one in taxi fare was made. How it has been raised to Rs.1.80 and today they want more. I think they are holding the State to ransom. If the Cabinet does not take any action against these people, it will be a difficult problem and now what is going to happen with the petroleum dealers? They have already cleaned down their depots and score of them have already raised the price by 50 paise a litre. No action has yet been taken. They are making hay in the sunshine. The Central budget has not yet been passed. Still they have raised the price. So, I request the Cabinet, as a whole, if they really think for the people of Calcutta they should take action immediately so that there will be no rise in taxi fares. Action against these taxi owners should be taken immediately.

Thanking you.

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকের যুগান্তর কাগজে দেখলাম 'কলকাতা বিশ্ববিদ্যালয়ের দলদল ছাত্র ছাত্রীর রেজাল্ট বিভাগ না চিংড়ী মাছের হাট' এই নামে একটি সংবাদ বেরিয়েছে। বিশ্ববিদ্যালয় যখন অধিগ্রহণ করা হয়েছিল তখন বলা হয়েছিল দুর্নীতি বন্ধ হবে এবং পরীক্ষাগুলি নিয়ম মাফিক হবে, পরীক্ষার ফলাফল যথাযথভাবে বেরোবে। কিন্তু কি দেখতে পেলাম? বি.এ., বি.এস.সি. পার্ট-১ পরীক্ষার রেজাল্ট আউট হবার পরে দেখা গেল বহু রেজাল্ট ইনকমপ্লিট এবং যেখানে বাইরের লোকের ঢোকার কথা নয়।

বাহিরের লোক ঢুকেছে এবং মার্কশিট নিয়ে রেজাল্ট সেকশনে গিয়ে তাদের নম্বর মিল করছে। যে মার্কসিট দেওয়া হয়েছে, তাতে বিষয় আছে তো নম্বর নেই, নম্বর আছে তো বিষয় নেই, রেজাল্ট শিটে নম্বর একটায় কম, একটায় বেশি করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, কলকাতা বিশ্ববিদ্যালয় একটা ঐতিহ্যমন্ডিত বিশ্ববিদ্যালয়, এটাকে অধিগ্রহণ করা হয়েছে দুর্নীতি বন্ধ করার জন্য, রেজাল্ট যাতে ঠিকমতো বার হয় তারজন্য, ঠিক সময় মতো যাতে পরীক্ষা গ্রহণ করা হয় তারজন্য, কিন্তু আজকের দিনেও সেই একই জিনিস চলেছে। উচ্চ শিক্ষামন্ত্রী আশা করি অবিলম্বে এই সম্পর্কে একটা বিবৃতি দেবেন।

**শ্রী সুহৃদ মল্লিক চৌধুরি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গঠনমূলক প্রস্তাব রাখতে চাই, যার সঙ্গে জড়িত শ্রমমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী। আমাদের পূর্বাঞ্চলে বেশির ভাগ বস্তি আছে, সেখানকার মানুষ কোনও রকমে না খেতে পেয়ে, আধ পেটা খেয়ে দিন যাপন করে। সেখানে যানবাহনের সুযোগ সুবিধা নেই—আমি ঐ মানিকতলা কেন্দ্রের কথা বলছি, সেই কেন্দ্রের খুব আনন্দের কথা এবং আমাদের খুব গর্বের কথা কিছুদিন আগে ই.এস.আই. হসপিটাল হয়েছে, বিরাট হসপিটাল, দু'কোটি টাকা খরচ করা হয়েছে, সেখানে যারা শ্রমজীবী মানুষ তাদের চিকিৎসার ব্যবস্থা করা হবে। কিন্তু আমি এই কথা বলতে চাই, ওখানে শুধু শ্রমজীবী যারা তাদের জন্য যেমন ব্যবস্থা আছে তার সঙ্গে সঙ্গে এখানে যে সমস্ত বস্তিবাসী আছে, যাদের চিকিৎসার জন্য হাসপাতালের দরজায় দরজায় ঘুরতে হয় এবং যারা প্রত্যেকটি হাসপাতাল থেকে মাসের পর মাস, বছরের পর বছর অপেক্ষা করে তারা তাদের তিলে তিলে আত্মবিলোপের পথে চলে যায়, তার থেকে বাঁচবার জন্য অন্তত কয়েকটি বেড নিয়ে একটা ওয়ার্ড ঐ অঞ্চলের অধিবাসীদের জন্য রাখার ব্যবস্থা যাতে শ্রমমন্ত্রী করেন, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়কে সেই অনুরোধ করতে চাই। সঙ্গে সঙ্গে বলতে চাই, আর একটা হাসপাতাল আছে, যে হাসপাতালটির নাম হচ্ছে আই.ডি. হাসপাতাল। এই হাসপাতালে আগে যক্ষ্মা রোগীদের চিকিৎসা হত, তাদের রাখবার ব্যবস্থা ছিল এবং সেখান থেকে ধীরে ধীরে অন্যান্য জায়গায় পাঠিয়ে দেওয়া হত, রোগের গুরুত্ব উপলব্ধি করে। এখন সেটা উঠে গেছে। এখন সেখানে অনেক জায়গা পড়ে রয়েছে। সেই সমস্তগুলোকে যদি ব্যবহার করা যায়, ওখানে যদি একটা জেনারেল বেডের ব্যবস্থা করা যায়, এই রকম যদি একটা ব্যবস্থা থাকে এবং সেখানে যদি কয়েকটা কেবিনের ব্যবস্থা থাকে তাহলে পরে ঐ অঞ্চলের ঐ গরিব মানুষদের সাময়িক একটা চিকিৎসার ব্যবস্থা হয়। তারপর পরবর্তীকালে তাদের অন্য জায়গায় চিকিৎসার জন্য পাঠিয়ে দিলে, অনেককে বাঁচিয়ে দেওয়া যায়। যার উদাহরণ হচ্ছে—আমি গত ২৩শে জানুয়ারি হার্ট অ্যাটাকে পড়ি, আমার গাড়ি আছে বলে আমি এন.আর.এস. হাসপাতালে ভর্তি হতে পেরেছিলাম এবং আজকে সুস্থ হয়ে আপনাদের সামনে আসতে পেরেছি।

[2-20—2-30 P.M.]

যারা গরিব, যারা দুঃস্থ, যাদের ওখানে ট্যাক্সি নেই, অ্যাম্বুলেন্স আসতে পারে না তাদের আসতে গেলে সেখানে আধঘন্টা অন্তত দেরি হয়। এই অবস্থায় সেখানকার মানুষদের বাঁচবার জন্য আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাব, সেখানে আই.ডি.হাসপাতালে এমন একটা ব্যবস্থা করুন যাতে টেম্পোরারিলি হঠাৎ যারা আসবেন—ঐ হৃদরোগী বলুন বা ঐ ধরনের রোগ, তাকে হয়ত ইহলোক ত্যাগ করতে হবে—সেখানে তাদের জন্য যেন ২/১টি বেড বা ২/১টি কেবিনের ব্যবস্থা গড়ে তোলা যায়। আপনার মাধ্যমে স্যার, মন্ত্রী মহাশয়ের কাছে এই আবেদন রেখে বা এই প্রস্তাব রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী হাজারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এইমাত্র স্যার, লবিতে আমাদের যে স্টাফ জল দেয় সেখানে আমি জল খেতে গিয়েছিলাম। আমাকে সেই স্টাফ বলেছেন, যাঁরা অনশন করেছেন তাঁদের আগে জল দেব, এখন জল দেব না। আমি স্যার, আপনার কাছে জানতে চাই যে, কোথায় এই সিদ্ধান্ত হল যে আমরা, যারা বিধানসভার সদস্যরা আছি, আমাদের জল না দিয়ে অন্যদের জল দেওয়া হবে। আমি স্যার, আপনাকে এটা জানালাম, আমি এর প্রতিকার চাইছি।

**মিঃ স্পিকার ঃ** আপনি আমাকে বলেছেন, আমি দেখছি।

**শ্রী সন্তোষ বিষয়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার গড়বেতা তিন নং ব্লকের অন্তর্গত পাহাড়ীমাতা কোল্ড স্টোরেজ বন্ধ হতে চলেছে। স্যার, সেখানে এই কোল্ড স্টোরেজের মালিক সরকারের সঙ্গে সম্পূর্ণ অসহযোগিতা করে চলেছে। ঐ ব্লকের বি.ডি.ও. সাহেব এবং মেদিনীপুর সদরের মহকুমা শাসক বিভিন্ন কোল্ড স্টোরেজের মালিককে ডেকেছিলেন, তারা এসে চাষীদের প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু এই পাহাড়ীমাতা কোল্ড স্টোরেজের মালিক তিনি বি.ডি.ও. বা এস.ডি.ও. সাহেবের ডাকে আসেন নি। চাষীদের স্যার, সেখানে আন্দোলন করা ছাড়া উপায় নেই। চাষীরা সেখানে আন্দোলনে নেমেছেন। মালিক সেখানে অনমনীয় মনোভাব দেখিয়ে চলেছেন। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, অবিলম্বে যেন ব্যবস্থা অবলম্বন করা হয়। স্যার, ঐ এলাকায় এবারে বাম্পার ক্রপ হয়েছে, আলুর ফলন খুব ভাল হয়েছে। এই অবস্থায় যদি কোল্ড স্টোরেজের মালিকরা চক্রান্ত করে কোল্ড স্টোরেজ বন্ধ করে দেন তাহলে একদিকে তো আলুর দাম নেই তার উপর এই চক্রান্তের ফলে চাষীরা খুব আঘাত পাবে। এই পাহাড়ীমাতা কোল্ড স্টোরেজ যাতে চালু হয় এবং চাষীদের জন্য যাতে সেখানে স্থান সংরক্ষণ থাকে তার ব্যবস্থা করার জন্য আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ করছি।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** স্যার, লবিতে শ্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় ইন্দিরা কংগ্রেস থেকে আরম্ভ করে সকলের গলায় মাল্যদান করছেন এবং তাঁরা তাঁর পদধূলি নিচ্ছেন। সেখানে ইন্দিরা কংগ্রেস, কংগ্রেস সকলে তাঁর পদধূলি নিচ্ছেন।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বন্যায় যে সমস্ত প্রাইমারি স্কুল ক্ষতিগ্রস্ত হয়েছে সেই সমস্ত প্রাইমারি স্কুল পুনর্নির্মাণ এবং মেরামতের জন্য বাঁকুড়া জেলাতে সরকার থেকে যে অর্থ দেওয়া হয়েছে তারজন্য বাঁকুড়া জেলার জেলাপরিষদ গত ১লা ফেব্রুয়ারি এবং বাঁকুড়া জেলা স্কুল বোর্ড থেকে ৯ই ফেব্রুয়ারি তারিখে কোতলপুর থানার পঞ্চায়েত সমিতিকে চিঠি দেওয়া হয়। সেখানে যাতে তারা তথ্য সংগ্রহ করে তাদের জানান সে কথা বলা হয়। সেই পঞ্চায়েত সমিতি গত ১৪ই ফেব্রুয়ারি মদনমোহনপুর গ্রামপঞ্চায়েতকে চিঠি দেন এবং সেখানে একজন গ্রামপঞ্চায়েতকে দায়িত্ব দেওয়া হয় যে, যে সমস্ত ক্ষতিগ্রস্ত স্কুল আছে তার তথ্য সংগ্রহ করুন। সেই মদনমোহনপুর গ্রামপঞ্চায়েতের সদস্য শ্রী শঙ্কর মন্ডল ঐ মদনমোহনপুর গ্রামঞ্চায়েতের অধীনে কাঁটাস প্রাথমিক বিদ্যালয়ে গিয়েছিলেন তথ্য সংগ্রহ করতে। সেই অনুযায়ী পঞ্চায়েত সমিতি একটা প্রোফর্মা করে দিয়েছিলেন। তিনি যখন যান ঐ স্কুলের প্রধান শিক্ষক শ্রী শান্তিনাথ পাত্র এবং সহকারি শিক্ষক শ্রী প্রফুল্ল ঘোষ সেই তথ্য দেন নি বরং নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের অপমানিত করে ঘাড় ধরে সেই কাটাস বিদ্যালয় থেকে বের করে দেন। এই ঘটনার পরে প্রাথমিক বিদ্যালয়ের সভাপতিকে জানানো হয়, এটা ২১ তারিখের ঘটনা। তিনি এস.আই.কে চিঠি দেন, তখন এস.আই. বলেন যে আমি কিছু করতে পারব না, আপনারা এটার প্রতিকার করার চেষ্টা করুন, এই কথা বলে তিনি একটা চিঠি দেন। তখন ঐ স্কুলের প্রধান শিক্ষক, এস.আইকে চিঠি দেওয়া হয় যে আপনারা উপস্থিত থাকবেন আমরা যাব। এই চিঠি দেওয়া হয় ২২ তারিখে। কিন্তু সেই স্কুলে যখন তাঁরা যান তখন এস.আই. থাকেন না।

**মিঃ স্পিকার ঃ** আপনি বসুন। আপনি এতক্ষণ ধরে বললে অন্য লোকেরা বলবে কি করে?

**শ্রী গুনধর চৌধুরি ঃ** মাননীয় কংগ্রেস সদস্য সত্যরঞ্জন বাপুলি এই ঘটনাকে অসত্য বলে প্রচার করেছেন।

**মিঃ স্পিকার ঃ** আপনাকে আমি বসতে বলছি, আপনি শুনছেন না। এর পরে যদি আপনি বলতে থাকেন তাহলে আউট অব রেকর্ড করে দেব।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** আমরা সম্মেলনের চাঁদা চাইতে গিয়েছিলাম সেই সমস্ত কাগজ পত্র আমার কাছে আছে।

**মিঃ স্পিকার ঃ** আপনি যা বলবেন ইট উইল বি আউট অব রেকর্ড। আমি বার বার বলেছি যে এখানে উল্লিখিত কোনও বিষয়ে বিতর্কিত করে আবার উল্লেখ করা চলবে না। আপনারা যদি এইভাবে বলতে থাকেন তাহলে তো আর উল্লেখ করা চলবে না। এইভাবে আপনাকে বার বার বসতে বলছি কিন্তু আপনি বসবেন না তাহলে আমি কি করব?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পিকার মহাশয়, আপনি নিশ্চয়ই সংবাদ পত্রে দেখেছেন যে পাওয়ার লুম ওয়ার্কারদের ৫০ হাজার শ্রমিক মালিকের অনমনীয় মনোভাবের ফলে আগামী ১২ই মার্চ থেকে ধর্মঘটের পথে চলেছেন এবং কটন টেক্সটাইলের প্রাইভেট ওনারশিপে প্রায় ৫০ হাজারের মতো শ্রমিক আছে, তাঁরাও আগামী ১৫ই মার্চ তারিখ থেকে ধর্মঘট-এর পথে পা বাড়াচ্ছেন। কারণ গত ৬ তারিখে লেবার কমিশনারের ঘরে মালিকেরা যে অনমনীয় মনোভাব দেখিয়েছেন এবং বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে তাঁদের বক্রোক্তির ফলে সূতা শিল্পের ৫০ হাজার শ্রমিক আগামী ১৫ই মার্চ ধর্মঘট-এর পথে বা বাড়াচ্ছেন। এই ব্যাপারে আমি মাননীয় শ্রম মন্ত্রী মহাশয় ও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ দাবি করছি এবং অবিলম্বে মালিকদের বাধ্য করার জন্য বলছি এবং এই সূতা শিল্পের শ্রমিক এবং পাওয়ার লুমের শ্রমিকরা যাতে তাঁদের ন্যায্য দাবি আদায় করতে পারে তার জন্য আগ্রহী হোন।

**শ্রী সুনীল বসু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের বিশেষ করে খাদ্য মন্ত্রী মহাশয়ের একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এখানে ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া থেকে যে সমস্ত খাদ্য দ্রব্য পাই তার নিম্ন মান সম্পর্কে আমি অভিযোগ করেছি এবং অনেক আলোচনাও হয়েছে কিন্তু আজকে আমি দেখছি স্টেটস্‌ম্যান কাগজে একটা খবর বেরিয়েছে যে রাজ্যসভার কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন যে কোনও রাজ্য থেকে ফুড কর্পোরেশন-এর গুদাম থেকে খাবার চাল, গম পাওয়া গেছে বলে অভিযোগ পাওয়া যায় নি। আমি খাদ্যমন্ত্রীর কাছ থেকে এই সম্পর্কে বিবৃতি জানতে চাইছি যে এই রকম অভিযোগ তাঁরা জেনেছিল কিনা।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সভার কাছে রাখছি। পশ্চিমবঙ্গের বিধিবদ্ধ এবং আংশিক রেশনিং এলাকায় রেশন কার্ড সরবরাহ নিয়ে লক্ষ লক্ষ মানুষ প্রচন্ড ভাবে হয়রানি হচ্ছে। যদিও বর্তমান সরকার আসার পরে কিছুটা সংশোধন হয়েছে সরবরাহ নির্দেশ। কিন্তু এখনও আমাদের তিক্ত অভিজ্ঞতায় দেখছি যে কি গ্রামে এবং শহরে সাধারণ মানুষ রেশন অফিসে কার্ড সংগ্রহের জন্য সেখানে গিয়ে দুর্নীতি পরায়ণ কিছু কর্মচারীর শিকার হচ্ছে এবং মাসের পর মাস তাঁদের হয়রানি করা হচ্ছে। আমার কাঁছে তথ্য আছে যে ২৮ সপ্তাহ, ৩০ সপ্তাহ করে টেম্পোরারি কার্ড দেওয়া হচ্ছে এবং ঘুস না দিলে পার্মানেন্ট কার্ড দেওয়া হবে না এই কথা বলা হচ্ছে।

does not exceed Rs.200/- per month but there will be no means test for labourers and persons belonging to Scheduled Castes and Scheduled Tribes. In matrimonial suits also legal aid will be given to ladies whose income does not exceed Rs.200/- per month and whose parents and brothers have no means to assist them. Lastly under the new scheme legal aid includes legal advice also

19. With these words, Sir, I comment my motion for acceptance of the House.

**Demand No. 8**

**Major Head : 230—Stamps and Registration**

**Shri Hashim Abdul Halim :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.2,93,20,000/- be granted for expenditure under Demand No.8-Major Head "230-Stamps and Registra-tion."

2. Out of the sum of Rs.2,93,20,000/-, the break-up figures of expenditure on "Stamps and Registration" are as follows :—

| | | | |
|---|---|---|---|
| (a) | Stamps—Judicial | .... Rs. | 9,04,000/- |
| (b) | Stamps—Non-Judicial | .... Rs. | 56,02,000/- |
| (c) | Registration | .... Rs. | 2,28,14,000/- |
| | Total | .... Rs. | 2,93,20,000/- |

3. The final demand for grant under "Stamps" for Rs.65,06,000/- represents the cost of collection of stamp duty and expenses on sale of stamps. The amount of duty estimated to be collected during the year under review is Rs.22,02,50,000/-

4. I submit below a resume and survey of the working of Registration Directorate. There are at present 212 Registration Offices including 17 Sadar Offices in the State. The amount of receipts for the year 1978-79 is about Rs.3,15,75,000/- against the total figure of Rs.2,58,51,310/- during the previous year, 1977-78. (Against the expenditure of about Rs.2,34,85,500/- during the year 1978-79 the actual expenditure during 1977-78 was Rs.1,92,68,775/-.

5. Of the 212 Registration Offices in the State, 40 Offices are housed in Government building borne on the books of the public works Department. Rest are accommodated in rented houses. The provision of Government Buildings for all offices and Quarters for all the Sub-Registrars will stop the necessity of incurring recurring expenditure and whenever necessary finance is available, steps will be taken in this direction.

6. Since 1.4.52 Sub-Registrars are recruited on the result of the West Bengal Civil Service Examination Conducted by the Public Service Commission. Of the 212 Registration Offices, 41 are now being run on a temporary basis.

7. 1262 Extra Muharrirs have been regularised by the Government and the proposed for regularisation of the rest is being considered.

8. The Government also proposes to introduce shortly a new system which will dispense with the necessity of copying of the registered deeds. This will go a long way to remove difficulties in the way of quick delivery of the registered documents to the parties concerned. Necessary legislation in this regard has already been enacted. It will also economize the cost of administration.

9. The Inspector General of Registration acts as the State Vigilance Officer for the Registration Directorate and the District Registrars for their respective districts.

10. There is a shortage of about 60 sub-registrars in the State as a result of which many registration offices could not be manned by whole time officers. Measures for overcoming the situation are being taken by Government.

11. The Department has been running satisfactorily.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**অধ্যক্ষ মহাশয় :** যে কাট মোশনগুলি এই প্রস্তাবের উপর আছে সেগুলি নিয়মানুগ। এখন যাঁরা আলোচনায় অংশ গ্রহণ করতে চান তাঁরা আলোচনায় অংশ গ্রহণ করবেন।

**Demand No. 4**

**Shri Suniti Chattaraj :** That the amount of the Demand be reduced to Re.1/-.

**Shri Suniti Chattaraj :** That the amount of the Demand be reduced by Rs.100/-.

**Shri A.K.M. Hassan Uzzaman :** Do.

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলার আইনমন্ত্রী শ্রী হাসিম আব্দুল হালিম যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি।

পশ্চিমবাংলায় এপর্যন্ত প্রায় ২০০০-এর উপরে মামলা তুলে নেওয়া হয়েছে। যারা শাস্তি পেয়েছিল তাদের পর্যন্ত ছেড়ে দেওয়া হয়েছে। বিচারাধীন বন্দিদের ছেড়ে দিলে তবু কথা ছিল, বিচারে যাদের শাস্তি হয়েছে তাদের পর্যন্ত ছেড়ে দেওয়া হয়েছে এবং এর যে সংখ্যা সেটা একটা ভয়াবহ সংখ্যা। এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি এমন সমস্ত লোকদের ছাড়া হয়েছে যাদের বিরুদ্ধে নর-হত্যার অভিযোগ, খুন জখমের অভিযোগ ছিল, অগ্নি সংযোগের অভিযোগ ছিল, এমন কি নারী ধর্ষণের অভিযোগ পর্যন্ত ছিল। এগুলি কেন করা হয়েছে, কোনও রাজনৈতিক কারণে করা হয়েছে আমরা তা বুঝতে পারি না? তারপর যাদের সত্যিকারের জেলে থাকা উচিত ছিল পয়সা আছে চোরাকারবার করে এবং তাদের মধ্যে যারা শাস্তি পেয়েছিল তাদেরও এই সুযোগে সরকার ছেড়ে দিয়েছেন। সুতরাং একটা বিশেষ কোনও উদ্দেশ্য না থাকলে এই জিনিস করা যায় না। আর এই কাজের ফলশ্রুতি হিসাবে পশ্চিমবাংলায় আমরা কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার যথেষ্ট অবনতি ঘটেছে, চুরি ডাকাতি বেড়ে গেছে, সমাজ-বিরোধী কার্যকলাপ বেড়ে গেছে এবং এই সমাজ বিরোধীরা কোথাও কোথাও পার্টির নামে মাস্তানি করে বেড়াচ্ছে এবং এই জন্যই বোধ হয় আইন মন্ত্রী মহাশয় তাদের বিরুদ্ধে অভিযোগ তুলে নিয়েছেন। পশ্চিমবাংলায় যে ডি.এল.আর ব্যবস্থা ছিল তা তুলে নেওয়া হয়েছে এবং তিনি আড়াই হাজারের মতন মাইনা পাবেন সেই জায়গায় এই রকম একজন পাবলিক প্রসিকিউটর হাইকোর্টে রেখেছেন। সেই পাবলিক প্রসিকিউটর যিনি হয়েছেন তার সম্বন্ধে আমার বলার কিছু নেই। কিন্তু এই কনসালটেশন ফি, রিটেনার ফি প্রভৃতি নানা রকম ফি নিয়ে মোটের উপর তার পিছনে যে টাকা খরচ হয় সেটা ২৫০০ টাকার অনেক বেশি। জানি না আইন মন্ত্রী মহাশয় তথ্য দিয়ে পাবলিক প্রসিকিউটরের জন্য এ পর্যন্ত কত টাকা খরচ করেছেন—সেটা ২৫০০ টাকার চেয়ে বেশি কিনা তা বলতে পারবেন। আইন মন্ত্রীর আমলে আর একটি জিনিস দেখেছি সেটা হচ্ছে লিটিগেশন সম্বন্ধে। এই লিটিগেশন কেসে গভর্নমেন্টের অনেক টাকা এক্সপেনসেস বেড়ে গেছে। আগে আগে গভর্নমেন্টের কোনও কেস রিপ্রেজেন্ট করার জন্য দুই-এক জন লোক নিয়োগ করা হত। এখন কখনও কখনও দেখেছি অ্যাডভোকেট জেনারেল থেকে শুরু করে কেস প্লিড করার

জন্য আরও অনেকে থাকেন—জানি না কম সংখ্যক নিয়োগ করলে কত ক্ষতি হত? তবে লিটিগেশন এক্সপেনসেস সম্বন্ধে আইন মন্ত্রী মহাশয় যদি তথ্য রাখেন তাহলে আমার কথার সত্যাসত্য যাচাই করা যাবে। আমার কথা ভুল প্রমাণ করতে যদি পারেন তাহলে আমি মেনে নেব। সুপ্রীম কোর্ট কেস উইথড্রয়ালের ব্যাপারে পরিষ্কার বলেছেন যে, কোনও কেস বিচার-বিবেচনা কোনও রাজ্যের পাবলিক প্রসিকিউটর করে দেবেন। গভর্নমেন্টের মতামত হতে পারে না। কেস উইথড্রয়ালের ব্যাপারে পাবলিক প্রসিকিউটর যদি ফিল করেন তাহলে তিনি ব্যবস্থা নিতে পারেন। কিন্তু এখানে গভর্নমেন্ট আগে অর্ডার দিয়ে দিচ্ছেন। পাবলিক প্রসিকিউটর গভর্নমেন্টের অর্ডার অনুযায়ী কেস তুলে নেওয়ার ব্যবস্থা করছেন। এদিকে কোর্টে কেসের পর কেস জমে আছে। আপনারা স্বীকার করেছেন অনেক কেস জমে আছে। এইগুলি ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন তা আপনার বাজেট বক্তৃতার মধ্যে কিছুই নেই। হাইকোর্টের অরিজিনাল সাইড, কলকাতা ছাড়া একমাত্র বোম্বেতে আছে, আর কোথাও নাই। হাইকোর্ট যদি পিওরলি কোর্ট অফ অ্যাপিল হত তাহলে হাইকোর্টে এত কেস অ্যাকুমুলেটেড হত না। কলকাতা হাইকোর্টের জুরি ডিকশন অধীন লোক, আলিপুর বা সিটি সিভিল কোর্টে যেতে পারলে তাঁদের আর্থিক সুবিধা হত। বর্তমান ব্যবস্থায় অনেকে কিন্তু এই জন্য কোর্টে যেতে পারবে না। এই জিনিসগুলি যদি বিভিন্ন আয়ের লোকের সুবিধার্থে ব্যবস্থা করতেন তাহলে ভাল হত। অন্যত্র নেওয়ার ব্যাপারে নিশ্চয়ই ব্যবস্থা করতে পারতেন। কিন্তু সেগুলি পারছেন না। আর অন্য দিকে স্ট্যাম্প রেজিস্ট্রেশনে যা ব্যবস্থা করেছেন সেখানে আমরা দেখেছি দাম বেড়েছে। এদিকে রেজিস্ট্রেশন অফিসে একটা জমি বিক্রয় করার পর সেই জমির কবে রেকর্ড হবে এবং তার দলিল কবে পাবে তা কেউ জানে না। এখন সারা পশ্চিমবাংলায় অপারেশন বর্গা হচ্ছে। এখন আপনাদের আসার আগে যে জমি বিক্রয় হয়ে গেছে এখন অপারেশন বর্গার কাজ চলেছে কিন্তু ঐ জমির মালিক তার হাতে রেকর্ড নেই। জে.এল.আর.ওকে কোনও রেকর্ড দেখাতে পারবে না সুতরাং তার জমি হাত ছাড়া হয়ে যাবে। এই হচ্ছে অবস্থা। সুতরাং অপারেশন বর্গার নামে যে জিনিস চলেছে সেটা আইনের দিক থেকে কতখানি গ্রাহ্য হবে তা দয়া করে দেখবেন। এই অপারেশন বর্গার নামে দলবাজির ব্যবস্থা আপনারা সৃষ্টি করে দিয়েছেন। সুতরাং এই যদি চলতে থাকে তাহলে একে আমরা নিশ্চয়ই সমর্থন করতে পারি না। তাই আমি আইন মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7-00 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হালিম সাহেব বিচার মন্ত্রী যে বক্তব্য রাখলেন তার মধ্যে দেখা গেল একটা হতাশার ভাব যে তাঁর কিছু বলার নেই হাইকোর্ট সমস্ত করবে কন্ট্রোলটা হাইকোর্টের ওপরে। তিনি শুধু টাকা দেবার মালিক, আরেকটা হিসেব দিয়েছেন কোথায় কত খালি আছে। এই মন্ত্রী হবার পর রাজ্যের আইন শৃঙ্খলার অবনতি যতটা হয়েছে তার বেশি হয়েছে বিচার বিভাগের। কারণ ইতিপূর্বে শোনা যায়নি কোনওদিন

যে রেপকেস পলিটিক্যাল কেস বলে উইথড্র হয়ে গেল, এবং তার জন্য কোর্টে দরখাস্ত হল। ইতিপূর্বে এটাও শোনা যায়নি যে একটা কেস উইথড্র করার জন্য জজসাহেবকে প্রেয়ার করবার পর যদি রিফিউজ হয় তাহলে তাঁকে পরিবর্তন করে অন্য আরেকজনকে দেওয়া হল। ইতিপূর্বে এটাও শোনা যায়নি, যে ২৪ পরগনার পি.পি. অ্যাপয়েন্ট করা হল যাতে কোর্ট থেকে বলল ইললিগ্যাল অ্যাপয়েন্টমেন্ট। মালদায় যে পি.পি. অ্যাপয়েন্ট করা হল সেখানেও কোর্ট থেকে বলল ইললিগ্যাল এবং হাইকোর্ট সেটা কনফার্ম করল। এইভাবে তিনি আইনমন্ত্রী হবার পর কত যে ভুল করেছেন তা বলা যায় না। প্যানেল অফ পি.পি. করতে গেলে সেকশন ২৪ অফ সি.আর.পি.সি. ১, ২, ৩ মেনটেন করতে হয় কিন্তু ২৪ মেনটেন করা হয়নি বলে বে-আইনি হয়েছে। অথচ তিনি একজন দক্ষ আইনজ্ঞ, কিছুদিন আগে মহেশতলায় একটা খুন হল তার বোন রক্তাক্ত ছোরা নিয়ে গিয়ে থানায় হাজির হয়, ম্যাজিস্ট্রেট ৪৩৭ ক্লজ ওয়ান মার্ডার কেসে বেল দিলেন, যেটা আইনত দেবার ক্ষমতা নেই। সেখানে সি.পি.এমের লোক গিয়ে সেই ম্যাজিস্ট্রেট কে ইনফ্লুয়েন্স করে যাতে সে বেল না দিতে পারেন এর ফলে তিনি ১০ দিন কোর্টে যেতে পারেন নি।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, কোনও মামলা যদি বিচারাধীন থাকে তাহলে, it cannot be discussed in this house, according to rules of the House.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এটা সাবজুডিস ম্যাটার, আলোচনা করা যায় না আমি জানি কিন্তু আমি শুধু মেনশন করতে পারি, ডিসকাশ করতে পারি না। I am placing the real facts of the case--the unfortunate fate of the case.

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** রুলসে বাঁধা আছে।

**শ্রী সমর রুদ্র ঃ** বিচারপতিদের সম্পর্কে যেসব কথা বলেছেন তাতে কনটেম্পট অফ কোর্ট হয়ে যাচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বিধানসভায় বললে সেটা কনটেম্পট অফ কোর্ট হয় না। এইভাবেই দেখা যাচ্ছে একটা কেসে ২/৩ জন করে পি.পি. অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে। আইনঅনুযায়ী একজন পি.পি. অ্যাপয়েন্টেড হয়, কিন্তু দেখা গেল একজন পি.পি. আছেন, আরেকজন স্পেশাল পি.পি. এসে কেস নিলেন। অর্থাৎ একটা কেস যেভাবেই হোক উইথড্র করতে হবে। তারজন্য স্পেশাল পি.পি. হাইকোর্ট থেকে অ্যাপয়েন্টমেন্ট হয়ে যাওয়া হচ্ছে কারণ যেহেতু সেই কেসটা উইথড্র করতে জজসাহেব রিফিউজ করছেন, অতএব এটা করতেই হবে।

৩ মাস হল একজন জজসাহেব তিনি কৃষ্ণকুমার শুক্লার একজন কর্মী মার্ডার হয়েছিলেন সেই কেস উইথড্র হয় নি বলে দেখা গেল আরেকজন জজসাহেব সেখানে গেলেন, আমরা বুঝতে পারছি না বিচার কোথায় গেছে? আমি জানি পলিটিক্যাল কেস বলে কোনও কেস

তোলা হচ্ছে সেই সমস্ত কেসগুলোতে যদি সি.পি.এমের লোক আসামী হয়ে থাকে তাহলে সেগুলি উইথড্র করা হচ্ছে, আইন মাফিক বিচার হওয়া দরকার কিন্তু তা হচ্ছে না। সেইজন্য বলছি আপনার ডিপার্টমেন্টে প্রয়োজন আর কি আছে? আপনি কেন টাকা চাইছেন? আপনি তো প্রায় রামরাজত্ব করে ফেলেছেন, সুতরাং যে কটা কেস আছে সেগুলি তুলতে হয়ত আর দুমাস লাগবে। অতএব ঐ কটা কেস তুলে নিয়ে এবং ঐ কয়েকজন লোককে অন্য কাজে লাগিয়ে দেন। তিনি সবই হাইকোর্টের দোহাই দিচ্ছেন কিন্তু আপনি জানেন হাইকোর্টের অ্যাডভোকেট জেনারেল থেকে আরম্ভ করে কারও কারও ঘরে প্রায় ৬/৮টা ফোন আসবাব পত্র ইত্যাদি সাজাবার জন্য যে ব্যয়-করা হচ্ছে সেটা কি আপনি বন্ধ করতে পারেন না? চীফ মিনিস্টারের ঘর অত বেশি সাজানো নয়। স্ট্যান্ডিং কাউন্সিল, অ্যাডভোকেট জেনারেল, সিনিয়ার স্ট্যান্ডিং কাউন্সিল ইত্যাদির ঘরে ৭/৮ টা করে ফোন, যা চীফ মিনিস্টারের ঘরেও নেই, অথচ আপনি ব্যয় কমানোর জন্য বলেছেন। কিন্তু আপনারা এইভাবে টাকার অপব্যয় করেছেন, আপনি লিগ্যাল এডের কথা বলেছেন। কিন্তু আপনারা এইভাবে টাকার অপব্যয় করেছেন, আপনি লিগ্যাল এডের কথা বলেছেন, লিগ্যাল এড আগেও ছিল ভারতবর্ষে এটা নতুন নয়, ২৪-পরগনায় এটা ছিল, আপনি ২/১ জায়গায় বলেছেন লিগ্যাল ক্লিনিক করবেন, কিন্তু আপনি কি করেছেন? আপনার বাজেটে কোথাও লিগ্যাল ক্লিনিকের কথা নেই। লিগ্যাল এড ব্যাপারটা আমাদের সময় আমরা স্টার্ট করেছিলাম কিন্তু সেটা তখন থেকেই ধুঁকছে-—Till today the boy has not yet come out. লিগ্যাল এড সেল থেকে শিডিউল কাস্ট এবং ট্রাইব দরখাস্ত করলেই তারা লিগ্যাল এড পেতে পারে, আপনি বললেন ভারতবর্ষে এটা কোথাও নেই, কিন্তু আমি বলছি You are not really posted with the facts. This is unfortunate. আপনার অবগতির জন্য জানাচ্ছি যে শিডিউল কাস্ট আর শিডিউল ট্রাইবসদের জন্য লিগ্যাল এড সেল ভারতবর্ষে বহুদিন থেকেই ছিল এই লিগ্যাল এড সেল থেকে কটা লোককে রিলিফ দিতে পেরেছেন? সুতরাং আমি বলছি, বক্তৃতা দেবার কিছু নেই, আপনার বাস্তব দৃষ্টিভঙ্গির কিছু অভাব আছে। আপনি কোর্ট বাড়াতে চেয়েছেন কিন্তু যে কোর্টগুলি আছে সেগুলি কি কোর্ট? সেখানে জজসাহেবদের বসার জায়গা নেই, আপনি কোর্ট বাড়াবার নামে কিছু পি.পি. অ্যাপয়েন্ট করতে চাইছেন। আপনার পারপাস মহৎ, আপনার কয়েকটি কমিটেড ক্যাডারকে চাকরি দেওয়া হবে, এই কমিটেড ক্যাডারকে চাকরি দেবার জন্য কোর্ট বাড়ানোর ব্যবস্থা হয়েছে। স্পেশাল পাবলিক প্রসিকিউটার অ্যাপয়েন্ট করার ব্যবস্থা, বিভিন্ন ক্ষেত্রে ১ জন, ২ জন, ৩ জন করে পি.পি. অ্যাপয়েন্ট করার ব্যবস্থা করে প্রত্যেকটা ক্ষেত্রে দলবাজি করছেন। আপনি বিচক্ষণ লোক, আইনে দলবাজি করবেন না। আপনার যে বাজেট আপনাকে টাকা মঞ্জুর করার সাথে সাথে সেই টাকা অপব্যয় করা হবে, কিছু ক্যাডারকে ভাত দেওয়া হবে, এর বেশি আর কিছু হবে না। সুতরাং আপনাকে আমি সমর্থন করতে পারছি না।

[7-00—7-10 P.M.]

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই ব্যয় বরাদ্দের দাবি সম্পর্কে আমি সামান্য কয়েকটি কথা বলব। তিনি বিচার বিভাগের জন্য ব্যয়ের অনুমোদন চেয়েছেন, কিন্তু দেশে বিচার কি আছে? এখন যে অবস্থা চলছে তাতে মনে হয় "বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে"। আমাদের দু'জন মাননীয় সদস্য বলেছেন যে অনেক ডাকাতি, চুরি, রাহাজানি, ছিনতাই, রেপ কেসের আসামীকে রাজবন্দি হিসাবে মুক্ত করে দিয়েছেন। এখন বিচার বিভাগ ভাবছেন আমরা কি করব। আইন মন্ত্রী বলেছেন আপটু ৩১শে ডিসেম্বর, ১৯৭৮ রাজনৈতিক ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট ৫৭৬৮ টি মামলা তুলে নেওয়া হয়েছে। তিনি আরও একটা কথা বলেছেন যে তিনি ২০ হাজার মামলা তুলে নিয়েছেন। উনি যে বাজেট বক্তৃতা দিয়েছেন তাতে বলেছেন যে জেলা কোর্টে এত মামলা বিচারাধীন আছে, সোসন্স কোর্টে এত মামলা বিচারাধীন আছে, হাইকোর্টে এত মামলা বিচারাধীন আছে, অন্যান্য কোর্টে এত আছে, এই বলে একটা বিরাট ফিরিস্তি দিয়েছেন। এই ফিরিস্তি দেওয়ার কারণ তাহলে বিচার বিভাগের কাজ থাকবে না। আমি জিজ্ঞাসা করি এত চুরি ডাকাতি রাহাজানি বাড়ছে কেন সেটা কি ভেবে দেখেছেন? যারা চুরি ডাকাতি করে তারা দেখছে চুরি ডাকাতি খুন করলে কোনও সাজা হয় না, শুধু সি.পি.এমের সভ্য হয়ে গেলেই চলবে। তারপর যদি চুরি ডাকাতি করলে ধরে তাহলে সেই মামলা বেশি দিন চলতে দেবেন আর যদি বেশি দিন মামলা চলে তাহলে মন্ত্রী মহাশয় বলেছেন লিগ্যাল এড দেওয়া হবে যদি কোনও ক্যাডার বা দলের লোক অভিযুক্ত হয় তাহলে তাদের লিগ্যাল এড এর ব্যবস্থা হবে। আগেও লিগ্যাল এড দেওয়া হত, সুতরাং এটা নতুন কিছু নয়। তিনি ৫০ লক্ষ টাকা এই বাবদ খরচ করবেন বলেছেন এবং তারজন্য বলেছেন এটা একটা নতুন ব্যবস্থা করতে চেয়েছেন। এটা নতুন কিছু নয়। তিনি তাঁর বাজেট ভাষণের ৬ পৃষ্ঠায় বলেছেন মাসিক ২০০ কম আয়ের যারা লোক তাদের লিগ্যাল এড দেবেন। সেটা ভাল কথা, সেটা ঠিকই হয়েছে, কারণ তারা সত্যিকারে দুস্থ লোক। কিন্তু এই কথা বলে এখানে একটা প্যাঁচ রেখে দিলেন যে শ্রমিক এবং তফসিলি ভুক্ত জাতি ও উপজাতিরা আর্থিক সঙ্গতির মাপকাঠি ছাড়াই এই সাহায্য পাবার অধিকারী হবেন। তিনি বলেছেন শিডিউল্ড কাস্টস অ্যান্ড শিডিউল্ড ট্রাইবসরা তাদের যদি ৫০ হাজার টাকা মাসিক ইনকাম হয় তাহলেও তারা লিগ্যাল এড পাবেন। এই যে সুযোগটা রাখলেন এটা ঠিক করেননি। আর একটা কথা বললেন শ্রমিক—তারা শিল্প শ্রমিক, না কৃষি শ্রমিক সেটা উল্লেখ করলেন না। শ্রমিক যত টাকা আয়ের লোক হোক না কেন তিনি লিগ্যাল এড পাবেন। আপনারা বলেছেন চাকুরি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হবে। কিন্তু কংগ্রেস আমলে দেখেছি যাঁরা কষ্ট ভোগ করেছেন তাঁরা পেয়েছিলেন। তারপর এই যে বলেছেন থার্টি পারসেন্ট তার মধ্যে পলিটিক্যাল সাফারাররা কত পাবেন?

**মিঃ স্পিকার :** থার্টি পারসেন্ট ৫ লক্ষ লোক আছে এবং তার মধ্যে পলিটিক্যাল সাফারারার আছেন।

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** তারপর, শ্রমিক মানে তো আপনাদের ইউনিয়নভুক্ত যে সমস্ত শ্রমিকরা রয়েছে তারাই পাবে। মাননীয় সদস্যরা মনে করবেন না যে তাঁদের ইউনিয়নভুক্ত লোকেরা পাবে। আপনারা বঞ্চিত হবেনই। আর এস পি এবং ফরওয়ার্ড ব্লকের লোকেরা মনে করবেন না তাঁরা পাবেন। তারপর, দেখেছেন অনেক অযোগ্য লোক নিয়ে একটা কমিশন নিয়োগ করেছেন। এ সম্বন্ধে আলিপুর কোর্টের জজসাহেবও বলেছেন। নিজেদের দলের লোককে সুযোগ সুবিধা পাইয়ে দিতে হবে সেইজন্য এই সমস্ত অযোগ্য লোকদের নিয়েছেন। আর একটা কথা, ১৯৭৭ সালের ডিসেম্বর মাসে ৩টি কমিশন বসিয়েছেন এবং বলেছেন তাঁদের রিপোর্ট পেলে ব্যবস্থা অবলম্বন করা হবে। আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার কমিশন বসিয়েছেন এবং কংগ্রেস সরকারকে অপ্রিয় করবার জন্য চেষ্টা করছেন। আপনারা সরকারি টাকা খরচ করে এই সমস্ত কমিশন বসিয়ে মনে করছেন কংগ্রেসকে অপ্রিয় করবেন, মানুষকে বিভ্রান্ত করবেন। কিন্তু মনে রাখবেন এতে সুবিধা হবে না। কাজেই বলছি, যে টাকা খরচ করেছেন, আর টাকা খরচ করবেন না। কংগ্রেস সরকার অনেক ভাল কাজ করে গেছেন। আমি বলছি আপনারা যে কাজ করছেন তারজন্য একটা কমিশন যদি বসান তাহলে দেখবেন অনেক জিনিস বার হবে। আপনি এই যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন এটা ঠিকই রেখেছেন। আর একটা কথা বলছি, অনেক সাব-রেজিস্ট্রি অফিসে গিয়ে দেখেছি রেজিস্ট্রার নেই এবং তার ফলে সপ্তাহে মাত্র ২/৩টি করে দলিল রেজিস্ট্রি হয়। তারপর, সাব রেজিস্ট্রি অফিসের আর একটা খবর বোধ হয় আপনারা জানেন যে সেখানে দলিল রেজিস্ট্রি করতে গেলে টাকা দিতে হয়। আপনারা এগুলির প্রতি লক্ষ্য রাখবেন এবং এর প্রতিবিধান করবেন এই অনুরোধ জানাচ্ছি। সাব-রেজিস্ট্রি অফিসে আর এক ধরনের যে দুর্নীতি চলে সেটা আমি আপনাদের কাছে বলছি। ধরুন, একজন নিরক্ষর লোক জমি বিক্রি করছে কিন্তু সেক্ষেত্রে দেখা যায় ডিড রাইটার এবং অফিসের লোকেরা যোগাযোগ করে ওই যে লোকটি জমি বিক্রি করল সে হয়ত ২টি দাগের জমি বিক্রি করেছে কিন্তু যখন ডিড বেরিয়ে এল তখন দেখা গেল সেখানে লেখা আছে যে সে ৩/৪ দাগের জমি বিক্রি করেছে। কাজেই আমার অনুরোধ হচ্ছে এই ধরনের দুর্নীতি দূর করবার জন্য দলিল রেজিস্ট্রি করবার সঙ্গে সঙ্গে যাতে কপি পায় তার ব্যবস্থা করুন। যা হোক, যে দুটি ব্যয় বরাদ্দ উত্থাপন করা হয়েছে তার সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-20 P.M.]

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় বামফ্রন্টের মাননীয় বিচার ও আইন মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের মঞ্জুরির উপর যে বাজেট এখানে পেশ করেছেন তা আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা এই সভার সামনে আপনার মাধ্যমে রাখতে চাইছি। স্যার, আপনি বিশিষ্ট আইনজ্ঞ হিসাবে জানেন আমাদের দেশে আইন ব্যবস্থা এবং বিচার ব্যবস্থা কোথায় সৃষ্টি হয়েছিল। আপনি জানেন ভারতের এবং তার অঙ্গ রাজ্যে বৃটিশ সাম্রাজ্যবাদী তাদের নীতির ভিত্তিতে এবং তাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে

তারা শাসনের মাধ্যমে এবং শোষন করবার জন্য এখানে শাসন ব্যবস্থা এবং বিচার ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছিল এবং তাদের বশংবদ আমাদের দেশের ধনকুবের দল তাদেরই মাধ্যমে ওরা আমাদের দেশকে শোষণ করছেন এবং তাদের মাধ্যমে শাসন করবার জন্য যে বিচার ব্যবস্থা হয়েছিল ভারতে এবং তার অঙ্গ রাজ্যে সেই আইনের ব্যবস্থায় আমাদের দেশের লোক এখন ধুকছে। আজকে মানুষ বিচার পায়না আইনে সে ব্যবস্থাও নেই। আজকে বিচার ব্যবস্থা সুষ্ঠু করতে গেলে যে রাষ্ট্র কাঠামো থাকা দরকার, যে চিন্তা চেতনা থাকা দরকার সেটা ভারতবাসীর নাই। আজকে ভারতবর্ষে রাজনৈতিক পরিবর্তন এসেছে, আজকে সাধারণ মানুষ সেদিকে তাকিয়ে আছে। আজকে পঃ বঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং স্যার, আমি একজন এখানকার সাব-অর্ডিনেট লেজিসলেশন কমিটির সদস্য। কেন্দ্রের সাব অর্ডিনেট লেজিসলেটিভ কমিটির সদস্যরা এখানে আমাদের সঙ্গে মীট করতে এসেছিল। আমি সবিনয়ে তাদের জিজ্ঞাসা করেছিলাম যে আপনারা ভারত সরকারের ঐ কমিটির সদস্য হিসাবে এখানে এসেছেন আমি আপনাদের কাছে আবেদন করছি যে আজকে দেশের এই রাজনৈতিক পরিবর্তন যেটা ঘটেছে—আজকে দেশের সাধারণ মানুষ কেন্দ্রীয় সরকারের কাছে আশা করে যে আজকে সাধারণ মানুষের স্বার্থে কিছু আইন আপনারা প্রণয়ন করুন এবং আমি মনে করি কেন্দ্রীয় সরকার প্রগতিশীল সরকার সেজন্য সাধারণ মানুষ আশা করে যে কেন্দ্রীয় সরকার সাধারণ মানুষের স্বার্থে কিছু আইন রচিত হবে। আমি সবিনয়ে তাদের বললাম যে আমাদের কমিটির তরফ থেকে যে আমি এই আবেদন রাখছি যে দেশের খেটে খাওয়া মানুষের স্বার্থে যারা সারাজীবন লাঞ্ছিত উপেক্ষিত হয়েছে কোনও দিন সুবিচার পায়নি সেজন্য তারা কেন্দ্রীয় সরকারের কাছে আশা করে যাতে এই রকম আইন আনুন যাতে তারা বাঁচতে পারে—এ সম্বন্ধে আপনারা কিছু ভেবেছেন কি, এবং আইনের সে রকম খসড়া আপনারা রচনা করে কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন কি—তাঁরা বললেন যে না আমরা সে ভাবনা চিন্তা করিনি। স্যার, পশ্চিমবঙ্গ একটা অঙ্গ রাজ্য এবং এর কতটুকু ক্ষমতা এবং আজকে কেন্দ্রীয় সরকার সব অর্থ ক্ষমতা নিয়ে যাচ্ছেন—সেজন্য বামফ্রন্ট সরকার রাজ্যের হাতে অনেক বেশি ক্ষমতার দাবি করেছেন এবং বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতি বদ্ধ যে তারা সাধারণ মানুষের জন্য কাজ করবে। আমরা এই সাংবিধানিক কাঠামোর মধ্যে এই গন্ডির মধ্যে সাধারণ মানুষের জন্য কিছু কাজ করতে চাচ্ছি এবং সাধারণ মানুষ মেহনতি মানুষ এবং খেটে খাওয়া মানুষের জন্য যাতে কিছু কাজ করা যায় তারজন্য আমরা চেষ্টা করছি। আমরা বিগত সরকারের ক্ষেত্রে দেখেছি তারা সামন্ততান্ত্রিক এবং অগণতান্ত্রিক শক্তির উপর প্রতিষ্ঠিত হয়ে তারা দেশের সাধারণ মানুষের জন্য কোনও কাজ করেনি। তারা শুধু পেয়েছে লাঞ্ছনা বঞ্চনা অত্যাচার এবং তার পরিণতি হিসাবে এই রাজ্যে এই অবস্থা এবং তার ফলশ্রুতি হিসাবে আজকে এই রাজ্যের হাতে কতটুকু ক্ষমতা রয়েছে।

[7-15—7-25 P.M.]

একজন বিচারককে নিয়োগ করার প্রশ্নে একটা রাজ্য সরকারের ক্ষমতার মধ্যে নেই।

এটা একটা পরিহাস, একটা উপহাস, তার রাজ্যে কি ঘটবে, তার রাজ্য কিভাবে পরিচালিত করবে, কিভাবে তারা শাসন ব্যবস্থার মধ্যে নিয়ে যাবে, তা করবার অধিকার তার নেই। আজকে কেন্দ্রীয় সরকারের মধ্যে দিয়ে যে আইন রচিত, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমরা দেখতে পাচ্ছি যে সেই ক্ষমতা রাজ্য সরকারের নেই। আজকে তাকিয়ে থাকতে হয় তাদের দয়ার উপর যে কখন হাইকোর্টে এই অফিসারকে নিয়োগ করতে হবে, এতগুলো ম্যাজিস্ট্রেট চাই, এতগুলো জজ চাই, তাদের উপর নির্ভর করে থাকতে হবে। এটা একটা পরিহাস। বামফ্রন্ট মানুষের কাছে তার প্রতিশ্রুতি রেখেছে কিন্তু প্রতিশ্রুতিমতো কিছু করতে পারছে না ঐসব সাংগঠনিক অসুবিধার জন্য। আজকে মামলা তুলে নেবার প্রশ্ন এসেছে। কংগ্রেসের তরফ থেকে প্রশ্ন এলে বুঝতে পারি তাদের জ্বালাটা কোথায় কিন্তু যখন জনতা বন্ধুদের কাছ থেকে আসে তখন আমরা আশ্চর্য হই তাঁরা কি জানেন না ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মার্চ মাসের আগে পর্যন্ত তাঁদের উপর কি নির্যাতন, কি অত্যাচার হয়েছে তাঁরা কি ভুলে গিয়েছেন ঐ জয়প্রকাশজীর গাড়ির উপর উঠে দাঁড়িয়ে লারে লাপ্পা নাচ নেচে এবং অঙ্গভঙ্গি দেখিয়ে তাঁর উপর অত্যাচার হয়, তাঁর মাথার উপর বাড়ি পড়ে? এসব কথা কি তাঁরা ভুলে গিয়েছেন? কি পরিস্থিতির সৃষ্টি হয়েছিল, কি স্বৈরতান্ত্রিক অবস্থার সৃষ্টি হয়েছিল, কি অগণতান্ত্রিক অবস্থার সৃষ্টি হয়েছিল, তাঁদের মনে রাখা উচিত। আজকে অবস্থাটা কোথায় এই প্রশ্নে আজকে ভাবনা চিন্তা করার প্রয়োজন আছে। আমি তাই বলতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এখানে ব্যাপারটা হচ্ছে দৃষ্টিভঙ্গির প্রশ্ন। যদিও আমাদের সীমিত ক্ষমতা, আমরা জানি আমাদের সীমাবদ্ধ গন্ডির কথা, তবুও এই সরকারের যদি প্রগতিশীল দৃষ্টিভঙ্গি থাকে সেই সরকারের যদি সাধারণ মানুষের স্বার্থে কিছু করণীয় থাকে, তাহলে কিছু করা যায়। করা যায় এইজন্য যে বামফ্রন্ট এবং তার সরকার প্রগতিমূলক দৃষ্টিভঙ্গি রেখে আজ কিছু কিছু কাজ রেখেছেন এবং তার প্রস্তুতি হিসাবে এই বাজেট বক্তৃতার মধ্যে দেখতে পাবেন এবং বিভিন্ন আইনের প্রশ্ন রাখা হয়েছে অসুবিধাগুলি ছিল তা ধাপে ধাপে তীরহিত করা হচ্ছে সাধারণ মানুষের স্বার্থের জন্য। এই কথাগুলি বলে আইনমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন, মঞ্জুরির জন্য রেখেছেন, তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্য ডাঃ বাগ, উনি ডাক্তার আইনের আলোচনা করলেন, নিশ্চয়ই করতে পারেন, আইনসভায়, বিধানসভায় কোনও বাধা নেই। কিন্তু তিনি কতকগুলি তথ্য যে তথ্যের কোনও ভিত্তি নেই, যে সব তথ্য তিনি এখানে পরিবেশন করে গেলেন এবং তিনি বলেছেন ৩০ হাজার মামলা তুলে নেওয়া হয়েছে। হ্যাঁ, নিশ্চয়ই হয়েছে। আমরা এই বামফ্রন্ট ক্ষমতায় আসবার আগে পশ্চিম বাংলার মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে কংগ্রেস আমলে যে হাজার হাজার মিথ্যা মামলা হয়েছে সেই মিথ্যা মামলা হয়েছে সেই মিথ্যা মামলা আমরা তুলে নেব। যে লোক ঘরে বসে আছে তাকে ডাকাতির মামলায়, যে লোক অফিসে গিয়েছে তাকে রেপের মামলায়, এই রকম যে বাড়িতে

থেকে গিয়েছে তাকে মদ খাওয়ার, ভাং খাওয়ার মামলায় আটকে দিয়েছেন আমরা দেখেছি, আর আজকে এই সব বলতে লজ্জা লাগে না? মিসাতে মানুষকে বিনা বিচারে আটকে রেখেছিল, কোর্টের কোনও জুডিসিয়াল পাওয়ার পর্যন্ত ছিল না, আজকে তাঁরা বিচারের কথা বলছেন। এই বক্তব্য আজকে কংগ্রেসের কাছ থেকে শুনতে হবে এটা লজ্জার কথা। যারা বিচার বিভাগকে একটা কমিটেড জুডিশিয়ারিতে পরিণত করেছিল আজকে বিচারের স্বাধীনতার কথা তাদের মুখে শুনতে হবে অ্যাসেম্বলিতে এটা আমরা ভাবতে পারিনি। যারা কমিটেড জুডিশিয়ারি, যারা ওখানে সুপ্রীম কোর্টের সমস্ত ক্ষমতা ৪২তম সংবিধানে কেড়ে নিয়েছিল কমিটেড জুডিশিয়ারি করে আজকে তারা জুডিশিয়াল ইন্ডিপেনডেন্সের কথা এই হাউসে দাঁড়িয়ে বলছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মামলা তুলেছি এবং তুলেছি সাধারণ মানুষ, নিরীহ মানুষ, যারা ছাত্র, যুবক, গরিব কৃষক, যাদের ওরা বিনা বিচারে তুলে নিয়ে এসে জেলে, কারাগারে পৌঁছে দিয়ে এসেছিল তাদের আমরা ছেড়েছি এবং আমরা একথা জোর করে বলেছি, ৩৬ দফা কর্মসূচিতে সেকথা আমরা ঘোষণা করেছি, মানুষ আমাদের ভোট দিয়ে এনেছে এই কাজ করার জন্য, তোমাদের কথায় নয়, এটা আমরা করেছি।

[7-20—7-30 P.M.]

আমি একথা স্বীকার করছি। উনি বললেন রেপ কেস তুলে নেওয়া হয়েছে, হ্যাঁ তুলে নেওয়া হয়েছে, মিথ্যা চার্জ দিয়েছিলেন, এবং শুধু তাই নয় যে মেয়েটির বিরুদ্ধে অভিযোগ ছিল তার সন্তান হয়েছে, বিবাহ করেছে, তার বাবা-মা এসে মন্ত্রীর কাছে আবেদন করেছে, তার সংসার কি ভেঙে দেবে? এটা কি বিচার? যে যুবক মেয়েটিকে বিবাহ করেছে, তার সংসার কি হবে, তার বাবা-মা এসে আইন মন্ত্রীর কাছে আবেদন করেছে, তাই মামলা তুলে নেওয়া হয়েছে। একথা ঠিক যে আদালতের অধিকার আছে, কিন্তু মানবিক অধিকার তো আছে। এটা বুঝতে হবে কেন মামলা নেওয়া হয়েছে, মিথ্যা মামলায় যদি মানুষকে জড়ানো হয় তবে সমস্ত ভারতবর্ষকে ইন্দিরা গান্ধীর আমলে মিথ্যা মামলায় জড়িয়ে কারাগারে পরিণত করেছিলেন, জেলে পরিণত করেছিলেন। আমরা সেই জেলে পরিণত করতে চাই না, আমরা সমস্ত মানুষকে স্বাধীনতা দিয়েছি, আমরা বিচারের নামে প্রহসন করি না, বিচারের নামে বিচার করি। আমি সব চেয়ে আশ্চর্য হলাম আজকে ডঃ বাগ হাইকোর্টের ডি এল আর-এর ব্রিফ নিলেন, অদ্ভুত কথা, এই ডি এল আর সম্পর্কে ব্যক্তিগতভাবে আমি জানি, এখানে মিঃ বাপুলি আছেন, তিনিও শুনেছেন, তিনিও জানেন কিভাবে তিনি দুর্নীতি গ্রস্ত। সেখানে ডঃ বাগের মতো লোক যার প্রতি আমার শ্রদ্ধা ছিল, তিনি এমন একটি লোকের হয়ে হাউসে উকালতি করলেন, মিঃ বাপুলিরও নিশ্চয়ই অভিজ্ঞতা আছে, কিন্তু তিনি ওঁর হয়ে কথা বললেন, তিনি জনতা দলের সদস্য। যদি দরকার হয়, আমি প্রমাণ দিয়ে দেব এই ব্যাপারে, চ্যালেঞ্জ করছি। এই ডি এল আর-এর পোস্ট অ্যাবোলিশ করে তিনি মানুষকে বাঁচিয়েছেন, এই পোস্ট মন্ত্রী মহাশয় তুলে দিয়েছেন, নতুন পোস্ট ক্রিয়েট যেগুলি করেছেন হাউসে উপস্থিত করা হয়েছে। আর একটা কথা—লিটিগেশনের খরচা বেড়ে গেছে। আমি স্যার,

আপনার মাধ্যমে জানাতে চাই—এই সরকার প্রথম হাইকোর্টে সিনিয়ার প্যানেল যা ছিল, সেখান থেকে একজন সিনিয়র আর একজন জুনিয়র নিয়ে অ্যাপিয়ার করতেন, এটা তুলে দিয়েছেন। দুজনের জায়গায় একজন যদি অ্যাপিয়ার করে তবে সেখানে অনেক কম লাগে, এখন থেকে সিনিয়ারের কোনও জুনিয়ার থাকবে না, এতে খরচ অনেক কমে যাবে। যদি পরিসংখ্যান দেখেন এই সরকারের আমলে উকিল নিয়োগে অনেকাংশে কম খরচ হচ্ছে। আর একটা কথা মাননীয় সদস্যরা অনেকে বলেছেন এবং মাননীয় বিচার মন্ত্রী বিচার বিবেচনা করছেন সেটা হচ্ছে অরিজিনাল সাইড অ্যাপিলেট সাইড, এর জুরিসডিকশন কমানোর চেষ্টা করছেন এই সরকার। এটা বৃটিশ আমল থেকে চলে আসছে, কতটা তুলতে পারবেন, কতটা এক্তিয়ারভুক্ত আছে, কতটা রাখা যায়, কতটা আইনসঙ্গত বিচার বিবেচনা করবেন। স্ট্যাম্প অ্যাক্টের দলিলের ব্যাপারে, উনি একটা নিয়ম করেছেন। আগে বহু গরিব মানুষের এজন্য ক্ষতি হত, সার্টিফাইড কপি পাবার ব্যাপারে ডিলে হত, আমার মনে হয় এই সার্টিফায়েড কপির ব্যাপারে মিঃ বাপুলি গুলিয়ে ফেলেছেন।

**(শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ এ বিষয়ে আমি বলিনি।)**

ডাঃ বাগও বলেছেন, এই সার্টিফায়েড কপি পেতে আগে ৬ মাস ৯ মাস এমন কি এক বছরও দেরি হত, সেই সার্টিফায়েড কপি যাতে তাড়াতাড়ি পাওয়া যায়, সেই ব্যবস্থা হয়েছে। আজকে এখানে বিচার বিভাগের সম্বন্ধে আলোচনা হচ্ছে এর সঙ্গে বর্গা অপারেশনের কি সম্পর্ক আছে আমি বুঝলাম না। বিচার বিভাগের আলোচনায় বর্গা অপারেশন কি করে আসছে, আমি বুঝতে পারছি না। যাইহোক, মিস্টার বাপুলি হতাশার ভাব দেখলেন। কোথা থেকে দেখলেন। উনি বিচার বিভাগের অবনতি দেখলেন। অবনতিটা কোথায় দেখলেন, আমি ঠিক বুঝতে পারলাম না। কারণ আইন-শৃঙ্খল পশ্চিমবাংলায় যত ভাল আজ ভারতবর্ষের কোথাও তা নয়—এটা কেন্দ্রীয় সরকার তার নিজের কথাতেই বলেছেন। যেখানে সমগ্র দেশ থেকে তারা বিচার তুলে দিয়েছিলেন এখানে সেই বিচার পদ্ধতি ফিরিয়ে এনে, ভাল কাজই করেছেন। এখানে বিচার পদ্ধতি উনি ফিরিয়ে এনেছেন এবং তার ট্রায়াল করা, সেসন করার ব্যবস্থা করেছেন, সেটা কি তাহলে খারাপ কাজ করলেন? মিশা কেস কোর্টে উঠত না এবং তার বিচারের জন্য কোনও অ্যাডভাইসরি কমিটি পর্যন্ত যেত না। আজকে সেই পদ্ধতি ফিরিয়ে আনা হয়েছে, মিশা তুলে দেওয়া হয়েছে। কয়েকদিন আগে দেখেছেন কিনা জানি না, একজন পুলিশ কমিশনার বলেছেন আমরা ভুলে গিয়েছে ইনভেস্টিগেশন করতে। এই তথ্য আগামী দিনে আমি আপনাদের কাছে রাখব। পুলিশ কমিশনারের নিজের উক্তি খবরের কাগজে বেরিয়েছে, স্টেটসম্যানে বেরিয়েছে। **(শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ পুলিশ কমিশনার কোনও ইনভেস্টিগেশন করেন না।)** He represents the whole of the police department. He speaks on behalf of all the police officers of the state. সুতরাং পুলিশ অফিসারেরা ইনভেস্টিগেশন করতে ভুলে গিয়েছে। কারণ, ক্রিমিনাল বা মার্ডার কেস করত যারা তাদের মিশায় ঢুকিয়ে দিত। কোনও ইনভেস্টিগেশনের কেস থাকত না। আপনি

নিজে এগুলো জানেন। এমার্জেন্সীর সময় মিশা কেসগুলো দেখাবেন হুটপাট করে ঢুকিয়ে দেওয়া হত। এইভাবে করত। আজকে নিয়মমতো ট্রায়াল হচ্ছে, সেসন হচ্ছে। আজকে হাইকোর্ট বিচার করছে। এই রকম করে বিচারের সুষ্ঠ ব্যবস্থা প্রবর্তন করে যদি অন্যায় করে থাকেন, আর বিচার তুলে দিয়ে যদি আপনারা ন্যায় করে থাকেন, তাহলে ঠিক হয়েছে। উনি মার্ডার কেসের বেল সম্বন্ধে বললেন। ১৯৭৩ সালে যেটা ক্রিমিনাল প্রসিডিওরে রয়েছে, আইন অনুযায়ী বেল যদি পায় তাতে আমাদের বলার কিছু নেই। আমি আইনমন্ত্রীর সঙ্গে একমত যে বিচার বিভাগে সবচেয়ে কম অর্থ দেওয়া হয়েছে এবং আর একটা কথা সিরিয়াসলি ভাবতে হবে। আজকে মুনসেফ এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের সালারি অত্যন্ত কম। কারণ মুনসেফ তিনি হাকিমি করবেন আর বাজার হাতে ট্রামেবাসে যাবেন, ব্যাগ নিয়ে যাবেন—এটা ঠিক কিনা এটা আমাদের ভাবার দরকার আছে। এরজন্য বিচার বিভাগের জন্য যেমন অনেক কোর্ট করা দরকার, কারণ, Justice delayed means Justice denied. তেমনি এদের জন্যও কিছু করা দরকার। এটা উপলব্ধি করে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা দাবি রেখে বিচার বিভাগের প্রসিডিওর‍্যাল ম্যাটার কুইক ডিসপোস অফ করার জন্য মন্ত্রী মহাশয় ব্যবস্থা করছেন। অন্যদিকে এটাও ঠিক যে দেখা যাচ্ছে বহু জুডিসিয়াল অফিসার পাওয়া যাচ্ছে না এবং বহু মুন্সেফ তারা চাকরিতে জয়েন্ট করে চাকরি ছেড়ে দিয়ে চলে আসছেন। কারণ তাদের মাইনে অত্যন্ত কম, যেহেতু তারা রাস্তায় নামতে পারেন না। তাদের অনেক অসুবিধা আছে। মন্ত্রী মহাশয় সেটা উপলব্ধি করেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিচার বিভাগের যে ব্যয় বরাদ্দ এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা পয়েন্ট বলতে চাই। জামিনের প্রশ্ন এসেছে। আমি আপনার মাধ্যমে নিবেদন করতে চাই সেটা আমরা যারা আইনজীবী জানি এলাহাবাদ হাইকোর্টের রুলিং অনুসারে কোনও আসামী যদি কোর্টে সারেন্ডার করে, আসামীকে জামিন দিতে সেই হাকিম বাধ্য। এই প্রশ্ন যারা আইনজীবী তারা সকলেই জানেন। এই পয়েন্টটা আমার বাদ গিয়েছিল। এইটুকু আপনার কাছে রাখলাম।

**মিঃ স্পিকার ঃ** এখন সময় বাড়াতে হবে। ৭-৩৪ মিনিটে শেষ করার কথা। এখনও একজন বক্তা আছেন এবং আইনমন্ত্রীর জবাব আছে, তারপরে আমার ভোট গ্রহণ আছে। কাজেই অন্ততপক্ষে ৩০ মিনিট সময় বাড়িয়ে দেওয়ার জন্য অনুরোধ করছি। আশা করি, সকলেরই এতে সম্মতি আছে।

(সদস্যগণ—হ্যাঁ।)

আধঘন্টা সময় বাড়ল।

[7-30—7-40 P.M.]

**শ্রী রমজান আলি** : मिस्टर स्पिकर सर, आज इस हाउस में जुडिशियल

मिनिस्टर ने जो बजट पेस किया हैं, उसमें इन्होंने अपनी तकरीर में लाचारी का इजहार करते हुए कहा हैं कि केशों को क्रिक डिस्पोजल के लिए स्माल का जेज कोर्ट को बढ़ा दिया गया हैं। कोर्टका जूरिडिक्शन बढ़ा दिया गया हैं। कुछ कोर्ट जजेज और एडिशनल जजेज की वहाली की गई है। एरिजर केशों को जल्द डिस्पोजल के लिए जूडिशियल जजों की भी वहाली की गई हैं। ए सारी वातें इनकी तकरीर में हैं। इन्होंने कहा हैं कि कुछ नये पोस्ट भी क्रीएट किए गये हैं। इसके साथ कुछ लिमिटेशन भी हैं। हाईकोर्ट जूरीडिक्शन में एडमिनिस्ट्रेशन आफ जस्टिस के लिए जजेज और मुन्सिफसे मिनिस्टर इन्स्ट्रक्शन टेप नहीं दे सकता हैं। ये लिमिटेशन हैं।

अब सवाल यह पैदा होता हैं कि न्यायमंत्री न्याय के लिए क्या काम कर रहे हैं? वड़ा ताज्जुव होता हैं इन्होंने इसी हाउस के फ्लोर में कुछ वातें ऐसी भी जिसको इन्होंने नजरेन्दाज कर दिया हैं। कानून मंत्री ने इसी हाउस यें खड़ा होकर कहा था कि करीव ६८ मस्जींद फोरसेवुल अकूपेशन में नन-मुस्लीम के कब्जे में चली गई हैं। ये मस्जीदें इससें के कब्ले में हैं। सवाल यह हैं कि कानूनी तौर पर न्याय के तौर पर उन मस्जीदों को वापिस दिला देना चाहिए। इस पर मुस्लमानों का रिहैंविलेशन हो जाना चाहिए। मगर असी तक ऐसा नहीं हो सका हैं? सरकार यह अन्याय कर रही हैं। इस मस्ले कोवह वड़ी आसानी से हल कर सकती थी। मगर हल करने के लिए सिन्सिअरली अभी तक कोई कदम नहीं उठाई। भि कि यह मस्ला इस सरकार की लाइविल्टीज नहीं हैं। ये मस्जीदें पहले की सरकार के समय में दखल की गई थी। फिर भी यह आशा थी–यह उम्मीद थी कि यह प्रोग्रेसिभ सरकार इस मस्ले को जरूर हल कर देगी। लेकिन बड़े ताज्जुव के सात कहना पड़ता हैं कि यह मस्ला अभीतक हल नहीं हुआ इसलिए यह इन्साफ का तकाजा हैं कि जनाव हसन उज्ञमान साहवने जो कटमोशन इस हाउस कें लाया हैं, मैं उसका समर्थन करूँ। इसके साथ ही साथ मैं इस विधान समोक माननीय सदस्यों से अमील करूँगा कि न्याय के लिए वे इन्साफी तौर पर जो मस्जीदें–करवला और कवरिस्तान दुसरों के कब्जे में चला गया हैं, उसे वापस दिलाने की कोशिश को क्योंकि न्याय का यह तकाजा हैं कि सवको न्याय मिलना चाहिए इसलिए यह परीक्षा का समय होगा कि कौन न्याय का पक्ष लेता हैं और कौन अन्याय कर पक्ष लेता हैं। किसी कौस की प्रापरिटी जैसे कर्वला-मस्जीद-कवरिस्तान फोरसीवुल आकूपेशन में चला जाय और वह कम्पुनिटी

सकर करे, यह न्याय नहीं हैं, अन्याय हैं। आज बंगाल के अन्दर गरीव एक मुस्लामान रहते हैं। इसलिए मुस्लिम सेन्टीमेन्ट का भी ख्याल करना चाहिए।

भारतीय संविधान में सबको समान अधिकार दिया गया हैं। इसलिए इस मस्लेका कानूनी इलाज हो सकता हैं। अव जबकि यहां पापुल गवर्नमेन्ट-प्रोग्रेसिभ सरकार आई हैं और इसने सबके साथन्याय करने की वात कही हैं। इसलिए जो लोग नाउम्मीदी में थे-जो लोग बंचित थे, उनकी उम्मीदें बढ़ गई हैं। इस तरह से मुस्लिम सेक्शन की जो मस्जीदें दूसरों के कब्जे में चली गई हैं, वह उन्हें वापिस क्यों नहीं मिलेगी उनको इन्साफ क्यों नहीं मिलेगा। मुझे उम्मीद हैं कि यह सरकार जरूर दिला देगी। और जो लोग इन मस्जीदों पर कब्जा किए हुए हैं, उनको कहीं और वसा देंगी। ताकि वे लोग भी आराम की जिन्दगी वसर कर सकें।

जनाव हसनउज्ञमान साहवने जो कटमोशन इस हाउस में लाया हैं-मस्जीद के वारे में मैं उस कटमोशन का समर्थन करते हुए, अपना भाषण समाप्त कर रहा हूँ।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্যরা বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন, আমি সেগুলি উত্তর দিতে চেষ্টা করছি। প্রথমে আমি মাননীয় সদস্য রমজান আলি সাহেব যে অভিযোগ করেছেন মসজিদের ব্যাপারে সে সম্পর্কে ২/৪টি কথা বলছি। পশ্চিমবাংলাতে মসজিদ, কবরস্থান, দরগা, মাজার যা আছে তা ওয়াকফের আওতার মধ্যে আছে। যখন প্রথম দেশ পার্টিশন হয় তার কিছুদিন আগে ১৯৪৬/৪৭ সালে যখন হিন্দু মুসলমানের দাঙ্গা পশ্চিমবাংলায় এবং কলকাতায় হয় তখন অনেক পাড়া থেকে মুসলমানরা উচ্ছেদ হয়ে গিয়েছিলেন। এই সময় বিভিন্ন জায়গায় কিছু কিছু হিন্দু সম্প্রদায়ের লোক, তার মধ্যে অধিকাংশই সমাজবিরোধী, কিছু কিছু মসজিদ, কবরস্থান, মাজার দখল করে নিয়েছিল। ৩০ বছর হয়ে গিয়েছে এরকম অনেক জায়গা বেদখল হয়ে আছে। আমরা ৩০ বছর পর পশ্চিমবাংলায় এসেছি, আইন আছে, আইন ছাড়া কোনও ব্যবস্থা করা যায় না। মাননীয় রমজান আলি সাহেব অ্যাডভোকেট, আইনজীবী, হাসানুজ্জামান সাহেবও অ্যাডভোকেট, আইনজীবী, তাঁরা জানেন এবং আপনারা সকলেই জানেন যে একটা Law of adverse possession আছে যে যদি অন্য কেউ কারুর সম্পত্তি ১২ বছরের থেকে বেশি অংশ দখলে রাখে তাহলে Law of adverse possession অনুযায়ী সেই অধিকারী হয়ে যায়। আপনারা আইনটা ভাল করে পড়বেন, বুঝবেন, বোঝার চেষ্টা করবেন। এটা হচ্ছে আইনের ব্যাপার। আমরা জোর করে কোনও ব্যাপার করতে পারি না, কিন্তু তবুও আমরা দেখছি। হাওড়াতে যে ইদগা ময়দান ছিল আপনারা জানেন সেটা বেদখল হয়ে ছিল। আমরা আসার সঙ্গে সঙ্গে সেই ইদগা ময়দান

মসুলমানদের দখলে দিয়েছে এবং তাতে গত দু' বছর থেকে ঈদের নামাজ নিয়ম অনুযায়ী হয়েছে। যেটা বিগত ২০ বছর ধরে হয়নি সেটা হয়েছে। এগুলি তাঁরা উল্লেখ করেন নি, এটা খুবই দুঃখের ব্যাপার। আমরা চেষ্টা করে এটা করতে পেরেছি। এতে পশ্চিমবাংলায় একটা নজির সৃষ্টি হয়েছিল যে মুসলমানরা তাদের ইদ্গা ময়দান ফিরে পেয়েছিল। তারপর হাওড়াতে আর একটি মসজিদের ব্যাপারে আমি ওখানকার স্থানীয় হিন্দুদের ডেকেছিলাম, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ডেকেছিলাম, এস.পি.কে ডেকেছিলাম এবং ঐ এলাকার মুসলমানদেরও ডেকেছিলাম। তাঁদের সঙ্গে আলোচনা করছি এবং আশা করছি সেই মসজিদের দখল আমরা নিতে পারব আলোচনার মাধ্যমে। সমস্ত ব্যাপারে একটা পদ্ধতি থাকা দরকার। তারা যদি মনে করেন বামফ্রন্ট সরকার এসেছে বলে গায়ের জোরে, জবরদস্তি করে বেদখল করে নেব এবং তাতে আবার একটা সাম্প্রদায়িক দাঙ্গা লেগে যাবে এই মসজিদকে কেন্দ্র করে তাহলে বলব, সেই আশা আমরা পূরণ করতে পারব না। আমরা দুপক্ষকে ডেকে আলাপ আলোচনা করে, বুঝিয়ে সুঝিয়ে সমস্যার সমাধান করার চেষ্টা করে যাব। তারপর স্যার, উইথড্রয়াল অব কেসেস সম্পর্কে অনেক কথা বলা হল। এটা নিয়ে যে কতবার বলা হল—এটা প্রায় মরিচঝাঁপির মতন হয়ে গিয়েছে। কোনও ব্যাপার হলেই মরিচঝাঁপি। কংগ্রেসের কি মামলা ওঠে নি? লজ্জা লাগে না এসব কথা বলতে তাদের কি জেল থেকে ছাড়া হয়নি? জনতার হয়নি? তারা নির্লজ্জের মতন এইসব কথা বলেছেন। তারা লাভ নেবেন, উপকার নেবেন, তাদের আসামীর মামলা উইথড্র করাবেন, জেল থেকে ছাড়াবেন আবার এখানে এসে অন্য কথা বলবেন এই হচ্ছে অবস্থা। কিছুদিন আগেই জনতা পার্টির নেতা শ্রী বিমান মিত্র মহাশয়—একজন লোককে আমরা জেল থেকে ছাড়াব না, বিমানবাবু নিজে দরখাস্ত করেছিলেন, ফাইলে ওঁর সেই চিঠিটা আছে যদি মাননীয় সদস্যরা দেখতে চান দেখিয়ে দেব, ওঁর রিকোয়েস্ট আমরা ছেড়ে দিয়েছি। কিসব যে ওঁরা বলেন বুঝি না। লজ্জা লাগে না এসব বলতে?

**(ভয়েস ঃ আপনারা ছাড়ছেন কেন?)**

আপনারা চাইছেন কেন? আপনারা চাইলেন আর আমরা ছাড়লাম তাতে কি আমরা অন্যায় করলাম? কংগ্রেসের দরখাস্তের পর দরখাস্ত—মামলা তুলে নাও। সুনীতি চট্টরাজ মহাশয় দরখাস্ত করেন নি? ওঁর মামলা তুলে দেবার অর্ডার কি আমরা দিই নি? কিসব কথা বলেন ওঁরা? আমরা নিরপেক্ষভাবে সমস্ত রাজনৈতিক দলের মামলা তুলে দেবার ব্যাপারটা দেখি। রমজান আলি সাহেব, ইন্ডিপেনডেন্ট মেম্বার, ওঁর কিছু কিছু রাজনৈতিক মামলা ছিল, উনি দিয়েছেন, আমরা তুলে দিয়েছি। জনতার কিছু কিছু ছিল মার্ডার কেস ছিল, তুলে দিয়েছি। এস.ইউ.সির ছিল তুলে দিয়েছি। দু' দল কংগ্রেসের ছিল তুলে দিয়েছি। আমাদেরও কিছু কিছু ছিল তুলে দিয়েছি। যদি আমরা পক্ষপাতিত্ব করতাম তাহলে ওঁদের মামলা তুলতাম না। মানুষ এসব জানে, বাস্তব কি তা মানুষ জানে কাজেই এসব কথা বলে কোনও লাভ হবে না। ইন্দিরা গান্ধী কালকে বললেন আমরা ৪০ হাজার মামলা তুলে দিয়েছি। কোথা থেকে এসব তথ্য পান জানি না। নিজেরা সব তথ্য তৈরি করেছেন। অসত্য কথা বলা

Shri A.K.M.Hassanuzzaman : —Do—

Shri Balailal Das Mahapatra : —Do—

Shri Prabodh Purkait : —Do—

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্য মন্ত্রী যে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন আমি আপনার মাধ্যমে তার উপর কয়েকটি কথা আলোচনা করতে চাই। বিগত বছর খাদ্যমন্ত্রী হিসাবে তিনি আমাদের কাছে যে ব্যয়বরাদ্দ পেশ করেছিলেন এবং এবারেও যা দিয়েছেন দুটোই আমি মনোযোগ দিয়ে বুঝবার চেষ্টা করেছি। দুটো বক্তব্যের মধ্যে আমি দেখতে পেলাম খাদ্য মন্ত্রী মহাশয় যে বিষয়গুলি তুলেছেন এবং পশ্চিমবঙ্গের খাদ্য সমস্যা সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেছেন যে খাদ্য সংগ্রহ এবং খাদ্য বণ্টন সেটা যদি সরকারি ব্যবস্থাপনায় না আনা যায় তাহলে দেশে মজুতদারি, মুনাফাখোরি, কালোবাজারি বন্ধ করা যাবে না এবং পুলিশের উপর নির্ভর করে এই ব্যবস্থার পরিবর্তন করা যাবে না। আমাদের ভারতবর্ষের মত একটা পুঁজিবাদী রাষ্ট্র ব্যবস্থায় আমাদের দেশের অভ্যন্তরে যে উৎপাদন হয় সেই উৎপাদন যদি বাড়ে তাহলেও দেশের মানুষ ভরপেট খাবে বা খাদ্য সমস্যা মিটে যাবে এটা আমরা মনে করি না। কারণ, এর সঙ্গে জড়িয়ে আছে বণ্টন ব্যবস্থা এবং সরবরাহ ব্যবস্থা। এটা মৌলিক প্রশ্ন, রাষ্ট্র কাঠামোর সঙ্গে এটা জড়িয়ে আছে। কিন্তু আমরা এটা বলি যে কোনও সরকার আসুক না কেন এবং পুঁজিবাদী রাষ্ট্র কাঠামো হলেও এই কাঠামোর মাঝখানে একটা সরকারের দায়িত্ব থাকে দেশের মানুষের প্রাথমিক অবস্থায় খাওয়া-পরার ভরণ-পোষণের দায়িত্ব নেওয়ার। সেটা কোনওক্রমেই এড়ানো যায় না। যতই পুঁজিবাদী কাঠামো হোক উৎপাদন এবং বণ্টন ব্যবস্থায় ফারাক থাকলেও এই দায়িত্ব একটা সরকার কোনওক্রমেই এড়িয়ে যেতে পারে না। কারণ অন্যান্য দেশেও দেখেছি, গ্রেট বৃটেন, জাপান, পুঁজিবাদী দেশ, সেই দেশ পুঁজিবাদী হলেও তাদের খাদ্য ঘাটতি হলে অন্য দেশ থেকে তারা খাদ্য সরবরাহ করে নিয়ে আসে এবং বণ্টন ব্যবস্থা এমন সুদৃঢ় ব্যবস্থার উপর গড়ে তুলে যার মধ্য দিয়ে খাদ্য সমস্যার সমাধান তারা করে। আমি মনে করি আমাদের দেশে বর্তমানে যে উৎপাদন হয় সেই উৎপাদনকে যদি ঠিকমতো সংগ্রহ করা হয় এবং সেই সংগৃহীত খাদ্য শস্যের যদি সঠিক বণ্টন ব্যবস্থা গড়ে তোলা যায় তাহলে খাদ্য সমস্যা সফলভাবে সমাধান হতে পারে। কিন্তু এখানে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর আমরা দেখেছি যে তাঁরা এই বণ্টন ব্যবস্থার দায়িত্ব সরাসরিভাবে নিতে অস্বীকার করেছেন, তাঁরা নানা রকম প্রশাসনিক দুর্বলতা পুলিশ প্রশাসন ইত্যাদির কথা বলে বর্তমানে এই কাঠামোর সেটা সম্ভব নয় এইভাবে তাঁরা পাশ কাটিয়ে যাবার চেষ্টা করেছেন। ইকনমিক রিভিউএ বলা হয়েছে অন্যান্য বছরের তুলনায় এবারে যে উৎপাদন সেটা বাড়তি হয়েছে এবং আমাদের যা প্রয়োজন সেই প্রয়োজনের তুলনায় আমাদের উৎপাদন বেশি। ঘটনা যদি এটাই হয় তাহলে সেই উৎপাদিত ফসল দেশের মানুষের খাদ্যের প্রয়োজন মেটাতে পারে। কিন্তু আমরা দেখেছি গতবারে খাদ্য মন্ত্রী যে বাজেট ভাষণ দিয়েছিলেন সেই বাজেট ভাষণের মধ্যে সংগ্রহ মাত্রার কোনও লক্ষ্যমাত্রা ছিল না,

পুরোপুরি একটা দেশের মিলমালিক, বড় জমির মালিক, কিছু কলওয়ালার উপর ছেড়ে দিয়েছিলেন।

[3-00—3-10 P.M.]

এবারেও বন্যাকে অজুহাত ধরে তাঁরা সেইভাবে সংগ্রহের দায়িত্ব গ্রহণ করেন নি। অথচ বাজেট ভাষণে বলেছেন, আমাদের সংগ্রহ করতে হয় এবং সেই সংগ্রহটা প্রাকৃতিক বিপর্যয়ের মাঝখানে দাঁড়িয়ে করতে হয়। আরও বলা হয়েছে, প্রাকৃতিক বিপর্যয়ের মোকবিলা করবার জন্য আমাদের মজুত ভান্ডার গড়ে তুলতে হয়। কিন্তু দেখলাম এতসব কথা বলা সত্ত্বেও গতবারে মত এবারেও লক্ষ্যমাত্রা ঠিক করা হয় নি। তারপর, আমাদের দেশের মিল মালিক এবং চালকল মালিকদের উপরে যে লেভি ধার্য করা হয়েছে তাতে দেখছি সেটা তাদের খুশির উপর নির্ভর করছে তারা কি দেবে না দেবে। কেন্দ্রীয় সরকার বাধানিষেধ তুলে দিয়েছেন কিন্তু পশ্চিমবঙ্গ সরকার বিধিবদ্ধ রেশনিং এলাকা রক্ষা করে চলেছেন। সরকার বিধিবদ্ধ রেশনিং এলাকা রক্ষা করে চলেছেন অথচ আপনারা যদি হাওড়া, শিয়ালদহ স্টেশনে যান তাহলে দেখবেন প্রত্যেকদিন গ্রামাঞ্চলে থেকে ছেলেমেয়ে, যুবক-যুবতী, বৃদ্ধারা ট্রেনে করে চাল নিয়ে আসছে এই শহরে এবং আপনারা যদি আমাদের এই বিধানসভার কাছে হাইকোর্টের চত্বরে যান তাহলে দেখবেন ঢালাওভাবে রাস্তার উপরে চাল বিক্রি হচ্ছে। আপনারা যদি বিধিবদ্ধ রেশনিং এলাকা কর্ডনিং করে রাখেন তাহলে এই চাল কিভাবে আসছে? আমরা জানি কিছু গরিব মানুষ এইভাবে গ্রাম থেকে শহরে এনে বিক্রি করে কিছু রোজগার করছে। কিন্তু এই ব্যাপারে একটা যে চেইন রয়েছে সেটা আমরা জানি। ব্যাপারটা হয় কি, যারা বড় বড় টাকা ওয়ালা ব্যবসাদার রয়েছে তারা গ্রামের যাদের কোনও কাজ নেই তাদের দৈনিক মজুরি দিয়ে গ্রাম থেকে চাল এখানে নিয়ে এসে মজুত করে এবং এইভাবে তারা কর্ডনিং ব্যবস্থা ভাঙ্গছে এবং মজুত করে মুনাফা লুটছে। এই যে চেইন অব করাপশন রয়েছে একে ভাঙ্গতে হবে। আপনারা চিন্তা করুন গ্রাম থেকে এইভাবে চাল আনিয়ে তারা পশ্চিমবাংলার মানুষের নৈতিক চরিত্র কোথায় নিয়ে গেছে। কংগ্রেস সরকার জোতদার, মহাজন, বড় বড় ব্যবসায়ী এবং কালোবাজারীদের স্বার্থে যে খাদ্যনীতি গ্রহণ করেছিল তার কুফল হিসেবে আমরা দেখেছি গ্রামের সাধারণ মানুষকে তারা নৈতিক অধঃপতনের পথে ঠেলে দিয়েছিল। বামফ্রন্ট সরকার তাদের খাদ্য নীতির ক্ষেত্রে এমন নীতি নিয়ে চলেছেন যেটা কংগ্রেসের নীতি ছিল অর্থাৎ সেই একই ধারাবাহিকতা চলছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমরা দেখছি মূল্য স্তর অন্য বারের চেয়ে বেড়ে গেছে, অথচ বলা হচ্ছে উৎপাদন বৃদ্ধি হয়েছে। আমরা দেখছি বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এই মূল্যস্তর তাঁরা স্থিতিশীল রাখতে পারছেন না। প্রত্যেকটি জিনিসের দাম আজকের দিনে বেড়ে গেছে। চাল, ডাল-মশলা-পাতি, নুন, কয়লা, কেরোসিন প্রত্যেকটি জিনিস আজকের দিনে সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। কেন এমন হচ্ছে? অথচ আমরা জানি এসেনসিয়াল কমোডিটি অ্যাক্ট-এ মাননীয় মন্ত্রী তাঁর ভাষণে বললেন কতজনের বিরুদ্ধে কেস দায়ের করেছেন, কত জনকে গ্রেপ্তার করা

হয়েছে, কত জিনিস আটক করেছেন, তার ফিরিস্তি এখানে দিলেন। আমার বক্তব্য হচ্ছে তিনি যদি সত্য সত্যই চোরাকারবারি-মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে চান, তাহলে কঠোরভাবে কালোবাজারি মজুতদারদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন সেটা বলুন। তিনি এখানে বলেছেন তাতে আমরা বুঝতে পারছি খুচরা ব্যবসাই যারা চাল পাচার করেন তাদের সংখ্যাই তিনি বলেছেন। আমার বক্তব্য হচ্ছে তাদের ক্ষমতায় আসার পর কংগ্রেসের আমলে যে খাদ্য নিয়ে চোরাকারবারি, ফটকাবাজি, মজুতদারি পুলিশের সাহায্য নিয়ে চলত, এখনও দেখছি তাই তারা চালিয়ে যাচ্ছেন। কিন্তু এই সরকার এদের বিরুদ্ধে কোনও কঠোর ব্যবস্থা গ্রহণ করছেন না। যার ফলে আমরা দেখছি প্রত্যেকটি জিনিসের কৃত্রিম উপায়ে চোরাকারবারি মজুতদাররা দাম বাড়িয়ে যাচ্ছেন। এখন আমি বাজেটের কথায় আসছি। কনজিউমারের ক্ষেত্রে আমরা দেখছি এই কনজিউমার প্রাইস ইনডেক্সে ৭৭ জুলাই-এ ছিল ২৫৬ টাকা আর আজকে ৭৮ সালে ২৮৭ টাকা হয়েছে। খাদ্যনীতি সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, এশেনসিয়াল কমোডিটি অ্যাক্ট তিনি প্রয়োগ করছেন। কিন্তু আমরা দেখছি বড় বড় মজুতদার-চোরাবাজারি তাদের বিরুদ্ধে কঠোরভাবে তিনি এই আইন প্রয়োগ করছেন না। তাহলে কি আমরা এটাই বুঝব যে, গতবারে তাঁর খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্র কিছু ছিল না এবং তিনি খাদ্য সংগ্রহ করেন নি, এবারও সেই একই অবস্থা দেখছি। তাহলে কি তিনি এই মজুতদার-চোরাকারবারি মালিক শ্রেণীকে পৃষ্ঠপোষকতা করছেন না? তিনি বলেছেন দায়িত্ব আমাদের দেশের মানুষকে খাওয়াবার। এটা তো যে-কোনও গণতান্ত্রিক দেশের সরকারের দায়িত্ব। কিন্তু তিনি যেভাবে দায়িত্ব পালন করছেন তাই আমি তাঁকে বলতে চাই যে এশেনসিয়াল কমোডিটি অ্যাক্ট কঠোরভাবে প্রয়োগ করুন। কিন্তু আমরা দেখছি যে মালিক শ্রেণী আর মজুতদারদের প্রতি আপনাদের সহানুভূতি আছে সেটার প্রতিফলন গত দু' বছরের বাজেটে আমরা দেখছি। সুতরাং সেটা ছেড়ে দিয়ে সাধারণ মানুষের স্বার্থে চোরাকারবার, মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করুন। এটাই আমরা চাই।

[3-10—3-50 P.M.] (including adjournment)

আপনার এই রাইস মিল ও হাস্কিং মিলে আমরা দেখেছি, অসংখ্য রাইস মিল চলছে এবং এই রাইস মিল হাস্কিং মিলের সঙ্গে যুক্ত করে এই রাইস মিল ওনারা যখন গ্রামের ছোট চাষী, প্রান্তিক চাষী, ভাগচাষী, তাদের ফসল তোলার সময় তারা যখন তা নিজেদের প্রয়োজনে বিক্রি করে দিতে বাধ্য হয়—নানা কারণে তারা ধরে রাখতে পারে না, শীত বস্ত্র কেনার প্রয়োজনে, স্কুলে ছেলেদের বেতন দেবার প্রয়োজনে, নানা প্রয়োজনে তারা যখন বিক্রি করতে বাধ্য হয় তখন দেখা গিয়েছে এই ডিস্ট্রেস সেল কিনবার জন্য গ্রামে ডি.পি. এজেন্ট না থাকায় এই সব দরিদ্র ও প্রান্তিক চাষী উৎপাদন মূল্যের অনেক নিচু দরে তা বিক্রি করতে বাধ্য হয়েছে সেই সময় গ্রামের ধনী মানুষ ও মিল ওনাররা তা কিনে নিয়ে হাস্কিং মিলের মাধ্যমে রেশনে যে দরে চাল দেন তার চেয়ে অনেক বেশি দরে খোলা বাজারে বিক্রি করেছে। তাছাড়া র‍্যাশনে যে ডাল দেওয়া হয় তা অত্যন্ত নিম্ন মানের। দেখা গিয়েছে যে এক

কেজি মসুরের ডালে ১০০ গ্রাম ঘাসের বীজ মিশানো থাকে। এই রকম নিম্নমানের ডাল সরবরাহ করেছেন। এই রকম ডিলারশিপ সিস্টেমে দুর্নীতি হয় অথচ তাদের লাইসেন্স বন্ধ করা হয় না।

**মিঃ স্পিকার ঃ** আপনাকে ২২ মিনিট সময় দিয়েছি আপনি এবার বসুন।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** আমি এই ডিলারশিপটা বলেই শেষ করছি। এইভাবে না করে সর্বাত্মক রাষ্ট্রীয় ব্যবস্থা গ্রহণ করুন। গ্রামে ছোট ছোট দোকানের মারফত লাইসেন্স দিয়ে বন্টন ব্যবস্থা করুন। আশা করি এই নিয়ে রাষ্ট্রীয় ব্যবস্থা চালু করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3.50 P.M.)

**(After Adjournment)**

[3-50—4-00 P.M.]

**শ্রী নবকুমার রায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অব ইনফরমেশন, মাননীয় খাদ্যমন্ত্রী শুনছেন, আমি একটা টেলিগ্রাম মেসেজ পেয়েছি—নর্থ বেঙ্গলের রেশন ডিলাররা আজ থেকে স্ট্রাইক স্টার্ট করছে, কেন করছে, কি তাদের দাবি দাওয়া, এদের সঙ্গে আলোচনা হয়েছে কিনা কি ব্যাপার, খাদ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন। তারা কেন স্ট্রাইক করছে স্টেটমেন্ট দিন, স্ট্রাইক করলে কি অসুবিধা হয়, আপনি জানেন, আমরা সাধারণতঃ কেরোসিন তেল পাই না।

**মিঃ স্পিকার ঃ** আপনি ইনফরমেশন জানাবেন, বক্তৃতা দিচ্ছেন যে।

**শ্রী নবকুমার রায় ঃ** স্যার, আমি এ ব্যাপারে খাদ্যমন্ত্রীর স্টেটমেন্ট চাইছি।

**মিঃ স্পিকার ঃ** ইনফরমেশন জানাবেন, এখন স্টেটমেন্ট চাইছেন বলছেন, না দিলেই ওয়াক আউট করবেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমরাও এই ধরনের টেলিগ্রাম পেয়েছি, আমরা সকলেই কনসার্ন্ড, আজ বাজেট বক্তৃতার মধ্যে মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে যেন বলেন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ রায়, আজকে আপনার পার্টি থেকে কেউ না কেউ বলবেন, এভাবে না বলে আপনি তাঁদের দিয়ে বলাতে পারতেন তো।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্যমন্ত্রী তাঁর বাজেট ব্যয় বরাদ্দ চেয়েছেন। আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে বলতে চাই—পশ্চিমবাংলায় ব্যর্থ খাদ্যমন্ত্রী হিসাবে জনসাধারণের কাছে এর মধ্যেই তিনি যে প্রশংসা অর্জন করেছেন, তার জন্য অবশ্য তার অভিনন্দন প্রাপ্য। কোনও খাদ্যমন্ত্রী ইতিপূর্বে সমস্ত পলিসির জন্য এত ব্যর্থ হননি। শুধু তাই

নয় কোনও খাদ্যমন্ত্রী এভাবে পশ্চিমবাংলার চোরাকারবারিদের এবং কালোবাজারিদের এতখানি মদত দেননি। শুধু তাই নয়, কোনও খাদ্যমন্ত্রী এইভাবে কেন্দ্রের কাছ থেকে ইতিপূর্বে দরাজ হাতে সাহায্য পান নি এবং এইভাবে অকৃতজ্ঞ হন নি। বর্তমান বামফ্রন্ট সরকারের খাদ্যমন্ত্রী মাননীয় সুধীনকুমার দে নজির এই বিধানসভায় তার খাদ্য বাজেটে সৃষ্টি করেছেন। সেটাও এক দিক থেকে অভূতপূর্ব। একটি পয়েন্ট কেবলমাত্র আলোচনা করবেন। কারণ জানেন যে আমরা গতকাল থেকে ২৪ ঘন্টার জন্য অনশনে ছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন নামে একটা কর্পোরেশন গঠন করেছেন। তবে কুলোকে বলেছে, ওটা নাকি পশ্চিমবঙ্গ সরকারের এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন নয়, এটা একটা জয়েন্ট স্টক কোম্পানি। এই জয়েন্ট স্টক কোম্পানিতে তিন জন পার্টনার আছেন। একজন হচ্ছেন মাননীয় খাদ্যমন্ত্র, আর একজন ওই কোম্পানির ম্যানেজিং ডাইরেক্টর যিনি ভূতপূর্ব আই.এ.এস, একজন ভূতপূর্ব ডব্লিউ.বি.সি.এস. অফিসার যিনি কমার্সিয়াল ম্যানেজার। এই তিনজনকে নিয়ে এই জয়েন্ট স্টক কোম্পানি গঠিত হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের আন্ডারে যখন ভুরি ভুরি আই.এ.এস. যখন ভুরি ভুরি ডব্লিউ.বি.সি.এস. জানি না তখন কি কারণ থাকতে পারে এই এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশনে একজন রিটায়ার্ড আই.এ.এসকে ম্যানেজিং ডাইরেক্টর করা হল এবং একজন রিটায়ার্ড ডব্লিউ.বি.সি.এসকে সেই কর্পোরেশনের দু' দুটো পদে বসানো হল। কুলোকে এই কথাও বলছে যে দুজন রিটায়ার্ড অফিসারকে কর্পোরেশনের দায়িত্ব দেওয়া হয়েছে, সেই দুজন অফিসারই মাননীয় খাদ্যমন্ত্রীর সঙ্গে এক সঙ্গে ক্লাশমেট ছিলেন। শুধু তাই নয়, এই এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন ইতিমধ্যে এমন ভাল ভাল কাজ করতে শুরু করেছেন তা নিয়ে বাজারে গুঞ্জন শুরু হয়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি মাননীয় খাদ্যমন্ত্রী চ্যাটার্জি ইন্টারন্যাশনালের নামে চৌরঙ্গী রোডে যে বিরাট বাড়ি আছে সেই বিরাট বাড়ির একটা ঘর ভাড়া করেন। সেই ঘরের ভাড়া কত জানেন? শুনেছি মাসে নাকি ১২ হাজার টাকার। সেখানে সিমেন্টের যে অফিস খোলা হয়েছিল সেই অফিসে মাত্র দুমাস কাজ হয়েছিল। দু' মাস পরে এই অফিস কাজের অযোগ্য হওয়ার জন্য আবার ফ্রি স্কুল স্ট্রিটে অফিস স্থানান্তর করে নিয়ে যাওয়া হয়। কিন্তু অফিস তুলে দেওয়া হয় নি। সেই ১২ হাজার টাকা মাসিক ভাড়া দেওয়া হচ্ছে। সিমেন্টের জন্য এখনও সেই অফিস আছে, সেই অফিসে নামেমাত্র কয়েকজন এমপ্লয়কে রেখে অফিসের কাজ চালানো হচ্ছে। জানি না, চ্যাটার্জি ইন্টারন্যাশনালে ১২ হাজার টাকা ভাড়া দিয়ে এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন লিমিটেড থেকে সিমেন্টের জন্য অফিস নেওয়ার কি প্রয়োজন ছিল। যদি বা প্রয়োজন ছিল দু' মাস পরে সেই অফিস আবার অন্য জায়গায় নিয়ে যাওয়াই বা কেন হল। দু' মাস পরে সেই অফিস স্থানান্তর করে ফ্রি স্কুল স্ট্রিটে নিয়ে চলে যাওয়া হল। তবুও কেন সেই অফিস সেই ১২ হাজার টাকা ভাড়াতে রেখে দেওয়া হল এবং সেখানে মুষ্টিমেয় কয়েকজন কর্মচারী রাখা হল। শুধু তাই নয়, এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশনের যে সমস্ত কর্তাব্যক্তি আছেন তারা বিভিন্ন এয়ার কন্ডিশন্ড বাড়ি, এয়ার কন্ডিশন্ড অফিস ব্যবহার করছেন, রেলগাড়িতে এয়ার কন্ডিশন্ড কোচে তারা বিভিন্ন জায়গায় ভ্রমণ করছেন,

বিমানে ভ্রমণ করছেন—এইসব সত্য কিনা? পশ্চিমবাংলার মানুষকে সস্তা দরে খাদ্যশস্য, তেল এবং সিমেন্ট যাতে সরবরাহ করতে পারেন সেইজন্য তারা বিভিন্ন রাজ্যে ভ্রমণ করছেন এবং সেইজন্য লক্ষ লক্ষ টাকা এই এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন অফিসারদের ভাড়া বাবদ ব্যয় করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীকে আরও একটা কথা জানাতে চাই। এই এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশনের যিনি ম্যানেজিং ডাইরেক্টর তিনি এই এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশনের হ্যান্ডেলিং, স্টোরিং, ক্লিয়ারিং এজেন্ট হিসাবে এমন একজনকে নিযুক্ত করেছেন যার নাম [***]। শোনা যাচ্ছে তিনি ম্যানেজিং ডাইরেক্টরের নিকট আত্মীয় এবং তাকেই এই দায়িত্ব স্টোরিং, ক্লিয়ারিং হ্যান্ডেলিংয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। সেই [***] এটি ট্রান্সপোর্ট কোম্পানি যার নাম হীরাচাঁদ ট্রান্সপোর্ট যে ট্রান্সপোর্টকে সর্বত্র শুধু পশ্চিমবাংলার ভিতরে নয়, পশ্চিমবাংলার বাইরেও একচেটিয়া সিমেন্টের সমস্ত মালপত্র নিয়ে আসার দায়িত্ব দেওয়া হয়েছে। এই ট্রান্সপোর্ট কোম্পানির নাম হীরাচাঁদ ট্রান্সপোর্ট কোম্পানি এবং শোনা যাচ্ছে এই ম্যানেজিং ডাইরেক্টরের বেনামে হীরাচাঁদ ট্রান্সপোর্ট কোম্পানিতে শেয়ার আছে। এই [***] রিটায়ার্ড ডব্লিউ.বি.সি.এস. অফিসার।

[4-00—4-10 P.M.]

**মিঃ স্পিকার ঃ** নন্দবাবু, এখানে যে অফিসার উপস্থিত নেই, যার পক্ষে রিপ্লাই দেবার কোনও সুযোগও নেই, আপনি ব্যক্তিগতভাবে সেই অফিসারের নাম উচ্চারণ করবেন না।

**শ্রী কিরণময় নন্দ ঃ** স্যার, আমি নাম উচ্চারণ করছি না। একজন অফিসার, যিনি কমার্সিয়াল অ্যান্ড পারসোনাল ম্যানেজার, তিনি স্টাফ রিক্রুট করছেন—ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্টের যে ফর্মুলা আছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেওয়া, সেই নিয়ম কানুন তিনি মানছেন না এবং বিভিন্ন রাজ্য ঘুরে ঘুরে তিনি যে সমস্ত মালপত্র কিনছেন সেই সমস্ত মাল পত্র কেনার মধ্যে বহু কারচুপি থেকে যাচ্ছে। কারণ অন্যান্য রাজ্যে জিনিসপত্রের যে দাম চলছে তার চেয়ে সেখানকার ব্যবসায়ীদের অনেক বেশি টাকা দিয়ে সেই সমস্ত মাল পত্র কেনা হচ্ছে এবং সেই সমস্ত জিনিস অনেক বেশি দামে পশ্চিমবাংলায় বিক্রি করা হচ্ছে—এই সমস্ত অভিযোগ পাওয়া যাচ্ছে। আমরা এই সমস্ত অভিযোগগুলি করছি। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে আমি এটুকু বলতে চাই এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন লিমিটেড সম্পর্কে যে সমস্ত অভিযোগ জনসাধারণের মধ্য থেকে উঠেছে—আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ করব যেখানে সরকারের কোটি কোটি টাকা নিযুক্ত আছে সেখানে সি.বি.আই. অফিসারকে দিয়ে এই অভিযোগের তদন্ত করানো হোক। মাননীয় খাদ্যমন্ত্রী তো কথায় কথায় আমাদের প্রতিক্রিয়াশীল বলেন, দুর্নীতিগ্রস্তের ধারক বাহক বলেন—আমি তাই প্রগতিশীল খাদ্যমন্ত্রীকে অনুরোধ করব সি.বি.আই. অফিসারকে দিয়ে এই অভিযোগের তদন্ত করানো হোক এবং জনসাধারণের সামনে সেটা উন্মোচন করা হোক যে কোটি কোটি টাকা এই ভাবে আত্মসাৎ হচ্ছে অথবা

[Note : * Expunged as ordered by the chair.]

সৎভাবে ব্যয়িত হচ্ছে। এই এশেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন সম্পর্কে জনসাধারণের মনে অনেক প্রশ্ন দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী তার বাজেট বিতর্কে অনেক কথা বলেছেন। আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে একটি কথা জিজ্ঞাসা করতে চাই—কেন্দ্রীয় সরকার কিছু কিছু ট্যাক্স বাড়িয়েছেন, রাজ্য সরকারও কিছু কিছু ট্যাক্স বাড়িয়েছেন। কিন্তু সেই সমস্ত ট্যাক্সগুলি ইমপোজ হবে ১লা এপ্রিল থেকে। মার্চ মাসে বাজেট ব্যয় বরাদ্দের দাবি গৃহীত হবার পরে কেন্দ্র ও রাজ্যে যে সমস্ত জিনিসপত্রের উপর ট্যাক্স নির্দ্ধারিত হয়েছে সেইগুলির উপর ট্যাক্স চাপবে। কিন্তু আমরা সংবাদপত্রের মাধ্যমে যেটুকু দেখতে পাচ্ছি তাতে বলতে পারি ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন কেবল তেলের দাম বাড়িয়েছে এবং তারা যা বাড়িয়েছে এখানে তার চেয়ে বেশি বাড়ানো হয়েছে, যার জন্য কেন্দ্রীয় মন্ত্রী বহুগুনার একটি স্টেটমেন্টও বেরিয়েছে। আমি খাদ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যেদিন কেন্দ্র এবং রাজ্যের বাজেট বরাদ্দ বিধানসভায় গ্রহণ করার জন্য পেশ করা হল তারপর থেকে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র উধাও হয়ে গেল কেন? শুধু উধাও হয়ে যায় নি, প্রত্যেকটি জিনিসের দাম বেড়ে গেছে। কেন্দ্র এবং রাজ্য সরকার যে পরিমাণ ট্যাক্স বসিয়েছে তার চেয়ে অনেক বেশি দামে জিনিস বিক্রি হচ্ছে। খোলা বাজারে যে জিনিস পাওয়া যায় না কালোবাজারে গেলে অনেক বেশি দামে সেই জিনিস পাওয়া যাবে। প্রত্যেকটি নিত্য প্রয়োজনীয় জিনিসের এই অবস্থা হয়েছে। আপনারা তো শুধু গ্রামাঞ্চলের মানুষের কথা বলেন, কেরোসিন তেলের কথা বলেন। কেরোসিন তেল গ্রামাঞ্চলে খোলাবাজারে কোথাও পাওয়া যায় না, কালোবাজারে তেল প্রচুর পাওয়া যায়। সরকার থেকে যারা এজেন্ট নির্বাচিত হয়েছে সেই সমস্ত এজেন্টের কাছে বেশি দাম দিলে টিন টিন কেরোসিন তেল পাওয়া যাবে। সারা পশ্চিমবাংলায় এই ধরনের জিনিসপত্রের দাম বাজেট গৃহীত হবার পূর্বেই যে বেড়ে গেল তার জন্য খাদ্যমন্ত্রী হিসাবে আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন? খাদ্যমন্ত্রীর তো এনফোর্সমেন্ট ব্রাঞ্চ আছে। এই এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কটি জায়গায় কালোবাজারি, অসাধু ব্যবসায়ীদের ধরেছে? কোনও একটা জায়গায় দেখাতে পারবেন? জিনিস পত্রের দাম বেড়ে যাবার পর, বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি হবার পরে কটা কালোবাজারি, ভেজালদার, অসাধু ব্যবসায়ীদের এই বামফ্রন্ট সরকার এশেনসিয়াল কমোডিটিস অ্যাক্টে গ্রেপ্তার করেছেন অথবা তাদের মাল সিজ করেছেন? নিত্য প্রয়োজনীয় জিনিস পত্র যাতে নির্দ্ধারিত দামেই পাওয়া যায় তারজন্য তিনি কি ব্যবস্থা করেছেন, এমন একটাও নজির তিনি দেখাতে পারবেন? দেখাতে পারবেন না। শুধু নিজেদের দায়িত্ব এড়িয়ে যাবার জন্য তৎপর। অসাধু ব্যবসায়ীদের সঙ্গে যে একটা গোপন আঁতাত হয়েছে সেই আঁতাত জনমানসে প্রচ্ছন্নভাবে আড়াল করে রাখবার জন্য কেন্দ্রের উপর দোষ চাপিয়ে দিয়ে নিজেদের অপদার্থতা, অসাধুতা ঢাকবার জন্য খাদ্যমন্ত্রী সেই কথা সুকৌশলে তার বাজেট বক্তৃতায় চেপে গেছেন।

মাননীয় খাদ্যমন্ত্রী রেশনিং নিয়ে কথা বলেছেন, কর্ডনিং নিয়ে কথা বলেছেন। তিনি বলেছেন, বন্যার সময় এই রেশন থাকার জন্য পশ্চিমবাংলায় জিনিসপত্রের দাম বাড়েনি, চাল গমের দাম বাড়ে নি। তিনি এটা যা বলেছেন তাতে তিনি তথ্য বিকৃত করে বলেছেন। তিনি

যদি একবারও বলতেন যে কেন্দ্র পর্যাপ্ত পরিমাণে খাদ্যশস্য সরবরাহ করার জন্য এরাজ্যে বন্যার সময় চাল গমের দাম বাড়েনি তাহলে বুঝতাম তার সাধু মনোভাব আছে। কিন্তু তা না করে তিনি যে গর্হিত কাজ করেছেন তার সাফাই গাইবার জন্য এইসব কথা বলেছেন। স্যার, যখন ভারতবর্ষের বিভিন্ন জায়গাতে কর্ডনিং উঠে যাচ্ছে, রেশনিং উঠে যাচ্ছে তখন পশ্চিমবাংলায় তিনি স্ট্যাটুটারিরেশনিং এরিয়াকে আরও বাড়িয়ে দিয়েছেন। স্ট্যাটুটারি রেশনিং যেখানে প্রবর্তিত আছে সেখানে আমরা দেখেছি খোলা বাজারে মন মন চাল বিক্রি হচ্ছে। সারা পশ্চিমবাংলায় এর পূর্বে কখনও খোলা বাজারে এত চাল বিক্রি হয়নি। মডিফায়েড রেশনিং এরিয়ায় নয়, এ জিনিস আমরা দেখছি স্ট্যাটুটারি রেশনিং এরিয়াতে। তিনি স্ট্যাটুটারি রেশনিং এরিয়া আবার বাড়িয়ে দিয়েছেন। শুধু তাই নয়, চালের খুচরা এবং পাইকারি ব্যবসায়ীদের সরকার লাইসেন্স মারফত ব্যবসা করবার যে সুবিধা দিয়েছিল সেই সমস্ত লাইসেন্স বাতিল করা হয়েছে। সেখানে হাজার হাজার ছোট চাল ব্যবসায়ীর ব্যবসা বন্ধ হয়ে গিয়েছে এবং তার জায়গায় আমরা দেখছি খোলা বাজারে লাইসেন্স বিহীন শত শত দোকান বসে গিয়েছে। আমরা জানি এই সমস্ত দোকানের পেছনে কারা টাকা ইনভেস্ট করে। যে সমস্ত দোকানী খোলা হাজারে চাল বিক্রি করছে এই ব্যবসা তাদের টাকায় হয় না, এই ব্যবসা তাদের টাকায় হয় যারা প্রচুর পরিমাণে হোর্ড করেছে, যাদের হাতে ব্লাক মানি আছে। এই পশ্চিমবঙ্গে যারা কালোবাজারি করে, চোরাকারবারি করে এবং তা করে যারা প্রচুর টাকা জমিয়েছে তারা বেনামে রাস্তার লোকদের দিয়ে এই চালের ব্যবসাটা করছে। আমরা জানি কেন খাদ্যমন্ত্রী মহাশয় এই স্ট্যাটুটারি রেশনিং এরিয়াটা বাড়িয়ে দিতে চেয়েছেন। তার কারণ, এটা বাড়ালে খোলাবাজারে চালের দোকান বাড়বে। স্যার, আজকে স্ট্যাটুটারি রেশনে চালের যে দাম খোলা বাজারে চালের দাম তার চেয়ে কম। স্ট্যাটুটারি রেশনে চালের যে মান খোলা বাজারে চালের মান তার চেয়ে অনেক উৎকৃষ্ট। তাই আজকে খোলা বাজারে চালের দোকান যত বাড়বে ততই ব্লাক মার্কেটিয়ারদের টাকা খোলা বাজারে খাটতে পারবে এবং আমরা জানি খাদ্যমন্ত্রীর ততই বেশি লাভ হবে। তাই তিনি আজকে এই লাইসেন্স প্রাপ্ত চালের দোকানের লাইসেন্স বাতিল করে দিয়ে স্ট্যাটুটারি রেশনের এরিয়া দিয়ে খোলা বাজারে ব্লাক মার্কেটিয়ারদের টাকা যাতে চালে বেশি খাটতে পারে তার সুবিধা করে দিয়ে পশ্চিমবাংলায় যে সমস্ত ব্লাক মার্কেটিয়ার আছে তাদের আশীর্বাদপুষ্ট হয়ে পশ্চিমবাংলার খাদ্য বাজেট উপস্থিত করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কর্ডনিং সারা ভারতবর্ষ থেকে উঠে গেলেও পশ্চিমবাংলায় কর্ডনিং রেখে দেওয়া হল। কোটি কোটি টাকা এই কর্ডনিং-এর পেছনে খরচ হচ্ছে। কেন এই কর্ডনিং রাখা হয়েছে? কেন কর্ডনিং-এর পেছনে এই কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে? যেখানে অঢেলভাবে চাল, গম আসছে, যেখানে রেশনের দোকানের চেয়ে খোলা বাজারে চাল, গমের দাম কমে গিয়েছে সেখানে এই কর্ডনিং করে কার সুবিধা করে দিচ্ছেন? মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় তাঁর নিজের খাদ্য বাজেটে বলেছেন যে এই রাজ্য নাকি খাদ্যে ঘাটতি রাজ্য, অথচ মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় তাঁর যে বাজেট বক্তব্যে রেখেছেন এবং তার সমর্থনে ফরোয়ার্ড ব্লকের মাননীয় সদস্য শ্রী অনিল মুখার্জি তিনি একটি ডাটা দিয়ে দেখিয়েছেন যে ৩৩ এই

রাজ্যে সারপ্লাস। মাননীয় খাদ্যমন্ত্রী বাজেট উপস্থিত করেছেন যে এই রাজ্য খাদ্যে ঘাটতি আর কৃষি মন্ত্রী মহাশয় বলেছেন, তাঁর কৃষি বিপ্লবের ফলে এই রাজ্যে প্রচুর পরিমাণে খাদ্য উৎপাদিত হয়েছে যা বিগত দিনের সমস্ত খাদ্যের রেকর্ডকে ম্লান করে দিয়ে পশ্চিমবঙ্গকে খাদ্যে সারপ্লাস করেছে। ফরোয়ার্ড ব্লকের সদস্য শ্রী অনিল মুখার্জি মহাশয়ও বিধানসভাতে বক্তব্য রেখেছেন যে, এই রাজ্যে যে পরিমাণ খাদ্য উৎপাদিত হয়েছে তাতে এই রাজ্য খাদ্যে সারপ্লাস হয়ে যাচ্ছে। তাহলে কার কথা সত্য? বিধানসভায় সরকারপক্ষের এক সদস্য বলছেন যে খাদ্য উদ্বৃত্ত আর মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বক্তব্য রাখছেন খাদ্যে ঘাটতি। আমরা জানতে চাই, আগে বলুন কার কথা সত্য? স্যার, আমরা মনে করি, সমস্ত তথ্য জনসাধারণের কাছে বিকৃতভাবে উপস্থিত করার জন্য খাদ্যমন্ত্রী বিকৃতভাবে এই বাজেট বক্তৃতা রেখেছেন যাতে জনসাধারণের দৃষ্টিটা অন্যদিকে কেন্দ্রীভূত করা যায়। আর তা করে তারা কৃত্রিম সমস্যা সৃষ্টি করে এই রাজ্যের মানুষকে কেন্দ্রের বিরুদ্ধে যাতে ক্ষেপিয়ে তুলতে পারেন তারই একটা অশুভ প্রচেষ্টা করেছেন এবং সেটাই প্রতিফলিত হয়েছে মাননীয় খাদ্যমন্ত্রীর বাজেট বক্তৃতার মধ্যে। •

[4-10—4-20 P.M.]

খাদ্য দপ্তরে যে সমস্ত ইনস্পেক্টর রয়েছে তাঁরা কোনও জায়গায় সঠিক ভাবে দায়িত্ব পালন করেন না। বিভিন্ন জায়গা থেকে যে সমস্ত অভিযোগ পাওয়া যায় সেগুলি পুঙ্খানুপুঙ্খভাবে খুঁটিয়ে দেখা হয় না। কাজেই স্বাভাবিকভাবে কোথাও সাসপেন্ড করা হয় এবং তারপরে টাকার বিনিময়ে আবার তাকে ছেড়ে দেওয়া হয়। এইভাবে দিনের পর দিন খাদ্য দপ্তরে দুর্নীতি বেড়ে চলেছে। রেশনকার্ড নিতে গেলে রেশন অফিসের কর্মীদের উৎকোচ না দিলে সেখানে রেশন কার্ড পাওয়া যায় না। আজকে যাঁরা রেশন কার্ড করতে যাচ্ছেন তাঁদের বিভিন্ন ভাবে হয়রানি হতে হচ্ছে। দিনের পর দিন খাদ্য দপ্তরে যেভাবে বাস্তু ঘুঘুর বাসা বেঁধে উঠেছে সে দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি নেই। আমি জানি, খাদ্য মন্ত্রী মহাশয়ের আশীর্বাদপুষ্ট এই সমস্ত বাস্তু ঘুঘুরা দিনের পর দিন মহীরুহতে পরিণত হয়েছে এবং ফলশ্রুতি হিসাবে আজকে খাদ্য দপ্তর দুর্নীতির দপ্তর হিসাবে পশ্চিমবাংলায় পরিগণিত হয়েছে। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়, আপনি যদি পশ্চিমবাংলার জনসাধারণকে নিত্য প্রয়োজনীয় দ্রব্য ন্যায্য মূল্যে বিতরণ করতে চান, যদি পশ্চিমবঙ্গের খাদ্য দপ্তর সম্পর্কে জনসাধারণের মনে যে সমস্ত অভিযোগ আছে সেইগুলিকে খন্ডন করতে চান, যদি সৎ প্রশাসন গড়ে তুলতে চান তাহলে আশা করব যে আপনি নিজে এবং আপনার দপ্তরের অফিসাররা যাতে পরিচ্ছন্ন প্রশাসন গড়ে তুলতে পারেন তার জন্য সচেষ্ট হবেন। আজকে বিভিন্ন হাস্কিং মিলে আপনার দপ্তর থেকে একটা ফতোয়া পাঠিয়ে দিয়েছেন। কি সেই ফতোয়া? সেই ফতোয়া হচ্ছে, হাস্কিং মিলের লাইসেন্স নিতে গেলে সেখানে পঞ্চায়েতের মঞ্জুরি দরকার। আমি জিজ্ঞাসা করি যে কোন অ্যাক্টে এই কথা আছে? হাস্কিং মেশিন অ্যাক্ট, এটা সেন্ট্রাল অ্যাক্ট। ডিস্ট্রিক্ট ফুড কন্ট্রোল অফিসার, তিনি একটা হাস্কিং মেশিন লাইসেন্স দেবেন। কিন্তু তা না করে পঞ্চায়েতের মাধ্যমে হাস্কিং মেশিনের লাইসেন্স-এর ব্যবস্থা করা হয়েছে। হাস্কিং মেশিন কোথায় বসবে, কোন

*মৌজায় বসবে তার একটা ফতোয়া তিনি পাঠিয়ে দিলেন এবং যাতে দলের লোকেরা, সুবিধাবাদী লোকেরা সেখানে কিছু উৎকোচ দিয়ে সেই সুযোগ পায় তার একটা ব্যবস্থা করে দিয়েছেন।* এইভাবে বিভিন্ন জায়গায় পশ্চিমবাংলায় খাদ্য দপ্তর যে ভাবে দুর্নীতির জালকে প্রসারিত করছে, আমি তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। মাননীয় খাদ্য মন্ত্রী মহাশয়, আমি আপনাকে গতবারও বাজেটের সময় বারবার বলেছিলাম, আপনি শুধু কতকগুলি কুৎসা, বিভ্রান্তিমূলক ডাটা দিয়ে পশ্চিমবাংলার এই যে গুরু দায়িত্ব দপ্তর, সেই দপ্তর সম্পর্কে জনসাধারণের মধ্যে একটা কুহেলিকা স্বরূপ সৃষ্টি করলেন না। আপনি এই দপ্তরকে পরিচ্ছন্ন করে তুলুন। পরিচ্ছন্ন খাদ্য দপ্তর হিসাবে কাজ করুন। আপনি পশ্চিমবঙ্গের জনসাধারণের দায়িত্ব নিয়ে এই খাদ্য দপ্তরে এসেছেন, সেই দায়িত্ব ঠিকমতো পালন করুন। গতবারও এই কথা আপনাকে আমি বলেছি এবং এবারেও একই কথা আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি এবং এই কথা বলতে চাইছি যে পশ্চিমবাংলায় খাদ্য প্রচুর আছে। পশ্চিমবঙ্গে খাদ্যে ঘাটতি নয়। কিন্তু সরকারের অকমর্ণ্যতায় এবং অযোগ্যতায় পশ্চিমবাংলা আজকে খাদ্যে ঘাটতি দেখা দিয়েছে। পশ্চিমবাংলায় এশেনসিয়াল কমোডিটিস যা আছে সেই এশেন্সিয়াল কমোডিটিস সারপ্লাস। আপনার দপ্তর যদি তার ঠিকমতো বন্টনের ব্যবস্থা করে তাহলে ঘাটতি বলে পশ্চিমবঙ্গের জনসাধারণকে যা দেখান তাতে ঘাটতি হবে না এই কথা আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি। আমি আশা করব যে খাদ্য দপ্তরের যে দায়িত্ব আপনি পেয়েছেন সেটা ঠিক মতো পালন করবেন। পরিশেষে এই কথা বলতে চাই, সারা ভারতবর্ষে অবাধে চাল, ডাল, গম, চিনি সরবরাহের ব্যবস্থা যেভাবে কেন্দ্রীয় সরকার করে দিয়েছেন এবং তার পরিণতি হিসাবে আজকে সারা ভারতবর্ষে ঐ জিনিসগুলির দাম নেমে গেছে। আজকে সেইভাবে পশ্চিমবঙ্গে ডিকন্ট্রোল করে সমস্ত খাদ্য শস্য যাতে অবাধে চলাফেরা করতে পারে এবং কৃত্রিম অভাব যাতে সৃষ্টি না হয় তার জন্য ব্যবস্থা করবেন। আপনারই মুখে কেন্দ্রীয় সরকার চিনি ডিকন্ট্রোল করে দেবার জন্য এই বিধানসভায় অভিযোগ শুনেছি, গম ডিকন্ট্রোল করে দেবার জন্য অভিযোগ শুনেছি এবং একথাও শুনেছি যে চিনির দাম নাকি বাজারে ৫ থেকে ৬ টাকা হয়ে যাবে। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে রেশনে চিনির যা দাম তার থেকে বাজারে কম দামে উৎকৃষ্ট চিনি বিক্রয় হচ্ছে। চাল আজকে রেশনের থেকে কম দামে ভাল কোয়ালিটির পাওয়া যাচ্ছে। আমি আশা করব সেইভাবে খাদ্য দপ্তর পরিচালনা করবেন। আপনি যে বাজেট এখানে উত্থাপিত করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা না বলে পারছি না, এই কথাটা বলে আমার বক্তব্য শেষ করব এবং এর জন্য আপনার কাছে আমি এক মিনিট সময় চেয়ে নিচ্ছি। আমি যে বক্তব্য রাখব যদিও সেটা তা খাদ্য বাজেটের সঙ্গে সম্পর্ক নেই। মাননীয় পুলিশ মন্ত্রী মহাশয় গতকাল আমরা যখন বেরিয়ে যাই তারপরে একটা বিবৃতি এই হাউসে দিয়েছিলেন, আমি সেই সম্পর্কে বলছি। মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল একটা বিবৃতি এখানে দিয়েছিলেন। মুখ্যমন্ত্রী হিসাবে তাঁরও নিজের লজ্জা সরম জ্ঞান আছে, তাই তিনি আমরা

রাজ্যে সারপ্লাস। মাননীয় খাদ্যমন্ত্রী বাজেট উপস্থিত করেছেন যে এই রাজ্য খাদ্যে ঘাটতি আর কৃষি মন্ত্রী মহাশয় বলেছেন, তাঁর কৃষি বিপ্লবের ফলে এই রাজ্যে প্রচুর পরিমাণে খাদ্য উৎপাদিত হয়েছে যা বিগত দিনের সমস্ত খাদ্যের রেকর্ডকে ম্লান করে দিয়ে পশ্চিমবঙ্গকে খাদ্যে সারপ্লাস করেছে। ফরোয়ার্ড ব্লকের সদস্য শ্রী অনিল মুখার্জি মহাশয়ও বিধানসভাতে বক্তব্য রেখেছেন যে, এই রাজ্যে যে পরিমাণ খাদ্য উৎপাদিত হয়েছে তাতে এই রাজ্য খাদ্যে সারপ্লাস হয়ে যাচ্ছে। তাহলে কার কথা সত্য? বিধানসভায় সরকারপক্ষের এক সদস্য বলছেন যে খাদ্য উদ্বৃত্ত আর মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বক্তব্য রাখছেন খাদ্যে ঘাটতি। আমরা জানতে চাই, আগে বলুন কার কথা সত্য? স্যার, আমরা মনে করি, সমস্ত তথ্য জনসাধারণের কাছে বিকৃতভাবে উপস্থিত করার জন্য খাদ্যমন্ত্রী বিকৃতভাবে এই বাজেট বক্তৃতা রেখেছেন যাতে জনসাধারণের দৃষ্টিটা অন্যদিকে কেন্দ্রীভূত করা যায়। আর তা করে তারা কৃত্রিম সমস্যা সৃষ্টি করে এই রাজ্যের মানুষকে কেন্দ্রের বিরুদ্ধে যাতে ক্ষেপিয়ে তুলতে পারেন তারই একটা অশুভ প্রচেষ্টা করেছেন এবং সেটাই প্রতিফলিত হয়েছে মাননীয় খাদ্যমন্ত্রীর বাজেট বক্তৃতার মধ্যে। •

[4-10—4-20 P.M.]

খাদ্য দপ্তরে যে সমস্ত ইনস্পেক্টর রয়েছে তাঁরা কোনও জায়গায় সঠিক ভাবে দায়িত্ব পালন করেন না। বিভিন্ন জায়গা থেকে যে সমস্ত অভিযোগ পাওয়া যায় সেগুলি পুঙ্খানুপুঙ্খভাবে খুঁটিয়ে দেখা হয় না। কাজেই স্বাভাবিকভাবে কোথাও সাসপেন্ড করা হয় এবং তারপরে টাকার বিনিময়ে আবার তাকে ছেড়ে দেওয়া হয়। এইভাবে দিনের পর দিন খাদ্য দপ্তরে দুর্নীতি বেড়ে চলেছে। রেশনকার্ড নিতে গেলে রেশন অফিসের কর্মীদের উৎকোচ না দিলে সেখানে রেশন কার্ড পাওয়া যায় না। আজকে যাঁরা রেশন কার্ড করতে যাচ্ছেন তাঁদের বিভিন্ন ভাবে হয়রানি হতে হচ্ছে। দিনের পর দিন খাদ্য দপ্তরে যেভাবে বাস্তু ঘুঘুর বাসা বেঁধে উঠেছে সে দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি নেই। আমি জানি, খাদ্য মন্ত্রী মহাশয়ের আশীর্বাদপুষ্ট এই সমস্ত বাস্তু ঘুঘুরা দিনের পর দিন মহীরুহতে পরিণত হয়েছে এবং ফলশ্রুতি হিসাবে আজকে খাদ্য দপ্তর দুর্নীতির দপ্তর হিসাবে পশ্চিমবাংলায় পরিগণিত হয়েছে। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়, আপনি যদি পশ্চিমবাংলার জনসাধারণকে নিত্য প্রয়োজনীয় দ্রব্য ন্যায্য মূল্যে বিতরণ করতে চান, যদি পশ্চিমবঙ্গের খাদ্য দপ্তর সম্পর্কে জনসাধারণের মনে যে সমস্ত অভিযোগ আছে সেইগুলিকে খন্ডন করতে চান, যদি সৎ প্রশাসন গড়ে তুলতে চান তাহলে আশা করব যে আপনি নিজে এবং আপনার দপ্তরের অফিসাররা যাতে পরিচ্ছন্ন প্রশাসন গড়ে তুলতে পারেন তার জন্য সচেষ্ট হবেন। আজকে বিভিন্ন হাস্কিং মিলে আপনার দপ্তর থেকে একটা ফতোয়া পাঠিয়ে দিয়েছেন। কি সেই ফতোয়া? সেই ফতোয়া হচ্ছে, হাস্কিং মিলের লাইসেন্স নিতে গেলে সেখানে পঞ্চায়েতের মঞ্জুরি দরকার। আমি জিজ্ঞাসা করি যে কোন অ্যাক্টে এই কথা আছে? হাস্কিং মেশিন অ্যাক্ট, এটা সেন্ট্রাল অ্যাক্ট। ডিস্ট্রিক্ট ফুড কন্ট্রোল অফিসার, তিনি একটা হাস্কিং মেশিন লাইসেন্স দেবেন। কিন্তু তা না করে পঞ্চায়েতের মাধ্যমে হাস্কিং মেশিনের লাইসেন্স-এর ব্যবস্থা করা হয়েছে। হাস্কিং মেশিন কোথায় বসবে, কোন

অর্থমন্ত্রী বলেছেন আমাদের পশ্চিমবঙ্গে ৯২.৫ লক্ষ মেট্রিক টন খাদ্য শস্য ফলন করেছেন এবং কৃষি মন্ত্রীও তাঁর বক্তব্যে এই কথা বলেছেন, এখানে যা উৎপাদন হয়েছে, সেটা হচ্ছে ৯২.৫ লক্ষ মেট্রিক টন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, তাহলে আমাদের রিকোয়ারমেন্ট কত? উনি কিন্তু সেটা তাঁর বক্তব্যের মধ্যে কোথাও বলেন নি। তবে আমি তাঁকে দেখাচ্ছি, আমাদের কাছে যে হিসাব আছে তাতে দেখা যাচ্ছে, জন প্রতি ১৬ আউন্স করে যদি কনজাম্পশন ধরি তাহলে বছরে দরকার হয় ৮২ লক্ষ মেট্রিক টন, আর বীজ বাবদ লাগে ৮ লক্ষ মেট্রিক টন, তাহলে মোট খাদ্য শস্য পশ্চিমবঙ্গে দরকার হচ্ছে ৯০ লক্ষ মেট্রিক টন। ৯০ লক্ষ মেট্রিক টন হচ্ছে আমাদের রিকোয়ারমেন্ট। সেখানে আমাদের উৎপাদিত হচ্ছে, উনাদের কথা মত ৯২.৫ লক্ষ মেট্রিক টন, তাহলে ২.৫ লক্ষ মেট্রিক টন একসেস হচ্ছে। খাদ্য মন্ত্রী মহাশয় কিন্তু এই সব কথা বলেন নি। উপরন্তু তিনি ঘাটতির কথা বলেছেন। তিনি বলেছেন আমরা আশঙ্কার মধ্যে রয়েছি, এই বলে হুঁশিয়ারি দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে এই প্রশ্ন রাখছি দয়া করে জানাবেন, আমাদের উৎপাদন কত হচ্ছে আর আমাদের রিকোয়ারমেন্ট কত এবং আমাদের একসেস কত। খাদ্যমন্ত্রী বলেছেন কেরোসিনের যে চাহিদা রয়েছে, সেই চাহিদা অনুযায়ী আমরা কেরোসিন পাচ্ছি না। উনি বলেছেন ৩৫ হাজার কিলো লিটার আমরা পাচ্ছি। কিন্তু আমাদের লাগছে ৪৫ হাজার কিলো লিটার।

[4-20—4-30 P.M.]

আমাদের যা দরকার তা আমরা পাচ্ছি না। তারপর যেটা পাচ্ছি সেটা ঠিকমতো ডিস্ট্রিবিউট হচ্ছে না। উনি খাদ্য এবং সরবরাহ মন্ত্রী, সুতরাং ডিস্ট্রিবিউশনের দায়িত্ব ওঁর আছে। কিন্তু সেন্ট্রালের কাছ থেকে যেটা পাচ্ছি সেটাও ঠিকমতো ডিস্ট্রিবিউট হচ্ছে না। সেটা কেন হচ্ছে না, এই প্রশ্ন আমি ওঁর কাছে রাখছি, উনি নিশ্চয়ই আশা করি তার উত্তর দেবেন। আজকে গ্রামাঞ্চলে কেরোসিনের দাম লিটার প্রতি ২ টাকা হয়ে গেছে। উনি কেরোসিনের সম্বন্ধে বলেছেন, "কেন্দ্রীয় বাজেট গরিবের ঘরের আলো, উনানের আঁচ কমিয়ে দিলেন। শিক্ষার প্রসার আজ অন্ধকারেই করতে হবে।" আমরা গ্রামের লোক আমরা জানি গ্রামের মানুষের কেরোসিনের অভাবে কি কষ্ট হয়, কিভাবে তারা হা-হুতাশ করে। কিন্তু তার প্রতিকারের মন্ত্রী মহাশয় কি ব্যবস্থা করেছেন সেটা কি জানাবেন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এরপর সিমেন্টের ব্যাপারে আসছি, সিমেন্টের বন্টনের ব্যাপারে উনি একটা সার্কুলারে বলেছেন যে, ৯ ব্যাগ পর্যন্ত সিমেন্ট যে কোনও ডিলারের কাছে গেলেই পাওয়া যাবে, উইদাউট টেকিং এনি লাইসেন্স। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্ন মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে এই যে, ৯ ব্যাগ সিমেন্ট কোথায় পাওয়া যাচ্ছে? কোনও ডিলারের কাছে পাওয়া যাচ্ছে? আমাদের গ্রামাঞ্চলের কোনও ডিলারের কাছেই এক ব্যাগও সিমেন্ট পাওয়া যায় না, আর কলকাতায় আমি খবর নিয়ে জানলাম ব্লাকে ৪০ টাকা

দিয়ে সিমেন্ট পাওয়া যাচ্ছে এবং তাও সব সময় পাওয়া যাচ্ছে না। আমাদের কাছে কিন্তু খবর আছে যে, আর.সি.পি.আই-এর লোকেরা ডিলারদের কাছে গিয়ে ৯ ব্যাগ করে সিমেন্ট নিয়ে আসছে। 'ক' ডিলারের কাছ থেকে ৯ ব্যাগ 'খ' ডিলারের কাছ থেকে ৯ ব্যাগ 'গ' ডিলারের কাছ থেকে ৯ ব্যাগ, এই ভাবে ৬ জন ডিলারের কাছে গিয়ে ৫৪ ব্যাগ সিমেন্ট সংগ্রহ করে ব্ল্যাক করছে। ডিলাররা ভয় পাচ্ছে, কারণ মন্ত্রীর লোক, সেই জন্য তারা বুঝতে পেরেও দিয়ে দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিমেন্টের ব্যাপারে আজকে এটা কেন হবে? এটা আমার মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন। উনি কেন বললেন না যে, ১ ব্যাগও নিতে গেলে পারমিট লাগবে? আমরা মেদিনীপুর ইত্যাদি মফঃস্বল শহরগুলিতে দেখছি কোনও ডিলারের কাছে এক ব্যাগও সিমেন্ট যায় নি, ৯ ব্যাগ তো দূরের কথা। আমি এব্যাপারে বিধানসভায় ইতিপূর্বে প্রশ্ন রেখেছিলাম, কিন্তু উনি একটুতেই ইরিটেটেড হয়ে যান, প্রশ্ন করলে উত্তর পাই না। আমরা জানি উনি অসুস্থ, ওঁর মাথায় একটু অসুখ আছে, আমি তাই কিছু মনে করি না। আজকে যেন উনি ইরিটেটেড হয়ে না যান, অবশ্য ওঁর জবাবি ভাষণের সময় উনি আমাদের গালাগাল করতে পারবেন এবং আশা করি তখন উনি আমার প্রশ্নগুলির উত্তর দেবেন। তারপর ডিলারশিপ সম্বন্ধে আমার কাছে খবর আছে সেখানে সমস্ত নিজের পার্টির লোকেদের ডেকে বসানো হয়েছে এবং সেইভাবে নির্দেশ দেওয়া হয়েছে যে দেখতে হবে কি ভাবে পার্টি ফান্ড কালেক্ট করা যায়। এইভাবে কোনও ডিলারদের সম্বন্ধেও আমরা শুনেছিলাম। আজকে কেন্দ্র বলেছেন রেশন তুলে দেবার কথা, কর্ডেনিং তুলে দেবার কথা। আমরা দেখছি কর্ডেনিং-এর জন্য ৪ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় হয় এবং উনি বলেছেন এই টাকাটা খাদ্য গ্রাহকদের কাছ থেকে আদায় করা হয়। তার মানে সাধারণ মানুষ, যারা কেরোসিন, চাল, ডাল, তেল কিনছেন তাদের কাছ থেকে ৪ কোটি ৫০ লক্ষ টাকা ইনডাইরেক্টলি আদায় করা হচ্ছে। অথচ তিনি এখনও কর্ডেনিং রেখে দিয়েছেন। আর ওঁরা যখন বিরোধী পক্ষে ছিলেন তখন ওঁরা দাবি করেছিলেন কর্ডেনিং রাখা চলবে না, রেশনের বিরুদ্ধেও ওঁদের বক্তব্য ছিল। এখন কিন্তু ওঁরাই আবার কর্ডেনিং রেখে দিয়েছেন। আজকে কর্ডেনিং তুলে দিয়ে ঐ ৪ কোটি ৫০ লক্ষ টাকা এশেন্সিয়াল কমোডিটির যেগুলির দাম আপনি রেগুলেট করতে পারছেন না সেগুলিতে সাবসিডি দিয়ে সেগুলির দাম রেগুলেট করতে পারেন কিনা একটু ভেবে দেখুন। আজকে আপনি জিনিস পত্রের মূল্য বৃদ্ধি রোধ করতে ব্যর্থ হয়েছেন, সেই জন্য আপনাকে আমি অনুরোধ করব এই টাকাটা কর্ডেনিং খাতে ব্যয় না করে কর্ডেনিং তুলে দিয়ে যে জিনিসগুলির মূল্য বৃদ্ধি রোধ করতে পারছেন না, সেইসব জিনিসগুলিতে সাবসিডি দিয়ে জনসাধারণের একটু সুবিধা করার চেষ্টা করুন। আমরা দেখছি কর্ডেনিং থাকার কোনও মানে হয় না, কর্ডেনিং থাকা সত্ত্বেও কলকাতা শহরে চাল চলে আসছে। রেশনে অখাদ্য, কুখাদ্য চাল দেবার ফলে কলকাতার লোকেরা সেই চাল খায় না, তারা বাধ্য হয়ে খোলাবাজার থেকে ভাল চাল কিনে খায়। আপনাদের মধ্যেও অনেকে আছেন যাঁরা নিউ মার্কেটে গিয়ে ভাল চাল কিনে আনেন, কেন না রেশনে যে চাল সরবরাহ করা হয় তা খাওয়া যায় না। আজকে শহরের লোয়ার মিডিল ক্লাশ এবং মিডিল ক্লাশ লোকেরা আজকে ঐ সমস্ত ছোট

ছোট এবং বড় বড় ব্যবসায়ীদের কাছে সারেন্ডার করতে বাধ্য হচ্ছেন এবং তারা মুনাফা করার জন্য বেশি দামে চাল বিক্রি করছে। তাহলে কর্ডন রেখে দিয়েছেন কেন? কি হবে রেখে দিয়ে? আপনারা ২ বছর ধরে বলে আসছেন ৩০ বছর ধরে কংগ্রেসি অপশাসনের জন্য করতে পারি নি। তাহলে এটা রাখার জাস্টিফিকেশন নেই, তুলে দিন। আপনি এখানে সাংঘাতিকভাবে কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে অ্যাটাক করেছেন। আপনি বলেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী সারের দাম কমিয়েছেন, বলেছেন গরিব কৃষক সার ব্যবহার করে। করাই তো উচিত। কিন্তু সেচের জল ছাড়া সার কি করে ব্যবহার করা যায়, কজন সেচের জল পায়? কৃষকদরদী কেন্দ্রীয় মন্ত্রী মহাশয় ধনী কৃষকের ঘর ছাড়া আর কিছু দেখেন নি নিশ্চয়, তা না হলে জানতেন। আপনি কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে এইসব কথা বলেছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে আপনি ডাইরেক্ট চ্যালেঞ্জ করেছেন। আবার তাদের কাছেই গিয়ে হাতে পায়ে ধরে বলেন, আমাদের দয়া করুন, কিছু সাহায্য করুন। সুতরাং এই সমস্ত পেপার টাইগার বক্তব্য রাখার জাস্টিফিকেশন কি আছে তা বুঝি নি। এইসব কথা বলে নিজের মাথাকে কস্ট দেবেন না। আপনি দয়া করে চিন্তাভাবনা করুন, ভাবুন কিভাবে সত্যিকারের ভাল করতে পারেন। আজকে প্রচুর পরিমাণে খাদ্যের প্রডাকশন হয়েছে। আপনি ঠিকভাবে ডিস্ট্রিবিউশন করুন। আপনি তো মানব-দরদী কথা বলেন—এই যে রেশন ডিলাররা দুর্নীতি করছে, সিমেন্ট ডিলাররা দুর্নীতি করছে—কই তাদের একজনকেও তো অ্যারেস্ট করতে পারলেন না? তারা এখন রাম রাজত্ব চালাচ্ছে। সুতরাং আপনি যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্য হতাশায় ভরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নুনের কথা বলছি—আপনি তো কৃষক দরদী, কৃষকদের কথা ভাবেন—এইসমস্ত লোকেরা নুন-ভাত খেতে চায়—আপনি তো ডালের দাম কমাতে পারেন নি, সরষের তেলের দামও কমাতে পারেন নি—যাই হোক, এই নুন ভারত জাপানে বিক্রি করে কিন্তু পশ্চিমবঙ্গে আমরা যে দামে নুন কিনি তা জাপানের চাইতেও বেশি। আপনি বলছেন ওয়াগানের অভাব, ট্রেনের গন্ডগোল, জাহাজের গন্ডগোল—এইসব গন্ডগোল দেখিয়ে পশ্চিমবাংলার মানুষকে আর কতদিন বুঝিয়ে রাখবেন? সুতরাং এইসব মোকাবিলা করার চেষ্টা করুন, কিভাবে নুনের দাম কমতে পারে তারজন্য ব্যবস্থা অবলম্বন করুন। আপনি বড় বড় কথা বলেছেন—আমরা ১৯৬৭তে বলেছি। ১৯৬৯-এ বলেছি। আজ আবার ১৯৭৯তে বলি জনসাধারণ হুঁশিয়ার হোন। তৈরি হোন। নিয়ত সংগ্রাম ছাড়া বাঁচার অধিকার রক্ষার অন্য কোনও পথ নেই। আপনি এই যে সংগ্রামের কথা বলেছেন এই কথাগুলি আপনার আর.সি.পি.আই. প্লেনামে বা আর.সি.পি.আই কনফারেন্স বলতে পারতেন, বাজেট বক্তৃতায় কেন রেখেছেন? আমার মনে হয় এইসব বক্তব্য রেখে আপনি যে একজন সংগ্রামী, একজন শক্তিশালী বামফ্রন্ট সরকারের জনদরদী মন্ত্রী সেটা প্রমাণ করতে চাচ্ছেন। সুতরাং আপনার এই বক্তব্য রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। আসলে এই বক্তব্যের সারমর্ম হচ্ছে—আপনার চাকরি থাকবে, আপনার খাদ্য দপ্তর থাকবে। এটা যদি না বলতেন তাহলে তো আপনার দলের কেউই মন্ত্রী সভায় থাকত না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি এফ.সি.আই. গোডাউন সম্বন্ধে অনেক কথাই বলেছেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এফ.সি.আই. ডাইরেক্ট সেন্ট্রাল গভর্নমেন্টের হলেও আপনারা এটার কো-অর্ডিনেট করেন,

মেনটেনান্স এবং ম্যানেজমেন্টের দায়িত্বে থাকেন—সেই খাদ্য কর্পোরেশনে দিনের পর দিন চুরি হয়ে যাচ্ছে। বিভিন্ন খাদ্য-দ্রব্য অযথা নষ্ট হচ্ছে। সিমেন্টগুলি বাইরে পড়ে রয়েছে, বৃষ্টি এবং শিশিরে নষ্ট হয়ে যাচ্ছে। গম নষ্ট হয়ে যাচ্ছে। হাইড রোডে যে গো-ডাউন আছে সেখানেও নষ্ট হচ্ছে, ঝিঝিরে, মাঝেরহাট, শালিমার এবং খড়গপুরের কাছে যে সমস্ত গো-ডাউন আছে সেই সমস্ত জায়গায় অব্যবস্থার দরুন বিভিন্ন জিনিস নষ্ট হয়ে যাচ্ছে। এগুলি চিন্তা করুন। এই সমস্ত দুর্নীতি এবং অব্যবস্থা কিভাবে সু-ব্যবস্থায় আনা যায় এগুলি চিন্তা করুন। তা নাহলে কিছুই হবে না। খালি ভারতবর্ষের কথা বলে ভারতরত্ন পাওয়া যাবে না। আমার বিশেষ আবেদন শুধু সিমেন্ট নয়, তেল, ডাল, নুন প্রভৃতি ব্যাপারে চিন্তা করুন।

আপনি ধান-চালের একটা সংগ্রহমূল্য ঠিক করেছেন কিন্তু চাষীদের যে অন্যান্য জিনিস সমস্ত কিনতে হয় যে দাম দিয়ে সেটা এশেন্সিয়াল কমোডিটিস অ্যাক্ট অনুসারে দামের সঙ্গে সমতা রেখে সংগ্রহ মূল্য ঠিক করুন। সর্বশেষে আপনাকে বলব যে সংগ্রামী মনোভাব ত্যাগ করে পশ্চিমবাংলার কথা আপনি চিন্তা করুন, মানুষ আপনার কাছে অনেক কিছু আশা করে, আপনি একজন বিপ্লবী মানুষ, আপনার দপ্তর সম্বন্ধে অনেক অভিজ্ঞতা আছে, সুতরাং আপনি খাদ্যোৎপাদন যা হচ্ছে তাকে সুষ্ঠুভাবে বন্টন করবার দায়িত্ব নিন। সর্বশেষে আপনি যে সমস্ত কথা বলেছেন তার বিরোধিতা করে আমি শেষ করছি।

[4-30—4-40 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, খাদ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা পড়ে আমি অবাক হয়ে গেলাম, এই মন্ত্রী মহাশয়কে যতই দিনের পর দিন দেখছি ততই অবাক হয়ে যাচ্ছি। ইনি নিজে কিছু করতে পারবেন না শুধু বাগাড়ম্বর, বক্তৃতা এবং মাঝে মাঝে পশ্চিমবাংলার মানুষকে প্রতিশ্রুতি দেওয়া ছাড়া। তিনি বোধ হয় গীতার কোনও কথাকে ভুল মনে করেছেন তাই পশ্চিমবাংলার মানুষকে বোঝাবার চেষ্টা করেন "মা ফলেষু কদাচন" তিনি পশ্চিমবাংলার মানুষকে বলেন তোমরা জালভোটে আমাকে নির্বাচিত কর, বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত কর, কিন্তু ফলের জন্য আশা করো না, তাঁর বাজেট বিবৃতি পড়লে এইটাই আমরা দেখতে পাই তিনি অন্যান্য দপ্তরকে বুড়ো আঙ্গুল দেখিয়ে বলেছেন যে স্বরাষ্ট্র, এগ্রিকালচার, পাওয়ার ইত্যাদি দপ্তর তাঁর কাছ থেকে সব কেড়ে নিয়ে তারজন্য মাত্র এক কোটি মতন ফেলে রেখে দিয়েছেন। যার জন্য কিছু তাঁরটা সরবরাহ হিসাবে রাখা হয়েছে, তাঁর দায়িত্ব শুধু সরবরাহের এটা আমরা মেনে নিলাম। মন্ত্রী সভায় তিনি কর্নার হয়ে আছেন কারণ একটা ছোট পার্টি হয়ে তাঁকে কর্নার হয়ে থাকতে হয়েছে। কিন্তু এই সরবরাহের ক্ষেত্রেও তিনি ফেল করেছেন, কেন্দ্রকে বড় বড় জ্ঞান দিয়েছেন, বাজেটের মধ্যেও বড় বড় জ্ঞান দিয়েছেন। আমার মনে হয় তিনি জ্ঞান পাপী, তা না হলে তাঁর যদি জ্ঞান থাকত তাহলে সরবরাহের মধ্যে যে ম্যাল প্র্যাকটিস আছে দু-বছরের মধ্যে সেগুলি দুর করবার কথা বলতেন। এগুলো তিনি গতবারও বলেন নি, এবারেও বলেন নি, কেন না তাঁর মধ্যে কোনও

কনস্ট্রাকটিভ যন্ত্রকে কাজে লাগানো যায় এসব চিন্তা করবার ক্ষমতা তাঁর নেই, তাই তিনি সমালোচনা ছাড়া আর কিছুই জানেন না। এই ডিস্ট্রিবিউশন প্রসঙ্গে আমি আপনার ডিপার্টমেন্টের অফিসারদের কাছ থেকে খবর নিয়ে জেনেছি যে তারা আপনার উপর বিরক্তি প্রকাশ করছে।

[4-40—4-50 P.M.]

আপনি মন্ত্রী হয়ে আসবার পর এতটুকুও ডিস্ট্রিবিউশন সিস্টেমের পরিবর্তন হয় নি। কংগ্রেস সরকার ডিস্ট্রিবিউশনের জন্য যে অ্যাডমিনিস্ট্রেটিভ সিস্টেম যে ট্রান্সপোর্ট সিস্টেম ইত্যাদি রেখে গিয়েছিলেন সেগুলোই আপনার অফিসাররা স্বীকার করেছেন। কিন্তু আপনি মন্ত্রী হয়ে আসবার পর এই ট্রান্সপোর্ট সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটিভ সিস্টেম এর স্টাফ ইত্যাদি সম্বন্ধে আপনি কিছুই করেন নি। সেইজন্য যারা অফিসার তাদের সঙ্গে আলোচনা করতে আপনি বিরক্তি বোধ করেন, আপনি সমস্ত কিছুই বোঝবার ভাণ করেন, আমি আপনাকে কিছু জ্ঞান দেব না কারণ আমি অপাত্রে দান করতে চাই না। আপনি মনে করছেন যে ডিস্ট্রিবিউশন সিস্টেমের মধ্যে রেশনিং সিস্টেম যেটা বিধিবদ্ধ সংশোধিত রেশনিং সেটা গ্রাম লেভেল পর্যন্ত সুষ্ঠু থাকবে। আপনি আপনার মতে খুব জ্ঞানী কিন্তু আমি পন্ডিতদের সঙ্গে আলোচনা করে দেখেছি তাঁরা বলেছেন বিধিবদ্ধ এবং রেশনিং সিস্টেম যতই প্রকট করতে যাচ্ছেন ততই কালোবাজারি বেড়ে যাচ্ছে। রেশনিংয়ের ডিস্ট্রিবিউশন সিস্টেম সুষ্ঠুভাবে চলছে না যার জন্য ডিলাররা আসতে আসতে সরে যাচ্ছে এবং খোলা বাজারে কালোবাজারি চলছে। আপনি আমাদের জ্ঞান দিয়েছেন যে অত্যাবশ্যকীয় পণ্যের ব্যাপারে সারা ভারতবর্ষে সেম সিস্টেম সমপরিমাণে এক দর রাখা উচিত। আপনি সৌখিন মন্ত্রী আপনি কি জানেন যে সারা পশ্চিমবাংলায় সমস্ত জিনিসের এক দাম আছে বা অত্যাবশ্যকীয় জিনিসগুলো এক দামে বিক্রি হয়? ছোটমোল্লাখালিতে যে দামে বিক্রি হয় অন্য জায়গায় সেই দামে বিক্রি হয় কিনা এটা কি জানেন? কলকাতায় যে দামে বিক্রি হয় অন্য জায়গায় কি সেই দামে পাওয়া যায়? সারা পশ্চিমবাংলার মানুষকে কিভাবে খাওয়ানো যায় সেটাই আপনি ঠিক করতে পারছেন না অথচ আপনি সারা ভারতবর্ষের কথা চিন্তা করছেন। সারা পশ্চিমবাংলার মানুষকে একই দামে খাওয়ান এবং সেটা ঠিক করবার জন্য আপনার অন্যান্য লোক এবং অফিসারদের সঙ্গে আলোচনা করার দরকার আছে কিন্তু তা আপনি করেন না, আপনার ডিস্ট্রিবিউশন সম্বন্ধে একটি কথা বলব। এই ডিস্ট্রিবিউশন সম্বন্ধে আপনি ভারত সরকারকে গালাগাল দিয়েছেন, এবং বলেছেন যে সমস্ত খাদ্যগুলি তারা পাঠাচ্ছেন ট্রান্সপোর্ট সিস্টেমের মাধ্যমে তাতে গাফিলতি আছে। জাহাজ বা ওয়াগন ঠিকমতো পাওয়া যায় না, ওয়াগন খোলা থাকে বলে মাল নষ্ট হয়ে যাচ্ছে এবং চাহিদা অনুযায়ী যোগান ঠিকমতো আসছে না—আমি হেল্পলেস। কিন্তু আপনাকে বলছি যতটুকু যোগান ভারত সরকার দিয়েছেন এবং যতটুকু যোগান পূর্বতন সরকার করে গিয়েছিলেন, যতটুকু রিজারভেশন পশ্চিমবঙ্গের বুকে আছে সেটা ঠিকমতো আপনি ডিস্ট্রিবিউশন করতে পারেন নি। মাননীয় রজনী দোলুই বললেন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ চট্টরাজ, আপনি যেভাবে মন্ত্রীর দিকে আঙুল দেখিয়ে উদ্দেশ্য করে বলছেন সেটা ঠিক নয়, আপনি আমাকে উদ্দেশ্য করে বলুন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনি যদি ইন্টারাপ্ট করেন তাহলে আমি বাধা পাব। আপনি ইন্টারাপ্ট করবেন আমি আশা করিনি। আমি বলছি এর আগে ২ বছর ধরে এই রকম আঙুল দেখিয়ে বক্তব্য রেখেছে, আমিও বক্তব্য রেখেছি। আপনি কি উদ্দেশ্যে ইন্টারাপ্ট করলেন জানি না, আমি অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে বলছি এটা হয়ে এসেছে, এটা অ্যাসপারশন অন দি চেয়ার নয়।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে, আপনি বলুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আপনি যে পয়েন্ট তুলেছেন আমি আপনার সঙ্গে একমত হতে পারছি না, একমত হতে পারলে খুশি হতাম। যখন কোনও মাননীয় সদস্য অ্যাড্রেস করেন তখন মাননীয় স্পিকারের থ্রু দিয়ে অ্যাড্রেস করা হয়। মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ যেটা অ্যাড্রেস করেছেন সেটা আইন মাফিক, সেটা থ্রু ইউ করেছেন। আমরা হাত নাড়তে পারব না এটা রুলস অব প্রোসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অব বিজনেসের কোথাও দেখাতে পারবেন না। তা যদি না হয় তাহলে সুনীতি চট্টরাজ যেটা বলেছেন এটা নিশ্চয়ই একজন সভ্যের অধিকার রয়েছে। বক্তব্য রাখার সময় যদি প্রয়োজন হয় তাহলে পয়েন্ট আউট করতে পারেন উনি আমার বিরুদ্ধে বলেছেন। এটা অসাংবিধানিক নয়।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যা বলেছেন সেটাই নিয়ম, অ্যাড্রেস করতে হবে চেয়ারকে। কোনও মেম্বারকে পার্সোনালি অ্যাটাক করবার নিয়ম এখানে নেই, কারোর বিরুদ্ধে পার্সোনাল চার্জ আনা যায় না।

**শ্রী অনিল মুখার্জি ঃ** স্যার, আপনি যে রুলিং দিয়েছেন এই রুলিং ঠিক, রুলস অব প্রোসিডিওরে তাই আছে। এইভাবে আঙুল দেখিয়ে কোনও মেম্বারকে পয়েন্ট আউট যদি কেউ করেন তাহলে সে সম্বন্ধে আপনি যে রুলিং দিয়েছেন ঠিকমতো রুলিং দিয়েছেন। আমি মনে করি মাননীয় সদস্যের আপনার রুলিং মেনে কাজ করা উচিত এবং এই ম্যানার উনি শিখবেন।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মিঃ স্পিকার, স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। আপনার রুলিং নিশ্চয়ই আমাদের শিরোধার্য। আপনার মাধ্যমে আমরা বক্তব্য রাখি, কিন্তু বাজেট বক্তৃতা বলে যে জিনিসটা হাউসে রাখা হচ্ছে এটা বাজেটারি প্রসেসের মধ্য দিয়ে আসে কিনা আমি জানি না। সেজন্য আপনার মাধ্যমে বক্তব্য রেখেও মন্ত্রী মহাশয় যেসমস্ত বক্তব্য রাখেন তা বাজেটারি প্রসেসের নিয়মানুযায়ী হয় না বলে কোনও বিষয়ে মন্ত্রী মহাশয়কে উদ্দেশ্য করে আমাদের বলতে হয়। আপনি যখন বলছেন তখন আপনার নির্দেশ অনুযায়ী আমরা চেষ্টা করব আমাদের বক্তব্য রাখার।

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রীকে উদ্দেশ্য করে বলা এক জিনিস, আর আঙুল দেখিয়ে বলা অন্য জিনিস।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি যে কথা বলছিলাম যে মিঃ স্পিকার, স্যার, খাদ্য মন্ত্রী আজকে গোডাউনে যে জিনিসটা করছে, মিঃ স্পিকার, স্যার, গোডাউনে খাদ্য দারুণভাবে নষ্ট হচ্ছে, মিঃ স্পিকার, স্যার, আমি যে কথা বলছিলাম, মিঃ স্পিকার, স্যার,..

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পয়েন্ট অব অর্ডারে বলছি। আপনাকে এই যে বার বার মিঃ স্পিকার স্যার বলছে এটা ব্যঙ্গ করে করছে, এটা টলারেট করা যায় না, এইভাবে এই জিনিস সমর্থন করা যায় না। আপনাকে অপমান করার উদ্দেশ্যে এইভাবে বার বার বলা হচ্ছে।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** একটা বাজেট স্পীচ দিতে গেলে কোনও মন্ত্রীর নাম করতে হয়, আমরা যারা বলি আপনার মাধ্যমে বলার চেষ্টা করি।

**মিঃ স্পিকার ঃ** কোনও মন্ত্রীর কথার সমালোচনা হবে না একথা আমি বলিনি, নিশ্চয়ই হবে। আমি বলেছি কোনও মন্ত্রীকে লক্ষ্য করে আপনি এটা করেছেন, ওঠা করেছেন একথা বলা ঠিক নয়।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, ইফ ইউ ডু নট মাইন্ড তাহলে আমি একটা কথা বলি। আমি বক্তৃতা আরম্ভ করার সময় মাননীয় স্পিকার মহাশয় একথা বলে আরম্ভ করেছি এবং বক্তৃতা শেষ করার সময়ও মাননীয় স্পিকার মহাশয় একথা বলেছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমরা সবসময় স্পিকারকে অ্যাড্রেস করব দিস ইজ জেনারেল প্রাকটিস। কিন্তু বারে বারে স্পিকার স্যার, স্পিকার স্যার, এরকম বলা ঠিক নয়।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** যাহোক, আমি যে কথা বলছিলাম সেটা হচ্ছে আজকে পশ্চিমবাংলায় যোগানের ক্ষেত্রে দেখছি, পূর্বতন কংগ্রেস সরকার যেটুকু যোগান দিয়েছিল সেটাই রয়েছে। মাননীয় সদস্য রজনীবাবু উদাহরণ দিয়েছেন এবং আমার কাছেও ভুরি ভুরি উদাহরণ রয়েছে বিভিন্ন গোডাউনে খাদ্যশস্য নষ্ট হচ্ছে, অপচয় হচ্ছে অথচ মন্ত্রী মহাশয় সেখানে যেতে পারছেন না। কেন্দ্রীয় সরকারের গোডাউনে নষ্ট হচ্ছে সেটা বুঝলাম, কিন্তু পশ্চিমবাংলার জনসাধারণের কাছে পৌছে দেবার জন্য যা দেওয়া হয়েছে সেটা কিন্তু এই সৌখিন মন্ত্রী মহাশয় দেখছেন না এটা আমি তাঁর কাছে রাখছি। মন্ত্রী মহাশয় বলেছেন, বাঁশ ছাড়া মানুষকে তিনি কিছু কিছু যোগান দিয়ে আসছেন। কিন্তু এবারে দেখছি তিনি বোধহয় মানুষকে ওই বাঁশও দেবেন। আজকে চাল, ডাল ছাড়া কেরোসিনের কথা বলতে পারি তার যোগান কমে গেছে। তিনি বলেছেন ৩৫ হাজার লিটার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন। ১৯৭৪ সালে কেরোসিনের ক্রাইসিস ছিল এবং তার ফলে কেরোসিনের কালোবাজারি

হয়েছিল। তখন কেন্দ্রে এবং পশ্চিম বাংলায় একই কংগ্রেস সরকার থাকা সত্ত্বেও যেখানে চাহিদা ছিল ৩০ হাজার লিটার সেখানে পেয়েছিল মাত্র ২০ হাজার লিটার। কিন্তু তখন তো এরকম ক্রাইসিস বা কালোবাজারি হয় নি বা এরকম ম্যালডিস্ট্রিবিউশন হয় নি। মন্ত্রী মহাশয় বারে বারে বলেছেন সাপ্লাই ডিমান্ড অনুসারে নেই। কিন্তু চাহিদা অনুসারে যোগান নেই বলে যে দাম বেড়ে যাচ্ছে সেকথা তো বলছেন না। ইকনমিক্স-এর একটি ছোটছেলে জানে যে, সাপ্লাই অ্যান্ড ডিমান্ডের ক্ষেত্রে ম্যালডিস্ট্রিবিউশন থাকার জন্য জিনিসের দাম বেড়ে যায়। কিন্তু দুঃখের বিষয় সেকথাটা তিনি জেনেও না জানার ভান করছেন। তবে একটা ব্যাপারে আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং সেটা হচ্ছে গতবারে তিনি চিন্তা করতে পারেন নি কিন্তু এবারে চিন্তা করেছেন যে আমাদের এখানে সর্ষের তেল হতে পারে। স্যার, উনি স্বীকার করেছেন যদি ইচ্ছা করেন তাহলে পশ্চিমবাংলার এমন একটার মেটেরিয়াল পাওয়া যায় যেটা দিয়ে সর্ষের তেল উৎপাদন করা যায়। আমার এলাকায় মিঃ সর্দার বলে একজন এক্সপার্ট থাকেন তাঁর সঙ্গে আমি এই ব্যাপারে কথা বলেছি। কিন্তু তিনি বলছেন আমি মন্ত্রী মহাশয়ের কাছে যেতে পারছি না, আমার যেতে ভয় হচ্ছে কারণ তাঁর কাছে গেলেই হয়ত ইলেকশন ফান্ডে, পঞ্চায়েত ফান্ডে টাকা চেয়ে বসবে।

[4-50—5-00 P.M.]

আমি যে কথা বলছিলাম সেটা যদি উনি করেন—সর্ষের তেল শুধু সেন্ট্রাল থেকে বা অন্য প্রভিন্স থেকে থ্রু সেন্ট্রাল যতটুকু তিনি পাবেন সেটা উপযুক্ত ডিস্ট্রিবিউশনের জন্য যদি চেষ্টা করেন তাহলে আমাদের বিশ্বাস পশ্চিমবাংলার সমস্ত দুঃখ কষ্ট লাঘব না হোক পশ্চিমবাংলার কিছু মানুষের কষ্টের লাঘব হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে উনি সরবরাহ মন্ত্রীও বটে এবং ওঁনার সঙ্গে খাদ্যটাও কানেকটেড। আমি ডিস্ট্রিবিউশনে যাচ্ছি না, সরবরাহের সঙ্গে খাদ্য ডাইরেক্টলি কানেকটেড, তিনি দায়িত্ব নিতে অস্বীকার করেছেন কিন্তু বামফ্রন্ট সরকার—তিনি হয়ত অন্য পার্টির হতে পারেন, তিনি যদি এগ্রিকালচারাল মিনিস্টারের সঙ্গে, পাওয়ার মিনিস্টারের সঙ্গে, ল্যান্ড রেভিনিউ মিনিস্টারের সঙ্গে আলোচনা করে আজকে পশ্চিমবাংলায় খাদ্য যোগানটাকে বাড়ানোর চেষ্টা করেন এবং কিভাবে এই সমস্ত ডিপার্টমেন্টের সঙ্গে কো-অর্ডিনেশন করে করা যায় সেটা দেখে তাহলে পশ্চিমবাংলার প্রডাকশন বাড়বে। কিন্তু কো-অর্ডিনেশন যদি না থাকে, এবারে যদিও বেড়েছে কিন্তু আগামী বছর দেখবেন স্যার, ল্যান্ড রেভিনিউ ল'এর জন্য এবং এগ্রিকালচাল ও রিভার লিফ্‌ট না হবার জন্য এবং তারপরে পাওয়ারের যে অবস্থা, আপনি জানেন স্যার, পাওয়ার ডিস্ট্রিবিউশন এবং জেনারেশনের ব্যাপারটা একেবারে নষ্ট হয়ে গিয়েছে এবং এরজন্য ইরিগেশন সিস্টেম—এটা রেকর্ড স্যার, একটা ইরিগেশন সিস্টেম নতুন করে করা হয় নি। এখানে খাদ্যমন্ত্রী মহাশয় হয়ত বলবেন, এটাতে আমার করণীয় কিছু নেই কিন্তু দায়িত্ব এড়িয়ে গেলে চলবে না। এটা বামফ্রন্টের দায়িত্ব। তিনি আর.সি.পি.আই.এর মিনিস্টার হতে পারেন কিন্তু গোটা মিনিস্ট্রিকে দায়িত্ব নিতে হবে কি ভাবে পশ্চিমবাংলাতে প্রডাকশন বাড়ানো যায়। এইভাবে চিন্তা করে

কো-অর্ডিনেশন করে সেন্টার থেকে যতটুকু যোগান আসুক তার উপর খাদ্য প্রডাকশন বাড়াতে হবে। আমাদের গোডাউন আরও বাড়ানো দরকার, ট্রান্সপোর্ট সিস্টেম আরও বাড়াতে হবে। আর একটি কথা বলছি স্যার, খাদ্য ডিস্ট্রিবিউশন সরবরাহ ডিপার্টমেন্টের সঙ্গে ডাইরেক্টলি জড়িয়ে আছে। তারপর রেশনিং সিস্টেম, আজকে কংগ্রেসের নবকুমার বাবু বললেন, নর্থ বেঙ্গলে রেশন ডিলাররা স্ট্রাইক করতে চলেছে। তাহলে রেশনিং সিস্টেম ডাইরেক্টলি এবং ইনডাইরেক্টলি ফেল করে যাবে। তারপর বেআইনি হাস্কিং মিল গোটা পশ্চিমবাংলায় যতগুলি আইন সঙ্গত মিল আছে তার চারগুণ বেআইনি হাস্কিং মিল আছে। এই বেআইনি হাস্কিং মিল চলছে কারণ তার থেকে খাদ্যমন্ত্রী মহাশয় ইলেকশন ফান্ড তোলার চেষ্টা করছেন। এটাতে আমি ধিক্কার না জানিয়ে পারছি না। তাই আমি বলব, হাস্কিং মিল আইন সঙ্গত ভাবে চালু করুন। কিন্তু স্যার, বে আইনি হাস্কিং মিল বন্ধ করার এতটুকু চেষ্টা উনি করেন নি। আজকে খাদ্যদ্রব্যের মূল্যের ব্যাপারে কালোবাজারি, মজুতদারি এসব বন্ধ করার জন্য কোনও একজাম্পল তিনি রাখতে পারেন নি। এখনও চোরাকারবারি ব্যবসায়ীদের এগেনষ্টে কোনও স্টেপ তিনি নিতে পারেন নি। আজকে সেইজন্য আমি বলছি, খাদ্য-এর ব্যাপারে তিনি সব দিক থেকে ব্যর্থ এবং যে বাজেট বরাদ্দ এই অখাদ্য মন্ত্রী মহাশয় পেশ করেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না। এই বলে আমি শেষ করলাম। জয়হিন্দ।

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের ২৪ ঘন্টা অনশন করে খাদ্যমন্ত্রীর খাদ্য ভান্ডারের যে কিছু সাশ্রয় করেছেন তার জন্য অভিনন্দন জানাচ্ছি। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় কর্তৃক উত্থাপিত ব্যয় বরাদ্দের যে দাবি তিনি রেখেছেন তার বাস্তব অবস্থা, সমস্যা এবং ক্ষমতার নীরিখে বিচার বিশ্লেষণ করলে সমর্থন না করার কোনও যুক্তি সঙ্গত কারণ থাকতে পারে না। কিন্তু এটাই সব নয়, আরও কিছু করা যেত কিনা, আরও করা যায় কিনা, সে সম্পর্কে নিশ্চয়ই আলোচনা করার দরকার আছে। তার আগে আমি বলতে চাই যে খাদ্যমন্ত্রী মহাশয় গত বৎসর কি করেছিলেন এবং এই বৎসর কি করতে চেয়েছেন—বিগত বৎসরে অর্থাৎ ১৯৭৮ সালে তিনি ১ কোটি ২ লক্ষ লোককে বিধিবদ্ধ রেশন এলাকার মধ্যে এনেছিলেন, বাকিদের তিনি মডিফায়েড রেশনে খাদ্য সরবরাহ করবার ব্যবস্থা করেছিলেন, ৩২ হাজার টন তিনি রেপসিড অয়েল সরবরাহ করেছেন, ৬ হাজার টন ডাল তিনি ভরতুকি দিয়ে সরবরাহ করেছিলেন এবং ৩ লক্ষ মেট্রিক টন সিমেন্ট এই ৭৮ সালে তিনি সরবরাহ করেছেন। এই বৎসর সমস্ত ব্যবস্থাকে বৃদ্ধি করার এবং ইনস্পেকশন সহ কোয়ালিটি কন্ট্রোলের দিকে তিনি নজর দিয়েছেন। নিশ্চয়ই এটা প্রশংসার দাবি রাখে। সেইজন্য এই সমস্ত ব্যবস্থা করলেও সমস্যার সমাধান হবে না, এটাই সব নয়। মূল যে কথা হল যে খাদ্য সমস্যার যদি সমাধান করতে হয় সেই খাদ্য সমস্যার সমাধান নির্ভর করে খাদ্য সংগ্রহ ও বন্টন নীতির উপর। এই খাদ্য সংগ্রহ ও বন্টন ব্যবস্থা তা একটা শ্রেণীর দৃষ্টিকোণ থেকে যতক্ষণ না দেখা যাচ্ছে ততক্ষণ কিন্তু তার সমাধান করা যাবে না। আর এটা সমাধান করতে গেলে মূলত নির্ভর করতে হবে কেন্দ্রীয় সরকারের খাদ্য

নীতির উপর। কেন? না, আজ সারা ভারতবর্ষে ধান, চাল, গম ইত্যাদি যে খাদ্যশস্য হয় তার দাম, যে দাম কৃষকরা পায় তা শিল্পজাত দ্রব্যের সঙ্গে সমতা না রেখে নির্ধারিত হয়। জাতীয় জীবনে একটা নতুন সংকট পরিলক্ষিত হচ্ছে এবং এই সংকট গভীর থেকে গভীরতর আগামী দিনে হবে। দেশের যে জমি সেই জমির সিংহভাগ আজ জোতদার, জমিদার, তাদের হাতে কেন্দ্রীভূত এবং বড় বড় জমি যেহেতু তাদের হাতে কেন্দ্রীভূত সেইজন্য মূল খাদ্যের বাজার নিয়ন্ত্রণ করে ঐ বড় বড় চাষীরা, জোতদার জমিদাররা। এছাড়াও বিভিন্ন খাদ্যের বাজার যেমন উত্তর প্রদেশে মীরাট, পাঞ্জাবে কর্ণল, মহারাষ্ট্রে কোলাপুর, হরিয়ানায় রোতক, বিহারে চৌপাড়া, রাজস্থানে জয়পুর প্রভৃতি যে সমস্ত খাদ্যের বাজার আছে, এক কথায় যাকে মান্ডি বলে, সেই বড় বড় বাজারে যে সমস্ত খাদ্য আসে সেই খাদ্যের দাম ধরা ঐ কেন্দ্রীয় সরকারের খাদ্যর মূল্য নির্দ্ধারণের যে অফিস আছে তারা মূল্যটা বাঁধে কিন্তু ন্যায়তভাবে যখন ক্রেতার হাতে খাদ্যটা পৌছায় সেই মূল্যের সঙ্গে তার অনেক তফাত থাকে। সেইজন্য আমরা কি চেয়েছিলাম? আমরা চাই যারা জমিতে মেহনত দেয় না সেই সব বড় বড় জোতদার ও জমিদারদের সমস্ত খরচটাকে, তার চাষের জন্য ছাড় দিয়ে, তার খোরাকীর জন্য ছাড় দিয়ে সমস্ত খাদ্যটাকে একটা ন্যায় সঙ্গত, ন্যায্য মূল্য দিয়ে বাধ্যতামূলকভাবে যদি আমরা গ্রহণ করতে পারি তবেই একমাত্র খাদ্য সরবরাহ বলবৎ রাখা যায়। এই উদ্দেশ্যে আমরা প্রথমে এসে ৩০ বিঘা জমি পর্যন্ত লেভি মুকুব করেছিলাম এবং স্বাধীনতার পর এই প্রথম পশ্চিমবঙ্গ সরকার প্রকৃত চাষীর উপর থেকে লেভিটাকে রেহাই দিয়েছেন। কিন্তু তবুও রক্ষা করা গেল না। কেন? না, কেন্দ্রীয় সরকার তাঁরা আজকে খাদ্য সংগ্রহের নীতি পরিত্যাগ করলেন, পরিত্যাগ করে সমস্ত খাদ্যের বাজারটাকে এই জোতদার, জমিদার মুনাফাখোর ও ফাটকাবাজারিদের হাতে তুলে দিয়েছিলেন সমস্ত দেশবাসীর, পশ্চিমবঙ্গের খাদ্যকে তারা কালোবাজারিদের হাতে তুলে দিয়েছিলেন এবং পশ্চিমবঙ্গের সরকারকে তাদের সংগ্রহ নীতি থেকে বঞ্চিত করেছিলেন। কিরণময় নন্দ বাবু বললেন, রজনী বাবু বললেন যে কৃষিমন্ত্রী একদিকে দেখাচ্ছেন খাদ্যের উৎপাদন নাকি বেড়ে গিয়েছে আর একদিকে খাদ্যমন্ত্রী দেখাচ্ছেন ঘাটতি, তার কারণও একটু বিচার বিশ্লেষণ করলেই দেখতে পাবেন যে খাদ্য পশ্চিমবঙ্গে উদ্বৃত্ত হয়েছিল এই বামফ্রন্ট সরকারের একনিষ্ঠ প্রচেষ্টার ফলে কিন্তু কেন্দ্রীয় সরকারেব খাদ্যনীতির ভুলে তা ঐ জোতদার জমিদারদের গোলায় ঢুকেছে, কিরণময় নন্দবাবুর গোলায় ঢুকেছে সেইজন্য খাদ্যের ঘাটতি।

[5-00—5-10 P.M.]

সেজন্য খাদ্যে ঘাটতি, এই নীতির পরিবর্তন না করলে করা যায় না। বর্তমানে জনতা সরকার চেষ্টা করছেন, কৃষিপণ্যের দাম নির্দ্ধারণ করে তাঁরা রেহাই পেতে চাইছেন। উৎপাদককে ন্যায্য মূল্য দিতে হবে, ক্রেতাকে তার ক্রয় ক্ষমতার ভিতর সরবরাহ করতে হবে এবং এর জন্য যে ভরতুকি লাগে তা কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। এইভাবে সমস্ত জিনিসটাকে না দেখা যায়, খাদ্য সংকট সমাধান করা যায় না। তাঁরা একচেটিয়া বাজারের হাতে তুলে দিচ্ছেন, তারপর কেন্দ্রের যে বাজেট দেখলাম তাতে আমাদের সরকার থেকে বিদেশে খাদ্য

রপ্তানি করার কথা ভাবছেন। কি সাংঘাতিক অবস্থা, খাদ্য সংগ্রহ করার ব্যাপারে কৃষককে ন্যায্য মূল্য দেবার ব্যবস্থা না করা হয়, এবং এই অবস্থার মধ্যে বিদেশে খাদ্য রপ্তানির ব্যবস্থা করা হয়, তাহলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে, সমস্ত খাদ্যের বাজার একচেটিয়া কালোবাজারিদের হাতে ছেড়ে দেওয়া হবে। চীনাবাদাম সর্ষে ইত্যাদি কৃষিজাত পণ্য থেকে অন্যান্য সমস্ত পণ্য যা উৎপাদিত হয়, তার দাম নিয়ন্ত্রণ করতে হবে। এক দিকে মিল মালিকদের মুনাফা নিয়ন্ত্রণ করতে হবে, আর একদিকে সরকারকে ট্যাক্সের বোঝা লাঘব করতে হবে। এই দুটি জিনিস এক সঙ্গে, যুগপত যদি করা যায়, তাহলে সর্ষের তেল ইত্যাদির কথা যা বলছিলাম, তার একটা সুরাহা করা যেতে পারে। আর এই সমস্ত করতে গেলে স্টেট ট্রেডিং-এর কথা চিন্তা করতে হবে, স্টেট ট্রেডিং প্রবর্তন করতে হবে। এস.ইউ.সি-এর সদস্যের মাঝে মাঝে স্টেট ট্রেডিং-এর কথা বলেন, কিন্তু এ জিনিস পশ্চিমবঙ্গ সরকার একা করতে পারে না। যদি চিনির উপর কি সর্ষে তেলের উপর কি বাদামের উপর করতে হয় তাহলে পশ্চিমবঙ্গেতো শুধু এই জিনিস উৎপন্ন হয় না, তার জন্য কেন্দ্রীয় সরকারই এই সব ব্যবস্থা করতে পারেন। আর এই সব কথা আমরা যখন বলি, এই সব দামের কথা যখন আমরা উত্থাপন করি, তখন কেন্দ্রে শাসকবর্গ যাঁরা আছেন, তাঁরা পশ্চিমবঙ্গে রাজনীতির গন্ধ পান। পশ্চিমবঙ্গ ত্রিপুরা মিলে কেন্দ্রের কাছ থেকে বাম হাতে মা মনসার নৈবদ্য পান। আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই—এই যুগ হচ্ছে ধনতন্ত্রের অবক্ষয়ের যুগ, পুঁজিবাদের ধ্বংসের যুগ। আজকে বিশ্বব্যাপী ধনতান্ত্রিক পুঁজিবাদের সংকট তীব্রতর হয়েছে, আর তার থেকে রেহাই পাবার জন্য বারে বারে তারা জনগণের উপর আক্রমণ হানছে। এ বছরে কেন্দ্রীয় সরকারের যে বাজেট সেটা জনগণের উপর তার নগ্ন চেহারা প্রকাশ পেয়েছে। আজকে পশ্চিমবাংলাকে যদি মা মনসার বাম হাতে পুজো দেন তাহলে রেহাই পাবেন না। পশ্চিমবাংলা ত্রিপুরা সমগ্র পূর্বাঞ্চলে কালনাগিনির রাগে ফুঁসছে, যতই লোহার বেড়া লক্ষ্মীন্দরকে দেওয়া হোক না কেন কালনাগিনির রাগজর্জরে পুঁজিবাদ শেষ হবে এবং পুঁজিবাদ শেষ করাই আমাদের কাজ। সিমেন্টের কথা অনেকে বলেছেন। আসুন তুলনা করে আলোচনা করি। কংগ্রেস আমলে সারা বছরে সিমেন্ট সরবরাহ হয়েছিল ২ লক্ষ ৮৮ হাজার মেট্রিক টন। আর আমাদের সরকার ১৯৭৮ সালে ফার্স্ট কোয়ার্টারে তিন মাসে সরবরাহ করেছেন ৩ লক্ষ ৮৫ হাজার মেট্রিক টন। অর্থাৎ ওরা সারা বছরে যা সরবরাহ করতেন—আমাদের সরকার তিন মাসে সেই কোটা সরবরাহ করেছেন। ডিস্ট্রিবিউশনের ভিতর ত্রুটিবিচ্যুতি আছে এটা অস্বীকার করি না। কিন্তু তা সত্ত্বেও আজ আমাদের কি ব্যবস্থা করা হয়েছে, গ্রামে গ্রামে শহরে শহরে সর্বত্র সিমেন্ট সরবরাহ করা যায় তারজন্য জেলা ম্যাজিস্ট্রেটকে ডিলারদের নাম পাঠাতে বলা হয়েছে। এশেন্সিয়াল কমোডিটিস কর্পোরেশন তাদের নামই ডিলারদের জন্য ব্যবস্থা করে থাকেন। তবে আমি কয়েকটি সাজেশনস করব। ডিলার ছড়িয়ে ছিটিয়ে দিতে হবে, এক জায়গায় দিলে চলবে না এবং একশো টনের বেশি কোনও ডিলারকে দেওয়া হবে না। যে ডিলারের বেশি টাকা আছে তাকে বেশি দেবেন, আর যার কম টাকা আছে তাকে কম দেবেন—এটা ঠিক নয়। একশো মেট্রিক টনের বেশি কোনও ডিলারকে যাতে দেওয়া না হয়। সাব-ডিভিশনে

যেসব ডিলার আছেন তারা শুধু সাব-ডিভিসনেই বিক্রি করতে পারবেন। ওখানকার মাল এনে কলকাতায় ব্লাক করতে পারবেন না। এছাড়া, অনেক জিনিস আছে, যেমন হুগলি জেলার ব্যাপারে হাইকোর্টের ইনজাংশন আছে নতুন করে ডিলার করা যাবে না। আমি অনুরোধ করব, খাদ্য দপ্তর থেকে সরাসরি যেয়ে যেন সেখানে দেওয়া হয়। তিনটে দাবি রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। অনেকদিন ধরে মাথাপিছু রেশন দেওয়ার যে দাবি বিভিন্ন আন্দোলনের মধ্য দিয়ে আমরা প্রকাশ করেছি, কৃষকসভার যে দাবি, সেটা পূরণ করা হয় নি, যদিও জানি যে তিনি নির্দেশ দিয়েছেন, কিন্তু তবুও সেটা লালফিতা বা আমলাতন্ত্রের ফাঁসে সেটা পড়ে আছে। সেটা ত্বরান্বিত করার জন্য অনুরোধ করব। আর একটা অনুরোধ করব, ক্ষেত মজুরদের ভরতুকি দিয়ে রেশন দেওয়ার ব্যবস্থা করুন। কারণ পশ্চিমবাংলায় বহু ক্ষেতমজুর আছে। তারা সবাই সারা বছর কাজ পায় না। যে মরশুমে তারা কাজ পায় না সেই সময় তাদের ভরতুকি দিয়ে রেশন সরবরাহ করা যায় কিনা সেটা ভেবে দেখবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই কথা মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** একটা বিষয় রিপোর্টারদের বলব। মাননীয় সদস্য শ্রী কিরণময় নন্দ অফিসারদের ব্যক্তিগত নাম যেখানে উল্লেখ করেছেন সেগুলো এক্সপাঞ্জ করে দেবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছে তা আমি পুরোপুরি সমর্থন করি। আমি দু-চারটে কথা বলতে চাই এই খাদ্য সরবরাহ ব্যাপারে। সত্য এটা একটা কঠিন ব্যাপার। কিন্তু এই দু' বছর ধরে মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে চালিয়ে এসেছে, খাদ্য সরবরাহ করে এসেছেন, প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহ করে এসেছেন সেটা সত্যই প্রশংসনীয়। আমি এর মধ্যে দু' চারটে কথা বলি। অসাধু ব্যবসায়ীরা বামফ্রন্ট সরকারকে হেয় প্রতিপন্ন করার জন্য অনেক চেষ্টা করে থাকেন। যেমন সিমেন্ট ব্যবসায়ীরা তাদের নামের পারমিট অনুযায়ী নিজের দোকানে নিয়ে যান এবং নিজের লোকের নামে তারা রসিদ কেটে অন্য লোকের মারফত বেশি দামে বিক্রি করে দেন। এইজন্য আমাদের সতর্ক হতে হবে। যাতে সুষ্ঠুভাবে ব্যবস্থা করতে পারি তার চেষ্টা করতে হবে। বিধিবদ্ধ রেশন তুলে দিলে চলবে না। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে চাই, লাইসেন্সধারী ডিলার বাদে আমাদের সরকারি দোকান খোলা একান্ত প্রয়োজন। আমাদের পশ্চিমবাংলার চালকলগুলি আধুনিকীকরণ করতে হবে। যদি আধুনিকীকরণ করা যায় তাহলে সেখানে গুড়ো পাওয়া যাবে তাতে ভোজ্য তেল হয়। সেই ভোজ্য তেল যে বিভিন্ন রাজ্য থেকে আনতে হয় এবং তাদের কাছে করজোড় প্রার্থনা করে আনতে হয় তার দরকার হবে না এবং আমরা আমাদের অভাব নিজেরাই মিটিয়ে নিতে পারব। বাজারে যে সমস্ত প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করা হয় সেটা নিয়মমতো হয় না। সেইজন্য প্রয়োগশালা করতে হবে। যেখানে সেটা পরীক্ষা করার ব্যবস্থা থাকবে। যাতে তার বিচার হয় তার ব্যবস্থা করতে হবে।

[5-10—5-20 P.M.]

সর্বসাধারণের নিত্য প্রয়োজনীয় জিনিস হচ্ছে নুন আর ডাল। এই দুটি জিনিস কম পক্ষে আমাদের সস্তা দরে যাতে গরিব জনসাধারণ পায় তার ব্যবস্থা করতে হবে। কারণ, নুন না হলে কোনও মানুষের খাওয়া চলে না, ডাল না হলে কোনও মানুষ খেতে পারে না। আমাদের পশ্চিমবাংলার জনসাধারণ অতি গরিব। এই প্রোটিনের অভাব ডাল দিয়ে মেটানো সম্ভব। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব কয়েকটি জেলায় যেমন ব্যবস্থা নেওয়া হয়েছে সেই রকম প্রত্যেকটি জেলায় যাতে সস্তায় রেশনের মাধ্যমে ডাল ইত্যাদি জিনিস সরবরাহ করা যায় তার ব্যবস্থা করতে হবে। সিমেন্ট সম্বন্ধে আমি আর একটি কথা বলতে চাই। বিভিন্ন জেলা থেকে সিমেন্ট ডিলারদের কলকাতায় এসে পারমিট নিতে হয়। কিন্তু সিমেন্ট ডিলাররা যাতে বিভিন্ন জেলা অফিস থেকে সিমেন্ট পায় তার ব্যবস্থা করলে ভাল হয়। আমি আর বেশি কিছু বলতে চাই না। সর্বশেষে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে দাঁড়িয়ে গুটি কয়েক কথা বলতে চাই। কংগ্রেস বন্ধু এবং জনতা দলের বন্ধুরা অনেক কথা বলেছেন। মৌলিকভাবে তাদের সাথে তো আমাদের নীতিগত বিরোধ আছে এবং খাদ্য শস্যের ব্যাপারে সরকারের নিয়ন্ত্রণ না থাকলে, বিগত ৩০ বছর ধরে আমরা যা দেখে আসছি যে গুটি কয়েক ধনপতির হাতে এত বেশি অর্থ সঞ্চিত হয়েছে, আরও বেশি অর্থ তাদের হাতে সঞ্চিত হবে। তাই আজকে খাদ্যকে যদি সামগ্রিকভাবে নিয়ন্ত্রণের মধ্যে আনা না যায় তাহলে সেই চোরাকারবারি, মুনাফাখোরের দল খাদ্য শস্যকে চোরাবাজারে নিয়ে যাবে, দেশের জনসাধারণের দুর্গতির কারণ হয়ে দাঁড়াবে। সেই জন্য খাদ্যমন্ত্রী তার বাজেট বক্তৃতায় যে নীতির কথা উল্লেখ করেছেন সেটাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং এটা হচ্ছে বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি। আমরা বাস্তবে লক্ষ্য করেছি এবং আমাদের বামফ্রন্ট সরকারের কয়েকজন বন্ধুও বলেছেন কেরোসিনের কথা—গ্রামাঞ্চলে যে নীতিতে কেরোসিন সরবরাহ করা হচ্ছে যেসব ডিলার ওখানকার দায়িত্বে আছে, তাদের গাফিলতির জন্য এবং এক শ্রেণীর আমলার পৃষ্ঠপোষকতার জন্য গ্রামাঞ্চলে বেশি দামে কেরোসিন তেল কিনতে হচ্ছে। জলপাইগুড়ি, নদীয়া জেলায় এই অবস্থা দেখেছি। আমি খাদ্যমন্ত্রীকে বলব আপনি এই ব্যাপারে অবিলম্বে তদন্ত করুন। কারণ গ্রামের মানুষকে যদি আমরা নির্দ্ধারিত দরে কেরোসিন সরবরাহ করতে না পারি তাহলে আমাদের ঘোষিত নীতির ক্ষেত্রে কিছুটা দায়ী থেকে যাব। সিমেন্টের ক্ষেত্রেও একই জিনিস দেখছি। গ্রামাঞ্চলের কিছু কিছু জায়গায় এই জিনিস হয়েছে। সরকারি ঘোষিত নীতি কার্যকর করার ক্ষেত্রে আমাদের দেশের প্রশাসন ব্যবস্থার মধ্যে এখনও যথেষ্ট গলদ আছে, ত্রুটি আছে এবং যারা পারমিট পান তাদের মধ্যে একটি শ্রেণী আছে যারা শুধু নিজেদের স্বার্থের কথাই চিন্তা করেন, দেশের

গরিব মানুষের কথা চিন্তা করেন না।

মাননীয় খাদ্যমন্ত্রী সরবরাহ বিভাগেরও মন্ত্রী, তাঁর কাছে ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে একটি অনুরোধ রাখছি। আমাদের এই পশ্চিমবাংলায় এন.টি.সি'র অধীনে পূর্বাঞ্চলে যে সমস্ত সুতাকল আছে সেখানে আমরা দেখেছি মাঝে মাঝে তাদের গুদামে আমাদের পশ্চিমবাংলায় যে কাপড় তৈরি হয় মিডিয়াম এবং কোর্স কোয়ালিটির সেই কাপড় পড়ে থাকে বাজারে বিক্রি হয় না। অথচ উত্তরবাংলার মালদহে বা পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামাঞ্চলে সেই কাপড় যদি গরিব মানুষদের কন্ট্রোলড রেটে বিক্রি করা যায় তাহলে তাদের সুবিধা হতে পারে। স্যার, অতীতে আমরা দেখেছি রেশন কার্ডের মাধ্যমে কন্ট্রোল্ড রেটে কাপড় বিক্রি করার ব্যবস্থা ছিল। খাদ্যমন্ত্রী মহাশয় সরবরাহ মন্ত্রীও বটে, তাই তাঁকে অনুরোধ করব, গ্রামের মানুষদের যাতে সরকারি নিয়ন্ত্রিত দরে সেই মোটা কাপড় বিক্রি করতে পারা যায় তার ব্যবস্থা করুন। আপনারা সকলেই জানেন, আমাদের দেশের শতকরা ৭০ জন মানুষই সেই মোটা কাপড় ব্যবহার করেন কাজেই তাদের যদি এই মোটা কাপড় সরকারি নিয়ন্ত্রিত মূল্যে সরবরাহ করা যায় তাহলে তারা উপকৃত হবে। এই ব্যাপারে অঞ্চল পঞ্চায়েতকে দায়িত্ব দেওয়া যেতে পারে। সেখানে আজকে গ্রামের মানুষের প্রতিনিধি হয়েছে, সেই নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে বা সেই অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে এই কাপড় যদি সরবরাহ করার সুষ্ঠু ব্যবস্থা করা যায় তাহলে গ্রামের মানুষ সরকারি নিয়ন্ত্রিত দরে সেই কাপড় পেতে পারেন। এই প্রসঙ্গে আরও একটি কথা বলতে চাই। মাননীয় খাদ্যমন্ত্রী জানেন, আমাদের এই পশ্চিমবাংলায় প্রায় ২ লক্ষ চা বাগানের শ্রমিক কর্মচারী আছেন। সেখানে তারা যে রেশন পান সেটা তারা সাবসিডাইজড রেটে পান। সেখানে ১৬ টাকা দরে তারা চাল, গম পান। সেটা মালিকদের সরবরাহ করতে হয়। প্রতি ওয়ার্কার ৩ কে.জি. করে চাল, গম পান। সেখানে চাকরির শর্ত হিসাবে প্রত্যেক ওয়ার্কার সেই সুযোগ পেয়ে আসছে। মাননীয় সরবরাহ মন্ত্রী জানেন, সেই বিরাট চা বাগান এলাকার ২ লক্ষ শ্রমিক কর্মচারী মোটা কাপড়-ধুতি, শাড়ি পরেন। সেখানে যদি মাননীয় সরবরাহ মন্ত্রী ব্যবস্থা করতে পারেন তাহলে আমাদের রাজ্যে তৈরি কাপড় আর.এন.টি.সি'র গুদামে গুদামজাত হয়ে পড়ে থাকবে না এবং তা হলে সূতাকলগুলি লোকসান কমানো যাবে বা লোকসান হবে না। গরিব মানুষদের যদি কন্ট্রোল্ড দরে সেই মোটা কাপড় আমরা দিতে পারি তাহলে তারা শুভেচ্ছা জানাবে এবং তাদের আরও আশীর্বাদ বামফ্রন্ট সরকার পাবে। স্যার, আমরা জানি এই সরবরাহ ব্যবস্থার মধ্যে ত্রুটি আছে, আমাদের সেই ত্রুটি কাটিয়ে উঠতে হবে, কারণ আমরা পরিষ্কারভাবে ঘোষণা করেছি, সাফল্য নিয়ে আমাদের আত্মসন্তুষ্টি নেই, আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে আমরা থাকতেও চাই না, আমাদের কাজ করতে হবে এবং গ্রামের দরিদ্র মানুষরা যাতে তাদের জিনিসপত্র পান সে ব্যবস্থা আমাদের করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়লার প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। পশ্চিমবাংলায় কয়লা পাওয়া যায়। তুলার ক্ষেত্রে আমরা দেখেছি হরিয়ানা মহারাষ্ট্র, গুজরাট এবং পাঞ্জাব এর রাজ্য সরকার পশ্চিমবাংলার ক্ষেত্রে কোনও রকম দরদ

দেখান না। কেন্দ্রীয় সরকারের সাহায্যে তারা তুলোর দরটা যেভাবে করে রেখেছেন তাতে সর্বভারতীয় ক্ষেত্রে এক দর হয় নি। কিন্তু আজকে পশ্চিমবাংলা কয়লা উৎপাদনকারি রাজ্য হওয়া সত্ত্বেও পশ্চিমবাংলায় কয়লার দাম যেভাবে বাড়ছে তাতে তা সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকছে না। বন্যার সময় আমরা দেখেছি, এক ধরনের সুযোগ সন্ধানী ব্যবসায়ী, কালোবাজারি, মুনাফাখোর তারা ১৮ টাকা ২০ টাকা মণ নিয়ে কয়লা বিক্রি করেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব, এই কয়লা, সিমেন্ট এবং কেরোসিনের ব্যাপারটা একটু দেখবেন। তারপর জনতা দলের বন্ধুরা বলেছেন, কলকাতায় চালের চোরাকারবার চলেছে। আমরা জানি স্যার, এর পেছনে একটা কারণ আছে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, রেশনের পরিমাণ যাতে বাড়াতে পারা যায় এবং চাল যেটা দেওয়া হবে সেটা যাতে একটা নির্দিষ্ট মানের চাল দেওয়া যায় তার ব্যবস্থা করুন, সেখানে পশ্চিমবঙ্গে যে চাল উৎপাদিত হয় সেই চাল দেবার ব্যবস্থা করুন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, ফুড কর্পোরেশনের উপর আমাদের রাজ্য সরকারের তেমন কর্তৃত্ব নেই এবং সেটাই আমাদের অসুবিধা হয়ে দেখা দিয়েছে। আজকে এরজন্য আমাদের কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করতে হবে এবং পশ্চিমবাংলায় যে চাল উৎপাদিত হয় সেই চাল যাতে আমরা পশ্চিমবাংলার বিধিবদ্ধ রেশন এলাকায় রেশনের মাধ্যমে বন্টন করতে পারি তার ব্যবস্থা করতে হবে। এটা যদি আমরা সফলভাবে করতে পারি তাহলে গ্রামাঞ্চল থেকে কলকাতায় চাল আসা বন্ধ হয়ে যাবে।

[5-20—5-30 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী যে কথাগুলি বলেছেন, আমাদের বামফ্রন্ট কর্মচারীর মধ্যে সেই কথাগুলি আছে। ৩৬ দফা কর্মসূচির মধ্যে ২ দফা, ৪ দফা এবং ৫ দফা কর্মসূচিতে সেটা ঘোষিত হয়েছে। সেখানে পরিষ্কার ভাবে এই কথা বলা হয়েছে। কিন্তু মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে বলব যে আমাদের যে দুর্বল স্থানগুলি আছে সেইগুলিকে মুক্ত করতে হবে, সেটা থেকে কাটিয়ে উঠতে হবে। সেটা যদি আমরা করতে পারি তাহলে আমাদের কার্যে সফলতা আসবে। গ্রামের মানুষ যাতে সাধারণভাবে জীবনযাপন করতে পারে তার ব্যবস্থা করুন। যাঁরা চুড়ান্ত দারিদ্রের মধ্যে আছে তাঁদের সাহায্য করাই বামফ্রন্ট সরকারের মূল লক্ষ্য এবং সেই লক্ষ্যে যদি আমাদের পৌছতে হয় তাহলে বর্তমান সমাজ ব্যবস্থার মধ্যে সম্ভব নয়। কিন্তু যে সীমাবদ্ধ ক্ষমতা আমাদের আছে সেই ক্ষমতা যদি সঠিকভাবে প্রয়োগ করতে পারি, গ্রামের মানুষকে, দরিদ্র শ্রেণীর মানুষকে যাতে নিত্যপ্রয়োজনীয় জিনিস এই ক্ষমতার মধ্যে সরবরাহ করতে পারি তার দিকে আমাদের অগ্রসর হতে হবে। যদি প্রয়োজন হয় ভরতুকি দিয়ে গ্রামের দরিদ্র শ্রেণীর মানুষকে খাদ্য এবং নিত্য প্রয়োজনীয় জিনিস সরবরাহের মাধ্যমে তাদের বাঁচাবার চেষ্টা করতে পারি তাহলেই আমাদের যে খাদ্য নীতি ঘোষণা করা হয়েছে সেটা বাস্তবে কার্যকর করা যাবে। তবে আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে বলব যে তিনি সরবরাহ নীতির দিক থেকে সঠিক নীতি ঘোষণা করেছেন। জনতা বন্ধুরা, কংগ্রেস বন্ধুরা যে নীতির কথা বলেছেন, তাঁরা কায়েমী স্বার্থের পৃষ্ঠপোষক, তাঁরা চান যাতে

ব্যক্তিগত পুঁজি বেঁচে থাকুক, শোষণ আজও চলুক। অতীতে জোতদার গ্রামের মানুষের উপর যে অত্যাচার করেছে সেটা আজও চলুক, তার ব্যবস্থা তাঁরা চাইছেন। আমরা তার বিরুদ্ধে দাঁড়িয়ে গ্রামের মানুষকে বাঁচাতে চাইছি, গ্রাম বাংলার মানুষকে শক্তিশালী করতে চাইছি। আমি আপনার কাছে একটা কথা নিবেদন করব। সেটা হচ্ছে, হুগলি জেলার বহু কৃষক পরিবারের সঙ্গে ইতিমধ্যে আমার কথা হয়েছে, আলুর দাম এবারে ভীষণ ভাবে নেমে গেছে। সাধারণ কৃষকের আলু উৎপাদনে যা ব্যয় হয়েছে তার থেকে কম দামে তাদের আলু বাজারে বিক্রয় করতে হচ্ছে এবং তাদের লোকসান হয়ে যাচ্ছে। আমি খাদ্য এবং সরবরাহ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যার্তে আলু ন্যায্য দামে কিনে সরকারি আওতায় গুদামে রাখা যায় তার ব্যবস্থা করতে। কারণ চাষীরা যদি কোল্ড স্টোরেজের জন্য আবেদন করে তাহলে সেখানে তাদের বলা হচ্ছে যে কোল্ড স্টোরেজে কোনও জায়গা নেই, অন্য লোকের কাছে বিক্রয় করে যায়। এই যে চোরাকারবারি ব্যবস্থা, এই ব্যবস্থা থেকে চাষীকে যাতে আমরা বাঁচাতে পারি, রক্ষা করতে পারি সে জন্য খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আলুর উৎপাদক যে সমস্ত চাষী তাঁদের দিকে দৃষ্টি রাখার জন্য এই সভায় একটা নীতি নির্ধারণ করার কথা ঘোষণা করবেন। এই কথা বলে খাদ্যমন্ত্রী মহাশয়-এর বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুঃখের বিষয় বিরোধী পক্ষের সদস্য, যাঁরা খুব কড়া সমালোচনা করলেন তাঁরা কেউ বিশেষ উপস্থিত নেই। কারণ বোধ হয় জানা উত্তরগুলো শোনার মতো ধৈর্য তাঁদের নেই। চারটি গাল-মন্দ সমালোচনা করলাম, সংবাদ পত্রে বের হল, এটাই বোধ হয় তাঁদের উদ্দেশ্য। মনে হচ্ছে মৌচাকে ঢিল বাড়ছে, খুব মুশকিল হচ্ছে। কারণ জোতদাররা ফসল আটকে রেখে, ধানচাল আটকে রেখে সেই আষাঢ়-শ্রাবন মাসে চড়া দামে বিক্রয় করত এবং তাতে যে মুনাফা হত সেটা আর ২ বছর ধরে হচ্ছে না। ধানের দাম খুব বেশি আর বাড়ছে না। মহাজনের পক্ষে, আড়তদারের পক্ষে, জোতদারদের পক্ষে এই ঘটনা ঘটল না। সুতরাং তাঁদের ক্রোধ হওয়া খুবই স্বাভাবিক এবং তাঁদের প্রতিনিধিদের ক্ষোভ নিশ্চয়ই বিরোধী পক্ষের মাধ্যমে এই কণ্ঠ বিধানসভায় শোনা যাবে এবং শোনা গেল। যারা ব্যবসাদার, চালের ব্যবসা করতেন, বিরাট অংকের কালো টাকা নিয়ে চালের ব্যবসা হত, ব্যাঙ্কও কিছু দাদন দিত, তারা নিতেন, সেই চালের ব্যবসা সুবিধা হল না, চাল বিক্রি করে যথেষ্ট লাভ করবার যে প্রচেষ্টা, সেটা হল না। চালের দামটা নিচু স্তরে বাঁধা আছে, মুশকিলটা এখানেই। অতএব বড় মুনাফাখোর, ব্যবসায়ীরা, তারা লাভ করতে পারলেন না, পারলেন না গ্রামের মহাজন, আড়তদার, জোতদাররা, তারা লাভ করতে পারলেন না গত দু' বছরের বামফ্রন্ট সরকারের আমলে। অতএব তাদের প্রতিনিধিরা এখানে এসে ক্রোধে চিৎকার করবেন, এটাই তো নিয়ম। এখানে শুনলাম তারা বলছেন ব্যর্থ খাদ্যমন্ত্রী এবং বামফ্রন্ট সরকার, নিশ্চয়ই ব্যর্থ, কোনদিক থেকে ব্যর্থ, তারা এই সমস্ত অসৎ ব্যবসায়ীদের পকেট ভারী করে দিতে ব্যর্থ হয়েছেন, জোতদার, মহাজন, আড়তদার, এদের পকেট ভারী

করিয়ে দিতে ব্যর্থ হয়েছেন, বেশি জমির মালিককে আরও বেশি জমির মালিক করে দিতে ব্যর্থ হয়েছেন, মহাজনী কারবার বাড়িয়ে দিতে, মুনাফা আরও বেশি সৃষ্টি করতে ব্যর্থ হয়েছেন এই বামফ্রন্ট সরকার। লেভি গরিব কৃষকদের উপর থেকে মকুব করে দেওয়া হয়েছে। বেশি জমি যাদের আছে, ধান কলের মালিক যারা তাদের উপর লেভি করা হয়েছে। তাদের প্রতিনিধিরা এখানে এসে ঝাল ঝাড়লেন এবং বাইরে কিছুক্ষণ আগে আমাদের পূর্বতন খাদ্যমন্ত্রী স্বনামধন্য খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন এসেছিলেন, তিনি তাদের আশীর্বাদ করে গেলেন এবং তাদের গলায় মালা পরিয়ে দিলেন। আমরা জানি কংগ্রেস আমলে বছরের পর বছর পশ্চিমবাংলা তীব্র খাদ্য সংকটে ভুগেছে এবং তার জন্য বারংবার আন্দোলন করতে হয়েছে এই দেশের মানুষকে। আজকে সংকটটা সেইভাবে নেই। আপনারা গ্রামের দিকে যান, দেখবেন, গ্রামের গরিব মানুষ, গ্রামের ক্ষেতমজুর, তারা সস্তায় গম, চাল পাচ্ছে, আশীর্বাদ করছে বামফ্রন্ট সরকারকে। কিছু ক্ষতি হচ্ছে, কিছু অসুবিধা হচ্ছে আলুর ক্ষেত্রে, আলু চাষীরা আলুর দাম পেলনা সত্য কথা, তারজন্য ব্যবস্থা করতে হবে, নিশ্চয়ই করতে হবে। পাট চাষীরা পাটের ঠিক দাম পেল না, তার ব্যবস্থা করতে হবে। পাটের ব্যাপারটা কেন্দ্রের হাতে, এই ব্যাপারে বহু টাকা লগ্নি করতে হবে। কিন্তু আলুর ব্যাপারে একটু আগে যিনি বক্তব্য রাখলেন আলুর ব্যাপারে একটা কড়া ব্যবস্থা করা হচ্ছে এবং এই দাবিটা সেখান থেকে উঠেছে, যে দাবি জনসাধারণের দাবি এবং সেটা বামফ্রন্ট সরকার গ্রহণ করেছেন। অত্যাবশ্যক কয়েকটি পণ্য এবং ১০ টি পণ্যের কথা বামফ্রন্ট সরকার চিন্তা করেছিলেন। ১০টি পণ্য কেনা হবে এবং গরিব মানুষদের ভিতর বন্টন রক্ষা হবে। সস্তা দামে যাতে তাদের কাছে গিয়ে পৌঁছয় সেই সমস্ত জিনিস, কিন্তু বাধা হচ্ছে কেন্দ্রীয় সরকার। যেমন ধরুন কেন্দ্রীয় সরকার থেকে চালটা ছেড়ে দেওয়া হল, এতে কাদের সুবিধা করে দেওয়া হচ্ছিল? আমাদের এখান থেকে বহু লড়াই করতে হয়েছে। ওরা বলল যে কোনও কন্ট্রোল থাকবে না। পশ্চিমবঙ্গ সরকার যে জন্য অত্যাবশ্যক পণ্যগুলো—যে সংস্থা করা হচ্ছে, সেই সংস্থা, আপনারা দেখেছেন তার কাজের পরিধি ক্রমশ বেড়ে চলেছে, তিন শত ভাগ থেকে ৫০০ ভাগ লগ্নির পথে গিয়ে পড়েছে। নীতি কি? মাননীয় খাদ্যমন্ত্রী বলেছেন স্পষ্টভাবে, বন্টন ব্যবস্থার উপর পূর্ণ নিয়ন্ত্রণ ক্রমশ বাড়াতে হবে। নিয়ন্ত্রণ ক্রমশ বাড়াতে হবে, বিধি বদ্ধ রেশনিং এলাকা বাড়াতে হবে, যত বেশি মানুষকে এই আওতার ভিতরে নিয়ে আসতে পারা যাবে তত মূল্যের উপর প্রভাব বিস্তার করা যাবে। বন্যার সময় আমরা কি দেখেছি? আমরা দেখেছিলাম ব্যবসাদাররা মুখিয়ে ছিল মুনাফা লোটবার জন্য। বন্যার ফলে চারিদিকে বিশৃঙ্খলা, একটা জায়গা থেকে আর একটা জায়গায় যাতায়াত করবার যোগাযোগ ব্যবস্থা নেই অসৎ ব্যবসাদার, মুনাফাবাজরা ভাবল এই সুযোগে অনেক জিনিসের দাম বাড়িয়ে নেবে, চালের সংকট দেখা যাচ্ছে, সুতরাং চালের দাম বাড়িয়ে নেবে।

[5-30—5-40 P.M.]

একটা সংকট সৃষ্টি করেছিল। কিন্তু অত্যন্ত তৎপরতার সঙ্গে এই খাদ্য বিভাগ থেকে

যা সঞ্চয় ছিল, গুদামে যা ছিল তা ৪ কে.জি. সাড়ে চার কে.জি. করে রেশনের মাধ্যমে দেওয়া হয়েছে এবং মডিফায়েড রেশনিং এলাকার কথা ভুলে গিয়ে বন্যার্ত এলাকার মানুষকে চার থেকে সাড়ে চার-কে.জি. করে রেশন দেওয়া হয়েছে। মানুষ সবটা তুলতে পারেনি, তবুও সরকার সেখানে জিনিসের দামকে নিয়ন্ত্রণ করে রাখতে পেরেছিলেন, বিশেষ করে চাল এবং গমের দামকে। অথচ ব্যবসায়ীরা ভেবেছিল এই সুযোগের মুনাফা লুটবে, কিন্তু তা তারা পারেনি, সেই পথ বন্ধ হয়ে গেল, সেখানে সাধারণ মানুষ সস্তা দামে চাল গম পেল। তারপর পুলিশের কথা বলা হয়েছে, পুলিশী ব্যবস্থার প্রয়োজন আমাদের নিশ্চয়ই আছে। কিন্তু মূল জায়গা হচ্ছে অর্থনৈতিক পাল্টা ব্যবস্থা। কেন্দ্র ছেড়ে দিয়েছেন, ফ্রি ট্রেড করে দিয়েছেন, অথচ তার বিকল্প ব্যবস্থা হচ্ছে না। সেই বিকল্প ব্যবস্থা হচ্ছে নিয়ন্ত্রণ এবং যেখানে ঘাটতি থাকে সেখানে সেই নিয়ন্ত্রণের প্রয়োজন আছে। এখানে উল্লেখ করা হয়েছে যে, কৃষিমন্ত্রী এবং অর্থমন্ত্রী খাদ্যশস্য পশ্চিমবাংলায় উদ্বৃত্ত বলেছেন। কিন্তু আমি তাঁদের জিজ্ঞাসা করি যে, গত বছর সামান্য উদ্বৃত্ত হয়েছে, কিন্তু তার আগের বছরের অঙ্কটা কি পড়ে দেখেছেন? তার আগের বছর ২১ লক্ষ টন ঘাটতি ছিল। অতএব যেখানে ঘাটতি থাকে সেখানে ব্যবসায়ীরা বিশেষভাবে সঙ্কট সৃষ্টি করে। সুতরাং যেখানে ব্যবসায়ীদের হাতে কারবার থাকে সেখানে নিয়ন্ত্রণের অবশ্যই দরকার আছে এবং সেই নিয়ন্ত্রণের প্রসারেরও দরকার আছে। সেই নিয়ন্ত্রণ প্রসারিত করা হয়েছে বলেই আজকে দর কম আছে। ওঁরা ফলের কথা বলছেন, মা ফলেষু কদাচনঃ ফল দিয়ে বিচার করুন। প্রফুল্ল সেনের আমলে এবং অন্যান্য আমলে ক্রমশই খাদ্যের দাম বেড়েছে, প্রতি বছর বেড়েছে, তখন প্রতি বছর খাদ্য নিয়ে আন্দোলন করতে হত। কেন খাদ্যের প্রশ্নে আন্দোলন হত? তার একটা কারণ খাদ্যের দাম ক্রমশ বাড়ত বলেই। আজকে কেন আন্দোলন নেই? কারণ খাদ্যের দাম বাড়েনি। এখানে একজন বিরোধী সদস্য বললেন সব দ্রব্যের দাম বেড়েছে। আমি তাঁকে বলব যে হ্যাঁ সব জিনিসের দাম বেড়েছে এবং আপনি যে বইটি থেকে, অর্থাৎ যে রিভিউ থেকে পড়লেন সেখানেই দেখতে পাবেন যে, সেখানে লেখা আছে খাদ্য বস্তুর দাম কমেছে, কোথাও বাড়ার কথা লেখা নেই। আজকে কি হচ্ছে রেশন ব্যবস্থাকে আমরা সম্প্রসারিত করবার চেষ্টা করছি, আরও বেশি বেশি পণ্যকে রেশনের আওতায় আনা যায়। তারপর সিমেন্টের কথা বলা হচ্ছে, সিমেন্টের অবস্থা কি ছিল এটা মনে রাখতে হবে। সারা ভারতবর্ষে একচেটিয়া ব্যবসায়ীরা প্রচুর কালো টাকার মাধ্যমে এই জিনিসটাকে নিয়ন্ত্রণ করছে। তাকে ভাঙতে গেলে বিকল্প ব্যবস্থা হল সরকারি আওতায় একে আনতে হবে। সেই প্রচেষ্টাই পশ্চিমবাংলায় শুরু হয়েছে। পশ্চিমবাংলায় শুরু হওয়ার ফলেই এত দিনে কেন্দ্রীয় সরকারের টনক নড়েছে। আজকে পশ্চিমবাংলা কিছু কিছু জিনিসের মূল্য নিয়ন্ত্রণ করতে পেরেছে বলেই তাঁদের দৃষ্টি সেদিকে গিয়েছে, এটা ভাল লক্ষ্মণ। আমরা চাই কেন্দ্রীয় সরকার যে জিনিসগুলি সংগ্রহ করেন সেই জিনিসগুলি সমস্ত জায়গায় বন্টনের ব্যবস্থা করুন। আমরা এখানে একটা এসেন্সিয়াল কমোডিটি কর্পোরেশন বলে সংগঠন গড়ে তুলেছি, তারা সেই জিনিসগুলি বিক্রি করতে পারবে বা বিক্রির ব্যবস্থা করতে পারবে। সিমেন্টের কারবার পরিপূর্ণভাবে একচেটিয়া কারবারিদের হাতে ছিল, সেই কারবারকে

আজকে খাদ্য এবং সরবরাহ দপ্তর ক্রমশ নিজেদের আওতায় নিয়ে আসছে। আমরা দেখতে পাচ্ছি আগে যে পরিমাণ সিমেন্ট এখানে আসত গত বছর থেকে তার ডবল পরিমাণ সিমেন্ট এখানে আসছে। হয়ত এই ব্যবস্থার ভেতর কিছু গলদ আছে, ত্রুটি আছে এবং বিরাট বিরাট একচেটিয়া ব্যবসায়ীরা নানান ধরনের চাপ সৃষ্টি করছে এবং অ্যাডমিনিস্ট্রেশন বা আমলাতন্ত্র এর ভিতর থেকে এর বিরুদ্ধে কাজ করছে। অতএব এইসব চক্র এবং চক্রান্তকে ভাঙতে গেলে প্রচন্ড শক্তি সেখানে দিতে হবে। একজন মাননীয় সদস্য বললেন কয়লার দাম বন্যার সময় ২০/২৫ টাকা হয়েছিল। কিন্তু আমি জানি আমার এলাকা শান্তিপুরের বন্যার সময় কয়লার দাম ১০ টাকা থেকে ১ পয়সাও বাড়তে দেওয়া হয় নি। সেখানে গণ-আন্দোলনের মাধ্যমে হোলসেলার এবং রিটেলারদের উপর চাপ সৃষ্টি করে তাদের নিয়ে বসে আলোচনা করে তাদের বাধ্য করা হয়েছে ১০ টাকায় কয়লা বিক্রি করতে। নবদ্বীপ এলাকাতেও সেই জিনিস হয়েছে, সেখানে সাড়ে ৯ টাকা থেকে ১০ টাকায় কয়লা বিক্রি করা হয়েছে। হাওড়াতেও এই জিনিস হয়েছে। হয়ত কোনও কোনও জায়গায় কিছু কিছু দাম বেড়েছিল, কিন্তু তার কারণ কি? কারণ সেই সময় কয়লার সরবরাহ সঠিক ছিল না। কিন্তু গণ-উদ্যোগ যদি থাকে, আন্দোলন যদি থাকে তাহলে এসব জিনিসকে প্রতিরোধ করা যাবে। কারণ আমরা এটা জানি বামফ্রন্ট সরকার যে ব্যবস্থাই করুন না কেন, সেটাই যথেষ্ট নয়। আমলাতন্ত্র আছে, হাজার বাধা আছে, ব্যবসায়ী মুনাফাবাজ আছে সেই অবস্থার ভিতর দিয়ে যদি নিচের তলায় আন্দোলনকে জোরদার করা যায় তাহলে সেটা নিয়ন্ত্রণে আনা যায়, কমানো যায়। এই ব্যবস্থা আমাদের করতে হবে। আমরা দেখছি সিমেন্টের যে সূচনা হয়েছে তারফলে ডবল সিমেন্ট পৌঁছচ্ছে—ত্রুটি হয়ত অনেক জায়গায় আছে কিন্তু আমরা চেষ্টা করছি। আমরা নিজের এলাকায় বলতে পারি একজন আর.সি.পি.আই. এম.এল.এ হিসাবে বলতে পারি আমরা সেখানে কি করছি—যাদের সিমেন্ট দরকার আমরা বলছি দরখাস্ত কর তারপর সিমেন্টের জন্য স্লিপ যাবে সেই স্লীপ অনুযায়ী সিমেন্ট পাবেন সেখানে কংগ্রেসিরাও পাচ্ছেন, অন্যান্য দলের লোকেরাও পাচ্ছেন, নন পার্টি ম্যানরাও পাচ্ছেন যার যা প্রয়োজন তারা পাচ্ছেন হয়ত অনেক ত্রুটি আছে কিন্তু তারা পাচ্ছেন। এইসব ত্রুটি বন্ধ করা যায় যদি নিচের দিক থেকে গণ-আন্দোলন সৃষ্টি করা যায় তাহলে এই সমস্যার সমাধান করা যাবে। একজন বক্তা বললেন যে আর.সি.পি.আই.য়ের লোকের নাকি ডিলারশিপ আছে। আমি পশ্চিমবাংলার আর.সি.পি.আইয়ের রাজ্য কমিটির সম্পাদক, আমি দায়িত্ব নিয়ে বলছি যে আমাদের পার্টির একজনের নামেও সিমেন্টর ডিলারশিপ নেই বা আমরা পার্টি ফান্ডে একটি পয়সাও নিইনি। আমাদের অফিসে ছেঁড়া চট আছে। কোনও পরিবর্তন হয় নি। সুতরাং এইভাবে অভিযোগ যারা করবেন তারা সত্য কথা জেনে করবেন। সংবাদপত্রে ছাপানোর জন্য কথা বলে কোনও লাভ নেই। আমাদের বহু কর্মি এখন পর্যন্ত না খেয়ে মরে যান, টি.বি.তে ভোগেন। এই অবস্থা এখনও আছে। সর্বক্ষণের কর্মিদের বাঁচার মতন যেটুকু পয়সা দেওয়া দরকার সেটাও দিতে পারি না। সুতরাং এই সমস্ত কথা বলে অসম্মান করবেন না। আমার শেষ কথা বলি, প্রথমে সূচনা হয়েছিল ১৯৬৯ সালে যুক্তফ্রন্টের আমলে। সেই সময়েতে

খাদ্যের উপর যে নিয়ন্ত্রণ ব্যবস্থা নেওয়া হয়েছিল, বিধিবদ্ধ প্রসারের চেষ্টা হয়েছিল সেই প্রচেষ্টা করার পরে সেই প্রথম চালের দাম হয়েছিল ১ টাকা ৪০ পয়সা। এইকথা অনেকেই ভুলে যান। প্রফুল্ল ঘোষ মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন চালের দাম কোথাও ৫ টাকা এবং ৭ টাকা উঠেছিল। ১৯৬৯ সালে প্রথমে সুধীনকুমার মহাশয় ছিলেন তারপর প্রভাস রায় ছিলেন তারপর আজকে এই বামফ্রন্ট সরকারের আমলে সেই সুধীনকুমারই খাদ্যমন্ত্রী হয়ে বসে আছেন। কেউ কেউ বলেছেন ইউ আর এ সাকসেসফুল মিনিস্টার। সুতরাং ফল দিয়ে বিচার করবেন। কিছু ত্রুটি-বিচ্যুতি থাকতে পারে—এইরকম ব্যবস্থার মধ্য দিয়ে এসে, যেখানে এত গলদ যেখানে চারিদিকে এত দুর্নীতি, যেখানে ব্যবসায়ীরা নানাভাবে চাপ সৃষ্টি করছে সেখানে তাদের বিরুদ্ধে লড়াই করে এই যে অগ্রসর হওয়া গেছে সেটা কম কথা নয়, অবহেলার কথা নয়, সমস্ত একেবারে সেন্ট পারসেন্ট ঠিক হবে তা বলছি না কেন না এই পুঁজিবাদ ব্যবস্থায় এটা চিন্তা করতে বা কল্পনা করতে পারি না। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 P.M.]

**শ্রী সন্তোষ বিষয়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী হাউসের সামনে যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন আমি তার সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। এস.ইউ.সি.র প্রবোধবাবু জিনিস পত্রের দাম বৃদ্ধির কথা কালোবাজারির কথা বলেছেন, আমি তাঁকে বলতে চাই আমাদের যে অর্থনৈতিক, সামাজিক কাঠামো আছে তাতে ব্যক্তির হাতে যদি বন্টন ব্যবস্থা থাকে তাহলে সে ম্যাকসিমাম প্রফিট করবে যেটা বন্ধ করা যাবে না। কংগ্রেস পক্ষ থেকে রজনীবাবু ও সুনীতিবাবু দুর্নীতি কালোবাজারির কথা বলেছেন, আমি তাঁদের বলব যে বিগত কংগ্রেস সরকারের আমলে খাদ্যমন্ত্রী যিনি ছিলেন তিনি মানুষের জন্য খাদ্যের ব্যবস্থা দূরের কথা সামান্য পশুর খাদ্য ভুষি নিয়ে ওয়াংচু কমিশন হয়েছিল এবং যার জন্য মন্ত্রীকে পদত্যাগ করতেও হয়। কিন্তু এই সরকার খাদ্য সম্বন্ধে যে নীতি অনুসরণ করেছেন তাতে তার ফল ফলতে আরম্ভ করেছে। আমরা দেখেছি গ্রামাঞ্চলে বিধিবদ্ধ রেশনিং এলাকায় গম ও চালের বরাদ্দ বৃদ্ধি করার ফলে সেখানে চাল ও গমের দাম বাড়েনি। সেখানকার মানুষ চাল ও গাম ন্যায্য মূল্যে পাচ্ছে যেটা কংগ্রেসের সময় সম্ভব হয় নি। সংশোধিত রেশন এলাকায় এবং বিধিবদ্ধ রেশন এলাকায় খাদ্যমন্ত্রী রেপসিড অয়েল ও ডাল দিচ্ছেন বলে বাজারের সর্ষের তেল ও ডালের দাম বাড়েনি। এই অবস্থার মধ্যে ব্যবসায়ীরা ও কালোবাজারিরা চাপ সৃষ্টি করছে, যাদের হয়ে জনতা এবং কংগ্রেসের দল থেকে এই কথা বললেন, আমরা দেখতে পাচ্ছি সাধারণ মানুষ বলছে সর্ষের তেল ও ডাল রেশনের মাধ্যমে সরবরাহ করার জন্য এইগুলির দাম বৃদ্ধি হয় নি। এইরকমভাবে গ্রামাঞ্চলে সম্ভবপর শহরাঞ্চলে রেশনের দোকানের মারফত যদি কয়লা সরবরাহ করেন তাহলে ভাল হয়। সিমেন্টের ব্যাপারে দেখছি আগে লোকে সিমেন্ট পেতনা, এই সরকার সিমেন্ট বন্টনের যে ব্যবস্থা গ্রহণ করেছেন তারজন্য মানুষ কিছু কিছু সিমেন্ট পেতে আরম্ভ করেছেন। এই সিমেন্ট বন্টনের ব্যাপারে

ডিলার নিয়োগ করার ব্যাপারে রজনীবাবু বললেন পার্টির লোককে ডিলার নিয়োগ করা হয়েছে আমার এলাকায় আমি দেখেছি ব্যবসাদারদেরই এসব দেওয়া হয়েছে, অনেক ব্যবসায়ী যারা লাইসেন্স নিয়েছে তারা সিমেন্ট আনছে না, আবার যারা আনছে তারা কালোবাজারে বিক্রি করছে। সেইজন্য বলছি সিমেন্ট ডিলারদের কার্যকলাপ তদারকি করবার জন্য পঞ্চায়েত সমিতির হাতে ভার দিলে বন্টন ব্যবস্থা ভালই হবে এবং কালোবাজারি বন্ধ হবে। কলাই কুন্ডায় যে ডাম্প তৈরি হয়েছে সেখান থেকে মাল আনতে হয়, সেটা একটা খোলা জায়গা, ফলে হাজার হাজার বস্তা সিমেন্ট সেখানে জমে নষ্ট হয়ে যাচ্ছে।

এশেন্সিয়াল কমোডিটিস কর্পোরেশন এই বন্টন ব্যবস্থার দায়িত্ব নিয়েছেন, কিন্তু এই যে নষ্ট হচ্ছে এর জন্য সরকারকে অনেক টাকা লোকসান দিতে হয়। সেজন্য অনুরোধ করছি ডিলাররা যদি সরাসরি ফ্যাক্টরি থেকে সিমেন্ট নেন, তাহলে এই লোকসানের হাত থেকে সরকার রেহাই পাবেন। যে সমস্ত গো-ডাউনে সিমেন্ট থাকে বা ওয়াগন করে সিমেন্ট আসে তা খোলা থাকার জন্য অনেক সিমেন্ট নষ্ট হয়ে যায়। ডাম্প যাঁরা পরিচালনা করেন তাঁদের অব্যবস্থার জন্য অনেক সময় ডিলারদের দাঁড়িয়ে থাকতে হয়। এইরকম অব্যবস্থা দূর করবার জন্য আমি অনুরোধ করছি। এর পর হাস্কিং মিলের সম্বন্ধে বলব, হাস্কিং মিলের যাদের লাইসেন্স আছে তারা সকাল ৮ টা থেকে ৫ টা পর্যন্ত খোলা রাখে, কিন্তু হাইকোর্ট থেকে অর্ডার যারা নিয়ে এসেছে তারা দিন রাত্রি চালাবার ফলে যাদের লাইসেন্স আছে তাদের লোকসান হচ্ছে, সেজন্য বলব ব্যাপকভাবে লাইসেন্স দেবার ব্যবস্থা যেন তিনি গ্রহণ করেন। এইকথা বলে এই ব্যয় বরাদ্দ যা এনেছেন তাকে সমর্থন করে আমি শেষ করছি।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৯-৮০ সালে খাদ্যবিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন সে সম্পর্কে আপনার মাধ্যমে আমার প্রশ্ন এটা কি লেফট সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগের বাজেট? আমার সন্দেহ হচ্ছে এই কারণে যে ১০/১২ দিন আগে এই সরকারের আরেকজন মন্ত্রী বাজেট পেশ করার সময়ে তিনি যে ইকনমিক রিভিউ দিয়েছিলেন এবং বাজেট বক্তৃতা করেছিলেন তাতে স্পষ্টভাবে বলেছেন পশ্চিমবাংলা ১৯৭৮ সালে—প্রভিসনালি যে ফিগার তাতে দেখা যাচ্ছে খাদ্যে উদ্বৃত্ত, তিনি বলেছেন এই প্রথম পশ্চিমবাংলা খাদ্যে উদ্বৃত্ত হল, আজকে যে বই অথচ খাদ্যমন্ত্রী বিবৃতি তিনি দিয়েছেন তার ৮ পৃষ্ঠায় দেখতে পাচ্ছি, চাল গমে আমাদের ঘাটতি তাই মুখ বুজে খারাপ শস্যই নিতে হয়। সুতরাং চাল এবং গমে এখনও ঘাটতি আছে অতএব কার কথা সত্য অর্থমন্ত্রী না খাদ্যমন্ত্রীর না বামফ্রন্ট সরকার এই রকম অসত্য বিবৃতির মাধ্যমে সমস্ত সত্যকে গোপন করবার একটা নীতি নিয়েছেন বলে আমরা মনে করব। খাদ্যমন্ত্রী নিজে খুব অসুস্থ, তিনি এই বিবৃতি রচনা করেছেন কিনা জানি না। কিন্তু তিনি যখন দিয়েছেন তখন এটা তাঁরই বলে ধরে নিতে হবে। শুনতে পাই তিনি অসুস্থ থাকার জন্য রেকর্ড পরিমাণ মেডিক্যাল বিল তাঁর জন্য হচ্ছে। তিনি যে বাজেট পেশ করেছেন সরকারি বিভিন্ন দলের লোক এ সম্পর্কে যেসব কথা বললেন তাতে দেখতে পাচ্ছি সি.পি.এম দলের রেজ্জাক

সাহেব বললেন, ডিলার এমন সব লোককে দেওয়া হয়েছে যার ফলে জোতদার এবং কালোবাজারিদের ঘরেই সিমেন্ট চলে যাবার সম্ভাবনা আছে।

[5-50—6-00 P.M.]

একটু পূর্বে আমার পূর্ববর্তী বক্তা ঠিক সেই কথাই বলেছিলেন। প্রশাসনের এই যে চেহারা সেই চেহারার কথা বেমালুম খাদ্য মন্ত্রী মহাশয় চেপে গেছেন, তার বিরুদ্ধে জনতা পার্টির একজন তরুন সদস্য নাম ধরে বলেছেন বলে মাননীয় স্পিকার মহাশয় তাদের নাম এক্সপাঞ্জ করে দিয়েছেন। সে সম্বন্ধে আমার বলার কিছু নেই, কিন্তু বিভিন্ন দলের বক্তৃতা থেকে এটা পরিষ্কার খাদ্যমন্ত্রী যে ডিপার্টমেন্ট চালাচ্ছেন সেই ডিপার্টমেন্টে বিভিন্ন রকমের দুর্নীতি বর্তমান। সেই দুর্নীতির বিরুদ্ধে তিনি তাঁর বাজেট বক্তৃতায় কোনও কথা রাখেননি। ইতিপূর্বে কেন্দ্রীয় সরকার যখন ঘোষণা করেছিলেন যে চিনির উপর রেশন তুলে দেওয়া হোক, কেন্দ্রীয় সরকার যখন ডিসিসন নিয়েছিলেন ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে ফুড জোন তুলে দেওয়া হোক তিনি তখন ভবিষ্যতবাণী করেছিলেন যে চিনির রেশন তুলে দিলে চিনির দাম বেড়ে যাবে, ফুড জোন তুলে দিলে সারা ভারতবর্ষে বিভিন্ন শস্যের দাম বেড়ে যাবে, তাই কলকাতা শহরে কর্ডনিং করে রাখা প্রয়োজন, কর্ডনিং না করলে খাদ্য দ্রব্যের মূল্যবান স্থিতিশীল থাকবে না। তিনি যে ভবিষ্যত বাণী করেছিলেন সেটা কয়েক মাসের মধ্যে সম্পূর্ণ মিথ্যা প্রমাণিত হয়েছে। এর থেকে বোঝা যায় খাদ্যমন্ত্রীর কোনও ভবিষ্যত দৃষ্টি নেই। এই ধরনের দূরদৃষ্টিহীন মন্ত্রীর হাতে যদি পশ্চিমবঙ্গের খাদ্য দপ্তর থাকে তাহলে পশ্চিমবঙ্গের খাদ্যের যে কি হাল হবে সেটা সহজেই অনুমেয়। কলকাতা শহরে রেশন ব্যবস্থা ঠিক রাখার জন্য কর্ডনিং করে রাখা হয়েছে, কেন্দ্রীয় সরকার থেকে এরজন্য আসছে বছরে ৪ কোটি টাকা। সেই ৪ কোটি টাকা যদি অন্য রাজ্য থেকে আগত পুলিশের জন্য খরচ না করা হত, যদি সমস্ত জিনিসটা তুলে দেওয়া হত তাহলে দেখা যেত কলকাতায় রেশনে যে চাল দিচ্ছেন যেটা উনি বললেন খাদ্যের অযোগ্য সেই জিনিস কলকাতার লোককে খেতে হত না এবং জিনিসের দামও কমে যেত। উনি সংগ্রহ করতে ব্যর্থ হয়েছেন। উনি সংগ্রহ না করে ডিস্ট্রেস সেল-এ কিছু কিনেছিলেন, কিছু নাকি মিল মালিকদের কাছ থেকে লেভি সিস্টেম সংগ্রহ করেছিলেন। তাতে দেখতে পাচ্ছি অতি মিহি ধানের দাম ৯১ টাকা কুইন্টাল। সেই ৯১ টাকা কুইন্টাল করে যদি চাল বিক্রি করা হত তাহলে পশ্চিমবঙ্গে ১ টাকার বেশি দামে চাল বিক্রি হওয়া উচিত ছিল না। কিন্তু ১.৫০ টাকার বেশি দামে যেটা বিক্রি হচ্ছে সেটা কার কল্যাণে হচ্ছে? এটা যদি কৃষকের কল্যাণে হত তাহলে আমরা কিছু বলতাম না। তারা ডিস্ট্রেস সেল করতে বাধ্য হয়েছে। আপনারা বলেছেন ডিস্ট্রেস সেলে সংগ্রহ করেছেন, আপনারা গ্রামের কৃষককে বঞ্চিত করেছেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ২.৪০/৫০ পয়সায় বিক্রি হচ্ছে, এটা কাদের স্বার্থে বিক্রি হচ্ছে? উনি কিন্তু প্রশাসনের মধ্য দিয়ে সেটাকে চেক করতে পারছেন না। এশেন্সিয়াল কমোডিটিজ অ্যাক্টে পশ্চিমবঙ্গ সরকারকে যে ক্ষমতা দেওয়া হচ্ছে সেই ক্ষমতা প্রয়োগ করে ২.৫০ দলে যে চাল বিক্রি হচ্ছে সেই চাল ১.৫০ দরে বিক্রি করাতে পারলেন

না কেন সেটা জানাবেন কি? এই ২.৫০ দর যদি কৃষকের হাতে পৌঁছাত তাহলে আমরা কিছু বলতাম না। পশ্চিমবঙ্গে যে খাদ্য উৎপাদন হতে চলেছে তাতে এগ্রিকালচার মিনিস্টার বলছেন ফুড সারপ্লাস, অর্থমন্ত্রী বলছেন সারপ্লাস, খাদ্যমন্ত্রী বলছেন খাদ্য ঘাটতি। ৪ কোটি টাকা কেন্দ্র থেকে নিয়ে পুলিশ পুষছেন, সেই টাকা দিয়ে রেশনের দোকানে চাল গম উঠিয়ে দিয়ে অন্যান্য দ্রব্য যেমন ডাল, ভোজ্য তেল ইত্যাদি যদি রেশনের মাধ্যমে দিতেন তাহলে পশ্চিমবঙ্গের মানুষকে অন্তত ১.২৫ হিসাবে চাল কিনতে হত না এবং ৩ টাকা হিসাবে যে কোয়ালিটির ডাল দিচ্ছেন তার চেয়ে ভাল কোয়ালিটির ডাল পশ্চিমবঙ্গকে দিতে পারতেন এবং ৪ কোটি টাকা কেন্দ্র থেকে যেটা পাওয়া, যেটা পশ্চিমবঙ্গের টাকা নয়, সেই কেন্দ্রের দেওয়া টাকা দিয়ে আপনারা পশ্চিমবঙ্গের মানুষকে অনেক সস্তা দরে খাদ্য সরবরাহ করতে পারতেন।

অথচ সেই ৪ কোটি টাকা দিয়ে এই যে সম বন্টনের কথা বলছেন সেই সমবন্টনের মাধ্যমে পশ্চিমবাংলার বেকার ছেলেদের জন্য আপনারা কাজের ব্যবস্থা করতে পারতেন। আপনারা বলছেন বেকার সমস্যার সমাধান করতে পারছি না। কিন্তু তাদের কল্যাণে নির্দিষ্ট নিয়মে কো-অপারেটিভ করে দিয়ে তার মাধ্যমে যদি বিলি ব্যবস্থা করতে পারতেন তাহলে তাদের চাকরির সমস্যার লাঘব করা যেত। হাস্কিং মেশিনের কথা মাননীয় সদস্যরা বলেছেন যে, ৫টা থেকে ৮ টা পর্যন্ত হাস্কিং মেশিনগুলো চলছে, যেগুলি লাইসেন্স প্রাপ্ত। কিন্তু আমরা জানি হাইকোর্ট যারা করেছে তারা ছাড়াও অনেক হাস্কিং মেশিন চলছে যাদের লাইসেন্স নেই এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টির সামনেই এগুলি চলছে। তিনি সমস্ত কিছু জানেন অথচ একে দমন করবার ইচ্ছা তাঁর নেই। আমি জানতে চাই কিসের স্বার্থে তিনি এসব করছেন? এই যে প্রচুর সংখ্যক হাস্কিং মেশিন বিনা লাইসেন্সে চলছে তার ফলে পশ্চিমবঙ্গ সরকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। এবারে আমি সিমেন্ট ডিলারদের সম্পর্কে কিছু বলব। আমরা দেখছি শালিমার ইয়ার্ডে প্রচুর সিমেন্ট জমা হয়ে রয়েছে অথচ পশ্চিমবঙ্গ সরকার বলছেন বাজারে সিমেন্টের অভাব রয়েছে কাজেই দাম বেড়ে চলেছে। আপনি এই ব্যাপারে সত্য কথা বলেন নি। আপনারা নিজেদের মনোনীত লোকদের ডিলার হিসাবে নিয়োগ করেছেন। আপনি বলেছেন ডিলার কম থাকার জন্য তাদের বাদ দিতে পারছি না। আপনি যখন নতুন ডিলার নিয়োগ করছেন তখন বোঝা যাচ্ছে বাড়তি সিমেন্ট হয়েছে। তাহলে সেই সিমেন্ট কোথায় গেল? কাজেই ডিলারের কথা যেটা বলেছেন তাতে তাঁর উদ্দেশ্য কি? আপনি ফুড ফর ওয়ার্কে অনেক কম বলেছেন। আমি জানতে চাই জি আর ডিলার বলে যাদের নিয়েছেন তাঁরা কারা? আমরা যে দলবাজির কথা বলি সেই সম্পর্কে আপনি তদন্ত করুন। এই যে জি আর ডিলার করা হয়েছে তাতে দেখছি নিজেদের দলের ক্যাডারদের নিয়োগ করা হয়েছে। জি আর ডিলারের মাধ্যমে, নিজেদের লোকের মাধ্যমে অনেক খাদ্য সরিয়ে নেওয়া যাবে সেই ব্যবস্থা আপনারা করেছেন। আপনি যদি পশ্চিমবাংলার মানুষের উন্নতির জন্য, কৃষকদের উন্নতির জন্য চিন্তা করতেন তাহলে আপনার ভাবা উচিত ছিল ইকুইটেবেল ডিস্ট্রিবিউশনের কথা। পশ্চিমবাংলার

অনেক লোক এখনও বিলো পভার্টি লাইনে রয়েছে। তারা যদি দুবেলা পেট ভরে খেতে না পায় তাহলে কি হবে? আপনি যে খাদ্য উৎপাদন করেছেন তার চেয়ে অনেক কম খাদ্য তারা কনজিউম করছে। আমরা তো জানি ফিফ্‌টি পারসেন্ট লোক খেতে পারছে না। তাহলে আপনার এই বাকি খাদ্যগুলো কোথায় গেল? আপনি তো রেশনেও চাল দিলেন না, তাহলে সেই সারপ্লাস খাদ্য কোথায় গেল? খাদ্যমন্ত্রী বলেছেন আমাদের খাদ্য ঘাটতি, অথচ কৃষিমন্ত্রী বলেছেন খাদ্য পশ্চিমবাংলায় সারপ্লাস।

[6-00—6-10 P.M.]

সুতরাং এই ইকুইটেবল ডিস্ট্রিবিউশনের কথা যদি তিনি ভাবতে পারতেন তাহলে পশ্চিমবাংলার গ্রামের মানুষের অন্তত ৫০ ভাগ লোক দুবেলা পেট ভরে খেতে পারত এবং ১.২৫ পয়সা দরে তাদের খুব ভাল চাল দিতে পারতেন এবং তা করলে যে ৪ কোটি টাকা পুলিশের জন্য ব্যয় করছেন সেটা করতে হত না। তারপর এমপ্লয়মেন্টের কথা বলছি। কো-অপারেটিভের মাধ্যমে আপনারা কিছুই করলেন না। কোটি কোটি টাকা ঐ এম.আর ডিলারদের না দিয়ে যে বেকারদের ৫০ টাকা করে ভাতা দিচ্ছেন তাদের যদি ব্যাঙ্ক থেকে ৬ হাজার টাকা করে লোন দেওয়া হত তাহলে পশ্চিমবাংলার কত লোককে আপনারা এমপ্লয়মেন্ট দিতে পারতেন একটু ভাবুন। কিন্তু সেসব সুযোগ আপনারা নিলেন না। আর একটি কথা যেটি আমি বলতে চাই, ইস্টার্ন রেলওয়ের চিফ কমার্সিয়াল সুপারিনটেনডেন্ট, তার এক অধঃস্তন কর্মচারী তাকে জানিয়েছে যে রেলে সমস্ত লোক বিনা ভাড়ায় জিনিসপত্র নিয়ে চলে আসছে। সেখানে রেল কর্তৃপক্ষ কোনও মাশুল পাচ্ছেন না। এই অধস্তন কর্মচারী জানিয়েছেন যে লোকে মালপত্র নিয়ে আসছে লাল কার্ড দেখিয়ে। চেকিং করতে গিয়ে তিনি নানান ভাবে অপদস্ত হচ্ছেন। চিফ কমার্সিয়াল সুপারিনটেনডেন্ট মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই মর্মে কোনও চিঠি দিয়েছেন কিনা সেটা আমি জানতে চাই, এটা আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি। সে বিষয়ে আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জবাব চাই। মাননীয় খাদ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা সম্পূর্ণ অসত্য বিবৃতি। তাঁর বিবৃতি যদি সত্য হয় তাহলে আর দুজন মন্ত্রী তাঁরা অসত্য কথা বলে গেলেন। মাননীয় মন্ত্রীরা স্যার, যদি আপনার সামনে এইভাবে দিনের পর দিন অসত্য বিবৃতি প্রদান করেন তাহলে পশ্চিমবাংলার মন্ত্রীরা গোয়েবলসকেও হার মানিয়ে দেবে। এই কয়েকটি কথা বলে মাননীয় খাদ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী সুধীন কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাজটা খুবই শক্ত, যুক্তি দেওয়া যায় কিন্তু নানা রকমের আওয়াজের প্রতিধ্বনি করা আমার পক্ষে সম্ভব নয়। প্রথমেই শুরু করি, এখানে ক্রটির কথা বলেছেন। গত ৩০ বছর ধরে ক্রটির বস্তা পাহাড় তৈরি করে আজকে ঐ দিকে গিয়ে পড়েছেন এবং তারপর ভাগাভাগি বেড়েছে এবং ভাগাভাগি ও খাওয়া খায়ির চোটে রক্তাক্ত অবস্থায় যারা ঘুরে ফিরে বেড়াচ্ছেন তারাই আজকে ক্রটির কথা বলছেন।

৩০ বছর ধরে এই ত্রুটির পাহাড় জমা করেছিলেন, এক/দুই বছরে আমি সবগুলি দূর করতে পারব না, শূর মহাশয়ও পারবেন না। ওঁদের এত ময়লা সাফ করতে আমরা পারব না, সময় লাগবে। ৩০ বছর ধরে যারা জমা করেছিলেন তাঁরা এখানে এসেছিলেন—একজন মালা আনল, আর একজন পরলেন কিন্তু এই ঘরে আর আসেন নি। তাঁদেরকে আমরা ডেকেছি আসুন মহাশয়, মুখ দেখাতে কিন্তু তাঁরা আসেন নি। বিধানসভায় আলোচনায় তাঁদের দায়িত্বর কথা ডঃ বাগ এখানে বললেন।

(গোলমাল)

দায়িত্ব যদি নেন তাহলে মনোযোগ দিয়ে শুনুন। আপনারা যখন বলেছেন তখন আমি মনোযোগ দিয়ে শুনেছি। আমার যে অভিযোগ—৩০ বছর ধরে দেশের যে সর্বনাশ করে গিয়েছেন তা একদিনে আমি মুছে দেব তা আমি বলি নি। তবে এইকথা আমি বলি, যত পরিমাণ ত্রুটির কথা বলেছেন সেই পরিমাণ ত্রুটি আর নেই। আমার বিভাগের কথাই আমি বলব, সেখানে যে পরিবর্তন শুরু হয়েছে তা আপনারা গিয়ে দেখতে পারেন। আপনাদের কালে সেখানে কতজন কর্মী কতক্ষণ কাজ করতেন আর আজ কতজন কর্মী সেখানে কত কাজ করছেন সেটা দেখে আসবেন। আমি এই কথা বলি আমাদের দেশের ৫ কোটি লোকের কাছে সকাল, বিকাল, দুপুর, রাত্রে, কোনও না কোনও জিনিস পৌঁছে দেওয়া হচ্ছে। ত্রুটি আছে কিন্তু কাজও খানিকটা আছে। সেই কাজ আমাদের দেশের জন্য কোনও রাজ্য সরকার করেনি, অন্য কোনও রাজ্য সরকারের এই অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপাসিটি নেই। যাঁরা দিল্লির কথা বলেন, কথাগুলি বোঝেন না, ভাবছেন আমাদের কৃষিমন্ত্রী, আমাদের অর্থমন্ত্রী, আমাদের খাদ্যমন্ত্রী মাথায় মাথায় ঠোকাঠুকি করছেন, কথাগুলি বোঝা দরকার, ডাক্তার হলেও এটা বোঝা দরকার, শুধু ডাক্তার হলেই হয় না। যিনি বলেছেন প্রডাকশন আছে তিনি ঠিকই বলেছেন, প্রডাকশনের কথা ঠিকই বলেছেন কিন্তু এটা জানেন ওয়ান জোনের কথা, স্টেট জোন মানে? যদি একটা রাজ্যে স্টেট জোন থাকে তাহলে সেই রাজ্যের উৎপাদন সেটা সেই রাজ্যের গন্ডির মধ্যেই রাখার ব্যবস্থা করা যায়। সেইজন্য পশ্চিমবঙ্গ যতদিন খাদ্যে স্বয়ং সম্পূর্ণ না হতে পারে ততদিন এই ব্যবস্থা থাকবে। কৃষি উৎপাদনে এখনও অনিশ্চয়তা আছে, আপনারা ৩০ বৎসর চালিয়ে সেচ মাত্র ১৬ পারসেন্ট করেছেন, ব্রিটিশ আমলে ১২ পারসেন্ট ছিল, আপনারা যদি সেচটা বাড়াতেন তাহলে এখানে উৎপাদন বাড়তো। আজকে যেটুকু সেচ আছে তারও অনিশ্চয়তা আছে, পেরেনিয়াল ইরিগেশনের প্রশ্ন আছে, সুতরাং আমাদের এখানে তার অনিশ্চয়তা আছে। এখানে খোলা বাজার করে দিলে যেহেতু পশ্চিমবাংলায় চাল সস্তা অতএব পশ্চিমবঙ্গের চাল বাইরে চলে যাবে, পশ্চিমবঙ্গের চারপাশে যদি চালের দাম উঁচু থাকে তাহলে বাইরে চাল চলে যাবে কারণ ওয়ান স্টেট জোন তুলে দিয়েছেন কেন্দ্রীয় সরকার। এখানে বলা হয়েছে যে রেশন ব্যবস্থা কেন রাখা হয়েছে তা বুঝতে পারছেন না। কলকাতায় রেশন রাখার একমাত্র কারণ গ্রামের গরিবদের স্বার্থে। কলকাতার এক কোটি লোককে যদি ছেড়ে দেওয়া হয়, তাহলে গ্রাম থেকে যে পরিমাণ চাল কলকাতা ও শিল্পাঞ্চলে

আসবে তাতে গ্রামে চালের দাম বাড়বে। এই কথা তাদের যে গুরু তাকে জিজ্ঞাসা করবেন তিনিও শেষ পর্যন্ত স্বীকার করেছেন যে আমরা যে কাজ করেছি ঠিক কাজই করেছি।

**মিঃ স্পিকার :** এই ব্যয় মঞ্জুরির সময় ছিল ৬.১২ পর্যন্ত কিন্তু এখনও শেষ হতে সময় কিছু লাগবে সেই জন্য সভার সময় আরও আধ ঘন্টা বাড়িয়ে দেবার জন্য সভার সম্মতি চাচ্ছি এবং আমি ধরে নিচ্ছি যে তাঁরা সম্মতি দিলেন। সুতরাং টাইম আধঘন্টা বাড়বে।

**শ্রী সুধীন কুমার :** এই স্ট্যাটিউটরি রেশনের ব্যাপারে এটাই হল মূল কথা। এইজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে জিদ ধরে রেখেছিলাম এবং এইজন্য একমাত্র কলকাতা শহরে এটা রাখা হয়েছে, নইলে আমাদের গ্রামের চাল, যেটা ভারতবর্ষের মধ্যে উৎকৃষ্ট, সেটা শহরে চলে আসবে, গ্রামে চালের দাম বাড়বে। অবশেষে বললেন, এম.আর. শপের মাধ্যমে দেওয়া হোক, এখন এম.আর. এর মাধ্যমে দেওয়া হলে হোলসেলারদের দিতে হবে এবং হোসসেলারদের দিলেই হোর্ডিং হবে এবং তাহলেই কলকাতায় চালের দাম বাড়বে।

[6-10—6-20 P.M.]

যদি জানতে চান, ভদ্রমহোদয়গণ তো বার বার দিল্লিতে যান, সেখানে গিয়ে খোঁজ নেবেন। আজকে এখানে দক্ষিণ ২৪ পরগনার গ্রামে যে সর্বোতকৃষ্ট চাল ৩ টাকায় পাওয়া যায় বা তার নিচে পাওয়া যাবে সেটাই দিল্লিতে সাড়ে ৫ টাকা কে.জি., স্ট্যাটিউটরি রেশনিং রাখার ফলেই চাল এখানে এই দরে বিক্রি হচ্ছে। আমরা যখন এখানে ডাল প্রথমে রেশন মারফত দিতে শুরু করি তখন তার দাম ছিল ৪.৮০ টাকা, সকলকে আমরা দিতে পারিনি, শুরু করেছিলাম কলকাতা শহরে হাওড়াতে এবং কিছু হুগলিতে, অন্যান্য জায়গায় আমরা শুরু করতে পারিনি তার কারণ, আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপাসিটি তখন সে রকম ছিল না এবং সেই ক্যাপাসিটি যদি না থাকে এবং বাহাদুরি করতে যান, তাহলে কি অবস্থা হয় তা জানেন। প্রবীণ খাদ্যমন্ত্রী ভদ্রলোক ১৯৬৬ সালে (**এ ভয়েসঃ কাঁচকলা খাইয়েছিলেন**) সেদিন যে খারাপ কাজ করেছিলেন, তাতে ফল কি হল, তাঁকে রাজত্ব ছেড়ে দিতে হল। সুতরাং ফল কি বুঝুন, সেদিন আপনারা কেন রেশনিং তুলে দেননি, পারলে অনেক দিন আগেই দিতেন, আজকে এখানে প্রতিবাদ করছেন। আর এঁরা হাঙ্গার স্ট্রাইক করছেন, আমার মনে পড়ল ১৯৫০ সালে—এখানে যাঁরা আজকে আছেন, তাঁদের অনেকেই সেদিন রাজনীতির গন্ডির মধ্যে আসেননি, আমরা বামপন্থীরা এখানে হাঙ্গার স্ট্রাইক করায় বামপন্থী খাদ্য বিষয়ক আইন পশ্চিমবাংলায় প্রবর্তিত হয়েছে। আজকে যাঁরা বাহাদুরি নিচ্ছেন তাঁরা তো এই সব জানেন না, ছেলে মানুষ পরে এসেছেন, আপনি জানেন বিধানসভা ভবনে ১৯৫০ সালে হেমন্ত কুমার বসু মহাশয়ের নেতৃত্বে হাঙ্গার স্ট্রাইক করে আমাদের খাদ্য আন্দোলন শুরু করতে হয়েছিল এবং প্রত্যেক বছরেই পূজোর সময়ে আমাদের আন্দোলন করতে হত খাদ্যের দাম সমান রাখার জন্য। আজকে আমাদের দেড় বছরের নীতির ফলে কি হয়েছে? এমন কি

আমাদের কর্ডন করার আইন নাই, রাজ্যে কোনও কর্ডন নাই, রাজ্যে সস্তায় দাম রাখলে বিপদ, পাশের রাজ্যে দাম বেশি বলে সেখানে চলে যাবে, আপনি জোর করে রাখতে পারবেন না। কেন্দ্রীয় সরকারের আইন আপনি মানবেন, মানতে বাধ্য। ফ্রি মার্কেট থাকলে প্রকিওরমেন্ট টার্গেট রাখা যায় না, ওঁরা এটা বুঝবেন না এবং বুঝবার চেষ্টাও করবেন না। এসব সত্ত্বেও আমাদের এখানে যথেষ্ট প্রকিওরমেন্ট হয়েছে, ইতিমধ্যে চাল সংগৃহীত হয়েছে ২৩শে ফেব্রুয়ারি পর্যন্ত এক লক্ষ টন এবং এই ব্যবস্থার মধ্যে আপনি জানেন আমরা কেন্দ্রীয় ভান্ডার রাখার পক্ষে। হাস্কিং মেশিনের কথা উঠেছে। আমি সে সম্পর্কে দু-চারটি কথা বলব। এই হাস্কিং মেশিনের লাইসেন্স না দিয়ে ওঁরা পাঁচ বছর বে-আইনি কাজ করেছেন এবং আমরা যে নীতি রেখেছি তার জন্য আপনাদের যারা বশংবদ তারা প্রতি মুহূর্তে কোর্টে যাচ্ছে এবং সেই কোর্টে আমাদের নীতি পরিষ্কার আছে, সেখানে কোনও দলের দেবার কথা নয়, সেই নীতি এক পক্ষ আর এক পক্ষকে চ্যালেঞ্জ করছে, সুপ্রীম কোর্ট হয়ে এসেছে, হাইকোর্ট থেকে আবার শুরু হয়েছে। আবার ইনজাংশন নিচ্ছে, আমরা যে নীতি নিয়েছি তার জন্য কোনও কোর্টেই পরাজিত হয় নি। নিচু কোর্ট থেকে সুপ্রীম কোর্ট পর্যন্ত আমাদের নীতি আমরা যেটা সাপোর্ট করেছি সেটা ঠিক, সেটা আইনসঙ্গত। কিন্তু যতক্ষণ কোর্টের এক্তিয়ারে থাকবে আমরা করতে পারব না। আমরা দেওয়া শুরু করেছিলাম। বোধ হয় একশো লোককে দেওয়া হয়েছিল। ইতিমধ্যে আবার কোর্টের ইনজাংশন হয়েছে। এটা ঠিক যে আইনটা রাখা দরকার। যারা শৃঙ্খলার কথা বলছেন, তারা দয়া করে আইনটা জানবেন, আইনটা ভাল করে পড়বেন। হাস্কিং মেশিন চালু করে গিয়েছেন একটা দল আমরা তার দুর্ভোগ ভুগছি। আমাদের দুর্ভাগ্য যে যারা দীর্ঘদিন চালু করেছিলেন তারাই আজকে এইসব কথা বলছেন। কতকগুলো ব্যক্তিগত রেফারেন্স করেছেন, তাদের যদি সাহস থাকত তাহলে দেখতাম ব্যক্তিগত রেফারেন্সগুলো বাইরে করতেন। এখানে প্রটেকটিভ স্টেটমেন্ট তাদের বিরুদ্ধে করেছেন। তবু আমি এখানে বলি তারা যেকথা বলেছেন সর্বৈব সত্য নয় এবং আমি তাদের কাছ থেকে জেনেছি। দ্বিতীয়ত আমি একথা বলব যদি প্রমাণ করতে পারেন তার সম্পর্কে তিনি যা বলবেন সেইমতো ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্যথা আমি দাবি করব, বিধানসভায় যেকথা শুনেছেন বলে বলে গিয়েছেন অর্থাৎ গসিপ মংগারিং সেটা একটা বিধানসভার গুরুত্বপূর্ণ আলোচনায় যে কতখানি সঙ্গত সেটা বিচার করবেন। (**বিরোধী দলের জনৈক সদস্য ঃ—তদন্ত করুন না।**) তদন্ত আমি কেন করব? হয় অভিযোগ প্রমাণ করুন, তা নাহলে শুনে কথা বলবেন না। আপনার যদি সৎ সাহস থাকত তাহলে আপনি নিজেই বলতেন। এই যে কাপুরুষোচিত কাজ যে একজন নিজেকে ডিফেন্ড করতে পারে না তার বিরুদ্ধে একটা বিধানসভায় প্রটেকটিভ স্টেটমেন্টের সুযোগ নিয়ে অপবাদ দেওয়া এটা নোংরামির চরম নিদর্শন। এই নোংরামি ৩০ বছর ধরে ওরা চালিয়ে গিয়েছেন। এই নোংরামি বরদাস্ত করতে পারব না। এইটা যারা করছেন তাদের কংগ্রেসের সঙ্গে নতুন বন্ধু হয়েছে। একজন একটা জিনিস জিজ্ঞাসা করেছেন, এটা বারবার প্রশ্ন করেন, এটা আমার বিরুদ্ধে কেউ অভিযোগ করেছেন বলে নয় যে পশ্চিমবাংলার সংগ্রহ কোথায় যায়। পশ্চিমবাংলার সংগৃহীত চাল পশ্চিমবাংলায়ই থাকে এবং

আপনাদের জানা উচিত যে পশ্চিমবাংলার সংগৃহীত সিদ্ধ চাল যতক্ষণ থাকে ততক্ষণ সেটা এম আর শপের মারফত দেওয়াটাই রীতি ছিল। সেখানে কেন্দ্রীয় চাল দেওয়া হত তখনই যখনই ঘাটতি পড়ত। তা না হলে চাল দেওয়া হত না। কেন্দ্রীয় চাল তাতে কাঁকরই থাক পচা চালই বলুন সেটা একমাত্র কলকাতার লোকেরাই ভোগ করত। যারা এতদিন এখানে শহরে ব্ল্যাক মার্কেটিং চলতে দিয়েছেন, তারাই আজকে ব্ল্যাক মার্কেটিং, হাস্কিং মিল ইত্যাদি কথা বলছেন। এই যে ব্ল্যাক মার্কেটিং চলছে এতে যদি হাত দিতে যাই তাহলে গরিব লোকেরাই ধরা পড়বে। কিন্তু বড় যে হোলসেলার সে কিন্তু আইনসঙ্গত। সেখানে কিছু করার উপায় নেই। ধরলে ছোট ছোট ধরতে হয়, তাতে বড়দের ধরা হয় না। সেটা বোঝেন না। সেটা যদি বন্ধ করা হয় তাহলে কলকাতায় ভাল চাল বিক্রি হওয়া বন্ধ হয়ে যাবে। আপনাদের অসুবিধা হবে।

[6-20—6-30 P.M.]

আমি জানি না কেন—কিন্তু এই ব্ল্যাক মার্কেটিং বন্ধ করা দরকার। বন্ধ করার উপায় কি? বন্ধ করার উপায় হচ্ছে পশ্চিমবাংলা উপযুক্ত মানের চাল যদি কলকাতায় সরবরাহ করা যায় তাহলে এই ব্ল্যাকমার্কেটিং বন্ধ হবে, তা নাহলে লুঠ পাটের যে রাস্তা আপনারা দেখছেন সেটা ঐ এয়ার পোর্ট হোটেলের মধ্যে যতক্ষণ পর্যন্ত আবদ্ধ রাখবেন ততক্ষণ পর্যন্তই কেবল থাকবে। এটা নিয়ে আর বেশি কিছু করবেন না, ঐখানেই ইতি করুন। আমি জানি আপনারা সবাই এক, আপনাদের কখনও ভিন্ন বলে দেখিনি। আপনারা কখন কার পকেটে খাচ্ছেন সেটা আমি অন্তত জানি না। আমি আপনাদের চিরকালই একভাবে দেখে আসছি, ৫০ বছর ধরে একইভাবে দেখে আসছি, যেমন আমাদের স্পিকার মহাশয়ও দেখে আসছেন। কলাইকুন্ডার কথা উঠেছে। কলাইকুন্ডায় আমরা ৭ দিনের নোটিশে ঐ ৬৫ কোটি টাকার সিমেন্টের ব্যবস্থা চ্যালেঞ্জ করে নিয়েছি। কারণ একটা বিরাট অবস্থা থেকে আমরা আমাদের দেশের মানুষকে রেহাই দিতে চাই। কারণ আমাদের সাউথ ইস্টার্ন রেলওয়ে দিয়ে সব সিমেন্ট প্রায় সবই আসে। সেই সিমেন্ট খড়গপুরের পরে এপাশে আসার কোনও উপায় নেই। তখন খড়গপুরের আগে কলাইকুন্ডার একটি জায়গা ঠিক করে ফেলা হল, যেন ফেরত নিয়ে যেতে না পারে, অন্তত পশ্চিমবাংলার একটা জায়গায় থাক। এই সিমেন্ট নিয়ে এসে আমরা যেমন করেই হোক পশ্চিমবাংলার ভিতর বিতরণের ব্যবস্থা করব। এই পরিপ্রেক্ষিতে ইমার্জেন্সী মেজার হিসাবে কলাইকুন্ডাকে আমরা ঠিক করেছি। এই রকম নানা ইমার্জেন্সী মেজার আমাদের নিতে হয়েছে। ওখানকার সিমেন্ট সম্পর্কে যখন কেউ অভিযোগ করছেন তখন আমি নিশ্চয় খোঁজ করব, পাথর হয়ে যাওয়া উচিত নয়। কিন্তু সেখানে কোনও সারপ্লাস সিমেন্ট নেই, এটাই হচ্ছে লেটেস্ট রিপোর্ট। থাকলে মেদিনীপুর থেকে যে বাগ মশাই এসেছেন তিনি নিয়ে গিয়ে সেখানে সিমেন্ট বিলি করতেন না? ওঁর জেলার অবস্থা কি জানেন? ওখানে ১৫০ টি ডিলার ছিল, ওঁরা মিলে মিশে ৪০০/৪৫০ জনকে ডিলারশিপের জন্য রেকমেন্ড করেছেন। তাদের ডিলারশিপ দেওয়াও হয়েছে। কিন্তু তাদের মধ্যে শতকরা ৫৬ জন ডিলারশিপ নেন

নি, কাজ করেন নি। বাগ মশাইদের সুবিধা করার জন্য অনেক অনেক বাগ মেদিনীপুরে ঘুরে বেড়াচ্ছেন। এতে তাদের অনেক সুবিধা হচ্ছে এই ডিলারশিপ নেওয়া সত্ত্বেও কাজ না করা। কথা যেগুলি হয়েছে সেটা এই বিধানসভায় নথিভুক্ত আছে এবং রেকর্ড নিয়ে প্রত্যেকটি শব্দের জবাব দেবার মতো রীতি আমাদের আছে এবং আমরা পারব। কিন্তু সময় যখন সংক্ষিপ্ত বলছেন তখন আমি আর একটি দুটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। অযৌক্তিক কথার তর্কের মধ্যে না গিয়ে আমি গুটি কয়েক প্রধান কথায় যাব। কেন্দ্রে রেল এবং ফাইন্যান্স বাজেট রাখা হয়েছে। এই বাজেট কেবল শুধু আমাদের পশ্চিমবাংলার পক্ষে নয়, সমগ্র দেশের গরিব মানুষের উপর একটা চরম আঘাত এবং এর জন্য জনসাধারণের ভাড়া কত বাড়ল, দূরের যাত্রীদের কত ভাড়া বাড়ল সেটা থাক—শুধু শহরে যারা কাজ করতে আসেন ডেলি প্যাসেঞ্জারি করে তাদের উপর একটা চরম আঘাত পড়েছে। কিন্তু আরও বড় আঘাত আছে, সেটা হচ্ছে সমস্ত মাল পরিবহনের জন্য মাসুলও বেড়েছে। দেশে যা তৈরি হয় সেখানকার লোকেরাই শুধু খায় না বা সেখানে ব্যবহার করে সেখানেই এই বস্তুটিকে তৈরি হয় না। বম্বে থেকে কাপড় এখানে আসবে, এখান থেকে লৌহ অন্য জায়গায় যাবে। এইভাবে হাজার হাজার টন মাল যাতায়াত করবে, সেখানেও পরিবহন খরচ বেশ হচ্ছে, বিতরণের খরচ অন্যতম প্রধান অংশ। মাদ্রাজে ৫ পয়সায় নুন পাওয়া যায় এবং এর ইকনমিক কস্ট হচ্ছে কলকাতা শহরে ৩২ পয়সা। ভেবে দেখুন কি অবস্থা—এর সমস্তটাই হচ্ছে পরিবহন খরচ এবং এই পরিবহন খরচ রেল বাড়ানোর ফলেই সমস্ত দেশের সমস্ত বস্তুর উপর আক্রমণ।

দ্বিতীয়ত, যেটা চাষীর উপর পড়বে, শ্রমিকের উপর পড়বে এবং অন্যান্য সকল শ্রেণীর উপর পড়বে সেটা হচ্ছে, সকল জিনিসের মূল্য বৃদ্ধি করার সহজ রাস্তা তৈরি করা হল। বাজেটে আরও দুটি বস্তু আছে, একটা হচ্ছে, সাবসিডির উপর অ্যাটাক—সাবসিডি দেওয়া চলবে না, ভান্ডার ছোট কর এই সর্বনাশা কাজ তারা করছেন। আজ থেকে ১০ বছর পূর্বে একদা আমাকে ওদের কাছে যেতে হয়েছিল যে চালের জন্য ৫০০ কোটি টাকার সাবসিডি দিন যাতে চাল এবং গমের উৎপাদন যে অসমতা আছে সেটা দূর হয়ে যায়। আমাদের দেশের শতকরা ৭০ জন লোক চাল খায় এবং ৩০ জন গম খায়, তখন তাই ছিল। আমাদের সমস্ত কৃষি উৎপাদনের ৬০ ভাগ ছিল শস্য এবং সেই শস্যের মাত্র ৮ ভাগ ছিল গম। এই পরিস্থিতিতে তখন গম পেত সমস্ত ভরতুকিটা, চালে দেওয়া হত না, অতএব ততদিন ধরে চালের উৎপাদন বাড়েনি। সারা ভারতবর্ষে সমস্ত জায়গায় চালের মিলও তৈরি হয়নি, গো-ডাউনও তৈরি হয় নি। এতদিন ধরে এই ইতিহাস আমরা বয়ে চলেছি। সেদিন তো দেন নি আবার এখন ভরতুকি কমাচ্ছেন। তা যদি কমে তাহলে হয় সংগ্রহশালা কমাতে হবে—চালের বটে, গমেরও বটে, ডালেরও বটে অন্যথায় যদি সংগ্রহমূল্য বাড়াতে হবে। প্রত্যেককে চাল, গম বা ডাল বা যে কোনও জিনিসের জন্য বেশি দাম দিতে হবে, আপনি যদি সাবসিডি কমান তাহলে এ ছাড়া আর উপায় নেই। বলেছেন, রপ্তানি করবেন। উদ্বৃত্ত

এই কথাটা অনেক অর্থে, অনেকভাবে অনেকে ব্যবহার করে থাকেন। আমাদের মস্তবড় ভান্ডার হয়েছে, এই ভান্ডার কিসের? এটা হচ্ছে আমাদের দেশের যে শতকরা ৭০ জন লোক দারিদ্র সীমার নিচে তারা যদি দুবেলা খায় তাহলে এক দানাও ভান্ডারে থাকবে না। ভান্ডার হচ্ছে বুভুক্ষার ভান্ডার, সুতরাং এই ভান্ডার নিয়ে গর্ব করার কিছু নেই। আর এই নিয়ে রপ্তানি করতে যাওয়াটা হবে সর্বনাশের পথে যাওয়া। ১৯৭৬ সালেই ১০ মিলিয়ান টনস খাদ্য আমদানি করতে হয়েছিল। সেখানে ৭ শো কোটি টাকা বৈদেশিক মুদ্রা খরচ করে তা করতে হয়েছিল। কে বলতে পারে প্রকৃতির দাপটের মধ্যে আমরা পড়ব না? কে বলতে পারে কৃষি কার্যে হেরফের হবে না? প্রতি ৫ বছর অন্তর এর হেরফের হয়। কাজেই আজকে এরা সাবসিডির উপর যে আক্রমণ করলেন—এখানে হয়ত সংগ্রহমূল্য তারা বাড়াবেন কিন্তু তার ফলে সাবসিডি কমালে, সারা দেশে যত লোক বিক্রি করে তার চেয়ে ঢের বেশি লোক কিনে খায়, সমস্ত লোককে বেশি দামে কিনে খেতে হবে। তারপর তথাকথিত বিজ্ঞজনদের একটি কথা হচ্ছে, ভান্ডারের পরিমাণ কমিয়ে দাও। এটা সম্পূর্ণ অবিবেচকের মতো কাজ হবে, এটা বিপদজনক হয়ে দাঁড়াবে। আর একটা কথা বলেই আমি শেষ করব, কৃষকদের কিছু কিছু সুবিধা দেওয়া হয়েছে বলা হয়েছে—লাইট ডিজেল, কেমিক্যাল ফার্টিলাইজার ইত্যাদির ব্যাপারে। কিন্তু যেটা দিলেন সেটা তো অন্য দিক দিয়ে তুলে নিলেন। প্রথমত পরিবহনের উপর। মধু দন্ডবতে মহাশয় রেল বাজেটে চাপিয়েছেন অন্য দিকে এখানে চাপালেন মোটর স্পিরিট ইত্যাদির ব্যাপারে। মোটর স্পিরিট নাকি বিলাসিতার অঙ্গ। সেইজন্য লিখেছি, বর্ধমানের মোড়ে এসে দাঁড়ান বা খড়গপুরের মোড়ে এসে দাঁড়ান দেখবেন কত হাজার ট্রাক কত হাজার হাজার টন মাল নিয়ে এই পশ্চিমবঙ্গ থেকে ত্রিবান্দমে যাচ্ছে অথবা এক প্রান্ত থেকে আর এক প্রান্তে যাচ্ছে। সেখানে দু' হাজার তিন হাজার মাইল এক একটি ট্রাক যাচ্ছে। এই মোটর ট্রাক আজকে আর বিলাসিতার বস্তু নয়। ডিজেল, যেটা এই ট্রাকে ব্যবহৃত হয় সেটা বিলাসের বস্তু নয়, পেট্রোল বিলাসের বস্তু নয়। কৃষকদেরও তো পরিবহন লাগে। কৃষক যে ধান আসে সেও তিন চাকার গাড়ি করে সেটা আনলে তার সুবিধা হয়, ট্রাকে করে আনলে তার সুবিধা হয়। সেখানে তার ফসল মান্ডি থেকে রেল স্টেশনে আনতেও তার ট্রাক লাগে। সে যে কাপড় কিনবে, অন্যান্য জিনিসপত্র কিনবে তারজন্যও ট্রাক লাগবে, এছাড়া কোনও উপায় নেই। তাকে তো শিল্পজাত পণ্যবস্তু কিনতে হবে, বাসে চেপে হাসপাতালে যেতে হবে, প্রত্যেকটি বস্তুর দাম বাড়তে পারে। অন্য কথা বললাম না, তার তো একটা সিগারেট কিনতে হলে দেশলাই কিনতে হবে।

[6-30—6-40 P.M.]

আমার সময় নেই, তবে আমি এই কথা বলতে চাই যে প্রত্যেকটি ক্ষেত্রে আমরা যে কথা বলেছি সেটা আমাদের একদম উচিত কথা এবং দেশের লোক যাঁদের সহযোগিতা আছে এবং যাঁদের একটু অগ্রপশ্চাত জ্ঞান আছে, তাঁরা জানবেন যে আমরা যে দাবি করেছি তা সম্পূর্ণ অক্ষরে অক্ষরে সত্য। আপনাদের মধ্যে যাঁরা কমপ্লেন করেছেন, তাঁরা কেন্দ্রীয় খাদ্য

মন্ত্রীকে জিজ্ঞাসা, ভারতবর্ষে কোনও রাজ্যে গত দেড় বছর আমাদের এখানে খাদ্য শস্যের মূল্যমান যেভাবে.স্থিতিশীল ছিল, আর কোন রাজ্যে ছিল না। কাজেই আমরা যে পথে চলেছি সেটাই সঠিক পথ। আমরা আমাদের পথে চলেছি, আমাদের সংহতির পথে এবং তাঁরা যদি তাতে হাত মেলান তাহলে আমরা আরও অনেক দূর অগ্রসর হতে পারব এবং আরও অনেকে বিভিন্ন দিক থেকে কর্মপন্থার কথা বলেছেন, সেই সব কর্মপন্থার আমরা গ্রহণ করতে পারব এবং আগামী দিনে এটা সফল করতে পারব। এই কথা বলে আমি সমস্ত কাট মোশন-এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** আমি এখন প্রথমে ছাঁটাই প্রস্তাবগুলি ও তারপর মূল ব্যয়বরাদ্দের দাবি দুটি ভোটে দিচ্ছি।

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced to Rs.1/- was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Suniti Chattaraj that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri A.K.M. Hassan Uzzaman that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Balailal Das Mahapatra that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Prabodh Purkait that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Sudhin Kumar that a sum of Rs.22,55,90,000/- be granted for expenditure under Demand No. 54, Major Heads : "309—Capital Outlay on Food and 709—loans for Food" was then put and agreed to.

The motion of Shri Sudhin Kumar that a sum of Rs.33,00,000/- be granted for expenditure under Demand No. 43, Major Heads : "288—Social Security and Welfare (Civil Supplies) was then put and agreed to.

**Demand No. 4**

**Major Head: 214 Administration of Justice**

**Shri Hashim Abdul Halim :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs.5,14,20,000/- be granted for expenditure under Demand No.4-Major Head-214-Administration of Justice.

2. At the outset I would like to point out that under existing system of Administration of Justice and the financial resources available to our Government nothing very much can be done to solve the large number of problems relating to the judicial system in our country. But our Government has taken some steps to alleviate some of the problems, such as, we established new courts, constructed new court buildings, extended the jurisdiction of certain courts both original and appellate so that cases may be disposed of quickly.

The Legislative measures undertaken by the Judicial Department are as follows :—

(i) Under sub-section (2) of section 15 of the Provincial Small Cause Courts Act, 1887, all suits of a civil nature of which the value did not exceed Rs.2,500/- would, subject to the provisions of sub-section (1) and to the provisions of any enactment for the time being in force, be cognizable by a Court of Small Causes.

Under sub-section (3) of section 15 of the said Act, the State Government might, by order in writing, direct that all suits of a civil nature of which the value did not exceed Rs.5,000 would, subject, as aforesaid, be cognizable by a Court of Small Causes mentioned in the order.

In the last session of the Assembly, the House passed an amendment to the provincial Small Cause Courts Act, 1887, raising the pecuniary jurisdiction of the Courts Small Causes as laid down in sub-section (2) and (3) of section 15 thereof to (i) Rs.5,000 and (ii) Rs.7,500 respectively. Such enhancement would meet the growing demand of the litigant public for cheap and expeditions justice.

(ii) In conformity with the provision of the aforesaid amendment to the provincial Small Cause Courts Act, 1887, the House in its last session also passed an amendment to the Bengal Agra and Assam Civil Courts Act, 1887, raising the small cause court powers of subordinate Judge and Munsifs as follows :—

| | | |
|---|---|---|
| (iii) Number of cases pending in session Courts as on 31.3.78 | ... | 3,067 |
| (iv) Number of cases pending in Magisterial courts as on 31.3.78 | .... | 7,40,862 |
| (v) Number of cases pending in the High Court, Calcutta as on 30.6.78 | .... | 69,380 |

4. It would appear that not only subordinate courts but even the High Court is not immune from the malady of arrears. The problem is indeed very complex and not amenable to an easy solution. Causes of delay would include population explosion the consequent increase in the number of disputes, increase in legislation, Rules, bye-rules, etc. provisions for appeals, inadequacy of staff and judges, lengthy procedure, delay in investigation of cases etc. are also some of the causes which result in delay in the administration of justice. Last but not the least, the judicial Department was all along neglected by the erstwhile Government and scant attention was paid in the past for meeting the situation.

5. Superintendence over courts vests in the High court and Government cannot issue any directive for speedy disposal of cases to the judges and magistrates. It is for the High Court to take effective steps in this regard. The Government is, however, required to sanction additional courts on the recommendation of the High Court for liquidating the arrears. In fact, the following temporary courts have been sanctioned by Government on the recommendation of the High Court :—

(i) Additional District & Sessions Judges .... 31

(ii) Subordinate Judges .. .. .. .... 4

(iii) Munsifs ... .. .. ... 20

(iv) Judicial Magistrates ... .. .. 11

6. But much more is yet left to be done. On a rough estimate 80 more Sessions Courts and 230 magisterial courts are immediately required to be created for liquidation of arrears accumulated at sessions and other criminal courts. This Government strongly feels that such additional courts should be created at once. But the difficulties are two-

fold, viz., paucity of funds required for the establishment of so many new courts and dearth of accommodation for the new courts and the residences of the presiding offices.

7. The resources of the state Government are limited and it cannot undertake construction of new buildings to accommodate all the required number of new courts. The Government of India was accordingly moved by this Government for early sanction of funds to the extent of Rupees Twelve Crores to enable this Government to establish the required number of additional courts. The Government of India, on the recommendation of the 7th Finance Commission, accepted the proposal of the Government partly.

8. The construction of the High Court Annexe Building, which was one of the schemes undertaken by this department, has been completed. Many of the offices of the High Court in the Main Building have been shifted to the High Court Annexe Building. Some minor works, i.e., installation of wooden dias, etc., which were pending last year, have been completed. It can provide accommodation of Courtrooms and chambers for eight High Court Judges. But uptil now the High Court has not intimated us any proposal for setting up new Courts in the High Court Annexe Building. Besides this, there are two important schemes, viz., acqisition of "Sailabash" at Kalimpong in the district of Darjeeling and "Nawab Bari" at Jalpaiguri for accommodation of Civil and Criminal Courts. The acquisition proceedings in respect of both the buildings were completed. The possession of the said two buildings has also been taken over by the local officers.

9. A new Court Building for Judicial Magistrates has already been constructed at Basirhat. A record-room for the Judgeship of Howrah is under construction and is expected to be completed soon.

10. Shortage of Judicial Officers is another problem. Even out of the sanctioned strength, the following number of courts are at present lying vacant :—

| | | | |
|---|---|---|---|
| (i) | Munsif ... | ... | 9 |
| (ii) | Judicial Magistrate | ... | 12 |
| (iii) | Subordinate Judge | ... | 2 |

| | | | |
|---|---|---|---|
| (iv) | Subdivisional Judicial Magistrate | ... | 5 |
| (v) | Munsif-Registrar | ... | 13 |
| (vi) | Munsif-cum-Judicial Magistrate | ... | 25 |
| | Total | ... | 66 |

The High Court has recommended 31 candidates from the Bar (7 against vacancies of 1977 and 24 against vacancies of 1978) for appointment as Munsifs. Unfortunately, however, the appointment of these 31 candidates is being held up because the High Court is not sending to Government their original applications for necessary verification for technical reasons. The public Service Commission, West Bengal, is yet to send its recommendation for the appointment of 25 candidates as Munsifs against the vacancies of 1978. One candidate recommended by the P.S.C. for appointment as Munsif against a vacancy of 1977 is likely to be appoinment soon after completion of necessary preliminaries. It is hoped that with the appointment of all these candidates it will be possible to fill up most of the vacant courts.

11. Corruption in courts and its offices is an open secret. But the Government is rather helpless in the matter. Under the existing procedure the Government has no jurisdiction either to exercise vigilance over the courts officers and staff or to deal with delinquent officers and staff in court. It is in the domain of the High Court to take steps in this regard.

12. In pursuance of the electoral pledges of the Left Front and of the programme of the Left Front Government, 148 (One hundred and fortyeight) prisoners, who had been convicted and sentenced for committing offences of political nature, were released till the end of January, 1979, in terms of Resolutions passed and issued from the Judicial Department. Some political prisoners were acquitted on appeal and the cases of a few others will be considered for release on receipt of required particulars.

13. Besides, 145 non-political prisoners were also released by the Government during the year 1978 on compassionate ground.

14. The total number of withdrawal from prosecutions of political nature where instructions for such withdrawals were issued by the Legal

Remembrancer upto 31.12.78 is 5,786. These are besides the orders issued by the Home Department.

15. Three Commissions of Inquiry viz., (a) "Sarma Sarkar Commission" (b) "Basu Commission" and (c) "Chakraborty Commission" were set up under the Chairmanship of Shri J. Sarma Sarkar, retired Judge of the Calcuttta High Court, Shri Ajay Kumar Basu, retired Judge of the Calcutta High Court and Shri Haratosh Chakraborty, a Member of the West Bengal Higher Judicial service, respectively, to enquire into allegations of (a) persistent misuse of authority of power, (b) various malpractices and corruption and (c) killing of numerous persons in this State for political motives etc. The period relating to all the above allegations covers from 20th March, 1970 to 31st May, 1975, Chairman of all the Inquiry Commissions mentioned above have started functioning. The term of each of the three Commissions has been extended upto 30.6.79. The Sarma Sarkar Inquiry Commission has submitted report in respect of 8 (eight) cases and the same has already been placed before the Assembly. A further batch of 15 (fifteen) cases has been disposed of by the said Commission.

16. A 'Lawyers Cell' has been constituted in connection with the work of the aforesaid three Commissions of Inquiry for representing State before those Commisssions.

17. I may mention that provision has been made in the next year's Budget for sanctioning grants to the Bar Associations of all the Districts and Subdivisional Courts for the purchase of lawbooks. It is our experience that junior Lawyers often find it difficult to purchase law books required for practising before the courts. They can very well avail themselves of the opportunity of using the books of Bar Association Libraries if such Libraries are well equipped. We are introducing this scheme for the first time in West Bengal.

18. Last year I promised that a comprehensive scheme for legal aid would be framed to meet the requirement of really needy persons. I am glad to announce that such a new scheme is being prepared by Government and a sum of Rs.50 lakhs has been provided in the next year's budget for giving effect to it. We are going to introduce this scheme for the first time in West Bengal, probably in India. The scheme will provide that legal aid will be given to any person whose income

does not exceed Rs 200/- per month but there will be no means test for labourers and persons belonging to Scheduled Castes and Scheduled Tribes. In matrimonial suits also legal aid will be given to ladies whose income does not exceed Rs.200/ per month and whose parents and brothers have no means to assist them. Lastly under the new scheme legal aid includes legal advice also

19. With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**Demand No. 8**

**Major Head : 230—Stamps and Registration**

**Shri Hashim Abdul Halim :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 2,93,20,000/- be granted for expenditure under Demand No.8-Major Head "230-Stamps and Registration."

2. Out of the sum of Rs.2,93,20,000/-, the break-up figures of expenditure on "Stamps and Registration" are as follows :—

| | | | |
|---|---|---|---|
| (a) | Stamps—Judicial | .. Rs. | 9,04,000/- |
| (b) | Stamps—Non-Judicial | .... Rs. | 56,02,000/- |
| (c) | Registration | .... Rs. | 2,28,14,000/- |
| | Total | ... Rs. | 2,93,20,000/- |

3. The final demand for grant under "Stamps" for Rs.65,06,000/- represents the cost of collection of stamp duty and expenses on sale of stamps. The amount of duty estimated to be collected during the year under review is Rs.22,02,50,000/-

4. I submit below a resume and survey of the working of Registration Directorate. There are at present 212 Registration Offices including 17 Sadar Offices in the State. The amount of receipts for the year 1978-79 is about Rs.3,15,75,000/- against the total figure of Rs.2,58,51,310/- during the previous year, 1977-78. (Against the expenditure of about Rs.2,34,85,500/- during the year 1978-79 the actual expenditure during 1977-78 was Rs.1,92,68,775/-.

5. Of the 212 Registration Offices in the State, 40 Offices are housed in Government building borne on the books of the public works Department. Rest are accommodated in rented houses. The provision of Government Buildings for all offices and Quarters for all the Sub-Registrars will stop the necessity of incurring recurring expenditure and whenever necessary finance is available, steps will be taken in this direction.

6. Since 1.4.52 Sub-Registrars are recruited on the result of the West Bengal Civil Service Examination Conducted by the Public Service Commission. Of the 212 Registration Offices, 41 are now being run on a temporary basis.

7. 1262 Extra Muharrirs have been regularised by the Government and the proposed for regularisation of the rest is being considered.

8. The Government also proposes to introduce shortly a new system which will dispense with the necessity of copying of the registered deeds. This will go a long way to remove difficulties in the way of quick delivery of the registered documents to the parties concerned. Necessary legislation in this regard has already been enacted. It will also economize the cost of administration.

9. The Inspector General of Registration acts as the State Vigilance Officer for the Registration Directorate and the District Registrars for their respective districts.

10. There is a shortage of about 60 sub-registrars in the State as a result of which many registration offices could not be manned by whole time officers. Measures for overcoming the situation are being taken by Government.

11. The Department has been running satisfactorily.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**অধ্যক্ষ মহাশয় ঃ** যে কাট মোশনগুলি এই প্রস্তাবের উপর আছে সেগুলি নিয়মানুগ। এখন যাঁরা আলোচনায় অংশ গ্রহণ করতে চান তাঁরা আলোচনায় অংশ গ্রহণ করবেন।

**Demand No. 4**

**Shri Suniti Chattaraj** : That the amount of the Demand be reduced to Re.1/-.

**Shri Suniti Chattaraj** : That the amount of the Demand be reduced by Rs.100/-.

**Shri A.K.M. Hassan Uzzaman** : Do.

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলার আইনমন্ত্রী শ্রী হাসিম আব্দুল হালিম যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি।

পশ্চিমবাংলায় এপর্যন্ত প্রায় ২০০০-এর উপরে মামলা তুলে নেওয়া হয়েছে। যারা শাস্তি পেয়েছিল তাদের পর্যন্ত ছেড়ে দেওয়া হয়েছে। বিচারাধীন বন্দিদের ছেড়ে দিলে তবু কথা ছিল, বিচারে যাদের শাস্তি হয়েছে তাদের পর্যন্ত ছেড়ে দেওয়া হয়েছে এবং এর যে সংখ্যা সেটা একটা ভয়াবহ সংখ্যা। এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি এমন সমস্ত লোকদের ছাড়া হয়েছে যাদের বিরুদ্ধে নর-হত্যার অভিযোগ, খুন জখমের অভিযোগ ছিল, অগ্নি সংযোগের অভিযোগ ছিল, এমন কি নারী ধর্ষণের অভিযোগ পর্যন্ত ছিল। এগুলি কেন করা হয়েছে, কোনও রাজনৈতিক কারণে করা হয়েছে আমরা তা বুঝতে পারি না? তারপর যাদের সত্যিকারের জেলে থাকা উচিত ছিল পয়সা আছে চোরাকারবার করে এবং তাদের মধ্যে যারা শাস্তি পেয়েছিল তাদেরও এই সুযোগে সরকার ছেড়ে দিয়েছেন। সুতরাং একটা বিশেষ কোনও উদ্দেশ্য না থাকলে এই জিনিস করা যায় না। আর এই কাজের ফলশ্রুতি হিসাবে পশ্চিমবাংলায় আমরা কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার যথেষ্ট অবনতি ঘটেছে, চুরি ডাকাতি বেড়ে গেছে, সমাজ-বিরোধী কার্যকলাপ বেড়ে গেছে এবং এই সমাজ বিরোধীরা কোথাও কোথাও পার্টির নামে মাস্তানি করে বেড়াচ্ছে এবং এই জন্যই বোধ হয় আইন মন্ত্রী মহাশয় তাদের বিরুদ্ধে অভিযোগ তুলে নিয়েছেন। পশ্চিমবাংলায় যে ডি.এল.আর ব্যবস্থা ছিল তা তুলে নেওয়া হয়েছে এবং তিনি আড়াই হাজারের মতন মাইনা পাবেন সেই জায়গায় এই রকম একজন পাবলিক প্রসিকিউটর হাইকোর্টে রেখেছেন। সেই পাবলিক প্রসিকিউটর যিনি হয়েছেন তার সম্বন্ধে আমার বলার কিছু নেই। কিন্তু এই কনসালটেশন ফি, রিটেনার ফি প্রভৃতি নানা রকম ফি নিয়ে মোটের উপর তার পিছনে যে টাকা খরচ হয় সেটা ২৫০০ টাকার অনেক বেশি। জানি না আইন মন্ত্রী মহাশয় তথ্য দিয়ে পাবলিক প্রসিকিউটরের জন্য এ পর্যন্ত কত টাকা খরচ করেছেন—সেটা ২৫০০ টাকার চেয়ে বেশি কিনা তা বলতে পারবেন। আইন মন্ত্রীর আমলে আর একটি জিনিস দেখেছি সেটা হচ্ছে লিটিগেশন সম্বন্ধে। এই লিটিগেশন কেসে গভর্নমেন্টের অনেক টাকা এক্সপেনসেস বেড়ে গেছে। আগে আগে গভর্নমেন্টের কোনও কেস রিপ্রেজেন্ট করার জন্য দুই-এক জন লোক নিয়োগ করা হত। এখন কখনও কখনও দেখেছি অ্যাডভোকেট জেনারেল থেকে শুরু করে কেস প্লিড করার

জন্য আরও অনেকে থাকেন—জানি না কম সংখ্যক নিয়োগ করলে কত ক্ষতি হত? তবে লিটিগেশন এক্সপেনসেস সম্বন্ধে আইন মন্ত্রী মহাশয় যদি তথ্য রাখেন তাহলে আমার কথার সত্যাসত্য যাচাই করা যাবে। আমার কথা ভুল প্রমাণ করতে যদি পারেন তাহলে আমি মেনে নেব। সুপ্রীম কোর্ট কেস উইথড্রয়ালের ব্যাপারে পরিষ্কার বলেছেন যে, কোনও কেস বিচার-বিবেচনা কোনও রাজ্যের পাবলিক প্রসিকিউটর করে দেবেন। গভর্নমেন্টের মতামত হতে পারে না। কেস উইথড্রয়ালের ব্যাপারে পাবলিক প্রসিকিউটর যদি ফিল করেন তাহলে তিনি ব্যবস্থা নিতে পারেন। কিন্তু এখানে গভর্নমেন্ট আগে অর্ডার দিয়ে দিচ্ছেন। পাবলিক প্রসিকিউটর গভর্নমেন্টের অর্ডার অনুযায়ী কেস তুলে নেওয়ার ব্যবস্থা করছেন। এদিকে কোর্টে কেসের পর কেস জমে আছে। আপনারা স্বীকার করেছেন অনেক কেস জমে আছে। এইগুলি ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন তা আপনার বাজেট বক্তৃতার মধ্যে কিছুই নেই। হাইকোর্টের অরিজিনাল সাইড, কলকাতা ছাড়া একমাত্র বোম্বেতে আছে, আর কোথাও নাই। হাইকোর্ট যদি পিওরলি কোর্ট অফ অ্যাপিল হত তাহলে হাইকোর্টে এত কেস অ্যাকুমুলেটেড হত না। কলকাতা হাইকোর্টের জুরি ডিকশন অধীন লোক, আলিপুর বা সিটি সিভিল কোর্টে যেতে পারলে তাঁদের আর্থিক সুবিধা হত। বর্তমান ব্যবস্থায় অনেকে কিন্তু এই জন্য কোর্টে যেতে পারবে না। এই জিনিসগুলি যদি বিভিন্ন আয়ের লোকের সুবিধার্থে ব্যবস্থা করতেন তাহলে ভাল হত। অন্যত্র নেওয়ার ব্যাপারে নিশ্চয়ই ব্যবস্থা করতে পারতেন। কিন্তু সেগুলি পারছেন না। আর অন্য দিকে স্ট্যাম্প রেজিস্ট্রেশনে যা ব্যবস্থা করেছেন সেখানে আমরা দেখেছি দাম বেড়েছে। এদিকে রেজিস্ট্রেশন অফিসে একটা জমি বিক্রয় করার পর সেই জমির কবে রেকর্ড হবে এবং তার দলিল কবে পাবে তা কেউ জানে না। এখন সারা পশ্চিমবাংলায় অপারেশন বর্গা হচ্ছে। এখন আপনাদের আসার আগে যে জমি বিক্রয় হয়ে গেছে এখন অপারেশন বর্গার কাজ চলেছে কিন্তু ঐ জমির মালিক তার হাতে রেকর্ড নেই। জে.এল.আর.ওকে কোনও রেকর্ড দেখাতে পারবে না সুতরাং তার জমি হাত ছাড়া হয়ে যাবে। এই হচ্ছে অবস্থা। সুতরাং অপারেশন বর্গার নামে যে জিনিস চলেছে সেটা আইনের দিক থেকে কতখানি গ্রাহ্য হবে তা দয়া করে দেখবেন। এই অপারেশন বর্গার নামে দলবাজির ব্যবস্থা আপনারা সৃষ্টি করে দিয়েছেন। সুতরাং এই যদি চলতে থাকে তাহলে একে আমরা নিশ্চয়ই সমর্থন করতে পারি না। তাই আমি আইন মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7-00 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হালিম সাহেব বিচার মন্ত্রী যে বক্তব্য রাখলেন তার মধ্যে দেখা গেল একটা হতাশার ভাব যে তাঁর কিছু বলার নেই হাইকোর্ট সমস্ত করবে কন্ট্রোলটা হাইকোর্টের ওপরে। তিনি শুধু টাকা দেবার মালিক, আরেকটা হিসেব দিয়েছেন কোথায় কত খালি আছে। এই মন্ত্রী হবার পর রাজ্যের আইন শৃঙ্খলার অবনতি যতটা হয়েছে তার বেশি হয়েছে বিচার বিভাগের। কারণ ইতিপূর্বে শোনা যায়নি কোনওদিন

যে রেপকেস পলিটিক্যাল কেস বলে উইথড্র হয়ে গেল, এবং তার জন্য কোর্টে দরখাস্ত হল। ইতিপূর্বে এটাও শোনা যায়নি যে একটা কেস উইথড্র করার জন্য জজসাহেবকে প্রেয়ার করবার পর যদি রিফিউজ হয় তাহলে তাঁকে পরিবর্তন করে অন্য আরেকজনকে দেওয়া হল। ইতিপূর্বে এটাও শোনা যায়নি, যে ২৪ পরগনার পি.পি. অ্যাপয়েন্ট করা হল যাতে কোর্ট থেকে বলল ইললিগ্যাল অ্যাপয়েন্টমেন্ট। মালদায় যে পি.পি. অ্যাপয়েন্ট করা হল সেখানেও কোর্ট থেকে বলল ইললিগ্যাল এবং হাইকোর্ট সেটা কনফার্ম করল। এইভাবে তিনি আইনমন্ত্রী হবার পর কত যে ভুল করেছেন তা বলা যায় না। প্যানেল অফ পি.পি. করতে গেলে সেকশন ২৪ অফ সি.আর.পি.সি. ১, ২, ৩ মেনটেন করতে হয় কিন্তু ২৪ মেনটেন করা হয়নি বলে বে-আইনি হয়েছে। অথচ তিনি একজন দক্ষ আইনজ্ঞ, কিছুদিন আগে মহেশতলায় একটা খুন হল তার বোন রক্তাক্ত ছোরা নিয়ে গিয়ে থানায় হাজির হয়, ম্যাজিস্ট্রেট ৪৩৭ ক্লজ ওয়ান মার্ডার কেসে বেল দিলেন, যেটা আইনত দেবার ক্ষমতা নেই। সেখানে সি.পি.এমের লোক গিয়ে সেই ম্যাজিস্ট্রেট কে ইনফ্লুয়েন্স করে যাতে সে বেল না দিতে পারেন এর ফলে তিনি ১০ দিন কোর্টে যেতে পারেন নি।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, কোনও মামলা যদি বিচারাধীন থাকে তাহলে, it cannot be discussed in this house, according to rules of the House.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এটা সাবজুডিস ম্যাটার, আলোচনা করা যায় না আমি জানি কিন্তু আমি শুধু মেনশন করতে পারি, ডিসকাশ করতে পারি না। I am placing the real facts of the case—the unfortunate fate of the case.

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** রুলসে বাঁধা আছে।

**শ্রী সমর রুদ্র ঃ** বিচারপতিদের সম্পর্কে যেসব কথা বলেছেন তাতে কনটেম্পট অফ কোর্ট হয়ে যাচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বিধানসভায় বললে সেটা কনটেম্পট অফ কোর্ট হয় না। এইভাবেই দেখা যাচ্ছে একটা কেসে ২/৩ জন করে পি.পি. অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে। আইনঅনুযায়ী একজন পি.পি. অ্যাপয়েন্টেড হয়, কিন্তু দেখা গেল একজন পি.পি. আছেন, আরেকজন স্পেশাল পি.পি. এসে কেস নিলেন। অর্থাৎ একটা কেস যেভাবেই হোক উইথড্র করতে হবে। তারজন্য স্পেশাল পি.পি. হাইকোর্ট থেকে অ্যাপয়েন্টমেন্ট হয়ে যাওয়া হচ্ছে কারণ যেহেতু সেই কেসটা উইথড্র করতে জজসাহেব রিফিউজ করছেন, অতএব এটা করতেই হবে।

৩ মাস হল একজন জজসাহেব তিনি কৃষ্ণকুমার শুক্লার একজন কর্মী মার্ডার হয়েছিলেন সেই কেস উইথড্র হয় নি বলে দেখা গেল আরেকজন জজসাহেব সেখানে গেলেন, আমরা বুঝতে পারছি না বিচার কোথায় গেছে? আমি জানি পলিটিক্যাল কেস বলে কোনও কেস

তোলা হচ্ছে সেই সমস্ত কেসগুলোতে যদি সি.পি.এমের লোক আসামী হয়ে থাকে তাহলে সেগুলি উইথড্র করা হচ্ছে, আইন মাফিক বিচার হওয়া দরকার কিন্তু তা হচ্ছে না। সেইজন্য বলছি আপনার ডিপার্টমেন্টে প্রয়োজন আর কি আছে? আপনি কেন টাকা চাইছেন? আপনি তো প্রায় রামরাজত্ব করে ফেলেছেন, সুতরাং যে কটা কেস আছে সেগুলি তুলতে হয়ত আর দুমাস লাগবে। অতএব ঐ কটা কেস তুলে নিয়ে এবং ঐ কয়েকজন লোককে অন্য কাজে লাগিয়ে দেন। তিনি সবই হাইকোর্টের দোহাই দিচ্ছেন কিন্তু আপনি জানেন হাইকোর্টের অ্যাডভোকেট জেনারেল থেকে আরম্ভ করে কারও কারও ঘরে প্রায় ৬/৮টা ফোন আসবাব পত্র ইত্যাদি সাজাবার জন্য যে ব্যয় করা হচ্ছে সেটা কি আপনি বন্ধ করতে পারেন না? চীফ মিনিস্টারের ঘর অত বেশি সাজানো নয়। স্ট্যান্ডিং কাউন্সিল, অ্যাডভোকেট জেনারেল, সিনিয়ার স্ট্যান্ডিং কাউন্সিল ইত্যাদির ঘরে ৭/৮ টা করে ফোন, যা চীফ মিনিস্টারের ঘরেও নেই, অথচ আপনি ব্যয় কমানোর জন্য বলেছেন। কিন্তু আপনারা এইভাবে টাকার অপব্যয় করেছেন, আপনি লিগ্যাল এডের কথা বলেছেন। কিন্তু আপনারা এইভাবে টাকার অপব্যয় করেছেন, আপনি লিগ্যাল এডের কথা বলেছেন, লিগ্যাল এড আগেও ছিল ভারতবর্ষে এটা নতুন নয়, ২৪-পরগনায় এটা ছিল, আপনি ২/১ জায়গায় বলেছেন লিগ্যাল ক্লিনিক করবেন, কিন্তু আপনি কি করেছেন? আপনার বাজেটে কোথাও লিগ্যাল ক্লিনিকের কথা নেই। লিগ্যাল এড ব্যাপারটা আমাদের সময় আমরা স্টার্ট করেছিলাম কিন্তু সেটা তখন থেকেই ধুঁকছে— —Till today the boy has not yet come out. লিগ্যাল এড সেল থেকে শিডিউল কাস্ট এবং ট্রাইব দরখাস্ত করলেই তারা লিগ্যাল এড পেতে পারে, আপনি বললেন ভারতবর্ষে এটা কোথাও নেই, কিন্তু আমি বলছি You are not really posted with the facts. This is unfortunate. আপনার অবগতির জন্য জানাচ্ছি যে শিডিউল কাস্ট আর শিডিউল ট্রাইবসদের জন্য লিগ্যাল এড সেল ভারতবর্ষে বহুদিন থেকেই ছিল এই লিগ্যাল এড সেল থেকে কটা লোককে রিলিফ দিতে পেরেছেন? সুতরাং আমি বলছি, বক্তৃতা দেবার কিছু নেই, আপনার বাস্তব দৃষ্টিভঙ্গির কিছু অভাব আছে। আপনি কোর্ট বাড়াতে চেয়েছেন কিন্তু যে কোর্টগুলি আছে সেগুলি কি কোর্ট? সেখানে জজসাহেবদের বসার জায়গা নেই, আপনি কোর্ট বাড়াবার নামে কিছু পি.পি. অ্যাপয়েন্ট করতে চাইছেন। আপনার পারপাস মহৎ, আপনার কয়েকটি কমিটেড ক্যাডারকে চাকরি দেওয়া হবে, এই কমিটেড ক্যাডারকে চাকরি দেবার জন্য কোর্ট বাড়ানোর ব্যবস্থা হয়েছে। স্পেশাল পাবলিক প্রসিকিউটার অ্যাপয়েন্ট করার ব্যবস্থা, বিভিন্ন ক্ষেত্রে ১ জন, ২ জন, ৩ জন করে পি.পি. অ্যাপয়েন্ট করার ব্যবস্থা করে প্রত্যেকটা ক্ষেত্রে দলবাজি করছেন। আপনি বিচক্ষণ লোক, আইনে দলবাজি করবেন না। আপনার যে বাজেট আপনাকে টাকা মঞ্জুর করার সাথে সাথে সেই টাকা অপব্যয় করা হবে, কিছু ক্যাডারকে ভাত দেওয়া হবে, এর বেশি আর কিছু হবে না। সুতরাং আপনাকে আমি সমর্থন করতে পারছি না।

[7-00—7-10 P.M.]

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই ব্যয় বরাদ্দের দাবি সম্পর্কে আমি সামান্য কয়েকটি কথা বলব। তিনি বিচার বিভাগের জন্য ব্যয়ের অনুমোদন চেয়েছেন, কিন্তু দেশে বিচার কি আছে? এখন যে অবস্থা চলছে তাতে মনে হয় "বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে"। আমাদের দু'জন মাননীয় সদস্য বলেছেন যে অনেক ডাকাতি, চুরি, রাহাজানি, ছিনতাই, রেপ কেসের আসামীকে রাজবন্দি হিসাবে মুক্ত করে দিয়েছেন। এখন বিচার বিভাগ ভাবছেন আমরা কি করব। আইন মন্ত্রী বলেছেন আপটু ৩১শে ডিসেম্বর, ১৯৭৮ রাজনৈতিক ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট ৫৭৬৮ টি মামলা তুলে নেওয়া হয়েছে। তিনি আরও একটা কথা বলেছেন যে তিনি ২০ হাজার মামলা তুলে নিয়েছেন। উনি যে বাজেট বক্তৃতা দিয়েছেন তাতে বলেছেন যে জেলা কোর্টে এত মামলা বিচারাধীন আছে, সোসন্স কোর্টে এত মামলা বিচারাধীন আছে, হাইকোর্টে এত মামলা বিচারাধীন আছে, অন্যান্য কোর্টে এত আছে, এই বলে একটা বিরাট ফিরিস্তি দিয়েছেন। এই ফিরিস্তি দেওয়ার কারণ তাহলে বিচার বিভাগের কাজ থাকবে না। আমি জিজ্ঞাসা করি এত চুরি ডাকাতি রাহাজানি বাড়ছে কেন সেটা কি ভেবে দেখেছেন? যারা চুরি ডাকাতি করে তারা দেখছে চুরি ডাকাতি খুন করলে কোনও সাজা হয় না, শুধু সি.পি.এমের সভ্য হয়ে গেলেই চলবে। তারপর যদি চুরি ডাকাতি করলে ধরে তাহলে সেই মামলা বেশি দিন চলতে দেবেন আর যদি বেশি দিন মামলা চলে তাহলে মন্ত্রী মহাশয় বলেছেন লিগ্যাল এড দেওয়া হবে যদি কোনও ক্যাডার বা দলের লোক অভিযুক্ত হয় তাহলে তাদের লিগ্যাল এড এর ব্যবস্থা হবে। আগেও লিগ্যাল এড দেওয়া হত, সুতরাং এটা নতুন কিছু নয়। তিনি ৫০ লক্ষ টাকা এই বাবদ খরচ করবেন বলেছেন এবং তারজন্য বলেছেন এটা একটা নতুন ব্যবস্থা করতে চেয়েছেন। এটা নতুন কিছু নয়। তিনি তাঁর বাজেট ভাষণের ৬ পৃষ্ঠায় বলেছেন মাসিক ২০০ কম আয়ের যারা লোক তাদের লিগ্যাল এড দেবেন। সেটা ভাল কথা, সেটা ঠিকই হয়েছে, কারণ তারা সত্যিকারে দুস্থ লোক। কিন্তু এই কথা বলে এখানে একটা প্যাঁচ রেখে দিলেন যে শ্রমিক এবং তফসিলি ভুক্ত জাতি ও উপজাতিরা আর্থিক সঙ্গতির মাপকাঠি ছাড়াই এই সাহায্য পাবার অধিকারী হবেন। তিনি বলেছেন শিডিউল্ড কাস্টস অ্যান্ড শিডিউল্ড ট্রাইবসরা তাদের যদি ৫০ হাজার টাকা মাসিক ইনকাম হয় তাহলেও তারা লিগ্যাল এড পাবেন। এই যে সুযোগটা রাখলেন এটা ঠিক করেননি। আর একটা কথা বললেন শ্রমিক—তারা শিল্প শ্রমিক, না কৃষি শ্রমিক সেটা উল্লেখ করলেন না। শ্রমিক যত টাকা আয়ের লোক হোক না কেন তিনি লিগ্যাল এড পাবেন। আপনারা বলেছেন চাকুরি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হবে। কিন্তু কংগ্রেস আমলে দেখেছি যাঁরা কষ্ট ভোগ করেছেন তাঁরা পেয়েছিলেন। তারপর এই যে বলেছেন থার্টি পারসেন্ট তার মধ্যে পলিটিক্যাল সাফারাররা কত পাবেন?

**মিঃ স্পিকার :** থার্টি পারসেন্ট ৫ লক্ষ লোক আছে এবং তার মধ্যে পলিটিক্যাল সাফারারার আছেন।

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** তারপর, শ্রমিক মানে তো আপনাদের ইউনিয়নভুক্ত যে সমস্ত শ্রমিকরা রয়েছে তারাই পাবে। মাননীয় সদস্যারা মনে করবেন না যে তাঁদের ইউনিয়নভুক্ত লোকেরা পাবে। আপনারা বঞ্চিত হবেনই। আর এস পি এবং ফরওয়ার্ড ব্লকের লোকেরা মনে করবেন না তাঁরা পাবেন। তারপর, দেখেছেন অনেক অযোগ্য লোক নিয়ে একটা কমিশন নিয়োগ করেছেন। এ সম্বন্ধে আলিপুর কোর্টের জজসাহেবও বলেছেন। নিজেদের দলের লোককে সুযোগ সুবিধা পাইয়ে দিতে হবে সেইজন্য এই সমস্ত অযোগ্য লোকদের নিয়েছেন। আর একটা কথা, ১৯৭৭ সালের ডিসেম্বর মাসে ৩টি কমিশন বসিয়েছেন এবং বলেছেন তাঁদের রিপোর্ট পেলে ব্যবস্থা অবলম্বন করা হবে। আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার কমিশন বসিয়েছেন এবং কংগ্রেস সরকারকে অপ্রিয় করবার জন্য চেষ্টা করছেন। আপনারা সরকারি টাকা খরচ করে এই সমস্ত কমিশন বসিয়ে মনে করছেন কংগ্রেসকে অপ্রিয় করবেন, মানুষকে বিভ্রান্ত করবেন। কিন্তু মনে রাখবেন এতে সুবিধা হবে না। কাজেই বলছি, যে টাকা খরচ করেছেন, আর টাকা খরচ করবেন না। কংগ্রেস সরকার অনেক ভাল কাজ করে গেছেন। আমি বলছি আপনারা যে কাজ করছেন তারজন্য একটা কমিশন যদি বসান তাহলে দেখবেন অনেক জিনিস বার হবে। আপনি এই যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন এটা ঠিকই রেখেছেন। আর একটা কথা বলছি, অনেক সাব-রেজিস্ট্রি অফিসে গিয়ে দেখেছি রেজিস্ট্রার নেই এবং তার ফলে সপ্তাহে মাত্র ২/৩টি করে দলিল রেজিস্ট্রি হয়। তারপর, সাব রেজিস্ট্রি অফিসের আর একটা খবর বোধ হয় আপনারা জানেন যে সেখানে দলিল রেজিস্ট্রি করতে গেলে টাকা দিতে হয়। আপনারা এগুলির প্রতি লক্ষ্য রাখবেন এবং এর প্রতিবিধান করবেন এই অনুরোধ জানাচ্ছি। সাব-রেজিস্ট্রি অফিসে আর এক ধরনের যে দুর্নীতি চলে সেটা আমি আপনাদের কাছে বলছি। ধরুন, একজন নিরক্ষর লোক জমি বিক্রি করছে কিন্তু সেক্ষেত্রে দেখা যায় ডিড রাইটার এবং অফিসের লোকেরা যোগাযোগ করে ওই যে লোকটি জমি বিক্রি করল সে হয়ত ২টি দাগের জমি বিক্রি করেছে কিন্তু যখন ডিড বেরিয়ে এল তখন দেখা গেল সেখানে লেখা আছে যে সে ৩/৪ দাগের জমি বিক্রি করেছে। কাজেই আমার অনুরোধ হচ্ছে এই ধরনের দুর্নীতি দুর করবার জন্য দলিল রেজিস্ট্রি করবার সঙ্গে সঙ্গে যাতে কপি পায় তার ব্যবস্থা করুন। যা হোক, যে দুটি ব্যয় বরাদ্দ উত্থাপন করা হয়েছে তার সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-20 P.M.]

**শ্রী হাজারী বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় বামফ্রন্টের মাননীয় বিচার ও আইন মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের মঞ্জুরির উপর যে বাজেট এখানে পেশ করেছেন তা আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা এই সভার সামনে আপনার মাধ্যমে রাখতে চাইছি। স্যার, আপনি বিশিষ্ট আইনজ্ঞ হিসাবে জানেন আমাদের দেশে আইন ব্যবস্থা এবং বিচার ব্যবস্থা কোথায় সৃষ্টি হয়েছিল। আপনি জানেন ভারতের এবং তার অঙ্গ রাজ্যে বৃটিশ সাম্রাজ্যবাদী তাদের নীতির ভিত্তিতে এবং তাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে

তারা শাসনের মাধ্যমে এবং শোষন করবার জন্য এখানে শাসন ব্যবস্থা এবং বিচার ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছিল এবং তাদের বশংবদ আমাদের দেশের ধনকুবের দল তাদেরই মাধ্যমে ওরা আমাদের দেশকে শোষণ করছেন এবং তাদের মাধ্যমে শাসন করবার জন্য যে বিচার ব্যবস্থা হয়েছিল ভারতে এবং তার অঙ্গ রাজ্যে সেই আইনের ব্যবস্থায় আমাদের দেশের লোক এখন ধুকছে। আজকে মানুষ বিচার পায়না আইনে সে ব্যবস্থাও নেই। আজকে বিচার ব্যবস্থা সৃষ্টি করতে গেলে যে রাষ্ট্র কাঠামো থাকা দরকার, যে চিন্তা চেতনা থাকা দরকার সেটা ভারতবাসীর নাই। আজকে ভারতবর্ষে রাজনৈতিক পরিবর্তন এসেছে, আজকে সাধারণ মানুষ সেদিকে তাকিয়ে আছে। আজকে পঃ বঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং স্যার, আমি একজন এখানকার সাব-অর্ডিনেট লেজিসলেশন কমিটির সদস্য। কেন্দ্রের সাব অর্ডিনেট লেজিসলেটিভ কমিটির সদস্যরা এখানে আমাদের সঙ্গে মীট করতে এসেছিল। আমি সবিনয়ে তাদের জিজ্ঞাসা করেছিলাম যে আপনারা ভারত সরকারের ঐ কমিটির সদস্য হিসাবে এখানে এসেছেন আমি আপনাদের কাছে আবেদন করছি যে আজকে দেশের এই রাজনৈতিক পরিবর্তন যেটা ঘটেছে—আজকে দেশের সাধারণ মানুষ কেন্দ্রীয় সরকারের কাছে আশা করে যে আজকে সাধারণ মানুষের স্বার্থে কিছু আইন আপনারা প্রণয়ন করুন এবং আমি মনে করি কেন্দ্রীয় সরকার প্রগতিশীল সরকার সেজন্য সাধারণ মানুষ আশা করে যে কেন্দ্রীয় সরকার সাধারণ মানুষের স্বার্থে কিছু আইন রচিত হবে। আমি সবিনয়ে তাদের বললাম যে আমাদের কমিটির তরফ থেকে যে আমি এই আবেদন রাখছি যে দেশের খেটে খাওয়া মানুষের স্বার্থে যারা সারাজীবন লাঞ্ছিত উপেক্ষিত হয়েছে কোনও দিন সুবিচার পায়নি সেজন্য তারা কেন্দ্রীয় সরকারের কাছে আশা করে যাতে এই রকম আইন আনুন যাতে তারা বাঁচতে পারে—এ সম্বন্ধে আপনারা কিছু ভেবেছেন কি, এবং আইনের সে রকম খসড়া আপনারা রচনা করে কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন কি—তাঁরা বললেন যে না আমরা সে ভাবনা চিন্তা করিনি। স্যার, পশ্চিমবঙ্গ একটা অঙ্গ রাজ্য এবং এর কতটুকু ক্ষমতা এবং আজকে কেন্দ্রীয় সরকার সব অর্থ ক্ষমতা নিয়ে যাচ্ছেন—সেজন্য বামফ্রন্ট সরকার রাজ্যের হাতে অনেক বেশি ক্ষমতার দাবি করেছেন এবং বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতি বদ্ধ যে তারা সাধারণ মানুষের জন্য কাজ করবে। আমরা এই সাংবিধানিক কাঠামোর মধ্যে এই গন্ডির মধ্যে সাধারণ মানুষের জন্য কিছু কাজ করতে চাচ্ছি এবং সাধারণ মানুষ মেহনতি মানুষ এবং খেটে খাওয়া মানুষের জন্য যাতে কিছু কাজ করা যায় তারজন্য আমরা চেষ্টা করছি। আমরা বিগত সরকারের ক্ষেত্রে দেখেছি তারা সামন্ততান্ত্রিক এবং অগণতান্ত্রিক শক্তির উপর প্রতিষ্ঠিত হয়ে তারা দেশের সাধারণ মানুষের জন্য কোনও কাজ করেনি। তারা শুধু পেয়েছে লাঞ্ছনা বঞ্চনা অত্যাচার এবং তার পরিণতি হিসাবে এই রাজ্যে এই অবস্থা এবং তার ফলশ্রুতি হিসাবে আজকে এই রাজ্যের হাতে কতটুকু ক্ষমতা রয়েছে।

[7-15—7-25 P.M.]

একজন বিচারককে নিয়োগ করার প্রশ্নে একটা রাজ্য সরকারের ক্ষমতার মধ্যে নেই।

এটা একটা পরিহাস, একটা উপহাস, তার রাজ্যে কি ঘটবে, তার রাজ্য কিভাবে পরিচালিত করবে, কিভাবে তারা শাসন ব্যবস্থার মধ্যে নিয়ে যাবে, তা করবার অধিকার তার নেই। আজকে কেন্দ্রীয় সরকারের মধ্যে দিয়ে যে আইন রচিত, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমরা দেখতে পাচ্ছি যে সেই ক্ষমতা রাজ্য সরকারের নেই। আজকে তাকিয়ে থাকতে হয় তাদের দয়ার উপর যে কখন হাইকোর্টে এই অফিসারকে নিয়োগ করতে হবে, এতগুলো ম্যাজিস্ট্রেট চাই, এতগুলো জজ চাই, তাদের উপর নির্ভর করে থাকতে হবে। এটা একটা পরিহাস। বামফ্রন্ট মানুষের কাছে তার প্রতিশ্রুতি রেখেছে কিন্তু প্রতিশ্রুতিমতো কিছু করতে পারছে না ঐসব সাংগঠনিক অসুবিধার জন্য। আজকে মামলা তুলে নেবার প্রশ্ন এসেছে। কংগ্রেসের তরফ থেকে প্রশ্ন এলে বুঝতে পারি তাদের জ্বালাটা কোথায় কিন্তু যখন জনতা বন্ধুদের কাছ থেকে আসে তখন আমরা আশ্চর্য হই তাঁরা কি জানেন না ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মার্চ মাসের আগে পর্যন্ত তাঁদের উপর কি নির্যাতন, কি অত্যাচার হয়েছে তাঁরা কি ভুলে গিয়েছেন ঐ জয়প্রকাশজীর গাড়ির উপর উঠে দাঁড়িয়ে লারে লাপ্পা নাচ নেচে এবং অঙ্গভঙ্গি দেখিয়ে তাঁর উপর অত্যাচার হয়, তাঁর মাথার উপর বাড়ি পড়ে? এসব কথা কি তাঁরা ভুলে গিয়েছেন? কি পরিস্থিতির সৃষ্টি হয়েছিল, কি স্বৈরতান্ত্রিক অবস্থার সৃষ্টি হয়েছিল, কি অগণতান্ত্রিক অবস্থার সৃষ্টি হয়েছিল, তাঁদের মনে রাখা উচিত। আজকে অবস্থাটা কোথায় এই প্রশ্নে আজকে ভাবনা চিন্তা করার প্রয়োজন আছে। আমি তাই বলতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এখানে ব্যাপারটা হচ্ছে দৃষ্টিভঙ্গির প্রশ্ন। যদিও আমাদের সীমিত ক্ষমতা, আমরা জানি আমাদের সীমাবদ্ধ গন্ডির কথা, তবুও এই সরকারের যদি প্রগতিশীল দৃষ্টিভঙ্গি থাকে সেই সরকারের যদি সাধারণ মানুষের স্বার্থে কিছু করণীয় থাকে, তাহলে কিছু করা যায়। করা যায় এইজন্য যে বামফ্রন্ট এবং তার সরকার প্রগতিমূলক দৃষ্টিভঙ্গি রেখে আজ কিছু কিছু কাজ রেখেছেন এবং তার প্রস্তুতি হিসাবে এই বাজেট বক্তৃতার মধ্যে দেখতে পাবেন এবং বিভিন্ন আইনের প্রশ্ন রাখা হয়েছে অসুবিধাগুলি ছিল তা ধাপে ধাপে তীরহিত করা হচ্ছে সাধারণ মানুষের স্বার্থের জন্য। এই কথাগুলি বলে আইনমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন, মঞ্জুরির জন্য রেখেছেন, তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্য ডাঃ বাগ, উনি ডাক্তার আইনের আলোচনা করলেন, নিশ্চয়ই করতে পারেন, আইনসভায়, বিধানসভায় কোনও বাধা নেই। কিন্তু তিনি কতকগুলি তথ্য, যে তথ্যের কোনও ভিত্তি নেই, যে সব তথ্য তিনি এখানে পরিবেশন করে গেলেন এবং তিনি বলেছেন ৩০ হাজার মামলা তুলে নেওয়া হয়েছে। হ্যাঁ, নিশ্চয়ই হয়েছে। আমরা এই বামফ্রন্ট ক্ষমতায় আসবার আগে পশ্চিম বাংলার মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে কংগ্রেস আমলে যে হাজার হাজার মিথ্যা মামলা হয়েছে সেই মিথ্যা মামলা হয়েছে সেই মিথ্যা মামলা আমরা তুলে নেব। যে লোক ঘরে বসে আছে তাকে ডাকাতির মামলায়, যে লোক অফিসে গিয়েছে তাকে রেপের মামলায়, এই রকম যে বাড়িতে

থেকে গিয়েছে তাকে মদ খাওয়ার, ভাং খাওয়ার মামলায় আটকে দিয়েছেন আমরা দেখেছি, আর আজকে এই সব বলতে লজ্জা লাগে না? মিসাতে মানুষকে বিনা বিচারে আটকে রেখেছিল, কোর্টের কোনও জুডিসিয়াল পাওয়ার পর্যন্ত ছিল না, আজকে তাঁরা বিচারের কথা বলছেন। এই বক্তব্য আজকে কংগ্রেসের কাছ থেকে শুনতে হবে এটা লজ্জার কথা। যারা বিচার বিভাগকে একটা কমিটেড জুডিশিয়ারিতে পরিণত করেছিল আজকে বিচারের স্বাধীনতার কথা তাদের মুখে শুনতে হবে অ্যাসেম্বলিতে এটা আমরা ভাবতে পারিনি। যারা কমিটেড জুডিশিয়ারি, যারা ওখানে সুপ্রীম কোর্টের সমস্ত ক্ষমতা ৪২তম সংবিধানে কেড়ে নিয়েছিল কমিটেড জুডিশিয়ারি করে আজকে তারা জুডিশিয়াল ইন্ডিপেনডেন্সের কথা এই হাউসে দাঁড়িয়ে বলছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মামলা তুলেছি এবং তুলেছি সাধারণ মানুষ, নিরীহ মানুষ, যারা ছাত্র, যুবক, গরিব কৃষক, যাদের ওরা বিনা বিচারে তুলে নিয়ে এসে জেলে, কারাগারে পৌঁছে দিয়ে এসেছিল তাদের আমরা ছেড়েছি এবং আমরা একথা জোর করে বলেছি, ৩৬ দফা কর্মসূচিতে সেকথা আমরা ঘোষণা করেছি, মানুষ আমাদের ভোট দিয়ে এনেছে এই কাজ করার জন্য, তোমাদের কথায় নয়, এটা আমরা করেছি।

[7-20—7-30 P.M.]

আমি একথা স্বীকার করছি। উনি বললেন রেপ কেস তুলে নেওয়া হয়েছে, হ্যাঁ তুলে নেওয়া হয়েছে, মিথ্যা চার্জ দিয়েছিলেন, এবং শুধু তাই নয় যে মেয়েটির বিরুদ্ধে অভিযোগ ছিল তার সন্তান হয়েছে, বিবাহ করেছে, তার বাবা-মা এসে মন্ত্রীর কাছে আবেদন করেছে, তার সংসার কি ভেঙে দেবে? এটা কি বিচার? যে যুবক মেয়েটিকে বিবাহ করেছে, তার সংসার কি হবে, তার বাবা-মা এসে আইন মন্ত্রীর কাছে আবেদন করেছে, তাই মামলা তুলে নেওয়া হয়েছে। একথা ঠিক যে আদালতের অধিকার আছে, কিন্তু মানবিক অধিকার তো আছে। এটা বুঝতে হবে কেন মামলা নেওয়া হয়েছে, মিথ্যা মামলায় যদি মানুষকে জড়ানো হয় তবে সমস্ত ভারতবর্ষকে ইন্দিরা গান্ধীর আমলে মিথ্যা মামলায় জড়িয়ে কারাগারে পরিণত করেছিলেন, জেলে পরিণত করেছিলেন। আমরা সেই জেলে পরিণত করতে চাই না, আমরা সমস্ত মানুষকে স্বাধীনতা দিয়েছি, আমরা বিচারের নামে প্রহসন করি না, বিচারের নামে বিচার করি। আমি সব চেয়ে আশ্চর্য হলাম আজকে ডঃ বাগ হাইকোর্টের ডি এল আর-এর ব্রিফ নিলেন, অদ্ভুত কথা, এই ডি এল আর সম্পর্কে ব্যক্তিগতভাবে আমি জানি, এখানে মিঃ বাপুলি আছেন, তিনিও শুনেছেন, তিনিও জানেন কিভাবে তিনি দুর্নীতি গ্রস্ত। সেখানে ডঃ বাগের মতো লোক যার প্রতি আমার শ্রদ্ধা ছিল, তিনি এমন একটি লোকের হয়ে হাউসে উকালতি করলেন, মিঃ বাপুলিরও নিশ্চয়ই অভিজ্ঞতা আছে, কিন্তু তিনি ওঁর হয়ে কথা বললেন, তিনি জনতা দলের সদস্য। যদি দরকার হয়, আমি প্রমাণ দিয়ে দেব এই ব্যাপারে, চ্যালেঞ্জ করছি। এই ডি এল আর-এর পোস্ট অ্যাবোলিশ করে তিনি মানুষকে বাঁচিয়েছেন, এই পোস্ট মন্ত্রী মহাশয় তুলে দিয়েছেন, নতুন পোস্ট ক্রিয়েট যেগুলি করেছেন হাউসে উপস্থিত করা হয়েছে। আর একটা কথা—লিটিগেশনের খরচা বেড়ে গেছে। আমি স্যার,

আপনার মাধ্যমে জানাতে চাই—এই সরকার প্রথম হাইকোর্টে সিনিয়ার প্যানেল যা ছিল, সেখান থেকে একজন সিনিয়র আর একজন জুনিয়র নিয়ে অ্যাপিয়ার করতেন, এটা তুলে দিয়েছেন। দুজনের জায়গায় একজন যদি অ্যাপিয়ার করে তবে সেখানে অনেক কম লাগে, এখন থেকে সিনিয়ারের কোনও জুনিয়ার থাকবে না, এতে খরচ অনেক কমে যাবে। যদি পরিসংখ্যান দেখেন এই সরকারের আমলে উকিল নিয়োগে অনেকাংশে কম খরচ হচ্ছে। আর একটা কথা মাননীয় সদস্যরা অনেকে বলেছেন এবং মাননীয় বিচার মন্ত্রী বিচার বিবেচনা করছেন সেটা হচ্ছে অরিজিনাল সাইড অ্যাপিলেট সাইড, এর জুরিসডিকশন কমানোর চেষ্টা করছেন এই সরকার। এটা বৃটিশ আমল থেকে চলে আসছে, কতটা তুলতে পারবেন, কতটা এক্তিয়ারভুক্ত আছে, কতটা রাখা যায়, কতটা আইনসঙ্গত বিচার বিবেচনা করবেন। স্ট্যাম্প অ্যাক্টের দলিলের ব্যাপারে, উনি একটা নিয়ম করেছেন। আগে বহু গরিব মানুষের এজন্য ক্ষতি হত, সার্টিফাইড কপি পাবার ব্যাপারে ডিলে হত, আমার মনে হয় এই সার্টিফায়েড কপির ব্যাপারে মিঃ বাপুলি গুলিয়ে ফেলেছেন।

(**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ এ বিষয়ে আমি বলিনি।**)

ডাঃ বাগও বলেছেন, এই সার্টিফায়েড কপি পেতে আগে ৬ মাস ৯ মাস এমন কি এক বছরও দেরি হত, সেই সার্টিফায়েড কপি যাতে তাড়াতাড়ি পাওয়া যায়, সেই ব্যবস্থা হয়েছে। আজকে এখানে বিচার বিভাগের সম্বন্ধে আলোচনা হচ্ছে এর সঙ্গে বর্গা অপারেশনের কি সম্পর্ক আছে আমি বুঝলাম না। বিচার বিভাগের আলোচনায় বর্গা অপারেশন কি করে আসছে, আমি বুঝতে পারছি না। যাইহোক, মিস্টার বাপুলি হতাশার ভাব দেখলেন। কোথা থেকে দেখলেন। উনি বিচার বিভাগের অবনতি দেখলেন। অবনতিটা কোথায় দেখলেন, আমি ঠিক বুঝতে পারলাম না। কারণ আইন-শৃঙ্খল পশ্চিমবাংলায় যত ভাল আজ ভারতবর্ষের কোথাও তা নয়—এটা কেন্দ্রীয় সরকার তার নিজের কথাতেই বলেছেন। যেখানে সমগ্র দেশ থেকে তারা বিচার তুলে দিয়েছিলেন এখানে সেই বিচার পদ্ধতি ফিরিয়ে এনে, ভাল কাজই করেছেন। এখানে বিচার পদ্ধতি উনি ফিরিয়ে এনেছেন এবং তার ট্রায়াল করা, সেসন করার ব্যবস্থা করেছেন, সেটা কি তাহলে খারাপ কাজ করলেন? মিশা কেস কোর্টে উঠত না এবং তার বিচারের জন্য কোনও অ্যাডভাইসরি কমিটি পর্যন্ত যেত না। আজকে সেই পদ্ধতি ফিরিয়ে আনা হয়েছে, মিশা তুলে দেওয়া হয়েছে। কয়েকদিন আগে দেখেছেন কিনা জানি না, একজন পুলিশ কমিশনার বলেছেন আমরা ভুলে গিয়েছে ইনভেস্টিগেশন করতে। এই তথ্য আগামী দিনে আমি আপনাদের কাছে রাখব। পুলিশ কমিশনারের নিজের উক্তি খবরের কাগজে বেরিয়েছে, স্টেটসম্যানে বেরিয়েছে। (**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ পুলিশ কমিশনার কোনও ইনভেস্টিগেশন করেন না।**) He represents the whole of the police department. He speaks on behalf of all the police officers of the state. সুতরাং পুলিশ অফিসারেরা ইনভেস্টিগেশন করতে ভুলে গিয়েছে। কারণ, ক্রিমিনাল বা মার্ডার কেস করত যারা তাদের মিশায় ঢুকিয়ে দিত। কোনও ইনভেস্টিগেশনের কেস থাকত না। আপনি

নিজে এগুলো জানেন। এমার্জেন্সীর সময় মিশা কেসগুলো দেখবেন শুটপাট করে ঢুকিয়ে দেওয়া হত। এইভাবে করত। আজকে নিয়মমতো ট্রায়াল হচ্ছে, সেসন হচ্ছে। আজকে হাইকোর্ট বিচার করছে। এই রকম করে বিচারের সুষ্ঠ ব্যবস্থা প্রবর্তন করে যদি অন্যায় করে থাকেন, আর বিচার তুলে দিয়ে যদি আপনারা ন্যায় করে থাকেন, তাহলে ঠিক হয়েছে। উনি মার্ডার কেসের বেল সম্বন্ধে বললেন। ১৯৭৩ সালে যেটা ক্রিমিনাল প্রসিডিওরে রয়েছে, আইন অনুযায়ী বেল যদি পায় তাতে আমাদের বলার কিছু নেই। আমি আইনমন্ত্রীর সঙ্গে একমত যে বিচার বিভাগে সবচেয়ে কম অর্থ দেওয়া হয়েছে এবং আর একটা কথা সিবিয়াসলি ভাবতে হবে। আজকে মুনসেফ এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের স্যালারি অত্যন্ত কম। কারণ মুনসেফ তিনি হাকিমি করবেন আর বাজার হাতে ট্রামেবাসে যাবেন, ব্যাগ নিয়ে যাবেন—এটা ঠিক কিনা এটা আমাদের ভাবার দরকার আছে। এরজন্য বিচার বিভাগের জন্য যেমন অনেক কোর্ট করা দরকার, কারণ, Justice delayed means Justice denied. তেমনি এদের জন্যও কিছু করা দরকার। এটা উপলব্ধি করে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা দাবি রেখে বিচার বিভাগের প্রসিডিওর‍্যাল ম্যাটার কুইক ডিসপোস অফ করার জন্য মন্ত্রী মহাশয় ব্যবস্থা করছেন। অন্যদিকে এটাও ঠিক যে দেখা যাচ্ছে বহু জুডিসিয়াল অফিসার পাওয়া যাচ্ছে না এবং বহু মুন্সেফ তারা চাকরিতে জয়েন্ট করে চাকরি ছেড়ে দিয়ে চলে আসছেন। কারণ তাদের মাইনে অত্যন্ত কম, যেহেতু তারা রাস্তায় নামতে পারেন না। তাদের অনেক অসুবিধা আছে। মন্ত্রী মহাশয় সেটা উপলব্ধি করেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিচার বিভাগের যে ব্যয় বরাদ্দ এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা পয়েন্ট বলতে চাই। জামিনের প্রশ্ন এসেছে। আমি আপনার মাধ্যমে নিবেদন করতে চাই সেটা আমরা যারা আইনজীবী জানি এলাহাবাদ হাইকোর্টের রুলিং অনুসারে কোনও আসামী যদি কোর্টে সারেন্ডার করে, আসামীকে জামিন দিতে সেই হাকিম বাধ্য। এই প্রশ্ন যারা আইনজীবী তারা সকলেই জানেন। এই পয়েন্টটা আমার বাদ গিয়েছিল। এইটুকু আপনার কাছে রাখলাম।

**মিঃ স্পিকার ঃ** এখন সময় বাড়াতে হবে। ৭-৩৪ মিনিটে শেষ করার কথা। এখনও একজন বক্তা আছেন এবং আইনমন্ত্রীর জবাব আছে, তারপরে আমার ভোট গ্রহণ আছে। কাজেই অন্ততপক্ষে ৩০ মিনিট সময় বাড়িয়ে দেওয়ার জন্য অনুরোধ করছি। আশা করি, সকলেরই এতে সম্মতি আছে।

(সদস্যগণ—হ্যাঁ।)

আধঘন্টা সময় বাড়ল।

[7-30—7-40 P.M.]

**श्री रमजान आलि** : मिस्टर स्पिकर सर, आज इस हाउस में जुडिशियल

मिनिस्टर ने जो बजट पेस किया हैं, उसमें इन्होंने अपनी तकरीर में लाचारी का इजहार करते हुए कहा हैं कि केशों को क्रिक डिस्पोजल के लिए स्माल का जेज कोर्ट को बढ़ा दिया गया हैं। कोर्टका जूरिडिक्शन बढ़ा दिया गया हैं। कुछ कोर्ट जजेज और एडिशनल जजेज की वहाली की गई है। एरिजर केशों को जल्द डिस्पोजल के लिए जूडिशियल जजों की भी वहाली की गई हैं। ए सारी वातें इनकी तकरीर में हैं। इन्होंने कहा हैं कि कुछ नये पोस्ट भी क्रीएट किए गये हैं। इसके साथ कुछ लिमिटेशन भी हैं। हाईकोर्ट जूरीडिक्शन में एडमिनिस्ट्रेशन आफ जस्टिस के लिए जजेज और मुन्सिफसे मिनिस्टर इन्स्ट्रक्शन टेप नहीं दे सकता हैं। ये लिमिटेशन हैं।

अब सवाल यह पैदा होता हैं कि न्यायमंत्री न्याय के लिए क्या काम कर रहे हैं? वड़ा ताज्जुव होता हैं इन्होंने इसी हाउस के फ्लोर में कुछ वातें ऐसी भी जिसको इन्होंने नजरेन्दाज कर दिया हैं। कानून मंत्री ने इसी हाउस यें खड़ा होकर कहा था कि करीव ६८ मस्जींद फोरसेवुल अकूपेशन में नन-मुस्लीम के कब्जे में चली गई हैं। ये मस्जीदें इससें के कब्ले में हैं। सवाल यह हैं कि कानूनी तौर पर न्याय के तौर पर उन मस्जीदों को वापिस दिला देना चाहिए। इस पर मुस्लमानों का रिहैंविलेशन हो जाना चाहिए। मगर असी तक ऐसा नहीं हो सका हैं? सरकार यह अन्याय कर रही हैं। इस मस्ले कोवह वड़ी आसानी से हल कर सकती थी। मगर हल करने के लिए सिन्सिअरली अभी तक कोई कदम नहीं उठाई। भि कि यह मस्ला इस सरकार की लाइविल्टीज नहीं हैं। ये मस्जीदें पहले की सरकार के समय में दखल की गई थी। फिर भी यह आशा थी–यह उम्मीद थी कि यह प्रोग्रेसिभ सरकार इस मस्ले को जरूर हल कर देगी। लेकिन बड़े ताज्जुव के सात कहना पड़ता हैं कि यह मस्ला अभीतक हल नहीं हुआ इसलिए यह इन्साफ का तकाजा हैं कि जनाव हसन उज्ञमान साहवने जो कटमोशन इस हाउस कें लाया हैं, मैं उसका समर्थन करूँ। इसके साथ ही साथ मैं इस विधान समोक माननीय सदस्यों से अमील करूँगा कि न्याय के लिए वे इन्साफी तौर पर जो मस्जीदें–करवला और कवरिस्तान दुसरों के कब्जे में चला गया हैं, उसे वापस दिलाने की कोशिश को क्योंकि न्याय का यह तकाजा हैं कि सवको न्याय मिलना चाहिए इसलिए यह परीक्षा का समय होगा कि कौन न्याय का पक्ष लेता हैं और कौन अन्याय कर पक्ष लेता हैं। किसी कौस की प्रापरिटी जैसे कर्वला-मस्जीद-कवरिस्तान फोरसीवुल आकूपेशन में चला जाय और वह कम्युनिटी

सकर करे, यह न्याय नहीं हैं, अन्याय हैं। आज बंगाल के अन्दर गरीब एक मुस्लामान रहते हैं। इसलिए मुस्लिम सेन्टीमेन्ट का भी ख्याल करना चाहिए।

भारतीय संविधान में सबको समान अधिकार दिया गया हैं। इसलिए इस मस्लेका कानूनी इलाज हो सकता हैं। अव जबकि यहां पापुल गवर्नमेन्ट–प्रोग्रेसिभ सरकार आई हैं और इसने सबके साथन्याय करने की वात कही हैं। इसलिए जो लोग नाउम्मीदी में थे–जो लोग बंचित थे, उनकी उम्मीदें बढ़ गई है। इस तरह से मुस्लिम सेक्शन की जो मस्जीदें दूसरों के कब्जे में चली गई हैं, वह उन्हें वापिस क्यों नहीं मिलेगी उनको इन्साफ क्यों नहीं मिलेगा। मुझे उम्मीद हैं कि यह सरकार जरूर दिला देगी। और जो लोग इन मस्जीदों पर कब्जा किए हुए हैं, उनको कहीं और वसा देंगी। ताकि वे लोग भी आराम की जिन्दगी वसर कर सकें।

जनाव हसनउज्जमान साहवने जो कटमोशन इस हाउस में लाया है–मस्जीद के वारे में मैं उस कटमोशन का समर्थन करते हुए, अपना भाषण समाप्त कर रहा हूँ।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্যরা বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন, আমি সেগুলি উত্তর দিতে চেষ্টা করছি। প্রথমে আমি মাননীয় সদস্য রমজান আলি সাহেব যে অভিযোগ করেছেন মসজিদের ব্যাপারে সে সম্পর্কে ২/৪টি কথা বলছি। পশ্চিমবাংলাতে মসজিদ, কবরস্থান, দরগা, মাজার যা আছে তা ওয়াকফের আওতার মধ্যে আছে। যখন প্রথম দেশ পার্টিশন হয় তার কিছুদিন আগে ১৯৪৬/৪৭ সালে যখন হিন্দু মুসলমানের দাঙ্গা পশ্চিমবাংলায় এবং কলকাতায় হয় তখন অনেক পাড়া থেকে মুসলমানরা উচ্ছেদ হয়ে গিয়েছিলেন। এই সময় বিভিন্ন জায়গায় কিছু কিছু হিন্দু সম্প্রদায়ের লোক, তার মধ্যে অধিকাংশই সমাজবিরোধী, কিছু কিছু মসজিদ, কবরস্থান, মাজার দখল করে নিয়েছিল। ৩০ বছর হয়ে গিয়েছে এরকম অনেক জায়গা বেদখল হয়ে আছে। আমরা ৩০ বছর পর পশ্চিমবাংলায় এসেছি, আইন আছে, আইন ছাড়া কোনও ব্যবস্থা করা যায় না। মাননীয় রমজান আলি সাহেব অ্যাডভোকেট, আইনজীবী, হাসানুজ্জামান সাহেবও অ্যাডভোকেট, আইনজীবী, তাঁরা জানেন এবং আপনারা সকলেই জানেন যে একটা Law of adverse possession আছে যে যদি অন্য কেউ কারুর সম্পত্তি ১২ বছরের থেকে বেশি অংশ দখলে রাখে তাহলে Law of adverse possession অনুযায়ী সেই অধিকারী হয়ে যায়। আপনারা আইনটা ভাল করে পড়বেন, বুঝবেন, বোঝার চেষ্টা করবেন। এটা হচ্ছে আইনের ব্যাপার। আমরা জোর করে কোনও ব্যাপার করতে পারি না, কিন্তু তবু আমরা দেখছি। হাওড়াতে যে ইদগা ময়দান ছিল আপনারা জানেন সেটা বেদখল হয়ে ছিল। আমরা আসার সঙ্গে সঙ্গে সেই ইদগা ময়দান

মসুলমানদের দখলে দিয়েছে এবং তাতে গত দু' বছর থেকে ঈদের নামাজ নিয়ম অনুযায়ী হয়েছে। যেটা বিগত ২০ বছর ধরে হয়নি সেটা হয়েছে। এগুলি তাঁরা উল্লেখ করেন নি, এটা খুবই দুঃখের ব্যাপার। আমরা চেষ্টা করে এটা করতে পেরেছি। এতে পশ্চিমবাংলায় একটা নজির সৃষ্টি হয়েছিল যে মুসলমানরা তাদের ইদ্গা ময়দান ফিরে পেয়েছিল। তারপর হাওড়াতে আর একটি মসজিদের ব্যাপারে আমি ওখানকার স্থানীয় হিন্দুদের ডেকেছিলাম, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ডেকেছিলাম, এস.পি.কে ডেকেছিলাম এবং ঐ এলাকার মুসলমানদেরও ডেকেছিলাম। তাঁদের সঙ্গে আলোচনা করছি এবং আশা করছি সেই মসজিদের দখল আমরা নিতে পারব আলোচনার মাধ্যমে। সমস্ত ব্যাপারে একটা পদ্ধতি থাকা দরকার। তারা যদি মনে করেন বামফ্রন্ট সরকার এসেছে বলে গায়ের জোরে, জবরদস্তি করে বেদখল করে নেব এবং তাতে আবার একটা সাম্প্রদায়িক দাঙ্গা লেগে যাবে এই মসজিদকে কেন্দ্র করে তাহলে বলব, সেই আশা আমরা পূরণ করতে পারব না। আমরা দুপক্ষকে ডেকে আলাপ আলোচনা করে, বুঝিয়ে সুঝিয়ে সমস্যার সমাধান করার চেষ্টা করে যাব। তারপর স্যার, উইথড্রয়াল অব কেসেস সম্পর্কে অনেক কথা বলা হল। এটা নিয়ে যে কতবার বলা হল—এটা প্রায় মরিচঝাঁপির মতন হয়ে গিয়েছে। কোনও ব্যাপার হলেই মরিচঝাঁপি। কংগ্রেসের কি মামলা ওঠে নি? লজ্জা লাগে না এসব কথা বলতে তাদের কি জেল থেকে ছাড়া হয়নি? জনতার হয়নি? তারা নির্লজ্জর মতন এইসব কথা বলেছেন। তারা লাভ নেবেন, উপকার নেবেন, তাদের আসামীর মামলা উইথড্র করাবেন, জেল থেকে ছাড়াবেন আবার এখানে এসে অন্য কথা বলবেন এই হচ্ছে অবস্থা। কিছুদিন আগেই জনতা পার্টির নেতা শ্রী বিমান মিত্র মহাশয়—একজন লোককে আমরা জেল থেকে ছাড়াব না, বিমানবাবু নিজে দরখাস্ত করেছিলেন, ফাইলে ওঁর সেই চিঠিটা আছে যদি মাননীয় সদস্যরা দেখতে চান দেখিয়ে দেব, ওঁর রিকোয়েস্ট আমরা ছেড়ে দিয়েছি। কিসব যে ওঁরা বলেন বুঝি না। লজ্জা লাগে না এসব বলতে?

**(ভয়েস : আপনারা ছাড়ছেন কেন?)**

আপনারা চাইছেন কেন? আপনারা চাইলেন আর আমরা ছাড়লাম তাতে কি আমরা অন্যায় করলাম? কংগ্রেসের দরখাস্তের পর দরখাস্ত—মামলা তুলে নাও। সুনীতি চট্টরাজ মহাশয় দরখাস্ত করেন নি? ওঁর মামলা তুলে দেবার অর্ডার কি আমরা দিই নি? কিসব কথা বলেন ওঁরা? আমরা নিরপেক্ষভাবে সমস্ত রাজনৈতিক দলের মামলা তুলে দেবার ব্যাপারটা দেখি। রমজান আলি সাহেব, ইন্ডিপেনডেন্ট মেম্বার, ওঁর কিছু কিছু রাজনৈতিক মামলা ছিল, উনি দিয়েছেন, আমরা তুলে দিয়েছি। জনতার কিছু কিছু ছিল মার্ডার কেস ছিল, তুলে দিয়েছি। এস.ইউ.সির ছিল তুলে দিয়েছি। দু' দল কংগ্রেসের ছিল তুলে দিয়েছি। আমাদেরও কিছু কিছু ছিল তুলে দিয়েছি। যদি আমরা পক্ষপাতিত্ব করতাম তাহলে ওঁদের মামলা তুলতাম না। মানুষ এসব জানে, বাস্তব কি তা মানুষ জানে কাজেই এসব কথা বলে কোনও লাভ হবে না। ইন্দিরা গান্ধী কালকে বললেন আমরা ৪০ হাজার মামলা তুলে দিয়েছি। কোথা থেকে এসব তথ্য পান জানি না। নিজেরা সব তথ্য তৈরি করেছেন। অসত্য কথা বলা

তাঁদের অভ্যাস। ৩০ বছর ধরে তাঁরা দেশ চালিয়েছেন অসত্য কথা বলে। আমরা অসত্য কথা বলি না। আমরা ৩৬ দফা কর্মসূচিতে বলেছিলাম, যদি আমাদের সরকার হয় তাহলে এসব মামলা আমরা তুলে নেব, আমরা প্রতিশ্রুতিবদ্ধ তাই আমরা তা তুলে দিয়েছি এবং প্রয়োজন হলে আবার তুলব। তারপর বলেছেন, এ.পি.পি. আমরা নিয়োগ করেছি ইচ্ছামতো। কেন সত্যবাবুর ক্যান্ডিডেটকে এ.পি.পি. ডায়মন্ডহারবার করি নি? ওঁনার রিকোয়েস্টে করেছি। কি সব বলেন ওঁরা আমরা বুঝি না। আমি জানি না তাঁরা জেনেশুনে এই সব কথা কেন বলেন।

[7-40—7-50 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি টার্মিনেট করেছিলেন, Because he was appointed by the Congress. He was my Junior, you terminated his Service. Then you have reinstated him.

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** আপনি বলেছেন, আমি করে দিয়েছি এতে রাজনীতি হল কোথায়? আমি যদি না দিতাম তাহলে হয়ত হত। আপনাকে আমি জানিয়ে দেই তাঁর চাকুরি আমরা টার্মিনেট করিনি, তার কনফার্মেশন হয়নি। আপনি বোধ হয় জানেন যে টার্মিনেশন অ্যান্ড নন-কনফার্মেশনের তফাৎটা। আমি করতে রাজি ছিলাম না কিন্তু আপনি বলেছেন বলে আমি করে দিয়েছি। আমি আপনার কথা রেখেছি যেহেতু আপনি একজন এম.এল.এ. মানুষ আপনাকে ভোট দিয়েছে। আমি আপনাকে উপযুক্ত সম্মান দিয়েছি কিন্তু আমি দুঃখিত যে আপনি সেই সম্মান আমাকে দিতে পারেন নি। তারপর ডঃ শাশ্বতী বাগ, উনি বলে চলে গেলেন। অসত্য কথা বললে চলে যেতে হয়। উনি বললেন, ডি.এল.আর-এর পোস্ট অ্যাবোলিশড করেছি। উনি জানেন না যে ডি.এল.আর-এর আইন অনুযায়ী কোনও পদ ছিল না। বিগত কংগ্রেস সরকার স্বজনপোষণ নীতি অনুযায়ী সেই পোস্টটা ক্রিয়েট করেছিলেন তাঁদের কোনও পছন্দ মতো ব্যক্তিকে দেবার জন্য। হাইকোর্টে রায় হল ডি.এল.আর-এর আইনত কোনও পদ নেই। ক্রিমিনাল প্রসিডিওর কোডে বলছে পাবলিক প্রসিকিউটর নিয়োগ করতে হবে। হাইকোর্টের রায় আছে। তাঁরা সব করে গেছেন, আমরা কি করব? ডি.এল.আর. রাখব, পাবলিক প্রসিকিউটরও রাখব? কাজেই ডি.এল.আর-এর পোস্ট অ্যাবোলিশড করতে হবে কারণ আইনে সেই রিকোয়ারমেন্ট নেই, দরকার নেই। পাবলিক প্রসিকিউটর পোস্টের রিকোয়ারমেন্ট আছে। প্রতিটি মামলার বিভিন্ন ওকালতনামা দিতে হচ্ছে। সরকার পক্ষের অনেক অসুবিধা হচ্ছিল। ডি.এল.আর-এর পোস্ট অ্যাবোলিশড করে আইন অনুযায়ী পাবলিক প্রসিকিউটরের পোস্ট ক্রিয়েট করেছি—এটাতে কি অন্যায় করেছি? এসব কথা তাঁরা বলছেন, তাঁদের লজ্জা লাগে না? স্বজন পোষণ করলেন তাঁরা দুর্নীতি করলেন তাঁরা, একজন ব্যক্তিকে বসানোর জন্য পদ ক্রিয়েট করলেন তাঁরা, আর আমরা আইন মানতে গেলে, হাইকোর্টের রায় মানতে গেলে সেই পদটিকে যদি অ্যাবোলিশড করতে হল তাহলে আমরা খুব অন্যায় করছি। যাঁরা এই সব কথা বলেন তাঁদের এগুলি ভেবে চিন্তে বলা উচিত। তাঁরা আইনসভার কথা

বলছেন, এমন জায়গায় খবরটা যাবে সেই সব লোকেরা কি ভাববে? তাঁরা ভাববে যে এইসব অসত্য কথা বলা হয়। কাজেই এই অসত্য কথা বলা উচিত নয়। যদি কোনও কংক্রিট সাজেশন তাঁদের কাছ থেকে আসত যে বিচার ব্যবস্থাকে এইভাবে করুন, এইভাবে করলে দুর্নীতিমুক্ত হবে বলে তাহলে বুঝতাম যে ভাল সাজেশন দিয়েছেন। কিন্তু সেই রকম কোনও সাজেশন তাঁরা দিলেন না, শুধু আজে বাজে কথা বলে গেলেন। তারপর সুপ্রীম কোর্টের রুলিংএর কথা বলা হয়েছে। সুপ্রীম কোর্ট বলছে যে মামলা তোলার ব্যাপারে সরকারের অধিকার আছে। কিন্তু মামলা তোলার সময় পাবলিক প্রসিকিউটারকে তাঁদের মতামত দিতে হবে। এর থেকে বেশি কিছু বলেনি। তাঁরা কি বলছেন আমি জানি না। তাঁরা কি মনে করেন যে আমরা আইন জানি না, আইন পড়িনি? মামলা তোলার ব্যাপারে হাইকোর্টের যে রায় সেটা কি হল? আবার মাননীয় সত্য বাপুলি মহাশয় বললেন যে আমরা ট্রান্সফার করেছি। উনি একজন অ্যাডভোকেট, শিক্ষিত লোক, আমি জানতাম না যে উনি নিরক্ষরের মতো কথা বলবেন। জাজ ট্রান্সফারের ব্যাপারে স্টেট গভর্নমেন্টের কোনও ক্ষমতা নেই, হাইকোর্ট করে এবং এটা ওনার জানা উচিত ছিল। আমরা জাজ ট্রান্সফার করতে পারি না। আর এইটুকু আমি তাঁকে জানিয়ে দিতে চাই যে আমাদের সরকার বা কোনও মন্ত্রী কোনও হাই কোর্টের জাজকে টেলিফোন করে না। যাঁরা করতেন তাঁদের মানুষ জেনে নিয়েছে, এবং তাঁদের অবস্থা ২০টা করে দিয়েছে। তারপর আমরা সমস্ত ডিস্ট্রিক্টে আমাদের লিগ্যাল সেল স্ট্রীমলাইন করেছি। তাঁরা জানেন না যে হাই কোর্টের কোনও উকিলকে একদিনে দুটোর বেশি ফি দিচ্ছি না। সে যদি চারটে মামলা করে, পাঁচটি মামলা করে কিন্তু ফি দুটোর বেশি পাবে না। এই সব নীতি তাঁরা করেন নি, আমরা করেছি আমরা মনে করি সরকারি উকিলের কিছু সমর্থন থাকবে। সরকারের কোনও মামলা করতে গেলে একটা দৃষ্টির দরকার হয়, একটা নীতিগত ব্যাপার আছে। সরকার আইন করেছে জনসাধারণের স্বার্থে। যদি উকিল আইন সমর্থন না করেন তাহলে মামলা কি করবেন? আমরা বর্গার আইনের মামলার ব্রিফ তো আর সত্যরঞ্জন বাপুলিকে দিতে পারব না বা সিদ্ধার্থশঙ্কর রায়কে দিতে পারব না। আমরা নিয়ম করেছি দুটোর বেশি ফি হাইকোর্টের কোনও প্যানেল উকিলকে দেওয়া হবে না। এই নিয়ম আপনারা করেননি, আমরা করেছি। তাসত্ত্বেও বলছেন খুব বেশি টাকা খরচ হচ্ছে। খুব বেশি টাকা নিশ্চয়ই খরচ হচ্ছে, তার কারণ আগের থেকে ডিসপোজাল এখন অনেক বেশি বেড়েছে। পশ্চিমবাংলার ইতিহাসে আমরা ডিসপোজ্যাল অব ফাইল আমরা বেশি করতে পেরেছি, এই কথা ওঁরা জানেন না, বোধ হয় খবর রাখেন না। খবর রাখলে বোধ হয় এই রকম কথা বলতেন না। তাঁদের সময় মামলার নিস্পত্তি হত না। উকিল খুঁজে পাওয়া যেত না। বছরের পর বছর চলত সেই মামলা। এই রকম অনেক প্রস্তুতি নেওয়া হচ্ছে। গত ৩০ বছরে যা পাপ করেছেন, সেই জঞ্জাল সাফ করতে হচ্ছে। আগে বলা হয়েছে প্রশান্ত শূর জঞ্জাল পরিষ্কার করতে পারবেন না। পরিষ্কার হতে আরম্ভ হয়েছে, পরিষ্কার হবে। তারপর রেপ কেসের ব্যাপার বললেন একজন, আমি খুবই দুঃখিত একজন মাননীয় সদস্য সাধারণ মানুষের ভোট নিয়ে এখানে এসেছেন, আশা করি উনি আইনের বিচারের কথা বলবেন, কিন্তু

সোশ্যাল জাস্টিস বলে একটা বস্তু আছে, সেটা উনি ভুলে গেছেন। সোশ্যাল জাস্টিস কি চায়—সুপ্রীম কোর্টের হাজার হাজার নজির আছে, কোর্ট আইনের বিচার করে, সরকারের ক্ষমতা আছে সোশ্যাল বিচার করার। প্রতিটি কেসে ডেথ সেন্টেন্স থেকে আরম্ভ করে—এই ব্যাপারে কৃষ্ণায়ার কি বলেছেন? তিনি বলেছেন, আমরা হাকিম, আমরা ফাঁসির সাজা দিতে বাধ্য কোনও কোনও কেসে। সোশ্যাল জাস্টিস যদি ডিমান্ড করে ফাঁসি মকুব করার জন্য, তাহলে সরকারের অধিকার আছে সেই ফাঁসি সে মকুব করতে পারে। এই সব কথা তাঁরা ভুলে গেছেন। একটা মেয়ে একটা ছেলের সঙ্গে পালিয়ে গেছে বাড়ি থেকে। বাবা একটা থানায় ডায়রি করেছে কিডন্যাপিং রেপ কেসের। তারপরে দুই পরিবার রাজি হয়ে গেল। সেই ছেলের সঙ্গে মেয়ের বিয়ে হল, তাদের একটা সন্তান জন্মালো, এটা কি কোর্টে মামলা হবে? মামলাটা কি থাকবে? মামলাটা কি তোলা যাবে না? সেই মামলা চলবে কেন? সেই ছেলে তো সেই মেয়েকে বিয়ে করেছে, তাদের সন্তানও হয়েছে দুই পরিবার রাজি হয়ে গেছে, তবে আমার কাছে এসেছে। আমি লিখেছি P.P. to withdraw the case if he is satisfied. The parties have compromised among themselves. এটা কি অন্যায় করেছি? তারপর দুটো মেয়েকে দুজন ছেলে ভবানীপুর থেকে কোথায় তুলে নিয়ে গেল গঙ্গার ধারে। একজন মেয়ের বাপ নাবিক, বিদেশে থাকে, আর একজন মেয়ের বাপ পুলিশ অফিসার। দুজন বাবা আমার কাছে এসে বললেন আমাদের মেয়েদের বিয়ের ঠিক হয়ে গেছে, আমাদের অন্য কোনও সন্তান নেই, যদি এই মামলা চলে, আমি নাবিক আমাকে বিদেশে চলে যেতে হবে, আমি মেয়ের বিয়ে দিতে পারব না, পুলিশ অফিসার তিনি বললেন, আমাদের মান সম্মান যা যাবার তা তো গেছে, আমরা মামলা চালাতে চাই না। আমাদের মেয়েদের বিয়ের ঠিক হয়ে গেছে। লিখিত দরখাস্ত তারা পুলিশ কমিশনারের কাছে করেছে, এই মামলা তুলে নিলে পরে তাদের পরিবারের পক্ষে ভাল হয়। আমরা এই মামলা তুলে নিয়ে কি অন্যায় করলাম বুঝলাম না। সোশ্যাল জাস্টিস ডিমান্ড ইট। যদি আবার এই রকম সুযোগ আসে, আবার আমরা এই রকম তুলব। সোশ্যাল জাস্টিস ডিমান্ড ইট। আইনের বিচারে সব সময় বিচার হয় না। মানুষের বিচার দেখতে হবে। যদি সে উপযুক্ত স্থান সমাজে পায়—তাঁরা লজ্জার কথা বলেন, কিন্তু তাঁরা যে কত কে রেপ করিয়েছেন, তার ঠিকানা নেই, মামলা হয়নি। তাঁরা এই সব যখন বলেন, শুনতে ভাল লাগে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় এর বোধ হয় মস্তিষ্ক বিকৃত হয়েছে, তিনি বক্তৃতা দেবার সময় যা তা বলছেন, তিনি বললেন, উনারা কত রেপ করিয়েছেন, এই রকম কে বলতে পারে? কোনও মন্ত্রী মহাশয় যে এই রকম অশালীন উক্তি করতে পারে, এটা আমার শোনা নেই, আমি এখানে অনেকদিন আছি, আমার শোনা নেই। উনি এখানে নতুন কি না তাই তাঁর বক্তব্য গিয়ে ভাষা ছাড়া, সীমা ছাড়া ভাবে বলতে আরম্ভ করেছেন। ইউ শুড উইথড্র দিস। এই সব বলবেন না, বলা যায় না।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** আমি যা বললাম, উনারা যে কত রেপ করিয়েছেন তার

ঠিক নেই। আমি জানি না, উনি কি বেহালার অসীমা পোদ্দারের ইতিহাস ভুলে গেছেন তখন তো আপনারা সরকারে ছিলেন, লজ্জা লাগে না?

[7-50—8-02 P.M.]

আমরা কি সোনারপুরের গীতা চ্যাটার্জির কথা ভুলে গেছি, যাঁর স্বামীকে হত্যা করে যাঁকে রেপ করা হয়েছিল? সব নজির আছে, ইতিহাস আছে, মানুষ ক্ষমা করে না, ইতিহাস ভুলে যায় না। আমরা মামলা তুলে নিয়েছি, আমরা গর্বিত এর জন্য। আমরা জানি মাননীয় সদস্যর আমার কথা শুনতে খুব কষ্ট হচ্ছে, কিন্তু সত্যি কথা বললে এবং তা শুনতে তো কষ্ট হবেই। তারপর তিনি বললেন যে আমার বাজেটকে সমর্থন করতে পারছেন না। ত তিনি কি চান হাই কোর্টে বিচার-পতিদের আমরা বেতন দেব না, ডিস্ট্রিক্ট কোর্টের বিচার-পতি যাঁরা আছে তাঁদের বেতন দেব না? তিনি কি বলতে চান সুপ্রীম কোর্টে যে মামলা হয়—ওঁরা বলছেন আমরা মামলা তুলে নিয়েছি। ওঁরা ভুলে গিয়েছেন ওঁদের সময় মামলা হয়েও মামলা হত না, খুন হত রেপ হত, লুট হত, থানায় ডায়রি হত, কেস হত না। ওঁরা সে সব ভুলে গেছেন, কিন্তু মানুষ ভোলেনি, মানুষের মনে ছিল তাই ওঁদের আজকে ২০ জন এনে দাঁড় করিয়ে দিয়েছে। আমি আজকে এটুকু বলব যে, বামফ্রন্ট সরকার যে বাজেট করেছেন তা পিপল ওরিয়েন্টেড গরিব মানুষকে মনে রেখে আমাদের যেটুকু সীমিত ক্ষমতা আছে সেই ক্ষমতার মধ্যে যেটুকু মানুষের জন্য করা যায় তা করবার চেষ্টা করছি। এই কয়টি কথা বলে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 4**

The motion of Shri A.K.M. Hassan Uzzaman that the amount of the demand be reduced by Rs.100/- was then put and a division taken with the following result :—

**Noes**

Abdul Quiyom Molla. Shri
Abdur Razzak Molla, Shri
Abul Hassan, Shri
Adak, Shri Nitai Charan
Banerjee, Shri Madhu
Bauri, Shri Gobinda
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Hazari
Choudhury, Shri Gunadhar
Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Banamali
Das, Shri Santosh Kumar
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Monoranjan
Koley, Shri Barindra Nath
Let (Bara), Shri Panchanan
M. Ansar-Uddin, Shri
Mahato, Shri Nakul Chandra
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Mandal, Shri Gopal
Mandal, Shri Suvendu
Mazumder, Shri Dinesh
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Murmu, Shri Sarkar
Nath, Shri Manoranjan
Nezamuddin Md., Shri
Oraon, Shri Mohan Lal
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Roy, Shri Amalendra
Roy, Shri Dhirendra Nath
Roy, Shri Hemanta Kumar
Rudra, Shri Samar Kumar
Saha, Shri Kripa Sindhu
Sen, Shri Sachin

Soren, Shri Suchand

Tudu, Shri Bikram

**Ayes**

A.K.M. Hassan Uzzaman, Shri

Das Mahapatra, Shri Balai Lal

Md. Sohorab, Shri

Ramzan Ali, Shri

Shaikh Imajuddin. Shri

Sinha, Shri Atish Chandra

Ayes being 6 and the Noes 46. The motion was lost.

The motion of Shri Suniti Chattaraj that the amount of Demand be reduced to Re.1/- was then put and lost.

The motion of Shri Suniti Chattaraj that the amount of Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Shri Hashim Abdul Halim that a sum of Rs.5,14,20,000/- be granted for expenditure under Demand No.4, Major Head : 214—Administration of Justice" was then put and agreed to.

### Demand No. 8

**Mr. Speaker :** There is no cut motion under Demand No.8. So I put the main motion to vote.

The motion of Shri Hashim Abdul Halim that a sum of Rs.2,93,20,000/- be granted for expenditure under Major Head : "230—Stamps and Registration" of Demand No.8 , was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 8-02 P.M. till 1 P.M. on Friday, the 9th March 1979 at the "Assembly House", Calcutta.

# INDEX TO THE

# West Bengal Legislative Assembly Proceedings

# (Official Report)

Vol : 70 No-II (Seventieth Session) (February to April, 1979)

(The 27th, 28th February & 1st, 2nd, 5th, 6th, 7th & 8th March, 1979)

**Demand for Grants**

Voting on Demand for Grants—Demand Nos-36, 37 & 38 PP-468-531

Voting on Demand for Grants—Demand Nos. 52, 53 PP-383-432

Voting on Demand for Grants—Demand Nos. 25, 70 & 39 PP-583-626

Voting on Demand for Grant—Demand No. 4 & 8 PP-730-758

**Discussion and Voting on Demands for Grants—Demand Nos. 52 & 53**

by—Shri Abdul Quiyom Molla PP-416-418

by—Shri A.K.M. Hassanuzzaman PP-414-416

by—Shri Aurobindo Ghosal PP-401-403

by—Shri Brajogopal Nyogi PP-397-401

by—Shri Dwarkanath Tah PP-410-414

by—Shri Janmejoy Ojha PP-383-388

by—Shri Jayanta Kumar Biswas PP-403-406

by—Shri Kamal Kanti Guha PP-377-380, PP-425-430

by—Shri Kumud Biswas PP-424-425

by—Dr. Omar Ali PP-421-424

by—Shri Panchanan Dikpati PP-418-419

by—Shri Prabhas Chandra Roy PP-380-382, PP-430-432

by—Shri Rajanikant Doloi PP-388-392

by—Shri Sandip Das PP-406-410

by—Shri Satya Ranjan Bapuli P-382

by—Shri Trilochan Mal PP-419-421

by—Dr. Zainal Abedin PP-392-397

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 36, 37 & 38**

by—Shri A. K. M. Hasanuzzaman PP-491-495

by—Dr. Ambarish Mukhopadhyay PP-515-521

by—Smt. Aparajita Goppi PP-503-506

by—Shri Deba Prasad Sarkar PP-495-503

by—Shri Nani Bhattacharya PP-526-531, PP-469-491

by—Shri Nikhil Das PP-506-512

by—Shri Ramjan Ali PP-512-515

by—Dr. Sekh Omar Ali PP-521-523

by—Shri Umapati Chakrabarty PP-523-526

**Discussion on Voting on Demand for Grant—Demand Nos. 25, 70 & 39**

by—Shri Ahindra Sarkar PP-617-619

by—Smt. Chayya Ghosh PP-610-612

by—Shri Dhirendranath Sen PP-615-617

by—Shri Jatin Chakraborty PP-583-601, PP-619-624

by—Shri Jyostsna Kumar Gupta PP-612-615

by—Shri Madhabendu Mohanta PP-606-610

by—Shri Renupada Halder PP-603-606

**Discussion on Voting on Demand for Grants—Demand No. 48**

by—Shri Abdur Razzak Molla PP-708-711

by—Shri Bimalananda Mukherjee PP-715-719

by—Shri Kiranmoy Nanda PP-692-699

by—Shri Matish Roy PP-712-715

by—Shri Probodh Purkait PP-689-692

by—Shri Rajani Kanta Doloi PP-699-703

by—Shri Santosh Bishoi PP-719-720

by—Shri Satya Ranjan Bapuli PP-711-712

by—Shri Sudhin Kumar PP-673-688, PP-723-730

by—Shri Suniti Chattaraj PP-703-708

by—Dr. Swaswati Prasad Bag PP-720-723

**Discussion on Voting on Demand for Grants—Demand Nos. 4 & 8**

by—Shri Anil Mukherjee PP-746-749

by—Shri Hashim Abdul Halim PP-751-756, PP-730-758

by—Shri Hazari Biswas PP-744-746

by—Shri Ramjan Ali PP-749-751

by—Shri Satya Ranjan Bapuli PP-740-742

by—Shri Sekh Imajuddin PP-743-744

by—Dr. Swaswati Prasad Bag PP-739-740

**General Discussion on Budget**

by—Shri Abdus Sattar PP-232-235

by—Shri Anil Mukherjee PP-136-141

by—Shri Amalendra Ray PP-62-68

by—Shri Ansaruddin Ahmed PP-165-168

by—Shri Ashok Kumar Bose PP-238-246

by—Dr. Asok Mitra PP-329-345

by—Shri Atish Chandra Sinha PP-269-273

by—Shri Balai Bandyapadhyay PP-316-320

by—Shri Bankim Behari Maiti PP-274-277

by—Shri Bholanath Sen PP-49-56

by—Shri Bimalananda Mukherjee PP-145-148

by—Shri Binoy Banerjee PP-284-289

by—Shri Binoy Krishna Konar PP-130-136

by—Shri Birendra Narayan Roy PP-259-262

by—Shri Biswanath Chowdhury PP-309-311

by—Shri Biswanath Mukhopadhyay PP-311-316

by—Shri Deba Prasad Sarkar PP-72-77

by—Shri Deb Saran Ghosh PP-251-254

by—Shri Dhirendra Nath Sarkar PP-77-78

by—Shri Dhirendra Nath Sen PP-168-170

by—Shri Dinesh Chandra Dakua PP-84-87

by—Shri Gouranga Samanta PP-78-79

by—Shri Janmejoy Ojha PP-321-325

by—Shri Kamal Sarkar PP-56-62

by—Shri Kashi Kanta Maitra PP-34-44

by—Shri Kazi Hafizur Rahman PP-320-321

by—Shri Khagendranath Sinha PP-273-274

by—Shri Kiranmoy Nanda PP-262-267

by—Shri Krishnapada Ray PP-123-125

by—Shri Nanuram Ray PP-326-329

by—Shri Nirmal Kumar Bose PP-246-251

by—Shri Probodh Chandra Sinha PP-115-123

by—Shri Punai Oraon PP-87-89

by—Shri Rajani Kanta Doloi PP-44-48

by—Shri Ramjan Ali PP-148-155

by—Smt. Renuleena Subba PP-236-238

by—Shri Renupada Halder PP-325-326

by—Shri Samarendra Nath Sanyal PP-68-72

by—Shri Samsuddin Ahmed PP-289-294

by—Shri Santosh Kumar Das PP-79-80

by—Shri Saral Deb PP-305-309

by—Shri Sasabindu Bera PP-155-160

by—Shri Satya Ranjan Bapuli PP-125-130

by—Shri Satyapada Bhattacharjee PP-141-145

by—Shri Sk. Imajuddin PP-163-165

by—Shri Suniti Chattaraj PP-254-259

by—Shri Subhendu Mondal PP-160-163

by—Shri Suvendu Choudhury PP-267-269

by—Shri Swadesh Ranjan Majhi PP-81-84

by—Dr. Swaswati Prasad Bag PP-226-231

by—Shri Tarun Sengupta PP-302-304

by—Dr. Zainal Abedin PP-294-302

**Laying of Rules**

The West Bengal Industrial Infrastructure Developmen· Corporation Rules, 1978. P-34

**Mention Cases**

PP-666-673, PP-579-583, PP-457-468,

PP-371-377, PP-218-226, PP-27-32

**Message from Governor**

P-115

**Presentation of Report**

Thirty Sixth Report of the Business Advisory Committee PP-214-218

**QUESTION**

Science Stream at Kurseong College

by—Shri Dawa Narbu La PP-10-11

Tourists at Darjeeling

by—Shri Dawa Narbu La PP-551-555

অকেজো নলকূপ

—শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় P-189

অর্গানাইজ্‌ড বিদ্যালয়ের অনুমোদন

—শ্রী নানুরাম রায় PP-353-355

অপারেশন বর্গা

—শ্রী সুনীতি চট্টরাজ PP-543-546

অপারেশন বর্গার জন্য ক্যাম্প স্থাপন

—শ্রী সুভাষ গোস্বামী PP-546-547

আমন ধানের সংগ্রহ মূল্য

—শ্রী রজনীকান্ত দোলুই PP-449-451

উত্তরপাড়া জেনারেল হাসপাতালের অ্যাম্বুলেন্স

—শ্রী শান্তশ্রী চট্টোপাধায় P-24

১৯৭৭-৭৮ সনের মধ্যে নতুন প্রাইমারি বিদ্যালয় স্থাপন

—শ্রী সুনীতি চট্টরাজ P-10

ওয়াকফ সম্পত্তি অন্তর্গত জবরদখলীকৃত সম্পত্তি

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-199-200

ঔষধ প্রস্তুত ব্যবস্থা

—শ্রী অমলেন্দ্র রায় PP-650-654

কলকাতা রেন্ট কন্ট্রোল বাড়ি ভাড়া বাবদ জমা টাকার পরিমাণ

—শ্রী এ. কে. এম. হানানুজ্জামান P-203

কলিকাতা ২৪ পরগনা ও হাওড়া পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক মিনিবাসের পারমিট প্রদান

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-447-448

কলকাতায় দুষিত বায়ু

—শ্রী অমলেন্দ্র রায় PP-661-663

কলকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-555-556

কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে ধর্মঘট

—শ্রী রজনীকান্ত দোলুই PP-175-176

কলিকাতায় পৌর এলাকায় সাধারণ শৌচাগার

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-17

কলকাতাকে খাটাল মুক্তকরণ

—শ্রী রজনীকান্ত দোলুই PP-3-5

কলিকাতা ট্রামওয়েজ কোম্পানীর অধীনে কর্মচারীর সংখ্যা

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-1-2

কয়লা খনিসমূহের মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণের ব্যবস্থা

—শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী PP-568-569

কল্যাণী স্পিনিং মিলে লোকসান

—শ্রী সরল দেব P-199

কয়েদীদের দৈনিক বরাদ্দের পরিমাণ

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-202

কর্মবিনিয়োগ কেন্দ্র মারফৎ সরকারি চাকুরিতে নিযুক্ত

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-23

কাগজের অভাব পূরণের ব্যবস্থা

—শ্রী অনিল মুখার্জি PP-359-360

করিমপুর ব্লকের গ্রাম পঞ্চায়েতে সরকারি সাহায্য

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-558-559

কারা বিভাগের অধীনে বিভিন্ন পদে মুসলমান কর্মচারীর সংখ্যা

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-11

কান্দি ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউট এস্টেট

—শ্রী অমলেন্দ্র রায় PP-540-542

কান্দী মহকুমার বন্যাবিধ্বস্ত বাসগৃহ

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-663-664

কান্দী মহকুমায় প্রাথমিক কৃষি ঋনদান

—শ্রী অমলেন্দ্র রায় PP-174-175

কান্দি মহকুমায় মদগড়িয়া ও রুহা বাঁধ

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-94-96

কান্দির আখেরি দিঘীর ও শালিন্দার ঘেরে খাস জমি

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-553-554

কেশপুর থানার পারাং নদীর উপর সেতু নির্মাণ

—শ্রী রজনীকান্ত দোলুই PP-565-566

কেন্দ্রীয় সরকারের বিবেচনার জন্য প্রেরিত প্রোজেক্ট

—শ্রী অমলেন্দ্র রায় P-101

খড়গপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত বেকার

—শ্রী কৃষ্ণদাস রায় PP-183-185

খ্যাতনামা মুসলিমদের স্মরণে প্রস্তর ফলক স্থাপন

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-211

গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণকারীদের পেনশন

—শ্রী অমলেন্দ্র রায় P-204

গুল (প্রিকেট) শিল্পে সঙ্কট

—শ্রী অমলেন্দ্র রায় PP-92-93

গোঘাট ব্লকের বালি অঞ্চলে বন্যাবিধ্বস্ত জমি চাষোপযোগী করিয়া তোলার প্রচেষ্টা

—শ্রী নানুরাম রায় PP-440-441

গোঘাটে ব্লকে শ্যালো টিউবওয়েল, ডিপটিউবওয়েল, রিভার-পাম্প ইত্যাদি স্থাপনের পরিকল্পনা

—শ্রী নানুরাম রায় PP-438-439

গোবরা ২নং কবরস্থানের জন্য পরিশ্রুত জল

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-8

গোসাবা থানায় রাধাসুন্দরী পাল চৌধুরী ট্রাস্টির জমি

—শ্রী গণেশচন্দ্র মন্ডল PP-549-550

গৌরহাটি ও শ্রীরামপুর যক্ষ্মা হাসপাতালে প্রশাসক নিয়োগ

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-656-658

গৌড় ও পান্ডুয়ার পুরাকীর্তি সংরক্ষণ

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-17

গ্রামাঞ্চলে ডাক্তারদের আকর্ষন করার ব্যবস্থা

—শ্রী অমলেন্দ্র রায় PP-180-182

গ্রামীণ ও লীভ ব্যাঙ্কগুলির কার্যকলাপ

—শ্রী অমলেন্দ্র রায় PP-351-352

ঘাটাল মাস্টার প্লান

—শ্রী রজনীকান্ত দোলুই PP-101-102

চন্ডীদাসের স্মৃতি বিজড়িত বাশুলী মন্দির

—শ্রী সুভাষ গোস্বামী PP-96-97

চব্বিশ পরগনার হাড়োয়াতে পুল নির্মাণের পরিকল্পনা

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-542-543

চা-বাগান শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি আইন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-654-655

চুঙ্গিকর আদায় কেন্দ্র

—শ্রী জন্মেজয় ওঝা PP-364-365

চুঁচুড়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে মুসলমানদের চাকরি

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-565

জগদীশ বসু রোড হইতে বেলেঘাটা পুল পর্যন্ত হকার স্টল উচ্ছেদ

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-201

জনতা হোটেল নির্মাণের পরিকল্পনা

—শ্রী অমলেন্দ্র রায় PP-111-112

জমি ফেরতের মামলা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-533-536

জরুরী অবস্থা ট্রাম ও বাসের ভাড়া বৃদ্ধি

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-202

জলদাপাড়া অভয়ারন্যে গন্ডারের সংখ্যা

—শ্রী নির্মলকুমার বসু PP-100-101

জুলাই ১৯৭৭ ও জানুয়ারি, ১৯৭৯তে পশ্চিমবঙ্গে কনজুমার্স প্রাইস ইনডেক্স

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-357-359

জেলা পরিষদ কর্তৃক গঠনমূলক কাজ

—শ্রী সুনীতি চট্টরাজ P-556

জেলা হাসপাতালে রোগী পরিবহন ব্যবস্থা

—শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত PP-186-187

তথ্য সাংস্কৃতিক বিভাগে চাকুরি

—শ্রী রজনীকান্ত দোলুই P-566

তিলজলা কবরস্থান যাতায়াতের পথ ও গরু চরানোর জায়গা হিসাবে ব্যবহার

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-6-7

তুফানগঞ্জ মহকুমায় হাসপাতাল স্থাপন

—শ্রী মণীন্দ্রনাথ বর্মা P-658

ত্রাণসামগ্রী ক্রয়ের জন্য কমিটি গঠন

—শ্রী সুনীতি চট্টরাজ P-177-180

দুর্গাপুর-মুরারাই পথে সরকারি বাস প্রবর্তন

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-194

দূষিত গঙ্গার জল

—শ্রী রজনীকান্ত দোলুই PP-189-190

নতুন উপনগরী স্থাপন

—শ্রী অমলেন্দ্র রায় PP-206-207

নদীয়া জেলার বগুলা শ্রীকৃষ্ণ কলেজের ম্যানেজিং কমিটি পুনর্গঠন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-348

নন রেজিস্টার্ড অ্যালোপ্যাথিক চিকিৎসা

—শ্রী নির্মলকুমার বসু P-565

নির্বাচনের জন্য নির্বাচক তালিকা প্রণয়ন

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-198

নির্বাচনের মাধ্যমে জেলা স্কুল বোর্ডের পরিচালক সমিতি গঠন

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-363-364

নিম্ন দামোদর প্রকল্প

—শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় PP-547-549

ডাক্তারদের মফস্বলে কাজ করার প্রতিশ্রুতি পালন

—শ্রী সত্যপদ ভট্টাচার্য P-663

পঞ্চায়েত সমিতিকে সরকারি সাহায্য

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-556-557

পঞ্চায়েত সচিব

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-555

পরিবার নিয়ন্ত্রণ প্রকল্প

—শ্রী নির্মলকুমার বসু P-91

পশ্চিমবঙ্গে হোমগার্ডদের বেতন বৃদ্ধি

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান PP-201-202

পশ্চিমবঙ্গে আলু উৎপাদনের পরিমাণ

—শ্রী দেবনারায়ন চক্রবর্তী P-562

পশ্চিমবঙ্গের সরকারি কর্মচারীর কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-563-564

পশ্চিমবঙ্গকে বিদেশিদের নিকট আকর্ষণীয় করার পরিকল্পনা

—শ্রী রজনীকান্ত দোলুই PP-536-538

পশ্চিমবঙ্গে সরিষা চাষে ব্যবহৃত জমির পরিমাণ

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী P-442

পশ্চিমবঙ্গে কীটনাশক ঔষধ প্রস্তুতের কারখানা

--শ্রী দেবনারাণ চক্রবর্তী P-439

পশু চিকিৎসালয়

—শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান P-569

পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিরেক্টরেটের স্টাফ ও ওয়ার্কলোড

—ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ PP-171-172

প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-193-194

পাঁচলা ব্লকের কিছু গ্রাম সি.এম.ডি.-এর আওতায় আনার পরিকল্পনা

—শ্রী সন্তোষকুমার দাস P-200

পাঁচলা ব্লকে রাস্তাঘাট নির্মাণ

—শ্রী সন্তোষকুমার দাস PP-205-206

পাঁচলা ব্লকের জন্য এ এন পি ইনটেন্সিভ স্কীম

—শ্রী সন্তোষকুমার দাস PP-443-444

পাঁচলার বিডিওর বিরুদ্ধে অভিযোগ

—শ্রী সন্তোষকুমার দাস PP-439-440

পাঁচলা ব্লকে যুবকল্যাণ শাখা স্থাপন

—শ্রী সন্তোষকুমার দাস P-25

প্রাইভেট বাসকর্মিদের নিম্নতম মজুরি পুনর্বিন্যাস,

—শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত P-190

প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র,

—শ্রী কিরণময় নন্দ PP-182-183

পূর্ত বিভাগের নিয়ন্ত্রানাধীন ফ্ল্যাট

—শ্রী এ.কে.এম হাসানুজ্জমান PP-11-12

প্রশাসনিক কাজে বাংলা ভাষার প্রচলন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-102-105

বকখালি ভ্রমন কেন্দ্র

—শ্রী সরল দেব PP-93-94

বড়শাল গ্রাম পঞ্চায়েত এলাকায় মিনিকিট সরবরাহ

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-436-437

বরোয়া ব্লকে স্বাস্থ্য কেন্দ্র স্থাপন

—শ্রী অমলেন্দ্র রায় PP-190-191

বর্তমান বৎসরে রবি চাষ

—শ্রী রজনীকান্ত দোলুই P-441

বর্তমান বৎসরে যুবকেন্দ্র স্থাপন

—শ্রী রজনীকান্ত দোলুই PP-207-211

বর্ধমান জেলার নওপাড়া মৌজার মসজিদ

—শ্রী এ.কে.এম হাসানুজ্জমান PP-17-18

বন্যায় ক্ষতিগ্রস্ত সরকারি কর্মচারিদের সিসিএস-এর টাকা ফেরত

—শ্রী নবকুমার রায় PP-367-368

বন্যায় ক্ষতিগ্রস্ত মাধ্যমিক বিদ্যালয় সমূহ পুনর্নির্মানের জন্য অনুদান

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-9

রামপুরহাট মহকুমায় নৈশ বিদ্যালয়

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-10

রামপুরহাট ফৌজদারি আদালতে দায়ের করতে পুলিশ মামলা

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-196-198

বারাসত হাসপাতালকে জেলা হাসপাতালে রূপান্তরিত করার প্রস্তাব

—শ্রী সরল দেব P-191

বারাসাত ২নং ব্লকের গ্রাম পঞ্চায়েতে সরকারি সাহায্য

—শ্রী এ.কে.এম. হাসানুজ্জমান P-561

বাঁকুড়া মেজিয়া রেলপথের কাজ

—শ্রী রজনীকান্ত দোলুই P-92

বিভিন্ন শিল্পে ধর্মঘট, লক-আউট ও ক্লোজার

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-24

বিষ্ণুপুর শহরকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করার পরিকল্পনা

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় P-106

বিষ্ণুপুরে পশু চিকিৎসালয় স্থাপন

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় PP-352-353

বিষ্ণুপুর ব্লকে কুটির শিল্পের জন্য অনুদান

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় PP-567-568

বিষ্ণুপুর ব্লকের লালবাঁধ ও যমুনা বাঁধ

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় PP-97-98

বিষ্ণুপুর থানার উলিয়াড়া গ্রামে প্রাচীন পুরাকীর্তি খনন

—শ্রী অচিন্তকৃষ্ণ রায় P-91

বিশ্ববিদ্যালয়ের জন্য কলিকাতার অতিথিভবন নির্মাণ

—শ্রী নির্মলকুমার বসু P-364

বীরভূম জেলার অন্তর্গত মিউনিসিপ্যালিটিগুলিতে স্থানীয় কর আদায়ের পরিমাণ

—শ্রী সুনীতি চট্টরাজ PP-7-8

বীরভূম জেলার স্কুল বোর্ডের অ্যাডভাইসরি কমিটি প্রাথমিক বিদ্যালয়গুলি সরকারি স্বীকৃতি দানের জন্য সুপারিশ

—শ্রী সুনীতি চট্টরাজ P-562

বেকার ভাতা

—শ্রী অমলেন্দ্র রায় P-22

বেয়ার ফুটেড ডক্টর

—শ্রী সন্তোষকুমার দাস PP-185-186

ব্লক পর্যায়ে হিমঘর স্থাপন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-433-436

ভগবানপুর ১নং ব্লকে ক্ষুদ্র শিল্প স্থাপন

—শ্রী হরিপদ জানা PP-539-540

ভগবানপুরকে বন্যার কবল হইতে রক্ষা করার পরিকল্পনা

—শ্রী হরিপদ জানা P-553

ভীমপুর সহায়ক স্বাস্থ্যকেন্দ্র

—ডাঃ মোতাহার হোসেন P-188

মগরাহাট ১নং ব্লকের ফিসারি অফিসার ও মৎস্য সরবরাহ ব্যবস্থা

—শ্রী এ.কে.এম হাসানুজ্জমান P-25

মৎস্যজীবিদের নিকট অনাদায়ি ঋণ

—শ্রী বিশ্বনাথ চৌধুরী PP-648-650

মহারাজ নন্দকুমারের বাসগৃহ ও আকালীপুরস্থ মহাকালি মন্দিরের সংরক্ষণ

—শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি PP-91-92

মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ও অধ্যাপক পদের যোগ্যতার মান

—শ্রী রজনীকান্ত দোলুই PP-355-357

মধ্যমগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী সরল দেব PP-187-188

মহেশতলা এবং বাটানগর হইতে কলকাতা পর্যন্ত সরকারি বাস চালাইবার পরিকল্পনা

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-442-443

মহেশতলা অঞ্চলের পৌর এলাকাভুক্তিকরণ

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-5-6

মাথাভাঙা মহকুমা স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া PP-658-659

মাথাভাঙা শহরে কাঠের সেতুর সংস্কার

—শ্রী সুধীর প্রামানিক P-568

মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে পরিদর্শক প্রেরণের নীতি

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-349-351

মাধ্যমিক বিদ্যালয় ছাত্রসংখ্যা সীমিত হওয়ার ফলে রামপুরহাটের ছাত্রদের শিক্ষালাভের অসুবিধা

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-347-348

মেদিনীপুর ডাক্তার বিহীন মেটারনিটি সেন্টার

—শ্রী কৃষ্ণদাস রায় PP-192-193

মেদিনীপুরের বাজকুল মিলনী মহাবিদ্যালয়

—শ্রী হরিপদ জানা (ভগবানপুর) PP-365-367

মেদিনীপুর জেলায় সচল ও অচল গভীর নলকূপের সংখ্যা

—শ্রী জন্মেজয় ওঝা PP-444-446

মেদিনীপুর জেলার সাব জেল

—শ্রী জন্মেজয় ওঝা P-18

মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তি

—শ্রী সত্যপদ ভট্টাচার্য P-192

মুরারই-এর "নজরুল কলেজ এর অনুমোদন

—শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি PP-361-362

মুরারাই যক্ষ্মা হাসপাতাল

—শ্রী ডাঃ মোতাহার হোসেন P-192

মুর্শিদাবাদ জেলার চিকিৎসকবিহীন স্বাস্থ্যকেন্দ্র

—শ্রীমতী ছায়া ঘোষ PP-659-661

মুর্শিদাবাদ জেলার ভাঙ্গা বাঁধ মেরামতি

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-538-539

মুর্শিদাবাদ জেলার বরোয়া ও ভরতপুর ১নং ব্লকে বালি পড়া জমি পুনরুদ্ধার

—শ্রী অমলেন্দ্র রায় PP-448-449

মুর্শিদাবাদ জেলার পাঁচথুপি গ্রামে বাসস্ট্যান্ড নির্মাণ

—শ্রী অমলেন্দ্র রায় P-7

মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার ২নং ব্লকে বন্যায় বিধ্বস্ত বাড়ি তৈয়ারির জন্য সরব সাহায্য

—শ্রী এ.কে.এম হাসানুজ্জমান PP-12-16

যক্ষ্মা কেন্দ্র

—শ্রী নির্মলকুমার বসু P-187

যুবকল্যাণ বিভাগে চাকরিপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা

—শ্রী রজনিকান্ত দোলুই P-566

রবীন্দ্র সেতুর ফুটপাতগুলিকে হকারমুক্ত করণ

—শ্রী অমলেন্দ্র রায় P-5

"র-সিল্ক"-এর উৎপাদন বৃদ্ধির কর্মসূচী

—শ্রী অমলেন্দ্র রায় PP-551-552 .

রাজ্যে বন্ধ কলকারখানার সংখ্যা

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-204-205

রামপুরহাট মহকুমায় ব্লক সমূহে সরকারি খাস জমি বন্টন

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-194-195

রামপুরহাট হইতে কান্দী মহকুমার ক্যানেল খনন

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-112-113

রামপুরহাট হইতে বিভিন্ন স্থানের উদ্দেশ্যে সরকারি বাস প্রবর্তন

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-2-3

রামপুরহাটে টিউটোরিয়াল হোমের অবৈধ কার্যকলাপ

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-347

রামপুরহাট বাস স্ট্যান্ড নির্মাণ

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-8-9

রামপুরহাটের জনতা কোল্ড স্টোরের নষ্ট আলুর জন্য কৃষকদের ক্ষতিপুরণ দান

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-446-447

রামপুরহাটের বিভিন্ন অঞ্চলে কাজুবাদাম চাষ খামার প্রকল্প

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-440

রেজিস্টার্ড বেকারের সংখ্যা

—শ্রী সুনীল বসু রায় PP-18-21

লক্ষ্মীকান্তপুর - নিশ্চিন্তপুর (জুসাই নস্কর) পর্যন্ত রাস্তায় বাস চলাচলের ব্যবস্থা

—শ্রী এ.কে.এম হাসানুজ্জমান PP-202-203

লাঙ্গলের ফলার জন্য লৌহ সরবরাহ

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-9

লোকরঞ্জন শাখার ইউনিট

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-550-551

শহর জমির উর্দ্ধসীমা সংক্রান্ত আইন

—শ্রী রজনীকান্ত দোলুই PP-552-553

শ্রম বিভাগে কর্মি নিয়োগ

—শ্রী রজনীকান্ত দোলুই P-564

শাঁখা শিল্প

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-98-99

শ্যামতদন্ত কমিশন

—শ্রী সরল দেব PP-173-174

শিল্প ও বাণিজ্য বিভাগে চাকরি

—শ্রী রজনীকান্ত দোলুই P-567

সরকারের ন্যস্ত জমির পরিমাণ

—শ্রী সুভাষ গোস্বামী PP-106-109

সময়মত খড় ডেলিভারি না লওয়ায় ডেমারেজ

—শ্রী কৃপাসিন্ধু সাহা P-362

সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচী

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-564-565

সাট্টারিতে উপস্বাস্থ্যকেন্দ্র

—শ্রী শৈলেন সরকার P-658

সিউড়ি ২নং ব্লকে মিনিকিট বন্টন

—শ্রী সুনীতি চট্টরাজ PP-437-438

সুন্দরবন উন্নয়নের জন্য কেন্দ্রীয় সাহায্য

—শ্রী নির্মলকুমার বসু PP-109-111

হলদিয়ায় ট্যুরিস্ট লজ

—শ্রী রজনীকান্ত দোলুই P-113

হরিহরপাড়া ব্লকের নতুন পঞ্চায়েত সমিতি

—শ্রী এ.কে.এম হাসানুজ্জমান P-560

হরিপাল ব্লক যুবকেন্দ্র স্থাপন

—শ্রী বলাই বন্দোপাধ্যায় PP-569-570

হরিণঘাটা দোহশালায় টি বি রোগক্রান্ত গবাদি পশু

—শ্রী সরল দেব PP-360-361

হাওড়া আমতা চাঁপাডাঙ্গা ব্রডগেজ লাইন

—শ্রী রজনীকান্ত দোলুই P-554

হাওড়া জেলার গঙ্গাধরপুর বালিকা বিদ্যামন্দিরকে সপ্তম ও অষ্টম শ্রেণীর অনুমোদন দেওয়ার পরিকল্পনা

—শ্রী সন্তোষকুমার দাস P-563

হাওড়া ব্রাউন বোভারি কোম্পানি বন্ধের সিদ্ধান্ত

—শ্রী নির্মলকুমার বসু P-94

হাসপাতাল ধর্মঘট

—শ্রী জন্মেজয় ওঝা P-188

হাসপাতালে অন্তর্বিভাগীয় রোগিদের খাদ্য বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-655-656

হুগলি জেলায় আই টি ডি পি প্রকল্প

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-643-648

হুগলি জেলার পান্ডুয়া থানার বিভিন্ন অঞ্চলে অগভীর নলকূপের সংখ্যা

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-451-452

**Statement on Calling Attention**

Regerding assult of one Shri Nemai Karmakar at Barabagar, P.S. Raghunathpur, dist Purulia.

—Shri Jyoti Basu PP-578-579

Statement on Calling Attention regarding the upliflment of Children & their Physical & Phychological Development during the International Child Year'

—by Shri Haripada Bharati PP-370-371

Statement on Calling Attention regarding Irregular Supply of Power from the Gasturbine at Haldia

—by Dr. Asok Mitra PP-281-284

Statement on Calling Attention regarding Fixing up of Minimum Wages of the Powerloom emplyees.

—by Shri Krishnapada Ghosh PP-32-33

Statement on Calling Attention regarding Revision of Pay & Allowances to the Madhymik Teachers & non-teachers from 1st April, 1975

—by Md. Abdul Bari PP-33-34

Statement Under Rule 346 regarding the various tax proposals made in the Central Budget.

—by Shri Mohammad Amin PP-455-456

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani, Calcutta - 700 006